যে, যখন মানবের ভবক্ষয়ের সময় উপস্থিত হয়, হে পদ্মনাভ! তখন সদুপাসনাযোগে তোমাতে মতি আইসে ॥ ২৬ ॥

আভাস।

সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ পুরুষকার বলিয়া তিনি মনে করিলেন। কারণ সকল পুরুষকারেই নিজের বিচারের অপেক্ষা করে: সে বিচারে অনেক প্রকার ভ্রমের সম্ভাবনা; কিন্তু সর্ব্বজ্ঞতার নিরতিশয় বীজভূত ভগবানে কখন ভ্রমের ত সম্ভাবনা নাই; অতএব ভ্রম ও প্রমাদাদিশূন্য ফল প্রত্যেক উদ্যমে লাভ করিতে হইলে, এতদপেক্ষা শ্রেষ্ঠ পুরুষকার আর নাই। বিশেষত ভগবানের চরণকমল যে কেবল অভক্ত পাষণ্ডগণেরই দুর্ল্লভ, তাহা নহে; তন্নিকটে মায়া কখন মায়াবেশে উপনীত হইতে পারেন না। তিনি নিকটে অগ্রসর হইলেই, তাঁহার মায়াবেশ বিলীন হইয়া, বিদ্যাভাবের উদয় হয়। অতএব ভগবচ্চরণে কেবল আত্মসমর্পণ করিতে পারিলেই আত্মস্থ অবিদ্যাও তখন বিদ্যারূপে পরিণতা হইয়া বন্ধনের পরিবর্ত্তে সেই জীবকে নিশ্চয় মুক্তি বা সংসার হইতে অব্যাহতি দিতে বাধ্য হন। এরূপ নির্ভর করিবার যোগ্যতাও ভগবানের অনুগ্রহে ঘটে। ভগবানের অনুগ্রহ হইলেই জীবের সৎসঙ্গের প্রাপ্তি এবং ঈশ্বরারাধনায় মতি জন্মে, ও সংসারের সমাপ্তি ঘটে ॥ ২৬ ॥

অক্রূর তখন শ্রীকৃষ্ণের চরণতলে নিপতিত হইয়া প্রণাম পূর্ব্বক যেরূপ বলিয়াছিলেন, তাহাই দুইটী শ্লোকে বর্ণিত হইয়াছে। ভগবানকে তিনি বিজ্ঞানমাত্রা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। বিজ্ঞানশব্দে আত্মানুভূতিকেই লক্ষ্য হয়। অতএব আত্মানুভূতি অর্থাৎ "আমি" এই বলিয়া আত্মানুভবকে যে জ্ঞানের দ্বারা পরিমিত করা যায়, তিনিই পরম ব্রহ্ম। যেমন চক্ষু ও রূপময় পদার্থ থাকিলেই কখন দর্শনক্রিয়া ঘটে না; তন্নিমিত্ত পৃথক্ সূর্য্যাদির অপেক্ষা থাকে, সেইরূপ জীব চৈতন্যস্বরূপ হইলেও যাঁহার প্রভাবে জীবের সর্ব্বপ্রকার

নমো বিজ্ঞানমাত্রায় সর্ব্বপ্রত্যয়হেতবে।
পুরুষেশপ্রধানায় ব্রহ্মণেঽনন্তশক্তয়ে॥ ২৭ ॥

অন্বয়ঃ

অতঃ সর্ব্বপ্রত্যয়হেতবে সমস্তজ্ঞানকারণায়, বিজ্ঞানমাত্রায় (বিজ্ঞানং চৈতন্যং এব মাত্রা মূর্ত্তিঃ যস্য তস্মৈ) পুরুষেশপ্রধানায় (পুরুষঃ ভোক্তা, জীবঃ, ঈশঃ প্রেরয়িতা, প্রধানং প্রকৃতিঃ এতত্রিতয়াত্মনে) অনন্তশক্তয়ে (অনন্তাঃ শক্তয়ঃ যস্য তস্মৈ) তুভ্যং ব্রহ্মণে নমঃ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

পাদয়োঃ পতন্ প্রার্থয়তে দ্বয়েন নম ইতি। বিজ্ঞানমেব মাত্রা মূর্ত্তির্যস্য তস্মৈ অতএব সর্ব্বপ্রত্যয়হেতবে সমস্তজ্ঞানকারণায়। কিঞ্চ। পুরুষেশপ্রধানায় পুরুষস্য যে ঈশাঃ সুখ-দুঃখাদিপ্রাপকাঃ কালকর্ম্মস্বভাবাদয়ঃ তেষাং প্রধানায় নিয়ন্ত্রে। কুতঃ ব্রহ্মণে পরিপূর্ণায়। কিঞ্চ। অনন্তাঃ শক্তয়ো যস্য যদ্বাঽনন্তা মায়াখ্যা শক্তির্যস্য তস্মৈ। অথবা প্রধানং প্রকৃতিঃ তৎপ্রবর্ত্তকঃ পুরুষঃ ঈশঃ কালঃ এতত্রিতয়াত্মনে ব্রহ্মণে। বক্ষ্যতি চ ভগবান্। প্রকৃতির্যস্যোপাদান-মাধারঃ পুরুষঃ পরঃ। সতোঽভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তত্রিতয়ং ত্বহমিতি॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাদয়োঃ পতন্ আত্মানং নিবেদয়তি দ্বাভ্যাং। নম ইতি বিজ্ঞানস্য মদনুভবস্য মাত্রা পরিমাণং যতস্তস্মৈ। যাবন্তং স্ববিষয়কমনুভবং দদাসি তাবদেব ত্বামনুভবামীত্যর্থঃ। অন্য-বিষয়কজ্ঞানানামপি ত্বমেব হেতুরিত্যাহ সর্ব্বেতি। যতঃ পুরুষেতি পুরুষোঽন্তর্যামী তদ্রূপেণ বিষয়েষু ত্বমেব বধ্নাসি। ব্রহ্মজ্ঞানৈকস্বরূপং তদ্রূপেণ স্ফুরিতং সং তস্মাদ্বন্ধান্মোচয়সি চ। অনন্তশক্তি র্ভগবান্ তদ্রূপেণ স্বস্মিন্ ভক্তিং প্রদায় কৃতার্থয়সি চ॥ ২৭ ॥

সর্ব্বপ্রকার জ্ঞানের হেতুভূত পরম বিজ্ঞানই আপনার বিগ্রহ; আপনিই পুরুষশ্রেষ্ঠ ও প্রকৃতিস্বরূপ; সর্ব্বশক্তি-সম্পন্ন পরমব্রহ্ম বলিয়া যাঁহাকে কীর্ত্তন করে, তিনিই আপনি; আপনাকে প্রণাম করি॥ ২৭ ॥

আভাস।

জ্ঞান জন্মে, তিনিই সর্ব্বপ্রত্যয়ের হেতুভূত নারায়ণ। জীব স্বতন্ত্র নহে; কাল, কর্ম্ম ও স্বভাবের অধীন থাকিয়া, সুখ দুঃখাদি ভোগ করে। কিন্তু এই কালকর্ম্মাদিও অচেতন জড় মাত্র; ভগবানই এই তিনের নেতা হইয়া কার্য্যক্ষেত্রে ইহাদিগকে প্রেরণ করেন। কারণ তিনিই বৃহত্ত্ব নিবন্ধন ব্রহ্মনামে পরিকীর্ত্তিত; অনন্ত মায়া কেবল তাঁহারই শক্তি মাত্র।

পরমাত্মাই যে সকল জ্ঞানের কারণ, তাহারই পরিচয়ার্থ প্রকাশ করিলেন যে, মন, অহঙ্কার, বুদ্ধি ও চিত্ত বলিয়া জীবের যে চতুর্ব্বিধ উপলব্ধির স্থান আছে, ভগবান্ নারায়ণ এক এক মূর্ত্তিতে এই সকল স্থানে অধিষ্ঠিত আছেন। তিনি বাসুদেবরূপে চিত্তে, সঙ্কর্ষণ মূর্ত্তিতে সকল জীবের আশ্রয়স্থল অহঙ্কারতত্ত্বে এবং প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই উভয় মূর্ত্তির একত্র সমা-বেশরূপ হৃষীকেশ মূর্ত্তিতে বুদ্ধি ও মনতত্ত্বে অধিষ্ঠিত রহিয়াছেন। অতএব এরূপ সর্ব্বময়ের

নমস্তে বাসুদেবায় সর্ব্বভূতক্ষয়ায় চ।
হৃষীকেশ নমস্তুভ্যং প্রপন্নং পাহি মাং প্রভো ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে মহাপুরুষস্তবো নাম চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥
স্তুবতস্তস্য ভগবান্ দর্শয়িত্বা জলে বপুঃ।
ভূয়ঃ সমহরৎ কৃষ্ণো নটো নাট্যমিবাত্মনঃ ॥

অন্বয়ঃ।

সর্ব্বভূতক্ষয়ায় সর্ব্বভূতনিবাসায়, বাসুদেবায় তে তুভ্যং নমঃ, হে হৃষীকেশ! সর্ব্বেন্দ্রিয়-নিয়ন্তর্! তুভ্যং নমঃ হে প্রভো! প্রপন্নং শরণাগতং মাং পাহি ॥ ২৮ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। ভগবান্ কৃষ্ণঃ জলে আত্মনঃ বপুঃ চতুর্ভুজরূপং দর্শয়িত্বা স্তবতঃ তস্য

শ্রীধরস্বামী।

সর্ব্বপ্রত্যয়হেতুত্বমভিব্যঞ্জয়ন্ স্তৌতি নমস্তে ইতি। বাসুদেবায় চিত্তাধিষ্ঠাত্রে সর্ব্বভূত-ক্ষয়ায়। ক্ষয়ঃ আশ্রয়ঃ অহঙ্কারশ্চ প্রাণিনামাশ্রয়ঃ ততশ্চাহঙ্কারাধিষ্ঠাত্রে সঙ্কর্ষণায়েত্যর্থঃ। হৃষীকেশেতি বুদ্ধিমনসোরধিষ্ঠাত্রোঃ প্রদ্যুম্নানিরুদ্ধয়োরেকীকৃত্য গ্রহণং শরণাগতং মাং পাহীতি প্রার্থনং ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি দশমে চত্বারিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাসুদেবায়েতি। হে বসুদেবনন্দন ভবানেব মম সেব্যো ভবতু নতু দুষ্টভূপতিরিতি ভাবঃ। সর্ব্বভূতানাং ক্ষয়ায় নিবাসায়েতি স্বস্মিন্নেব মাং বাসয় ন তু গৃহান্ধকূপে ইতি ভাবঃ। হৃষীকেশেতি মম মন আদীন্দ্রিয়াণি ভবানেব গৃহ্নাতু নতু কলত্রপুত্রাদিরিতি ভাবঃ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চত্বারিংশোঽত্র দশমে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

আপনি সর্ব্বভূতের নিবাসস্থল বাসুদেব; আপনাকে প্রণাম করি! হে প্রভো হৃষীকেশ! এই শরণাগত ব্যক্তিকে রক্ষা করুন্! আপনাকে প্রণাম করি ॥ ২৮ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

শরণাগত হওয়া অপেক্ষা জীবের পক্ষে আর কি উত্তম কল্প হইতে পারে? বলিয়া অক্রূর একান্ত হৃদয়ে শ্রীকৃষ্ণের শরণ গ্রহণে রক্ষার প্রার্থনা করিলেন ॥ ২৮ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চত্বারিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

সোঽপি চান্তর্হিতং বীক্ষ্য জলাদুন্মজ্জ্য সত্বরঃ।
কৃত্বা চাবশ্যকং সর্ব্বং বিস্মিতো রথমাগমৎ॥

অন্বয়ঃ।

অক্রূরস্য, এব ভূয়ঃ নটঃ যথা নাট্যং (রূপং দর্শয়িত্বা উপসংহরতি) তথা তদ্রূপং সমহরৎ উপসংহৃতবান্॥

সঃ অক্রূরঃ অপি রূপং অন্তর্হিতং বীক্ষ্য জলাৎ উন্মজ্য সত্বরঃ সর্ব্বং আবশ্যকং মাধ্যাহ্নিকং, কৃত্বা বিস্মিতঃ এব রথং আগমৎ॥

শ্রীধরস্বামী।

একচত্বারিংশকেঽহন্ রজকং প্রবিশন্ পুরীং। ততো বরানদাত্তুষ্টঃ সুদাম্নো বায়কস্য চ। সশঙ্কমক্রূরমনঃ প্রমোদ্য স্বধামসন্দর্শনসংকৃপাতঃ। স্বরাজধানীং মথুরামপশ্যদলঙ্কৃতান্ত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একচত্বারিংশকেঽগাৎ পুরীং স্ত্রীর্মোঽয়ন্নহন্।
রজকং বায়কায়াদাৎ সুদাম্নে চ বরান্ হরিঃ॥ * ॥

তস্যোত্যনাদরে ষষ্ঠী। সমহরদন্তর্দ্ধাপয়ামাস নাট্যমিবেত্যুপসংহার এব দৃষ্টান্তঃ। নটো নাট্যং যথোপসংহরতি তথৈব কৃষ্ণো বৈকুণ্ঠং বৈকুণ্ঠীয়ঞ্চ সনাতনং বস্তু তৎসর্ব্বমুপসংজহারেত্যর্থঃ॥

শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! অক্রূর যখন জলমধ্যে এই প্রকারে শ্রীকৃষ্ণকে স্তব করিতেছিলেন, তখন নট যেমন নাট্যবেশ অকস্মাৎ পরিহার করে, শ্রীকৃষ্ণও সেইরূপ জলমধ্যে প্রদর্শিত স্বকীয় রূপ অক্রূরের সম্মুখ হইতে প্রত্যাহরণ করিলেন॥

অক্রূরও জলমধ্যে ভগবানের রূপ অন্তর্হিত অবলোকন করিয়া, জল হইতে সত্বর গাত্রোত্থান করিলেন এবং মাধ্যাহ্নিক নিত্যকর্ম্মগুলি অবিলম্বে সমাপন করিয়া, বিস্মিতের ন্যায় রথের সমীপে আগমন করিলেন॥

আভাস।

একচত্বারিংশ অধ্যায়ে শ্রীকৃষ্ণের মথুরা প্রবেশ উপলক্ষে রজকবধ এবং তন্তুবায় ও মালাকরের প্রতি সন্তোষ সহকারে বরদান বর্ণিত হইয়াছে॥

জলমধ্যে ভগবন্মূর্ত্তির অন্তর্দ্ধান হইলে, অক্রূর নিত্যকর্ম্মাদি সমাপন পূর্ব্বক যখন কৃষ্ণসন্নিধানে আগমন করিলেন, তখন শ্রীকৃষ্ণ কৌতুকার্থ তাঁহাকে বলিলেন, হে তাত! সম্প্রতি আপনাতে যেন কিছু অভিনব ভাব অবলোকন করিতেছি। আপনার দৃষ্টির বৈলক্ষণ্য দেখিয়া স্পষ্টত প্রতীত হইতেছে যেন, কিছু অদ্ভুতদর্শন আপনি সম্প্রতি নয়নগোচর করিয়াছেন। এতচ্ছ্রবণে অক্রূর স্পষ্টতই বুঝিলেন যে, যাহা কিছু তিনি জলে অবলোকন করিয়াছেন, সে সমস্ত

তমপৃচ্ছদ্ হৃষীকেশঃ কিন্তে দৃষ্টমিহাদ্ভুতং।
ভূমৌ বিয়তি তোয়ে বা তথা ত্বাং লক্ষয়ামহে ॥ ১ ॥
অক্রূর উবাচ ॥
অদ্ভুতানীহ যাবন্তি ভূমৌ বিয়তি বা জলে।
ত্বয়ি বিশ্বাত্মকে তানি কিং মেঽদৃষ্টং বিপশ্যতঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

তং আগতং অক্রূরং হৃষীকেশঃ অপৃচ্ছৎ যথা ইহ অস্মিন্‌কালে, ভূমৌ বিয়তি আকাশে, তোয়ে জলে, বা তে ত্বয়া কিং অদ্ভুতং দৃষ্টং? তথা দৃষ্টাদ্ভুতং ত্বাং লক্ষয়ামহে চিহ্নৈঃ অনুমিনুমঃ ॥ ১ ॥

অক্রূরঃ উবাচ। ইহ ভূমৌ বিয়তি বা জলে যাবন্তি অদ্ভুতানি সন্তি তানি সর্ব্বাণি বিশ্বাত্মকে ত্বয়ি এব বসন্তি; অতঃ ত্বাং বিপশ্যতঃ মে মম (ময়া) কিং অদৃষ্টং (সর্ব্বমদ্ভুত-দৃষ্টমেব) ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

মহোৎসবাঢ্যাং ॥ ১ ॥

ভূমৌ বিয়তি জলে বা যাবন্ত্যদ্ভুতানি তানি ত্বয্যেব সন্তি তং ত্বাং বিপশ্যতো মে কিমদ্ভুতমদৃষ্টং অপিতু সর্ব্বং দৃষ্টমিত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথা ত্বাং লক্ষয়ামহে ইতি। তব নেত্রে সাস্রে প্রোৎফুল্লে এবাত্র প্রমাণমিতি ভাবঃ ॥ ১ ॥

অনেন কৃষ্ণেনৈব তত্তৎ সর্ব্বং স্ববৈভবমেবাহং দর্শিত ইতি। তাদৃশতৎপ্রশ্নাদের নিশ্চিত্য সহর্ষবিবেকমাহ। অদ্ভুতানি ভূম্যাদৌ যাবন্তি সন্তি তানি ত্বয্যেব সন্তি অতস্তং ত্বাং বিপশ্যতো মে কিমদ্ভুতমদৃষ্টমপি তু সর্ব্বমেব দৃষ্টমিত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীকৃষ্ণ তাঁহাকে অবলোকন করিয়া বলিলেন, হে তাত! আপনার ভাব দেখিয়া আমার নিশ্চয় অনুমান হইতেছে যে, আপনি ধরাতলে আকাশে বা সলিল-মধ্যে যেন কিছু অপরূপ অদ্ভুত ভাব অবলোকন করিয়াছেন ॥ ১ ॥

এতচ্ছ্রবণে অক্রূর কহিলেন হে বিশ্বাত্মন্! ধরাধামে, অন্তরীক্ষে বা সলিলের মধ্যে রসাতলে যে কিছু অদ্ভুত ব্যাপার থাকা সম্ভব, সে সকলই আপনাতে বিরাজমান; অতএব আপনাকে নয়নগোচর করিলে, আমার কি কিছু দেখিতে বাকী থাকে? ॥ ২ ॥

আভাস।

ভগবান্ শ্রীকৃষ্ণের স্বকীয় বৈভবেরই পরিচয় মাত্র। শ্রীকৃষ্ণ এ সমস্ত অবগত হইয়াও ওরূপ প্রশ্ন করিয়াছেন। তখন অক্রূর নিতান্ত প্রসন্ন হইলেন এবং ভগবান্ যে দয়া করিয়া এরূপ মূর্ত্তি প্রদর্শন করিয়াছেন, তজ্জন্য বিশেষ আশ্বস্ত হইয়া বলিলেন, হে শ্রীকৃষ্ণ! এই সমগ্র

যত্রাদ্ভুতানি সর্ব্বাণি ভূর্ম্যো বিয়তি বা জলে।
তৎ ত্বামপশ্যতো ব্রহ্মন্ কিং মে দৃষ্টমিহাদ্ভুতং ॥ ৩ ॥
ইত্যুক্ত্বা চোদয়ামাস স্যন্দনং গান্ধিনীসুতঃ।
মথুরামনয়দ্রামং কৃষ্ণঞ্চৈব দিনাত্যয়ে ॥ ৪ ॥

অন্বয়ঃ।

যত্র ত্বয়ি সর্ব্বাণি অদ্ভুতানি সন্তি তং ত্বাং অপশ্যতঃ মে ইহ ভূর্ম্যৌ বিয়তি জলে বা কিং অদ্ভুতং দৃষ্টং ? হে ব্রহ্মন্ ত্বাং বিনা ন কিঞ্চিৎ অদ্ভুতং দৃষ্টং (ত্বমেব অদ্ভুতরূপঃ) ॥ ৩ ॥

গান্ধিনীসুতঃ অক্রূরঃ, ইতি এবং উক্ত্বা, স্যন্দনং রথং, চোদয়ামাস, ততঃ দিনাত্যয়ে দিবা-রূঢ়ে, সতি রামং কৃষ্ণং চ মথুরাং অনয়ৎ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

নন্থ মৎপ্রাপ্তেঃ পূর্ব্বমেব ত্বং বিস্মিতমুখো লক্ষিতোঽসি অতো ভূর্ম্যৌ বিয়তি বা জলে কিম-দ্ভুতং দৃষ্টং বদ ইত্যত আহ যত্রাদ্ভুতানীতি। যত্র ত্বয়ি সর্ব্বাণ্যদ্ভুতানি তং ত্বাং ইহাপশ্যতো মেঽন্যত্র ভূম্যাদৌ কিমদ্ভুতং দৃষ্টং ন কিমপি। ত্বাং বিনা ন তত্র কিঞ্চিদদ্ভুতমিত্যর্থঃ। ব্রহ্মন্ হে পরমেশ্বরেত্যর্থঃ। ব্রহ্মেতি পাঠঃ ॥ ৩ ॥

গান্ধিনীসুতোঽক্রূরঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ। ত্বদ্রূপেঽস্মিন্ দৃশ্যমানে সম্প্রতি তু তানি সর্ব্বাণ্যদ্ভুতত্বায় ন কল্পন্তে কিন্তু ত্বদ্রূপ-মেবেদমিত্যাহ। যত্র ত্বয়ি সর্ব্বাণ্যদ্ভুতানি তং ত্বা ত্বাং অনুপশ্যতো নিরন্তরমীক্ষমাণস্য মমান্যত্র ভূম্যাদৌ কিমদ্ভুতং তদ্দৃষ্টমপি তু ন কিমপি কিন্ত্বিদমেব ত্বদ্রূপং সর্ব্বতোঽপ্যদ্ভুতং দৃশ্যতে ইতি জলে সঙ্কর্ষণনারায়ণপার্ষদাদ্যন্বিতং যদ্বৈকুণ্ঠস্থলমদ্ভুতং দৃষ্টং ততোঽপি পরঃ সহস্রাণ্যদ্ভুতানি ত্বদ্রূপেঽস্মিন্ বর্ত্তন্ত ইতি প্রত্যেমীত্যর্থঃ। হে ব্রহ্মন্ ব্রহ্ম চেতি পাঠদ্বয়ং ত্বং মহামহেশ্বরঃ সাক্ষাৎ পরব্রহ্মৈবাসি ত্বয়ি ভ্রাতুষ্পুত্রত্বজ্ঞানরূপং মন্মৌঢ্যং সম্প্রতি ত্বৎকৃপয়া নিঃশেষেণৈবা-পক্ষীণমিতি ভাবঃ ॥ ৩ ॥

গান্ধিনীসুতোঽক্রূরঃ ॥ ৪ ॥

ধরণী, আকাশ বা জলের মধ্যে যত কিছু অদ্ভুত ব্যাপার আছে, সে সকলই যখন তোমাতে বিরাজিত, তখন তোমাকে যদি না দেখা হয়, তাহা হইলে এখানে আর আমার কিছুই দেখা হইল না ! ॥ ৩ ॥

আভাস।

ব্রহ্মাণ্ড যখন তোমারই রূপ, তখন সাক্ষাতে তোমাকে দর্শন করিলে, কি আর কিছু দেখিবার অপেক্ষা থাকে ? আপনি যে সাক্ষাৎ পরমব্রহ্ম ; এতকাল আপনাকে যে ভ্রাতুষ্পুত্র বলিয়া মনে করিয়াছিলাম, তাহা আমার ভ্রম ; এক্ষণে তাহা আমি সম্প্রতি বিলক্ষণ অবগত হইয়াছি। আমার মূর্খতা দূরে গিয়াছে ॥ ১—৩ ॥

মার্গে গ্রাম্যজনা রাজংস্তত্রতত্রোপসঙ্গতাঃ।
বসুদেবসুতৌ দৃষ্ট্বা প্রীতা দৃষ্টিং নচাদদুঃ ॥ ৫ ॥
তাবদ্ব্রজৌকসস্তত্র নন্দগোপাদয়োঽগ্রতঃ।
পুরোপবনমাসাদ্য প্রতীক্ষন্তোঽবতস্থিরে ॥ ৬ ॥

অন্বয়ঃ।

হে রাজন্! তত্র তত্র মার্গে উপসঙ্গতাঃ মিলিতাঃ, গ্রাম্যজনাঃ বসুদেবসুতৌ রামকৃষ্ণৌ, দৃষ্ট্বা প্রীতাঃ সন্তঃ দৃষ্টিং ন আদদুঃ প্রত্যাজহ্রুঃ ॥ ৫ ॥

(যাবৎ রামকৃষ্ণৌ মথুরামনয়ং পথি স্নানাদিক্রিয়য়া বিলম্বতঃ) তাবৎ তৎ পূর্ব্বং এব নন্দ-গোপাদয়ঃ ব্রজৌকসঃ অগ্রতঃ তত্র মথুরায়াং পুরোপবনং আসাদ্য আগত্য, (রামকৃষ্ণাগমনং) প্রতীক্ষন্তঃ প্রতীক্ষমাণাঃ এব অবতস্থিরে স্থিতাঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

দৃষ্টিং নাদদুঃ পশ্যন্ত এব স্থিতা ইত্যর্থঃ ॥ ৫ ॥
রামকৃষ্ণাগমনং প্রতীক্ষমাণাঃ স্থিতাঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাদদুঃ পশ্যন্ত এব নিষ্পন্দা বভূবুরিত্যর্থঃ ॥ ৫ ॥
প্রতীক্ষন্তঃ রামকৃষ্ণৌ প্রতীক্ষমাণাঃ স্থিতা ইতি পূর্ব্বং রথশৈঘ্র্যেণানুগন্তুমসমর্থৈ রথবর্ত্ম পরিত্যজ্য ঋজুমার্গেণৈব তৈরগ্রে গমনাদক্রূর-নিমজ্জননিবন্ধনবিলম্বাচ্চেতি ভাবঃ ॥ ৬ ॥

এই প্রকার বলিয়া গান্ধিনীসুত অক্রূর রথচালন পূর্ব্বক রামকৃষ্ণকে লইয়া দিনাবসানে মথুরায় উপনীত হইলেন ॥ ৪ ॥

গ্রামস্থ জনগণ পথিমধ্যে সমাগত হইয়া, বসুদেবপুত্র রামকৃষ্ণকে অবলোকন করত এতই প্রসন্ন হইল যে, হে রাজন্! তাঁহাদের রূপ হইতে তাহারা স্ব স্ব দৃষ্টিকে আর প্রতিনিবৃত্ত করিতে পারিল না ॥ ৫ ॥

এদিকে স্নানাদির উপলক্ষে পথে রামকৃষ্ণের কিঞ্চিৎ বিলম্ব হওয়ায়, নন্দাদি গোপবৃন্দ ও ব্রজবাসিগণ তাঁহাদের উপস্থিত হইবার পূর্ব্বেই মথুরা-পুরীর সমীপবর্ত্তী উপবনে উপস্থিত হইয়াছিলেন; কিন্তু তাঁহারা রামকৃষ্ণের আগমনের প্রতীক্ষায় সেই উপবনের সমীপেই অপেক্ষা করিতে লাগিলেন ॥ ৬ ॥

আভাস।

এস্থলে দিনাত্যয় বলিতে হইলে, পূর্ব্বাহ্নের অত্যয়ে, ইহাই অবধারণ করা কর্ত্তব্য। কারণ অপরাহ্নে অনেক লীলাব্যাপার করার কথা পরে বর্ণিত হইবে ॥ ৪ ॥

গোকুল হইতে আগমনকালে রামকৃষ্ণের রথ যদিও অতি দ্রুতবেগে গমন করিয়াছিল, তথাপি স্নানাদির উপলক্ষে পথে তাঁহাদের এতই বিলম্ব ঘটিয়াছিল যে, নন্দাদি গোপগণ

তান্ সমেত্যাহ ভগবানক্রূরং জগদীশ্বরঃ।
গৃহীত্বা পাণিনা পাণিং প্রশ্রিতং প্রহসন্নিব ॥ ৭ ॥
ভবান্ প্রবিশতামগ্রে সহযানঃ পুরীং গৃহং।
বয়ন্ত্বিহাবমুচ্যাথ তাত দ্রক্ষ্যামহে পুরীং ॥
অক্রূর উবাচ ॥
নাহং ভবদ্ভ্যাং রহিতঃ প্রবেক্ষ্যে মথুরাং প্রভো।
ত্যক্তুং নার্হসি মাং নাথ ভক্তং তে ভক্তসৎসল ॥ ৮ ॥

অন্বয়ঃ।

তান্ নন্দাদীন্, সমেত্য ভগবান্ জগদীশ্বরঃ শ্রীকৃষ্ণঃ (স্বস্য) পাণিনা (অক্রূরস্য) পাণিং গৃহীত্বা প্রহসন্ ইব প্রশ্রিতং বিনম্রং, অক্রূরং আহ ৭ ॥

হে তাত! অগ্রে (মৎপ্রবেশাৎ পূর্ব্বং এব) সহযানঃ রথসহিতঃ, ভবান্ (কংসং প্রতি অস্মদানয়নবার্ত্তাবিজ্ঞাপনার্থং) পুরীং প্রবিশতাং (ততঃ স্বস্য) গৃহং প্রবিশতাং; বয়ং তু ইহ উপবনে অবমুচ্য বস্তূনি উত্তার্য্য বিশ্রাম্য চ, ততঃ পুরীং দ্রক্ষ্যামহে ॥

অক্রূরঃ উবাচ। হে প্রভো! ভবদ্ভ্যাং রহিতঃ বিযুক্তঃ অহং মথুরাং ন প্রবেক্ষ্যে; হে ভক্তবৎসল নাথ স্বামিন্! তে তব ভক্তং মাং ত্যক্তুং ত্বং ন অর্হসি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

প্রশ্রিতং বিনীতং ॥ ৭ ॥
স্বগৃহঞ্চ প্রবিশতাং। অবমুচ্য উত্তার্য্য বিশ্রাম্য ইত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রশ্রিতং বিনীতং। প্রহসন্নিবেতি তদানন্দনার্থমেব নতু বস্তুতঃ। প্রহসন্ মথুরানগর-দর্শনেন ব্রজনগরত্যাগস্মৃত্যাস্তর্বিষাদোদয়াৎ ॥ ৭ ॥
গৃহং স্ববাসঞ্চ অবমুচ্য বিশ্রম্য ॥ ৮ ॥

জগৎপতি জনার্দ্দন নন্দাদির নিকটে আগমন করিয়া স্বীয় করকমলের দ্বারা বিনম্র অক্রূরের হস্ত ধারণ পূর্ব্বক ঈষৎ হাস্য সহকারে বলিলেন— ॥৭॥

আপনি আমাদের অগ্রে এই রথ লইয়া পুরীর মধ্যে প্রবেশ করুন্! এবং কংসকে আমাদের আগমন-বার্ত্তা প্রদান পূর্ব্বক নিজ গৃহে প্রস্থান করুন্! আমরা এইস্থানে কিছু কাল বিশ্রাম করিয়া, পরে পুরী দর্শনার্থ প্রবেশ করিব ॥

আভাস।

তাঁহাদের পূর্ব্বেই অক্রূরতীর্থের অতি নিকটবর্ত্তী মথুরার উপবন সমীপে উপস্থিত হইয়া রামকৃষ্ণের আগমনার্থ প্রতীক্ষা করিতেছিলেন ॥ ৬ ॥

আগচ্ছ যাম গেহান্নঃ সনাথান্ কুর্ব্বধোক্ষজ।
সহাগ্রজঃ সগোপালৈঃ সুহৃদ্ভিশ্চ সুহৃত্তম ॥ ৯ ॥
পুনীহি পাদরজসা গৃহান্নো গৃহমেধিনাং।
যচ্ছৌচেনানুতৃপ্যন্তি পিতরঃ সাগ্নয়ঃ সুরাঃ ॥ ১০ ॥
অবনিজ্যাঙ্ঘ্রিযুগলমাসীৎ শ্লোক্যো বলির্মহান্।

অন্বয়ঃ।

হে সুহৃত্তম অধোক্ষজ! সাগ্রজঃ সুহৃদ্ভিঃ সগোপালৈশ্চ সহ আগচ্ছ; সর্ব্বে বয়ং যামঃ, এতেন গমনেন, নঃ আত্মান্, গেহান্ চ সনাথান্ কুরু ॥ ৯ ॥

পাদরজসা গৃহমেধিনাং নঃ অস্মাকং, গৃহান্ পুনীহি; যচ্ছৌচেন (যস্য তব পাদস্য শৌচেন প্রক্ষালনোদকেন গঙ্গারূপেণ) পিতরঃ সাগ্নয়ঃ সুরাশ্চ অনুতৃপ্যন্তি ॥ ১০ ॥

কিঞ্চ তব অঙ্ঘ্রিযুগলং অবনিজ্য প্রক্ষাল্য, বলিঃ শ্লোক্যঃ কীর্ত্তিবিশিষ্টঃ, মহান্ (গুণৈঃ)

শ্রীধরস্বামী।

সাগ্রজঃ সহ গোপালৈরিত্যর্থঃ ॥ ৯ ॥

যচ্ছৌচেন যস্য পাদরজসঃ ক্ষালনোদকেন গৃহাঙ্গনস্থিতেন ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাম এতে ত্বঞ্চাহঞ্চাস্মাকং গেহান্ যাম ইতি কংসং সমাবেদয়িতুং ত্বৎসমীপং প্রথমং ন যাস্যামি শ্বো মরিষ্যন্ স মে কিং কর্ত্তুং শক্নুয়াৎ। নাহং তস্মাৎ কিঞ্চিদপি বিভেমি ত্বদৈশ্বর্য্যস্য দৃষ্টত্বাদিতি ভাবঃ। নচ মদ্গৃহে কস্যাপি বস্তুনঃ সঙ্কোচস্তস্মাৎ সর্ব্বেঽপি যূয়ং গচ্ছতেত্যাহ সহাগ্রজ ইতি ॥ ৯ ॥

যচ্ছৌচেন যৎপাদরজঃক্ষালনোদকেন ॥ ১০ ॥

অক্রূর বলিলেন, হে প্রভো! আপনাদের দুই জনকে ছাড়িয়া আমি কখনই পুরী প্রবেশ করিব না! হে ভক্তবৎসল! আমি তোমার ভক্ত! হে নাথ! আমাকে ত্যাগ করা তোমার কখনই উচিত হয় না ॥ ৮ ॥

হে সুহৃদ্বর! গোপালগণ, সুহৃদ্বর্গ ও বলদেবের সহিত একত্র হইয়া আমরা সকলেই চলুন! একত্র যাই! হে অধোক্ষজ! একবার আগমন করিয়া, আমাদের গৃহ ও আমাদিগকে পবিত্র করুন্ ॥ ৯ ॥

অহো! যে পাদধৌত বারিলাভে পিতৃলোক এবং অগ্নিসহ দেবলোক পরিতৃপ্তি লাভ করেন, অদ্য সেই চরণের ধূলি প্রদানে আমাদের ন্যায় গৃহস্থগণের গৃহকে পবিত্র করুন্! ১০ ॥

দানবরাজ বলি একবার ঐ চরণকে ধৌত করিয়া, জগতে অনুপম যশ ও খ্যাতি লাভে মহৎ বলিয়া কীর্ত্তিত হন এবং অতুল ঐশ্বর্য্য ও ভক্তলভ্য গতি

ঐশ্বর্য্যমতুলং লেভে গতিশ্চৈকান্তিনান্তু যা ॥ ১১ ॥
আপস্তেঽঙ্ঘ্র্যবনেজন্যস্ত্রীল্লোকান্ শুচয়োঽপুনন্।
শিরসা ধত্ত যাঃ শর্ব্বঃ স্বর্যাতাঃ সগরাত্মজাঃ ॥ ১২ ॥
দেবদেব জগন্নাথ পুণ্যশ্রবণকীর্ত্তন।
যদূত্তমোত্তমঃশ্লোক নারায়ণ নমোঽস্তু তে ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

আসীৎ; অতুলং ঐশ্বর্য্যং তথা ঐকান্তিনাং নিষ্কামভক্তানাং, যা গতিঃ তাং চ লেভে ॥ ১১ ॥

তে তব অঙ্ঘ্র্যবনেজন্যঃ শুচয়ঃ পবিত্রাঃ, আপঃ ত্রীন্ লোকান্ ত্রিলোকস্থজনান্, অপুনন্ পবিত্রিতবত্যঃ; যাঃ আপঃ শর্ব্বঃ মহাদেবঃ, শিরসা অধত্ত ধৃতবান্, যৎস্পর্শেন সগরাত্মজাঃ স্বর্জাতাঃ স্বর্গং গতাঃ ॥ ১২ ॥

হে দেবানাং ব্রহ্মাদীনাং, দেব পূজ্য! জগতঃ নাথ! পুণ্যশ্রবণকীর্ত্তন (পুণ্যং পুণ্যজনকং শ্রবণং কীর্ত্তনং চ যস্য, যদুষু উত্তম উত্তমঃ শ্লোকঃ যশো যস্য তৎসম্বোধনে) হে নারায়ণ! তে তুভ্যং নমঃ অস্তু ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

শ্লোক্যঃ পুণ্যকীর্ত্যর্হঃ। একান্তভক্তানাং যা গতিস্তাঞ্চ লেভে ॥ ১১ ॥

অপুনন্ পবিত্রিতবত্যঃ। যাভিরদ্ভিঃ স্বঃ স্বর্গং গতাঃ ॥ ১২ ॥

প্রার্থয়মানো নমস্করোতি দেবদেবেতি। অতঃপরং শ্রেয়ো নাস্তীতি মত্বা বহুধা সম্বোধয়তি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্লোক্যো মহাযশোঽর্হঃ! গতিঞ্চ লেভে। যা একান্তিনামেব গতিশ্চেত্যপি পাঠঃ ॥ ১১ ॥

আপো গঙ্গাভিধানাঃ। শুচয়োঽপ্রাকৃত্যঃ স্বর্যাতা ইতি। যতঃ ইতি শেষঃ ॥ ১২ ॥

হে দেবদেব ত্বং দেবেষু দীব্যসি মদ্গৃহে অদ্য দীব্য। ত্বং জগতাং নাথঃ অদ্য মদ্গৃহস্য নাথো ভব। হে পুণ্যশ্রবণকীর্ত্তন অদ্য মদ্গৃহমপি পুণ্যং কুরু। হে যদূত্তম যদোর্মম গৃহমাগচ্ছ। হে উত্তমশ্লোক পতিতপাবনত্বযশঃ প্রকাশয়ন্ পতিতং মদ্গৃহং পুণীহি ॥ ১৩ ॥

লাভে কৃতার্থ হইয়াছেন ॥ ১১ ॥

আপনার চরণধৌত পবিত্র বারি এই ত্রিভুবনের দুরিত দূর করিয়া থাকে। ভগবান্ ত্রিলোচন গঙ্গা বলিয়া সেই বারিকে শিরে ধারণ করিতেছেন এবং ভস্মাবশিষ্ট সাগর-সন্তানগণ উক্ত বারির স্পর্শে নিষ্পাপ হইয়া, স্বর্গধামে গমন করিয়াছেন ॥ ১২ ॥

হে দেবদেব জগন্নাথ! আপনার পবিত্র নাম ও লীলা শ্রবণে এবং কীর্ত্তনে জগৎ পবিত্র হয়! হে উত্তমঃশ্লোক যদুশ্রেষ্ঠ নারায়ণ! আপনাকে প্রণাম করি ॥ ১৩ ॥

শ্রীভগবানুবাচ ॥

আয়াস্যে ভবতো গেহমহমার্যসমন্বিতঃ।
যদুচক্রদ্রুহং হত্বা বিতরিষ্যে সুহৃৎপ্রিয়ং ॥ ১৪ ॥
এবমুক্তো ভগবতা সোঽক্রূরো বিমনা ইব।
পুরীং প্রবিষ্টঃ কংসায় কর্ম্মাবেদ্য গৃহং যযৌ ॥ ১৫ ॥
অথাপরাহ্ণে ভগবান্ কৃষ্ণঃ সঙ্কর্ষণান্বিতঃ।
মথুরাং প্রাবিশদ্গোপৈ র্দিদৃক্ষুঃ পরিবারিতঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। যদুচক্রদ্রুহং (যদুচক্রায় যদুবংশসমূহায় দ্রুহ্যতীতি তং কংসং) হত্বা আর্য্যসমন্বিতঃ বলদেবসহিতঃ এব অহং ভবতঃ গেহং আয়াস্যে আগমিষ্যামি; সুহৃৎপ্রিয়ং (সুহৃদাং প্রিয়ং চ বিতরিষ্যামি ॥ ১৪ ॥

এবং ভগবতা উক্তঃ সঃ অক্রূরঃ বিমনাঃ ইব পুরীং প্রবিষ্টঃ সন্ কংসায় (স্বকীয়ং কৃষ্ণানয়নরূপং) কর্ম্ম আবেদ্য গৃহং যযৌ ॥ ১৫ ॥

অথ পুরীং দিদৃক্ষুঃ গোপৈঃ পরিবারিতঃ সঙ্কর্ষণান্বিতঃ ভগবান্ কৃষ্ণঃ অপরাহ্ণে মথুরাং প্রাবিশৎ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

আদৌ তাবৎ যদুচক্রায় দ্রুহ্যতীতি যদুচক্রদ্রুক্ তং কংসং হত্বা সুহৃদাং প্রিয়ং বিতরিষ্যে দাস্যামি ॥ ১৪ ॥

রামকৃষ্ণাবানীতাবিতি স্বকৃতং কর্ম্ম আবেদ্য সমাপ্যৈতি ॥ ১৫ ॥

গোপৈঃ পরিবারিতঃ প্রাবিশৎ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সত্যং ভো মাং যদূত্তমং ব্রূষে তর্হি যদুচক্রদ্রুহং হত্বৈব ভবতো গেহমায়াস্যে ॥ ১৪ ॥ ১৫ ॥

গোপৈঃ পরিবারিতো যুক্তঃ ॥ ১৬ ॥

ভগবান্ বলিলেন, হে তাত! যদুবংশীয়গণের নিগ্রহকারী দুষ্ট কংসকে নিহত করিয়া, অগ্রজসহ আপনার গৃহে আগমন করিব ও সুহৃদ্গণের প্রিয় সাধন করিব ॥ ১৪ ॥

ভগবান্ এই প্রকার বলিলে, অক্রূর কথঞ্চিৎ বিষণ্ণের ন্যায়, অগত্যা পুরীর মধ্যে প্রবেশ করিলেন এবং কংসকে কৃষ্ণানয়ন সংবাদ প্রদান পূর্ব্বক নিজগৃহে প্রস্থান করিলেন ॥ ১৫ ॥

এদিকে দিবা অবসানপ্রায় হইলে, ভগবান্ গোবিন্দ গোপগণে পরিবৃত হইয়া পুরীদর্শনচ্ছলে বলরামের সমভিব্যাহারে মথুরামধ্যে প্রবেশ করিলেন ॥ ১৬ ॥

দদর্শ তাং স্ফাটিকতুঙ্গগোপুরদ্বারাং বৃহদ্ধেমকবাটতোরণাং।
তাম্রারকোষ্ঠাং পরিখাদুরাসদামুদ্যানরম্যোপবনোপশোভিতাং॥ ১৭
সৌবর্ণশৃঙ্গাটকহর্ম্ম্যনিষ্কুটৈঃ শ্রেণীসভাভির্ভবনৈরুপস্কৃতাং।
বৈদূর্য্যবজ্রামলনীলবিদ্রুমৈ র্মুক্তাহরিদ্ভির্বলভীষু বেদিষু॥

অন্বয়ঃ।

স্ফাটিকতুঙ্গগোপুদ্বারাং (স্ফাটিকানি স্ফটিকময়ানি তুঙ্গানি উচ্ছ্রিতানি গোপুরদ্বারাণি যস্যাং তাং) বৃহদ্ধেমকবাটতোরণাং (বৃহন্তি হেমময়ানি কবাটানি তোরণানি চ যস্যাং তাং) তাম্রার-কোষ্ঠাং (তাম্রং চ আরঃ আরকূটঃ তন্ময়াঃ কোষ্ঠাঃ ধান্যাগারাঃ চ যস্যাং তাং) পরিখাদুরাসদাং (পরিখাঃ পরিতঃ খ্যাতাঃ গর্ত্তাঃ তাভিঃ দুরাসদাং দুর্গমাং) উদ্যানরম্যোপবনোপশোভিতাং (উদ্যানানি রম্যাণি উপবনানি চ তৈঃ উপশোভিতাং) তাং মথুরাং দদর্শ॥ ১৭॥

সৌবর্ণ-শৃঙ্গাটক-হর্ম্ম্যনিষ্কুটৈঃ (সৌবর্ণাঃ শৃঙ্গাটকাঃ চতুষ্পথাঃ, হর্ম্ম্যাণি ধনিনাং গৃহাঃ, চ নিষ্কুটাঃ গৃহোচিতাঃ আরামাঃ তৈঃ) শ্রেণীসভাভিঃ (শ্রেণীনাং একরূপশিল্পোপজীবিনাং সভাভিঃ উপবেশনস্থানৈঃ) ভবনৈঃ গৃহৈঃ উপস্কৃতাং অলঙ্কৃতাং, বৈদূর্য্যবজ্রামল-নীল-বিদ্রুমৈঃ মুক্তাহরিদ্ভিশ্চ জুষ্টেষু বলভীষু বেদিষু আবিষ্টপারাবতবর্হিনাদিতাং (আবিষ্টৈঃ পারাবতৈঃ

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণদৃষ্টাং পুরীং বর্ণয়তি চতুর্ভি র্দদর্শ তামিতি। স্ফাটিকানি তুঙ্গানি গোপুরাণি পুরদ্বারাণি অন্যানি দ্বারাণি চ যস্যাং তাং। বৃহন্তি হেমময়ানি কবাটানি তোরণানি চ যস্যাং তাং। তাম্রঞ্চ আর আরকুটশ্চ পিত্তলং তন্ময়াঃ কোষ্ঠা ধান্যাগারাশ্বশালাদয়ো যস্যাং তাং। পরিখাঃ পরিতঃ খাতা গর্ত্তাস্তাভি র্দুরাসদাং দুর্গমাং। উদ্যানানি দূরস্থানি বনানি রম্যাণি উপবনানি চ নিকটানি তৈরুপশোভিতাং॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরীং বর্ণয়তি চতুর্ভিঃ। স্ফাটিকানি তুঙ্গানি গোপুরাণি পুরদ্বারাণি দ্বারাণি অন্যানি চ যস্যাং তাং। বৃহন্তি হেমময়ানি কবাটানি তোরণানি বহির্দ্বারাণি চ যস্যাং তাং। তাম্রঞ্চ আরঃ পিত্তলঞ্চ তন্ময়াঃ কোষ্ঠাঃ ধান্যাদ্যাগারা যস্যাং তাং পরিখাঃ পরিতঃ খাতা গর্ত্তাস্তাভি-র্দুরাসদাং। সৌবর্ণাঃ শৃঙ্গাটকাংশ্চতুষ্পথাঃ। হর্ম্ম্যাণি ধনিগৃহাণি। নিষ্কুটা গৃহারামাস্তৈঃ

মথুরাপুরের প্রবেশদ্বারসমূহ অতি উচ্চ ও স্ফটিকময়; তাহা সুবর্ণময় বৃহৎ কবাট ও তোরণবিশিষ্ট; তাম্র ও পিত্তল নির্ম্মিত ধান্যাগার সকল প্রাচীরের অভ্যন্তরে ইতস্তত নির্ম্মিত ও সুরক্ষিত পরিদৃষ্ট হইতেছিল। সর্ব্বদিকে পরিবেষ্টিত পরিখার (জলপূর্ণ গর্ত্তের) দ্বারা পুরীপ্রবেশ শত্রুকুলের পক্ষে নিতান্তই অসাধ্য ছিল। নিকটবর্ত্তী উদ্যান ও দূরস্থ রমণীয় উপবনে মথুরার অপূর্ব্ব শোভা পরিবর্দ্ধিত প্রতীত হইতেছিল॥ ১৭॥

জুষ্টেষু জালামুখরন্ধ্রকুট্টিমেষ্বাবিষ্টপারাবতবর্হিনাদিতাং ॥ ১৮ ॥
সংসিক্তরথ্যাপণমার্গচত্বরাং প্রকীর্ণমাল্যাঙ্কুরলাজতণ্ডুলাং ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

বর্হিভিঃ ময়ূরৈঃ চ নাদিতাং) জালামুখরন্ধ্রকুট্টিমেষু (জালামুখরন্ধ্রাণি গবাক্ষচ্ছিদ্রাণি কুট্টিমানি মণিবদ্ধভূময়ঃ তেষু) সংসিক্তরথ্যাপণমার্গচত্বরাং (সংসিক্তানি রথ্যাদীনি রাজমার্গাদীনি, আপণাঃ পণ্যবীথয়ঃ, মার্গাঃ চত্বরাণি অঙ্গণানি, যস্যাং তাং) প্রকীর্ণমাল্যাঙ্কুরলাজতণ্ডুলাং ॥ ১৮ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

সৌবর্ণাঃ শৃঙ্গাটকাশ্চতুষ্পথাঃ। হর্ম্ম্যাণি ধনিনাং গৃহাণি চ নিষ্কুটাঃ গৃহোচিতা আরামাশ্চ তৈঃ শ্রেণীনামেকরূপশিল্পোপজীবিনাং সভাভিরুপবেশস্থানৈরন্যৈশ্চ ভবনৈর্গৃহৈরুপস্কৃতাং অলঙ্কৃতাং। অমলং স্ফটিকঃ। হরিতঃ মরকতঃ। বৈদূর্য্যাদিরত্নৈর্জুষ্টেষু বড়ভ্যাদিষু আবিষ্টৈরুপবিষ্টৈঃ পারাবতৈর্বর্হিভিশ্চ নাদিতাং। তত্র বড়ভ্যঃ গৃহপুরোভাগেষু বক্রদারুচ্ছাদনানি। বেদয়ো বড়ভীনামধোদেশে বিরচিতা অবষ্টম্ভবেদিকা জালামুখরন্ধ্রাণি গবাক্ষচ্ছিদ্রাণি। কুট্টিমানি মণিবদ্ধা ভূময়ঃ তেষিতি ॥ ১৮ ॥

রথ্যা রাজমার্গাঃ আপণাঃ পণ্যবিধয়ঃ মার্গা অন্যে চত্বরাণি অঙ্গণানি সংসিক্তানি রথ্যাদীনি যস্যাং তাং প্রকীর্ণা মাল্যাদয়ো যস্যাং তাং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রেণীনাং একরূপশিল্পোপজীবিনাং সভাভিরুপবেশস্থানৈরন্যৈশ্চ ভবনৈরলঙ্কৃতাং। বৈদূর্য্যাদিরত্নৈর্জুষ্টেষু বলভ্যাদিষু আবিষ্টৈরুপবিষ্টৈরাসক্তৈর্বা পারাবতৈর্বর্হিভিশ্চ নাদিতাং। তত্তৎপ্রতিধ্বনিমত্ত্বেন তৈরেব কারিতনাদামিত্যর্থঃ। তত্র বলভী গৃহচুড়েতি ক্ষীরস্বামী। আচ্ছাদনং

স্বর্ণবর্ণ চতুষ্পথ উত্তম উত্তম অট্টালিকা ও তৎসংলগ্ন আরামাদিতে বিচিত্র শোভা পরিদৃষ্ট হইয়াছিল। সমব্যবসায়ী ও একরূপ শিল্পজীবিগণ এক এক স্থানে স্বতন্ত্র ভবনাদি নির্ম্মাণে বাস করিত। মথুরাস্থ সকল ভবনই অতি সুন্দর এবং মনোরম। তথাকার বড়ভী অর্থাৎ গৃহ-সম্মুখস্থ বক্র কাষ্ঠাচ্ছাদন তন্নিম্নতলস্থ ইষ্টকাদি রচিত বেদীসমূহ এবং জালবিশিষ্ট গবাক্ষের দ্বার ও পুরোবর্ত্তী ভাগসমূহ এবং মণিবদ্ধ ভাগসকল বৈদূর্য্য বজ্র স্ফটিক নিলকান্ত মণি, বিদ্রুম মুক্তা এবং মরকত মণিতে খচিত। ঐ সমস্ত বড়ভী প্রভৃতিতে পারাবত ও শিখিকুল উপবিষ্ট হইয়া স্ব স্ব রবে পুরীকে প্রতিধ্বনিত করিতেছিল। রথ্যাদি রাজপথ, অন্যপথ, পণ্য-বিক্রয়-স্থল ও প্রশস্ত চত্বর সমূহ জলের দ্বারা সংসিক্ত ছিল; ভবনাদির দ্বারদেশের উপরিভাগে পুষ্প মালা এবং যবাঙ্কুর লাজ ও তণ্ডুলাদি ইতস্তত বিকীর্ণ ছিল ॥ ১৮ ॥ ১৯ ॥

আপূর্ণকুম্ভৈর্দধিচন্দনোক্ষিতৈঃ প্রসূনদীপাবলিভিঃ সপল্লবৈঃ।
সবৃন্তরম্ভাক্রমুকৈঃ সকেতুভিঃ স্বলঙ্কৃতদ্বারগৃহাং সপট্টিকৈঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

দধিচন্দনোক্ষিতৈঃ (দধ্না চন্দনেন চ উক্ষিতৈঃ সিক্তৈঃ) প্রসূনদীপাবলিভিঃ (প্রসূনানাং দীপানাং চ বলয়ঃ যেষু তৈঃ) সপল্লবৈঃ সবৃন্তরম্ভাক্রমুকৈঃ সকেতুভিঃ (কেতবঃ ধ্বজাঃ তৎ সহিতৈঃ) সপট্টিকৈঃ (পট্টিকাঃ বিতস্তিবিস্তারপট্টবস্ত্রাণি তৎসহিতৈঃ আপূর্ণকুম্ভৈঃ (জলেনা-পূর্ণকুম্ভৈঃ) স্বলঙ্কৃতদ্বারগৃহাং (স্বলঙ্কৃতানি দ্বারাণি যেষাং তে গৃহাঃ যস্যাং তাং) ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

তথা স্বলঙ্কৃতানি দ্বারাণি যেষাং তে গৃহা যস্যাং তাং। কৈরাপূর্ণৈঃ কুম্ভৈর্দধ্না চন্দনেন চ উক্ষিতৈঃ সিক্তৈঃ। প্রসূনানাং দীপানাঞ্চাবলয়ো যেষু তৈঃ। বৃন্তৈঃ ফলগুচ্ছৈরুপলক্ষিতা রম্ভাঃ ক্রমুকাশ্চ তৎসহিতৈঃ। কেতবো ধ্বজাস্তৎসহিতৈঃ পট্টিকা বিতস্তিবিস্তারপট্টবস্ত্রাণি তৎ-সহিতৈঃ। তত্রেয়ং রীতিঃ। দ্বারেষু উভয়তস্তণ্ডুলানামুপরি কুম্ভাস্তৎপরিতঃ প্রসূনাবলয়ঃ। কণ্ঠেষু পট্টিকাঃ। মুখেষু চূতাদিপল্লবাঃ তদুপরি পাত্রান্তরে দীপাবলয়ঃ। তৎসন্নিধৌ রম্ভাঃ ক্রমুকাঃ কেতবস্তোরণানি চ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্যাদ্বলভী গৃহাণামিতি হলায়ুধঃ। বলভী চন্দ্রশালীকেতি ত্রিকাণ্ডশেষঃ। সা চ সর্ব্বগৃহ-পরিবর্ত্তিনী জ্ঞেয়া। বেদির্গৃহাগ্রে ইষ্টকাদিবদ্ধা বিশ্রান্তিভূঃ। জালামুখরন্ধ্রাণি গবাক্ষছিদ্রাণি। কুট্টিমানি মণিবদ্ধভূময়ঃ। রথ্যা রাজমার্গাঃ। আপণাঃ পণ্যবিথয়ঃ। মার্গা অবান্তরবর্ত্মানি চত্বরাণ্যঙ্গণানি। আপূর্ণৈঃ কুম্ভৈঃ। দধিচন্দনেত্যাদিষড়্বিশেষণবিশিষ্টৈঃ স্বলঙ্কৃতানি দ্বারাণি যেষাং তে গৃহা যস্যাং তাং। বৃন্দং ফলসংহতিঃ। রম্ভাঃ কদল্যঃ। ক্রমুকাঃ কেতবো। ধ্বজাঃ সপতাকাঃ পট্টিকাঃ বিতস্তিবিস্তারপট্টবস্ত্রখণ্ডানি। অত্রেয়ং রীতিঃ। দ্বারেষূভয়তস্তণ্ডুলানা-মুপরি কুম্ভাঃ। তৎপরিতঃ প্রসূনাবলয়ঃ। কুম্ভানাং কণ্ঠেষু পট্টিকাঃ। মুখেষু চূতাদিপল্লবাঃ। তদুপরি স্বর্ণপাত্রে দীপাবলয়ঃ। কুম্ভানাং পার্শ্বদ্বয়ে রম্ভাবৃক্ষদ্বয়ং। অগ্রে পশ্চাচ্চ ক্রমুকবৃক্ষ-দ্বয়ং। কেতবঃ কুম্ভালম্বাঃ ॥ ১৭—২০ ॥

ভবনদ্বারের উভয় পার্শ্বে কদলিস্তম্ভ ও জলপূর্ণ পল্লববিশিষ্ট কলসি রক্ষিত ছিল। ঐ কুম্ভ সকল দধি ও চন্দন দ্বারা সংলিপ্ত; সবৃন্ত রম্ভা ও গুবাক্ তাহার উপর প্রদত্ত ছিল এবং বিতস্তি-পরিমিত পট্টবস্ত্রের দ্বারা আচ্ছাদিত ছিল। অপর একটী পাত্রে কতগুলি প্রদীপের শ্রেণি তৎসন্নিকটে স্থাপিত হইয়া কি অপূর্ব্ব শোভারই পরিচয় দিতেছিল ॥ ২০ ।

বসুদেব-নন্দন রামকৃষ্ণ ভাতৃদ্বয় বয়স্যগণে পরিবেষ্টিত হইয়া, রাজমার্গা-বলম্বনে যখন তাদৃশ মথুরাপুরের মধ্যে প্রবেশ করিলেন, হে নরেন্দ্র! তখন তাঁহাদিগকে দর্শন করিবার অভিপ্রায়ে পুরনারীগণ নিতান্ত ঔসুক্যসহকারে

তাং সংপ্রবিষ্টৌ বাসুদেবনন্দনৌ বৃতৌ বয়স্যৈর্নরদেববর্ত্মনা।
দ্রষ্টুং সমীয়ুস্ত্বরিতাঃ পুরস্ত্রিয়ো হর্ম্ম্যাণি চৈবারুরুহুর্নৃপোৎসুকাঃ॥ ২১॥
কাশ্চিদ্বিপর্য্যগ্ধৃতবস্ত্রভূষণা বিস্মৃত্য চৈকং যুগলেষথাপরাঃ।

অন্বয়ঃ।

তাং পুরীং বয়স্যৈঃ সখিভিঃ বৃতৌ নরদেববর্ত্মনা রাজমার্গেণ সংপ্রবিষ্টৌ বসুদেবনন্দনৌ দ্রষ্টুং সমুৎসুকাঃ উৎসাহযুক্তাঃ ত্বরিতাঃ পুরস্ত্রিয়ঃ এব হে নৃপ! হর্ম্ম্যাণি চ আরুরুহুঃ॥ ২১॥

কাশ্চিৎ বিপর্য্যগ্ধৃতবস্ত্রভূষণাঃ (বিপরীতং যথা ভবতি তথা ধৃতানি বস্ত্রাণি ভূষণানি চ যাভিঃ তাঃ) অপরাঃ তু যুগলেষু ধার্য্যেষু কুণ্ডলকঙ্কণাদিষু একং বিস্মৃত্যৈব একং এব ধৃত্বা; অন্যাঃ তু কৃতৈকপত্রশ্রবণৈকনূপুরাঃ (কৃতং নিহিতং একং এব পত্রং যয়োঃ তে শ্রবণে কর্ণৌ যাসাং একং এব নূপুরং চরণাভরণং যাসাং তাঃ) অপরাঃ তু দ্বিতীয়ং লোচনং নাঙ্ক্ত্বা অনা-

শ্রীধরস্বামী।

নরদেবানাং বর্ত্মনা রাজমার্গেণ তাং পুরীং সংপ্রবিষ্টৌ। দ্বিতীয়ান্তৌ॥ ২১॥

ঔৎসুক্যমেবাহ দ্বয়েন কাশ্চিদিতি। বিপর্য্যক্ বিপরীতং ধৃতানি বস্ত্রাণি ভূষণানি চ যাভিস্তাঃ। যুগলেষু ধার্য্যেষু কঙ্কণাদিষু একং বিস্মৃত্য সমীয়ুঃ। কৃতমেকং পত্রং যয়োস্তে শ্রবণে যাসাং। একমেব নূপুরং চরণেষু যাসাং তাশ্চ তাশ্চ। নাঙ্ক্ত্বা অনঙ্ক্ত্বা। একম্বি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নরদেববর্ত্মনা রাজমার্গেণ পুরীং প্রবিষ্টৌ রামকৃষ্ণৌ দ্রষ্টুং পুরস্ত্রিয়ঃ সমীয়ুঃ সংহত্যাজগ্মুঃ। হর্ম্ম্যাণি চ কাশ্চিদারুরুহুঃ। ঔৎসুক্যং বিবৃণোতি দ্বাভ্যাং। কাশ্চিদিতি বিপর্য্যক্ বিপরীতং যথা স্যাত্তথা ধৃতানি বস্ত্রাণি ভূষণানি চ যাভিস্তাঃ। যুগলেষু ধার্য্যেষু কুণ্ডলকঙ্কণাদিষু মধ্যে একমেকং বিস্মৃত্য সমীয়ুঃ। কৃতমেকৈকমেব পত্রং শ্রবণেষু যাভিঃ। একৈকমেব নূপুরং যাসাং তাশ্চ তাশ্চ তাঃ। দ্বিতীয়ং স্বলোচনং ন অঙক্ত্বা কিন্ত্বেকং বামমেব কজ্জলেনাঙ্ক্ত্বেত্যর্থঃ। তৎ অশনং। সোৎসবা ইতি বিবাহাদিকর্ম্মপরাস্তত্তৎ কর্ম্ম ত্যক্ত্বা পরিণীয়মানাঃ

অট্টালিকার উপরিভাগে আরোহণ করিলেন॥ ২১॥

বনিতাগণ কৃষ্ণদর্শন-লালসায় এতই ব্যাগ্র হইয়াছিলেন যে, তাঁহারা স্ব-স্ব কার্য্য পরিত্যাগ করিয়াই গমন করিতে লাগিলেন; এমন কি! বস্ত্র ও আভারণাদি গ্রহণেরও সাবকাশ হয় নাই। কেহ বা উত্তরীয় বসনকেই পরিধান পূর্ব্বক, পরিধেয় বস্ত্রকে উত্তরীয়রূপে গ্রহণ করত, কেহ বা এক অঙ্গের আভরণকে অন্য অঙ্গে সংলগ্ন করত দ্রুতবেগে ধাবিতা হইলেন। কেহ বা এক কর্ণে কুণ্ডল বা এক হস্তে বলয় ধারণ করিয়া, অপর কুণ্ডল বা বলয়াদি ভূষণ বিস্মৃতের ন্যায়, সেই স্থানে ফেলিয়াই গমন করিতে লাগিলেন। কেহ বা এক চরণে নূপুর পরিয়াই এক কর্ণে অলঙ্কার ধারণে, এমন কি! এক চক্ষুতে

কৃতৈকপত্রশ্রবণৈকনূপুরা নাঙ্ক্ত্বা দ্বিতীয়ং ত্বপরাশ্চ লোচনং ॥ ২২ ॥
অশ্নন্ত্য একাস্তদপাস্য সোৎসবা অভ্যজ্যমানা অকৃতোপমজ্জনাঃ।
স্বপন্ত্য উত্থায় নিশম্য নিস্বনং নিপায়য়ন্ত্যোঽর্ভমপোহ্য মাতরঃ ॥ ২৩ ॥
মনাংসি তাসামরবিন্দলোচনঃ প্রগল্ভলীলাহসিতাবলোকনৈঃ।

অন্বয়ঃ।

ঙ্ক্ত্বা, (একস্মিন্ এব লোচনে অঞ্জনং নিধায় সমীয়ুঃ ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২২ ॥

অশ্নন্ত্যঃ একাঃ সোৎসবাঃ তু তৎ অশনং অপাস্য ত্যক্ত্বা, অপরাঃ অভ্যজ্যমানাঃ ক্রিয়মাণতৈলাভ্যঙ্গাঃ অপি অকৃতোপমজ্জনাঃ অকৃতস্নানাঃ এব সমীয়ুঃ; কাশ্চিৎ স্বপন্ত্যঃ এব নিঃস্বনং ভগবদাগমনজনিতং কোলাহলং নিশম্য উত্থায়, নিপায়য়ন্ত্যঃ মাতরশ্চ অর্ভং শিশুং, অপোহ্য পরিত্যজ্য, সর্ব্বাঃ সমীয়ুঃ ॥ ২৩ ॥

অরবিন্দলোচনঃ (অরবিন্দবৎ লোচনে যস্য সঃ) মত্তদ্বিরদেন্দ্রবিক্রমঃ মত্তদিঙ্নাগতুল্যবলঃ

শ্রীধরস্বামী।

নের লোচনে অঞ্জনং নিধায়েতি ॥ ২২ ॥

তৎ ভোজনং অপাস্য ত্যক্ত্বা। অভ্যজ্যমানাঃ সখীভিঃ ক্রিয়মাণতৈলাভ্যঙ্গাঃ। অকৃতস্নানাঃ অপোহ্য নিরস্য ॥ ২৩ ॥

প্রগল্ভা যা লীলা স্তাভির্হসিতানি ঈক্ষণানি তৈঃ শ্রিয়ং রময়তীতি শ্রীরমণস্তেনাত্মনা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কন্যাশ্চ পতিপরিক্রমণমসমাপ্যৈবেত্যর্থঃ। সখিভিরভ্যজ্যমানাঃ এব তাঃ সখীস্তিরস্কৃত্য অভ্যঙ্গমপি অসমাপ্যেত্যর্থঃ ॥ ২১ ॥ ২২ ॥

ন কৃতমুপ আধিক্যেন মজ্জনং যাভিস্তাঃ স্নানমপ্যসমাপ্য ক্লিন্নগাত্র্য এবেত্যর্থঃ। নিতরামতিযত্নেন পায়য়ন্ত্য ইতি স্বয়ং পাতুমজানন্তং সদ্যঃ প্রসূতমর্ভমপ্যপোহেত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রিয়া স্বশোভয়ৈব রময়তি মধুরাঙ্গনা ক্রীড়য়তীতি শ্রীরমণস্তেনাত্মনা দেহেন দৃশামুৎসবং

মাত্র অঞ্জন দিয়াই অপর লোচনের কথা বিস্মৃত হইয়া, হর্ম্ম্যোপরি আরোহণ করিতে লাগিলেন ॥ ২২ ॥

কোন কামিনী ভোজন করিতেছিলেন, তিনি ভোজন ফেলিয়া; কেহ বা স্নানার্থ তৈলমর্দ্দন করিতেছিলেন, তিনি স্নান না করিয়াই দ্রুত বেগে গমন করিতে লাগিলেন। যাঁহারা নিদ্রিত ছিলেন, তাঁহারা কৃষ্ণাগমনের কোলাহল শ্রবণে যেমন জাগ্রত হইলেন, তৎক্ষণাৎ গাত্রোত্থান করত হর্ম্ম্যোপরি ধাবিতা হইলেন। অহো! যে নারীগণ সদ্যপ্রসূত সন্তানকে দুগ্ধ পান করাইতে ছিলেন, তাঁহারাও তাদৃশ শিশু সন্তানকে পর্য্যন্ত পরিত্যাগ করিয়া, কৃষ্ণদর্শন-লালসায় হর্ম্ম্যোপরি আরোহণ করিতে লাগিলেন ॥ ২৩ ॥

জহার মত্তদ্বিরদেন্দ্রবিক্রমো দৃশাং দদচ্ছ্রীরমণাত্মনোৎসবং ॥ ২৪ ॥
দৃষ্ট্বা মুহুঃ শ্রুতমনুদ্রুতচেতসস্তং তৎপ্রেক্ষণোৎস্মিতসুধোক্ষণলব্ধমানাঃ।
আনন্দমূর্ত্তিমুপগুহ্য দৃশাত্মলব্ধং হৃষ্যত্ত্বচো জহুরনন্তমরিন্দমাধিং ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

ভগবান্ প্রগল্‌ভলীলাহসিতাবলোকনৈঃ (প্রগল্‌ভা উৎকটা লীলা হসিতানি অবলোকনানি চ তৈঃ) তথা শ্রীরমণাত্মনা (শ্রিয়ং লক্ষ্মীং রময়তীতি শ্রীরমণঃ তেন আত্মনা বপুষা) তাসাং স্ত্রীণাং দৃশাং উৎসবং হর্ষং দদৎ মনাংসি জহার অপহৃতবান্ ॥ ২৪ ॥

হে অরিন্দম! নির্জ্জিতকামাদিশত্রো! মুহুঃ শ্রুতং অতএব অনুদ্রুতচেতসঃ তদ্গতচেতসঃ, তং কৃষ্ণং দৃষ্ট্বা তৎপ্রেক্ষণোৎস্মিতসুধোক্ষণলব্ধমানাঃ (তস্য প্রেক্ষণপূর্ব্বকং যৎ উৎস্মিতং তদেব সুধা তয়া উক্ষণং সেচনং তেন লব্ধঃ মানঃ সৎকারঃ যাভিঃ তাঃ) দৃশা নেত্রদ্বারা, আত্মলব্ধং (আত্মনি লব্ধং) আনন্দমূর্ত্তিং শ্রীকৃষ্ণং, উপগুহ্য আলিঙ্গ্য, হৃষ্যত্ত্বচঃ সত্যঃ অনন্তং আধিং মনোব্যথাং জহুঃ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

বপুষা তাসাং দৃশাং উৎসবং দদৎ মনাংসি জহার ॥ ২৪ ॥

মুহুঃ শ্রুতত্বাৎ তদ্গতচেতসঃ সত্যঃ তং দৃষ্ট্বা তস্য প্রেক্ষণঞ্চ উৎস্মিতঞ্চ তদেব সুধা তয়া উক্ষণং সেচনং তেন লব্ধো মানো যাভিস্তাঃ দৃশা উদ্ঘাটিতনেত্রদ্বারেণ আত্মনি মনসি লব্ধং প্রাপ্তং পরিষজ্য তদপ্রাপ্তিজনিতং অনন্তং আধিং ব্যথাং জহুঃ। হে অরিন্দম নির্জিতকামেতি সম্বোধনং শৃঙ্গাররসে নিমগ্নো মা ভূদিতি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দদৎ মনাংসি তাসাং জহারেতি চাক্ষুষসম্ভোগদানেন তা বিহ্বলীকৃত্যালক্ষিতমেব মনোরত্নানি চোরয়ামাসেত্যর্থঃ ॥ ২৪ ॥

অনুদ্রুতানি দর্শনং লক্ষীকৃত্যৈব দ্রবীভূতানি চেতাংসি যাসাং তাঃ। তৎকর্ত্তৃকং প্রেক্ষণং উৎকৃষ্টং স্মিতঞ্চ সুধা তয়া যদুক্ষণং সেচনং তেন লব্ধো মান আদরো যাভি স্তাঃ দৃশা একস্যৈব নেত্রস্যাপাঙ্গদ্বারেণ উদ্ঘাটিতেন আত্মনি মনসি লব্ধং প্রাপ্তং স্বচ্ছন্দেনেবোপগুহ্য তদপ্রাপ্তিজনিতমনন্তমাধিং জহুঃ। হে অরিন্দমেতি এতাদৃশভগবচ্চরিত্রশ্রবণমননাদিনৈব ত্বয়া কামাদয়ঃ শত্রবো জিতা ইতি ভাবঃ ॥ ২৫ ॥

মত্তগজেন্দ্রতুল্য বিক্রমশালী পদ্মপলাশলোচন ভগবান্ গোবিন্দ অনুপম লীলা, গতি, হাস্য ও অপাঙ্গমোক্ষণে এবং স্বয়ং লক্ষ্মীর নিত্য নিকেতন মনোহর অঙ্গকান্তির প্রদর্শনে, বনিতাগণের নয়ন ও চিত্তকে সম্পূর্ণ আকর্ষণ করিয়াছিলেন ।। ২৪ ॥

হে শত্রুনিসূদন! কৃষ্ণকথা বারংবার শ্রবণে কামিনীগণের চিত্ত গোবিন্দের প্রতি পূর্ব্বেই আকৃষ্ট ছিল; সম্প্রতি তাঁহাকে নয়নগোচর করিয়া এবং

প্রাসাদশিখরারূঢ়াঃ প্রীত্যুৎফুল্লমুখাম্বুজাঃ।
অভ্যবর্ষন্ সৌমনস্যৈঃ প্রমদা বলকেশবৌ॥
দধ্যক্ষতৈঃ সোদপাত্রৈঃ স্রগ্‌গন্ধৈরপ্যুপায়নৈঃ।
তাবানর্চ্চুঃ প্রমুদিতাস্তত্র তত্র দ্বিজাতয়ঃ॥ ২৬॥
ঊচুঃ পৌরা অহো গোপ্যস্তপঃ কিমচরন্মহৎ।
যা হ্যেতাবনুপশ্যন্তি নরলোকমহোৎসবৌ॥ ২৭॥

অন্বয়ঃ।

প্রাসাদশিখরারূঢ়াঃ প্রীত্যুৎফুল্লমুখাম্বুজাঃ (প্রীত্যা উৎফুল্লানি মুখাম্বুজানি যাসাং তাঃ) প্রমদাঃ স্ত্রিয়ঃ সৌমনস্যৈঃ পুষ্পসমূহৈঃ বলকেশবৌ অভ্যবর্ষন্ আচ্ছাদিতবত্যঃ॥

তত্র তত্র (মিলিতাঃ) দ্বিজাতয়ঃ প্রমুদিতাঃ সন্তঃ দধ্যক্ষতৈঃ সোদপাত্রৈঃ স্রগ্‌গন্ধৈঃ উপায়নৈঃ ফলাদিমিষ্টান্নাদিভিঃ অপি তৌ রামকৃষ্ণৌ আনর্চ্চুঃ॥ ২৬॥

পৌরাঃ পুরস্ত্রিয়ঃ, ঊচুঃ। অহো! আশ্চর্য্যং, গোপ্যঃ কিং মহৎ তপঃ অচরন্ চক্রুঃ যাঃ হি এতাঃ গোপ্যঃ, নরলোকমহোৎসবৌ (নরলোকস্য মহান্ উৎসবঃ যাভ্যাং তৌ রামকৃষ্ণৌ অনু অনুক্ষণং পশ্যন্তি॥ ২৭॥

শ্রীধরস্বামী।

সৌমনস্যৈঃ কুসুমসমূহৈঃ শোভনমনোভবৈর্বা॥ ২৬॥　　পৌরাঃ পুরস্ত্রিয়ঃ॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুমনসাং তাসাং কর্ম্মাণি ভাবেঙ্গিতানি সৌমনস্যানি তৈর্হেতুভিরভ্যবর্ষন্ কুসুমানি স্থিতানি বেতি শেষঃ॥ ২৬॥　　পৌরাঃ পুরবাসিস্ত্রীজনাঃ॥ ২৭॥

তাঁহাদের প্রতি শ্রীকৃষ্ণের অবলোকনরূপ সুধাধারায় সিঞ্চিত ও সম্মানিত হইয়া, নারীগণ যেন নয়নরন্ধ্রের দ্বার দিয়াই আনন্দমূর্ত্তী বসুদেবকে হৃদয়-মন্দিরে আলিঙ্গন করিলেন এবং প্রেমের পুলকে পরিপূর্ণ হইয়া, যাবতীয় হৃদয়-ব্যথা হইতে যেন চিরনিষ্কৃতি লাভ করিলেন॥ ২৫॥

প্রাসাদ-শিখরারূঢ়া প্রমদাগণ প্রীত-প্রসন্নচিত্তে রামকৃষ্ণের উপর রাশি রাশি পুষ্প বর্ষণ করিতে লাগিলেন॥

স্থানে স্থানে সমবেত দ্বিজাতিগণ দধি, অক্ষত, উদকপাত্র, গন্ধ, মাল্য ও মিষ্টান্নাদি ফল প্রদানে রামকৃষ্ণের অভিবাদন করিয়াছিলেন॥ ২৬॥

পুরবনিতাগণ সকলে বলিতে লাগিলেন, অহো! যাঁহাদিগকে অবলোকন করিলে নরজীবন সার্থক হয়, তাদৃশ রামকৃষ্ণকে যাঁহারা নিরন্তর দর্শন করেন, জানি না! সেই গোপিকাগণ কি অপূর্ব্ব তপস্যাদি পুণ্যকর্ম্মেরই অনুষ্ঠান পূর্ব্বে করিয়াছিলেন!॥ ২৭॥

রজকং কঞ্চিদায়ান্তং রঙ্গকারং গদাগ্রজঃ।
দৃষ্ট্বাযাচত বাসাংসি ধৌতান্যত্যুত্তমানি চ ॥
দেহ্যাবয়োঃ সমুচিতান্যঙ্গ বাসাংসি চার্হতোঃ।
ভবিষ্যতি পরং শ্রেয়ো দাতুস্তে নাত্র সংশয়ঃ ॥ ২৮ ॥
স যাচিতো ভগবতা পরিপূর্ণেন সর্ব্বতঃ।
সাক্ষেপং রুষিতঃ প্রাহ ভৃত্যো রাজ্ঞঃ সুদুর্ম্মদঃ ॥ ২৯ ॥
ঈদৃশান্যেব বাসাংসি নিত্যং গিরিবনেচরাঃ।

অন্বয়ঃ।

তদা গদাগ্রজঃ ভগবান্ কঞ্চিৎ (বস্ত্রাণাং) রঙ্গকারং রজকং বস্ত্রনির্ণেজকং, আয়ান্তং দৃষ্ট্বা ধৌতানি অত্যুত্তমানি বাসাংসি অযাচত ॥

হে অঙ্গ! অর্হতোঃ আবয়োঃ সমুচিতানি বাসাংসি দেহি! দাতুঃ তে তব পরং উৎকৃষ্টং শ্রেয়ঃ ভবিষ্যতি অত্র সন্দেহঃ নাস্তি ॥ ২৮ ॥

সর্ব্বতঃ (দেশতঃ কালতঃ বস্তুতশ্চ) পরিপূর্ণেন ভগবতা যাচিতঃ সঃ রাজ্ঞঃ কংসস্য, সুদুর্ম্মদঃ গর্ব্বিতঃ, ভৃত্যঃ রজকঃ, রুষিতঃ সন্ সাক্ষেপং তিরস্কারপূর্ব্বকং, প্রাহ ॥ ২৯ ॥

হে উদ্বৃত্তাঃ (উদ্গতং বৃত্তং সদাচারলক্ষণং যেভ্যঃ তে) যে রাজদ্রব্যাণি বস্ত্রাণি অভীপ্সথ

শ্রীধরস্বামী।

রজকো বস্ত্রনির্ণেজকঃ। সএব বস্ত্রাণাং রঙ্গমপি কুর্ব্বন্ রঙ্গকারঃ ॥ ২৮ ॥

রুষিতঃ কুপিতঃ ॥ ২৯ ॥

হে উদ্বৃত্তা গিরৌ বনে চ চরথ যে নিত্যং তে যূয়ং পরিধত্তেতি সম্ভাবনায়াং লোট্।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রজকো বস্ত্রনির্ণেজকঃ স এব বস্ত্রাণাং রঙ্গমপি কুর্ব্বন্ রঙ্গকারস্তং ॥ ২৮ ॥ ২৯ ॥

ইত্যবসরে ভগবান্ বাসুদেব কোন এক রঙ্গকার রজক কতকগুলি বস্ত্র লইয়া আগমন করিতেছে অবলোকন করিয়া, তৎসমীপে কয়েকখানি উত্তম ধৌত বস্ত্র যাচ্ঞা করত বলিলেন।।

দেখ! আমাদিগকে উপযুক্তরূপ বস্ত্র প্রদান কর! আমাদিগকে বস্ত্র প্রদান করিলে, তোমার বিশেষ মঙ্গললাভ হইবে, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২৮।

কিন্তু কি আশ্চর্য্য! যিনি সর্ব্বব্যাপী সর্ব্বময় ও অনন্ত, তিনি স্বয়ং যাচক-বেশে অতি নীচ সেই রজকের সমীপে বস্ত্র প্রার্থনা করিলেও দুর্ম্মাত দর্পিত কংসভৃত্য রজক তাঁহাকে বস্ত্র প্রদান করিল না; বরং ক্রোধপূর্ণ দৃষ্টিতে তাঁহাকে তিরস্কার করত বলিল ॥ ২৯ ॥

পরিধত্ত কিমুদ্বৃত্তা রাজদ্রব্যাণ্যভীপ্সথ ॥ ৩০ ॥
যাতাশু বালিশা মৈবং প্রার্থ্যং যদি জিজীবিষা।
বধ্নন্তি ঘ্নন্তি লুম্পন্তি দৃপ্তং রাজকুলানি হি ॥
এবং বিকত্থমানস্য কুপিতো দেবকীসুতঃ।
রজকস্য করাগ্রেণ শিরঃ কায়াদপাহরৎ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

তে নিত্যং গিরিবনেচরাঃ, যূয়ং কিং ঈদৃশানি এব বাসাংসি পরিধত্ত ? ॥ ৩০ ॥

হে বালিশাঃ অজ্ঞাঃ! ইতঃ স্থানাৎ, আশু যাত গচ্ছত, তত্রাপি যদি জিজীবিষা জীবিতুং ইচ্ছা, চেৎ এবং মা ন, প্রার্থ্যং প্রার্থনীয়ং, হি যস্মাৎ রাজকুলানি রাজপুরুষাঃ, দৃপ্তং গর্ব্বিতং, (যুষ্মদ্বিধং জনং) বধ্নন্তি ঘ্নন্তি লুম্পন্তি নিঃস্বং কুর্ব্বন্তি ॥

এবং বিকত্থমানস্য ভাষমানস্য, রজকস্য শিরঃ কুপিতঃ দেবকীসুতঃ কৃষ্ণঃ, করাগ্রেণ নখেনৈব, কায়াৎ অপাহরৎ পৃথক্ কৃতবান্ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

অভীপ্সথ প্রার্থয়ধ্বং ॥ ৩০ ॥

রাজকুলানি রাজসম্বন্ধিজনাঃ লুম্পন্তি নিঃস্বং কুর্ব্বন্তি ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃত্তাৎ সৌশীল্যাৎ উদ্গতাঃ হে দুঃশীলাঃ! ইত্যর্থঃ। পরিধত্তেতি সম্ভাবনায়াং লোট্ সরস্বতী ত্বাহ হে উৎকৃষ্টচরিত্রা গোবর্দ্ধনগিরিচরা যূয়ং কিং ঈদৃশানি প্রাকৃতানি পরিধত্ত অপিতু নৈবেত্যর্থঃ। তস্মাৎ লীলয়াপি কিং রাজদ্রব্যাণ্যপবিত্রাণ্যভীপ্সথ। বৃত্তং পদ্যে চরিত্রে চ ত্রিষ্বিত্যমরঃ ॥ ৩০ ॥

যাতেতি স্পষ্টং পক্ষে হে বালিশাঃ বলিং শ্যন্তি ত্রিপাদভূমিং প্রার্থ্য তনুকুর্ব্বন্তীতি বালিশাঃ স্বার্থেঽণ্। বালিশা হে পরমেশ্বরাঃ যদি মে জিজীবিষাস্তি তর্হি মৈবং প্রার্থ্যং। বলিরিব তুভ্যং যদি বাসাংসি দদামি। তর্হ্যদ্য মে জীবনং ন স্থাস্যতীত্যর্থঃ। কুত ইত্যত আহ বধ্নন্তীতি। রাজকুলানি অত্রত্যাঃ রাজকীয়াঃ পুরুষাঃ দৃপ্তং কংসরাজান্নিঃশঙ্কং জনং প্রথমং বধ্নন্তি ততো রাজানং বিজ্ঞাপ্য ঘ্নন্তি ততো লুম্পন্তি তদ্গৃহং লুণ্ঠন্তি ॥ ৩১ ॥

রে দুরাচারিগণ! তোমরা যে এরূপ রাজপরিচ্ছদের প্রার্থনা করিতেছ, আচ্ছা, বল দেখি! চিরকাল ত পর্ব্বতে ও বনে বনেই বিচরণ করিয়া থাক! এরূপ বসন কি কখন পরিধান করিয়াছ যে, অদ্য তাহা প্রার্থনা করিতেছ ? ॥ ৩০ ॥

তোমরা অতীব জ্ঞানহীন মূর্খ! এ স্থান হইতে শীঘ্র পলায়ন কর! যদি বাঁচিবার সাধ থাকে! তবে এরূপ প্রার্থনা যেন, কখন হৃদয়েও স্থান দিও না!

তস্যানুজীবিনঃ সর্ব্বে বাসঃ কোষান্ বিসৃজ্য বৈ।
দুদ্রুবুঃ সর্ব্বতো মার্গং বাসাংসি জগৃহেঽচ্যুতঃ॥
বসিত্বাত্মপ্রিয়ে বস্ত্রে কৃষ্ণঃ সঙ্কর্ষণস্তথা।
শেষাণ্যাদত্ত গোপেভ্যো বিসৃজ্য ভুবি কানিচিৎ॥ ৩২॥
ততস্তু বায়কঃ প্রীতস্তয়োর্বেশমকল্পয়ৎ।
বিচিত্রবর্ণৈ শ্চৈলেয়ৈরাকল্পৈরনুরূপতঃ॥ ৩৩॥

অন্বয়ঃ।

তস্য রজকস্য অনুজীবিনঃ সর্ব্বে বৈ বাসঃ কোষান্ বস্ত্রপুটকান্, বিসৃজ্য ত্যক্ত্বা, সর্ব্বতো মার্গং দুদ্রুবুঃ পলায়িতবন্তঃ। ততঃ অচ্যুতঃ বাসাংসি জগৃহে আদত্ত॥

কৃষ্ণঃ সঙ্কর্ষণঃ চ আত্মনঃ প্রিয়ে পীতনীলৈঃ, বসিত্বা পরিধায়, শেষাণি তথা গোপেভ্যঃ আদত্ত দত্তবান্; তথা কানিচিৎ তত্র ভুবি বিসৃজ্য অগাৎ॥ ৩২॥

ততস্তু বায়কঃ তন্তুবায়কঃ, প্রীতিযুক্তঃ সন্ বিচিত্রবর্ণৈঃ চৈলেয়ৈঃ বস্ত্রময়ৈঃ, আকল্পৈঃ ভূষণৈঃ, যথা অনুরূপং, তয়োঃ রামকৃষ্ণয়োঃ, বেশং অকল্পয়ৎ (অলঙ্কারং বিদধে)॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

বাসঃ কোষান্ বস্ত্রপেটকান্॥ ৩২॥

বায়কস্তন্তুবায়বিশেষঃ। বেশমলঙ্কারং চৈলেয়ৈর্বস্ত্রময়ৈঃ আকল্পৈর্ভূষণৈঃ॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাসঃ কোষান্ বস্ত্রসম্পুটান্॥ ৩২॥

বায়কঃ বৈষ্ণবসৌচিকঃ। আকল্পৈঃ কটককুণ্ডলকেয়ূরাদিভিশ্চৈলেয়ৈঃ কোমলচেলখণ্ড-নির্ম্মিতৈঃ। বিচিত্রবর্ণৈ র্মণিজটিতস্বর্ণতুল্যবর্ণৈঃ। অনুরূপতঃ মল্ললীলায়াং গাত্রতোদকত্বেন

রাজপুরুষগণ এখানে উপস্থিত আছেন; তোমাদের ন্যায় দর্পিত ব্যক্তিকে পাইলে তাঁহারা তাহার সর্ব্বস্ব হরণে বন্ধন পূর্ব্বক এখনি যমালয়ে প্রেরণ করিবেন॥

এতচ্ছ্রবণে শ্রীকৃষ্ণ ক্রুদ্ধ হইলেন এবং এই কথা বলিতে না বলিতে, তিনি নখের অগ্রভাগ দ্বারা সেই রজকের মস্তক চ্ছেদন করিয়া ফেলিলেন॥ ৩১॥

এতদ্দর্শনে রজকের ভৃত্যবর্গ বস্ত্রপুটক তথায় ফেলিয়া, পথে ইতস্ততঃ দৌড়িয়া পলায়ন করিল। ভগবান্ শ্রীকৃষ্ণ সেই বস্ত্রপুটক স্বয়ং সংগ্রহ করিলেন॥

এবং উভয় ভ্রাতা তাহা হইতে আপনাদের মনোমত বসন পরিধানপূর্ব্বক, কতকগুলি বস্ত্র অন্যান্য গোপগণকে প্রদান করিলেন; অবশিষ্ট বসন তথায় ভূমিতে ফেলিয়াই তাঁহারা চলিয়া গেলেন॥ ৩২॥

অনন্তর এক জন তন্তুবায় আসিয়া তাঁহাদিগের নিকটে উপস্থিত হইল;

নানালক্ষণবেশাভ্যাং কৃষ্ণরামৌ বিরেজতুঃ।
স্বলঙ্কৃতৌ বালগজৌ পর্ব্বণীব সিতেতরৌ ॥ ৩৪ ॥
তস্য প্রসন্নো ভগবান্ প্রাদাৎ সারূপ্যমাত্মনঃ।
শ্রিয়ঞ্চ পরমাং লোকে বলৈশ্বর্য্যস্মৃতীন্দ্রিয়ং ॥
তত সুদাম্নো ভবনং মালাকারস্য জগ্মতুঃ।
তৌ দৃষ্ট্বা স সমুত্থায় ননাম শিরষা ভুবি ॥

অন্বয়ঃ।

তদা যথা পর্ব্বণি উৎসবে, স্বলঙ্কৃতৌ সিতেতরৌ গৌরশ্যামৌ বালগজৌ রাজেতে তথা নানালক্ষণবেশাভ্যাং স্বলঙ্কৃতৌ রামকৃষ্ণৌ বিরেজতুঃ শুশুভাতে ॥ ৩৪ ॥

ততঃ প্রসন্নঃ ভগবান্ তস্য বায়কস্য দেহাবসানে আত্মনঃ স্বস্য, সারূপ্যং সমানরূপতাং, প্রাদাৎ সংকল্পিতবান্, তথা তস্মিন্ লোকে জীবদ্দশায়াং, পরমাং উৎকৃষ্টাং, শ্রিয়ং বলৈশ্বর্য্য-স্মৃতীন্দ্রিয়ং (বলং শারীরং) অদাৎ ॥

ততশ্চ সুদাম্নঃ মালাকারস্য ভবনং তৌ জগ্মতুঃ সঃ মালাকারঃ, তৌ রামকৃষ্ণৌ, দৃষ্ট্বা (আসনাৎ) সমুত্থায় ভুবি শিরসা ননাম ॥

শ্রীধরস্বামী।

পর্ব্বণি উৎসবে। শুক্লকৃষ্ণৌ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চৈলেয়ালঙ্কারাণামিবৌচিত্যেনানুরূপ্যাৎ। তয়ো র্ব্বর্ণানুরূপাচ্চ ॥ ৩৩ ॥

নানাবিধং লক্ষণং যয়োস্তাভ্যাং বেশাভ্যাং দ্বিত্বং তত্তদনুরূপত্বেন দ্বিধা ভেদাৎ। পর্ব্বণি উৎসবে। সিতেতরৌ সিতশ্যামৌ ॥ ৩৪ ॥

ইন্দ্রিয়মিন্দ্রিয়পাটবং ॥

এবং আনন্দসহকারে বিবিধ বর্ণবিশিষ্ট বস্ত্রখণ্ডের দ্বারা আভরণ প্রস্তুত করত রামকৃষ্ণকে উত্তমরূপে সজ্জিত করিল ॥ ৩৩ ॥

অহো! যেমন কোন উৎসবকালে উত্তমরূপে অলঙ্কৃত একটী শ্বেতকায় ও অপরটী শ্যামকলেবর এইরূপ দুইটী বালগজ যেমন শোভা ধারণ করে, অদ্য বিচিত্র সাজে সজ্জিত রামকৃষ্ণ ভ্রাতৃদ্বয়ও সেইরূপ শোভা ধারণ করিয়াছিলেন ॥ ৩৪ ॥

ভগবান্ গোবিন্দ প্রসন্ন হইয়া উক্ত তন্তুবায়কে ঐহিকে অতুল ঐশ্বর্য্য শ্রীঃ বল ও ইন্দ্রিয়সামর্থ্য এবং অন্তে সারূপ্যপদবী প্রদান করিলেন ॥

অনন্তর তাঁহারা তথা হইতে সুদাম-নামক একজন মালাকারের গৃহে উপনীত হইলেন। সুদাম রামকৃষ্ণকে অবলোকন করিবা মাত্র, সসম্ভ্রমে

তয়োরাসনমানীয় পাদ্যঞ্চার্ঘ্যাহ ণাদিভিঃ।
পূজাং সানুগয়োশ্চক্রে স্রক্তাম্বূলানুলেপনৈঃ ॥
প্রাহ নঃ সার্থকং জন্ম পাবিতঞ্চ কুলং প্রভো।
পিতৃদেবর্ষয়ো মহ্যং তুষ্টা হ্যাগমনেন বাং ॥ ৩৫ ॥
ভবন্তৌ কিল বিশ্বস্য জগতঃ কারণং পরং।
অবতীর্ণাবিহাংশেন ক্ষেমায় চ ভবায় চ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

ততশ্চ সঃ আসনং পাদ্যং চ আনীয় অর্ঘ্যার্হণাদিভিঃ স্রক্তাম্বূলানুলেপনৈঃ সানুগয়োঃ তয়োঃ রামকেশবয়োঃ, পূজাং চক্রে ॥

প্রাহ চ হে প্রভো! বাং যুবয়োঃ, আগমনেন নঃ অস্মাকং, জন্ম সার্থকং সফলং, মহ্যং মদর্থং, পিতৃদেবর্ষয়ঃ তুষ্টাঃ (তেষাং ঋণাৎ বয়ং বিমুক্তাঃ) কুলং চ পাবিতং উদ্ধৃতং জাতং ॥ ৩৫ ॥

বিশ্বস্য কৃৎস্নস্য জগতঃ পরং কারণং কিল ভবন্তৌ ক্ষেমায় (সাধূনাং মঙ্গলায়, ভবায় উদ্ভবায় চ অংশেন মূর্ত্তিভেদেন ইহ ভূলোকে অবতীর্ণৌ এব ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

ইহ লোকে পরমাং শ্রিয়ঞ্চ বলঞ্চ ঐশ্বর্য্যঞ্চ স্মৃতিঞ্চ ইন্দ্রিয়ঞ্চ তৎপাটবং ॥ ৩৫ ॥

ক্ষেমায় মঙ্গলায়। ভবায় উদ্ভবায় ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বস্ত্রালঙ্কারপরিধানানন্তরং মালা অপেক্ষ্যন্ত ইত্যত আহ তত ইতি ॥

মহ্যং মাং প্রতি ॥ ৩৫ ॥ ৩৬ ॥

আসন হইতে গাত্রোত্থান করিলেন এবং ভূমিতে মস্তক নামাইয়া ভ্রাতৃদ্বয়কে প্রণাম করিলেন ॥

পরে বারি আনয়ন পূর্ব্বক তাঁহাদের চরণ ধুয়াইয়া দিয়া উপবেশনার্থ আসন প্রদান করিলেন; এবং স্রক্, তাম্বূল, অনুলেপনার্থ চন্দনাদি এবং অর্ঘ্য ও ফলাদি আনয়ন পূর্ব্বক সহানুচর রামকৃষ্ণের বিশেষ সম্বর্দ্ধনা করিলেন ॥

সুদাম বলিল, হে প্রভো! আপনারা যখন এই দীনজনের গৃহে পদার্পণ করিয়াছেন, তখন আমি যে অদ্য দেবলোক, পিতৃলোক এবং ঋষিলোকের ঋণ হইতে মুক্ত হইলাম, সে বিষয়ে আর সন্দেহ নাই। আমার কুল অদ্য পবিত্র হইল; অদ্যই আমার জন্ম প্রকৃত প্রস্তাবে সফল হইল ॥ ৩৫ ॥

এই বিশ্ব সংসারের পরম কারণ হইয়াও আপনারা কেবল সাধু ভক্তগণের উদ্ধার ও মঙ্গলবাসনায় মাত্র এই বিভিন্ন মূর্ত্তি ধারণে এই মর্ত্ত্যলোকে অবতীর্ণ হইয়াছেন ॥ ৩৬ ॥

ন হি বাং বিষমা দৃষ্টিঃ সুহৃদোর্জগদাত্মনোঃ।
সময়োঃ সর্ব্বভূতেষু ভজন্তং ভজতোরপি॥
তাবাজ্ঞাপয়তং ভৃত্যং কিমহং করবাণি বাং।
পুংসস্তনুগ্রহো হ্যেষ ভবদ্ভির্যন্নিযুজ্যতে॥ ৩৭॥
ইত্যভিপ্রেত্য রাজেন্দ্র সুদামা প্রীতমানসঃ।
শস্তৈঃ সুগন্ধিকুসুমৈর্মালাং বিরচিতাং দদৌ॥

অন্বয়ঃ।

জগদাত্মনোঃ (জগতঃ আত্মনোঃ উপাদানভূতয়োঃ) ভজন্তং ভজতোঃ (সুরতরুবদ্ সর্ব্বভূতেষু সময়োঃ, সুহৃদোঃ বাং যুবয়োঃ, বিষমা দৃষ্টিঃ ন হি অস্তি॥

তৌ জগদীশ্বরৌ ভবন্তৌ ভৃত্যং মাং আজ্ঞাপয়তং বাং যুবয়োঃ, কিং দাস্যং অহং করবাণি? যৎ ভবদ্ভিঃ নিযুজ্যতে তৎ এষঃ এব পুংসঃ অত্যনুগ্রহঃ এব॥ ৩৭॥

হে রাজেন্দ্র! ইতি এবং বিজ্ঞাপয়ন্ অভিপ্রেত্য ভগবদাজ্ঞাং জ্ঞাত্বা, প্রীতমানসঃ সুদামা শস্তৈঃ প্রশস্তৈঃ, সুগন্ধিকুসুমৈঃ বিরচিতাং মালাং তাভ্যাং দদৌ॥

শ্রীধরস্বামী।

রজকবধেন বায়কানুগ্রহেণ চ যুবয়োর্বিষমদৃষ্টিত্বয়ানীশ্বরতা নাশঙ্কনীয়া ইত্যাহ নহি বামিতি। অত্র হেতুঃ সময়োরিতি। অত্রাপি হেতুদ্বয়ং সুহৃদোরিতি জগদাত্মনোরিতি॥ ৩৭

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুহৃদোর্জগদাত্মনোশ্চ তাবন্ন বিষমা দৃষ্টিঃ। তথা ভজন্তং ভজতো কৃপয়তোরপি ন সা। যতঃ সময়োঃ প্রাকৃতে দুঃখে সুখে চ বায়কং মালাকারঞ্চ মাং কৃতার্থয়সীতি ভাবঃ॥ ৩৭॥

ভো সুদামন্ যস্তবাভিপ্রায়স্তমেব কুর্ব্বিত্যেষৈবাবয়োরাজ্ঞেতি চেৎ ভদ্রং ভদ্রমিত্যাহ

ভবদীয় শক্তির প্রকটনেই এই বিশ্ব সংসার রচিত হইয়াছে; কল্পবৃক্ষ যেমন প্রার্থনাকারীর সাধ পূরণ করেন, আপনারাও সেইরূপ জীবমাত্রেরই সুহৃদ্ ও সমদর্শী হইয়াও ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ করিয়া থাকেন; আপনাদের অন্তরে কখন বিষমা দৃষ্টির সম্ভাবনা নাই॥

হে জগদীশ্বর! এই ভৃত্য নিকটে উপস্থিত রহিয়াছে; আজ্ঞা করুন্ আমাকে কি কর্ম্ম করিতে হইবে! অবশ্য আপনারা পূর্ণকাম; অন্যের নিকট কিছুরই প্রত্যাশা বা অপেক্ষা করেন না বটে, কিন্তু আপনার বলিয়া আমাকে যদি কোন আদেশ করেন, এই আমার প্রতি যথেষ্ট অনুগ্রহ প্রদর্শন করা হয়॥ ৩৭॥

হে রাজেন্দ্র! এই প্রকারে অভিবাদন পূর্ব্বক সুদাম শ্রীকৃষ্ণের অভিপ্রায়

তাভিঃ স্বলঙ্কৃতৌ প্রীতৌ কৃষ্ণরামৌ সহানুগৌ।
প্রণতায় প্রপন্নায় দদতুর্বরদৌ বরান্॥
সোঽভিবব্রেঽচলাং ভক্তিং তস্মিন্নেবাখিলাত্মনি।
তদ্ভক্তেষু চ সৌহার্দ্দং ভূতেষু চ দয়াং পরাং॥ ৩৮॥
ইতি তস্মৈ বরান্ দত্ত্বা শ্রিয়ঞ্চান্বয়বর্দ্ধিনীং।

অন্বয়ঃ।

তাভিঃ মালাভিঃ, স্বলঙ্কৃতৌ প্রীতৌ সহানুগৌ বরদৌ কৃষ্ণরামৌ, প্রণতায় প্রপন্নায় শরণাগতায়, তস্মৈ বরান্ দদতুঃ॥

সঃ সুদামা, অপি তস্মিন্ অখিলাত্মনি শ্রীকৃষ্ণে, এব অচলাং ভক্তিং তদ্ভক্তেষু সৌহার্দ্দং মিত্রতাং, অন্যেষু ভূতেষু চ পরাং দয়াং পরদুঃখপ্রহানেচ্ছারূপাং, বব্রে॥ ৩৮॥

ইতি এবং তদ্যাচিতান্ বরান্ দত্ত্বা তথা চ অন্বয়বর্দ্ধিনীং বংশবৃদ্ধিমতীং শ্রিয়ং বলং আয়ুঃ

শ্রীধরস্বামী।

ইত্যেবং তাবৎ বিজ্ঞাপয়ন্। অভিপ্রেত্য তন্মতং জ্ঞাত্বা॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যভিপ্রেত্য এবং স্বাভিপ্রেতং কৃত্যং প্রাপ্যেত্যর্থঃ। শস্তৈঃ সৌরভ্যসৌরূপ্যসৌকুমার্য্যশৈত্যাতিশয়বদ্ভিঃ। মালামিত্যেকবচনেন ভ্রাতৃভ্যাং তুল্যতয়ৈব দীয়মানাস্বপি মালাসু মধ্য এবালক্ষিতং কৃষ্ণায় সর্ব্বশ্রেষ্ঠামেকাং মালাং দদাবিত্যর্থঃ॥ ৩৮॥

শ্রিয়ঞ্চেতি শ্রীবলদেবাদীনাং তস্য গ্রহীতুমনপেক্ষ্যত্বেঽপি স্বস্য দাতুমপেক্ষ্যত্বাদ্দদাবিতি

অবগত হইলেন এবং সুপ্রশস্ত সুগন্ধ পুষ্প সংগ্রহে মালা প্রস্তুত করত রামকৃষ্ণের গলদেশে প্রদান করিলেন॥

বয়স্যগণে পরিবেষ্টিত রামকৃষ্ণ মালাধারণে বিশেষ সন্তুষ্ট হইলেন এবং শরণাগত সুদামকে বর গ্রহণার্থ উপদেশ করিলেন॥

সুদাম কিন্তু অন্য ফলের কামনা না করিয়া, সেই অখিলাত্মা শ্রীহরির চরণকমলে অচলা ভক্তি, তদীয় ভক্তগণে সৌহার্দ্দ এবং ভূতগণের প্রতি দয়া এই মাত্র বর প্রার্থনা করিলেন॥ ৩৮॥

ভগবান্ গোবিন্দ সুদামকে তাঁহার অভিলষিত বর প্রদান করিয়াই ক্ষান্ত হন নাই; তিনি ভক্তবাৎসল্য বশত সুদামকে তাঁহার প্রার্থনানুরূপ বর ব্যতীত বংশবৃদ্ধিকরী শ্রীঃ, বল, আয়ুঃ, যশঃ ও কীর্ত্তি প্রদান পূর্ব্বক, অগ্রজ সহ তথা হইতে প্রস্থান করিলেন॥ ৩৯॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের একচত্বারিংশ অধ্যায় সমাপ্ত॥

বলমায়ুর্যশঃ কান্তিং নিজগাম সহাগ্রজঃ ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে পূর্ব্বপ্রবেশো নামৈকচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪১ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

অথ ব্রজন্ রাজপথেন মাধবঃ স্ত্রিয়ং গৃহীতাঙ্গবিলেপভাজনাং।

অন্বয়ঃ।

যশঃ কান্তিং চ তস্মৈ সুদায়ে দত্ত্বা সহাগ্রজঃ নির্জগাম ॥ ৩৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪১ ॥

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। অথ রাজপথেন ব্রজন্ গচ্ছন্, রসপ্রদঃ মাধবঃ গৃহীতাঙ্গ-বিলেপভাজনাং (গৃহীতানি অঙ্গবিলেপানাং চন্দনাদীনাং ভাজনানি পাত্রাণি যয়া তাং)

শ্রীধরস্বামী।

অন্বয়বর্দ্ধিনীং বংশে বৃদ্ধিমতীমিত্যর্থঃ। অপ্রার্থিতমপি শ্রীপ্রভৃতিকং দত্ত্বা ততো নির্জগামেতি ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি দশমে একচত্বারিংশঃ ॥ * ॥

দ্বিচত্বারিংশকে কুব্জোন্নমনং ধনুষো ভিদা।
বধস্তদ্রক্ষিণাং কংসারিষ্টং রঙ্গোৎসবাদি চ ॥
স্বৈরং চরন্ মধুপুরে রজকং নিকৃত্য কৃষ্ণঃ প্রদায় চ বরানথ বায়কায়।
মালাকৃতং সমনুকম্প্য চকার কুব্জামৃজ্বীং ধনুশ্চ নময়ন্ সহসা বভঞ্জ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য ভক্তবাৎসল্যমেবং সর্ব্বত্রৈব প্রায় ইতি জ্ঞেয়ং ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একচত্বারিংশকোঽয়ং দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥
দ্বিচত্বারিংশকে কুব্জাহাস্যোন্নমনচাপভিৎ।
কংসসেনাবধাবিষ্টে রঙ্গোৎসবাদ্যভূৎ ॥

অঙ্গবিলেপাশ্চন্দনাদয়ঃ। রসং কুব্জায়াং শৃঙ্গারং স্বসহচরেষু হাস্যং সর্ব্বত্র- তদ্ভূতং প্রদদাতীতি সঃ। ইয়ং স্বরূপভূতায়াঃ সাক্ষাদ্ভূশক্তেঃ সত্যভামায়া অংশভূতা অস্যা এব বিভূতিঃ পৃথিবী প্রসিদ্ধা। অতস্তয়া সহৈক্যেনেয়ং পরঃসহস্র-দুষ্টাসুর-ভার-ভুগ্নত্বং স্বকুব্জেন দর্শয়ন্তী

ব্যাসনন্দন শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! সুদামভবন হইতে নির্গত হইয়া রামকৃষ্ণ রাজপথ অবলম্বনে যখন

আভাস।

দ্বাচত্বারিংশ অধ্যায়ে কুব্জাকে ঋজু অর্থাৎ বক্রাঙ্গ নষ্ট করিয়া সরলাঙ্গকরণ, ধনুর্ভঙ্গ, রক্ষকদিগের বধ তথা কংসের অরিষ্ট (মৃত্যুচিহ্ন) দর্শন ও রঙ্গোৎসবাদি বর্ণিত হইয়াছে ॥

বিলোক্য কুব্জাং যুবতীং বরাননাং প্রপচ্ছ যান্তীং প্রহসন্ রসপ্রদঃ ॥ ১ ॥
কা ত্বং বরোর্ব্বেতদুহানুলেপনং কস্যাঙ্গনে বা কথয়স্ব সাধু নঃ।
দেহ্যাবয়োরঙ্গবিলেপমুত্তমং শ্রেয়স্ততস্তে ন চিরাদ্ভবিষ্যতি ॥ ২ ॥

অন্বয়ঃ।

বরাননাং (বরং সুন্দরং আননং মুখং যস্যাঃ তাং) কুব্জাং যুবতীং স্ত্রিয়ং, যান্তীং গচ্ছন্তীং, বিলোক্য দৃষ্ট্বা, প্রহসন্ পপ্রচ্ছ ॥ ১ ॥

হে বরোরু অঙ্গনে! ত্বং কা! এতদনুলেপনং বা কস্য (কস্মৈ নয়সি) সাধু যথার্থং নঃ অস্মান্, প্রতি কথয়স্ব! উত্তমং ইদং অঙ্গবিলেপনং আবয়োঃ দেহি! তেন অনুলেপদানেন তে তব অচিরাদেব শ্রেয়ঃ মঙ্গলং, ভবিষ্যতি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

অঙ্গবিলেপাশ্চন্দনাদয়ঃ। গৃহীতানি অঙ্গবিলেপভাজনানি যয়া তাং রসপ্রদঃ সুখপ্রদঃ ॥ ১ ॥

হে অঙ্গনে বরোরু ইতি সোপহাসং স বাদ্য পৃচ্ছতি। ত্বং কা এতদনুলেপনং কস্য বা। উহ ইতি নিপাতৌ। ভ্রুক্ষেপযুক্তে বিতর্কে। অস্মৎসেবা সদ্যঃ ফলতীত্যাহ নচিরাদিতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বীয়ং গন্ধগুণং চন্দনাদিমিষেণোপহরন্তী পৃথিব্যেব পরমভক্ত্যা প্রীত্যা পথি সঙ্গতাভূৎ ভগবাংশ্চ সানন্দমেব গন্ধং গৃহীত্বা স্বীয়ং মাধুর্য্যমেব রসং দদানো ভো মদ্ভক্তে পৃথি সংপ্রত্যেব কংসাদিস্বভাবান্ ময়াপহৃতানেব বিদ্ধি তদধুনৈব ত্বং সুস্থা ভবেতি তামাশ্বাসয়ন্নানন্দমগ্নাং ঋজ্বীং চক্রে ইত্যেবৈতৎ প্রকরণতত্ত্বমিতি কেচিদাহুঃ ॥ ১ ॥

হে অঙ্গনে হে বরোর্ব্বিতি সোপহাসং সান্তঃস্পৃহঞ্চ সম্বোধ্য পৃচ্ছতি ত্বং কস্য বা এতদনুলেপনং ॥ ২ ॥

অগ্রসর হইতেছিলেন, তখন অঙ্গবিলেপনার্থ চন্দনপূর্ণ পাত্র হস্তে লইয়া একটী বরবর্ণিনী যুবতী কুব্জা নারীকে পথে আগমন করিতে দেখিতে পাইলেন; তাঁহাকে অবলোকন করিয়া, মায়াপতি শ্রীকৃষ্ণ সহাস্যবদনে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ১ ॥

হে বরোরু কামিনী! তুমি কে? এবং এই অনুলেপন দ্রব্য কাহার জন্যই বা লইয়া যাইতেছ! তাহা যথার্থ বল! এই অনুলেপন দ্রব্য অতি উত্তম বলিয়া আমার অনুমান হইতেছে! অতএব আমাদের অঙ্গে ইহা তুমি প্রদান কর! তাহাতে তোমার সত্বরই বিশেষ শ্রেয়োলাভ হইবে, সন্দেহ নাই ॥ ২ ॥

দাসী কহিল, হে পরমসুন্দর! আমি ত্রিবক্রানাম্নী কংসরাজের দাসী; তাঁহার অনুলেপন কর্ম্মে আমি নিযুক্ত আছি। আমার প্রস্তুত এই অনুলেপন দ্রব্যে মহারাজ কংস অতীব সন্তোষ লাভ করেন। কিন্তু আপনাদের

সৈরিন্ধ্র্যুবাচ ॥

দাস্যস্ম্যহং সুন্দর কংসসম্মতা ত্রিবক্রনামা হ্যনুলেপকর্ম্মণি।
মদ্ভাবিতং ভোজপতেরতিপ্রিয়ং বিনা যুবাং কোঽন্যতমস্তদর্হতি ॥৩॥

রূপ-পেশল-মাধুর্য্য-হসিতালাপ-বীক্ষিতৈঃ।
ধর্ষিতাত্মা দদৌ সান্দ্রমুভয়োরনুলেপনং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

সৈরিন্ধ্রী উবাচ। হে সুন্দর! অহং ত্রিবক্রনামা (তিস্রঃ গ্রীবোরুকটয়ঃ বক্রাঃ যস্যাঃ সা) অনুলেপনকর্ম্মণি অনুলেপসাধনক্রিয়ায়াং, কংসসম্মতা (কংসস্য সম্মতা বহুমতা) দাসী অস্মি। মদ্ভাবিতং (ময়া সাধিতং অনুলেপনং) ভোজপতেঃ অতিপ্রিয়ং ভবতি। যুবাং বিনা অন্যতমঃ কঃ তৎ অনুলেপনং (স্বীকর্ত্তুং) অর্হতি ॥ ৩ ॥

রূপ-পেশল-মাধুর্য্য-হসিতালাপবীক্ষিতৈঃ (রূপং চাঙ্গসৌষ্ঠবং, পেশলং সৌকুমার্য্যং, মাধুর্য্যং রসিকতা, হসিতং, আলাপঃ ভাষণং, বীক্ষিতং চ তৈঃ) ধর্ষিতাত্মা (ধর্ষিতঃ মোহিতঃ আত্মা চিত্তং যস্যাঃ সা কুব্জা) সান্দ্রং ঘনং, তৎ অনুলেপনং উভয়োঃ রামকৃষ্ণয়োঃ, দদৌ ॥৪॥

শ্রীধরস্বামী।

তিস্রো গ্রীবোরুকটয়ো বক্রা ইতি বিত্রক্রেতি নাম যস্যাঃ সা। অনুলেপসাধনক্রিয়ায়াং কংসস্য বহুমতা দাস্যস্মি ॥ ৩ ॥

রূপঞ্চাঙ্গসৌষ্ঠবং পেশলঞ্চ সৌকুমার্য্যং। মাধুর্য্যঞ্চ রসিকতা। হসিতঞ্চ আলাপশ্চ বীক্ষিতঞ্চ তৈর্ধর্ষিতাত্মা বিমোহিতচিত্তা। সান্দ্রং ঘনং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিন্তু ক্রুদ্ধ শ্যেনপক্ষী যেমন বেগে তাহার লক্ষ্যের প্রতি ধাবিত হয়, তদ্রূপ চানূর কোপে প্রজ্বলিত হইয়া, উভয় করে মুষ্টিবন্ধন করত উল্লম্ফন-পূর্ব্বক বেগে বাসুদেবের বক্ষোপরি আঘাত করিল। কিন্তু পুষ্পমালার আঘাতে সম্পূর্ণ অক্ষুণ্ণদেহ গজেন্দ্রের ন্যায়, তাদৃশ আঘাতে কিছুমাত্র ব্যথিত না হইয়া, ভগবান্ অচ্যুত অচলভাবেই প্রতিষ্ঠিত রহিলেন ॥ ১৯ ॥

আভাস।

পরিতাপের পরিসীমা ছিল না। তাঁহারা খেদ করত মনে মনে অক্রূরের উপরও দোষারোপ করিয়া বলিলেন যে, তিনি কেন ব্রজে গিয়া এই সকল ব্যাপারের সংবাদ-দানে পূর্ব্বেই তাঁহাদিগকে সাবধান করেন নাই? তাহা হইলে, তাঁহারা কখন কৃষ্ণবলরামকে মথুরায় আসিতে দিতেন না; এবং এরূপ বিপদগ্রস্তও হইতেন না। এই সকল চিন্তাই তাঁহাদের

বাহ্বো নিগৃহ্য চানূরং বহুশো ভ্রাময়ন্ হরিঃ।
ভূপৃষ্ঠে পোথয়ামাস তরসা ক্ষীণজীবিতং ॥ ২০ ॥
বিস্রস্তাকল্পকেশস্রগিন্দ্রধ্বজ ইবাপতৎ।
তথৈব মুষ্টিকঃ পূর্ব্বং স্বমুষ্ট্যাভিহতেন বৈ।
বলভদ্রেণ বলিনা তলেনাভিহতোভৃশং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

অপিতু তরসা চানূরং বাহ্বোঃ নিগৃহ্য, গৃহীত্বা বহুশঃ ভ্রাময়ন্ হরিঃ শ্রীকৃষ্ণঃ ক্ষীণজীবিতং (ক্ষীণং জীবিতং যস্য তৎ) দুর্ব্বলং চানূরং ভূপৃষ্ঠে প্রোথয়ামাস বেগেন পাতয়ামাস ॥ ২০ ॥

তেন পাতনেন, বিস্রস্তাকল্পকেশস্রক্ (বিস্রস্তাঃ বিক্ষিপ্তাঃ আকল্পানি আভরণানি কেশাঃ স্রজশ্চ যস্য সঃ) চানূরঃ ইন্দ্রধ্বজঃ বজ্রং ইব অপতৎ। মুষ্টিকঃ বৈ তথৈব পূর্ব্বং স্বমুষ্ট্যাভিহতেন স্বমুষ্টিনা অভিহতেন তাড়িতেন) বলিনা বলভদ্রেণ (কর্ত্রা) তলেন (সাধনেন) অভিহতঃ তাড়িতঃ অতঃ ভৃশং অত্যন্তং ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

ভূপৃষ্ঠে ভুব উপরি পোথয়ামাস আস্ফালয়ামাস ॥ ২০ ॥

ইন্দ্রধ্বজো বজ্রং যদ্বা। ইন্দ্রধ্বজো নাম গৌড়ে প্রসিদ্ধঃ কস্মিংশ্চিদুৎসবে মহান্ স্তম্ভো ধ্বজপতাকাদ্যলঙ্কৃতঃ পুরুষাকৃতিরুচ্ছ্রীয়তে স যথা পততীতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবাধত অতাড়য়ৎ ॥ ১৯ ॥ ২০ ॥

ইন্দ্রধ্বজঃ প্রাচ্যেষু প্রসিদ্ধঃ ॥ তলেন পাণিতলেন ॥ ২১ ॥

বরং বেগে চানূরের বাহুদ্বয় ধরিয়া তৎক্ষণাৎ এত দ্রুতভাবে তাহাকে পরিভ্রামণ করাইলেন যে, সেই বেগেই চানূরের প্রাণবায়ু দুর্ব্বল হইয়া আসিল; তখন শ্রীকৃষ্ণ অতি কঠোরবেগে চানূরকে ধরণীপৃষ্ঠে বলপূর্ব্বক নিক্ষেপ করিলেন ॥ ২০ ॥

চানূরের অঙ্গাভরণ ও গলদেশের মালা চতুর্দ্দিকে বিকীর্ণ হইয়া পড়িল; মস্তকের কেশজাল বন্ধনচ্যুত হইয়া ইতস্তত বিক্ষিপ্ত হইয়া গেল; সে ইন্দ্রধ্বজ বজ্রের ন্যায় ভূপতিত হইয়া, পঞ্চত্বলাভ করিল। মুষ্টিকও ঐপ্রকারে প্রথমত বলভদ্রকে মুষ্টাঘাত করিয়া, পরে বলভদ্রের করতাড়নে নিতান্ত ব্যথিত হইল ॥ ২১ ॥

আভাস।

অনভিজ্ঞতার পরিচয় মাত্র। তাঁহারা পরম পুরুষ শ্রীকৃষ্ণে পুত্রচিন্তা করিয়াই এইরূপ দুঃখ-ভোগ করিয়াছিলেন মাত্র ॥ ১৭ ॥

প্রবেপিতঃ স রুধিরমুদ্বমন্মুখতোঽর্দ্দিতঃ।
ব্যসুঃ পপাতোর্ব্যুপস্থে বাতাহত ইবাঙ্ঘ্রিপঃ॥
ততঃ কূটমনুপ্রাপ্তং রামঃ প্রহরতাং বরঃ।
অবধীল্লীলয়া রাজন্ সাবজ্ঞং বামমুষ্টিনা॥
তর্হ্যেবহি শলঃ কৃষ্ণপ্রপদাহতশীর্ষকঃ।
দ্বিধা বিদীর্ণস্তোশলক উভাবপি নিপেততুঃ॥
চানূরে মুষ্টিকে কূটে শলে তোশলকে হতে।
শেষাঃ প্রদুদ্রুবু র্মল্লাঃ সর্ব্বে প্রাণপরীপ্সবঃ॥ ২২॥

অন্বয়ঃ।

অর্দ্দিতঃ পীড়িতঃ, প্রবেপিতঃ কম্পিতঃ, মুখতঃ রুধিরং উদ্বমন্ উদ্গিরন্, বাতাহতঃ (বাতেন মারুতেন আহতঃ উন্মূলিতঃ) অঙ্ঘ্রিপঃ বৃক্ষঃ, ইব ব্যসুঃ বিগতপ্রাণঃ, উর্ব্যুপস্থে ধরণীপৃষ্ঠে, পপাত॥

হে রাজন্! ততঃ অনু অনন্তরং, প্রহরতাং যোদ্ধৃণাং বরঃ শ্রেষ্ঠঃ, রামঃ বলরামঃ, প্রাপ্তং আগতং, কূটং তদাখ্যং মল্লং, সাবজ্ঞং লীলায়া অনয়াসেন, বামমুষ্টিনা অবধীৎ॥

তর্হি এবহি শলঃ কৃষ্ণস্য প্রপদা পাদাগ্রেণ হতশীর্ষকঃ তথা তোশলকঃ দ্বিধা বিদীর্ণঃ সন্ উভৌ নিপেপতুঃ॥

এবং চানূরপ্রভৃতৌ হতে সতি শেষাঃ সর্ব্বে মল্লাঃ, প্রাণপরীপ্সবঃ এব প্রদুদ্রুবুঃ॥ ২২॥

শ্রীধরস্বামী।

অর্দ্দিতঃ পীড়িতঃ। উর্ব্যুপস্থে ভূতলে॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উর্ব্যুপস্থে ভূতলে। শ্লেষদ্যোতিতং গালিপ্রদানঞ্চ॥ ২২॥

পরে বিষম আঘাতের যাতনায় কাতর ও কম্পিত হইয়া, রুধির বমন করত বাতাহত বৃক্ষের ন্যায়, ধরণীপৃষ্ঠে নিপতিত হইয়া প্রাণত্যাগ করিল॥

পরে কূটনামক একজন মল্ল যুদ্ধার্থী হইয়া তাঁহাদের সম্মুখে উপস্থিত হইবা মাত্র, বীরাগ্রগণ্য বলরাম বামমুষ্টির প্রহারেই তাহাকে অবলীলাক্রমে যমসদনে প্রেরণ করিলেন॥

শ্রীকৃষ্ণের পদাঘাতে শলের মস্তক চূর্ণ হইয়া গেল এবং তোশলকের দেহও দুই ভাগে বিভক্ত হইয়া পড়িল॥

এই প্রকারে চানূর প্রভৃতি যাবতীয় প্রধান মল্লগণ রামকৃষ্ণের করে জীবন হারাইলে, অবশিষ্ট মল্লগণ প্রাণভয়ে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল॥ ২২॥

এদিকে রত্নন্পুরধারী রামকৃষ্ণ বয়স্য গোপবালকগণকে প্রেমে আকর্ষণ

গোপান্ বয়স্যানাকৃষ্য তৈঃ সংসজ্য বিজহ্রতুঃ।
বাদ্যমানেষু তূর্য্যেষু বল্গন্তৌ রত্নপুরৌ॥ ২৩॥
জনাঃ প্রজহ্রুঃ সর্ব্বে কর্ম্মণা রামকৃষ্ণয়োঃ।
ঋতে কংসং বিপ্রমুখ্যাঃ সাধবঃ সাধু সাধ্বিতি॥
হতেষু মল্লবর্য্যেষু বিদ্রুতেষু চ ভোজরাট্।
ন্যবারয়ৎ স্বতূর্য্যাণি বাক্যঞ্চেদমুবাচ হ॥

অন্বয়ঃ।

ততঃ রত্নপুরৌ রামকৃষ্ণৌ বয়স্যান্ গোপান্, আকৃষ্য তৈঃ সংসজ্য সংগম্য, তূর্য্যেষু বাদ্যমানেষু সৎসু বল্গন্তৌ আলিঙ্গনাদিকুর্ব্বন্তৌ বিজহ্রতুঃ॥ ২৩॥

রামকৃষ্ণয়োঃ কর্ম্মণা কংসং ঋতে বিনা সর্ব্বে বিপ্রমুখ্যাঃ সাধবঃ জনাঃ সাধু সাধু ইতি বদন্তঃ প্রজহ্রুঃ॥

মল্লবর্য্যেষু চানূরাদিষু হতেষু (অবশিষ্টেষু) বিদ্রুতেষু পলায়মানেষু সৎসু ভোজরাট্ কংসঃ স্বতূর্য্যাণি বাদ্যানি ন্যবারয়ৎ ইদং বাক্যং চ ভৃত্যান্ প্রতি উবাচ হ॥

শ্রীধরস্বামী।

বল্গন্তৌ নৃত্যাদিকুর্ব্বন্তৌ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বল্গন্তৌ নৃত্যাদিকুর্ব্বন্তৌ॥ ২৩॥

বিপ্রেষু যে মুখ্যাঃ সাধবো যে তে সাধু সাধ্বিত্যূচুঃ। বিপ্রাধমা কংসপুরোহিতাস্তু হা হেত্যুচুরিতি ভাবঃ॥

করত পরস্পরকে আলিঙ্গন পূর্ব্বক রণবাদ্যের সঙ্গে সঙ্গে নৃত্য করিতে লাগিলেন॥ ২৩॥

শ্রীকৃষ্ণ ও বলরামের তাদৃশ অলোকসামান্য কর্ম্ম অবলোকন করিয়া, কংস ব্যতীত উপস্থিত ব্রাহ্মণাদি যাবতীয় দর্শকবৃন্দই সাধুবাদের দ্বারা আনন্দ প্রকাশ করিয়াছিলেন॥

কিন্তু ভোজরাজ কংস তাহা সহ্য করিতে পারিলেন না; তিনি চানূরাদি শ্রেষ্ঠ মল্লগণের নিধন এবং অবশিষ্টগণের পলায়ন স্বয়ং প্রত্যক্ষ করিয়া, রণবাদ্য নিবারণ করত স্বকীয় ভৃত্যবর্গকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—॥

আভাস।

কসি শাতনার্থে, কংসশব্দের অর্থেই হিংসাবৃত্তির জাজ্বল্যমান স্বরূপ প্রকাশ করা হইয়াছে। অর্থাৎ পরপীড়ন বা হিংসানামে যে বৃত্তি সংসারদশায় জীবের হৃদয়ক্ষেত্রে প্রতীত হয়, তদপেক্ষা উন্নতিমার্গের অন্য প্রধান প্রতিবন্ধক যেমন নাই, সেইরূপ মথুরাধামে

নিঃসারয়ত দুর্বৃত্তৌ বসুদেবাত্মজৌ পুরাৎ।
ধনং হরত গোপানাং নন্দং বধ্নীত দুর্ম্মতিং॥
বসুদেবস্তু দুর্ম্মেধা হন্যতামাশ্বসত্তমঃ।
উগ্রসেনঃ পিতা চাপি সানুগঃ পরপক্ষগঃ॥ ২৪॥

অন্বয়ঃ।

দুর্বৃত্তৌ বসুদেবাত্মজৌ পুরাৎ নিঃসারয়ত; গোপানাং ধনং হরত; তথা দুর্ম্মতিং নন্দং বধ্নীত॥

অসত্তমঃ দুর্ম্মেধাঃ বসুদেবঃ তু ভবদ্ভিঃ আশু শীঘ্রং হন্যতাং; পরপক্ষগঃ (পরেষাং শত্রূণাং পক্ষং গচ্ছতীতি) সানুগঃ পিতা উগ্রসেনঃ চ হন্যতাং॥ ২৪॥

শ্রীধরস্বামী।

সাধু সাধ্বিতি বদন্তঃ॥ ২৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিঃসারয়তেত্যাদৌ সরস্বতীমতে তু। দুর্দুর্গমং বৃত্তং চরিত্রং যয়োস্তৌ। পুরাৎ পুরমধ্যাস্য নিঃশেষেণ সারং শ্রেষ্ঠং কুরুত। গোপানাং ধনং শ্রীকৃষ্ণং হরত অত্রৈব রক্ষত। নন্দং বধ্নীত প্রেমরসনয়েতি শেষঃ। তেন সহাতিপ্রীতিং কুরুতেত্যর্থঃ। দুর্গমা মতির্যস্য তং॥

দুর্গমবুদ্ধির্বসুদেবো হন্যতাং গম্যতাং সর্ব্বৈরাশ্রিয়তামিত্যর্থঃ। ন বিদ্যতে সত্তমো যস্মাৎ সঃ। পরস্য পরমেশ্বরস্য পক্ষং গচ্ছতীতি সঃ॥ ২৪॥

দেখ! বসুদেবের পুত্রদ্বয় নিতান্তই দুর্বৃত্ত; ইহাদিগকে সত্বর আমার মথুরাপুরী হইতে নিঃসারিত করিয়া দাও! গোপগণের সর্ব্বস্ব হরণ করিয়া লও! এবং দুর্ম্মতি নন্দকে বন্ধন করিয়া রাখ!

বসুদেব অতীব কুটীল ও প্রবঞ্চক; তাহাকে সত্বর বিনাশ কর! আমার পিতা উগ্রসেনও দেখিতেছি! শত্রুগণের পক্ষ অবলম্বন করিয়াছেন; অতএব তাঁহাকেও বিনাশ কর!॥ ২৪॥

আভাস।

কংসের ন্যায় কৃষ্ণদ্বেষী এবং শক্তির প্রতিবন্ধক আর কেহই নয়নগোচর হয় নাই। সুতরাং কংস ও তাহার অনুচরবর্গের নিধনই মথুরাভূমের দোষনিবৃত্তির প্রধান উপায়। কিন্তু কংস শ্রীকৃষ্ণকে নিহত করিবার জন্য, ধনুর্যজ্ঞচ্ছলে বিবিধ মারণোপায়ের আয়োজন করিয়াছিল; কিন্তু তাহার কোন আয়োজনই ফলপ্রদ হইল না। পরপীড়নের অভিমান যেমন হৃদয়মধ্যে পরস্বাপহরণ, দম্ভপ্রকাশন, পরাবমাননা, পরগ্লানি, অপ্রতীভকরণ ও ভর্ৎসনাদি বিবিধ বৃত্তি অবলম্বনে আপনার প্রতিষ্ঠার জন্য যত্ন করে, কংসও সেইরূপ চানূর, মুষ্টিক, শল ও তোশলাদি বিবিধ মল্লকে সংগ্রহ করিয়া, অপূর্ব্ব মথুরাভূমীকে বিকৃত করিয়া রাখিয়াছিল। কংস সাধুর নিগ্রহস্থল রঙ্গমঞ্চ সাজাইয়া প্রবৃত্তিপথাবলম্বী ভোগীর কামকলুষিত হৃদয়ক্ষেত্রের সাদৃশ্য প্রদর্শন

এবং বিকত্থমানে বৈ কংসে প্রকুপিতোঽব্যয়ঃ।
লঘিম্নোৎপত্য তরসা মঞ্চমুত্তুঙ্গমারুহৎ ॥
তমাবিশন্তমালোক্য মৃত্যুমাত্মন আসনাৎ।
মনস্বী সহসোত্থায় জগৃহে সোঽসিচর্ম্মণী ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

কংসে বৈ এবং বিকত্থমানে সতি, প্রকুপিতঃ অব্যয়ঃ অক্ষীণবলঃ, শ্রীকৃষ্ণঃ লঘিম্না সিদ্ধ্যা, উৎপত্য উল্লম্ফ্য, তরসা ঝটিতি, উত্তুঙ্গং উচ্চং (কংসস্য) মঞ্চং আরুহৎ ॥

আত্মনঃ মৃত্যুং যমস্বরূপং, তং শ্রীকৃষ্ণং আবিশন্তং আলোক্য সঃ মনস্বী ধীরঃ, কংসঃ সহসা তৎক্ষণমেব আসনাৎ উত্থায় অসিচর্ম্মণী জগৃহে ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

অব্যয়ঃ অশ্রমঃ। লঘিম্না লাঘবেন ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভক্তদ্রোহশ্রবণাৎ প্রকুপিতঃ প্রকৃষ্টকোপেনাপি জীবানামিব নাস্তি ব্যয়ো যস্য সঃ।

কংস এই প্রকার বলিতেছে, এমন সময়ে অক্ষুণ্ণবল শ্রীকৃষ্ণ ঈষৎ ক্রোধের প্রকাশে লঘুতা সহকারে উল্লম্ফন পূর্ব্বক কংসাসনের উচ্চ মঞ্চে তৎক্ষণাৎ আরোহণ করিলেন ॥

সাক্ষাৎ কৃতান্তের ন্যায় শ্রীকৃষ্ণকে সম্মুখে অবলোকন করিয়া, তাদৃশ দৃঢ়-প্রতিজ্ঞ কংসও আর স্থির থাকিতে পারিল না; সে তৎক্ষণাৎ আসন হইতে উত্থিত হইয়া শ্রীকৃষ্ণকে বিনাশ করিবার অভিপ্রায়ে অসি ও চর্ম্ম গ্রহণ করিল ॥ ২৫ ॥

আভাস।

করিয়াছিল। মন যেমন চিত্তের দ্বারদেশে দণ্ডায়মান থাকিয়া, অনবরত বিষয়ালোচনাতেই জীবকে প্রবর্ত্তিত করায়, কখন অন্তরের নিধিকে দর্শন করিবার অবসর দেয় না, কংসও সেইরূপ কুবলয়াপীড় নামক মত্ত মাতঙ্গকে রঙ্গমঞ্চের দ্বারদেশে রক্ষিত করিয়া, শ্রীকৃষ্ণের প্রবেশের প্রতিবন্ধক করিয়াছিল। কিন্তু কৃষ্ণ নন্দালয়ে যশোদার পালনে প্রাপ্তবয়স্ক হইয়াছেন; সুতরাং উৎসবপূর্ণ যশঃপ্রদ ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠানে যেমন আশ্রমধর্ম্মে তৎপর সাধুর হৃদয় আর মনের নিষেধ গ্রাহ্য করে না, সেইরূপ শ্রীকৃষ্ণ মনরূপ মত্ত মাতঙ্গ কুবলয়াপীড় হস্তীকে তাহার পুচ্ছ ধারণে পরিভ্রমণ করাইয়াই নিহত করিলেন। দেখাইলেন যে, মনের গতির অন্তরেও একটী রসাভাস আছে, যাহার অনুরোধে মন নিবৃত্তমার্গ পরিত্যাগে কেবল ভ্রমেই প্রবৃত্তিমার্গে ধাবিত হয়। শান্তির প্রার্থনাতেই মন ধাবিত হইতেছে; যদি সেই শান্তির স্বরূপ একবার অবলোকন করিতে পারে, তাহা হইলে আর সংকল্প ও বিকল্পনামক দন্তদ্বয়

তং খড়্গপাণিং বিচরন্তমাশু শ্যেনং যথা দক্ষিণসব্যমম্বরে।
সমগ্রহীদ্দুর্বিষহোগ্রতেজা যথোরগং তার্ক্ষ্যসুতঃ প্রসহ্য ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

দুর্বিসহোগ্রতেজা (দুর্বিসহং অবিসহ্যং উগ্রং তেজঃ যস্য সঃ ভগবান্) উরগং সর্পং, তার্ক্ষ্যসুতঃ গরুড়ঃ, যথা তথা, খড়্গপাণিং (খড়্গঃ পাণৌ যস্য তং) অম্বরে আকাশে, শ্যেনং যথা তথা দক্ষিণসব্যং আশু বিচরন্তং তং কংসং প্রসহ্য বলেন সমগ্রহীৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

দুর্বিষহং অবিষহ্যমুগ্রং তেজো যস্য সঃ শ্রীকৃষ্ণঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লঘিম্না সর্ব্বদৃষ্ট্যলক্ষিতমিতি ভাবঃ ॥ ২৫ ॥ ২৬ ॥

কিন্তু ভগবান্ শ্রীকৃষ্ণ অসহ্য বিক্রমের প্রকাশে, গরুড় যেমন সর্পকে গ্রহণ করে, সেইরূপ শ্যেনের ন্যায় একবার বামে ও একবার দক্ষিণভাগে দ্রুতবেগে বিচরণকারী খড়্গপাণি কংসকে দৃঢ়রূপে ধারণ করিলেন ॥ ২৬ ॥

আভাস।

উত্তোলন পূর্ব্বক বিষয়-বনকে বিদীর্ণ করিতে অগ্রসর হয় না। তাহার প্রবৃত্তিরূপ বিলীন হয়; তখন জ্ঞানরূপ মহামণির করে আপনার সংকল্প ও বিকল্পকে প্রদান পূর্ব্বক স্বয়ং অন্তর্হিত হয়। জীবও সংসার-মননে নিরস্ত হয়। ভগবান্ মননবৃত্তিরূপ প্রচণ্ড কুবলয়াপীড় হস্তীর প্রাণ বিনাশ করিয়া, তাহার দন্তদ্বয় উৎপাটন করিলেন এবং বিবেক যেমন সংকল্প ও বিকল্পরূপ বৃত্তির পরিচয়ে অন্তর্নিহিত আসুরিক বৃত্তি ও বাসনাজালকে সমূলে বিধ্বস্ত করে, কৃষ্ণবলরামও সেইরূপ উভয়ে এক একটী হস্তিদন্ত করে লইয়া, তাহার প্রহারে মঞ্চস্থ যাবতীয় অসুরদলকে বিদলিত করিয়া ফেলিলেন। গীতাতে উক্ত আছে, "নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে। তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি ॥" এই সংসার-ক্ষেত্রে জ্ঞানের ন্যায়, পবিত্র সামগ্রী আর কিছুই নাই। কারণ বারি যেমন অমেধ্যমিশ্রিত সুবর্ণাদি ধাতুকে ধৌত করিয়া, তাহার স্বরূপের প্রতীতি করায়, সেইরূপ এক জ্ঞানই যাবতীয় অজ্ঞান-কলঙ্ককে দূরীকৃত করিয়া, জীবস্বরূপের প্রতিভা প্রতীত করায়। অজ্ঞান অভাব-বোধের উদয় করে; এবং অভাব হইতেই হিংসা প্রবৃত্তির উপস্থিতি হয়। সুতরাং অজ্ঞানী জীবের হৃদয়ে তাঁহার জ্ঞাতসারেই হউক্ বা অজ্ঞাতসারেই হউক্, কংসের ন্যায় প্রবল হিংসাবৃত্তি যে প্রাধান্য-লাভে মথুরাসদৃশ পবিত্র হৃদয়ক্ষেত্রে প্রতিষ্ঠিত থাকে, সে বিষয়ে আর সন্দেহ নাই। অতএব তাদৃশ অনিষ্টকারী হিংসাকে নিবৃত্ত করা, মুমুক্ষুর প্রধান কর্ত্তব্য। কিন্তু এই হিংসা নিতান্ত ক্ষুদ্র নহে। হিংসা কেবল মর্ত্ত্যধামে কেন? স্বর্গলোকেও আছে; তথায় ইহার প্রতিষ্ঠা কিছু অল্প নহে। অতএব কেবল পুণ্যকর্ম্মের পবিত্র ছায়ার অবস্থান করিলেই যে, হিংসার হস্ত হইতে নিষ্কৃতি লাভ হয়, এমত নহে; জ্ঞানের প্রয়োজন। গীতাতে কথিত হইয়াছে,

প্রগৃহ্য কেশেষু চলৎকিরীটং নিপাত্য রঙ্গোপরিতুঙ্গমঞ্চাৎ।
তস্যোপরিষ্টাৎ স্বয়মজ্জনাভঃ পপাত বিশ্বাশ্রয় আত্মতন্ত্রঃ॥
তং সম্পরেতং বিচকর্ষ ভূমৌ হরির্যথেভং জগতো বিপশ্যতঃ।
হাহেতি শব্দঃ সুমহাংস্তদাভূদুদীরিতঃ সর্ব্বজনৈর্নরেন্দ্র॥

অন্বয়ঃ।

ততঃ চলৎকিরীটং (চলৎ বিক্ষিপ্তং কিরীটং যস্য তং) কংসং কেশেষু প্রগৃহ্য দৃঢ়ং গৃহীত্বা, তুঙ্গমঞ্চাৎ রঙ্গোপরি রঙ্গভূমৌ, নিপাত্য তস্য উপরিষ্টাৎ স্বয়ং আত্মতন্ত্রঃ বিশ্বাশ্রয়ঃ (বিশ্বস্য আশ্রয়ঃ) অজ্জনাভঃ (বিশ্বাত্মকং অজং পদ্মং নাভৌ যস্য সঃ) শ্রীকৃষ্ণঃ পপাত॥

ততঃ জগতঃ সর্ব্বজনসমূহস্য, পশ্যতঃ তং সম্পরেতং মৃতং কংসং (মৃতং) ইভং যথা হরিঃ সিংহঃ, (বিকর্ষতি তথা) শ্রীকৃষ্ণঃ ভূমৌ বিচকর্ষ। তদা হে নরেন্দ্র! সর্ব্বজনৈঃ তত্রত্যৈঃ রাজপুরুষৈঃ, উদীরিতঃ উচ্চারিতঃ, সুমহান্ হাহা ইতি শব্দঃ অভূৎ॥

শ্রীধরস্বামী।

গরিষ্ঠত্বায় বিশ্বাশ্রয়ত্বমুক্তং। তত্র হেতুঃ স্বয়মজ্জনাভঃ তস্মাদজাদেব ব্রহ্মাণ্ডোৎপত্তেঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যোপরিষ্টাদিতি। স্বস্য ভূতলাঘাতাভাবার্থং। বিশ্বাশ্রয় ইতি স্বভাবেনৈব তং মারয়িতুমিতি ভাবঃ॥

কংসো মৃত ইতি যদা কোঽপি ন প্রতীয়ায়। কিন্তু মূর্চ্ছিতোঽয়মিতি মন্যতেস্ম তদা তং বিচকর্ষ তস্মৈ ত্বং সর্ব্বান্ প্রত্যায়য়িতুমিতি ভাবঃ। হাহেতি শব্দোঽত্র বিস্ময়ে। মহাশূরস্যাপ্যবজ্ঞয়া বধাৎ। যদুক্তং বৈষ্ণবে। ততো হাহা কৃতং সর্ব্বমাসীত্তদ্রঙ্গমণ্ডলং। অবজ্ঞয়া হতং দৃষ্ট্বা কৃষ্ণেন মথুরেশ্বরমিতি॥

তাঁহার আক্রমণেই কংসের মস্তকস্থ কিরাট ভূমিতে পতিত হইল; তখন শ্রীকৃষ্ণ তাহার কেষাকর্ষণ পূর্ব্বক মঞ্চ হইতে ভূমিতে নিপাতিত করিলেন এবং স্বয়ংও তাহার উপরে পতিত হইলেন। আত্মতন্ত্র বিশ্বম্ভর শ্রীকৃষ্ণের ভারে কংস দেহত্যাগ করিল॥

শ্রীকৃষ্ণ তখন সর্ব্বজন-সমক্ষে সিংহ যেমন মৃত হস্তীকে আকর্ষণ করে, সেইরূপ কংসের মৃত শরীরকে ভূমিতে আকর্ষণ করিতে লাগিলেন। হে নরনাথ! তৎকালে তত্রস্থ রাজপুরুষগণের মধ্যে একটী হাহাকার ধ্বনি উত্থিত হইল॥

আভাস।

"যথৈধাংসি সমিদ্ধোঽগ্নি র্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন! জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা"॥ যেমন প্রচুর কাষ্ঠ থাকিলেও অতি অল্পমাত্র বহ্নির সাহায্যে অতি অল্পকাল মধ্যে বিপুল কাষ্ঠরাশিকে ভস্মীভূত করা যায়, সেইরূপ কণামাত্র জ্ঞানজ্যোতির বিকাশে বিপুল কর্ম্ম

স নিত্যদোদ্বিগ্নধিয়া তমীশ্বরং পিবন্নদন্ বা বিচরন্ স্বপন্ শ্বসন্।
দদর্শ চক্রায়ুধমগ্রতো যতস্তদেব রূপং দুরবাপমাপ্ত ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

সঃ কংসঃ নিত্যদা নিরবচ্ছিন্নয়া, উদ্বিগ্নধিয়া (উদ্বিগ্নয়া ভীতয়া ধিয়া) চক্রায়ুধং সুদর্শন-ধারিণং, তং ঈশ্বরং এব যতঃ পিবন্ অদন্ বিচরন্ স্বপন্ শ্বসন্ এব তত্তৎক্রিয়াবসরে এব দদর্শ অতঃ তদেব দুরবাপং (যোগিভিরপি দুর্ল্লভং) রূপং আপ সারূপ্যং প্রাপ্তবান্ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

কুতস্তস্যোপর্য্যেব পপাত। যত আত্মতন্ত্রঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কংসস্য ভয়হেতুকো ভগবদাবেশ এব সর্ব্বাপরাধপূর্ব্বকমোক্ষহেতুরাসীদিত্যাহ। স ইতি ॥ ২৭ ॥

কংস প্রাণভয়ে ভীত হইয়া আহারে বিহারে অশনে বসনে শয়নে স্বপনে ও জাগরণে নিত্য নিরবচ্ছেদে এক চক্রপাণি দেবদেব শ্রীকৃষ্ণকে মনোমধ্যে অবলোকন করিত; সুতরাং মৃত্যুর পর সেই যোগীদুর্ল্লভ পরম ধনকেই অন্তে স্বীয় গতিরূপে লাভ করিয়াছিল ॥ ২৭ ॥

আভাস।

ক্ষয় হইয়া, নিবৃত্তিকে লাভ করা যায়। এই জ্ঞানের পোষণই সংসারে প্রধান কার্য্য। প্রকাণ্ড পাদপসমূহে পরিবৃত বিস্তৃত অরণ্যের প্রান্তদেশে কণামাত্র অগ্নিস্ফুলিঙ্গ রাখিয়াই সমগ্র বন ভস্মীভূত হইবার প্রত্যাশা করা যেমন সম্পূর্ণ অমূলক, সেইরূপ অনন্ত দুঃখসাগরে অকস্মাৎ বৈরাগ্যের প্রকটনে একবার জ্ঞানজ্যোতির বিকাশ দ্বারা ঈশ্বরভাবের উপলব্ধিতে মুক্তি পাইবার কামনা করাও সেইরূপ সম্পূর্ণ অমূলক ও কল্পনা মাত্র। সংসারে ভগবান্ অনন্ত দুঃখের বিকাশে এবং প্রতিপদে পুরুষকারের তিরস্কারে সংসার-নিয়ন্তার ভাবই উপলব্ধি করিবার সাবকাশ জীবকে দিয়াছেন। কিন্তু ক্ষণকালের জন্য এই আকস্মিক উপলব্ধি কোন কার্য্যকরী হয় না। অগ্নিস্ফুলিঙ্গ যেমন ফুৎকারাদির সাহায্যে তৃণাদি অবলম্বনে পরিবর্দ্ধিত না হইলে, কখন বৃহৎ কাষ্ঠকে দগ্ধ করিতে পারে না, ক্রমশ নির্ব্বাপিত হইয়াই যায়, সেইরূপ বিষয়ের দোষ-দর্শনরূপ বৈরাগ্য এবং পুরুষকারের তিরস্কার হইতে উৎপন্ন ভগবদ্ভাব রূপ জ্ঞানকে তৃণস্থানীয় নিত্য নৈমিত্তিক কর্ম্মের দ্বারা পরিবর্দ্ধিত করিতে হইবে। নতুবা ভগবান্ শ্রীকৃষ্ণকে আর নন্দালয়ে রাখিবার প্রয়োজন ছিল না। যিনি ধরণীর ভার হরণার্থ আবির্ভূত হইয়াছিলেন, তাঁহার আর বাল্য যৌবন ও জরা প্রভৃতি অবস্থাভেদের প্রয়োজন কি? পূর্ণস্বরূপে কোনরূপ অবস্থার গুণ বা দোষ স্পর্শ করে না; তিনি কখন অবস্থার অধীন নহেন; তবে ভক্তের অনুরোধে তিনি সংসার-জাতীয় পন্থার পরিচয়ার্থ মাত্র যেন কংস-ভয়ে ভীত হইয়াই নন্দালয়ে লইয়া যাইবার জন্য বসুদেবকে আদেশ করিয়াছিলেন। অর্থাৎ "সত্ত্বং বিশুদ্ধং বসুদেব-

তস্যানুজা ভ্রাতরোঽষ্টৌ কঙ্ক-ন্যগ্রোধকাদয়ঃ।
অভ্যধাবন্নতিক্রুদ্ধা ভ্রাতুর্নির্ব্বৈশকারিণঃ ॥ ২৮ ॥
তথাতিরভসাংস্তাংস্তু সংযত্তান্ রোহিণীসুতঃ।
অহন্ পরিঘমুদ্যম্য পশূনিব মৃগাধিপঃ ॥
নেদুর্দুন্দুভয়ো ব্যোম্নি ব্রহ্মেশাদ্যা বিভূতয়ঃ।
পুষ্পৈঃ কিরন্তস্তং প্রীতাঃ শশংসুর্ন নৃতুঃ স্ত্রিয়ঃ ॥

অন্বয়ঃ।

তস্য কংসস্য, ভ্রাতরঃ কঙ্ক-ন্যগ্রোধকাদয়ঃ অষ্টৌ ভ্রাতুঃ মৃতকংসস্য, নির্ব্বৈশকারিণঃ (নির্ব্বৈশং আনৃণ্যং তৎকারিণঃ কর্ত্তুমিচ্ছবঃ) অতএব অতিক্রুদ্ধাঃ সন্তঃ অভি সমন্তাৎ, অধাবন্ সম্মুখং আজগ্মুঃ ॥ ২৮ ॥

তথা অতিরভসান্ (অতিরভসঃ বেগো যেষাং তান্) সংযত্তান্ উদ্যুক্তান্, তান্ তু রোহিণী-সুতঃ রামঃ, পরিঘং উদ্যম্য উদ্ধৃত্য, মৃগাধিপঃ সিংহঃ, পশূন্ ইব অহন্ জঘান ॥

তদা ব্যোম্নি আকাশে, দুন্দুভয়ঃ নেদুঃ, ব্রহ্মেশাদ্যাঃ (ভগবতঃ) বিভূতয়ঃ প্রীতাঃ এব পুষ্পৈঃ কিরন্তঃ তং শ্রীকৃষ্ণং শশংসুঃ তুষ্টুবুঃ, স্ত্রিয়ঃ অপ্সরসঃ, ননৃতুঃ ॥

শ্রীধরস্বামী।

নির্ব্বৈশো নিষ্কৃতিঃ আনৃণ্যমিত্যর্থঃ। তৎকারিণঃ সন্তস্তেঽভ্যধাবন্ ॥ ২৮ ॥

অনন্তর কঙ্ক ও ন্যগ্রোধকাদি কংসের আটজন ভ্রাতা মৃত ভ্রাতা কংসের উপকার করিবার মানসে, অতি ক্রুদ্ধ হইয়া কৃষ্ণাভিমুখে ধাবিত হইল ॥ ২৮ ॥

উদ্যতাস্ত্র হইয়া তাহারা আগমন করিতেছে অবলোকন করিয়া, বলরাম পশুরাজ সিংহ যেমন মৃগকুলকে নিধন করে, সেইরূপ পরিঘ গ্রহণে তাহাদের সকলকে বিনষ্ট করিলেন ॥

আকাশ-পথে দেবদুন্দুভির ধ্বনি হইতে লাগিল। ব্রহ্মরুদ্রাদি ভগবানের ঐশ্বর্য্যসমূহ প্রীত হইয়া, পুষ্পবর্ষণ পূর্ব্বক স্তব করিতে লাগিলেন ; অপ্সরাগণ নৃত্য করিতে লাগিল ॥

আভাস।

সঙ্গিতং"। বসুদেবের স্বরূপই বিশুদ্ধ সত্ত্ব গুণ ; বিশুদ্ধ সত্ত্বগুণে বসুদেবের মূর্ত্তি প্রস্তুত। সুতরাং বিশুদ্ধ দর্পণে বা জলাদিতে যেমন ছায়া বা সূর্য্যাদির প্রতিবিম্ব স্পষ্টত প্রতীত হয়, সেইরূপ বিশুদ্ধ সত্ত্বমূর্ত্তী বসুদেবে ভগবানের আবির্ভাব হইয়াছিল। জীবের হৃদয়েও পর্য্যায়ক্রমে এবং অবস্থানুসারে সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভাবের উদ্ভাসন হইয়া থাকে। এবং সেই সেই ভাবের অনুসারে আস্তিকতা, নাস্তিকতা এবং মূঢ়তার বৃত্তি উদিত হইয়া থাকে। ইহার যে কোন বৃত্তিকেই পোষণ করত ক্রমশ পরিবর্দ্ধিত করিবার উপায় এই সংসার মধ্যেই

তেষাং স্ত্রিয়ো মহারাজ সুহৃন্মরণ-দুঃখিতাঃ।
তত্রাভীয়ু র্বিনিঘ্নন্ত্যঃ শীর্ষাণ্যশ্রুবিলোচনাঃ ॥ ২৯ ॥
শয়ানান্ বীরশয্যায়াং পতীনালিঙ্গ্য শোচতীঃ।
বিলেপুঃ সুস্বরং নার্য্যো বিসৃজন্ত্যো মুহুঃ শুচঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

হে মহারাজ! সুহৃন্মরণদুঃখিতাঃ (সুহৃদাং স্বভর্তৃণাং মরণেন দুঃখিতাঃ অতএব) অশ্রুবিলোচনাঃ তেষাং কংসাদীনাং স্ত্রিয়ঃ শীর্ষাণি বিনিঘ্নন্ত্যঃ তত্র ভর্তৃসন্নিধৌ অভি ঈয়ুঃ আজগ্মুঃ ॥ ২৯ ॥

বীরশয্যায়াং যুদ্ধভূমৌ, শয়ানান্ পতীন্ স্বভর্তৃন্, আলিঙ্গ্য শোচতীঃ শোচন্ত্যঃ, মুহুঃ শুচঃ অশ্রূণি বিসৃজন্ত্যঃ চ তাঃ নার্য্যঃ, সুস্বরং যথা তথা বিলেপুঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

তথা তাদৃগতিরভসো বেগো যেষাং তান্ সংযত্তান্ উদ্যুক্তান্ ॥ ২৯ ॥
শোচতীঃ শোচন্ত্যো বিলাপাংশ্চক্রুঃ। শুচঃ অশ্রূণি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্বেশো নিষ্কৃতিরানৃণ্যমিত্যর্থঃ ॥ ২৮ ॥ ২৯ ॥
শোচতীঃ শোচন্ত্যঃ ॥ ৩০ ॥

হে মহারাজ! ঐ সকল মৃত অসুরদিগের অঙ্গনাগণ সুহৃন্মরণে দুঃখিত ও সাশ্রুলোচনা হইয়া পুনঃ পুনঃ নিজ নিজ মস্তকে করাঘাত করত সেইস্থানে আগমন করিতে লাগিল ॥ ২৯ ॥

এবং শোকোক্তির প্রকাশে বীরশয্যায় শয়ান পতিদিগকে আলিঙ্গন করিয়া মুহুর্মুহুঃ অশ্রুমোচন পূর্ব্বক কাতরস্বরে ও বিলাপবাক্যে কহিতে লাগিল ॥ ৩০ ॥

আভাস।

যথেষ্ট পরিলক্ষিত হয়। সম্পদের বিয়োগে ও পুরুষকারে অনাস্থা জন্মিলে, ক্ষণিকের জন্য যখন বিষয়ের প্রতি দোষদৃষ্টি উপস্থিত হয়, তখন আসক্তির বিনিগমে সত্ত্বগুণের উদয় হয়; এবং আস্তিকতা পরিলক্ষিত হয়। কিন্তু সংসারের গতি অনুসারে তৎক্ষণাৎ যদি সম্পদের প্রাপ্তি ঘটে, তখনই পুরুষকারে যত্ন হয় এবং আসক্তির ঘোরে রজোগুণের প্রাদুর্ভাব ঘটিয়া নাস্তিকতা আনয়ন করে। আবার উপর্য্যুপরি ভোগের আগম ও বিশ্লেষে উভয় আস্তিকতা এবং নাস্তিকতাকেও দুর্ব্বল করিয়া অপরিণাম-দর্শিতার স্বরূপ তামসিক মূঢ়তার আনয়ন করিয়া জীবকে অন্ধ নরকে নিপাতিত করে। সাত্ত্বিক বৃত্তির উদয়ে আস্তিকতার আবির্ভাব হইলেই, নাস্তিকতা ও মূঢ়তা হইতে তাহাকে রক্ষা করা প্রয়োজন; নতুবা উত্তরোত্তর সংসারই পরিবর্দ্ধিত হইবার বিশেষ সম্ভাবনা। অতএব শ্রীকৃষ্ণ যেমন বসুদেব গৃহে জন্ম গ্রহণ

হা নাথ প্রিয় ধর্ম্মজ্ঞ করুণানাথবৎসল।
ত্বয়া হতেন নিহতা বয়ন্তে সগৃহপ্রজাঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ

হা নাথ প্রিয় ধর্ম্মজ্ঞঃ করুণানাথবৎসল! হতেন ত্বয়া সহৈব তে সগৃহপ্রজাঃ বয়ং অপি নিহতাঃ এব ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ধর্ম্মজ্ঞ ইত্যাদীনি বিলাপে প্রেমসম্বোধনানি। আমাগসামিতি পরমার্থাতিধানং। তে ত্বদীয়া বয়ং ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র সুভগা জরাসন্ধকন্যাদ্যা আহর্হা নাথেতি দ্বাভ্যাং। সগৃহপ্রজাঃ গৃহৈঃ প্রজাভিশ্চ সহ বর্ত্তমানাঃ ॥ ৩১ ॥

হা নাথ! হা লোকরমণ ধর্ম্মজ্ঞ, করুণাময় প্রাণপ্রিয়! আমরা তোমার! এই পুত্র কলত্র গৃহ ক্ষেত্র পরিত্যাগ করিয়া, তুমি কোথায় গমন করিলে? তোমার মরণে আমরাও জীবন্মৃত হইয়াছি ॥ ৩১ ॥

আভাস।

করিয়াই, নন্দালয়ে পরিবর্দ্ধিত হইতে গিয়াছিলেন; সেইরূপ মানব-হৃদয়ে একবার সত্ত্বগুণের উদয়ে আস্তিকতার আগম হইলেই, উৎসবপূর্ণ যশঃপ্রদ নিত্য নৈমিত্তিক ক্রিয়া কলাপের দ্বারা সেই ভাবের পুষ্টিসাধন করা নিতান্ত প্রয়োজন। নতুবা কংসের ন্যায়, পরাভিভবরূপ হিংসাবৃত্তির উদ্রেকে, তাহার আস্তিকতা দূরে পলায়ন করে। এই নিমিত্ত বেদাদিতে নিত্য নূতন প্রকারের আনন্দ ও আশাপ্রদ পিতৃকার্য্য, দেবকার্য্য, মনুষ্যকার্য্য ও ভূতকার্য্যের ব্যবস্থা করিয়াছেন। ঐহিকের যশঃ ও পরলোকে সুখসম্ভোগ-প্রাপ্তির আশা বিকাশে, ভগবানে ভক্তি করত কর্ম্ম করিলে, ক্রমশ ভক্তির বৃদ্ধি হইয়া থাকে; এবং ভগবানের অনুকম্পায় ভগবদ্ভাবেরই স্ফূর্ত্তিলাভ ঘটে। কথঞ্চিৎমাত্র জ্ঞানের আলোক দর্শন করিয়াই যে নিশ্চিন্ত হওয়া অবিধেয়, তাহাই ভগবান্ শ্রীকৃষ্ণ নন্দালয়ে গমনের দ্বারা জীবকে প্রতিবোধিত করিয়াছেন। নিত্য নৈমিত্তিক কর্ম্মের নিরন্তর অনুষ্ঠানে আন্তরিক সূক্ষ্ম বৈরাগ্য যখন বিরাটবেশে বাহ্য জগতে বিকাশলাভ করিবে, যাবতীয় জাগতিক পদার্থের দোষকে উদ্ঘাটন করিবে, ভোগ্য সুখসেব্য পদার্থে আসক্তির পরিবর্ত্তে বিরক্তির উৎপাদন করিবে, তখনই ইন্দ্রিয়গ্রামের কার্য্য সমাধা হইয়াছে, বলিয়া নিশ্চয় করা কর্ত্তব্য; এবং আন্তরিক সংস্কারসমূহের নির্যাতনে যত্ন বিধেয়। ভগবান্ শ্রীকৃষ্ণ নন্দালয়ে বাস করিবার কালেই, গোপ, গোপিকা ও গোধনের সংস্রব করিয়াছিলেন। পরে বাহ্য ইন্দ্রিয়বর্গের নিরোধে যেমন চিত্তবৃত্তির নিরোধার্থ জীবের যত্ন করা আবশ্যক হয়, সেইরূপ শ্রীকৃষ্ণও বৃন্দাবনে বাল্যলীলা সমাপন করিয়া, অসুর-বিনাশরূপ মথুরালীলার জন্য অগ্রসর হইলেন। কংস তখন বিবিধ উপায় অবলম্বন করিয়াও আপনার

ত্বয়া বিরহিতা পত্যা পুরীয়ং পুরুষর্ষভ।
ন শোভতে বয়মিব নিবৃত্তোৎসবমঙ্গলা॥
অনাগসাং ত্বং ভূতানাং কৃতবান্ দ্রোহমুল্বণং।
তেনেমাং ভো দশাং নীতো ভূতধ্রুক্ কো লভেত শং॥ ৩২॥

অন্বয়ঃ।

হে পুরুষর্ষভ পুরুষশ্রেষ্ঠ! পত্যা স্বামিনা, ত্বয়া বিরহিতা ইয়ং পুরী অপি নিবৃত্তোৎসব-মঙ্গলা (নিবৃত্তাঃ উৎসবাঃ মঙ্গলানি সুখানি চ যস্যাং তথাভূতাঃ) বয়ং ইব ন শোভতে॥

ত্বং অনাগসাং নিরপরাধানাং, ভূতানাং উল্বণং উৎকটং, দ্রোহং পীড়নং, কৃতবান্ তেন কারণেন, ভোঃ ভর্ত্তর্! ইমাং দশাং নীতঃ মৃত্যুং প্রাপ্তঃ; কঃ ভূতধ্রুক্ (ভূতানি দ্রুহ্যতি ইতি) শং মঙ্গলং, সুখং লভেত?॥ ৩২॥

শ্রীধরস্বামী।

ত্বয়া পত্যা বিরহিতা পুরীয়ং ন শোভত ইতি স্বদৃষ্ট্যাভিধানং॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দুর্ভগাঃ শুদ্ধান্তঃকরণা আহুরনাগসামিতি দ্বাভ্যাং॥ ৩২॥

হে পুরুষশ্রেষ্ঠ! তোমার অদর্শনে শোভাহীন বিধবা রমণীগণের ন্যায়, ভবদীয় রাজভবনও শোভাহীন হইয়া, নিরানন্দের অসীম সাগরে বিলীন হইতেছে॥

তুমি নিরপরাধী প্রাণিগণের প্রতি নিতান্ত বিদ্রোহাচরণ করিয়াছিলে বলিয়াই, ঈদৃশ বিষম দশায় নিপতিত হইয়াছ! কারণ প্রাণিনিগ্রহকারী কে কবে মঙ্গল লাভ করিয়াছে?॥ ৩২॥

আভাস।

পরাজয় যেন প্রত্যক্ষে দর্শন করিতে লাগিলেন; এবং উৎসাহহীন হইয়া নিজের বাদ্যোদ্যম নিবারণ করিলেন এবং মুখে যদিও কৃষ্ণবলরামকে পুর হইতে নির্ব্বাসিত করিতে এবং বসুদেব ও স্বীয় জনক উগ্রসেনকে বধ করিতে আদেশ করিলেন, কিন্তু মনে মনে তাহার বিপরীত ভাবেরই প্রার্থনা করিয়াছিল। কারণ যাঁহাকে শয়নে স্বপনে জাগরণে অশনে উপশনে ও বিহরণে নিরন্তর চিন্তা করিতেন, সেই শ্রীকৃষ্ণ তাঁহার সমক্ষে উপনীত। তখন কংস পূর্ব্ব প্রতিশ্রুতি অনুসারে বৈরতারই প্রকাশে আত্মসমর্পণ করিতে উদ্‌যোগী হইলেন। শ্রীকৃষ্ণও কংসকে প্রহার না করিয়া, কেবল গ্রহণ করিলেন মাত্র। কংসের কেশাকর্ষণ পূর্ব্বক ভূমিতে নিপাতিত করিলেন এবং স্বয়ংও তাহার উপর নিপতিত হইয়া স্বীয় ভাবেই যে তাহাকে গ্রহণ করিলেন, তাহারই পরিচয় দিয়াছেন॥ ২২—৩২॥

ভগবান্ দয়ার আকর; জীবমাত্রই তাঁহার নিকটে সমান ভাবে দয়ালাভে অধিকারী;

সর্ব্বেষামেব ভূতানামেষ হি প্রভবাপ্যয়ঃ।
গোপ্তা চ তদবধ্যায়ী ন ক্বচিৎ সুখমেধতে ॥
শ্রীশুক উবাচ ॥
রাজযোষিত আশ্বাস্য ভগবাঁল্লোকভাবনঃ।
যামাহুর্লৌকিকীং সংস্থাং হতানাং সমকারয়ৎ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

কিঞ্চ এষঃ শ্রীকৃষ্ণঃ এব হি সর্ব্বেষাং ভূতানাং প্রভবাপ্যয়ঃ (প্রভবন্তি অস্মাৎ ইতি প্রভবঃ, অপি যন্তি লীয়তে অস্মিন্ ইতি অপায়ঃ হর্ত্তা চ) তথা গোপ্তা রক্ষিতা চ তদবধ্যায়ী (তস্মিন্ অবধ্যানং অপমানং, যঃ করোতি তাদৃশঃ জনঃ) ক্বচিৎ সুখং (সুখেন) ন এধতে বর্দ্ধতে (অপি তু দুঃখেন এব ক্ষীয়তে) ॥

শ্রীশুকঃ উবাচ। লোকভাবনঃ লোকমর্য্যাদাপালকঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ (ইত্থং শোচতীঃ তাঃ) রাজযোষিতঃ আশ্বাস্য, হতানাং যাং লৌকিকীং পরলোকসম্বন্ধিনীং, সংস্থাং দাহাদিক্রিয়াং, (মন্বাদয়ঃ) আহুঃ তাং সমকারয়ৎ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

এষ শ্রীকৃষ্ণঃ। প্রভবন্ত্যস্মাদিতি। প্রভবঃ। অপিযন্ত্যস্মিন্নিতি অপ্যয়ঃ সচ সচ। তস্য অবধ্যানমবজ্ঞা তৎ কর্ত্তুং শীলং যস্য ইতি সঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এষ শ্রীকৃষ্ণঃ। প্রভবন্ত্যস্মাদিতি প্রভবঃ। অপিযন্ত্যস্মিন্নিত্যপ্যয়ঃ। সচ সচ অবধ্যানমবজ্ঞা তৎ কর্ত্তুং শীলং যস্য সঃ ॥

রাজযোষিতো দুর্ভগা এব ময়ি পালয়িতরি সতি কা যুষ্মাকং চিন্তেত্যাশ্বাস্য ॥ ৩৩ ॥

এই শ্রীকৃষ্ণই ভূতবর্গের সৃষ্টি, পালন ও সংহার করিতেছেন। অতএব ইহাঁর অবমাননা করিয়া কখন কোন মতে সুখলাভের সম্ভাবনা নাই ॥

শুকদেব তখন রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! লোকভাবন ভগবান্ শ্রীকৃষ্ণ পতিবিয়োগ-কাতরা রাজবনিতাগণকে প্রবোধ-বাক্যে সান্ত্বনা করত, রঙ্গস্থলে নিহত কংসাদি বীরপুরুষগণের যথারীতি ঔর্দ্ধদেহিক ক্রিয়াদি সম্পাদন করাইলেন ॥ ৩৩ ॥

আভাস।

তবে পাত্রানুসারেই ফল তিনি প্রদান করিয়া থাকেন। যেমন যেরূপ গুণযোজনা করিয়া যেরূপ পাত্র কূপমধ্যে নিমজ্জিত করা যায়, কূপ তদনুসারেই উদক তাহাকে প্রদান করে, সেইরূপ জীব যাদৃশ গুণবান্ হইয়া ভগবানের সন্নিধানে উপনীত হয়, সেই কৃপাসিন্ধুর সমীপ হইতে তাদৃশ অধিকারানুরূপ অনুগ্রহই লাভ করিয়া থাকে। তিনি সর্ব্বলোকেরই পালন করিয়া থাকেন। যেমন পিতা সৎপুত্রকে পারিতোষিক দানে এবং কুপুত্রকে তিরস্কার

মাতরং পিতরঞ্চৈব মোচয়িত্বাথ বন্ধনাৎ।
কৃষ্ণরামৌ ববন্দাতে শিরসাস্পৃশ্য পাদয়োঃ ॥ ৩৪ ॥
দেবকী বসুদেবশ্চ বিজ্ঞায় জগদীশ্বরৌ।

অন্বয়ঃ।

অথ মাতরং দেবকীং, পিতরং বসুদেবং চ বন্ধনাৎ মোচয়িত্বা তয়োঃ পাদয়োঃ শিরসা আস্পৃশ্য ঈষৎ স্পৃষ্ট্বা কৃষ্ণরামৌ ববন্দাতে ॥ ৩৪ ॥

দেবকী বসুদেবশ্চ কৃতসম্বন্দনৌ (কৃতং লোকরীত্যনুসারেণ সংবন্দনং যাভ্যাং তৌ)

শ্রীধরস্বামী।

আস্পৃশ্য ঈষৎ স্পৃষ্ট্বা ॥ ৩৪ ॥

পুত্রভ্রান্তিং বিহায় জগদীশ্বরাবিতি জ্ঞাত্বা শঙ্কিতৌ সন্তৌ ন সম্বজাতে সালিঙ্গিতবন্তৌ কিন্তু বদ্ধাঞ্জলী তস্থতুরিত্যর্থঃ। প্রসহ্য হত্বা হস্তীন্দ্রং মল্লেন্দ্রান্ মল্ললীলয়া। বীভৎসচরিতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আস্পৃশ্য সম্যক্ স্পৃষ্ট্বা ॥ ৩৪ ॥

বিজ্ঞায়েতি জন্মসময়স্মৃত্যা কংসবধাদ্যৈশ্বর্য্যদৃষ্ট্যা চ পরমার্থদৃষ্টিমগ্নৌ ন সম্বজাতে। লোক-

---

জনকজননীকে দারুণ শৃঙ্খলবন্ধন হইতে নির্ম্মুক্ত করিলেন এবং অবনত-মস্তকে তাঁহাদের পাদস্পর্শ পূর্ব্বক বন্দনা করিলেন ॥ ৩৪ ॥

তৎকালে রামকৃষ্ণকে অবলোকন করিবা মাত্র, তাঁহাদিগকে পরম পুরুষ লোকনাথ বলিয়া বসুদেব এবং দেবকী অবধারণ করিয়াছিলেন; সুতরাং পুত্রদ্বয় মস্তক অবনত করিয়া চরণে প্রণাম করিলেও সম্ভ্রম বশত তাঁহারা

আভাস।

করিয়া উভয়েরই মঙ্গল সাধন করিয়া থাকেন, সেইরূপ জগৎপিতাও উভয় শিষ্ট এবং দুষ্টের চরিত্র অনুসারে সুখসচ্ছন্দ ও দণ্ড প্রদানে সকলেরই হিতসাধন করিতেছেন, সন্দেহ নাই। কংসবনিতাগণের বিবিধ করুণাপূর্ণ বিলাপ-বাক্য শ্রবণে দেবদেব শ্রীকৃষ্ণ যাদবগণের সভা-মধ্যে যেরূপ নিজের নিন্দা করিয়াছিলেন, তাহা হরিবংশের মধ্যে প্রকাশ আছে, যথা; "অহো ময়াতিবাল্যেন নবরোষাতিবর্ত্তিনা। বৈধব্যং স্ত্রীসহস্রাণাং কংসস্যাস্য কৃতে কৃত-মিত্যাদি" ॥ অহো! আমি যেমন বালক, সেইরূপ বালকোচিত অতি তীব্র নবীন ক্রোধের বশীভূত হইয়া, কি ভয়ানক দুষ্কর্ম্মই করিয়াছি! এক কংসকে দমন করিবার অনুরোধে সহস্র সহস্র কামিনীকে অদ্য ভীষণ বৈধব্যদুঃখে নিপাতিত করিয়াছি! এই প্রকার বিবিধ বিলাপবাক্যে নারীগণের শোকাবেগ পরিশান্তিত করিলেন ॥ ৩৩ ॥

রামকৃষ্ণ কারাগৃহের মধ্যে প্রবেশ পূর্ব্বক বসুদেব ও দেবকীকে যখন শৃঙ্খলমুক্ত করিলেন, তখন তাঁহাদের অলোকসামান্য রূপ দর্শনে এবং সামর্থ্যের বিষয় শ্রবণ করিয়া, তাঁহাদের প্রতি বসুদেব এবং দেবকীর পুত্রভ্রম অপসৃত হইয়া গেল। তাঁহারা রামকৃষ্ণকে সাক্ষাৎ

কৃতসংবন্দনৌ পুত্রৌ সম্বজাতে ন শঙ্কিতৌ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে কংসবধশ্চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪৪ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

পিতরাবুপলব্ধার্থৌ বিদিত্বা পুরুষোত্তমঃ।

অন্বয়ঃ।

পুত্রৌ জগদীশ্বরৌ বিজ্ঞায় শঙ্কিতৌ ভীতৌ, সন্তৌ ন সম্বজাতে ন আলিঙ্গিতবন্তৌ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। পিতরৌ দেবকীবসুদেবৌ উপলব্ধার্থৌ (উপলব্ধঃ বিজ্ঞাতঃ

শ্রীধরস্বামী।

কংসং সবীভৎসমমারয়ৎ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি শ্রীদশমে চতুশ্চত্বারিংশঃ ॥ * ॥

পঞ্চচত্বারিংশগেহথ পিতৃনন্দাদিসান্ত্বনং।

উগ্রসেনাভিষেকশ্চ গুরো র্বাসাং পুরাগমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যবহারদৃষ্টিমগ্নৌ চ নাপি নমশ্চক্রাতে। কিন্তু শঙ্কিতৌ স্তব্ধাবেব স্থিতৌ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

দশমস্য চতুশ্চত্বারিংশোঽপাজনি সঙ্গতঃ ॥ * ॥

স্বপিত্রোঃ সান্ত্বনং কংসতাতে রাজ্যং ব্রজেশিতুঃ।

সমাধিং পঞ্চচত্বারিংশে সবাসংগুরোর্বাধাং ॥ * ॥

উপলব্ধোঽর্থঃ অস্মদৈশ্বর্য্যজ্ঞানরূপং ধনং যাভ্যাং তথাভূতৌ পিতরৌ জ্ঞাত্বা মা ভূদিতি স চার্থোঽনয়োর্মাস্তু কিন্তু তদাবরকো বাৎসল্যপ্রেমৈব সংপ্রত্যস্তু মম চানয়োশ্চ তেনৈব পরমা-

---

পুত্রদ্বয়কে আলিঙ্গন করিতেও শঙ্কিত হইলেন ॥ ৩৫ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের চতুশ্চত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! জনক-জননী আপনাদের গূঢ় পরমতত্ত্ব অবধারণ করিয়াছেন জানিয়া, শ্রীকৃষ্ণ তাঁহাদের সমীপে স্বকীয় জনমোহিনী

আভাস।

জগদীশ্বর-জ্ঞানে শঙ্কিত হইলেন; পুত্র বোধে আলিঙ্গন করিতে আর সাহসী হইলেন না; কেবল কৃতাঞ্জলিপুটে সম্মুখে দাড়াইয়া রহিলেন মাত্র ॥ ৩৪ ॥ ৩৫ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুশ্চত্বারিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

পঞ্চ চত্বারিংশ অধ্যায়ে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক বসুদেব, দেবকী এবং নন্দাদির সান্ত্বনা, উগ্রসেনের রাজ্যাভিষেক এবং গুরুগৃহে বাস করিবার পর, গৃহে প্রত্যাগমনের কথা বর্ণিত হইয়াছে ॥

মা ভূদিতি নিজাং মায়াং ততান জনমোহিনীং ॥ ১ ॥

অন্বয়ঃ।

অর্থঃ স্বযাথাত্ম্যং যাভ্যাং তৌ) বিদিত্বা পুরুষোত্তমঃ শ্রীকৃষ্ণঃ (ইদানীং এবং জ্ঞানং) মা ভূৎ ইতি জনমোহিনীং নিজাং মায়াং ততান (তয়োরুপরি প্রসারিতবান্ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

উপলব্ধার্থৌ বিদিত্বা। ইত্যয়মর্থঃ। উপ সমীপে আবয়োঃ পুত্রবুদ্ধ্যা সাংসারিকপরমসুখভোগাং পূর্ব্বমেব লব্ধার্থৌ লব্ধ আবামীশ্বরাবিতি পরমজ্ঞানরূপঃ অর্থো যাভ্যাং তথা ভূতৌ তৌ জ্ঞাত্বা ময়ি প্রসন্নে সতি অনয়োর্জ্ঞানং নাম কিং দুর্ল্লভং স্যাৎ দুর্ল্লভন্তু ময়ি পুত্রতয়া প্রেমসুখং অত ইদানীমেতজ্জ্ঞানং মা ভূদিতি নিজাং স্বাধীনাং মায়াং তয়োঃ প্রসারিতবানিতি ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্দলাভাদিতি মনসি বিমৃশ্য নিজামন্তরঙ্গাং মায়াং স্বৈশ্বর্য্যজ্ঞানমাবরিতুং যোগমায়াং ততান জনমোহিনীং। দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনা ইত্যত্র জনশব্দেন ভক্তা এবোক্তাস্তান্ মোহয়িতুং শীলং যস্যাস্তাং। যদ্বা। জনয়ত ইতি জনৌ জননীজনকৌ তয়োর্মোহিনীং।

মায়ার বিস্তার করিলেন। কারণ প্রেমসুখের স্ফূর্ত্তিদশায় পরমার্থভাবের প্রকটনে বরং ব্যাঘাতেরই উদয় হয়। ১ ॥

আভাস।

বসুদেব এবং দেবকীর পরমজ্ঞান উদিত হইয়াছে দেখিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ মনে মনে বিচার করত বলিলেন, অহো! এতকাল পুত্রবিরহের দারুণ দুঃখই ইহাঁরা ভোগ করিয়াছেন; সম্প্রতি আমরা পুত্ররূপে কেবল উপস্থিত হইয়াছি মাত্র; এক্ষণে আমাদিগকে পুত্ররূপে প্রাপ্ত হইয়া, পুত্রবুদ্ধির আনুকূল্যে সংসারের পরম সুখ কোথায় ভোগ করিবেন, তাহা না হইয়া, আমরা যে পরাৎপর পরমেশ্বর এইরূপ ব্রহ্মজ্ঞান ইহাঁদের উদয় হইয়াছে। অবশ্য পরমাত্মজ্ঞান লাভে জীব চিরজীবনের জন্য মুক্ত হয় বটে, কিন্তু আমি যাহাদের উপর প্রসন্ন হই, তাহাদের পক্ষে মুক্তিত কোনমতে দুর্ঘট নহে; বরং অনায়াসলভ্য, সন্দেহ নাই। কিন্তু আমাকে পুত্ররূপে প্রাপ্ত হইয়া, আমার দ্বারা সাংসারিক পুত্রস্নেহরূপ পবিত্র প্রেমানন্দ উপভোগ করাই, জীবের পক্ষে দুর্ঘট; মুক্ত পুরুষের অদৃষ্টেও তাদৃশ সুখ অনুভব করিবার কোন প্রত্যাশা নাই। বিশেষত ইহাঁদের অদৃষ্টে পরমাত্মাতে পুত্রপ্রেম করিয়া পরমানন্দ ভোগ যদি না ঘটে, তাহা হইলে পূর্ব্বসঞ্চিত তপস্যা ও মদ্দত্ত বরের কোন সার্থকতাই সাধিত হইল না। অতএব যাঁহাদের প্রতি আমি প্রসন্ন হই, তাঁহাদের আর জ্ঞানের প্রয়োজন নাই; তজ্জন্য আমিই বদ্ধ রহিলাম! এক্ষণে পরমাত্মাতে পুত্রপ্রেমের পরাকাষ্ঠা যাহাতে ইহাঁদের লাভ হয়, তজ্জন্য আমার যোগমায়া আপাতত ইহাঁদের পরম জ্ঞানকে আবৃত করিয়া, পূর্ব্বপ্রার্থিত পুত্রপ্রেমের উদ্ভাসন করুন; এই বলিয়া মায়াকে অনুমতি করিলেন ॥ ১ ॥

ভগবানের আদেশক্রমে যেমন মহামায়া দেবকী এবং বসুদেবের হৃদয়ে পুত্রভাবের উদয়

উবাচ পিতরাবেত্য সাগ্রজঃ সাত্বতর্ষভঃ।
প্রশ্রয়াবনতঃ প্রীণন্নম্ব তাতেতি সাদরং ॥ ২ ॥
নাস্মত্তো যুবয়োস্তাত নিত্যোৎকণ্ঠিতয়োরপি।

অন্বয়ঃ।

ততশ্চ সাগ্রজঃ বলরামেণ সহ সাত্বতর্ষভঃ যাদবশ্রেষ্ঠঃ কৃষ্ণঃ পিতরৌ প্রতি এত্য আগত্য, প্রশ্রয়াবনতঃ (প্রশ্রয়েণ বিনয়েন অবনতঃ নম্রঃ এব) সাদরং যথাতথা হে তাত! হে অম্ব! ইতি প্রীতিং জনয়ন্ উবাচ ॥ ২ ॥

হে তাত! নিত্যোৎকণ্ঠিতয়োঃ (নিত্যং উৎকণ্ঠিতয়োঃ অনুভবাকাঙ্ক্ষাবতোঃ অপি যুবয়োঃ

শ্রীধরস্বামী।

তদেব দর্শয়তি উবাচেত্যাদিভিরষ্টভিঃ। প্রীণন্ প্রীণয়ন্ সাদরং ব্রুবন্ ॥ ২ ॥

অস্মত্তঃ অস্মন্নিমিত্তং নিত্যমুৎকণ্ঠিতয়োরপি যুবয়োঃ পুত্রাভ্যামাবাভ্যাং কৃত্বা বাল্যপৌগণ্ড-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীস্বামিচরণাশ্চাত্র ময়ি প্রসন্নে সত্যনয়ো র্জ্ঞানং নাম কিং দুর্ল্লভন্তু ময়ি পুত্রতয়া প্রেমেতি ভগবদভিপ্রায়মাহুঃ। অতএব পিতরৌ বাৎসল্যরসং গ্রাহয়িতুমগ্রিমশ্লোকেষু তয়োঃ কপটোক্তিরপি ন দোষায়েতি জ্ঞেয়ং ॥ ১ ॥ ২ ॥

অস্মত্তঃ অস্মদ্ধেতো র্নিত্যমুৎকণ্ঠিতয়োরপি যুবয়োঃ পুত্রাভ্যামাবাভ্যাং কৃত্বা বাল্যপৌগণ্ড-কৈশোরাস্তত্তদেবাবস্থানুভবলালনাদিসুখানি। পুংস্ত্বমার্ষং। ননু ক্বচাতিসুকুমারাঙ্গৌ কিশোরৌ নাপ্তযৌবনাবিতি পুরস্ত্রীণামুক্তেঃ কথং কৈশোরস্যাতীতত্বমুচ্যতে। কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি। কৈশোরমাপঞ্চদশাৎ যৌবনন্তু ততঃ পরমিতি বচনাৎ। পঞ্চদশবর্ষ-পর্য্যন্তমেব কৈশোরং কৃষ্ণস্ত্বেকাদশবর্ষবয়া এব কংসং জঘান। একাদশসমাস্তত্র গূঢ়ার্চ্চিঃ

ভক্তবৎসল রামকৃষ্ণ অতি বিনীতভাবে এবং সাদর-সম্ভাষণে হে তাত! হে মাতঃ! বলিয়া পিতা মাতাকে প্রসন্ন করিবার অভিপ্রায়ে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২ ॥

হে তাত! আমাদের জন্য নিত্য উৎকণ্ঠিতচিত্তে আপনারা এযাবৎ

আভাস।

করিলেন, অমনি রামকৃষ্ণ লৌকিক রীতির অনুসারে বসুদেব এবং দেবকীকে অতি বিনীত-ভাবে হে তাত! হে মাতঃ! বলিয়া সম্বোধন পূর্ব্বক, পরস্পরের অবশ্যোচিত শোক ও দুঃখের কারণসমূহ উল্লেখ করত জনকজননীকে পরিসান্ত্বিত করিবার যত্ন করিলেন। "তাঁহারা বলিলেন, আপনারা কেবল আমাদের উপলক্ষেই এই ভীষণ যাতনা ভোগ করিয়াছেন, অথচ পুত্রলাভের সুখ কিঞ্চিন্মাত্র উপভোগ করিতে পারেন নাই"। কারণ রামকৃষ্ণের কৌমার, পৌগণ্ড এবং কৈশোর কাল বৃন্দাবনেই অতীত হইয়াছিল; সুতরাং পুত্রলালনের সুখ আর

বাল্যপৌগণ্ডকৈশোরাঃ পুত্রাভ্যামভবন্ ক্বচিৎ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

অস্মত্তঃ আবয়োঃ, পুত্রাভ্যাং পুত্রয়োঃ, বাল্য-পৌগণ্ড-কৈশোরাঃ তত্তদবস্থানুভবসুখানি ক্বচিৎ কদাচিৎ অপি ন অভবন্ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

কৈশোরাস্তত্তদবস্থানুভবসুখানীত্যর্থঃ। নাভবন্নিতি অস্মত্তঃ পুত্রাভ্যামিতি সামানাধিকরণ্যং বা ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সবলোঽবসদিত্যুদ্ধবোক্তে ব্রজভূমাবুপনয়নাভাবাচ্চেত্যতস্তদানীং তয়োঃ কৈশোরস্যারম্ভ এব নতু শেষোঽপীতি সত্যং যদ্যপি সামান্যতো বয়োগণনা ঈদৃশ্যেব তদপি কালেনাল্পেন রাজর্ষে রামঃ কৃষ্ণশ্চ গোব্রজে। ঘৃষ্টজানুভিঃ পদ্ভি বিচক্রমতুরঞ্জসেত্যুক্তে রাজকুমারাদাবপি ক্বচিদিতি সুখিনি পৌগণ্ডবয়স্যপি শরীরবৃদ্ধিমতিকৈশোরচেষ্টাদর্শনাৎ কৃষ্ণে তু কৈমুত্যপ্রাপ্তে বৈষ্ণবতোষণীভক্তিরসামৃতানন্দবৃন্দাবনাদিমতমনুসৃত্যৈবং ব্যবস্থেয়ং। মাসচতুষ্টয়াধিকবর্ষত্রয়স্যৈব কৃষ্ণে পঞ্চবর্ষীয়মাণত্বাৎ তৎপ্রমাণং প্রথমং বয় এব কৌমারং তত্র কৃষ্ণস্য মহাবনে স্থিতিঃ। ততঃ পরমষ্টমাসাধিকষড়্বর্ষপর্য্যন্তং বয়ঃ পৌগণ্ডং তত্র বৃন্দাবনে স্থিতিঃ। ততঃ পরং দশবর্ষপর্য্যন্তং কৈশোরং; তত্র নন্দীশ্বরে স্থিতিঃ। ততঃ সপ্তমে মাসি চৈত্রে কৃষ্ণত্রয়োদশ্যাং মথুরাগমনং চতুর্দ্দশ্যাং কংসবধ ইতি। তত্র দশবর্ষন্তু শেষকৈশোরং তত্রৈব নিত্যস্থিতিরতস্তদনন্তরং সর্ব্বকালমেব তস্য কৈশোরমেব জ্ঞেয়ং। কৃষ্ণং মত্বা স্ত্রিয়ো হ্রীণা নিলিল্যুস্তত্র তত্র হেতি কিশোরস্য প্রদ্যুম্নস্যাগমনে তং সাম্যাবগমাৎ সন্তং বয়সি কৈশোরে ইতি সামান্যোক্তেশ্চ আগমাদিষ্বপি বিংশাক্ষরাদিমন্ত্রাণাং দ্বারকালীলাময়ধ্যানেষ্বপি তথা দৃষ্টেশ্চ। তস্মাৎ কংসবধদিনে তস্য কৈশোরাপগমঃ কৈশোরানপগমশ্চেতি কৃষ্ণস্য পুরস্ত্রীণাং চ বাক্যং সঙ্গচ্ছতে স্ম ॥ ৩ ॥

কালাতিপাত করিয়াছেন! পুত্রদ্বয়ের বাল্য পৌগণ্ড বা কৈশোর অবস্থার প্রেম আপনারা কিছুমাত্রই অনুভব করিতে পারেন নাই ॥ ৩ ॥

আভাস।

বসুদেব ও দেবকীর অদৃষ্টে ঘটে নাই। অবশ্য পঞ্চম বর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত কৌমার কাল; পঞ্চম বর্ষের পর দশম বর্ষ পর্য্যন্ত পৌগণ্ড এবং দশম বর্ষের পর পঞ্চদশ বর্ষ পর্য্যন্ত কৈশোর কাল; তাহার পরই যৌবন আরম্ভ হয়, এইরূপ শাস্ত্রাদিতে কীর্ত্তিত আছে। এই শাস্ত্রবাক্য অনুসারে রামকৃষ্ণের কৈশোরকাল তখনও সমাপ্ত হয় নাই; বরং তখন তাহার আরম্ভ মাত্র বলিয়াই স্বীকার করিতে হইবে। অথচ তাঁহাদের কৈশোরকাল যে অতীত হইয়াছিল, তাহা ভগবদ্বাক্যেই স্পষ্ট প্রকাশ হইয়াছে। অবশ্য এস্থলে সাধারণত বয়োগণনায় কৈশোরকাল অতীত হইয়াছে, একথা বলা উচিত নহে বটে, তথাপি রামকৃষ্ণের কৈশোর

ন লব্ধো দৈবহতয়ো র্বাসো নৌ ভবদন্তিকে।
যাং বালাঃ পিতৃগেহস্থা বিন্দন্তে লালিতা মুদং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

দৈবহতয়োঃ আবয়োঃ বাসঃ নৌ আবাভ্যাং, ভবদন্তিকে ন লব্ধঃ। পিতৃগেহস্থাঃ লালিতাঃ বালাঃ যাং মুদং বিন্দন্তে (সা চ ন লব্ধা) ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ আবামেব দৈবহীনাবিত্যাহ ন লব্ধ ইতি। পিতৃগেহস্থা বালা যাং মুদং বিন্দন্তে সাচ ন লব্ধেতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চাবামেব ভাগ্যহীনাবিত্যাহ নেতি। দৈবহতয়ো র্হতভাগ্যয়োর্ভাগ্যেন প্রাপ্তয়োরিতি বাস্তবোঽর্থঃ। তৃতীয়ার্থে ষষ্ঠী। বালাঃ মুদং বিন্দন্তে সা চ ন লব্ধেতি শেষঃ ॥ ৪ ॥

আমারাও নিতান্ত দুর্ভাগা; দৈবদুর্ব্বিপাক বশত তোমাদের নিকট বাস করিতেও পাই নাই; সুতরাং পিতামাতার নিকট বাস করিলে, সন্তান যেরূপ অপরিসীম আনন্দ অনুভব করিয়া থাকে, আমাদের অদৃষ্টে এপর্য্যন্ত তাহা ঘটে নাই ॥ ৪ ॥

আভাস।

কালোচিত কর্ম্মের সমাপন হওয়ায় ন্যূনবয়সেও তাঁহাদের কৈশোরকাল অতীত বলিয়া স্বীকার করিতে হইবে। কারণ মাসচতুষ্টয়াধিক তিন বৎসর বয়ঃক্রমকালে তাঁহার পঞ্চমবর্ষীয় কৌমারকাল সমাপ্ত হয় তখনই শ্রীকৃষ্ণ মহাবনে অবস্থান করিতেন। পরে ছয়বৎসর আট মাস পর্য্যন্ত পৌগণ্ড; তখন তাঁহাদের বৃন্দাবনে স্থিতি; এবং অতঃপর দশ বৎসর পর্য্যন্তই তাঁহাদের কৈশোরকাল এবং নন্দীশ্বরে অবস্থিতির কথা উল্লেখ আছে। এই দশ বৎসর পূর্ণ হইয়া, সপ্তম মাসে চৈত্রকৃষ্ণা ত্রয়োদশী তিথিতে শ্রীকৃষ্ণ মথুরাতে আগমন করেন এবং চতুর্দ্দশী দিবসে কংসকে নিহত করেন। এই দশম বর্ষ পর্য্যন্ত তাঁহার ব্যবহারিকী কৈশোর কাল; সুতরাং সম্প্রতি কংসবধকালে তাঁহার দশ বৎসরের অধিক সাত মাস অতীত হওয়ায়, কৈশোরকাল অতীত, স্বীকার করিতে হইবে। পরমার্থ দৃষ্টিতে তিনি চিরকালই কৈশোর-বয়সে অবস্থান করিতেন। কারণ কিশোর প্রদ্যুম্ন যখন অকস্মাৎ গৃহে প্রত্যাগমন করিলেন, তখন তাঁহাকে দর্শন করিয়া, শ্রীকৃষ্ণজ্ঞানে অন্তঃপুরবনিতাগণ লজ্জায় পলায়ন করিয়াছিলেন। অতএব শ্রীকৃষ্ণের কিশোরভাব না থাকিলে, নারীগণ কেন কিশোর প্রদ্যুম্নের সহিত তাঁহার অনুরূপ ভাব দর্শন করিবেন। শ্রীকৃষ্ণের দ্বারকাময় লীলার ধ্যানের মধ্যে এবং আগমোক্ত বিংশাক্ষরমন্ত্রে কিশোর বয়সেরই পরিচয় পাওয়া যায়। অতএব কংসবধের দিবস কৃষ্ণকথা অনুসারে তাঁহার কিশোরাতীত যৌবন এবং পুরস্ত্রীর বাক্যানুসারে প্রকৃত নিত্যকিশোর এই উভয় ভাবই সঙ্গত বলিয়া

সর্ব্বার্থসম্ভবো দেহো জনিতঃ পোষিতো যতঃ।
ন তয়োর্যাতি নির্বেশং পিত্রোর্মর্ত্যঃ শতায়ুষা ॥ ৫ ॥

অন্বয়ঃ।

সর্ব্বার্থসম্ভবঃ (সর্ব্বেষাং ধর্ম্মার্থাদীনাং পুরুষার্থানাং সম্ভবঃ যস্মিন্ সঃ) দেহঃ যতঃ যাভ্যাং জনিতঃ পোষিতঃ চ তয়োঃ পিত্রোঃ নির্ব্বেশং নিষ্কৃতিং আনৃণ্যং, মর্ত্যঃ শতায়ুষা শতবর্ষেণ, অপি ন যাতি ন প্রাপ্নোতি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

এবং তাবৎ শ্লোকদ্বয়েন যুবয়োরাবয়োশ্চ কামহানির্জাতেত্যুক্তং। আবয়োঃ পুনর্যুষ্মৎ পরিচর্য্যালোপেন ধর্ম্মহানিরপি জাতেত্যাহ সর্ব্বার্থসম্ভব ইতি। সর্ব্বেষাং ধর্ম্মাদ্যর্থানাং সম্ভবো যস্মিন্ স দেহো যতঃ যাভ্যাং জনিতঃ। তয়োঃ পিত্রোর্নির্বেশং নিষ্কৃতিমানৃণ্যং মর্ত্যঃ শতসম্বৎসরমাত্রেণায়ুষা ন প্রাপ্নোতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বেষাং ধর্ম্মাদ্যর্থানাং সম্ভবো যস্মিন্ স দেহো যতো যাভ্যাং নির্বেশমানৃণ্যং ॥ ৫ ॥

এই মনুষ্যদেহ প্রাপ্ত হইয়া, জীব ধর্ম্মাদি চতুর্ব্বর্গের ফল লাভ করিতে পারে; অতএব তাদৃশ দুর্ল্লভ মনুষ্য-কলেবর যে জনকজননীর নিকট হইতে লাভ করা যায় এবং যাঁহাদের লালনপালনে এই দেহ পরিবর্দ্ধিত হয়, মনুষ্য চিরজীবন, এমন কি! শত বর্ষ পরমায়ুর দ্বারা চেষ্টা করিলেও তাদৃশ পিতামাতার ঋণ হইতে কখন নিষ্কৃতি লাভে সমর্থ হয় না ॥ ৫ ॥

আভাস।

অবধারণীয় ॥ ৩ ॥

ভক্তসম্মিলন যে ভগবানের নিতান্ত প্রিয়, তাহারই উল্লেখ করত শ্রীহরি জনক-জননীকে প্রবোধিত করিয়াছিলেন। তিনি প্রকাশ করিলেন যে, আমাদের ন্যায় নির্গুণ পুত্রের সম্বন্ধ লাভ না হইলে, পিতামাতার কিছু বিশেষ ক্লেশকর নহে; বরং বালকেরই দুর্ভাগ্যের পরিচয় হয় মাত্র। দৈবদুর্ব্বিপাক বশতই বালক পিতৃস্নেহে বঞ্চিত হয়। অথচ পিতামাতার শুশ্রূষা না করিলে, পুত্রের ধর্ম্মহানি হয়। কারণ জীবের পক্ষে মনুষ্যযোনিই সকল যোনির মধ্যে শ্রেষ্ঠ এবং উৎকৃষ্ট। মানবদেহে জীব ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষ এই চতুর্ব্বর্গ লাভে এই দুরন্ত সংসার-জলধি হইতে নিষ্কৃতি লাভ করিতে পারে। অতএব অশীতিলক্ষ যোনির মধ্যে মানবযোনি একমাত্র মুক্তিলাভের সোপান। তাদৃশ মোক্ষলাভের উপায়ভূত এই দুর্ল্লভ নরকলেবর যাঁহাদের প্রসাদে লাভ করা যায় এবং যাঁহাদের বিশেষ যত্নে সেই দেহের লালন পালন হয়, সেই জনকজননীর ঋণ মানব শতবৎসরের পরিশ্রমেও পরিশোধ করিতে পারে না। অতএব সামর্থ্য থাকিতে, যে পুত্র সাক্ষাৎ দেবতাস্বরূপ সেই জনকজননীর ভরণপোষণে পরাঙ্মুখ হয়, তাহাদের দুর্গতির আর সীমা থাকে না। মৃত্যুর পর আতিবাহিক দেহ লইয়া

যস্তয়োরাত্মজঃ কল্য আত্মনা চ ধনেন চ।
বৃত্তিং ন দদ্যাত্তং প্রেত্য স্বমাংসং খাদয়ন্তি হি ॥ ৬ ॥
মাতরং পিতরং বৃদ্ধং সাধ্বীং ভার্য্যাং সুতং শিশুং।
গুরুং বিপ্রং প্রপন্নঞ্চ কল্যোঽবিভ্রচ্ছ্বসন্মৃতঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

যঃ আত্মজঃ পুত্রঃ, কল্যঃ সমর্থঃ, সন্ আত্মনা দেহেন, ধনেন চ তয়োঃ পিত্রোঃ বৃত্তিং অন্নবস্ত্রাদি জীবিকাং ন দদ্যাৎ তং প্রেত্য (যমলোকে যমদূতাঃ) স্বমাংসং স্বস্য তস্য এব মাংসং খাদয়ন্তি ॥ ৬ ॥

যঃ কল্যঃ সমর্থঃ, সন্ বৃদ্ধং মাতরং পিতরং, সাধ্বীং ভার্য্যাং, শিশুং সুতং, গুরুং বিপ্রং প্রপন্নং চ অবিভ্রৎ ন পুষ্ণাতি সঃ শ্বসন্ জীবন্, অপি মৃতঃ এব ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তন্মধ্যে পিতুর্যঃ পুত্রঃ কল্যঃ সমর্থঃ সন্নপি দেহেন ধনেন চ পিত্রো র্বৃত্তিং জীবিকাং ন সম্পাদয়েৎ। তং প্রেত্য লোকান্তরে যমদূতাঃ স্বস্যৈব মাংসং খাদয়ন্তি হি ॥ ৬ ॥

কিঞ্চ মাত্রাদিশুশ্রূষামকুর্ব্বন্ বিফলজীবিতশ্চ ভবতীত্যাহ মাতরমিত্যাদি। অবিভ্রৎ অপুষ্ণন্ শ্বসন্নপি মৃততুল্য এবেতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্তু কল্যঃ সমর্থঃ শাস্ত্রবিধিনা দাতুং যোগ্যঃ কর্ম্মবর্ত্মনি স্থিত ইতি যাবৎ। বৃত্তিং জীবিকাং। তং প্রেত্য মৃত্বা বর্ত্তমানং যমদূতাঃ স্বস্য তস্যৈব মাংসং বলাৎ তং খাদয়ন্তি ॥ ৬ ॥

অবিভ্রৎ অপুষ্ণন্ ॥ ৭ ॥

যে পুত্র সমর্থ হইয়াও কায়মনোবাক্যে ধনাদির দ্বারা সেই জন্মদাতা জনকজননীর জীবিকা প্রদানে অস্বীকার করে, মৃত্যুর পর যমদূতেরা ক্ষুধাতুর তাদৃশ কৃতঘ্ন সন্তানকে তাহার নিজ মাংসই ভোজন করায় ॥ ৬ ॥

বৃদ্ধ পিতামাতা, সাধ্বী পত্নী, শিশু সন্তান, গুরু, ব্রাহ্মণ ও শরণাগত কাতর ব্যক্তির ভরণপোষণাদিতে যে ব্যক্তি সামর্থ্য থাকিতেও কাতর হয়, তাহার পক্ষে জীবিত থাকা, মরণের অপেক্ষা কোন অংশে ন্যূন নহে ॥ ৭ ॥

আভাস।

যমালয়ে গমন করিলে, যখন তাহারা উৎকট ক্ষুধায় কাতর ও বিহ্বল হইয়া পড়ে, তখন যমদূতেরা তাহাদেরই দেহের মাংস বলপূর্ব্বক ছেদন করত, তাহাদিগকেই ভোজন করায়; ক্ষুধার অপর অন্ন আর তাহারা প্রাপ্ত হয় না ॥ ৫ ॥ ৬ ॥

প্রাচীন পিতা মাতা প্রভৃতি পোষ্যবর্গের ভরণ পোষণ না করিলে জীবন যে, বৃথা হইয়া যায়, তাহাই এই শ্লোকে বর্ণন করা হইয়াছে। কিন্তু অসমর্থের প্রতি সকল অপরাধের ক্ষমা

তন্নাবকল্যয়োঃ কংসান্নিত্যমুদ্বিগ্নচেতসোঃ।
মোঘমেতে ব্যতিক্রান্তা দিবসা বামনর্চ্চতোঃ॥ ৮॥
তৎ ক্ষন্তুমর্হথস্তাত মাত র্নৌ পরতন্ত্রয়োঃ।
অকুর্ব্বতো র্বাং শুশ্রূষাং ক্লিষ্টয়ো র্দুর্হৃদা ভৃশং॥

অন্বয়ঃ।

তৎ তস্মাৎ বাং যুবয়োঃ অনর্চ্চতোঃ অপূজয়তোঃ, যতঃ কংসাৎ নিত্যং উদ্বিগ্নচেতসোঃ (উদ্বিগ্নং চেতঃ যয়োঃ তয়োঃ) অতঃ অবকল্যয়োঃ অসমর্থয়োঃ, আবয়োঃ এতে একাদশবর্ষাত্মকাঃ দিবসাঃ মোঘং ব্যর্থং এব ব্যতিক্রান্তাঃ॥ ৮॥

হে তাত! হে মাতর্! দুর্হৃদা দুর্বুদ্ধিনা, কংসেন, ক্লিষ্টয়োঃ পরতন্ত্রয়োঃ, অতঃ বাং যুবয়োঃ, শুশ্রূষাং সেবাং, অকুর্ব্বতোঃ নৌ আবয়োঃ, তৎ অপরাধং, ক্ষন্তুং অর্হথঃ॥

শ্রীধরস্বামী।

তত্তস্মান্নৌ আবয়োঃ মোঘং ব্যর্থং। অনর্চ্চতোরপূজয়তোঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তস্মাৎ নৌ আবয়োঃ অকল্পয়োঃ। অত্রাকল্পশব্দঃ কেবলাসমর্থস্যৈব বাচকঃ। তত্র হেতুঃ কংসাদিতি। অতএব মোঘমিতি দোষোক্তিঃ। ন বিদ্যতে কল্পো যাভ্যাং তয়োঃ কংসাৎ কংসসামান্যযুদ্ধোৎসাহবশাৎ নিত্যমুদ্বারত এব বিঘ্নচেতসোঃ পুরীং প্রতিচলিত-চেতসোঃ। ওবিজীভয়চলনয়োঃ। মোঘমিত্যাদিঃ কাকুক্তিরিতি বাস্তবোঽর্থঃ॥ ৮॥

নৌ আবয়োঃ দ্বিতীয়ার্থে ষষ্ঠী। পক্ষে পরতন্ত্রয়োরিতি দুর্হৃদা কংসেন ক্লিষ্টয়োরিতি বামিত্যস্য বিশেষণে জ্ঞেয়ে॥

আমরা কংসের ভয়ে সততই ভীত ও উদ্বিগ্ন ছিলাম; সুতরাং আপনাদের সেবা শুশ্রূষা না করিয়া, নিতান্ত অসমর্থের ন্যায় আমরা এতকাল পরমায়ু বৃথায় অতিবাহিত করিয়াছি!॥ ৮॥

হে তাত! হে অম্ব! আমরা দুর্ম্মতি কংসের দুর্ব্বৃত্তাচরণে সততই দুঃখ পাইয়াছি; সুতরাং এই পারতন্ত্রতা নিবন্ধন আমরা যে এ পর্য্যন্ত আপনাদের সেবা করিতে পারি নাই, তজ্জন্য আপনারা আমাদিগকে ক্ষমা করুন্॥

আভাস।

আছে বলিয়া, ইচ্ছাপূর্ব্বক বা অনবধানতা বশত যেন অসমর্থ হওয়া না হয়। কংসের উপদ্রবে শ্রীকৃষ্ণ যেন উদ্বিগ্ন ছিলেন, সুতরাং পিতামাতার শুশ্রূষায় নিজের অসমর্থতার পরিচয় যে দিয়াছেন, সে কেবল তাঁহার মনুষ্যলীলার অনুকরণে মাত্র। প্রকৃতপ্রস্তাবে কংসের আকর্ষণ বসুদেবের অপেক্ষা অনেক অধিক; পূর্ব্ব-প্রতিশ্রুতি অনুসারে, পরমভক্ত জয়বিজয়ের সহিত যুদ্ধোৎসাহই তাঁহার বিলম্বের কারণ; বসুদেবের ভক্তি সে উৎসাহকে অতিক্রম করিতে পারে নাই; সুতরাং তাঁহাদিগকে শৃঙ্খলাবদ্ধ থাকিতে হইয়াছিল॥ ৭॥ ৮॥

শ্রীশুক উবাচ ॥
ইতি মায়ামনুষ্যস্য হরে র্বিশ্বাত্মনো গিরা।
মোহিতাবঙ্কমারোপ্য পরিষ্বজ্যাপতু র্মুদং ॥
সিঞ্চন্তাবশ্রুধারাভিঃ স্নেহপাশেন চাবৃতৌ।
ন কিঞ্চিদূচতু রাজন্ বাষ্পকণ্ঠৌ বিমোহিতৌ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ইতি এবম্ভূতয়া মায়ামনুষ্যস্য, (মায়য়া স্বেচ্ছয়া মনুষ্যনাট্যমঙ্গীকৃতবতঃ) বিশ্বাত্মনঃ সর্ব্বান্তর্যামিণঃ, হরেঃ গিরা মোহিতৌ দেবকীবসুদেবৌ, তদা রামকৃষ্ণৌ পুত্রৌ মত্বা অঙ্কং আরোপ্য পরিষ্বজ্য অলিঙ্গ্য, মুদংহর্ষং, আপতুঃ ॥

হে রাজন্! অশ্রুধারাভিঃ তৌ সিঞ্চন্তৌ, স্নেহপাশেন চ আবৃতৌ বাষ্পকণ্ঠৌ অশ্রুনিরুদ্ধকণ্ঠৌ যতঃ বিমোহিতৌ তৌ ন কিঞ্চিৎ উচতুঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

দুর্হৃদা কংসেন কৃত্বা ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি এবং মায়া কপটং মনুষ্যেষু যস্যেতি গত্বাদি ॥ ৯ ॥

শুকদেব বলিলেন, মানবমূর্ত্তিধারী বিশ্বভাবন সর্ব্বদুঃখহর্ত্তা ভগবান্ শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণ করিয়া, বসুদেব এবং দেবকী বিমোহিত হইলেন; তাঁহারা পুত্রদ্বয়কে অঙ্কে আরোপণ পূর্ব্বক গাঢ় আলিঙ্গন করিলেন ॥

তাঁহাদের নেত্রদ্বয় হইতে অবিরলধারে আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল; আনন্দ-মূর্চ্ছনায় কণ্ঠ গদ্‌গদ হইয়া গেল; পুত্রপ্রেমের অপূর্ব্ব পাশে আবৃত হইয়া, হে রাজেন্দ্র! তাঁহারা বিমোহিতের ন্যায়, মুখে আর কিছুই বলিতে পারিলেন না ॥ ৯ ॥

আভাস।

পুত্র যখন পিতামাতাকে হে তাত! হে অম্ব। বলিয়া সম্বোধন করে, তখন জনকজননী সকল দুঃখ বিস্মৃত হন। এক্ষণে বাসুদেব জনকজননীকে যত প্রকারেই প্রবোধিত করুন না, কেন! তাঁহার ন্যায় পুত্রের মুখে সেই সকল প্রবোধবাক্য বসুদেব ও দেবকীর পক্ষে সান্ত্বনা লাভের যে প্রচুর কারণ নহে, তাহা বাসুদেব স্বয়ংই অন্তরে বিচার করিয়াছিলেন। কারণ যাঁহার নামটী মাত্র স্মরণ করিলে, বা মুখে উচ্চারণ করিলে, ভববন্ধন শিথিল হইয়া যায়, সেই ভবভয়হারী বাঞ্ছাকল্পতরুকে উদরে ধরিয়া এবং অন্ততঃ জন্মকালেও সাক্ষাৎ প্রত্যক্ষে দর্শন করিয়া, ভববন্ধন হইতে মুক্ত হইবার কথা দূরে থাকুক, জনকজননীকে ভীষণ কংসের কঠিন দণ্ডের অন্তর্গত হইতে হইল! বসুদেব এবং দেবকী রামকৃষ্ণকে দর্শন করিয়া, পাছে বলেন যে, "হে সংসারতারণ সর্ব্বেশ্বর জনার্দ্দন! বল দেখি! সংসারে এমন কি পাপ

এবমাশ্বাস্য পিতরৌ ভগবান্ দেবকীসুতঃ।
মাতামহং তূগ্রসেনং যদূনামকরোন্নৃপং ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ভগবান্ দেবকীসুতঃ পিতরৌ এবং আশ্বাস্য সান্ত্বয়িত্বা মাতামহং উগ্রসেনং তু যদূনাং নৃপং অকরোৎ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

আশ্বাস্য সান্ত্বয়িত্বা ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমাশ্বাস্যেত্যাদিকং শ্রীনন্দস্য পরোক্ষমেব। মৎপুত্রং যুদ্ধশ্রান্তমেতে পরমানন্দমত্তাঃ স্নেহেন ভোজয়িতুমন্তঃপুরং নয়ন্তি তন্নয়ন্ত অহন্তু সংপ্রতি পুত্রার্থে গতভীঃ স্বাবাসে এবাহ্নিকং কৃত্যং করবৈ ইত্যুক্ত্বা তেন তত্রৈব গতত্বাৎ ॥ ১০ ॥

দেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ জনকজননীকে এইপ্রকারে প্রতিবোধিত করিয়া, মাতামহ উগ্রসেনকে যদুকুলের রাজসিংহাসনে অধিরূঢ় করাইলেন ॥ ১০ ॥

আভাস।

হইতে পারে যে, তোমাকে আলিঙ্গন, স্পর্শ এবং প্রত্যক্ষে দর্শন করিলেও তাহার নিবৃত্তি হয় না? তবে কি অভিপ্রায়ে তোমাকে গর্ভে ধারণ করিয়াও, আবার আমাদিগকে শৃঙ্খলে বদ্ধ করাইলে? বক্ষে পাষণ দিলে? কৃষ্ণ হে! দুঃখ দেওয়াই কি তোমার দয়াময় নামের একটী প্রধান মাহাত্ম্য? অদ্য হইতে কি আমার উদাহরণে তোমাকে ডাকিতে লোককে নিষেধ করিতেছ?" এই ভাবিয়া শ্রীকৃষ্ণ অগ্রেই তাঁহাদের বিনোদনার্থ অন্য কোন উপায় অবধারণ না করিয়া, হে তাত! হে মাতঃ! বলিয়া তাঁহাদের মনোব্যথা নিবৃত্ত করাইলেন। ইন্দুবিনিন্দিত কমলাননের সুধামাখা মাতঃ ও তাত নাম শ্রবণ করিয়া, বসুদেব এবং দেবকীর সকল দুঃখ বিদূরিত হইয়া গেল। শ্রীকৃষ্ণও পরম ভক্ত বসুদেব এবং দেবকীর সন্নিধানে স্বকৃত অপরাধের জন্য ক্ষমা চাহিয়া, ভক্তবৎসল-নামের সার্থকতা সম্পাদন করিলেন। ভক্তের সকল দুঃখ হরণ করেন বলিয়াই, ভগবানের নাম শ্রীহরি; বিশেষত কেবল কৃপা বিতরনার্থ যখন মনুষ্যবিগ্রহে অবতীর্ণ হইয়াছিলেন, অথচ সর্ব্বমনোহরভাব তখনও সম্পূর্ণভাবে যাঁহাতে প্রতিপন্ন ছিল, তাদৃশ পরমাত্মার বিশ্বমোহন বাক্যে যে, বসুদেব ও দেবকীর বাৎসল্য ব্যতীত সকল ভাব অপসৃত হইবে, তাহাতে আর সন্দেহ কি? তাঁহারা রামকৃষ্ণকে ক্রোড়ে লইয়া, আত্মহারা হইয়া পড়িলেন। অবিরল আনন্দাশ্রুর বিসর্জ্জনে পুত্রদ্বয়কে অভিসিঞ্চিত করিতে লাগিলেন। তখন আর তাঁহাদের কোন অভাবই ছিল না; শ্রীকৃষ্ণ পূর্ণ; পূর্ণের প্রাপ্তিতে, আর প্রার্থনা থাকে না; সুতরাং বসুদেব ও দেবকী আর বাঙ্‌নিস্পত্তিতে সমর্থ হইলেন না ॥ ৯ ॥

বসুদেব সহ শ্রীকৃষ্ণের কথোপকথন নন্দের অজ্ঞাতসারেই হইয়াছিল; কারণ তৎকালে

আহ চাস্মান্মহারাজ প্রজাস্ত্বাজ্ঞপ্তুমর্হসি।
যযাতিশাপাদ্‌যদুভি র্নাসিতব্যং নৃপাসনে ॥ ১১ ॥

অন্বয়ঃ।

হে মহারাজ! অস্মান্ ভৃত্যাদীন্ প্রজাঃ চ আজ্ঞপ্তুং অর্হসি (অস্মাকং অধিপতি র্ভবিতু-মর্হসি); যযাতিশাপাৎ যদুভিঃ নৃপাসনে নাসিতব্যং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

ত্বমেবাজ্ঞাপয় ইতি মা বদেত্যাহ যযাতিশাপাদিতি। ভবতো যাদবত্বেঽপি মদাজ্ঞয়া ন দোষ ইতি ভাবঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবংস্ত্বমেব নৃপো ভব! ত্বমেবাস্মানাজ্ঞাপয়েতি মা বদেত্যাহ। যযাতিশাপাদিতি তব তু যাদবত্বেঽপি মদাজ্ঞয়া নাস্তি দোষ ইতি ভাবঃ ॥ ১১ ॥

এবং উগ্রসেনকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মহারাজ! যযাতির অভিসম্পাতে যদুবংশীয়গণের মধ্যে কেহ নৃপাসনে অধিরোহণের অধিকারী নহেন। সুতরাং আপনিই আমাদের রাজা; আমরা আপনার প্রজা; যাহা অনুমতি করিবেন, অবলীলাক্রমে আমরা তাহাই প্রতিপালন করিব ॥১১॥

আভাস।

নন্দ মনে করিলেন যে, আর ভয় নাই। কংস যখন সমন-সদনে গমন করিয়াছে, তখন আর পুত্রের কোন বিপদের সম্ভাবনা নাই। এক্ষণে বালক পুত্র যুদ্ধের শ্রমে নিতান্তই ক্ষুধার্ত্ত হইয়াছে; ইহাঁরা ভোজনার্থ যখন তাঁহাদিগকে অন্তঃপুরে লইয়া যাইতেছেন, তখন ইহা বিশেষ আনন্দেরই কথা; আমি ইতিমধ্যে নিজ বাসভবনে গমন করত, আহ্নিকাদি সমাপন করিব; এই বলিয়া নন্দ সন্তুষ্টচিত্তে নিজ বাসমন্দিরে তখন গমন করিয়াছিলেন ॥ ১০ ॥

ভগবান্ আপ্তকাম; রাজত্ব করিবার আকাঙ্ক্ষা আর তাঁহার হৃদয়ে কখন উদিত হইতে পারে না; সুতরাং শ্রীকৃষ্ণ বিপক্ষ অসুরকুলকে দলিত করিয়াও নিজে রাজা হইলেন না। তিনি উগ্রসেনকে বন্ধনমুক্ত করিয়া রাজাসনে অভিষিক্ত করিলেন। হরিবংশে উক্ত আছে, ভগবান্ শ্রীকৃষ্ণ তৎকালে উগ্রসেনকে সম্বোধন পূর্ব্বক বলিয়াছিলেন, "অহং স এব গোমধ্যে গোপৈঃ সহ বনেচরঃ। প্রীতিমান্ বিচরিষ্যামি কামচারী যথা গজঃ ॥ এতাবচ্ছ্রুতশোঽপ্যেবং সত্যেনৈব ব্রবীমি তে। ন মে কার্য্যং নৃপত্বেন বিজ্ঞাপ্যং ক্রিয়তামিদং ॥" হে মাতামহ! আপনি আমাদের রাজা হউন্! আমরা আপনার প্রজা হইয়া, আজ্ঞা পালন করিব। আমার রাজত্ব করিবার অভিপ্রায় নাই; বিশেষত যযাতির শাপে আমরা রাজাসনে আরোহণের উপযুক্ত পাত্র নহি। আপনি ভোজবংশীয় হইলেও যদুবংশ হইতে পৃথক্ নহেন বটে; তথাপি ভোজবংশীয়গণ রাজা হইয়া আসিতেছেন; কিন্তু আমাদের মধ্যে বৃষ্ণিগণ কেহ কখন রাজা হন নাই। তখন আপনি ভোজ এবং বৃষ্ণি এই উভয় কুলেরই কর্ত্তৃত্ব করিতে পারেন।

ময়ি ভৃত্য উপাসীনে ভবতো বিবুধাদয়ঃ।
বলিং হরন্ত্যবনতাঃ কিমুতান্যে নরাধিপাঃ॥ ১২॥
সর্ব্বান্ স্বজ্ঞাতিসম্বন্ধান্ দিগ্‌ভ্যঃ কংসভয়াদ্‌গতান্।
যদুবৃষ্ণ্যন্ধকমধুদাশার্হ কুকুরাদিকান্॥
সভাজিতান্ সমানায্য বিদেশাবাসকর্ষিতান্।
ন্যবাসয়ৎ স্বগৃহেষু বিত্তৈঃ সন্তর্প্য বিশ্বকৃৎ॥ ১৩॥

অন্বয়ঃ।

ভৃত্যে ময়ি উপাসীনে ত্বাং সেবমানে সতি, বিবুধাদয়ঃ দেবাঃ, অবনতাঃ সন্তঃ ভবতঃ বলিং উপহারং, হরন্তি (সমর্পয়িষ্যন্তি) উত অন্যে নরাধিপাঃ (সমর্পয়িষ্যন্তি ইতি) কিং বক্তব্যং॥১২॥

ততশ্চ কংসভয়াৎ গতান্ পালয়িতান্, যদুবৃষ্ণ্যন্ধকমধুদাশার্হকুকুরাদিকান্ স্বজ্ঞাতি-সম্বন্ধান্ সর্ব্বান্ দিগ্‌ভ্যঃ সমানায্য বিদেশবাসকর্ষিতান্ (বিদেশবাসেন কর্ষিতান্, সভাজিতান্ সম্মানিতান্, তান্ বিত্তৈঃ সন্তর্প্য বিশ্বকৃৎ কৃষ্ণঃ, স্বগেহেষু ন্যবাসয়ৎ॥ ১৩॥

শ্রীধরস্বামী।

মম তাদৃশী শক্তি র্নাস্তীতি চেত্তত্রাহ ময়ীতি মৎপ্রসাদেন সর্ব্বং ভবিষ্যতীত্যর্থঃ॥ ১২॥

স্বান্ জ্ঞাতীন্ সম্বন্ধাংশ্চ দিগ্‌ভ্য আনায্যেতি॥ ১৩॥

আমার ন্যায় ভৃত্য আপনার সমীপে উপস্থিত থাকিলে, অমরবৃন্দও যখন অবনত-মস্তকে আপনাকে উপহার প্রদানে অগ্রসর হন, তখন সামান্য নরপতিগণ যে আপনার আজ্ঞা প্রতিপালনে তৎপর হইবেন, সে বিষয়ে আর বক্তব্য কি?॥ ১২॥

তদনন্তর বিশ্বকর্ত্তা ভগবান্ হরি কংসভয়ে ভীত যদু, বৃষ্ণি, অন্ধক, মধু, দাশার্হ ও কুকুর (বংশ বিশেষ) প্রভৃতি যে সকল জ্ঞাতি ও কুটুম্বগণ পলায়ন করিয়া বিদেশবাসে ক্লেশ পাইতেছিলেন, তাঁহাদিগকে নানাদিক্ হইতে আনাইয়া অর্চ্চনা পূর্ব্বক বিত্তদ্বারা সন্তর্পিত করত স্ব স্ব গৃহে পুনর্ব্বার বাস করাইলেন॥ ১৩॥

আভাস।

আমি গোপগণ সহ গোধন লইয়া, বনে বনে বিচরণ করিলেই বিশেষ তৃপ্তিলাভ করি; আমার রাজত্বে প্রয়োজন নাই; আপনি রাজা হউন্? ইহাই আমার আন্তরিক ইচ্ছা। আমি আপনার ভৃত্যরূপে সহায় থাকিলে, এই সমগ্র জগৎ আপনার আজ্ঞা পালনে কখন পরাঙ্মুখ হইবে না। আপনার বিপক্ষে কেহই দণ্ডায়মান হইতে সাহসী হইবে না; অন্যের কথা দূরে থাকুক্; স্বয়ং অমরবৃন্দও অবনত-মস্তকে আপনার আজ্ঞা পালনে কোন মতে ত্রুটী করিবেন না॥ ১১॥ ১২॥

অনন্তর শ্রীকৃষ্ণ উগ্রসেনকে রাজ্যে অভিষিক্ত করিয়া, কংসভয়ে ভীত এবং অন্যত্র পলায়িত

কৃষ্ণসঙ্কর্ষণভুজৈ র্গুপ্তা লব্ধমনোরথাঃ।
গৃহেষু রেমিরে সিদ্ধাঃ কৃষ্ণরামগতজ্বরাঃ ॥
বীক্ষন্তোঽহরহঃ প্রীতা মুকুন্দবদনাম্বুজং।
নিত্যপ্রমুদিতং শ্রীমৎ সদয়স্মিতবীক্ষণং ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

কৃষ্ণসঙ্কর্ষণভুজৈঃ গুপ্তাঃ রক্ষিতাঃ, অতএব কৃষ্ণরামগতজ্বরাঃ (কৃষ্ণরামাভ্যাং এব গতঃ নিবৃত্তঃ জ্বরঃ আধ্যাত্মিকাদিসন্তাপঃ যেষাং তে) লব্ধমনোরথাঃ আপ্তকামাঃ সিদ্ধাঃ কৃতার্থাঃ, সন্তঃ যাদবাঃ গৃহেষু রেমিরে ॥

ননু সৃষ্ট্যাদিকর্ম্মাবেশান্মনুষ্যাদিজন্মদর্শনাচ্চ তস্যান্যেভ্যঃ কো বিশেষঃ ইত্যাশঙ্ক্যাহ যস্মিন্নিতি দ্বাভ্যাং কর্ম্মাশয়ং কর্ম্মবাসনাং নির্হৃত্য দগ্ধ্বা ব্রহ্মময়স্বরূপজ্ঞানবান্ অর্কবর্ণঃ শুদ্ধসত্ত্ব-মূর্ত্তিঃ সন্ পরাং গতিং তৎপদং যাতি॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্হৃত্য দগ্ধ্বা। পরাং গতিং বৈকুণ্ঠলোকং ব্রহ্মময়শ্চিন্ময়শরীরঃ সন্ অর্কবর্ণঃ সূর্য্যতুল্য-তেজাঃ॥ ২৩॥

প্রাণান্তকালে বিষয়বাসনা পরিত্যাগ পূর্ব্বক, ক্ষণকালের জন্য যাঁহাতে মন সমর্পণ করিলে, কর্ম্মবন্ধন তৎক্ষণাৎ ছিন্ন বিচ্ছিন্ন হইয়া যায় এবং বিশুদ্ধ সত্ত্বমূর্ত্তিতে স্বরূপজ্ঞানের উদ্ভাসনে পরমপদ ব্রহ্মপদবী জীবের লাভ হইয়া থাকে॥ ২৩॥

আভাস।

পুত্তলিকাদিতেও বর্ণের বস্ত্র কল্পিত হইয়া মূলীভূত আধারবস্ত্র পরিলক্ষিত হয় না, সেইরূপ জগদ্‌যোনিও জগৎ থাকিতে আত্মপ্রকাশ করেন না; জগৎ বিলীন হইলে, অন্তে সেই মহা-পুরুষ নারায়ণই বিরাজ করিয়া থাকেন॥ ২২॥

ভগবান্ শ্রীকৃষ্ণে নন্দযশোদার চিত্ত সমাবিষ্ট হওয়ায়, তাঁহারা পরিণামে যে কি ফল পাইবেন, তাহাই এই শ্লোকদ্বয়ে প্রকাশ করা হইয়াছে। সৃষ্ট্যাদি কর্ম্মের অনুরোধে ভগবান্ শ্রীকৃষ্ণমূর্ত্তিতে মনুষ্যবিগ্রহ ধারণ করিয়া আবির্ভূত হইলেও, পরমার্থত তাঁহার পরমতত্ত্বের কোন ব্যাঘাত হয় না। এস্থলে যস্মিন্‌পদ প্রয়োগের দ্বারা যদি এক কৃষ্ণকেই লক্ষ্য হয় বটে, তথাপি রামকৃষ্ণের অভেদ বশত উভয়কেই লক্ষ্য করা হইয়াছে। তিনি সাধারণ জীব নহেন। মানবরূপী হইলেও মানবের উদ্ধার কর্ত্তা। তিনি চৈতন্যঘন পরমানন্দস্বরূপ। জীব তাঁহাকে চিন্তা করিলে মুক্ত হয়। কারণ যে জাতীয় পদার্থে সংযত করা হয়, মন কালক্রমে সেই জাতিত্বই লাভ করে; এই নিয়মই উন্নতি বা অবনতির কারণ। অতএব সর্ব্বশ্রেষ্ঠ ভগবানে সমর্পিত চিত্তও সেইভাবে ভাবিত হইয়া, তজ্জাতিত্ব যে লাভ করিবে, সে বিষয়ে আর সন্দেহ কি? গীতাতে উক্ত আছে, 'যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরং।

তস্মিন্ ভবন্তাবখিলাত্মহেতৌ নারায়ণে কারণমর্ত্যমূর্ত্তৌ।
ভাবং বিধত্তো নিতরাং মহাত্মন্ কিম্বাবশিষ্টং যুবয়োঃ স্বকৃত্যং ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

তস্মিন্ কারণমর্ত্যমূর্ত্তৌ (কারণেন ভূভারহরণাদিনিমিত্তেন মর্ত্যস্য ইব মূর্ত্তিঃ যস্য তস্মিন্) অখিলাত্মহেতৌ (অখিলস্য চিদচিদাত্মকস্য জগতঃ আত্মা উপাদানং হেতুঃ নিমিত্তং যঃ তস্মিন্) নারায়ণে ভবন্তৌ ভাবং নিতরাং নিরন্তরং, বিধত্তঃ বিধত্তাম্ অকুরুতাং, অত্র হে মহাত্মন্! যুবয়োঃ স্বকৃত্যং কর্ত্তব্যং বা কিং অবশিষ্টং ন কিঞ্চিৎ অপি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

অখিলস্য আত্মা চ হেতুশ্চ তস্মিন্। কারণেন মনুষ্যাকৃতৌ মহাত্মনি পরিপূর্ণে ভবন্তৌ ভক্তিং কুরুতঃ অতঃ কৃতকৃত্যাবিত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অখিলানাং আত্মা চ হেতুশ্চ তস্মিন্ কারণঞ্চ মনুষ্যমূর্ত্তিশ্চ তস্মিন্ যুবয়োস্তু কৃত্যং কিমবিশিষ্টমিতি তুকারেণ তস্য কৃষ্ণস্যৈব যুষ্মৎসাত্মনপ্রীণনবশীভবনাদিকৃত্যমবশিষ্যত ইতি জ্ঞাপ্যতে স্বকৃত্যমিতি পাঠেঽপি স এবার্থঃ ॥ ২৪ ॥

সেই দেবদেব নারায়ণ দেবকার্য্য সাধনের জন্য মর্ত্ত্য বিগ্রহ পরিগ্রহে ধরাধামে অবতীর্ণ হইয়াছেন এবং আপনারা সেই অখিল জীবহেতু ভগবানেই যখন এরূপ প্রেম করিতে সক্ষম হইয়াছেন, তখন জগতে ত আপনাদের কোন কর্ম্মই আর অবশিষ্ট নাই ॥ ২৪ ॥

আভাস।

তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ" ॥ মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে যে ভাব স্মরণ করত জীব পূর্ব্বদেহ ত্যাগ করে, মৃত্যুর পর সেই জাতীয় ভাবের অনুরূপ দেহ ও ফল লাভে জন্মজন্মান্তর ভোগ করিয়া থাকে। অতএব হে নন্দযশোদে! তোমরা রামকৃষ্ণকে যেরূপ মন সমর্পণ করিতে অভ্যাস করিয়াছ তাহাতে প্রাণান্তকালে ঐ রামকৃষ্ণের মদনমোহন পূর্ণানন্দ পরমার্থ ভাব ব্যতীত অন্য কোন ভাবই ত তোমাদের হৃদয়ে স্থান পাইবে না। তখন "ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে" ॥ এই শ্রুতি অনুসারে ভগবান্ কমললোচন শ্রীহরি যখন তোমাদের নয়নগোচর ও হৃদয়গোচর হইবেন, তখন তোমাদের অহঙ্কারাদি যাবতীয় সংসারবন্ধন শিথিল হইয়া যাইবে; দেহ গেহাদির আসক্তি দূরে পলায়ন করিবে এবং এই স্থূল, সূক্ষ্ম ও কারণ ভেদে দেহত্রয় হইতে পৃথক্ হইয়া তোমরাও পরমাত্মস্বরূপ ব্রহ্মপদবীতে যে আরোহণ করিবে, তাহাতে আর সন্দেহ নাই। তৎকালে তোমরাও ভাস্করের ন্যায় তেজোমূর্ত্তি ধারণে চিন্ময়বিগ্রহে বৈকুণ্ঠধামে গমন করিবে। দেখ! লক্ষ লক্ষ যোনি পরিভ্রমণে যে জ্ঞান সংগৃহীত হইয়া জীব মুক্তি লাভে সমর্থ হয়, তোমরা এক এই মনুষ্যযোনি লাভ করিয়া, সেই সকল কর্ম্মের

আগমিষ্যত্যদীর্ঘেণ কালেন ব্রজমচ্যুতঃ।
প্রিয়ং বিধাস্যতে পিত্রো র্ভগবান্ সাত্বতাং পতিঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

অচ্যুতঃ কৃষ্ণঃ অদীর্ঘেণ স্বল্পেন, কালেন ব্রজং আগমিষ্যতি। সাত্বতাং ভক্তানাং, পতিঃ ভগবান্ কৃষ্ণঃ পিত্রোঃ প্রিয়ং বিধাস্যতি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

প্রস্তুতমাহ আগমিষ্যতীতি পিত্রোর্যুবয়োঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভো বৎস উদ্ধব ত্বমতিবুদ্ধিমান্ শ্রুতঃ কিন্তু মুগ্ধ এবাসি যদাবামপি স্তৌষি। হন্ত হন্ত তাদৃশো গুণার্ণবঃ পুত্রো যদ্গৃহাদন্যত্র গত স্ততোঽধিকো মন্দভাগ্যোঽধমো দুঃখী ত্রিভুবন-মধ্যে কোঽস্তীত্যাবাং সর্ব্বে নির্ন্দনীয়াবেবেতি তদুক্তিমাশঙ্ক্য সাশ্বাসমাহ আগমিষ্যতীতি। অচ্যুতঃ দ্রষ্টুমেষ্যাম ইতি সত্যবাক্যাৎ চ্যুতিরহিতঃ। সাত্বতাং যদূনাং পতিঃ পালক এব কেবলমত্রৈব স্থিত্বা ভবিষ্যতি। যুবয়োস্তু প্রিয়ং মনোঽভীষ্টং করিষ্যতি ॥ ২৫ ॥

অচ্যুত অতি শীঘ্র এই ব্রজধামে আগমন করিবেন; সেই ভক্তবৎসল ভগবান্ তোমাদের ন্যায় জনকজননীর প্রিয়কার্য্য সম্পাদনে কখনই ত্রুটি করিবেন না ॥ ২৫ ॥

আভাস।

পরিসমাপ্তি করিতে পারিয়াছ; আর কিছু করিতে হইবে বলিয়া বাকী রহিল না ॥ ২৩ ॥ ২৪ ॥

তখন পাছে নন্দ বলেন যে, "হে বৎস উদ্ধব! লোকমুখে তোমাকে একজন বিচক্ষণ ও বুদ্ধিমান্ বলিয়া শ্রবণ করিয়াছি। কিন্তু তুমি যখন আমাদিগেরও বিশেষ গুণবর্ণনে অগ্রসর হইয়াছ, তখন তোমাকে যেন বিমুগ্ধ বলিয়াই আমার মনে হইতেছে। কারণ বল দেখি! ওরূপ গুণার্ণব পুত্র যাহার গৃহ হইতে অন্যত্র গমন করে, তাহার ন্যায় কি দুর্ভাগা মন্দবুদ্ধি অধম ব্যক্তি আর ত্রিভুবনের মধ্যে কেহ আছে? আমার এমন সামর্থ্য হইল না যে, গৃহলব্ধ নিধিকেও যত্নে রক্ষিত করি?" এই ভয়ে উদ্ধব বলিলেন, চিন্তিত হইবেন না। শ্রীকৃষ্ণের নাম অচ্যুত; কোথায়ও যেমন তাঁহার চ্যুতি হয় না, বাক্যেরও কখন অন্যথা হইবে না। তিনি যখন বলিয়াছেন যে, আপনার এখানে আগমন করিবেন, তখন তিনি অবশ্য অতি শীঘ্রই আগমন করিবেন। তিনি যদুপতি; ভক্ত যাদবগণকে কখন পরিত্যাগ করিবেন না; এই স্থানেই থাকিবেন এবং আপনাদের প্রিয়ানুষ্ঠানে কখন উপেক্ষা করিবেন না ॥ ২৫ ॥

আপনি তাঁহার এখানে প্রত্যাগমন সম্প্রতি বিশ্বাস করিতে পারিতেছেন না বটে, কিন্তু স্মরণ করিয়া দেখুন! শ্রীকৃষ্ণ রঙ্গমধ্যে কংসকে নিহত করিয়া, আপনাদের নিকট গমন করেন এবং বলেন যে, হে তাত! এক্ষণে আর আপনাদিগকে এখানে থাকিতে হইবে না; ব্রজে গমন করুন! আমরা এখানকার স্বজনবর্গের দুঃখ মোচন করিয়া, আপনাদিগকে

হত্বা কংসং রঙ্গমধ্যে প্রতীপং সর্ব্বসাত্বতাং।
যদাহ বঃ সমাগত্য কৃষ্ণঃ সত্যং করোতি তৎ ॥ ২৬ ॥
মা খিদ্যতং মহাভাগো দ্রক্ষ্যথঃ কৃষ্ণমন্তিকে।

অন্বয়ঃ।

রঙ্গমধ্যে মল্লযুদ্ধভূমৌ সর্ব্বসাত্বতাং (সর্ব্বেষাং ভক্তযাদবানাং) প্রতীপং প্রতিকূলং, কংসং হত্বা, বঃ যুষ্মান্, প্রতি সমাগত্য কৃষ্ণঃ যৎ "যাত যূয়ং ব্রজং তাত বয়ং চ স্নেহদুঃখিতান্। জ্ঞাতীন্ বো দ্রষ্টুমেষ্যামো বিধায় সুহৃদাং প্রিয়ং" ইতি আহ তৎ সত্যং করোতি ॥ ২৬ ॥

হে মহাভাগৌ! মা খিদ্যতং খেদং মা কুরুতং; অন্তিকে সমীপে, এব কৃষ্ণং দ্রক্ষ্যথঃ;

শ্রীধরস্বামী।

যাত যূয়ং ব্রজং তাত বয়ঞ্চ স্নেহদুঃখিতান জ্ঞাতীন্ বো দ্রষ্টুমেষ্যামো বিধায় সুহৃদাং সুখমিতি যদাহ কৃষ্ণস্তৎ সত্যং করিষ্যতীতি ॥ ২৬ ॥

কালবিলম্বমসহমানৌ প্রত্যাহ মা খিদ্যতমিতি। হে মহাভাগৌ অন্তিকে ইদানীমেব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদাহ যাত যূয়ং ব্রজং তাত ইতি শ্লোকেন তৎ সত্যং করোতি করিষ্যতে। বর্ত্তমানসামীপ্যে লট্। বস্তুতস্তূদ্ধবেনাদৃষ্টস্তত্রৈব তাভ্যাং তদৈব লালিতঃ সপ্রকাশান্তরেণ বর্ত্তত এবেত্যুদ্ধবমুখাৎ সত্যৈব বাগ্দেবী নিরগাৎ ॥ ২৬ ॥

হন্ত হন্ত ধিগাবাং যয়োরভাগ্যস্য প্রাবল্যমেব সত্যবচসোঽপি পুত্রস্যাত্রাগমনে প্রতিবন্ধকীভবতীতি খিদ্যন্তৌ তৌ প্রত্যাহ মেতি। নন্বন্তিকে যদ্দ্রক্ষ্যাবস্তং কস্মিন্ দিনে শ্বঃ পরশ্বো বা

মল্লগণের যুদ্ধপ্রাঙ্গণে ভক্ত যাদবগণের পরম শত্রু কংসকে নিহত করত আপনাদের নিকট উপস্থিত হইয়া কৃষ্ণ যখন বলেন যে, "হে তাত! আপনারা ব্রজপুরে গমন করুন! আমাদের অদর্শনে আপনারা অবশ্য কাতর হইবেন বটে, কিন্তু এখানকার সুহৃদ্বর্গের মঙ্গল সাধন করিয়া, আপনাদিগকে দেখিতে যাইব"; তখন শ্রীকৃষ্ণ সে প্রতিজ্ঞা অবশ্য রক্ষা করিবেন ॥ ২৬ ॥

আপনাদের ন্যায় সৌভাগ্যবান্ আর কাহাকেও নয়নগোচর করি না! আপনারা কৃষ্ণবিরহে কাতর হইবেন না! কারণ কাষ্ঠের অন্তরে অনল

আভাস।

দেখিতে যাইব ভগবানের এই উক্তি কি কখন মিথ্যা হইবে? এস্থলে টীকাকারগণের পূর্ব্বোক্ত ভাব অনুসারে নন্দের সহিতই পরোক্ষভাবে কৃষ্ণ বিদ্যমান ছিলেন, এই অর্থেই উদ্ধবের ওরূপ বলিবার তাৎপর্য্য স্বীকার করিতে হইবে ॥ ২৬ ॥

নন্দ বলিলেন, অহো! আমাদিগকেই ধিক্! আমাদের দুর্ভাগ্যই সত্যবাদী পুত্রের শুভাগমনে প্রতিবন্ধক করিতেছে; এইরূপ বলিয়া খেদ করিলে, উদ্ধব বলিলেন, হে মহাভাগ!

অন্তর্হৃদি স ভূতানামাস্তে জ্যোতিরিবৈধসি ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

যতঃ সঃ শ্রীকৃষ্ণঃ এধসি কাষ্ঠে, জ্যোতিঃ বহ্নিঃ, ইব ভূতানাং অন্তর্হৃদি হৃদয়াকাশে, আস্তে ॥২৭

শ্রীধরস্বামী।

সমীপে বা কুত ইত্যত আহ অন্তর্হৃদীতি। তর্হি সর্ব্বৈঃ কিমিতি ন দৃশ্যতে তত্রাহ জ্যোতিরিবৈধসীতি। তদ্‌যথা মথনং বিনা ন দৃশ্যতে তথা ভক্তিং বিনা শ্রীকৃষ্ণোঽপীতি ভাবঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চমে দিনে দশমে দিনে বা সংপ্রতি নির্জিগমিষূন্ প্রাণান্ কেনাশ্বাসেন স্থাপয়িষ্যাবস্থাবৎ। নুচেদাগমিষ্যতি তদেব নিশ্চিত্য ব্রূহি। নির্যান্তু প্রাণা মাস্তু তন্নিরোধনকষ্টমাবয়োরিত্যুক্তবতি শ্রীনন্দে উদ্ধবঃ স্বহৃদি পরামমর্শ। হন্তাত্র কমুপায়মনুতিষ্ঠামি। প্রাকৃতপুত্রবিয়োগাতুরাঃ খলু এবং প্রবোধ্যন্তে ভো ভোঃ কিমিতি সাংসারিকমোহে মগ্না ভবথ মিথ্যাভূতপুত্রকলত্রাদিষ্বাসক্তিমনর্থহেতুং পরিত্যজ্য ভগবত্যাসক্তিঃ ক্রিয়তামিতি যস্য তু ভগবত্যেব পুত্রীভূতে আসক্তিঃ স নন্দোঽয়ং কথং প্রবোধয়িতব্যঃ নচ বসুদেবস্যেবাস্য পুত্রভাবঃ ঐশ্বর্য্যপ্রদর্শনয়া শিথিলয়িতুং শক্যঃ প্রত্যুত অনয়ো র্গাঢ়ত্বমেবাপদ্যতে। হন্ত প্রাকৃতপুত্রমপি গৃহে খেলন্তমদৃষ্ট্বা তৎপিতরৌ দুঃখেন ম্রিয়েতে। আবয়োস্ত্বতিভাগ্যবশাৎ পরমেশ্বরোঽপি পুত্রীভূতো গৃহে খেলতি স্ম। আবয়োঃ ক্ষণমপি লালনমপ্রাপ্য খিদ্যতে স্ম। স্বগৃহে তং পুত্রমদৃষ্ট্বা কথং জীবিষ্যাবঃ। ধিগাবাং যত্তাদৃশাদপি পুত্রাদ্বিযুক্তাবিত্যেবম্বিধা অনয়ো র্মনোনিষ্ঠা দেবকী-

---

যেমন নিত্য প্রতিষ্ঠিত, সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ প্রাণিমাত্রেরই অন্তরে নিরন্তর বিদ্যমান রহিয়াছেন! আপনারা তাঁহাকে নিজ সন্নিধানেই অবলোকন করিবেন ॥ ২৭ ॥

আভাস।

আপনারা খেদ করিবেন না! আপনারা অতি সত্বর আপনাদের নিকটেই শ্রীকৃষ্ণকে পাইবেন! তখন তিনি কালবিলম্ব সহ্য করিতে অসমর্থ হইয়া বলিলেন, হে উদ্ধব! কৃষ্ণ আসিবেন সত্য! কিন্তু সে দিন আমার কবে হইবে? কল্য বা পরশ্ব বা দুই দিন বা পাঁচ দিন পরে, তাহা স্পষ্ট করিয়া বল। জীবন যে, দেহে আর থাকিতে চাহে না। কোন্ আশ্বাসে তাহাকে দেহে রাখিব? আর যদি কৃষ্ণ নাও আসেন, তাহা স্পষ্ট করিয়া বল! প্রাণ যায়, যাউক্! আর জীবন রোধের প্রয়াসে আমাদের প্রয়োজন নাই। নন্দের বাক্য শুনিয়া উদ্ধব মনে মনে বিবেচনা করিলেন, অহো! এক্ষণে কি উপায় অবলম্বন করি? যদি প্রাকৃত পুত্রের বিরহ উপস্থিত হইত, তাহা হইলে অনায়াসে বুঝাইতে পারিতাম যে, ছি! ছি! মিথ্যা পুত্র কলত্রাদির মায়ার আবদ্ধ হইয়া, কেন বৃথা সংসার-বন্ধনে লিপ্ত হইতেছেন। যাবতীয় অনর্থের হেতুভূত মায়াকে বিসর্জ্জন করত ভগবানে প্রাণ সমর্পণ করুন্! তিনি শান্তিময়! এখনই আপনার মনোগ্লানি নিবারণ করিবেন। কিন্তু স্বয়ং ভগবান্ যাঁহার পুত্ররূপে অবতীর্ণ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বসুদেবৌ ত্বেতৎপারমৈশ্বর্য্যানুভবে সতি হন্তাবয়োরয়মারাধ্য এব নতু পুত্র ইত্যেতৎ পরিষ্বঙ্গলালনাদাবপি শঙ্কেতে। ন কেবলমেষামেব কৃষ্ণে মমতাগ্রন্থিঃ দৃঢ়ঃ। কিন্তু পরমেশ্বরস্যাপি তস্যৈতেষু দৃঢ়ৈব মমতা। গৃহীত্বা পাণিনা পাণিং পিত্রো র্নৌ প্রীতিমাবহেত্যেতদর্থে তস্যাপি ব্যাকুলতা ময়া দৃষ্টৈব। দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাং। নন্দ তে তনয়েঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথমিতি গোপবাগপি শ্রুতা স্মর্য্যতে এব যদি পুন র্মথুরাং গত্বা শস্তমানয়ামি তদা কংসভার্য্যাদ্বয়োপজাপকুপিতে জরাসন্ধে মথুরাং হন্তমাগমিষ্যতি সতি তত্র বসুদেবাদীন্ যাদবান্ কো রক্ষেৎ। যদি তদ্রক্ষার্থং কৃষ্ণ এব পুনর্মথুরাং গচ্ছেৎ তদৈতে ম্রিয়েরন্। যদি চাতশ্চতুঃপঞ্চবর্ষান্তে আয়াস্যতীতি ব্রবীমি তদা তাবৎকালপর্য্যন্তং ধৈর্য্যদিধীর্ষাপ্যেতে দুষ্করা। চতুঃপঞ্চদিনান্তে আয়াস্যতীত্যলীকোক্ত্যা আশ্বাসনে তদ্দিন এব মদুক্তেরলীকত্বে ব্যক্তে ম্রিয়েরন্। তস্মাদুপায়ান্তরাভাবাদধুনা কৃষ্ণস্য পরমাত্মত্বেন সর্ব্বত্রৌদা-

আভাস।

হইয়াছেন এবং যে নন্দ তাঁহাতেই এইরূপ চিত্ত সমর্পণ করিয়াছেন, তাঁহাকে কি বলিয়া প্রবোধ দেওয়া যায়! রামকৃষ্ণের প্রতি বসুদেবের যেরূপ পুত্র ভাব, নন্দের পুত্রভাব সেরূপ নহে; ইহাঁদের প্রেম শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্যভাবের পরিচয়ে শিথিল না হইয়া, বরং পূর্ব্বাপেক্ষা গাঢ়তমই হইয়া আসিবে। হায়! হায়! এই সামান্য প্রাকৃতিক পুত্রকে গৃহে ক্রীড়া করিতে না দেখিলে, পিতা মাতা দুঃখে মৃতপ্রায় হয়েন; ইহাঁদের বিশেষ সৌভাগ্যের পরিচয়ে পূর্ণব্রহ্ম সনাতন ভগবান্‌ই পুত্রবেশে আগমন করত গৃহে ক্রীড়া করিয়াছেন; ইহাঁরা মনে করিবেন যে, ক্ষণকালের জন্যও যদি যত্নের কোনরূপ ত্রুটি কৃষ্ণ দেখিতেন, অমনি ক্রন্দনাদির ছলে দুঃখ প্রকাশ করিতেন; এক্ষণে তাদৃশ পুত্ররূপী পরম পুরুষের অদর্শনে আমরা কি প্রকারে জীবন ধারণ করিব? অহো! পরমেশ্বরকেও পুত্ররূপে প্রাপ্ত হইয়া, যখন আমাদিগকে তাঁহার বিচ্ছেদ ভোগ করিতে হইতেছে; তখন আমাদিগকে ধিক্! এই প্রকার ইহাঁদের মনের গতি। ইহাঁরা যদি ভগবানের ঐশ্বর্য্যস্বরূপ অবধারণ করিতে পারেন, তাহা হইলে ভাবিবেন, যে, শ্রীকৃষ্ণ আমাদের প্রকৃত পুত্র নহেন; আরাধ্য ইষ্টদেবতা বলিয়াও শ্রীকৃষ্ণের লালন পালনে বা আলিঙ্গনে ইহাঁরা কিছুমাত্র শঙ্কিত হইবেন না। কারণ ইহাঁদের আসক্তির তুলনা নাই। এদিকে ইহাঁদেরই যে কেবল শ্রীকৃষ্ণের প্রতি আসক্তিবন্ধন সুদৃঢ়, তাহা নহে; পরমেশ্বরেরও ইহাঁদের প্রতি বিলক্ষণ প্রীতি আছে। আমার আসিবার সময়, হস্ত ধারণ পূর্ব্বক শ্রীকৃষ্ণ আমাকে যেরূপ বলিলেন যে, হে সখে! উদ্ধব! তুমি বৃন্দাবনে গমন করত আমার পিতা মাতা নন্দযশোদার চিত্ত বিনোদন কর! এই বাক্যেই তাঁহার ব্যাকুলতার বিলক্ষণ পরিচয় হইয়াছে। গোপবাক্যেও প্রকাশ আছে যে, হে নন্দ! তোমার পুত্রের প্রতি আমাদের ন্যায়, ব্রজবাসী সকলেরই যে কি অনুপম প্রীতি, তাহা বর্ণন করা দুঃসাধ্য। দেখ! তোমার পুত্রের সহিত আমাদের এমন কি সম্বন্ধ আছে যে, তাহা আমরা বুঝিতে পারিলাম না। এক্ষণে যদি মথুরায় গিয়া শ্রীকৃষ্ণকেই কোন গতিকে এখানে আনয়ন করি, তাহাতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সীন্তং। তথা নির্ব্বিশেষব্রহ্মস্বরূপত্বেন জন্মকর্ম্মশরীরপিত্রাদিসম্বন্ধরাহিত্যং তদনুকূলমধ্যাত্ম-যোগঞ্চ প্রপঞ্চ্যানয়োঃ প্রেমা সঙ্কোচনীয়ঃ। তেন তেনাপ্যপ্রমেয়ো দুষ্পারো দুর্নিবারঃ প্রেমা যদি প্রত্যুত বর্দ্ধেতৈব তদা মথুরাং গত্বা কৃষ্ণবসুদেবোগ্রসেনাদিমহাসদস্যনয়োঃ প্রেমো নিরুপমাং কীর্ত্তিং কীর্ত্তয়িত্বা সর্ব্বান্ বিস্মাপ্য কৃষ্ণ এব ময়োপালম্ভনীয় ইতি মনসি কৃত্বা প্রথমং কৃষ্ণস্য পরমাত্মত্বং দ্যোতয়ন্নাহ অন্তরিতি। তর্হি সর্ব্বৈঃ কিমিতি ন দৃশ্যতে তত্রাহ জ্যোতিরিতি। তদ্‌যথা মন্থনং বিনা ন দৃশ্যতে তথৈব কৃষ্ণোঽপি তস্মাৎ যুবাভ্যাং তস্মিন্ পুত্রে কৃষ্ণে বৈষ্ণবৈরিব ভক্তিঃ কর্ত্তুং ন শক্যতে কথং স সাক্ষাৎ স্বগৃহে দ্রষ্টব্য ইতি দ্যোতিতে সতি যেন তেন প্রকারেণ পুত্রঃ স্বগৃহমায়াতু পুত্রেঽপি তস্মিন্ ভক্তিঃ কর্ত্তব্যেতি নন্দযশোদাভ্যাং মনসি বিচারিতং। অতএব মনসো বৃত্তয়ো নঃ স্যুঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়া ইত্যুদ্ধবং প্রত্যুপরিষ্টা-দ্বক্ষ্যতে ॥ ২৭ ॥

আভাস।

বিশেষ বিপদের সম্ভাবনা। কংসপত্নীর আগ্রহে জরাসন্ধ উত্তেজিত হইয়া, যদি মথুরা ধ্বংসের চেষ্টা করে, তবে কে বসুদেবাদি যাদবগণকে রক্ষা করিবে? তখন যদি কৃষ্ণ পুনরায় মথুরায় গমন করেন, তাহা হইলে ইহাঁরা আবার এখানে প্রাণত্যাগ করিবেন। যদি এক্ষণে বলি যে, চারি পাঁচ বৎসরের পর শ্রীকৃষ্ণ এখানে আগমন করিবেন, ততদিন ধৈর্য্যধারণ করা ইহাঁদের পক্ষে অসম্ভব হইবে। চারি পাঁচ দিবসের পর আগমন করিবেন বলিলে, মিথ্যা বাক্যের প্রয়োগ করা হইবে এবং সেই কএক দিবসের পর ইহাঁদের প্রাণত্যাগের দিন উপস্থিত হইবে। অতএব যখন অন্য কোন উপায় আর দেখি না, তখন শ্রীকৃষ্ণ যে পরমাত্মা বলিয়া সর্ব্বত্র উদাসীন; তাঁহার সহিত পিত্রাদি লৌকিক সম্বন্ধ কেবল মানবের কল্পনা মাত্র; তাঁহার জন্ম, কর্ম্ম ও দেহাদি সম্বন্ধ নাই। সচ্চিদানন্দস্বরূপ পরম ব্রহ্মভাব অপরোক্ষ ভাবে উপলব্ধি করিবার উপায়ই আত্মজ্ঞান, এইরূপ অবধারণে নন্দ যশোদার প্রেম সঙ্কোচ করা কর্ত্তব্য। ইহাতেও যদি তাঁহাদের প্রেম পরিবর্দ্ধিত হয়, তবে জগতে তাঁহারাই প্রকৃত দৃষ্টান্ত স্থল হইবেন। তখন মথুরায় গমন করত বসুদেবাদির মহা সভায় উপস্থিত হইয়া, প্রেমের নিরুপমা কীর্ত্তির কীর্ত্তনে আমি সভাস্থ সকলের বিস্ময় উৎপাদন করত শ্রীকৃষ্ণকে এখানে আনয়ন করিব। এইরূপ মনে মনে চিন্তা করিয়া উদ্ধব প্রথমত শ্রীকৃষ্ণের পরমাত্মস্বরূপের পরিচয়ে বলিলেন যে, তিনি জীব মাত্রেরই হৃদয়ে বাস করেন, কিন্তু কেহই তাঁহাকে সহজে দেখিতে পায় না। যেমন অরণির অন্তরস্থ হুতাশন বিনা ঘর্ষণে কখন আপনা হইতে প্রকাশ পায় না, সেইরূপ বিনাযোগে সেই যোগীশ্বরের সাক্ষাৎকার কখন লাভ হয় না। শ্রুতি বলিয়াছেন, "স্বদেহমরণিং কৃত্বা প্রণব-ঞ্চোত্তরারণিং। ধ্যাননির্ম্মথনাভ্যাসাৎ দেবং পশ্যেৎ নিগূঢ়বৎ"॥ নিজের দেহাদি অভিমান বর্গকে একখানি কাষ্ঠ ও প্রণবাদি ইষ্টমন্ত্রকে দ্বিতীয় কাষ্ঠরূপে গ্রহণ করত যোগ-রূপ ঘর্ষণের ব্যাপারে অন্তর্নিহিত ভগবদ্ভাবের স্ফূর্ত্তির অভিব্যক্ত করাইতে হইবে। অতএব

নহ্যস্যাতিপ্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ো বাস্ত্যমানিনঃ।
নোত্তমো নাধমো বাপি সমানস্যাসমোঽপি বা।
ন মাতা ন পিতা তস্য ন ভার্য্যা ন সুতাদয়ঃ।
নাত্মীয়ো ন পরশ্চাপি ন দেহো জন্ম এব চ॥ ২৮॥

অন্বয়ঃ।

অমানিনঃ প্রাকৃতদেহাদৌ অহং মমাভিমানশূন্যস্য, সমানস্য সর্ব্বত্র সমদৃষ্টেঃ, অস্য শ্রীকৃষ্ণস্য, ন হি কশ্চিৎ অতিপ্রিয়ঃ ন কশ্চিৎ অপ্রিয়ঃ, ন উত্তমঃ ন বাপি অধমঃ বা অসমঃ অপি কশ্চিৎ ন অস্তি; কুতঃ পিত্রাদেঃ প্রিয়তমত্বং?॥

অস্য ন কাপি মাতা ন কোঽপি পিতা ন ভার্য্যা ন সুতাদয়ঃ সন্তি, ন কশ্চিৎ অস্য আত্মীয়ঃ বন্ধুঃ, ন পরঃ শত্রুঃ, বিদ্যতে যতঃ অস্য দেহঃ জন্ম বা ন সম্ভবতি॥ ২৮॥

শ্রীধরস্বামী।

অহো আস্তামেতত্তস্য ত্বিহাগমনং স্বস্যাতিপ্রিয়ান্ পিত্রাদীন্ বিহায় ন সংগচ্ছত ইতি মন্যে তত্রাহ ন হ্যস্যেতি। অস্য প্রিয়াদয়ো নহি সন্তি। তত্র হেতুঃ অমানিনঃ সমানস্যেতি চ॥ ২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথাপি প্রেমাণমসঙ্কুচন্তমালক্ষ্য ভো ব্রজরাজ কৃষ্ণঃ সাক্ষাৎ পরং ব্রহ্মৈব ভবতীত্যাহ ত্রিভিরস্য প্রিয়াদয়ো ন সন্তি তত্র হেতুঃ। অমানিনঃ সমানস্যেতি চ। ন মাতেত্যাদি প্রকটার্থো নন্দং জ্ঞাপয়িতুমভীপ্সিতঃ। অপ্রকটোঽর্থস্তন্য এব। তত্র তত্র সদসন্মিশ্রাঃ সাত্ত্বিকতামসরজস্যো যোনয়স্তাসু অস্য জন্ম নাস্তি তেন জন্মাভাবাদেব তদুত্তরকালভবং কর্ম্মাপি নাস্তি। তাদৃশজন্ম দেহোঽপি নাস্তি দেহেন ক্রীড়াপি নৈবার্থঃ প্রয়োজনঞ্চ নৈব।

প্রাকৃতিক দেহাদিতে তাঁহার কোন অভিমান নাই; তিনি সকলের প্রতি সমান-ভাবে দৃষ্টি করিয়া থাকেন; তাঁহার অতিপ্রিয় বা অপ্রিয় কেহ নাই এবং কাহাকেও তিনি উত্তম বা অধম বলিয়া জ্ঞান করেন না; তাঁহার সমতুল্যও কেহ নাই॥

ইহাঁর কেহ জনক বা জননী নাই; ইহাঁর ভার্য্যা কেহ নাই; পুত্র কন্যাও ইহাঁর কেহ নাই। ইহার জন্ম বা দেহ নাই; সুতরাং কেহ আত্মীয় বা শত্রু বলিয়াও পরিগণিত হইতে পারে না॥ ২৮॥

আভাস।

হে নন্দ! তোমরা যখন অন্যান্য বৈষ্ণবের ন্যায় ভক্তি করিতেছ না, তখন কি প্রকারে সেই যোগিদুর্ল্লভ ধনকে স্বগৃহে দর্শন করিবে? উদ্ধব এই প্রকার বলিলে, নন্দযশোদা প্রকাশ করিলেন যে, শ্রীকৃষ্ণ গৃহে আসুন! আমরা তাঁহার প্রতি ভক্তিই করিব? শ্রীকৃষ্ণের পদকমলে তাঁহাদের চিত্তবৃত্তি সঙ্গত হউক্, এইরূপ প্রার্থনাও তাঁহারা পরে করিয়াছেন॥২৭

শ্রীকৃষ্ণের ব্রহ্মভাব অবধারণ করিলেও নন্দযশোদার প্রেমের কোনরূপ সঙ্কোচভাব অবলোকন না করিয়া, উদ্ধব তিনটী শ্লোকে শ্রীকৃষ্ণের পরমব্রহ্ম ভাবেরই পরিচয় দিয়াছেন। যিনি পূর্ণব্রহ্ম; মূলা প্রকৃতি যাঁহার শক্তিরূপে নিয়ত সেবা করেন, তাঁহার আর প্রাকৃতিক

নচাস্য কর্ম্ম বা লোকে সদসন্মিশ্রযোনিষু।
ক্রীড়ার্থঃ সোঽপি সাধূনাং পরিত্রাণায় কল্পতে ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

লোকে প্রাণিসমূহে, জন্মাদিহেতু পুণ্যপাপাত্মকং যৎ কর্ম্ম তৎ অস্য ন অস্তি তথাপি ক্রীড়ার্থঃ ক্রীড়াপ্রয়োজনঃ, সন্ সাধূনাং পরিত্রাণায় সঃ সদসন্মিশ্রযোনিষু দেবতির্য্যঙ্মনুষ্যেষু কল্পতে স্বেচ্ছয়া আবির্ভবতি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

সোঽপি জন্মকর্ম্মাদিরহিতোঽপি ক্রীড়াপ্রয়োজনঃ সন্ সাধূনাং পরিপালনায় সদসন্মিশ্রযোনিষু সাত্ত্বিকরাজসতামসযোনিষু। যদ্বা দেবাদিমৎস্যাদিনৃসিংহাদিযোনিষু কল্পতে আবির্ভবতীতি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যা গুণাতীতাঃ শুদ্ধসত্ত্বস্বরূপা যশোদাদেবকীকৌশল্যাদ্যা স্বাসু জন্ম চ তদনন্তরং কর্ম্ম চ তজ্জন্মা দেহশ্চ ক্রীড়া চ প্রয়োজনঞ্চাস্তি তদ্রূপা মাত্রাদ্যাশ্চ সন্তীতি ভাবঃ। কিন্ত্বয়ং নদং জ্ঞাপয়িতুমনভীপ্সিতঃ। সোঽপি এবং ব্রহ্মস্বরূপোঽপি সাধূনাং স্বভক্তানাং দুঃখত্রাণায় কল্পতে যোগ্যো ভবত্যেব ভক্তবাৎসল্যাদিতি ভাবঃ ॥ ২৮ ॥ ২৯ ॥

পুণ্যময় ও পাপময় কর্ম্মের অনুসারেই জীবের জন্ম হইয়া থাকে; কিন্তু ভগবান্ শ্রীকৃষ্ণে তাদৃশ কর্ম্মের গন্ধমাত্রও নাই। তিনি ধার্ম্মিক সাধুগণের পরিত্রাণের জন্য স্বকীয় ইচ্ছা অনুসারে দেবতা, তির্য্যক্ ও মনুষ্য প্রভৃতি যোনিতে জন্মগ্রহণ করিয়া থাকেন ॥ ২৯ ॥

আভাস।

জীবের ন্যায় দেহধারণ কিরূপে সঙ্গত হয়। তিনি জগতের জীবন এবং কারণস্বরূপ; প্রকৃতির সৃষ্ট স্থাবরজঙ্গমাদি সকল পদার্থের সহিত তাঁহার সমান সম্বন্ধ। সাত্ত্বিক, রাজসিক বা তামসিক যোনিতে তাঁহার জন্মের কোন কারণ নাই; যেহেতুক পূর্ব্বসঞ্চিত কোন কর্ম্মই তাঁহার নাই। সুতরাং দেহের অভাবে বালকবৎ ক্রীড়ারও প্রয়োজন কিছু নাই; এবং বসুদেব বা দেবকী এবং নন্দযশোদার সহিত সম্বন্ধও অনির্ব্বচনীয়। তবে যে কারণে তিনি জগদ্রচনা করিয়াছেন, তাহারই আনুকূল্য সাধনের জন্য তিনি যে কিছু ব্যাপারের পরিচয় দেন, তাহার কারণ তিনিই জানেন; অন্য কেহ তাহা নিরূপণ করিতে পারে না ॥ ২৮ ॥ ২৯ ॥

এক্ষণে আশঙ্কা হয় যে, যদি ভগবানের প্রিয় বা অপ্রিয় বলিয়া কাহারও সহিত কোন পার্থক্যবোধ না থাকে, তবে একজনকে সুখী ও একজনকে দুঃখী করিয়া তিনি কেন সৃষ্টি করিলেন। তদুত্তরে প্রকাশ করিলেন যে, গুণময়ী মায়ার বৈচিত্রেই কেবল এই বিচিত্রতার সৃষ্টি হয়; ভগবান্ কেবল সাক্ষীস্বরূপে সর্ব্বত্র বিরাজ করেন মাত্র। ক্রীড়ার দ্বারা তাঁহার চিত্তবিনোদনের কোন প্রয়োজন নাই। পূর্ব্ব পূর্ব্ব সঞ্চিত কর্ম্মানুসারে জীব

সত্ত্বং রজস্তম ইতি ভজতে নির্গুণো গুণান্।
ক্রীড়ন্নতীতোঽপি গুণৈঃ সৃজত্যবতি হন্ত্যজঃ॥ ৩০॥

অন্বয়ঃ।

নির্গুণঃ সত্ত্বাদিপ্রাকৃতগুণপারবশ্যরহিতঃ অপি ভগবান্ সত্ত্বং রজঃ তমঃ ইতি গুণান্ ভজতে স্বীকরোতি। তথা সংসারাৎ অতীতঃ অজঃ কর্ম্মাধীনজন্মরহিতঃ, অপি ক্রীড়ন্ গুণৈঃ বিশ্বং সৃজতি অবতি রক্ষতি, হন্তি সংহরতি চ॥ ৩০॥

শ্রীধরস্বামী।

নন্বু জন্মকর্ম্মাদিরহিতস্য কুত এতদিত্যাহ সত্ত্বমিতি। ক্রীড়ামতীতোঽপি ক্রীড়ন্ তথাপি মায়াগুণৈ র্ঘটত ইতি ভাবঃ॥ ৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু যদি তস্য সর্ব্বত্র সাম্যাৎ প্রিয়াপ্রিয়াদয়ো ন সন্তি তর্হি কথং তেন কেচিৎ সুখিনঃ কেচিদ্দুঃখিনশ্চ জগত্যত্র সৃষ্টা স্তত্র গুণকৃতমেব সুখদুঃখাদিকং ন তৎকৃতমিত্যাহ সত্ত্বমিতি। নির্গুণোঽপি স্বমায়াশক্ত্যা বীক্ষণাদিনা গুণাংস্তদীয়ান্ স্বীকুরুতে কিমর্থং ক্রীড়ন্ ক্রীড়িতুং অতীতঃ ক্রীড়ামতীতঃ ইতি ক্রীড়াপি তস্য নাস্তীতি নন্দং বোধয়িতুমভীপ্সিতোঽর্থ। বস্তুতস্তু গুণানতীতঃ সন্ অত্র মায়িকলোকমধ্যে কৃষ্ণরামাদ্যবতারেণ স্বভক্তৈঃ সহ ক্রীড়িতুমিত্যর্থঃ। অতো গুণৈর্জগৎ সৃজতি যতএব প্রাক্কল্পগতজীবাঃ স্বস্বশুভাশুভকর্ম্মসাধনফলসিদ্ধ্যর্থং বুদ্ধীন্দ্রিয়াদীনি প্রাপ্য সুখিনো দুঃখিনশ্চ ভবন্তীতি তত্র তস্য কো দোষঃ। নহি তস্য প্রিয়া অপ্রিয়াশ্চেতি ভাবঃ॥ ৩০॥

সত্ত্বাদি প্রাকৃতিক গুণের বশবর্ত্তী না হইয়াও ভগবান্ উক্ত গুণত্রয়কে কার্য্যের অনুরোধে স্বীকার করিয়া থাকেন এবং স্বয়ং জন্মমরণাদি সংসারভাবের অতীত হইলেও কেবল ক্রীড়াচ্ছলে উক্ত গুণত্রয়ের দ্বারা এই বিশ্বসংসারের সৃষ্টি, স্থিতি ও পালন কার্য্য নির্ব্বাহ করিতেছেন॥ ৩০॥

আভাস।

চিত্তাদি দেহবর্গের লাভে কর্ম্মানুরূপ সুখ বা দুঃখ ভোগ করিয়া থাকে; অসঙ্গ পুরুষে তাহার কোন সম্বন্ধই স্পর্শ করে না। তিনি কেবল সাক্ষিরূপে বিদ্যমান থাকাতেই, প্রকৃতি অচেতনা হইলেও সচেতনার ন্যায় জগতের রচনা করেন; ভ্রান্তিনিবন্ধন কার্য্যের কর্ত্তৃত্ব পরমাত্মাতে আরোপিত হয় মাত্র। কোন ব্যক্তির পীড়াদি বশত যদি মস্তিষ্ক ঘূর্ণিত হয়, তবে তাঁহার দৃষ্টিও দূষিত হয় এবং ঘূর্ণিত মস্তিষ্কের দোষ তাহার নিকটবর্ত্তী স্থান ও পদার্থে সে আরোপ করত, স্থান ও পদার্থ ঘূর্ণিত হইতেছে, এইরূপ প্রতীতি করে। সেইরূপ চিত্ত কার্য্য করে, কিন্তু চিত্তের দোষ তত্রস্থ বিম্বভূত চৈতন্যে আরোপ করত, জীব আত্মা বা পরমাত্মাকে কর্ত্তা বলিয়া মীমাংসা করিতে ইচ্ছুক হয়। স্বরূপত পরমাত্মা জগতের স্রষ্টাদি নহেন। কিন্তু গুণময়ী মায়াও তাঁহার স্বরূপ নহেন; কারণ কার্য্যকালে তিনি

যথা ভ্রমরিকাদৃষ্ট্যা ভ্রাম্যতীব মহীয়তে।
চিত্তে কর্ত্তরি তত্রাত্মা কর্ত্তেবাহংধিয়া স্মৃতঃ॥ ৩১॥

অন্বয়ঃ।

ভ্রমরিকাদৃষ্ট্যা (ভ্রমরিকা পরিভ্রমণং তয়া উপলক্ষিতয়া দৃষ্ট্যা) মহী যথা ভ্রাম্যতী ইব ঈয়তে প্রতীয়তে, তথা স্বচিত্তে কর্ত্তরি সতি, তত্র অহংধিয়া (ভ্রান্তস্য জনস্য স্বদোষেণ) আত্মা ভগবান্ অপি কর্ত্তা ইব স্মৃতঃ॥ ৩১॥

শ্রীধরস্বামী।

তত্রাবিদ্যোপাধিজীবস্য কর্তৃত্বং দৃষ্টান্তীকুর্ব্বন্ তস্যা বিদ্যয়ৈব কর্তৃত্বমিতি সদৃষ্টান্তমাহ যথেতি। ভ্রমরিকা পরিভ্রমণং তয়োপলক্ষিতয়া দৃষ্ট্যা ভূরপি ভ্রাম্যতীব যথা প্রতীয়তে এবং চিত্তে কর্ত্তরি সতি। তত্র চিত্তেঽহংধিয়া আত্মাধ্যাসেন আত্মা কর্ত্তা স্মৃতো যথা তদ্বদিতি॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জগৎস্রষ্টৃত্বমপি তত্র পরমেশ্বরে বস্তুতো নাস্তি তস্যাপি গুণকৃতত্বাদিত্যাহ যথেতি। ভ্রমরিকা পরিভ্রমণং বাতাদিধাতুবৈগুণ্যাদ্যুক্তয়া দৃষ্ট্যা জনেন মহী কুম্ভকারচক্রবদ্ভ্রাম্যতীব ঈয়তে প্রতীয়তে যথা চ জীবেন চিত্তেঽপি কর্ত্তরি সতি তত্রৈবাহংধিয়া চিত্তমেবাহমিতি বুদ্ধ্যা আত্মা কর্ত্তা স্মৃতঃ। স্মর্য্যতে তথৈব গুণকৃতৈব জগৎসৃষ্টিরীশ্বরে প্রতীয়ত ইতি শেষঃ। এবঞ্চ স্বরূপেণৈব তস্য জগৎস্রষ্টৃত্বং নাস্তি কিন্ত্বস্বরূপভূতায়া অপি মায়ায়াস্তচ্ছক্তিত্বেন তদ্ভেদাজ্জগৎস্রষ্টৃত্বমস্যাপীতি জ্ঞেয়ং॥ ৩১॥

যাহাদের মস্তিষ্ক ঘূর্ণিত হয়, তাদৃশ পীড়িত ব্যক্তির দৃষ্টিতে যেমন চতুর্দ্দিকস্থ মার্গ প্রভৃতি ভূমি ঘূর্ণিত বলিয়া প্রতীত হয়, সেইরূপ নিজচিত্তে কর্তৃত্বের ভাব থাকায়, চিত্তকে অহংজ্ঞান করত ভ্রান্ত জীব তত্রস্থ আত্মস্বরূপ ভগবানকে কর্ত্তা বলিয়া ধারণা করে॥ ৩১॥

আভাস।

প্রকাশমানা হইলেও, কার্য্যের অবসানে মিথ্যাভূতা ও তত্ত্বশূন্যার ন্যায়, পরমাত্মস্বরূপেই প্রলীনা থাকেন; তখন চিদানন্দময় পরমাত্মভাব ব্যতীত অন্য কোন শক্তির বা ভাবের উদ্বোধন থাকে না। নির্গুণ ও নিরঞ্জনভাবে পরমজ্ঞানই কার্য্যের আদিতে ও অবসানে বিদ্যমান থাকেন। নভোমণ্ডলে মেঘের উদয়ে, যেমন বর্ষা বাতাদি নানাপ্রকার কার্য্যের পরিচয় হয়, অথচ আকাশের সহিত মেঘের আশ্রয়ভাব ব্যতীত, অন্য কোন সম্বন্ধ দেখা যায় না; সেইরূপ কূটস্থ চৈতন্যে কল্পিতা প্রকৃতিতে জগৎসৃষ্ট্যাদি বিবিধ ভাবের পরিচয় হইলেও, প্রকৃতির আশ্রয় ব্যতীত সৃষ্টিকার্য্যের সহিত পরমাত্মার কোন সম্বন্ধই নাই। প্রকৃতিই পরমাত্মাকে আশ্রয় করিয়া, সমস্ত কার্য্য-নির্ব্বাহ করিতেছেন; অথচ সকল কার্য্য পরমাত্মাতে আরোপিত হয় মাত্র॥ ৩০॥ ৩১॥

পরমাত্মা অসঙ্গ এবং অকর্ত্তা হইলেও, প্রকৃতিকে ঈক্ষণ করিবার গুণে জগতের স্রষ্টা-

যুবয়োরেব নৈবায়মাত্মজো ভগবান্ হরিঃ।
সর্ব্বেষামাত্মজো হ্যাত্মা পিতা মাতা স ঈশ্বরঃ ॥ ৩২ ॥
দৃষ্টং শ্রুতং ভূতভবদ্ভবিষ্যৎ স্থাস্নুশ্চরিষ্ণু র্মহদল্পকং বা।

অন্বয়ঃ।

অয়ং ভগবান্ হরিঃ যুবয়োঃ এব আত্মজঃ ন ভবতি; অপিতু সর্ব্বেষাং হি আত্মজঃ আত্মা, পিতা মাতা চ ঈশ্বরঃ নিয়ন্তা, চ সঃ এব ॥ ৩২ ॥

(কিং বহুনা) দৃষ্টং শ্রুতং ভূতভবৎভবিষ্যৎ স্থাস্নুঃ স্থাবরং, চরিষ্ণুঃ জঙ্গমং, মহৎ অল্পকং

শ্রীধরস্বামী।

কিঞ্চ যুবয়োরেব নায়মাত্মজঃ কিন্তু সর্ব্বেষামপি তত্রাপি নাত্মজ এষ কিন্তু পিতৃমাত্রাদিরূপোঽপীতি সর্ব্বাত্মত্বনিরূপণেন মোহনিবৃত্তয়ে সম্বন্ধমনৈকান্তিকীকরোতি যুবয়োরেবেতি দ্বাভ্যাং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতঃ সর্ব্বজগৎস্রষ্টরি তস্মিন্ পরমেশ্বরে পুত্রাদিভাবনা সুখদুঃখদত্বাদিভাবনা চ কর্ত্তুং নোচিতা। তদপি পরমেশ্বরোঽপি স কৃষ্ণো মমৈব পুত্র ইতি যদি মন্যসে তদা শৃণু তত্ত্বমিত্যাহ। যুবয়োরেব ন আত্মজঃ। কিন্তু যে যে তস্মিন্নাত্মজভাবং কুর্য্যুস্তেষাং সর্ব্বেষামেবাত্মজঃ আত্মা আত্মবৎ প্রেষ্ঠঃ। যে যে তস্মিন্নাত্মৈবায়মিতি ভাবং কুর্য্যুস্তেষ মাত্মা এবং পিত্রাদিভাববতাং স পিত্রাদিঃ। ঈশ্বর ইতীশ্বরত্বাত্তস্মিন্ কিমপি নায়ুক্তমিতি ভাবঃ ॥ ৩২ ॥

বস্তুতস্তু ভো ব্রজরাজ যুষ্মদাদিকং সর্ব্বমিদং জগত্তচ্ছক্তিস্বষ্টাত্তদাত্মকমেব জানীহি

ভগবান্ শ্রীকৃষ্ণ কখন আপনাদের আত্মজ নহেন; যদি আত্মজ বলিতে হয়, তবে তিনি জীবমাত্রেরই আত্মজ; তিনিই আত্মা, তিনিই পিতা, তিনিই মাতা এবং ঈশ্বররূপে নিয়ন্তা একা তিনিই বিরাজ করিতেছেন ॥ ৩২ ॥

অধিক কি! যাহা কিছু দেখা যায়, বা যাহা কিছু শুনা যায়; অতীত বর্ত্তমান বা ভাবি বলিয়া যে কোন সামগ্রী আছে; স্থাবর, জঙ্গম, অণু বা বৃহৎ

আভাস।

স্বাদি ধর্ম্ম তাঁহার উপরই নির্ভর করে। তাঁহাকে পুত্রাদি বলিয়া, সুখদুঃখাদির দাতা বলিয়া চিন্তা করা অন্যায় ও অসঙ্গত। হে ব্রজরাজ! আপনি যদি তাঁহাকে পুত্র বলিয়া মনে করেন, তাহা আপনার ভ্রম! তিনি কেবল আপনাদের পুত্র নহেন; যে তাঁহার প্রতি পুত্রভাবে প্রেম করে, তিনি তাহাদের সকলেরই পুত্র। কেবল পুত্র কেন? পিত্রাদি যে কোন ভাবে যে তাঁহাকে প্রেম করে, তিনি সেই ভাবেই তাহার সাধ পূরণ করিয়া থাকেন। আবার যে তাঁহাকে পরম প্রিয় পরমাত্মাজ্ঞানে প্রেম করেন, তিনি তাহার কাণ্ডারী হইয়া, এই ভবসমুদ্র হইতে তাহাকে উদ্ধার করেন ॥ ৩২ ॥

বিনাচ্যুতাদ্বস্তু তরাং ন বাচ্যং সএব সর্ব্বং পরমাত্মভূতঃ ॥ ৩৩ ॥
এবং নিশা সা ব্রুবতো ব্যতীতা নন্দস্য কৃষ্ণানুচরস্য রাজন্।

অন্বয়ঃ।

বা বস্তুতরাং বস্তুমাত্রং, অচ্যুতাং বিনা তদ্ভিন্নতয়া ন বাচ্যং নির্ব্বচনার্হং ন ভবতি। যতঃ পরমার্থভূতঃ পরমকারণত্বাৎ সঃ এব সর্ব্বং ॥ ৩৩ ॥

হে রাজন্! কৃষ্ণানুচরস্য উদ্ধবস্য নন্দস্য চ এবং ব্রুবতোঃ পরস্পরং কথয়তোঃ, সতোঃ

শ্রীধরস্বামী।

অচ্যুতাং বিনা তরাং নিতরাং তত্ত্বতো বাচ্যং নির্ব্বচনার্হং বস্তু নাস্তীতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রূহি চ তদনুরূপমিত্যাহ দৃষ্টমিতি। অচ্যুতাং বিনা বস্তু ন তরাং নৈব বাচ্যং। প্রকৃতি-প্রত্যয়য়োঃ পৌর্ব্বাপর্য্যাভাব আর্ষঃ ॥ ৩৩ ॥

এবং তয়ো ব্রুবতোরেব সা নিশা ব্যতীতা নতু নন্দযশোদয়োঃ সান্ত্বনং কর্ত্তুমুদ্ধবঃ শশাক নাপ্যুদ্ধবস্য প্রবোধনং তৌ জগৃহতুরিতি ভাবঃ। অত্র ব্রজরাজো মনস্যেবং বিচারয়া-মাস। অয়ং কৃষ্ণঃ পরমেশ্বর এবেতি যস্মাৎ প্রাবোধয়দুদ্ধবস্তং কিমহং ন জানামি। অস্য নামকরণসময় এব নারায়ণসমোঽয়মিতি গর্গমুখাদশ্রৌষমেব। নারায়ণস্য সমস্তং বিনা কোঽন্যস্তস্মাত্তথা পূতনাঽঘবকাদিমারণাদ্গোবর্দ্ধনধারণাদ্দাবানলোপশমনাদ্বরুণলোকপাল-প্রণমনান্নারায়ণত্বমস্যাবভুবমেব নারায়ণ এব পরমাত্মা স এব পরং ব্রহ্মেত্যেতদপি জানা-

---

বলিয়া যে কোন বস্তুর কল্পনা হইতে পারে, এক অচ্যুত ব্যতীত অন্য কোন বস্তু আছে বলিয়াই নিরূপণ করা যাইতে পারে না। পরমার্থভাবে তিনিই সকল হইয়া বিরাজ করিতেছেন ॥ ৩৩ ॥

হে নরনাথ! কৃষ্ণানুচর উদ্ধব এবং নন্দ এই প্রকার কথোপকথনে সেই রাত্রি অতিবাহিত করিলেন। রাত্রিশেষে গোপিকাগণ গাত্রোত্থান করত

আভাস।

হে ব্রজরাজ! এই জগৎ যখন পরমাত্মশক্তিতেই সমুৎপন্ন, তখন অণু হইতে পরম মহৎ বস্তু পর্য্যন্ত সকল পদার্থেই তিনি আছেন। জ্ঞানরূপে তিনি জগতের আকার বিধান করিয়া থাকেন। তিনি ব্যতীত কোন বস্তুই নাই। সকলের সত্তা ও সত্ত্বিরূপে তিনি একাই বিদ্যমান রহিয়াছেন ॥ ৩৩ ॥

এই প্রকার কথোপকথনে যামিনী প্রভাতা হইয়া আসিল; নন্দযশোদার আর সান্ত্বনা করা হইল না; উদ্ধবের প্রবোধবাক্যে তাঁহাদের মন স্থৈর্য্যভাব আর ধারণ করিল না। নন্দ মনে মনে বিচার করত বলিলেন, শ্রীকৃষ্ণকে পরমাত্মা বলিয়া উদ্ধব যে আমাকে প্রবোধ দিতেছেন, তাহা কি আর আমি জানি না? ইহাঁর নামকরণ সময়ে আমি গর্গাচার্য্যের মুখে তাহা সমস্তই শ্রবণ করিয়াছি। পূতনা ও অঘাসুরাদির নিধন এবং

গোপ্যঃ সমুত্থায় নিরূপ্য দীপান্ বাস্তূন্ সমভ্যর্চ্চ্য দধীন্যমন্থন্ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

সা নিশা ব্যতীতা; তদা গোপ্যঃ সমুত্থায় দীপান্ নিরূপ্য প্রজ্বাল্য, বাস্তূন্ দেহল্যাদীন্ সমভ্যর্চ্চ্য গন্ধাদিভিঃ সম্পূজ্য, দধীনি অমন্থন্ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

দীপান্ নিরূপ্য প্রজ্বাল্য বাস্তূন্ দেহল্যাদীন্ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ম্যেব। তদপ্যয়মাবয়োরেব পুত্র ইত্যত্রারাধিতোঽস্মদনুভব এব প্রমাণং তস্মান্নন্দাত্মজোঽয়ং তে ইতি শ্রীগর্গমহামুনিবাক্যমপি পরমেশ্বরেঽপি তস্মিন্নারাধ্যত্ববুদ্ধিমকৃতবতোরপি স্বভুক্তশেষতাস্থূলচর্ব্বিতাদিকং সমর্পিতবতোরপ্যাবয়োর্মনঃপ্রসাদান্যথানুপপত্তিরপি কৃষ্ণজন্মনঃ পূর্ব্বমাবয়োরিষ্টদেবো নারায়ণো ধ্যাতুং শক্য এবাসীদধুনাতু ধ্যানমাত্র এব স্ফুরত্যাবির্ভবতি চেত্যাবয়োর্মনঃ প্রসাদে লিঙ্গমত আবয়োঃ পুত্রে তস্মিংস্তদ্ব্যবহৃতি র্ন দোষঃ। তথা কৃষ্ণস্যাবাং পিতরাবেবেত্যত্র কৃষ্ণস্যানুভবঃ প্রমাণং আবয়োস্তাম্বূলচর্ব্বিতপ্রদানাঙ্কারোহণপরিষঙ্গচুম্বনাদিলক্ষণলালনস্যাপ্রাপ্তৌ সত্যাং তস্য মুখম্লানে বহুশো দৃষ্টত্বাৎ যদি তস্যেয়ং মাতা ন স্যাৎ তদা ভাণ্ডস্ফোটাপরাধে তং কথং ববন্ধ। বন্ধনে মুখম্লানে ময়া মোঁচনে মুখপ্রসাদস্য চ তদানীং দৃষ্টত্বাৎ। আবয়োঃ পিতৃত্বে সত্যেব পরমেশ্বরোঽপি স বিবিধানুশাসনভর্ৎসনবন্ধনাদিকমঙ্গীকুরুতে স্ম অন্যথা পরব্রহ্মণঃ সর্ব্বব্যাপকস্য পরমেশ্বরস্য কথং বন্ধনমিতি কিন্তু সাম্প্রতং মথুরায়াং চানূরকংসাদিবধানন্তরং হে কৃষ্ণ ত্বং পরমেশ্বর এবেতি সর্ব্বএব ব্রুবতে স্ম তত্র দেবকী তু অহং তে মাতেতি বসুদেবোঽহং তে পিতেতি কেচিদন্যে বয়ং তে পিতৃব্যা ইতি কেচিচ্চ বয়ং ভ্রাতরঃ ইতি আত্মীয়া ইতি বন্ধব ইত্যুক্ত্বা

প্রদীপ প্রজ্জ্বালিত করিলেন এবং দেহলি প্রভৃতিতে পবিত্র বারি ও গন্ধাদি প্রদানপূর্ব্বক দধিমন্থনে নিযুক্তা হইলেন ॥ ৩৪ ॥

আভাস।

বরুণালয়ে বরুণদেবের প্রণামাদি দর্শনে ইনি যে নারায়ণ, আমি তাহা সম্যক্ অবধারণও করিয়াছি। তথাপি ইনি যে আমাদের পুত্র, তাহা আমাদের অনুভবই প্রত্যক্ষে সাক্ষ্যপ্রদান করিতেছে। গর্গাচার্য্য বলেন, হে নন্দ! তোমার এই আত্মজ গুণে নারায়ণের তুল্য। অতএব পরমেশ্বরবোধে আরাধনার বুদ্ধি না করিয়া, পুত্রবিবেচনায় ব্যবহার করিলেও আমাদের কর্ত্তব্যের ত্রুটি হইতে পারে না। কৃষ্ণজন্মের পূর্ব্বে ভগবান্ নারায়ণ অবশ্য আমাদের ধ্যানের বিষয় ছিলেন বটে, কিন্তু প্রসন্ন হইয়া যখন তিনি পুত্ররূপে অবতীর্ণ হইয়াছেন, তখন ধ্যান না করিয়া, পুত্রবোধে প্রেম করিলে, তাঁহার আরাধনার যে, কোন দোষ বর্ত্তিবে, তাহা নহে। আমরা যে তাঁহার পিতা ও মাতা, তাহা শ্রীকৃষ্ণের অনুভবই যথেষ্ট প্রমাণস্থল। আমাদের আচরণে তাঁহার মুখম্লানতা ও সন্তোষই তাহার যথেষ্ট পরিচয়

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বহব এব যদা তং স্বগেহং প্রতি নেতুং নিমন্ত্রয়ন্তো মথুরায়ামেব রোদ্ধুং প্রাবর্ত্তন্ত। তদা মৎপুত্রো মহাভব্যশিরোমণিঃ স মহাসঙ্কটে তত্তন্মুখাপেক্ষয়া জলে পতিতঃ। স্বীয়ং ব্রজমপ্যাগন্তুমপারয়ন্ সর্ব্বত্রৈব দাক্ষিণ্যাদেবমব্রবীদিত্যহমনুমিমে। অহং খলু পরমেশ্বর এব সর্ব্ববিশ্বস্রষ্টা। মম কা মাতা কঃ খলু পিতা ক আত্মীয়ঃ কো বা পরঃ কিন্তু যূয়ং সর্ব্বশাস্ত্রং পশ্যত যো মে ভক্তিং করিষ্যতি তস্যৈবাহং নান্যস্য তস্যৈব গৃহং যাস্যামি স এব মে পিত্রাদিরিতি। অয়ন্তু উদ্ধবো বালক এব বুদ্ধিমানপি মৎপুত্রস্য তস্য মহাগম্ভীরহৃদয়মবগাঢ়মসমর্থস্তদ্বাচং তাং শ্রুত্বা কৃষ্ণস্যায়মেবাশয় ইতি মত্বা তত আগত্যাত্র মাং তথৈব প্রবোধয়তি স্ম। কিঞ্চ। মৎপুত্রেণ চাতুর্য্যাৎ সম্যগেতদুক্তং যো মে ভক্তিং করিষ্যতি স এব মে পিত্রাদিস্তস্যৈব গৃহে বসামীত্যতোঽহমপ্যুদ্ধবদ্বারা সন্দেশমিমং স প্রেষয়িষ্যামি হে কৃষ্ণ ত্বচ্চরণে মম ভক্তি র্ভবেত্তথা কৃপয়া প্রসীদ। যথা ত্বদীয়শ্রবণকীর্ত্তনস্মরণপ্রণমনাদিভক্ত্যা ত্বামহং প্রাপ্নুয়ামিতি। ততশ্চ সর্ব্বযাদবসভাসু মৎসন্দেশমিমং প্রথয়িত্বা ভো ভো যদুবংশ্যাঃ ভবন্তোঽত্র মদ্ভক্তিং কর্ত্তুং ন শক্নুবন্তি নন্দস্তু করোত্যতঃ স এব পিতা বন্ধুঃ প্রিয়শ্চ তদাহমেব যামীত্যুক্ত্বা স শীঘ্রমিহাগচ্ছেদিতি তদন্তে ব্রজরাজস্তমপি পরামমর্শ দৈন্যসঞ্চারিপ্রাবল্যেন বিসস্মারৈব। অথ প্রকৃতমনুসরামঃ। ব্রাহ্মে মুহূর্ত্তে সমুত্থায় দীপান্ নিরূপ্য প্রজাল্য বা। বাস্তূন্ দেহল্যাদীন্ ॥ ৩৪ ॥

আভাস।

প্রদান করে। যদি তিনি পুত্রই না হইবেন, তাহা হইলে দধিভাণ্ড-ভঙ্গের অপরাধে কেন বাঁধা যাইবেন এবং আমি তাঁহাকে বন্ধন-মুক্ত করিলে, কেনই বা তিনি আনন্দ প্রকাশ করিবেন? আমাদিগকে পিতা মাতা হইবার ব্যবস্থা তিনিই করিয়াছেন। চানূর ও মুষ্টিকাদিকে বধ করিলে মঞ্চস্থ সকল লোক পরমেশ্বর বলিয়া, তাঁহাকে সম্বোধন করিলেও, দেবকী এবং বসুদেব তাহাকে পুত্র বলিয়া সম্বোধন করত, আপনাদিগকে পিতা মাতা বলিয়া পরিচয় দেন এবং অন্যান্য অনেকে ঐরূপ ভ্রাতৃপুত্র প্রভৃতি সম্বন্ধের উল্লেখে কৃষ্ণকে সম্বোধনপূর্ব্বক স্ব স্ব গৃহে নিমন্ত্রণ করিয়াছিলেন। আমার পুত্র শ্রীকৃষ্ণ অতি শান্ত এবং সভ্য। তাহাদের নিমন্ত্রণে তিনি বিষম সঙ্কটেই নিপতিত হইয়াছেন। সৌশীল্যাদি গুণের নিমিত্ত মথুরাবাসিগণের অনুরোধে স্বীয় ব্রজেও আসিতে পারিতেছেন না; ইহাই আমার অনুমান। তাঁহার এক্ষণে মনে হইতেছে যে, তিনি পরমাত্মা; তাঁহার আর মাতা বা পিতা কে? তাঁহার আত্মীয় বা পর কেহই নাই। যে তাঁহাকে ভক্তি করে, সেই তাঁহার আপনার: তাহার গৃহেই তিনি গমন করিবেন; অন্যের গৃহে আর তাঁহার যাইবার প্রয়োজন নাই। উদ্ধব বালক; বুদ্ধিমান্ হইলেও আমার পুত্রের গম্ভীরভাব হৃদয়ে গ্রহণ করিতে কখনই সমর্থ নহেন; সুতরাং শ্রীকৃষ্ণের আশয় না বুঝিয়া, আমাকে এইরূপ প্রবোধিত করিতেছেন। কৃষ্ণ কিন্তু চাতুর্য্য-সহকারে ইহাকে বলিতে বলিয়াছেন যে, তিনি ভক্তাধীন। যে তাঁহার ভক্তি করে, তাহার প্রেমে বদ্ধ হইয়া, তাহার গৃহেই তিনি বসতি করিবেন! অতএব চাতুর্য্যসহকারে আমার প্রার্থনাও বলিয়া পাঠাই যে, হে কৃষ্ণ! তোমার চরণকমলে যেন আমার ভক্তি থাকে; তুমি তাহারই

তা দীপদীপ্তৈর্মণিভির্বিরেজু রজ্জুর্বিকর্ষদ্ভুজকঙ্কণস্রজঃ।
চলন্নিতম্বস্তনহারকুণ্ডলত্বিষ্যৎকপোলারুণকুঙ্কুমাননাঃ ॥
উদ্গায়তীনামরবিন্দলোচনং ব্রজাঙ্গনানাং দিবমস্পৃশদ্ধ্বনিঃ।
দধ্বশ্চ নির্ম্মন্থনশব্দমিশ্রিতো নিরস্যতে যেন দিশামমঙ্গলং ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

রজ্জুর্বিকর্ষদ্ভুজকঙ্কণস্রজঃ (মন্থনরজ্জুর্বিকর্ষৎসু ভুজেষু কঙ্কণানাং স্রজঃ সমূহঃ যাসাং তাঃ) চলন্নিতম্বস্তনহারকুণ্ডলত্বিষ্যৎকপোলারুণকুঙ্কুমাননাঃ (চলন্তঃ নিতম্বাঃ স্তনাঃ হারাঃ চ যাসাং কুণ্ডলৈঃ ত্বিষ্যন্তঃ স্ফুরন্তঃ কপোলাঃ যাসাং অরুণানি কুঙ্কুমানি যেষু তানি আননানি যাসাং তাঃ) তাঃ গোপ্যঃ দীপদীপ্তৈঃ (দীপৈঃ দীপ্তাঃ কাঞ্চ্যাদিস্থিতাঃ মণয়ঃ) তৈঃ বিরেজুঃ ॥

দধ্বঃ নির্ম্মন্থনশব্দমিশ্রিতঃ অরবিন্দলোচনং পদ্মপলাশলোচনং, শ্রীকৃষ্ণং উদ্গায়তীনাং ব্রজাঙ্গনানাং ধ্বনিঃ দিবং অস্পৃশৎ ; যেন ধ্বনিনা দিশাং অমঙ্গলং নিরস্যতে অপনুদ্যতে ॥৩৫॥

শ্রীধরস্বামী।

মণিভিঃ কাঞ্চ্যাদিষু স্থিতৈরজ্জুর্বিকর্ষৎসু ভুজেষু কঙ্কণানাং স্রজো যাসাং তাঃ। চলন্তো নিতম্বা স্তনা হারাশ্চ যাসাং কুণ্ডলৈঃ ত্বিষ্যন্তঃ স্ফুরন্তঃ কপোলা যাসাং অরুণানি কুঙ্কুমানি যেষু তানি আননানি যাসাং তা এবং তাশ্চ তাশ্চ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মণিভিঃ কঙ্কণকিঙ্কিণ্যাদিষু স্থিতৈঃ রজ্জুর্বিকর্ষৎসু ভুজেষু কঙ্কণানাং স্রক্ শ্রেণী যাসাং তাঃ। চলন্তঃ কম্পমানা নিতম্বাঃ স্তনা হারাশ্চ যাসাং। কুণ্ডলৈস্ত্বিষ্যন্তঃ স্ফুরন্তঃ কপোলা যাসাং। অরুণকুঙ্কুমং যদ্বাহ্লীকদেশোদ্ভূতং তদ্যুক্তান্যাননানি যাসাং তাশ্চ তাশ্চ তাশ্চ তাঃ ॥

উদ্গায়তীনামিত্যানন্দদ্যোতকং বস্ত্রালঙ্কারকুঙ্কুমালেপমধুরগানাদিকং বিরহেণ ঘটত ইত্যতঃ কৃষ্ণসংযুক্তপ্রকাশ এবোদ্ধবেন সামান্যতো রাত্র্যন্তেঽপি দৃষ্টো যথা দিনান্তে ইতি জ্ঞেয়ং ॥ ৩৫ ॥

মন্থনরজ্জুর নিরন্তর বিকর্ষণে তাঁহাদের হস্তস্থিত কঙ্কণসমূহের মনোহর ধ্বনি শ্রুতিগোচর হইতে লাগিল। গুরুনিতম্ব, উন্নত পয়োধর এবং গল-দেশের হার আন্দোলিত হইতে লাগিল; কর্ণের কুণ্ডল দোলায়মান হইয়া গণ্ডস্থলে অপূর্ব্ব জ্যোতির বিকাশ করিতেছিল। কুঙ্কুমলিপ্ত কুচভাগ ও

আভাস।

বিধান কর! তাহা হইলে, সর্ব্বযাদব সভায় তুমি বলিতে পারিবে যে, নন্দ তোমাকে ভক্তি করিতেছে; সুতরাং তাহার প্রেমে আকৃষ্ট হইয়া তুমি যাদবগণকে পরিত্যাগ করিয়া, আমার নিকট আসিতে পারিবে। এইরূপ প্রার্থনা নন্দ করিতেছেন, ইতিমধ্যে ব্রাহ্মমুহূর্ত্ত উপস্থিত হইল ॥ ৩৪ ॥

ভগবত্যুদিতে সূর্য্যে ব্রজদ্বারি ব্রজৌকসঃ।
দৃষ্ট্বা রথং শাতকৌম্ভং কস্যায়মিতি চাব্রুবন্ ॥ ৩৬ ॥
অক্রূর আগতঃ কিম্বা যঃ কংসস্যার্থসাধনঃ।
যেন নীতো মধুপুরীং কৃষ্ণঃ কমললোচনঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

ভগবতি সূর্য্যে উদিতে সতি নন্দদ্বারি শাতকৌম্ভং সুবর্ণালঙ্কৃতং, রথং দৃষ্ট্বা অয়ং রথঃ কস্য ইতি ব্রজৌকসঃ গোপীজনাঃ, অব্রুবন্ ॥ ৩৬ ॥

কংসস্য অর্থসাধকঃ প্রয়োজনসাধকঃ যঃ অক্রূরঃ যেন অক্রূরেণ কমললোচনঃ কৃষ্ণঃ মধুপুরীং নীতঃ, সঃ কিং পুনঃ আগতঃ বা ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

ব্রজৌকসো গোপ্যঃ ॥ ৩৬ ॥

সক্রোধমাহুঃ অক্রূর ইতি অর্থং সাধিতবানিত্যর্থসাধনঃ। তদাহ যেন নীত ইতি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রজৌকসো বিরহিণ্যো গোপ্যঃ ॥ ৩৬ ॥

সক্রোধমাহুরক্রূর ইতি। অর্থং সাধিতবানিতি সঃ ॥ ৩৭ ॥

মুখমণ্ডলে গোপিকাগণের কি অপূর্ব্ব শোভারই পরিচয় হইতেছিল। দীপ-জ্যোতিতে উজ্জ্বল মণিময় চন্দ্রহারাদি আভরণে গোপললনার সৌন্দর্য্য যেন দ্বিগুণিত করিয়াছিল ॥

দধি-মন্থন-কালে ব্রজাঙ্গনাগণ পদ্মপলাশলোচন ভগবান্ শ্রীকৃষ্ণের গুণগাথা গান করিতে লাগিলেন; সেই দধিমন্থন-শব্দের সহিত গোপকামিনীগণের উচ্চ সংগীতধ্বনি যেন গগন-মার্গকে স্পর্শ করিতে লাগিল। অহো! সেই পবিত্র ধ্বনি যেন দিক্ দিগন্তের অমঙ্গল তৎক্ষণাৎ নিবারণ করিয়াছিল ॥ ৩৫ ॥

ক্রমশ প্রভাতের সুভাগমে দিবাকর যখন উদিত হইলেন, তখন নন্দ-ভবনের দ্বারদেশে সুবর্ণজড়িত উদ্ধবের রথখানি অবলোকন করিয়া, ব্রজ-কামিনীগণ পরস্পরে বলিলেন যে, এ রথ খানিতে আবার কে আসিলেন ? ৩৬ ॥

কেহ বলিলেন, কংসের স্বার্থসাধনের নিমিত্ত কমললোচন শ্রীকৃষ্ণকে যিনি মধুপুরীরে লইয়া গিয়াছিলেন, সেই ক্রূরহৃদয় অক্রূর কি পুনরায় আগমন করিয়াছেন ? । ৩৭ ॥

আভাস।

গোপিকাগণ গাত্রোত্থান করিয়া, দধিমন্থনাদি গৃহকর্ম্মে ব্যাপৃতা হইলেন; পরে দিবাকর উদিত হইলে, ব্রজদ্বারে উদ্ধবের সুবর্ণরঞ্জিত তাদৃশ সুসজ্জিত রথ অবলোকন করিয়া, বিস্মিত

কিং সাধয়িষ্যতেঽস্মাভির্ভর্ত্তুঃ প্রেতস্য নিষ্কৃতিং ॥ ৩৮ ॥
ততঃ স্ত্রীণাং বদন্তীনামুদ্ধবোঽগাৎ কৃতাহ্নিকঃ ॥ ৩৯ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়ং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে উদ্ধবযানং ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪৬ ॥ * ॥

অন্বয়ঃ।

প্রেতস্য মৃতস্য, প্রীতস্য বা ভর্ত্তুঃ কংসস্য, নিষ্কৃতিং ঔর্দ্ধদেহিকং, অস্মাভিঃ অস্মন্মাংসৈঃ সাধয়িষ্যতি কিং ? ॥ ৩৮ ॥

ততঃ স্ত্রীণাং বদন্তীনাং (তস্মিন্ এব সময়ে) কৃতাহ্নিকঃ কৃতস্নানাদিনিয়মঃ উদ্ধবঃ অগাৎ ॥৩৯

ইতি দশমে শ্রীধরগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

কংসং ঘাতয়িত্বা পুনঃ কিমর্থমিহাগত ইত্যাশঙ্ক্য কার্য্যং সম্ভাবয়ন্তি কিমিতি। তদা সাধিতেন কার্য্যেণ প্রীতস্য ভর্ত্তুঃ। পাঠান্তরে প্রেতস্য মৃতস্য কংসস্য নিষ্কৃতিমৌর্দ্ধদেহিকং অস্মাভিঃ কৃত্বা সাধয়িষ্যতে অস্মন্মাংসৈঃ পিণ্ডং কৃত্বা দাস্যতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

এবং বদন্তীনাং স্ত্রীণাং ততস্তস্মিন্নেবাবসরে কৃতস্নানাদিরুদ্ধব আগত ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি দশমে ষট্‌চত্বারিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কংসং ঘাতয়িত্বা পুনঃ কিমর্থমাগত ইত্যাশঙ্ক্য কার্য্যং সংভাবয়ন্তি কিমিতি। তদা সাধিতেন কার্য্যেণ। প্রীতস্য ভর্ত্তুঃ। প্রেতস্যেতি পাঠে মৃতস্য কংসস্য নিষ্কৃতিমৌর্দ্ধদেহিকং অস্মাভিঃ কৃত্বা সাধয়িষ্যতে। অস্মন্মাংসৈঃ পিণ্ডান্ কৃত্বা দাস্যতীত্যর্থ ইতি বদন্তীনাং সমীপমগাৎ ॥ ৩৮ ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষট্‌চত্বারিংশকোঽধ্যায়ো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

তাহার প্রভু কংসত পরলোক গমন করিয়াছেন ; এক্ষণে বুঝি আমাদের মাংসের দ্বারা পিণ্ড প্রস্তুত করত, সেই মৃত প্রভুর ঔর্দ্ধদেহিক কার্য্য নির্ব্বাহার্থই এখানে পুনরায় আগমন করিয়াছেন ॥ ৩৮ ॥

নারীগণ এই প্রকার কথোপকথন করিতেছেন, এমন সময়ে উদ্ধব স্নানাহ্নিক সমাপন করিয়া, তথায় উপস্থিত হইলেন ॥ ৩৯ ॥

ইতি দশমে শ্রীধগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ষট্‌চত্বারিংশাধ্যায় সমাপ্ত ॥

আভাস।

হইলেন এবং মনে মনে আলোচনা করিতে লাগিলেন যে, যে অক্রূর চিরজীবনের জন্য তাঁহাদিগকে বিষাদসাগরে নিমগ্ন করাইয়া পদ্মপলাশলোচন শ্রীকৃষ্ণকে মথুরাপুরে লইয়া

শ্রীশুক উবাচ ॥

তং বীক্ষ্য কৃষ্ণানুচরং ব্রজস্ত্রিয়ঃ প্রলম্ববাহুং নবকঞ্জলোচনং।
পীতাম্বরং পুষ্করমালিনং লসন্মুখারবিন্দং পরিমৃষ্টকুণ্ডলং ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। প্রলম্ববাহুং (প্রলম্বৌ আজানুলম্বিতৌ বাহূ যস্য তং) নবকঞ্জলোচনং (নবকঞ্জে সদ্যো বিকসিতপদ্মদলে ইব লোচনে যস্য তং) পীতাম্বরং (পীতে অম্বরে যস্য তং) পুষ্করমালিনং (পুষ্করস্য কমলস্য মালা অস্য অস্তীতি তং) লসন্মুখারবিন্দং (লসৎ শোভমানং মুখারবিন্দং যস্য তং) পরিমৃষ্টকুণ্ডলং (পরিমৃষ্টে উজ্জ্বলে কুণ্ডলে যস্য তং) কৃষ্ণানুচরং (কৃষ্ণস্য অনুচরং) তং উদ্ধবং বীক্ষ্য দৃষ্ট্বা সুবিস্মিতাঃ সর্ব্বাঃ ব্রজস্ত্রিয়ঃ, অয়ং অচ্যুতবেশভূষণঃ (অচ্যুতস্য কৃষ্ণস্য ইব বেশঃ পীতাম্বরাদি ভূষণানি চ যস্য সঃ) অপীব্যদর্শনঃ (অপীব্যং স্ত্রীণাং মনোহরং

শ্রীধরস্বামী।

সপ্তচত্বারিংশকেঽথ কৃষ্ণাবেশেন গোপিকাঃ। বোধয়িত্বোদ্ধবস্তত্ত্বমনুজ্ঞাপ্যাগমৎ পুরীং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপ্তচত্বারিংশকেঽস্মিন্ চিত্রজল্পান্ দশোদ্ধবঃ। আকর্ণ্য প্রোচ্য সন্দেশান্ গোপীঃ স্বস্থা পুরীং যযৌ ॥

শুচিং শুদ্ধং স্মিতং যাসামিতি কৃষ্ণস্মারকবেশদর্শনোত্থেন হর্ষেণ স্মিতং। সুবিস্মিতা ইতি

শুকদেব বলিলেন, হে নরনাথ! কৃষ্ণানুচর উদ্ধবকে নয়নগোচর করিয়া, ব্রজবনিতাগণ বিস্ময়-সাগরে নিমগ্ন হইলেন। তাঁহার আজানুলম্বিত বাহু-যুগল, বিকচ-নলিনতুল্য আয়ত লোচনদ্বয়, পরিহিত পীত বসন, গলদেশে দোদুল্যমান কমলমালা, প্রফুল্ল বদন এবং শ্রবণযুগলে মণিময় স্বচ্ছ কুণ্ডলদ্বয় অবলোকনে ভাবিলেন যে, এমন মনোমুগ্ধকর রূপ ত কখন দেখি নাই! ইহাঁর

আভাস।

গিয়াছিলেন, সেই অক্রূর কি পুনরায় ব্রজে আসিয়াছেন। কিন্তু এক্ষণে তথায় আসিবার আর কি উদ্দেশ্য হইতে পারে? কংসেরত মৃত্যু হইয়াছে; এক্ষণেত আর কিছুই করণীয় নাই। তবে বুঝি মৃত কংসের দাহকালে গোপিকার মাংসের দ্বারা তাহার চিতা দীপিত করিবার বা পিণ্ডদানের প্রয়োজন আছে, তাহারই সাধনার্থ বোধ হয়, অক্রূর তথায় আগমন করিয়াছেন; এইরূপ চিন্তা করিতেছেন, এমন সময় উদ্ধব প্রাতঃকৃত্য সমাপন পূর্ব্বক তথায় উপনীত হইলেন ॥ ৩৫—৩৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষট্ চত্বারিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত।

সপ্তচত্বারিংশ অধ্যায়ে শ্রীকৃষ্ণের আদেশ অনুসারে গোপিকাগণকে তত্ত্বোপদেশ প্রদান পূর্ব্বক উদ্ধবের মথুরায় প্রত্যাগমন বর্ণিত হইয়াছে ॥

সুবিস্মিতাঃ কোঽয়মপীব্যদর্শনঃ কুতশ্চ কস্যাচ্যুতবেশভূষণঃ।
ইতি স্ম সর্ব্বাঃ পরিবব্রুরুৎসুকা স্তমুত্তমশ্লোকপদাম্বুজাশ্রয়ং ॥ ১ ॥
তং প্রশ্রয়েণাবনতাঃ সুসৎকৃতং সব্রীড়হাসেক্ষণসূনৃতাদিভিঃ।

অন্বয়ঃ।

দর্শনং যস্য সঃ) কঃ? কুতঃ দেশাৎ আগতঃ কস্য পুত্রঃ ভৃত্যো বা স্ম ইতি বিতর্কয়ন্ত্যঃ উৎসুকাঃ সত্যঃ উত্তমশ্লোকপদাম্বুজাশ্রয়ং (উত্তমশ্লোকস্য অবিদ্যানিবর্ত্তকযশসঃ শ্রীকৃষ্ণস্য পদাম্বুজে এব আশ্রয়ঃ যস্য তং) তং উদ্ধবং পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্ত্যঃ ॥ ১ ॥

রমাপতেঃ শ্রীকৃষ্ণস্য, সন্দেশহরং বার্ত্তাবাহকং, বিজ্ঞায় রহসি একান্তে, আনীয় সব্রীড়-

শ্রীধরস্বামী।

অপীব্যং সুন্দরং দর্শনং যস্য সঃ অচ্যুতস্যেব বেশো ভূষণানি চ যস্য সঃ। কোঽয়ং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাঠে কৃষ্ণস্যৈব পীতোত্তরীয়মিদং তদঙ্গোত্তীর্ণমেব কমলমাল্যং চ কথমনেন প্রাপ্তমিতি বিস্ময়ঃ। অপীব্যং সুন্দরং দর্শনং যস্য সঃ। কোঽয়ং কুতঃ কস্য বা মনুষ্য ইতি বদন্ত্যঃ কৃষ্ণবৃত্তান্তপ্রাপ্তিসংভাবনয়া উৎসুকাঃ ॥ ১ ॥

প্রশ্রয়েণাবনতা বিনয়নম্রশিরসঃ। ব্রীড়া স্ত্রীস্বভাবোত্থা মূর্দ্ধাদেরীষদ্বস্ত্রাবরণলক্ষণা লজ্জা সা হ্যাদরণীয়জনসামান্যদর্শনে সহসৈব ভবেৎ। হাসঃ স্বপ্রিয়দাস এবায়মিতি নিশ্চয়েন মুখপ্রসাদঃ তাভ্যাং যুক্তমীক্ষণং সম্পূর্ণাবলোকনং সূনৃতং স্বাগতং কুশলমিত্যাদি প্রিয়বাক্যং।

বেশ ভূষা দর্শন করিলে, শ্রীকৃষ্ণ বলিয়াই আমাদের ভ্রম হইতেছে! ইনি কে? কোথা হইতেই বা এখানে আগমন করিয়াছেন? কাহারই বা পুত্র? কে বা ইহাঁকে এইস্থানে প্রেরণ করিয়াছেন? ইত্যাদি নানাপ্রকার চিন্তা করত গোপবধূগণ নিতান্তই ব্যাকুল হইয়া উঠিলেন; এবং সকলে একত্রিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণের চরণাশ্রিত সেই উদ্ধবকে পরিবেষ্টন পূর্ব্বক দণ্ডায়মানা হইলেন ॥ ১ ॥

পরে যখন বুঝিলেন যে, শ্রীপতি শ্রীকৃষ্ণের সংবাদ লইয়া উদ্ধব তথায় আগমন করিয়াছেন, তখন তাঁহাকে নির্জ্জনে লইয়া লজ্জা, মৃদুমন্দ হাস্য,

আভাস

ব্রজনারীগণ উদ্ধবের পীতবসন এবং পুষ্করমালা অবলোকন করিয়া, বিস্মিত হইলেন; কারণ যাহা কেবল কৃষ্ণকলেবরে শোভিত ও লক্ষিত হয়, অদ্য তাহা এই ব্যক্তির দেহে কেন পরিদৃষ্ট হইতেছে? তিনি কোন্ উপায়ে এই সকল সামগ্রী সংগ্রহ করিয়াছেন? তিনি কে? কাহার পুত্র? মনুষ্য বা দেবতা? এইরূপ নানা আলোচনায় তাঁহারা বিস্মিত হইয়াছিলেন। কোন সম্ভ্রান্ত পর পুরুষকে দর্শন করিলে, কুলকামিনীগণ স্বভাবত লজ্জাবনত-মুখে অবগুণ্ঠনবতী হইয়া থাকেন। গোপিকাগণের প্রথমত যদিও সে ভাব উপস্থিত হইয়াছিল বটে, তথাপি

রহস্যপৃচ্ছন্নুপবিষ্টমাসনে বিজ্ঞায় সন্দেশহরং রমাপতেঃ ॥ ২ ॥
জানীমস্ত্বাং যদুপতেঃ পার্ষদং সমুপাগতং।

অন্বয়ঃ।

হাসেক্ষণসূনৃতাদিভিঃ (ব্রীড়েন, হাসেন ঈক্ষণেন সূনৃতেন মধুরভাষণেন চ) সুসৎকৃতং আসনে উপবিষ্টং, তং উদ্ধবং, অবনতাঃ কৃতপ্রণামাঃ, স্ত্রিয়ঃ প্রশ্রয়েণ বিনয়েন, অপৃচ্ছন্ ॥ ২ ॥

যদুপতেঃ কৃষ্ণস্য, পার্ষদং সেবকং, সমুপাগতং ত্বাং জানীমঃ। স্বস্য পিত্রোঃ নন্দযশোদয়োঃ,

শ্রীধরস্বামী।

কুতো বা কস্য বেতি বদন্ত্য স্তং পরিবব্রুঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আদিশব্দাৎ যথাসময়ং যথোপস্থিতঞ্চ পাদ্যাদিকমাতিথ্যং তৈঃ সুসৎকৃতমাদৃতং। রহসি বিজাতীয়জনাগোচরে স্থলে অপৃচ্ছন্ তাদৃশস্থলে সহসৈবাগমনেন তং রহঃ সন্দেশহরং বিজ্ঞায়। রমাপতেরিতি গোপীপক্ষপাতিনঃ শুকস্যাসূয়াদ্যোতনং সংপ্রতি মথুরায়াং স্পষ্টমেব পরমেশ্বরং তং সুখয়িতুং রমা এবাগমিষ্যতি কিমেতাসু সন্দেশপ্রেষণদস্তেনেত্যাকারকং ॥ ২ ॥

জানীম ইত্যত এবালং প্রশ্নেনেতি ভাবঃ। যদুপতেরিতি স গোপজাতিরপি সংপ্রতি যদূনাং পতিরভূদিতি বৃহৎপদপ্রাপ্তস্য স্বয়ং কথমব্রাজিগমিষা সংভবেদিতি ভাবঃ। অতএব ভবান্ প্রেষিতঃ। পিত্রোঃ প্রিয়চিকীর্ষয়া নতু স্বস্য তেন যশোদানন্দাভ্যাং পিতৃভ্যাং গোপ-

---

অপাঙ্গ দৃষ্টি এবং মধুর সম্ভাষণে আসনে উপবেশন করাইয়া, সকলে তাঁহাকে প্রণাম করিলেন এবং সাতিশয় বিনম্র-বচনে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২ ॥

আপনি যে যদুপতি শ্রীকৃষ্ণের এক জন পার্ষদ, তাহা আমরা পরিজ্ঞাত

আভাস।

ভক্ত বৈষ্ণব; ইহার নিকট আমাদের কোন আশঙ্কার কারণ নাই; অথচ ইহাঁর গৌরব করা প্রয়োজন; এইরূপ চিন্তা করিয়া কথঞ্চিৎ অগ্রসর না হইয়া পারিলেন না। তখন ঈষৎ হাস্যমুখে কুশলপ্রশ্ন জিজ্ঞাসা করিয়া, যথাপ্রাপ্ত পাদ্যাদির দ্বারা উদ্ধবের অভ্যর্থনা করিলেন। উদ্ধব নির্জ্জনে তাহাদিগের নিকট উপস্থিত হওয়ায়, যেন কিছু গুপ্ত সংবাদ প্রদানার্থই তাঁহার আগমন হইয়াছে, এইরূপ বিবেচনা করিয়া, তাঁহারা উদ্ধবকে আরও নির্জ্জনে লইয়া গেলেন এবং হৃদয়ের নিধি কৃষ্ণের যদি কিছু সংবাদ প্রাপ্ত হন, এই আশ্বাসে জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন। কিন্তু কৃষ্ণকথা যখন তাঁহাদের হৃদয়ে উদয় হইল, তখন আর তাঁহাদের ধৈর্য্য রহিল না। কি প্রকারে বিদেশীকে যে সম্ভ্রম করিতে হয়, বা প্রশ্ন জিজ্ঞাসা করিতে হয়, সে ভাব তাঁহাদের হৃদয় হইতে ক্রমশ শিথিল হইতে লাগিল ॥ ১ ॥ ২ ॥

তাঁহারা উদ্ধবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে সাধো! আপনি যে একজন কৃষ্ণ-প্রেরিত দূত, তাহা আমরা বিলক্ষণ অবধারণ করিয়াছি। শ্রীকৃষ্ণ এখান হইতে যাত্রাকালে সত্বর প্রত্যাগমন করিবেন বলিয়াছিলেন বটে, কিন্তু সে প্রতিজ্ঞা রক্ষা করা সম্প্রতি তাঁহার পক্ষে

ভত্রৈহ প্রেষিতঃ পিত্রোর্ভবান্ প্রিয়চিকীর্ষয়া ॥ ৩ ॥
অন্যথা গোব্রজে তস্য স্মরণীয়ং ন চক্ষ্মহে।

অন্বয়ঃ।

প্রিয়চিকীর্ষয়া তব ভত্রা স্বামিনা ভবান্ ইহ প্রেষিতঃ প্রস্থাপিতঃ ইতি ॥ ৩ ॥

অন্যথা পিত্রোঃ প্রিয়চিকীর্ষামন্তরেণ, তস্য যদুপতেঃ, গোব্রজে পশুযোগ্যে স্থানে, স্মরণীয়ং

শ্রীধরস্বামী।

পার্ষদং সেবকং ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জাতিব্যঞ্জকাভ্যাং তস্য কিং প্রয়োজনমিতি ভাবঃ। নন্দযশোদে রুদিত্বা ম্রিয়েতে কৃষ্ণো মথুরায়াং রাজ্যং করোতীতি লোকনিন্দাভয়াদেব ত্বং প্রেষিত ইতি মন্যামহে। কিন্তু ভো শ্চতুরবর্য্য তেন সুবুদ্ধিশেখরেণ প্রেষিতঃ পিত্রোঃ প্রিয়চিকীর্ষয়া ত্বঞ্চাত্রায়াতোঽতঃ প্রযাহি যশোদানন্দয়োঃ সমীপং তৌ হি ত্বাং প্রাপ্যানন্দেন কৃষ্ণং তং বিস্মরিষ্যত ইতি। ধন্যৈব তস্য বিবেকতীক্ষ্ণতেত্যাদ্যাঃ বহব এব ব্যাজস্তুতিময়াত্যন্ততিরস্কৃতবাচ্যধ্বনেঃ পল্লবাঃ ॥ ৩ ॥

স্মরণীয়ং স্মরণযোগ্যং জনং কমপি ন চক্ষ্মহে ন পশ্যামঃ। স্মৃতয়োঃ যশোদানন্দয়োঃ

হইয়াছি! স্বীয় জনকজননী নন্দযশোদার হিতকামনায় আপনার প্রভু অদ্য আপনাকে এই স্থানে প্রেরণ করিয়াছেন ॥ ৩ ॥

আভাস।

কোন অংশে সঙ্গত নহে। কারণ পূর্ব্বে তিনি নন্দনন্দন ছিলেন, এক্ষণে দুর্দ্দান্ত কংসকে বিনাশ করিয়া, যদুকুলের পতি হইয়াছেন; সুতরাং মথুরায় রাজা হইয়া, এক্ষণে পূর্ব্ব বৃত্তান্ত স্মরণ করিতেও তাঁহার লজ্জা হইতেছে। তখন আগমন করা কিরূপে সম্ভবপর হইতে পারে? তবে জনকজননীর কথা মনে পড়া উচিত বটে, কিন্তু নন্দযশোদা গোপজাতি! কৃষ্ণ এক্ষণে ক্ষত্রিয়জাতি বসুদেবদেবকীকে ঐশ্বর্য্যের লোভে পিতামাতা বলিতে শিক্ষা করিয়াছেন; এক্ষণে গোপপিতা বা গোপীমাতা কেন আর তাঁহার হৃদয়ে স্থান পাইবেন? তবে এতকাল যাঁহাদের যত্নে পরিবর্দ্ধিত হইয়াছেন, সেই পূর্ব্ব জনকজননী পুত্রের অদর্শনে ক্রন্দন করত অন্ধ হইতেছেন, পাছে এই বার্ত্তা জগতে রটিত হইয়া, আপনাদের রাজার চরিত্রে কলঙ্করেখা দেখা দেয়, এই ভয়েই কেবল একজন লোক দ্বারা একটা সংবাদ লইয়াছেন। তজ্জন্যই আপনি প্রেরিত হইয়াছেন! অতএব হে চতুরচূড়ামণে! আপনি যখন সেই তীক্ষ্ণবুদ্ধি কৃষ্ণ কর্ত্তৃক নন্দযশোদার সান্ত্বনার নিমিত্তই প্রেরিত হইয়াছেন, তখন আর এখানে বিলম্ব করিবার প্রয়োজন নাই। তাঁহাদের নিকটেই গমন করুন? আহা! পুত্রের প্রেরিত লোক আপনাকে অবলোকন করিবার পরমানন্দে অদ্য পুত্রপ্রেমও তাঁহারা বিস্মৃত হইবেন! আ! বুদ্ধির কি তীক্ষ্ণতা! এই প্রকার বিবিধ ব্যাজ স্তুতির দ্বারা গোপিকাকুল উদ্ধবের প্রতি সম্ভ্রমের পরিবর্ত্তে তিরস্কারেরই প্রয়োগ করিয়াছিলেন ॥ ৩ ॥

স্নেহানুবন্ধো বন্ধূনাং মুনেরপি সুদুস্ত্যজঃ ॥ ৪ ॥
অন্যেষ্বর্থকৃতা মৈত্রী যাবদর্থবিড়ম্বনং।

অন্বয়ঃ।

কিঞ্চিৎ ন চক্ষ্মহে পশ্যামঃ। যতঃ বন্ধূনাং পিত্রাদীনাং স্নেহানুবন্ধঃ (স্নেহঃ এব অনুবন্ধঃ পাশঃ) মুনেঃ মননশীলস্য, অপি সুদুস্ত্যজঃ ত্যক্তুমশক্যঃ ॥ ৪ ॥

অন্যেষু বন্ধুব্যতিরিক্তেষু মৈত্রী অর্থকৃতা প্রয়োজনপ্রযুক্তা এব। অতঃ যাবদর্থবিড়ম্বনং

শ্রীধরস্বামী।

পিত্রোঃ প্রিয়চিকীর্ষয়েত্যত্র হেতুঃ স্নেহানুবন্ধ ইতি ॥ ৪ ॥

অন্যথা গোব্রজে তস্য ইত্যত্র হেতুরন্যেষ্বিতি। অর্থকৃতা কার্য্যনিমিত্তা বিড়ম্বনমনু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিত্রোরপি তেন যদ্যেবমনাদরঃ কৃত স্তদা অস্মদাদীনাং তদীয়স্মৃত্যেকভূমিকায়ামপ্যারোহণ-যোগ্যতা কুতএব স্যাদিতি ভাবঃ। মুনেঃ কৃতসন্ন্যাসস্যাপি দুস্ত্যজঃ। ষষ্ঠী আর্ষী। কৃষ্ণেন তু পরস্ত্রীপুঞ্জেষু রমমাণেনাপি দুস্ত্যজ এবেত্যহো কৃষ্ণস্য বৈরাগ্যতীব্রতেতি ভাবঃ ॥ ৪ ॥

ননু কৃষ্ণস্য পিতৃভ্যাং ভ্রাত্রাদিভিশ্চ নিষ্প্রয়োজনত্বান্মমতা মাস্ত। যূষ্মাভিঃ স্ত্রীভিস্তু লম্পটত্বাৎ তস্য প্রয়োজনমস্ত্যেবেতি যূয়মেব স্মরণীয়া ভবথেতি তত্রাহুঃ। অন্যেষ্বিতি। অর্থকৃতা প্রয়োজনবতী নিন্দ্যৈব মৈত্রী যাবদর্থবিড়ম্বনং। যাবত্তাবচ্চ সাকল্যে ইত্যভিধানাৎ। সর্ব্বার্থবিড়ম্বনরূপায়া মৈত্র্যাঃ কর্ত্তা যশ্চ মৈত্র্যাঃ প্রতিযোগী যশ্চ প্রযোজকঃ যশ্চোপকরণং

পিতা মাতার হিতানুষ্ঠান করা ব্যতীত এই পশুর বাসভবন বৃন্দারণ্যে সেই যদুপতির স্মরণ করিবার কোন পদার্থইত আমরা অবলোকন করি না! কারণ পিতামাতার ন্যায় বন্ধুবর্গের স্নেহপাশ সকলেরই দুশ্ছেদ্য; এমন কি! মননশীল মুনিগণও এই বন্ধন হইতে অব্যাহতি পান না ॥ ৪ ॥

ঈদৃশ বন্ধু ব্যতীত অন্যের সহিত মিত্রতা স্থাপন করা কেবল স্বার্থসিদ্ধির উদ্দেশে মাত্র। যে পর্য্যন্ত নিজের প্রয়োজন সিদ্ধ না হয়, তদবধিই মিত্রতা

আভাস।

পাছে উদ্ধব বলেন যে, নন্দযশোদার সান্ত্বনা করা ব্যতীত, আরও অনেকের নিকট কৃষ্ণবার্ত্তার দ্বারা সান্ত্বনা করিবার প্রয়োজন আছে, এই নিমিত্ত তাঁহারা বলিলেন যে, শ্রীকৃষ্ণ এক্ষণে যে সাম্রাজ্যপদে আরোহণ করিয়াছেন, তাহাতে জনকজননীর চিন্তা ব্যতীত বৃন্দাবনে এমন কোন পদার্থ বা প্রিয়পাত্র নাই যে, তাঁহার চিত্তে স্থান অধিকার করিতে পারে। জনকজননীর প্রেম অতিশয় তীব্র; যোগীর হৃদয়ও এই প্রেমে স্থির থাকে না। তাঁহার প্রিয় নারীকুলের কথা যদি উত্থাপন করেন, তাহা হইলে, আমরা মুক্তকণ্ঠে বলিতে পারি যে, সে অংশে শ্রীকৃষ্ণের বৈরাগ্যতীব্রতার অভাব নাই ॥ ৪ ॥

পুংভিঃ স্ত্রীষু কৃতা যদ্বৎ সুমনঃস্বিব ষট্‌পদৈঃ ॥ ৫ ॥
নিঃস্বং ত্যজন্তি গণিকা অকল্যং নৃপতিং প্রজাঃ।
অধীতবিদ্যা আচার্য্যমৃত্বিজো দত্তদক্ষিণং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

প্রয়োজনসিদ্ধ্যর্থং স্নেহপ্রদর্শনং এব। সুমনঃসু পুষ্পেষু, ইব ষট্‌পদৈঃ ভ্রমরৈঃ, যদ্বৎ তদ্বৎ পুংভিঃ কৃতা স্ত্রীষু মৈত্রী কামনিমিত্তা এব কামে নিবৃত্তে মৈত্রী নিবর্ত্ততে ॥ ৫ ॥

নিঃস্বং অধনং, উপপতিং গণিকাঃ বেশ্যাঃ, ত্যজন্তি ; প্রজাঃ অকল্যং পালনাদ্যসমর্থং, নৃপতিং ত্যজন্তি। অধীতবিদ্যাঃ (অধীতা বিদ্যা যৈঃ তে) শিষ্যাঃ আচার্য্যং, তথা ঋত্বিজঃ যাজকাঃ ব্রাহ্মণাঃ, দত্তদক্ষিণং (দত্তা দক্ষিণা যেন তং) যজমানং, ত্যজন্তি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

করণমাত্রং নতু তাত্ত্বিকী। পুংভিরিতি দৃষ্টান্তৌ ॥ ৫ ॥

অস্যৈবান্যার্থদর্শনৈঃ প্রপঞ্চয়তি নিঃস্বমিত্যাদিনা। দত্তা দক্ষিণা যেন তং যাজ্যং ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং সর্ব্বেষামপার্থানাং বিড়ম্বনং তিরস্কারস্তদ্রূপেত্যর্থঃ। স্বস্য প্রয়োজনসদ্ভাবে মৈত্র্যাঃ সত্ত্বং প্রয়োজনাভাবে মৈত্র্যা অভাব ইত্যর্থঃ। তত্রাপি পুংভিঃ সুমনঃস্বিব পুষ্পসদৃশীষু সৌন্দর্য্য-সৌরভ্যসৌকুমার্য্যবতীষ্বপি স্ত্রীষু শ্লেষেণ শোভনমনস্কাসু অচঞ্চলচিত্তাস্বপি মৈত্রী তদ্বৎ কৃতা যদ্বৎ ষট্‌পদৈঃ কৃতেত্যন্বয়ঃ। ষট্‌পদা হি সৌরভ্যাদিগুণবত্ত্যপি পুষ্পাণি সকৃৎ স্বচাপল্য-দোষাৎ যথা ত্যজন্তি তথৈব পুমাংসঃ স্বসম্ভোগার্হমাধুর্য্যাদিমতীরপ্যেকনিষ্ঠা অপি স্ত্রীঃ সংভুজ্য ত্যজন্তীতি প্রয়োজনসদ্ভাবেঽপি মৈত্র্যা অভাব ইত্যতিনিন্দা ॥ ৫ ॥

তত্র স্বপ্রয়োজনাভাব এব মৈত্র্যা অভাব ইত্যত্র দৃষ্টান্তান্ দীপকন্যায়েনাহ। নিঃস্বং গণিকা স্ত্যজন্তি। তেন যাবদ্ধনপ্রাপ্তিস্তাবন্ন ত্যজন্তীতি এবমগ্রেঽপি ব্যাখ্যেয়ং। অকল্যং

থাকে ; পরে ভ্রমর যেমন মধু পান করিবার পর আর পুষ্পের সহিত কোন সম্পর্ক রাখে না, অনায়াসে পরিত্যাগ পূর্ব্বক অন্যত্র চলিয়া যায়, সেইরূপ স্বীয় কাম চরিতার্থতার নিমিত্তই নারীগণের সহিত পুরুষের মিত্রতা ঘটে ; আবার কামের নিবৃত্তি হইলেই মিত্রতার কোন গন্ধমাত্রও থাকে না ॥ ৫ ॥

অন্যে বিনা স্বার্থে যে কেহ কাহাকে আদর করে না, জগতে তাহার যথেষ্ট উদাহরণ স্পষ্ট প্রতীত আছে। বারাঙ্গনা নিঃস্ব উপপতিকে পরিত্যাগ করে ; পূর্ব্বের ন্যায় কোন প্রকার আদর করে না। রাজা যতদিন প্রজা পালনে সমর্থ থাকেন, ততদিনই তাহাদের নিকট তিনি আদর বা সম্মান লাভ

আভাস।

যদি বলেন যে, স্নেহ ঊর্দ্ধগামী নহে ; পিতা মাতার জন্য শ্রীকৃষ্ণের তত যত্ন নাই। রাস-মণ্ডলস্থ নারীকুলের কথাই তাঁহার চিত্তকে বিশেষ আকর্ষণ করিয়াছে। বিশেষত তিনি লম্পট ;

খগা বীতফলং বৃক্ষং ভুক্ত্বা চাতিথয়ো গৃহং।
দগ্ধং মৃগাস্তথারণ্যং জারা ভুক্ত্বা রতাং স্ত্রিয়ং ॥ ৭ ॥

অন্বয়ঃ।

খগাঃ পক্ষিণঃ, বীতফলং ফলরহিতং, বৃক্ষং তথা অতিথয়ঃ ভুক্ত্বা চ গৃহং ত্যজন্তি তথা দগ্ধং অরণ্যং মৃগাঃ তথা জারাঃ পরস্ত্রিভোক্তারঃ স্বয়ং ভুক্ত্বা রতাং অতৃপ্তাং, স্ত্রিয়ং ত্যজন্তি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

পক্ষিণো বিগতফলং বৃক্ষং। রতামনুরক্তাং অতৃপ্তামিত্যর্থঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পালনাসমর্থং। দত্তদক্ষিণং দত্ত্বা দক্ষিণা যেন তং যজমানং। বীতফলং বিগতফলং। জারাঃ খলু রতাং রমণবতীমপি স্ত্রিয়ং ত্যজন্তি। তেন যাবত্তস্যা যৌবনং তাবন্ন ত্যজন্তীতি পূর্ব্ববদর্থাভাবাৎ। যৎকিঞ্চিৎ প্রয়োজনাভাবেঽপি মৈত্র্যা অভাবঃ প্রতিপাদিতঃ। তেন তস্য স্বপ্রয়োজনসিদ্ধিঃ। পুরস্ত্রীভিরেব ভবতীতি কথং বয়ং স্মরণীয়া ভবামেতি কৃষ্ণস্য স্বেষু প্রেম্নাভাবো ব্যঞ্জিতঃ। তত্রাপি জারা ইতি বহুবচনেন স্ত্রিয়মিত্যেকবচনেন চ বহুজারপরায়াঃ কামোপাধিকপ্রীতিমত্যাস্তে ত্যাগঃ সম্ভবতু। অস্মাকন্তু বহ্বীনামপি তদেকনিষ্ঠত্বমেব কেবলং। প্রেমাপি নচ কৈশোর এব কামোপাধিকঃ কিন্তু আবাল্যাদেবেত্যতো নিরুপাধিক এব তদপি কৃষ্ণে ন বয়ং ত্যক্তা স্তস্মাৎ তদ্দৃষ্টান্তোঽপি তত্র ন সম্ভবেদিত্যভিব্যজ্য নিরুপমং নৃশংসত্বমেব কৃষ্ণস্য দ্যোতিতং ॥ ৬ ॥ ৭ ॥

করেন; পরে অসমর্থতার পরিচয় হইলেই, সেই প্রজাগণই রাজাকে পরিত্যাগ করে; পূর্ব্বকৃত কর্ম্মের উপকারের জন্য কৃতজ্ঞতার পরিচয়ে সেই নরপতিকে কোন প্রকার সম্মান করে না। যতদিন বিদ্যাভ্যাস করা না হয়, ততদিনই শিষ্য গুরুর অনুগত থাকেন; বিদ্যাভ্যাস সমাপ্ত হইলে, শিষ্য গুরুকে পরিত্যাগ করেন। পুরোহিতাদি ব্রাহ্মণগণ যদি কর্ম্মান্তে দক্ষিণা প্রাপ্ত হইলেন, অমনি যজমানকে ত্যাগ করিয়া চলিয়া যান ॥ ৬ ॥

বিহঙ্গমকুল নিবৃত্তফল বৃক্ষকে পরিত্যাগ করে; অতিথিগণ ভোজন সমাপন হইলেই, অন্নদাতা গৃহস্থের গৃহ হইতে অন্যত্র প্রস্থান করে; অরণ্য দগ্ধ হইলে, মৃগকুল আর তথায় বাস করে না; বনান্তরে গমন করে এবং উপপতিগণও স্বয়ং উপভোগ করিয়াই অতৃপ্তা রমণীকে পরিত্যাগ পূর্ব্বক প্রস্থান করে ॥ ৭ ॥

আভাস।

সুতরাং পরস্ত্রীর সংবাদ তাঁহার নিতান্তই প্রয়োজন। তথাপি আমরা সুখে থাকিলে, তিনি সুখী হইবেন, একথা নিরর্থক। আমাদের সহিত তাঁহার মিত্রতা কেবল স্বার্থসিদ্ধির নিমিত্ত মাত্র। মধুকর যেমন কেবল মধুর অনুরোধে পুষ্পের সন্নিধানে গমন করে, মধু সংগ্রহ করা

ইতি গোপ্যোহি গোবিন্দে গতবাক্কায়মানসাঃ।
কৃষ্ণদূতে সমায়াতে উদ্ধবে ত্যক্তলৌকিকাঃ॥
গায়ন্ত্যঃ প্রিয়কর্ম্মাণি রুদন্ত্যশ্চ গতহ্রিয়ঃ।
তস্য সংস্মৃত্য সংস্মৃত্য যানি কৈশোরবাল্যয়োঃ॥ ৮॥

অন্বয়ঃ।

তস্য শ্রীকৃষ্ণস্য কৈশোরবাল্যয়োঃ যানি প্রিয়কর্ম্মাণি তানি সংস্মৃত্য সংস্মৃত্য গায়ন্ত্যঃ রুদন্ত্যঃ গোপ্যঃ কৃষ্ণদূতে উদ্ধবে, ব্রজং সমায়াতে গোবিন্দে গতবাক্কায়মানসঃ (গতানি নিবিষ্টানি বাগাদীনি যাসাং তাঃ) ত্যক্তলৌকিকাঃ লোকব্যবহারানুসন্ধানরহিতাঃ গতহ্রিয়ঃ পরিত্যক্তলজ্জাঃ, সত্যঃ ইতি এবং, হি অপৃচ্ছন্ ইতি পূর্ব্বেণান্বয়ঃ॥ ৮॥

শ্রীধরস্বামী।

ত্যক্তলৌকিকাঃ ত্যক্তলোকব্যবহারাঃ প্রিয়স্য কর্ম্মাণি গায়ন্ত্যঃ। তথা তস্য বাল্যকৈশোরয়োর্যানি কর্ম্মাণি তানি সংস্মৃত্য গতহ্রিয়ঃ সত্যো রুদন্ত্যশ্চ তমপৃচ্ছন্নিতি পূর্ব্বক্রিয়য়ৈব সম্বন্ধঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যক্তলৌকিকাঃ স্বমুখেনৈবোপপত্যস্পষ্টীকরণাৎ ত্যক্তলৌকিকব্যবহারা বভূবুঃ॥

রুদন্ত্যশ্চ বভূবুঃ। কৈশোরবাল্যয়োরিতি বাল্যমারভ্যৈব তস্মিংস্তাসাং প্রেমা নিরুপাধিক এব নতু কৈশোর এব কামোপাধিকইতি ভাবঃ॥ ৮॥

পরমভক্ত কৃষ্ণদূত উদ্ধব ব্রজে আগমন করিয়াছেন অবগত হইয়া, শ্রীকৃষ্ণ বাল্য ও কিশোরকালে যে সকল আনন্দপ্রদ কার্য্য করিয়াছিলেন, গোপিকাগণ সেই সকল ব্যাপার কীর্ত্তন করত, প্রেমের আবেশে গোবিন্দে প্রাণ ও মন প্রভৃতি বিসর্জ্জন পূর্ব্বক ব্যাকুল হইয়া উঠিলেন; তাঁহারা লৌকিক আচরণের প্রতি কিছুমাত্র দৃষ্টি না করিয়া, নির্লজ্জার ন্যায় উদ্ধবের নিকট উপস্থিত হইলেন এবং শ্রীকৃষ্ণের সংবাদ জিজ্ঞাসা করিতে লাগিলেন॥ ৮॥

আভাস।

হইলে, আর পুষ্পের সমীপে গমন করে না; শ্রীকৃষ্ণেরও আমাদের সহিত সেইরূপ মিত্রতা। আর প্রয়োজন নাই; এক্ষণে যে যে কারণে স্বার্থ-সিদ্ধির সম্ভাবনা আছে, সেই সেই কারণের প্রতিই তাঁহার যত্ন হইবে। কেবল তিনি কেন? উদ্দেশ্য সাধন হইলে যে মিত্রতার ভঙ্গ হয়, জগতে ইহার ভূরি ভূরি দৃষ্টান্ত সর্ব্বদাই পরিদৃষ্ট হইয়া থাকে। তাহারই দৃষ্টান্ত পরবর্ত্তী শ্লোকদ্বয়ে বর্ণিত হইয়াছে॥ ৫॥ ৬॥ ৭॥

গোপিকাগণ পূর্ব্বোক্ত প্রকারে আক্ষেপ করত উদ্ধব সন্নিধানে অসূয়া প্রকাশ করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণের বাল্যলীলা ও কৈশোর আচরণ অনুস্মরণ করত, তাঁহারা আত্মহারা হইয়া পড়িলেন। তাঁহারা নারী হইয়া পর পুরুষ উদ্ধবের সন্নিধানে শ্রীকৃষ্ণের সহিত

কাচিন্মধুকরং দৃষ্ট্বা ধ্যায়ন্তী প্রিয়সঙ্গমং।
প্রিয়প্রস্থাপিতং দূতং কল্পয়িত্বেদমব্রবীৎ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তত্র প্রিয়সঙ্গমং (প্রিয়স্য শ্রীকৃষ্ণস্য সঙ্গমং) ধ্যায়ন্তী কাচিৎ গোপী মধুকরং ভ্রমরং, দৃষ্ট্বা তং প্রিয়প্রস্থাপিতং (প্রিয়েণ কৃষ্ণেন প্রস্থাপিতং প্রেষিতং দূতং কল্পয়িত্বা ইদং বক্ষ্যমাণং, অব্রবীৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

প্রিয়েণ শ্রীকৃষ্ণেন মাং প্রসাদয়িতুং প্রস্থাপিতোঽয়ং দূত ইতি কল্পয়িত্বা অব্রবীৎ। যদ্বা। তস্মিন্ প্রিয়প্রস্থাপিতে উদ্ধবে দৃষ্টিং কৃত্বা মধুকরাপদেশেনোদ্ধবমেবাব্রবীদিত্যর্থঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কাচিদিতি হ্লাদিনীশক্তিসারবৃত্তিরূপস্য প্রেম্নোঽপি যা সপ্তমী ভূমিকা মহাভাবস্তন্ময়ী শ্রীবৃষভানুনন্দিনীয়মিতি বৈষ্ণবতোষণী। কৃষ্ণকর্ত্তৃকং সঙ্গমং মথুরাঙ্গনাসু ধ্যায়ন্তী ধ্যানেন কল্পয়ন্তী অতএব উদ্ভূতমানা প্রিয়েণ শ্রীকৃষ্ণেন মাং প্রসাদয়িতুং প্রস্থাপিতোঽয়ং দূত ইতি কল্পয়িত্বা কমপি মধুকরমব্রবীৎ। যদ্বা। মধুকরাপদেশেনোদ্ধবমেবাব্রবীদিত্যর্থঃ ॥ ৯ ॥

তন্মধ্যে কোন একজন গোপী মনে মনে মথুরাঙ্গনা সহ শ্রীকৃষ্ণের মিলন ধ্যান করত, যেন উন্মনা হইলেন এবং সম্মুখে একটী মধুকর অবলোকন করত, তাহাকে কৃষ্ণ-প্রেরিত দূত কল্পনায়, সম্বোধন পূর্ব্বক এইরূপ বলিয়াছিলেন ॥৯॥

আভাস।

নিজেদের ঔপপত্য সম্বন্ধ অলক্ষ্যভাবে প্রকাশ করায়, যেন লজ্জার সীমা করিলেন; এবং লোকলজ্জা ও গুরুজনগণের গঞ্জনার প্রতি উদাসীন হইয়া, রোদন করিতে করিতে উদ্ধব সন্নিধানে শ্রীকৃষ্ণবার্ত্তা জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥ ৮ ॥

তন্মধ্যে হ্লাদিনী শক্তিস্বরূপা বৃষভানুনন্দিনী শ্রীরাধিকা দিব্যোন্মাদাদি মহাভাববিশিষ্টা হইয়া, প্রেতাবিষ্টা কামিনীর ন্যায় কৃষ্ণাবিষ্টচিত্তে যে সকল উদ্ভ্রান্ত ভাবের পরিচয় দিয়াছিলেন, তাহাই পরবর্ত্তী দশটী শ্লোকে একটী মধুকর আশ্রয়ে প্রকটিত করা হইয়াছে। তিনি মথুরাঙ্গনা সহ কৃষ্ণসঙ্গ হৃদয়ে প্রত্যক্ষের ন্যায় চিন্তা করিতেছিলেন; অকস্মাৎ একটী ভ্রমরকে সম্মুখে দেখিয়া নিদ্রোত্থিত ব্যক্তির স্বপ্নভঙ্গের ন্যায়, কৃষ্ণসঙ্গে যেন তাঁহার বিরহ নিপতিত হইল। স্বপ্ন স্বরূপত মিথ্যা হইলেও, তাহার ভঙ্গে স্বপ্নদর্শীকে ক্লেশ দিতে পারে। কৃষ্ণ-প্রেমে তিনি নিমগ্না ছিলেন; মধুকর উপস্থিত হইয়াই কৃষ্ণবিরহের জ্ঞান উদিত করিল। শ্রীরাধিকা তখন দশম দশা প্রাপ্ত হইবার পূর্ব্বাবস্থাতে ঐ ভ্রমরকে অবলোকন করিয়া, কৃষ্ণ-প্রেরিত দূতজ্ঞানে সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিলেন। অথবা উদ্ধবকেই বলিবার অভিপ্রায়ে ভ্রমরকে উপলক্ষ করা হইয়াছিল মাত্র ॥ ৯ ॥

স্বীয় চরণকমলের সৌরভে পাদসমীপে সমাগত একটী ভ্রমরকে ভ্রমণ করিতে দেখিয়া,

গোপ্যুবাচ ॥

মধুপ কিতববন্ধো মা স্পৃশাঙ্ঘ্রিং সপত্ন্যাঃ কুচবিলুলিতমালাকুঙ্কুমশ্মশ্রুভি র্নঃ।

অন্বয়ঃ।

হে মধুপ ভ্রমর! হে কিতববন্ধো (কিতবস্য ধূর্ত্তস্য বন্ধো!) নঃ অস্মাকং, সপত্ন্যাঃ কুচ-বিলুলিতমালাকুঙ্কুমশ্মশ্রুভিঃ (কুচাভ্যাং বিলুলিতা আলিঙ্গনদশায়াং সংমর্দ্দিতা মালা তস্যাঃ কুঙ্কুমং কুচসম্বন্ধাৎ মালায়াং প্রাপ্তং যৎ কুঙ্কুমং তৎ যেষু তৈঃ শ্মশ্রুভিঃ, নঃ অস্মাকং,

শ্রীধরস্বামী।

হে মধুপ কিতবস্য ধূর্ত্তস্য বন্ধো নোঽস্মাকমঙ্ঘ্রিং মা স্পৃশ মা মাং নমস্কারেণ প্রার্থয়স্ব ইত্যর্থঃ। তৎ কিমিত্যপেক্ষায়াং কৃষ্ণবর্ণস্য তস্য শ্মশ্রূণাং লোহিতত্বে কারণমুৎপ্রেক্ষমাণাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বচরণকমলসৌরভলোভেন ভ্রমন্তং ভ্রমরং বীক্ষ্য দিব্যোন্মাদবতী শ্রীবৃষভানুনন্দিনী প্রজল্পতি। হে মধুপ ভ্রমর কিতবস্য ধূর্ত্তস্য এবং মদর্থোজ্ঝিতেত্যাদিনা ন পারয়েঽহ-মিত্যাদিনা আয়াস্য ইতি দৌত্যকেন চ মিথ্যাবচনবৃন্দেন বঞ্চকস্য কৃষ্ণস্য বন্ধো বন্ধুতারূপ-দৌত্যকারিন্ অঙ্ঘ্রিং মা স্পৃশ। নন্বু কিমিতি নমস্কর্ত্তুং ন দদাসি তত্রাহ হে মধুপ। মদ্যপ মধু মদ্যে পুষ্পরসে ইত্যনেকার্থবর্গঃ। মদ্যপস্পর্শে চরণস্যাপাবিত্র্যং স্যাদতো নমশ্চিকীর্ষা চেদ্দূরমপসৃত্য নমস্কুর্ব্বিতি ভাবঃ। নন্বদুষ্টেঽপি ময়ি মিথ্যামদ্যপত্বপরিবাদং কিমর্থয়সি ইতি

ওহে মধুমত্ত ভ্রমর! তোমাকেত সেই শঠশিরোমণি শ্রীকৃষ্ণেরই পরম মিত্র বলিয়া প্রতীত হইতেছে। কৃষ্ণ কামভরে আমাদের সপত্নীকে আলিঙ্গন করায়, কামিনীর কুচযুগলে সংলিপ্ত কুঙ্কুমরাগ তাঁহার গলদেশস্থ বনমালায় সংলগ্ন হইয়াছিল। তুমি সেই মালাতে মধুলোভে মুখ স্পর্শ করায়, তোমার শ্মশ্রুতেও সেই কুঙ্কুমরাগ ঐ লাগিয়া রহিয়াছে। দেখ! যেন ঐ শ্মশ্রুর দ্বারা আমাদের চরণ স্পর্শ করিও না! কৃষ্ণত আর এক্ষণে ব্রজপতি নহেন; এখন

আভাস।

উন্মত্তার ন্যায় তাহাকে নরোচিত সামর্থ্যবিশিষ্ট-জ্ঞানে সম্বোধন করত বলিলেন, ওহে ভ্রমর! দেখ! যেন তোমার শ্মশ্রুর দ্বারা আমার চরণকে স্পর্শ করিও না! তুমি যে সেই শঠশিরোমণি শ্রীকৃষ্ণের দূত, তাহা আমি বিলক্ষণ অবধারণ করিয়াছি। মথুরায় যাত্রাকালে, তোমার প্রভু "সত্বর প্রত্যাগমন করিবেন; আমাদিগকে পরিত্যাগ করিয়া কোথাও থাকিতে পারিবেন না" এইরূপ অনেক মধুর বচন প্রয়োগ করিয়া গিয়াছিলেন; কিন্তু কার্য্যত তাঁহার সকলই বিপরীত ব্যবহার দেখিতেছি! অতএব নারীকে বঞ্চিত করিতে তিনি বিলক্ষণ পটু। তুমি যখন তাঁহারই প্রেরিত দূত, তখন পুনরায় অন্য কোন বঞ্চনার আয়োজনে এখানে উপস্থিত হইয়াছ! অতএব আর বিশেষ সম্বন্ধের প্রয়োজন নাই। তুমি পুষ্পমধু পানে উন্মত্ত হইয়াছ, প্রণামের উপলক্ষে তোমাকে চরণস্পর্শ করিতে দেওয়াতেও আমার অপবিত্রতার

বহতু মধুপতি স্তন্মানিনীনাং প্রসাদং যদুসদসি বিড়ম্বং যস্য দূতস্ত্বমীদৃক্॥ ১০

অন্বয়ঃ।

অঙ্ঘ্রিং মা ন স্পৃশ! মধুপতিঃ (মধবঃ যাদবাঃ তেষাং পতিঃ কৃষ্ণঃ যদি ব্রজপতিত্বং হিত্বা যদুপতিঃ জাতঃ তদা তন্মানিনীনাং (তাসাং মানবতীনাং) প্রসাদং বহতু করোতু (কিমস্মাকং বনচরীণাং প্রসাদেন) যস্য ত্বং ঈদৃক্ স্ত্রীকুচকুঙ্কুমযুক্তশ্মশ্রুবান্ দূতঃ তস্য যদুসদসি বিড়ম্বং উপহাসাস্পদত্বং এব স্যাৎ॥ ১০॥

শ্রীধরস্বামী।

সপত্ন্যাঃ কুচাভ্যাং বিলুলিতা সংমর্দ্দিতা যা শ্রীকৃষ্ণস্য বনমালা অতএব তস্যাঃ কুঙ্কুমং যেষু তৈঃ শ্মশ্রুভিরুপলক্ষিতঃ। কিন্তু তাসামেব মানিনীনাং প্রসাদং মধুপতির্বহতু কিমস্মৎপ্রসাদেন তস্য যদুসদসি বিড়ম্বং উপহাস্যস্পদং। কুতঃ যস্য দূতস্ত্বমীদৃক্ ঈদৃশঃ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র নায়ং পরিবাদঃ কিন্তু যথার্থমেব বচ্মীত্যাহ। মম সপত্ন্যাঃ কুচয়োঃ কৃষ্ণবক্ষঃসংঘর্ষেণ বিলুলিতা বিমর্দ্দিতা যা মালা কিম্বা কুচাভ্যামেব বিলুলিতা বা কৃষ্ণবনমালা তৎসম্বন্ধি-কুঙ্কুমযুক্তৈঃ শ্মশ্রুভি র্মা স্পৃশেতি। ভ্রমরস্য স্বাভাবিকশ্মশ্রুপীতিম্ন এব তথারোপঃ। তেন চ মানিনীং মামনুনেতুং ত্বমিহায়াতোঽস্যথ চ তথাভূতকুঙ্কুমশ্মশ্রুপ্রক্ষালনং বিনৈবেতি বিবেকাভাব এব মদ্যপান-লক্ষণং। এতদ্দর্শনয়া মানো বর্দ্ধ্যত এব নতু নিবর্ত্ত্যত ইতি বুদ্ধ্যস্বেতি ভাবঃ। নন্থ যথা তথাস্তু ত্বং তাবৎ প্রসীদেতি তত্রাহ। হে মধুপ মদ্যপালক তত্র গত্বা নিজপ্রভোঃ পেয়ং মদ্যমেব পালয় পিব চ তৎ কর্ম্মৈব ত্বং কর্ত্তুং শক্নোষি নতু দৌত্যং নির্বুদ্ধিত্বাদিতি ভাবঃ। নন্বেবঞ্চেদলং ময়া। সংপ্রত্যহং পুনর্মথুরামেব যামি স এব গোপেন্দ্রনন্দনঃ স্বয়মেত্য ত্বাং প্রসাদয়ত্বিত্যত আহ বহত্বিত্যাদি মধূনাং যাদববিশেষাণাং পতিঃ।

মথুরায় গমন করিয়া, মধুপতি হইয়াছেন। এক্ষণে তত্রত্য মানিনীগণেরই অভিমান পূরণ করুন! আমাদের ন্যায় বনবিহারিণীগণের প্রতি তাঁহার প্রসন্নতার আর প্রয়োজন কি? তুমি যখন এই বেশে আমাদের নিকট দূত হইয়া আগমন করিয়াছ, নিশ্চয়ই এই বার্ত্তা শ্রবণে মথুরাবাসিনীর সভায় তোমার প্রভুর লাঞ্ছনার আর সীমা থাকিবে না॥ ১০॥

আভাস।

ভয় হয়। তুমি মদ্যপানে উন্মত্তবেশে যে সম্প্রতি উপস্থিত হইয়াছ, তোমার নিজের অঙ্গেই তাঁহার যথেষ্ট পরিচয় আছে। কারণ তুমি যখন আমার সন্তোষ উৎপাদনার্থ এখানে উপস্থিত হইয়াছ, তখন বিরক্তির উৎপাদক ওরূপ বেশে আগমন করা ভাল হয় নাই। তোমার বদনোপরি রক্তিম আভা লক্ষিত হইতেছে; ঐটীকে মুছিয়া আসা তোমার উচিত ছিল। উহা দর্শনে কৃষ্ণের উপর ক্রোধেরই আকর্ষণ হইতেছে। শ্রীকৃষ্ণ যে কামপরতন্ত্র হইয়া আমাদের সপত্নীকে গাঢ় আলিঙ্গন করিয়াছেন, তুমিই তাহার সুস্পষ্ট সাক্ষ্য প্রদান

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংপ্রতি সোঽভূৎ ব্রজেশ্বরীগর্ভজাতত্বেন গোপজাতিরপি ভাগ্যবশাৎ ক্ষত্রিয়জাতিরভূদত স্তন্মানিনীনাং ক্ষত্রিয়স্ত্রীণাং প্রসাদং বহতু প্রাপ্নোতু। তা এব সদা প্রসাদয়তু কিমস্মাভি র্নিকৃষ্টাভি র্গোপস্ত্রীভিরিতি ভাবঃ। তত্র বহুবচনেন বহধাতু প্রয়োগেণ চ মধুস্ত্রীণামানন্ত্যাৎ সর্ব্বাসামেব তদ্ভুক্তত্বাৎ একস্যাং প্রসাদিতায়ামন্যস্যা মানোৎপত্তেস্তস্যামপি প্রসাদিতায়ামন্যস্যা ইত্যেবং তাসাং প্রবাহরূপেণ প্রসাদং প্রাপ্নোত্বিত্যস্মৎসন্নিধাবাগমনে তস্যাবসর এব নাস্তীতি ভাবঃ। নন্থ তদীয়সর্ব্বসৌভাগ্যনিধে দেবি মৈবং বাদী র্যদি ত্বয়ি তস্য মনো নাস্তি তর্হি কথমহং তেন দূতঃ প্রস্থাপিত স্তত্রাহ। যস্য দূত ত্বমীদৃক্ ক্ষত্রিয়স্ত্রীজনসুরতচিহ্নধারী তস্য যদুসদসি বিড়ম্ব্যং বিড়ম্বনমেব। যদুস্ত্রীণাং তৎকৃতস্য ব্যক্তীভাবেন কুপিতৈস্তত্তৎপতিভিস্তস্য বিড়ম্বনমেব করিষ্যত ইতি ভাবঃ। যদ্বা। যস্য ত্বমীদৃগ্ দূতস্তস্য যৎ যদুসদস্তত্র অধিকরণ এব বিড়ম্বনং ভাবি। গোপেন তন্নারীণাং ভুক্তত্বাৎ যদূনাং নিন্দৈব সর্ব্বদেশে ভবিষ্যতীত্যর্থঃ। শ্লেষেণ যস্য দূত ত্বমীদৃক্ সচ মধুপতি র্মধূনাং মদ্যানাং পতিরিতি মদ্যপ এব। যতো মদ্যস্য বিক্ষেপেণৈব ত্বাদৃশো ভ্রমরো দূতঃ কৃত ইতি। অত্র কিতবেত্যসূয়া। সপত্ন্যা ইত্যাদিনের্ষা। অঙ্ঘ্রিং মা স্পৃশ ইতি মদঃ। বহস্বিত্যাদিনা অবধীরণং। যদুসদসীত্যাদিনাঽকৌশলোদ্গার ইত্যয়ং প্রজল্পঃ। যদুক্তমুজ্জ্বলনীলমণৌ। অসূয়ের্ষ্যামদযুজা যোঽবধীরণমুদ্রয়া। প্রিয়স্যাকৌশলোদ্গারঃ প্রজল্পঃ সতু কীর্ত্ত্যত ইতি ॥ ১০ ॥

আভাস।

করিতেছ। কারণ সপত্নীর কুচলিপ্ত কুঙ্কুমরাগ সেই সময় শ্রীকৃষ্ণের মালাতে সংলগ্ন হইয়াছিল; এবং তুমিও সেই মালার মধু পান করিবার সময়, এই যে কুঙ্কুমরাগও তোমার মুখে এবং শ্মশ্রুতে সংলগ্ন হইয়াছে। তুমি মদমত্ত! ঐ কুঙ্কুমরাগ নিজের অঙ্গ হইতে অপনোদিত না করিয়াই আগমন করায়, অবিমৃষ্যকারিতারই পরিচয় দিয়াছ! অতএব তুমি এক্ষণে ফিরিয়া যাও! তোমার দ্বারা তোমার প্রভুর কোন ফললাভ হইবে না। অধিক কি! তুমি যাঁহার দূত, তিনি নিজে এখানে আগমন করিয়াও কোন ফল পাইবেন না। তিনি এখন তত্রত্য কামিনীগণেরই মনোরথ পূর্ণ করুন! ব্রজেশ্বরীর গর্ভে জন্ম পরিগ্রহ করায়, পূর্ব্বে গোপজাতি বলিয়াই বিখ্যাত ছিলেন; সুতরাং গোপকামিনীর মান রক্ষা করা তাঁহার কার্য্য ছিল; এক্ষণে ভাগ্যবশে তিনি ক্ষত্রিয় হইয়াছেন; সুতরাং ক্ষত্রিয়যুবতীর মানরক্ষা করাই তাঁহার এক্ষণে অবশ্য কর্ত্তব্য। হে মধুপ! আমার জন্যই যে তুমি এখানে প্রেরিত হইয়াছ, তাহা আমি কখন বিবেচনা করি না। তাহা হইলে তুমি ওরূপ চিহ্ন ধারণে, কখন এস্থলে উপস্থিত হইতে না। তোমার ব্যবহারে আমার আশঙ্কা হইতেছে যে, আমাদের নিকট তুমি যেমন অপ্রস্তুত হইলে, এইরূপ বেশে যাদবগণের সভায় উপস্থিত হইলে, তোমার প্রভুকেও ঐরূপ তুমি অপ্রতিভ করিবে। এতদ্দর্শনে তোমার প্রভুর কার্য্যকলাপ যাদবগণের নিকট সুস্পষ্ট প্রতীত হইবে। একজন গোপ তাঁহাদের কুলকামিনীগণের সহিত বিহার করে, এই নিন্দাবাদে তাঁহারাও জগতে নিন্দিত হইবেন। অতএব তোমাকে দূতরূপে নির্ব্বাচন করায়, শ্রীকৃষ্ণের

সকৃদধরসুধাং স্বাং মোহিনীং পায়য়িত্বা
সুমনস ইব সদ্য স্তত্যজেঽস্মান্ ভবাদৃক্।

অন্বয়ঃ।

সকৃৎ একদা, এব স্বাং মোহিনীং অধরসুধাং পায়য়িত্বা সদ্যঃ অবিলম্বেনৈব, ভবাদৃক্ ত্বাদৃশঃ, ভ্রমরঃ যথা রসং পীত্বা সুমনসঃ কুসুমানি, ত্যজতি তদ্বৎ অস্মান্ কৃষ্ণঃ তত্যজে। নু ভোঃ পদ্মা পরমচতুরা লক্ষ্মীঃ, তৎপাদপদ্মং (তস্য কৃতঘ্নস্য পাদপদ্মং কথং নু পরিচরতি সেবতে। অপি

শ্রীধরস্বামী।

ননু কিমিত্যেবং তমবজানীথ কিং বস্তেনাপকৃতং অত আহ সকৃদিতি। তাদৃশো দুর্ম্মনাঃ সুমনসঃ কুসুমানি যথা ত্যজতি তদ্বৎ। অহো বতাবিজ্ঞস্য তস্য পাদপদ্মং শ্রীঃ কথং সেবতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু ভ্রমরজাতে র্মায়ং স্বাভাবিক এব শ্মশ্রুপীতিমা নতু সুরতকুঙ্কুমমিদং তস্য চ ত্বদেক-তানমানসস্য মধুপূর্য্যাং কামপি স্ত্রিয়ং স্বপ্নেঽপ্যপশ্যতঃ কোঽপরাধো যত স্ত্বমীদৃশং মানমা-বিষ্করোষীতি তত্রাহ সকৃদিতি। পায়নস্যাসকৃত্ত্বেঽপি সকৃদিত্যুক্তিরনুরাগেণ তত্র তৃষ্ণাধিক্যং ব্যঞ্জয়তি। অধর এব সুধা তামিত্যত এব এতাবদ্ভিরপি সন্তাপৈ র্নম্রিয়ামহে ইতি ভাবঃ। এতা মদ্দত্তৈঃ কষ্টৈ র্যদি মরিষ্যন্তি তদাহং কাভ্যঃ কষ্টং দাস্যামি। তস্মাদাসাং মরণাভাবায় স্বামধরসুধাং পায়য়ামীতি স পুরৈব বিচারয়ামাসেতি ভাবঃ। অতঃ সকৃদেব পায়য়িত্বা সদ্য

ওহে ভ্রমর! এক তোমার চরিত্রেই তোমার প্রভুর শঠতার যথেষ্ট পরিচয় পাওয়া গিয়া থাকে; দেখ! ভ্রমর যেমন প্রফুল্ল কুসুমের সার মধু নিজে সংগ্রহ করিয়াই কুসুমকে পরিত্যাগ করিয়া থাকে, আর সে পুষ্পের কোন সংবাদ লয় না, সেইরূপ তোমার প্রভু সেই শ্রীকৃষ্ণ অমৃতোপম অধর-সুধা পান করাইয়া মোহিত করত, আমাদের চিত্ত সংগ্রহে প্রস্থান করিয়াছেন;

আভাস।

নিতান্তই অপরিণামদর্শিতার পরিচয় দেওয়া হইয়াছে॥ ১০॥

ভ্রমর আকার ইঙ্গিতে যেন প্রকাশ করিতেছিল যে, ভ্রমরের শ্মশ্রু আদি অগ্রভাগ স্বভাবতই পীতবর্ণ; এতদ্বারা সুরতের পরিচয় মনে করা উচিত নহে। শ্রীকৃষ্ণ রাধিকা ব্যতীত অন্য কোন কামিনীকে স্বপ্নেও কখন মনে করেন না; অতএব শ্রীকৃষ্ণের প্রতি তাদৃশ ক্রোধের পরিচয়ে মানিনী হওয়া, শ্রীরাধিকা ন্যায় প্রেমিকার কর্ত্তব্য হয় নাই। তদুত্তরে রাধিকা বলিলেন, হে ভ্রমর! তোমার প্রভুর অপরাধের সীমা নাই। নারীকে যাতনা দিবার জন্যই তিনি জন্ম ধারণ করিয়াছেন। আমরা অক্লেশে যে প্রাণ পরিত্যাগ করিব, সে সামর্থ্যও আমাদের রাখেন নাই। কারণ পাছে আমরা মরি, এই নিমিত্ত তদীয় বদনকমল হইতে বিনির্গত অনুপম সুধারাশি একবার পান করাইয়া, আমাদিগকে অমর করিয়াছেন; যেন তদ্দত্ত দুঃখকে নিঃশেষে সহ্য করিতে পারি; এই তাঁহার প্রধান উদ্দেশ্য। আমরা যদি মরিয়াই যাই, তবে জগতে

পরিচরতি কথং তৎ পাদপদ্মং নু পদ্মা
অপি বত হৃতচেতাহ্যুত্তমঃশ্লোকজল্পৈঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

বত খেদে বিতর্কে, উত্তমশ্লোকজল্পৈঃ (উত্তমশ্লোকাঃ পুণ্যকীর্ত্তিমন্তঃ যে তদ্ভক্তাঃ নারদাদয়ঃ তেষাং জল্পৈঃ শ্লাঘাবচনৈঃ) হৃতচেতাঃ হৃতং আকৃষ্টং, চেতো যস্যাঃ তথাভূতা সতী হি এব পরিচরতি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

বিদিতং ময়েত্যাহ অপীতি। বত খেদে। উত্তমশ্লোকস্য জল্পৈ র্মিথ্যাকথাভিঃ প্রায়ো হৃতচেতাঃ। বয়ন্তু ন লক্ষ্মীবদবিদগ্ধা ইতি ভাবঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎ ক্ষণ এবাস্মাংস্ত্যজ। অতোঽস্মৎসুখদানতাৎপর্য্যে সতি সুখাপায়নস্যাসকৃত্ত্বং স্যাদিতি ত্বমেব বিচারয়েতি ভাবঃ। তত্রাপি পায়য়িত্বেতি ণিচা তস্য বলাৎকারো দর্শিতঃ। নন্বেবঞ্চেৎ সাধ্ব্যো ভবত্যঃ কথং তস্মৈ স্পৃহয়ন্তি তত্রাহ। মোহিনীং বুদ্ধিভ্রংশিনীং। অতস্তেনাস্মদাদয়ো লোকদ্বয়ত এব ভ্রংশিতা ইতি। বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতমিতি ন্যায়োঽপি কৃষ্ণেন ন গণিত ইতি ভাবঃ। কিঞ্চ! তস্য প্রীত্যপ্রীতী দ্বে এবাতি চিত্রে ইত্যাহ। সুমনসো দেবশ্রেণীরিব বিষ্ণুঃ কৃষ্ণোঽস্মান্ সুধাং পায়য়িত্বা সুমনসো মালতী ভবাদৃক্ ভ্রমর ইবাস্মাংস্ত্যাজেতি পায়নত্যাগয়োঃ কর্ম্মণি কর্ত্তরি চ পৃথক্ পৃথক্ দৃষ্টান্তঃ। দেবপক্ষে। হে অধরনিকৃষ্টেতি সম্বোধনং। সুপর্ব্বাণঃ সুমনস ইত্যমরঃ। ননু তস্য

লক্ষ্মী পরম চতুরা হইয়াও যে তাদৃশ কৃতঘ্নের চরণসেবায় নিরন্তর নিমগ্না আছেন, সে কেবল তোমাদের প্রভুর গুণে নহে; তদীয় ভক্ত পবিত্রকীর্ত্তী নারদাদি ঋষিবৃন্দের প্রশংসাবাদে আশ্বাসিত হইয়াই লক্ষ্মী ওরূপ পরিচর্য্যা করিয়া থাকেন ॥ ১১ ॥

আভাস।

আর কাহাকে দুঃখ দিবেন! সুধা যদি আমাদের সুখের কারণ হইত, তাহা হইলে একবার মাত্র বল পূর্ব্বক পান করাইয়াই, ক্ষান্ত হইতেন না; বারংবার পান করাইতেন। কারণ সুধাপানের পদ্ধতি, হে মধুপ! তুমি অবশ্য বিশেষরূপে অবগত আছে। সুধাপানে ত আমাদের মঙ্গল-সাধন করা হয় নাই; আমাদের অনিষ্টই করা হইয়াছে। কারণ ইহার যেরূপ অপূর্ব্ব আস্বাদ যে, একবার মাত্র পান করায়, আমাদের নিকট সংসারের সকল রস বিস্বাদ হইয়া গিয়াছে। অথচ পুনরায় সে সুধা আর পাইলাম না; আমাদের উভয় কুলই বিনষ্ট হইল। দেখ! বিষবৃক্ষও যদি নিজে রোপণ করা যায়, নিজে তাহাকে ছেদন করা উচিত নহে; এ নীতিও কি তোমার প্রভু অবগত নহেন! হে ভৃঙ্গ! তুমি যেমন মধু সংগ্রহ করিবার পরই, মধুহীন পুষ্পকে পরিত্যাগ কর, শ্রীকৃষ্ণও সেইরূপ অধরসুধার বিনিময়ে আমা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুষ্মৎকর্ম্মকত্যাগে যুষ্মাকমেব কোঽপি দোষঃ কারণমস্তি তস্য বেতি তত্রাহ। সুমনস ইবাস্মান্ স ভবাদৃক্ তত্যাজ। ভ্রমরো যন্মালতী ত্যজতি তত্র দোষঃ কস্যেতি ত্বয়ৈব বিচার্য্যতামিতি ভাবঃ। সুমনা মালতীজাতিরিত্যমরঃ। সৌরভ্য-সৌকুমার্য্য-পাবিত্র্য-সর্ব্বোৎকর্ষাদিভিঃ সুমনঃসাধর্ম্ম্যাৎ শোভনমনস্কত্বাচ্চ বয়ং সুমনস ইতি ব্রজে প্রসিদ্ধা এব সচ ভ্রমরসাধর্ম্ম্যাৎ চপলঃ স্বসুখমাত্রার্থী প্রসিদ্ধ এবেতি নেদং কবিতামাত্রমিতি ধ্বনিঃ। ততশ্চ চাঞ্চল্যদোষাদের মালতী বহ্বীরপি ত্যক্ত্বা নিকৃষ্টেষ্বপি পুষ্পেষু বিষজ্জতি অবিষজ্জতি বা ভ্রমরে ইব কৃষ্ণে কথং বয়ং মানিন্যো ন ভবাম ইত্যনুধ্বনিঃ। নন্থ কৃষ্ণস্য নির্দোষত্বং শাস্ত্রপ্রসিদ্ধমেব। শাস্ত্রজ্ঞেন গর্গেণ নারায়ণসম ইত্যুক্তত্বাৎ। তত্র ভবতু স নারায়ণ স্তথাপি পরবঞ্চনাদিদোষাণাং তত্র প্রত্যক্ষতএব দৃষ্টত্বাত্তে কথমপলপনীয়া ভবন্তিতি বিমৃশ্য সবিচিকিৎসমাহ পরিচরতীতি। পদ্মা লক্ষ্মীঃ। লক্ষ্মীপরিচর্য্যায়ামপি হেতুং স্বয়মেবোদ্ভাবয়ন্ত্যাহ অপি বতেতি। উত্তমঃশ্লোক ইতি যে জল্পা স্তাবকলোকানাং স্তুতিমাত্রাণি তৈ র্হৃতং চেতো যস্যাঃ সা। তেন লক্ষ্মীরতি ঋজ্বী বয়ন্তু বৈচক্ষণ্যবৈদগ্ধবুদ্ধিবৈচিত্র্যাদি গুণানাং বিধাত্রা দত্তত্বাৎ কথং তাদৃশী ভবিতুং প্রভবামেতি ভাবঃ। অত্র পায়য়িত্বেতি মোহিনীমিতি চ তস্য শাঠ্যং। সদ্য স্ত্যাগান্নির্দয়ত্বং। ভবাদৃগিতি চাপল্যং লক্ষ্ম্যা আর্জ্জব-ব্যঞ্জনয়া স্ববিচক্ষণত্বং আদিশব্দাদকৃতজ্ঞত্ব-প্রেমশূন্যত্বাদিকং তু সর্ব্বত্রৈবানুস্যূতমিত্যয়ং পরিজল্পঃ। যদুক্তং। প্রভো নির্দয়তাশাঠ্যচাপলাদ্যপপাদনাং। স্ববিচক্ষণতাব্যক্তির্ভঙ্গ্যা স্যাৎ পরিজল্পিতং ॥ ১১ ॥

আভাস।

দের হৃদয় হইতে চিত্তকে সংগ্রহ করিয়া, আর আমাদিগকে অন্বেষণ করেন না। হে মধুপ! সৌরভ্য, সৌকুমার্য্য, পবিত্রতা এবং বিবিধ উৎকর্ষের কারণ মালতীতে বিদ্যমান থাকিতেও যেমন মধুকর অবলীলাক্রমে বিনা অপরাধে তাহাকে পরিত্যাগ করে, সেইরূপ বিনা অপরাধে শ্রীকৃষ্ণও আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন। হে ভ্রমর! তোমরা জন্ম হইতেই অস্থির-প্রকৃতি এবং ক্ষুদ্রচেতা! সুতরাং মালতীকে পরিত্যাগ করিয়া, অতি নিকৃষ্ট পুষ্পসন্নিধানে মধু-ভিক্ষা করিলেও, তাদৃশ দোষী হইতে পার না; কিন্তু শ্রীকৃষ্ণের ন্যায় ধীর ও স্থিরচিত্ত ব্যক্তির পক্ষে ওরূপ আচরণ কি সঙ্গত হইয়াছে? গর্গাচার্য্যের মুখে শ্রবণ করিয়াছি, শ্রীকৃষ্ণ গুণে নারায়ণতুল্য। অতএব পরবঞ্চনাদি ব্যবহার কৃষ্ণচরিত্রে দর্শন করিয়া, আমরা কি প্রকারে শান্ত থাকিতে পারি? অহো! তাঁহার বঞ্চনাসামর্থ্য কি অনুপম! স্বয়ং লক্ষ্মীও যে কি কামনায় নিরন্তর তাঁহার চরণসেবা করিতেছেন, আমাদের ন্যায় বঞ্চিত হইবার আশঙ্কা করিতেছেন না, এই ভাবিয়াই আমরা চমৎকৃত হইয়াছি। এতদ্দর্শনে আমরা স্পষ্টই বুঝিলাম যে, লোকের কথাতেই জগৎ উন্মত্ত হয়; বস্তুর প্রকৃত স্বরূপ-বিচারে কাহারই সামর্থ্য নাই। নারদাদি ভক্তবৃন্দের বাক্যেই প্রলোভিত হইয়া, লক্ষ্মীও কৃষ্ণচরিত্র বিচারে সমর্থা হন নাই ॥ ১১ ॥

কিমিহ বহু ষড়ঙ্ঘ্রে গায়সি ত্বং যদূনামধিপতিমগৃহাণামগ্রতো নঃ পুরাণং।

অন্বয়ঃ।

হে ষড়ঙ্ঘ্রে ইহ অগৃহাণাং গৃহং ত্যক্ত্বা বনে অবস্থিতানাং (অতঃ কিঞ্চিদ্দানে অসমর্থানাং) নঃ অস্মাকং, অগ্রতঃ পুরাণং বহুধা শ্রুতং, যদূনাং অধিপতিং শ্রীকৃষ্ণং, গায়সি? (যদি কিঞ্চিৎ প্রাপ্তুমিচ্ছসি তর্হি) বিজয়সখসখীনাং (বিজয়স্য অর্জ্জুনস্য সখা যঃ, শ্রীকৃষ্ণঃ তস্য সখীনাং)

শ্রীধরস্বামী।

হুঙ্কারান্ বহুধা কুর্ব্বন্তং তং অস্মৎপ্রসাদলাভায় শ্রীকৃষ্ণং গায়তীতি মত্বাহ কিমিহেতি। পুরাণং পুরাতনং বহুশোঽনুভূতং। বিজয়সখস্য শ্রীকৃষ্ণস্য সাম্প্রতং যাঃ সখ্যস্তাসাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভ্রমরজাতিস্বভাবেন হুংকারান্ কুর্ব্বন্তং তং মৎকৃতেন তিরস্কারেণাসংরম্ভোঽয়ং স্বীয়ং গানগুণং প্রকাশয়তীতি মত্বাহ ইহ গোপীসভাসু কিং গায়সি অজ্ঞস্য তব গানেনৈতাঃ প্রসীদন্তীতি ভাবঃ। তদপি পুনঃ পুনর্গায়সি। তত্রাপি যদূপতিং যদূনাং পতিত্বেন খ্যাপ্যমানং। তত্রাপি নোঽস্মাকমগ্রতঃ। কীদৃশীনাং অগৃহাণাং তেনৈব ত্যাজিতগৃহাণামিহ বনপ্রদেশে উপবিষ্টানাং তুভ্যঞ্চণকমুষ্টিভিক্ষাদানেঽপ্যসমর্থানাং। নন্বু স্বাঙ্গোত্তীর্ণপুরাতনবস্ত্রমাল্যাদিকং কিঞ্চিদ্দেহীতি চেৎ তুভ্যং সর্ব্বথৈবানভিজ্ঞায় নৈব দদামীত্যাহ। পুরাণং গায়সি তস্য যদূপতিত্বে পুরাণং প্রমাণয়সীত্যর্থঃ। হে ষড়ঙ্ঘ্রে ইতি পশুস্তাবচ্চতুষ্পাং ত্বন্তু ষট্‌পদঃ সার্দ্ধপশুঃ কুত্র কিং বা গাতুমুচিতমিতি বুদ্ধ্যভাবান্ন জানাসি পশুত্বাৎ পুরাণং বা কথং জানাসি অতঃ কথং

হে ষট্‌পদ! তোমার যদি কিছু পুরস্কার পাইবার প্রত্যাশা থাকে, তাহা হইলে, আমাদের নিকট তোমার সে আশা পূর্ণ হইবার কোন সম্ভাবনা নাই। কারণ তোমার নিকট এমন কোন নূতন প্রীতিকর শুনিবার বিষয় পাইতেছি না যে, আমরা সন্তুষ্ট হইয়া পুরস্কার প্রদান করিব; তুমি কেবল সেই লম্পট যদুপতির গুণই গান করিতেছ! দ্বিতীয়ত সেই শ্রীকৃষ্ণের জন্য আমরা গৃহ পরিত্যাগ

আভাস।

ভ্রমরজাতি স্বভাবত হুঙ্কারধ্বনি পূর্ব্বক গুঞ্জন করিতেছিল; গোপিকা তৎশ্রবণে মনে করিলেন যে, তাঁহার তিরস্কার-বাক্যে ভীত হইয়া, সঙ্গীতের দ্বারা ভ্রমর তাঁহার চিত্ত-বিনোদের চেষ্টা করিতেছে। এই মনে করিয়া, গোপিকা ভ্রমরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, ওহে ভ্রমর! তুমি গোপীসভায় বারংবার কি গান করিতেছ? তোমার গানে ত আমরা কেহ তৃপ্ত হইতেছি না। কারণ প্রতিপদে যদুপতি বলিয়া উল্লেখ করত গাহিতেছ। কৃষ্ণ আমাদিগকে পরিত্যাগ করত যদুগণের পতি হইয়াছেন, এরূপ বার্ত্তা আমাদের হৃদয়ে অশনি-তুল্য বাজিতেছে। একথা শ্রবণে আমরা দুঃখিত হওয়া ব্যতীত, কখন সুখী হইব না। সুতরাং আমাদের নিকট হইতে পুরস্কার লাভে তোমার আশা পূরণের কোন সম্ভাবনা নাই। বিশেষত শ্রীকৃষ্ণের অনুরোধে আমরা অদ্য সর্ব্বত্যাগী হইয়াছি! পতি,

বিজয়সখসখীনাং গীয়তাং তৎপ্রসঙ্গঃ ক্ষয়িতকুচরুজস্তে কল্পয়ন্তীষ্টমিষ্টাঃ ॥ ১২

অন্বয়ঃ।

অগ্রে তৎপ্রসঙ্গঃ (তস্য কৃষ্ণস্য প্রসঙ্গঃ) গীয়তাং ; যতঃ ক্ষয়িতকুচরুজঃ (ক্ষয়িতা দূরীকৃতা কুচরুক্ যাসাং তাঃ) ইষ্টাঃ তদ্গানেন সৎকৃতাঃ সত্যঃ, তে তব ইষ্টং অভিলষিতং কল্পয়িষ্যন্তি শীঘ্রং সম্পাদয়িষ্যন্তি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

অগ্রত স্তৎপ্রসঙ্গো গীয়তাং ইষ্টাঃ শ্রীকৃষ্ণস্য প্রিয়াস্তেন পূজিতা ইতি বা তেনালিঙ্গিতেন ক্ষয়িতা কুচরুক্ যাসাং তাস্তবেষ্টমপেক্ষিতং দাস্যন্তীতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভিক্ষাং প্রাপ্স্যসীতি ভাবঃ। কিন্তু তব পশুত্বাত্তুভ্যং বয়ং ন কুপ্যামঃ কিন্তু গানোপজীবিনস্তস্থানমুপদিশামঃ শৃণ্বিত্যাহ বিজয়েতি। কামযুদ্ধে বিশিষ্টো জয়ো যস্য বিগতজয়ো বা যস্য স চাসৌ সখা চেতি বিজয়সখস্তস্য সখীনাং তব সখা কামযুদ্ধে যা জয়তি যাভি র্বা বিজীয়তে তাসামেবাগ্রত স্তৎপ্রসঙ্গঃ সুরতজয়-পরাজয়-বিরুদাবলী গীয়তাং শ্লেষেণ পূর্ব্বং সুবলসখ আসীৎ সংপ্রতি বিজয়োঽর্জ্জুনস্তস্য সখা অভবদিতি ভাবিবার্ত্তাপি তস্যা মুখাৎ স্বয়ং নিঃসৃতেতি জ্ঞেয়ং। ততশ্চ তাঃ। ক্ষয়িতকুচরুজঃ খণ্ডিতকুচজ্বালা স্তবেষ্টং বাঞ্ছিতং কল্পয়িষ্যন্তি ত্বয়া চ ত্বদ্গানশ্রাবণয়া ইষ্টাঃ পূজিতাঃ সত্যঃ। অত্র উত্তরার্দ্ধে অদৃশ্যমানগর্ভা সর্ব্বত্রৈব উপহাসাত্মকঃ কটাক্ষঃ কৃষ্ণে পর্য্যাপ্নোতীত্যয়ং বিজল্পঃ। যদুক্তং। ব্যক্তয়াদৃশ্যয়া গূঢ়মানমুদ্রান্তরালয়া। অঘদ্বিষি কটাক্ষোক্তি র্বিজল্পো বিদুষাং মত ইতি ॥ ১২ ॥

করিয়া বনবাসিনী হইয়াছি ; এখানে দান করিবার কোন সামগ্রীও আমাদের হস্তে নাই। পুরস্কার পাইবার প্রত্যাশা থাকিলে, সেই অর্জ্জুনসখা শ্রীকৃষ্ণের প্রিয় বনিতাগণের নিকট গমন করত কৃষ্ণপ্রসঙ্গের গান কর! তাহাদের কুচরোগের নিবারণে, হৃদয়ব্যথা বিদূরিত হইয়াছে। তাহারা তোমার গানে সন্তুষ্ট হইয়া, তোমার প্রার্থনা সত্বর পূরণ করিবে ॥ ১২ ॥

আভাস।

পুত্র, স্বজন, বন্ধু, বান্ধব ও গৃহক্ষেত্রে জলাঞ্জলি দিয়া, হে প্রাণগোবিন্দ! হে মাধব! কবে তোমার শুভ সন্দর্শন লাভ করিব! বলিয়া, তাঁহার পথ প্রতীক্ষায় এই বনে আসিয়া বাস করিতেছি। এখানে আমাদের এমন সামর্থ্য নাই যে, এক মুষ্টি চণক পর্য্যন্ত তোমাকে প্রদান করি। কেন নিরর্থক গান করিতেছ ? অন্যত্র গমন কর! যদি আমাদের ব্যবহৃত বস্ত্র মাল্যাদির প্রত্যাশায় অপেক্ষা কর, সে আশাও তোমার অনর্থক। কারণ তুমি সাতিশয় নির্ব্বোধ! কেবল কীর্ত্তনই করিতেছ। যাহাই হউক্ এজাতীয় মূর্খতার পরিচয়ে, তোমার বিশেষ কোন অপরাধও নাই। কারণ চারিপদ থাকিলেই অনভিজ্ঞ পশু হয়; তুমি আবার ষট্পদ; সুতরাং আরও মূর্খ হইবে; তাহাতে আর সন্দেহ কি ? যাহাই হউক, গান করাই যখন

দিবি ভুবি চ রসায়াং কাঃ স্ত্রিয়স্তদ্দুরাপাঃ কপটরুচিরহাসভ্রূবিজৃম্ভস্য যাঃ স্যুঃ।

অন্বয়ঃ।

দিবি স্বর্গে, ভুবি ভূলোকে, রসায়াং রসাতলে, অধোলোকে চ যাঃ স্ত্রিয়ঃ স্যুঃ তাসাং মধ্যে কাঃ স্ত্রিয়ঃ তস্য কপটরুচিরহাসভ্রূবিজৃম্ভস্য (কপটঃ যঃ রুচিরঃ মনোহরঃ হাসঃ তৎপূর্ব্বকঃ

শ্রীধরস্বামী।

ভো মাতঃ মৈবং বোচঃ। ত্বামনুস্মৃত্যানঙ্গবিক্লবঃ ত্বাং প্রসাদয়িতুং মামাদিষ্টবান্ ইত্যত্রাহ দিবীতি। দিবি ভুবি রসাতলে চ যাঃ স্ত্রিয়ঃ স্যু স্তাঃ কা নাম দুরাপাঃ কাশ্চ ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ ভোঃ কৃষ্ণপ্রেয়সীশিরোমণে তত্র স্থিতঃ স রাত্রিন্দিবমেব ত্বাং ধ্যায়ন্ কামশরার্দ্দিতঃ খিদ্যতি। ত্বঙ্কেং প্রসীদসি তদৈব তস্য নিস্তার ইতি তত্র সাসূয়মাহ দিবীত্যাদি। অয়মর্থঃ। কৃষ্ণস্য স্ত্রীভির্বিনা কালো ন যাতীত্যহং সুষ্ঠু জানামি তত্র যদি মথুরায়াং স্ত্রিয়ো ন মিলন্তি তদা সোঽস্মান্ ধ্যায়তু প্রসাদয়তু তত্র নেতুং ত্বাদৃশং দূতঞ্চ প্রস্থাপয়তু। ন চ গোপজাতিং তং পুরস্ত্রিয়ঃ ক্ষত্রিয়জাতয়ঃ কথমঙ্গীকরিষ্যন্তীতি বাচ্যং। যতো দিবি ভুবীতি। তদিত্যব্যয়ং। তস্য কা দুরাপাঃ যদি স স্বর্গে গচ্ছেৎ তদা দেব্যোঽপি রসায়াং রসাতলাদিষু নাগপত্ন্যোঽপি স্বস্বপতীংস্ত্যক্ত্বা তমাগচ্ছেয়ু র্মথুরাঙ্গনানাং কা বার্ত্তেতি ভাবঃ। ন চ তত্তদঙ্গনাপ্রাপ্তৌ তস্য কিঞ্চিৎ পণাদিকমপেক্ষিতব্যমিত্যাহ কপটেনাপি রুচিরো সর্ব্বাসাং মনোহরৌ ভ্রূবিজৃম্ভহাসৌ যস্য তথাভূতস্যৈব তস্য যা দেব্যাদয়ঃ স্যুঃ। নতু স্বস্বপতীনামিত্যর্থঃ। সকপটহাসমূল্যেনৈব তাঃ স্বয়মেব ক্রীতা ভূত্বা স্বস্বপতীং স্ত্যজন্তি। কপটপদেন কৃষ্ণস্ত তাঃ

তোমার শ্রীকৃষ্ণের কপট মধুর হাস্য ও ভ্রূবিলাসে মোহিত এবং তাঁহার হস্তগত হয় না, এরূপ কোন নারীত স্বর্গ মর্ত্ত রসাতলের মধ্যে আমাদের নয়নগোচর হয় না; সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা স্বয়ং লক্ষ্মী যখন তাঁহার চরণধূলির

আভাস।

তোমার উপজীবিকা, তখন তাহার উপযুক্ত স্থান তোমাকে নির্দ্দেশ করিতেছি, শ্রবণ কর! কামযুদ্ধে যিনি নিরন্তর জয় লাভ করেন, তিনিই বিজয়সখা শ্রীকৃষ্ণ। তিনি যে সকল ললনাকে নিজের করিয়াছেন, অথবা যে সকল কামিনী কেবল কামের প্রশ্রয়ে তাঁহাকে বশীভূত করিয়াছেন, সেই সমস্ত মথুরাঙ্গনার সভায় উপস্থিত হইয়া, যদুপতির সুরতপ্রসঙ্গের ব্যাপার গান কর! তাঁহাদের কুচজ্বালা (মর্ম্মব্যথা) বিদূরিত হইয়াছে; তাঁহারা তুষ্ট হইয়া তোমার অভিলাষ পূর্ণ করিবেন ॥ ১২ ॥

ভ্রমর যেন বলিয়াছিল যে, কৃষ্ণপ্রিয়ার মধ্যে আপনিই মুকুটস্থানীয়া; মথুরাতে অবস্থান করিলেও শ্রীকৃষ্ণ আপনাকে দিবারাত্রি চিন্তা করিতেছেন। আপনি প্রসন্না না হইলে, তাঁহার নিস্তার নাই। তদুত্তরে গোপিকা বলিলেন, রে মধুপ! উন্মত্ত হইয়া কেন নিরর্থক বাক্যব্যয় করিতেছ! নারী না থাকিলে, শ্রীকৃষ্ণের কালাতিপাত হয় না; তাহা আমি জানি

চরণরজ উপাস্তে যস্য ভূতির্বয়ং কা অপিচ কৃপণপক্ষে হ্যুত্তমশ্লোকশব্দঃ ॥১৩॥

অন্বয়ঃ।

ভ্রূবিজৃম্ভঃ ভ্রূবিলাসঃ যস্য তস্য) তদ্দুরাপাঃ (তস্য দুরাপাঃ দুর্ল্লভাঃ) বিদান্তে; ভূতিঃ লক্ষ্মীঃ, অপি যস্য চরণরজঃ উপাস্তে সেবতে তত্র বয়ং কা? অপি চ তথাপি কৃপণপক্ষে দীনানুকম্পিনি পুরুষে হি এব উত্তমশ্লোকশব্দঃ মহাযশা, ইতি নাম ব্যবহারঃ প্রবর্ত্ততে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তদিত্যব্যয়ং তস্যেত্যর্থঃ। কপটেন রুচিরহাসেন ভ্রূবিজৃম্ভো যস্য তস্য। হে কপটেতি বা। কিঞ্চ যস্য চরণরজঃ শ্রীঃ সেবতে তত্র বয়ং কাঃ অপিচ যদ্যপ্যেবং তথাপি কৃপণপক্ষে কৃপণানুকম্পিনি পুংসি, উত্তমঃশ্লোকশব্দো ভবতীতি তথা কথনীয়ং ত্বয়েতি ভাবঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সকৃদেব ভুক্ত্বা ত্যজতি নবপ্রিয়ত্বাদিতি ভাবঃ। দেব্যাদয়ো দূরে বর্ত্তন্তাং ভূতি র্লক্ষ্মীর্নারায়ণস্যাপি স্ত্রী চরণরজ উপাস্তে তদঙ্গসঙ্গার্থমিতি নাগপত্নীবাক্যং বয়ং পৌর্ণমাসীমুখাদশ্রৌষ্ম। অতো বয়ং কাঃ কস্যাং গণনায়াং তিষ্ঠামো যতো মানুষ্যস্তত্রাপি গোপ্যস্তত্রাপি বৃন্দাবনীয়া ইতি ভাবঃ। ইদং দৈন্যময়বাক্যমপি সমস্তকোদ্ধূননস্বরবিশেষেণ গর্ব্বগর্ভিতামীর্ষামেব ব্যনক্তি। সা চের্ষা স্বেষাং লক্ষ্ম্যাদিতোঽপি প্রেমাধিক্যং রূপলাবণ্যাধিক্যঞ্চানুব্যনক্তি অপিচ। কিঞ্চ উত্তমঃশ্লোকশব্দোহি কৃপণপক্ষএব সন্তপ্তদীনহীনজনান্ যো দয়তে স হ্যুত্তমঃশ্লোক উচ্যতে কৃষ্ণেতু তল্লক্ষণাভাবান্নিথ্যৈবোত্তমঃশ্লোকতেত্যর্থঃ। যদ্যস্মদ্বিধান্ কৃপণজনান্ স নাদুঃখয়িষ্যত্তদা স্বস্মিন্ কথমুত্তমঃশ্লোকশব্দবাচ্যত্বমধাস্যদিতি বা আক্ষেপধ্বনিঃ। অত্র দ্বার্দ্ধে দিবি ভুবীত্যাদিনা কুহকতাখ্যানং চরণরজ ইতি তৃতীয়ে চরণে গর্ব্বগর্ভিতা ঈর্ষা। অপিচেতি চতুর্থপাদে সাসূয় আক্ষেপ ইত্যয়মুজ্জল্লঃ। যদুক্তং। হরেঃ কুহকতাখ্যানং গর্ব্বগর্ভিতয়ের্ষ্যয়া। সাসূয়শ্চ তদাক্ষেপো ধীরৈরুজ্জল্ল ঈর্ষ্যত ইতি ॥ ১৩ ॥

সেবায় নিরন্তর ব্যস্ত থাকেন, তখন আমাদের ন্যায়, গোপবালার আর কি পরিচয় দিব? অহে! তাঁহাকে বলিও যে, উত্তমশ্লোক প্রভৃতি উৎকৃষ্ট নাম দীনানুকম্পী সহৃদয় ব্যক্তিগণের উপরই প্রয়োগ করা হইয়া থাকে ॥ ১৩ ॥

আভাস।

বটে, কিন্তু মথুরাতে যদি আর স্ত্রী না মিলিত, তাহা হইলে তিনি আমাদের বিষয় চিন্তা করুন্ বা প্রসন্ন করিতে চেষ্টা করুন্ অথবা আমাদিগকে মথুরায় লইবার জন্য তোমার ন্যায় দূতকে প্রেরণ করুন্, এ সকল কথাই সঙ্গত হইত; কিন্তু তাহা নহে। মথুরায় কামিনীর অভাব নাই। যদি বল! যে ক্ষত্রিয় ললনাগণ গোপজাতিকে কেন স্বীকার করিবেন? তদুত্তরে বলি যে, স্বর্গ, মর্ত্ত, রসাতলে এমন কোন্ কামিনী আছে যে, কৃষ্ণাঙ্গে মিলিত হইতে প্রার্থনা না করে? এই সকল নারীকে সংগ্রহ করিবার জন্য তাঁহার কোন ব্যয়ও নাই। শ্রীকৃষ্ণের কপটপূর্ণ মনোহর হাস্য ও ভ্রূবিলাসে নারীগণ স্বয়ং বিক্রীতা হইয়া, অবলীলাক্রমে আত্ম-

বিসৃজ শিরসি পাদং বেদ্ম্যহং চাটুকারৈ-
রনুনয়বিদুষস্তেঽভ্যেত্য দৌত্যৈ মুকুন্দাৎ।

অন্বয়ঃ।

(বলাৎ) শিরসি ন্যস্তং পাদং বিসৃজ পরিত্যজ! মুকুন্দাৎ অভ্যেত্য শিক্ষিত্বা আগতস্য দৌত্যৈঃ দূতকর্ম্মভিঃ, চাটুকারৈঃ প্রিয়বচনৈঃ, অনুনয়বিদঃ প্রার্থনাচতুরস্য, তে তব, কপটং অহং বেদ্মি জানামি। স্বকৃতে তদর্থমেব ইহ বিসৃষ্টাপত্যপত্যন্যলোকাঃ (বিসৃষ্টানি উপে-

শ্রীধরস্বামী।

পাদমূলে প্রবিশন্তং ক্ষমাপয়ন্তমিব মত্বাহ। শিরসি ন্যস্তং পাদং বিসৃজ তথাপ্যমুঞ্চন্তমাহ বেদ্মীতি মুকুন্দাদভ্যেত্য ততঃ শিক্ষিত্বা ইত্যর্থঃ। দৌত্যৈ দূতকর্ম্মভিঃ। চাটুকারৈঃ প্রিয়োক্তিরচনাভিঃ অনুনয়বিদুষঃ প্রার্থনাচতুরস্য তে সর্ব্বমহং বেদ্মি। মুকুন্দবং ত্বমপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

সৌরভলোভেন চরণতলে প্রবিশন্তমপি ভ্রমরং ননু লক্ষ্মীকোটিনির্মঞ্জনীয়নখদ্যুতে দেবি সত্যং ত্বয্যপরাদ্ধএব কৃষ্ণস্তস্মাত্ত্বং কৃপয়ৈব ক্ষমস্বেতি প্রণমন্তং তং মত্বাহ শিরসি ধৃতং মম পাদং বিসৃজ ত্যজেতো দূরীভবেত্যর্থঃ। বেদ্ম্যহমিতি লক্ষ্ম্যাদিকেব নাহং প্রতার্য্যেতি ভাবঃ। মুকুন্দাৎ সকাশাদভ্যেত্য চাটুকারৈঃ প্রিয়োক্তিরচনারূপে দৌত্যৈ দূতকর্ম্মভিরনুনয়বিদুষ-স্তস্মাদনুনয়প্রকারং শিক্ষিতবতস্তব সর্ব্বং শীলাদিকমহং বেদ্মি। কর্ম্মণি বা ষষ্ঠী। ত্বাং বেদ্মীত্যর্থঃ। ননু স্বামিনি ত্বংপ্রাণকোট্যধিকেন তেন সহ বিগ্রহেণালং। প্রত্যুত ময়া তীর্থেন সন্ধিরেব কর্ত্তুং যুজ্যত ইতি তত্রাহ। স্বকৃতে তদর্থং বিসৃষ্টানি ত্যক্তানি অপত্যানি চ

ছি! ছি! তুমি আমার চরণের উপর হইতে মস্তক সরাইয়া লও! তুমি যখন সেই মুকুন্দের শিক্ষিত দূত, তখন প্রিয়বচনে অনুনয় করিতে যে তুমি বিলক্ষণ পারদর্শী, তাহা আমি বিশেষরূপে অবগত আছি! দেখ! যাঁহাকে

আভাস।

সমর্পণ করিয়া থাকে। দেবাঙ্গনার কথা দূরে থাকুক, আমরা পৌর্ণমাসীর মুখে শ্রবণ করিয়াছি যে, স্বয়ং নারায়ণীও ঐ চরণের ভিখারিণী হইয়া, নিত্য সেবায় নিরত থাকেন। অতএব আমাদের ন্যায় বনচারিণী গোপকামিনী আর কোথায় স্থান পাইবে? কিন্তু তুমি একটী কথা শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিও যে, কোন্ সাহসে তিনি উত্তমশ্লোক এই অপূর্ব্ব নামটী গ্রহণ করিয়াছেন? সন্তপ্ত দীন হীন জনের দুঃখ নিবারণ না করিয়া, এ নাম গ্রহণ করা তাঁহার ভাল হয় নাই। আমরা দীন দুঃখী! আমাদের কথা এবং তাঁহার নাম যেন তিনি স্মরণ করেন ॥১৩

সৌরভলোভে চরণপ্রান্তে উপবিষ্ট ভ্রমরকে অবলোকন করিয়া, রাধিকা মনে করিলেন যে, ভ্রমর বুঝি কৃষ্ণকৃত অপরাধের ক্ষমা-প্রার্থনাতেই ওরূপ অবনত-মস্তকে তাঁহার চরণ স্পর্শ করিতেছে। তখন তিনি ভ্রমরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, ওরে আসবপায়িন্! তোমার মস্তক হইতে আমার চরণ ছাড়িয়া দাও! তুমি আমার সম্মুখ হইতে দূর হও! তুমি যখন

স্বকৃত ইহ বিসৃষ্টাপত্যপত্যন্যলোকা
ব্যসৃজদকৃতচেতাঃ কিং নু সন্ধেয়মস্মিন্ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

ক্ষিতানি অপত্যানি পতয়ঃ অন্যে চ লোকাঃ স্বর্গাদয়ঃ যাভিঃ তাঃ অস্মান্) ইহ ব্রজে অকৃত-চেতাঃ (ন কৃতে উপকারে চেতঃ যস্য সঃ) কৃতঘ্নঃ, শ্রীকৃষ্ণঃ ব্যসৃজৎ তত্যাজ। অতঃ অস্মিন্ নু কিং সন্ধেয়ং সন্ধিনা সাধ্যং অস্তি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

অবিশ্বসনীয় ইতি ভাবঃ। ননু স্বকৃত ইতি। তেন কিমপরাদ্ধং তত্রাহ স্বকৃতে তদর্থমেব বিসৃষ্টাঃ অপত্যপত্যন্যলোকাঃ অপত্যানি পতয়শ্চেতীহ লোকাঃ অন্যলোকা ধর্ম্মসাধ্যাশ্চ যাভিস্তাঃ নো-হকৃতচেতা অসংযতচিত্তো যো ব্যসৃজৎ অস্মিন্ কিং নু সন্ধাতব্যমিতি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পতয়শ্চান্যলোকাশ্চ মাতাপিত্রাদয়শ্চ যাভিঃ। তত্র রাসমুরলীবাদনসময়ে অন্তর্গৃহনিরুদ্ধ-গোপীভিরপত্যানি ত্যক্তানি। তদানীং তানি ত্যক্ত্বৈবাভিস্থতত্বাৎ। অস্মাভিঃ পতয়ঃ। ধন্যাদিক-কন্যাভিঃ পিত্রাদয় ইতি যথাসম্ভবং জ্ঞেয়ং। তা গোপী যো ব্যসৃজৎ। কীদৃশঃ। অকৃতচেতাঃ ন বিদ্যতে কৃতে উপকৃতে চেতো যস্য স অকৃতজ্ঞ ইত্যর্থঃ। নু অহো ঈদৃশে যস্মিন্ কঠোরে কিং নু সন্ধেয়ং সন্ধাতুমর্হং অপি তু নৈবেত্যর্থঃ। অত্র পূর্ব্বার্দ্ধে সোল্লুণ্ঠা আক্ষেপমুদ্রা। উত্তরার্দ্ধে অকৃতজ্ঞতা আদিশব্দান্নির্দয়ত্বং পরদ্রোহিত্বপ্রেমশূন্যত্বানীত্যয়ং সংজল্পঃ। যদুক্তং। সোল্লুণ্ঠয়া গহনয়া কয়াপ্যাক্ষেপমুদ্রয়া। তস্যা কৃতজ্ঞতাদ্যুক্তিঃ সংজল্পঃ কথিতো বুধৈরিতি ॥ ১৪ ॥

পাইবার প্রত্যাশায় আমরা পতি, পুত্র, এমন কি! ইহলোক এবং পরলোকেও জলাঞ্জলি প্রদান করিয়া বনবাসিনী হইয়াছি, সেই শ্রীকৃষ্ণ অকৃতজ্ঞের ন্যায় অনায়াসে যখন আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন, তখন আর তৎসম্বন্ধে অন্য কি অনুসন্ধান করিবার বিষয় অবশিষ্ট আছে ?।। ১৪ ॥

আভাস।

সেই চাটুকরের প্রেরিত দূত, তখন বঞ্চনাপূর্ণ প্রিয়কথনে যে বিলক্ষণ পারদর্শী, তাহা যথেষ্ট অবগত হইয়াছি। আমি লক্ষ্মী নহি! যে, কেবল কথায় ভুলিয়া, তোমার মতের অনুসরণ করিব। শ্রীকৃষ্ণ প্রাণ অপেক্ষা কোটিগুণ অধিক প্রিয়, প্রভু ও ভর্ত্তা! তাঁহার সহিত বিচ্ছেদ করা আমার অতীব অন্যায়; এই বলিয়া তুমি কৌশলক্রমে সহজে সন্ধি করিবার আশ্বাস দিতেছ! এ সমস্তই তোমার ভ্রম! সে মিলনের কোন প্রত্যাশা নাই। কারণ রাসবিহারার্থ উৎকণ্ঠিতচিত্তে তিনি যখন মুরলী ধ্বনি করিয়াছিলেন, তখন সেই ধ্বনি শ্রবণে উন্মাদিনীর ন্যায়, আমরা সংসারের সকল আশায় জলাঞ্জলি দিয়া পতি, পুত্র, গৃহ, ক্ষেত্র সমস্তই পরিত্যাগ পূর্ব্বক সেই নিশীথকালে ঘোর অরণ্যের মধ্যে উপনীত হইয়া তাঁহার রাসরস পূর্ণ করি;

মৃগয়ুরিব কপীন্দ্রং বিব্যধে লুব্ধধর্ম্মা স্ত্রিয়মকৃতবিরূপাং স্ত্রীজিতঃ কামযানাং।

অন্বয়ঃ।

অলুব্ধধর্ম্মা সত্ত্বময়ঃ, অপি মৃগয়ুঃ ব্যাধঃ ইব (সুগ্রীবং অগ্রে কৃত্বা স্বয়ং) কপীন্দ্রং বালিনং বিব্যধে জঘান; তথা স্ত্রীজিতঃ (স্ত্রিয়া সীতয়া জিতঃ পরতন্ত্রঃ অপি) অয়ং, কাময়ানাং (কামঃ এব যানং প্রাপ্তিসাধনং যস্যাঃ তাং সূর্পনখাং) স্ত্রিয়ং বিরূপাং ছিন্নকর্ণনাসিকাং, অকৃত

শ্রীধরস্বামী।

কিঞ্চ শ্রীকৃষ্ণস্য পূর্ব্বাণি কর্ম্মাণি অনুসন্দধানা বিভেম্যহমস্মাৎ ইত্যাহ মৃগয়ুর্লুব্ধক ইব যঃ কপীন্দ্রং বালিনং বিব্যধে অবিধ্যৎ। লুব্ধধর্ম্মা ক্রৌর্য্যবান্। অলুব্ধধর্ম্মেতি বা লুব্ধকোহি তন্মাংসং অত্তুকামো বিধ্যতি অয়ন্তু ন তথা অতো বৃথা কঠিন ইত্যর্থঃ। তথা স্ত্রিয়ঞ্চ সূর্পনখাং স্ত্রীজিতঃ সীতাপরতন্ত্রঃ কাম এব যানং প্রাপ্তিসাধনং যস্যা স্তাং বিরূপাং ছিন্নকর্ণনাসিকাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নবতিকোমলমনাঃ স ত্বামেব ধ্যায়ং স্তত্রাস্মাভি র্দৃশ্যত ইতি। তত্র ত্বমর্ব্বাচীনো দাস-স্তস্য তত্ত্বং ন জানাসি। ন কেবলং স হ্যস্মিন্নেব জন্মনি কঠোরঃ কিন্তু পূর্ব্বপূর্ব্বজন্মস্বপীতি পৌর্ণমাসীমুখাদস্মাভিঃ শ্রুতত্বাদিত্যাহ। যদা স ক্ষত্রিয়জাতৌ রামচন্দ্রোঽভূত্তদা ক্ষত্রিয়ধর্ম্মং পরিত্যজ্য মৃগয়ুর্ব্যাধ ইব কপীনামিন্দ্রং বালিনং বিব্যধে বিব্যাধ। নির্দয়ো গুপ্তঃ সন্নিত্যর্থঃ। অধর্ম্মকথাপি তদুপাখ্যানে জ্ঞেয়া। অত্রাপি লুব্ধস্য ব্যাধস্যাপি ধর্ম্মরহিতঃ। ন হি ব্যাধো বানরান্ হিনস্তি তন্মাংসস্যাভক্ষ্যত্বেন কেনাপ্যক্রেয়ত্বাদিতি ভাবঃ। অন্যমধর্ম্মং শৃণ্বিত্যাহ স্ত্রিয়ং সূর্পনখাং কাময়ানাং তমেব কাময়মানাং তাং বিরূপাং ছিন্নকর্ণনাসামকৃত। অন্যো-হপি কোঽপ্যেতাং ন সংভুঙ্ক্তামিতি ক্রৌর্য্যেণেতি ভাবঃ। নচ জটাবল্কলধারিত্বাদ্বৈরাগ্যেণে-

---

তাঁহার পূর্ব্ব-বৃত্তান্ত স্মরণ হইলে, বিহ্বল হইতে হয়। ব্যাধ যেমন বিনা অপরাধে পশুকুলের নিধন সাধন করে, রামাবতারে তিনি সেইরূপ অঙ্গদকে উপলক্ষ করিয়া, বালিরাজকে নিহত করিয়াছিলেন। অহো! সূর্পনখা কাম-শরে প্রপীড়িতা হইয়া তাঁহার নিকট রতিপ্রার্থিনী হইলে, তিনি সীতার অনু-

আভাস।

অদ্য সেই দিন কি তিনি ভুলিয়া গিয়াছেন? অদ্য আমাদিগকে পথের ভিখারিণী করত সেই রসরাজ রসিক সাজিয়া, মথুরাবাসিনীর মনোরথ পূর্ণ করিতেছেন! যাও! সেই পাষাণ-হৃদয় নিদারুণ অকৃতজ্ঞের কথা আর উত্থাপন করিও না! তৎসম্বন্ধে চিন্তা করিবারও আর কোন স্থল দেখিতে পাই না॥ ১৪॥

ভ্রমর রে! তথাপি তুমি বলিবে যে, শ্রীকৃষ্ণ কেবল আমাকেই মনে মনে ধ্যান করত কালাতিপাত করিতেছেন! এরূপ মুখে বলা বা বিবেচনা করা, তোমার সম্পূর্ণ ভ্রম! তুমি একজন সামান্য দাস; বিশেষত মূল তত্ত্বত অবগত নহ! কেমন করিয়া মীমাংসা করিবে? কেবল এই জন্মের আচরণ দেখিয়াই যে, আমরা আশা পথ পরিত্যাগ করিয়াছি, তাহা নহে।

বলিমপি বলিমত্বাবেষ্টয়দ্ধাঙ্ক্ষবদ্‌য স্তদলমসিতসখ্যৈদু স্ত্যজস্তৎকথার্থঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

অকরোৎ; তথা বামনরূপেণ বলিং বৈরোচনিসমর্পিতাং ভূম্যাদিপূজাং অত্বা পরিগৃহ্যঃ, ধ্বাঙ্ক্ষবৎ কাকবৎ যঃ বলিং অবেষ্টয়ৎ পাশৈঃ ববন্ধ, তৎ তস্য অসিতসখ্যৈঃ (আসিতস্য কৃষ্ণস্য সখ্যৈঃ মৈত্রীভিঃ) অলং নিষ্প্রয়োজনং। তথাপি তৎকথার্থঃ তস্য কথারূপঃ অর্থঃ দুস্ত্যজঃ এব ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

অকরোৎ দাশরথিরূপেণ। তথা বলিমপি তদ্দত্তং বলিমত্বা ভক্ষয়িত্বা ধ্বাঙ্ক্ষবৎ কাকবৎ অবেষ্টয়ৎ ববন্ধ বামনরূপেণ বলিমত্বাহধোহক্ষিপৎ পিষ্টপাৎ য ইতি পাঠে বলিং পূজাং গৃহীত্বা পিষ্টপাৎ স্বর্গাদধোহক্ষিপদিত্যর্থঃ। তত্তস্মাৎ অসিতস্য কৃষ্ণস্য সখ্যৈরলং। এবঞ্চেৎ কিমিতি নিত্যং গায়থ তত্রাহ দুস্ত্যজ স্তস্য কথারূপোহর্থ ইতি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যত আহ স্ত্রিয়া সীতয়া জিতঃ। তথা তৎপূর্ব্বজন্মনি স ব্রাহ্মণোহভূত্তদাপি ব্রাহ্মণধর্ম্মং শান্ত্যকৈতবাদিকং পরিত্যজ্য বলিং পরমধার্ম্মিকমপি তত্রাপি বলিং তৎপূজোপহারং অত্বা ভুক্ত্বা পিষ্টপাৎ ত্রৈলোক্যরাজ্যাদধিক্ষিপৎ তত্রাপি ভূবিবরে। পাঠান্তরে অবেষ্টয়ৎ ছলেন ববন্ধ। ধ্বাঙ্ক্ষবৎ কাকবৎ স যথা বলিং জঘ্ন্বাপি স্ত্রীজনং বেষ্টয়তি স্বজাতীয়ানন্যানাহূয় তমাবৃণোতি কদর্থয়তি চ। তস্মাদসিতস্য কৃষ্ণবর্ণস্য তস্য সখ্যৈঃ সর্ব্বৈরেবালমস্মাকং

রোধে সেই সূর্পনখার নাসিকা ও কর্ণ চ্ছেদন পূর্ব্বক বিরূপা করিয়াছিলেন। বামনাবতারে বলিরাজের প্রদত্ত উপহার গ্রহণ করিয়া, কাকবৎ আচরণে তাহাকেই বন্ধন পূর্ব্বক পাতালবাসী করিয়াছিলেন। অতএব সেই কৃষ্ণবর্ণের সহিত মিত্রতার ফল আমরা বিলক্ষণ অনুভব করিয়াছি! কিন্তু কি করিব? তাঁহার কথা না কহিয়া, আমরা থাকিতে পারি না ॥ ১৫ ॥

আভাস।

পৌর্ণমাসীর মুখে তাঁহার পূর্ব্ব পূর্ব্ব জন্মের আচরণ শ্রবণ করিয়া, আমাদের হৃদয় হইতে আশালতা সমূলে উন্মূলিত হইয়া গিয়াছে। তিনি যখন একবার ক্ষত্রিয়জাতিতে রামচন্দ্র-রূপে অবতীর্ণ হন, তখন ক্ষত্রিয়ধর্ম্ম পরিত্যাগে গর্হিত ব্যাধের ধর্ম্ম অবলম্বন পূর্ব্বক নিরপরাধী কপিরাজ বালিকে অবলীলাক্রমে নিহত করিয়াছিলেন। তাহাও আবার সম্মুখসমরে নহে। অঙ্গদকে উপলক্ষ রাখিয়া, নিভৃতে অতি নির্দ্দয়ভাবে সেই কার্য্য সমাধা করেন। অহো! ব্যাধও ঈদৃশ নিদারুণ কার্য্যে নিরর্থক অগ্রসর হয় না; তাহারাও কখন বানর-মাংস ভোজন বা বিক্রয় করে না; সুতরাং বানরবধ তাহাদের পক্ষেও নিষিদ্ধ। অহো! শ্রীরামবেশে বীর পুরুষ হইয়া, তিনি অবলা কামিনীর নিগ্রহ করিতেও ত্রুটি করেন নাই। পিতা দশরথের আজ্ঞানুসারে যতিধর্ম্ম অবলম্বন পূর্ব্বক বনে গমন করিয়াছিলেন বটে, কিন্তু এতই স্ত্রৈণ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৌরীণাং তৎসম্বন্ধিনঃ সখ্যস্য যাবন্তঃ প্রভেদা স্তেষামেকোঽপি ন ভদ্র ইতি বহুবচনেন দ্যোতিতং। অসিতাঃ খল্বশুদ্ধচিত্তা ভবন্তীতি তেভ্যো ভয়স্যাবশ্যম্ভাবিত্বাদিতি ভাবঃ। নন্বভীক্ষ্ণং পরনিন্দাং কুর্ব্বতী কিং শুদ্ধচিত্তাসীতি তত্রাহ তস্য কথায়াঃ প্রতিজন্মচরিত্রস্যার্থো ব্যাখ্যা দুস্ত্যজঃ সোঽস্মানেবং দুঃখয়তি। অস্মাভিস্তৎকথায়া অপ্যর্থো ন বক্তব্য এব কিং অত্র নিন্দা বা ভবতু স্বার্থভাষণত্বেনানিন্দা বা ভবতু। অসৌ ত্যক্তুমশক্য এবেতি ভাবঃ। যদ্বা। স ত্বস্মাভিস্ত্যক্ত এব কিন্তু তৎকথারূপোঽর্থো বস্তুবিশেষস্তু দুস্ত্যজ এব। কর্ত্তৃপদানুজ্ঞা সর্ব্বৈরেব মুন্যাদিভিরপীত্যর্থঃ। অত্র বিব্যধে ইতি কাঠিন্যং স্ত্রীজিত ইতি কামিত্বং বলিমপীতি ধৌর্ত্ত্যং অসিতসখ্যৈরিত্যাসক্ত্যযোগ্যতা ভয়মীর্ষ্যা চেত্যয়মবজ্ঞঃ। যদুক্তং হরৌ কাঠিন্যকামিত্বধৌর্ত্ত্যাদাসক্ত্যযোগ্যতা। যত্র সের্ষ্যাভিয়েবোক্তা সোঽবজ্ঞঃ সতাং মত ইতি॥ ১৫ ॥

আভাস।

ছিলেন যে, বনবাসকালেও সীতাকে তাঁহার সঙ্গে লইতে হইয়াছিল। অথচ সূর্পনখা কামপরতন্ত্রা হইয়া যখন তাঁহাকে প্রার্থনা করেন, তখন একজন প্রেমশূন্য পাষণ্ডের ন্যায় তিনি সেই প্রমদার নাসাকর্ণ চ্ছেদন পূর্ব্বক, তাহাকে বিরূপা করিয়াছিলেন। আবার যখন বামনমূর্ত্তিতে ব্রাহ্মণগৃহে জন্ম পরিগ্রহ করিয়াছিলেন, তখনই বা তাঁহার স্বাভাবিক প্রকৃতির পরিচয় কোথায়? পরম ধার্ম্মিক ব্রাহ্মণবেশে ভিক্ষালাভার্থ বলির সমীপে অগ্রসর হইয়া, সম্মান সহ অভিলষিত দান গ্রহণ করিলেন; অথচ বলিরাজকে ত্রৈলোক্যরাজ্য হইতে বিচ্যুত করত, ভূবিবর পাতালে পাতিত করিয়াছেন। কাক যেমন অন্নদাতাকে বেষ্টন করত, আপনার স্বজাতীয় পঞ্চজনকে একত্রে লইয়া কষ্ট দেয়, শ্রীকৃষ্ণও সেইরূপ অক্রূরাদি নিজের পঞ্চজন আত্মীয়ের দ্বারা আমাদিগকে ক্লেশ প্রদানে ত্রুটি করিতেছেন না। অহো! যাহার বর্ণ কাল, তাহার চিত্তও কখন তদনুরূপ হওয়া ব্যতীত, বিশুদ্ধ হইতে পারে না। আমরা তাঁহার নিন্দা করিতেছি না! পূর্ব্ব পূর্ব্ব জন্মের স্বরূপ ব্যাখ্যানে যথার্থ কথাই বলিতেছি। কিন্তু হে ষড়জ্ঘ্রে! কৃষ্ণকে পরিত্যাগ করা আমাদের কর্ত্তব্য হইলেও, তাঁহার লীলা কথাত পরিহার করিতে পারিতেছি না। কৃষ্ণকথা যেন আমাদের হৃদয়ের মন্ত্র হইয়া রহিয়াছে; এই প্রকারে গোপিকা বিবিধ ঈর্ষাদির প্রয়োগে জল্পনার পরিচয় দিয়াছিলেন॥ ১৫ ॥

কৃষ্ণের সখ্যতা যদি এত দুঃখেরই কারণ হইয়া থাকে, তবে তাঁহার বিরহে এত ব্যাকুল হইবার কারণ কি? এতদুত্তরে গোপী বলিলেন যে, যাঁহার লীলাকথা শ্রবণে সংসারতাপ বিনিবৃত্ত হয়, অহো! তাঁহার বিরহে যে দুঃখিত হইব, তাহাতে আর বিচিত্র কি! যাঁহার প্রতিক্ষণ চেষ্টারূপ লীলা কর্ণকুহরে যে কিরূপ অমৃত বর্ষণ করে, আমরা চিন্তাতেও তাহার মীমাংসা করিতে পারি না। ইহার কণামাত্র একবার পান করিলে, স্ত্রীপুরুষ বলিয়া ভেদজ্ঞান থাকে না। নারী যদি শ্রবণ করে, পতিপ্রেম বিস্মৃত হয়; পুরুষ যদি শ্রবণ করে, পত্নীপ্রেম ভুলিয়া যায়; পুত্র শ্রবণে পিতামাতাকে এবং পিতা মাতা শ্রবণে পুত্রকে পরিত্যাগ

যদনুচরিতলীলাকর্ণপীযূষবিপ্রুট্ সকৃদদনবিধূতদ্বন্দ্বধর্ম্মা বিনষ্টাঃ।

অন্বয়ঃ।

(ন কেবলং বয়মেব বিক্ষিপ্তাঃ) কিন্তু বহবঃ জনাঃ যদনুচরিতলীলাকর্ণপীযূষবিপ্রুট-সকৃদদনবিধূতদ্বন্দ্বধর্ম্মাঃ (যস্য অনুচরিতং এব লীলা পরমানন্দজনকং কর্ণয়োঃ পীযূষং অমৃতং তস্য বিপ্রুট্ কণিকা, তস্যাঃ সকৃৎ অদনং সেবনং, তেন বিধূতাঃ নিরস্তাঃ দ্বন্দ্বধর্ম্মাঃ রাগদ্বেষা-

শ্রীধরস্বামী।

অপিচ জানীম এব তৎকথাপি ত্রিবর্গলতামূলোন্মূলনীতি তথাপি ত্যক্তুং ন শক্নুমঃ কিং কুর্ম্ম ইত্যাহ যদনুচরিতেতি। যস্যানুচরিতমেব লীলা তদেব কর্ণপীযূষং তস্য বিপ্রুট্ কণিকা তস্যাঃ সকৃৎ অদনং সেবনং তেন বিধূতা নিরস্তা দ্বন্দ্বধর্ম্মা রাগাদয়ো যেষাং অতএব বিনষ্টাঃ অসত্তুল্যাঃ দীনং দুঃখিতং গৃহকুটুম্বং বিহায় দীনা ভোগহীনা বিহঙ্গা ইব অপি ভিক্ষুচর্য্যাং প্রাণবৃত্তিমাত্রং চরন্তি অতস্ত্যাজ্যঃ তথাপি ত্যক্তুং ন শক্নুম ইতি নিন্দাপরত্বেহয়ং তাবৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়ং সাক্ষাত্তেন সহ সখ্যং কৃতবত্যো যদ্দুঃখিন্যোভূম তত্র কিং চিত্রং। তল্লীলাকথাপি সর্ব্বজগৎসন্তাপনীত্যাহ। যস্যানুচরিতং প্রতিক্ষণচেষ্টিতমেব লীলা সৈব কর্ণপীযূষং শব্দমাত্রেণৈব সুখদং কিং পুনরর্থত ইতি ভাবঃ। তস্যা অপি বিপ্রুট্ তস্যা অপি সকৃদপ্যদনং কিঞ্চিদাস্বাদনং তেনাপি বিধূতা বিশেষেণ খণ্ডিতা দ্বন্দ্বধর্ম্মা স্ত্রীপুংসাদি পরস্পরসখ্যরূপধর্ম্মা যেষাং তে। তৎকথাং স্ত্রী চেৎ শৃণোতি সদ্য এব পতিস্নেহং ত্যজতি পতিশ্চেৎ স্ত্রীস্নেহং এবং পুত্রশ্চেৎ পিতরং মাতরঞ্চ। মাতা চেৎ পুত্রমিত্যেবং পরস্পরত্যাগাদ্বিশেষেণ নষ্টা ইতি তেষাং নাশে তথা ন দুঃখং যথা বৈরাগ্য ইতি সাংসারিকলোকানুভব এব প্রেমাণমিতি ভাবঃ। কিঞ্চ। তে জনাঃ স্নিগ্ধমনসোঽপি কঠোরস্য কৃষ্ণস্য লীলাশ্রবণাদতিকঠোরা নির্দ্দয়াঃ কৃতঘ্নাশ্চ ভবন্তীত্যাহ সপদি কথাশ্রবণক্ষণমাত্রএব গৃহকুটুম্বং পিতৃশ্বশ্রাদিপর্য্যন্তমপি দীনং অন্যস্যোপার্জ্জকস্যাভাবাৎ শ্বো যদ্ভোক্ষ্যতে তদ্ধনরহিতমপি। যদ্বা। তদ্বিচ্ছেদকাতরং। উৎসৃজ্য

হে ভ্রমর! আমরাই যে কেবল কৃষ্ণকথায় বিক্ষিপ্ত হইয়াছি, এমত নহে। শ্রীকৃষ্ণের লীলাই পরমানন্দের উৎপাদক। ইহার কণামাত্র শ্রবণ-বিবরে একবার প্রবিষ্ট হইলে, রাগদ্বেষ শোক মোহ এবং ক্ষুৎ পিপাসাদি

আভাস।

করিয়া থাকেন। ওরে ভ্রমর! তোমার প্রভুর বার্ত্তা শ্রবণে, সংসারের মধ্যে একটী বিষম বিশৃঙ্খলতা উপস্থিত হয়। তোমার প্রভুর হৃদয় যেমন কঠিন, তাঁহার লীলাশ্রোতার হৃদয়ও তেমনই কঠিন হইয়া পড়ে। তাহারাও নিতান্ত নির্দ্দয় ও কৃতঘ্নের ন্যায়, পিতা পুত্র গৃহও কুটুম্বগণকে পরিত্যাগ করত, নিজেরাও অরণ্য বাসের বিষম দুঃখে নিপতিত হয়। উপার্জ্জনে অক্ষম কুটুম্ববর্গ কল্য যে কি ভোজন করিবে, একবার স্বপ্নেও তদ্বিষয়ের চিন্তা না করিয়া, তাহাদিগকে পরিত্যাগ করে; তাহারা মরিবে, কি জীবিত থাকিবে? একবার তদ্বিষয়ে চিন্তাও

সপদি গৃহকুটুম্বং দীনমুৎসৃজ্য দীনা বহব ইহ বিহঙ্গা ভিক্ষুচর্য্যাং চরন্তি ॥ ১৬

অন্বয়ঃ।

দয়ঃ, যেষাং তে) অতঃ বিনষ্টাঃ অচেতনপ্রায়াঃ সপদি তৎক্ষণমেব, দীনং দুঃখিতং, গৃহকুটুম্বং উৎসৃজ্য বিহায়, দীনাঃ ধীরাঃ, বিহঙ্গাঃ হংসাঃ ইব ইহ বনে, ভিক্ষুচর্য্যাং চরন্তি প্রাণবৃত্তি-মাত্রং কুর্ব্বন্তি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

শ্রৌতোঽর্থঃ দুস্ত্যজত্বেঽপি পারমার্থিকোঽয়মর্থঃ বিধূতদ্বন্দ্বধর্ম্মা ইত্যন্তঃ সমাসঃ পূর্ব্ববৎ। ততস্তে চ তে অবিনষ্টাশ্চেতি সমাসঃ। ইতরে পুনর্দ্বন্দ্বধর্ম্মাণো বিনষ্টা এব সপদি তৎক্ষণমেব দীনং তুচ্ছং গৃহসহিতং কুটুম্বং বিহায় দীনা ইব অকিঞ্চনাঃ। ধীরা ইতি বা পাঠঃ। বহবো বিহঙ্গা হংসা ইব সারাসারবিবেকচতুরাঃ ভিক্ষুচর্য্যাং পারমহংস্যং চরন্তি তস্মাদেবং পরম-পুরুষার্থরূপত্বাৎ দুস্ত্যজ এব তৎকথার্থ ইতি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৃত্যবে কুশবারিসংযোগেন সম্প্রদায়ৈবেত্যর্থঃ। হন্ত হন্ত তে স্ত্রীপুত্রাদয়ো ম্রিয়ন্তাং নাম স্বয়মপি সুখিনো নৈব ভবন্তীত্যাহ। দীনাঃ গৃহং ত্যক্ত্বা গচ্ছন্তশ্চিত্তবিক্ষেপাদ্বরাটকমাত্রমপি গ্রন্থৌ ন গৃহ্নন্তীতি ভাবঃ। ধীরা ইতি পাঠে ভার্য্যাদিরোদনদর্শনেঽপ্যক্ষুভ্যন্তো মহাকঠোরা ইত্যর্থঃ। নচ তে একদ্বা দ্বিত্রা বা চতুঃপঞ্চা বা কিন্তু বহবঃ পরঃশতাঃ পরসহস্রাশ্চ। নন্থ ততস্তে কয়া জীবিকয়া জীবন্তীত্যত আহ বিহঙ্গাঃ পক্ষিণ ইব ভিক্ষুচর্য্যাং গোধূমাদিকণভিক্ষা-পরিপাট্যেব জীবন্তি নতু কেনাপি দত্তয়া স্থূলভিক্ষয়াপীতি ভাবঃ। ইহেতি পাঠে অত্রৈবাস্ম-দ্দুঃখস্থানে বৃন্দাবন এবাগত্যেতি অস্মৎ সঙ্গাদপি মহাদুঃখিনো ভবন্তীতি ভাবঃ। তেন তৎ-কথায়া বহুমৎস্যাণ্ডিকাময় ধুস্তূরবীজচূর্ণত্বং কথাবাচকস্য সাধুবেশচ্ছন্ন-মহাম্বাতুকত্বং। পুরাণ-পুস্তকস্য জালত্বং অতএব তে বনাদ্বনং ভ্রমন্তোঽপি স্বকক্ষগৃহীতপুস্তকা এব দৃশ্যন্তে ব্যাসা-

দ্বন্দ্বধর্ম্ম নিরস্ত হইয়া যায়। সুতরাং যে সকল ব্যক্তি একবার এই লীলামৃত পান করে, সে তৎক্ষণাৎ অচেতনপ্রায় হইয়া দীন দুঃখী গৃহ কুটুম্বকে অবলীলাক্রমে পরিত্যাগ করে এবং আকাশচারী হংসকুলের ন্যায়, ধীর ভাব অবলম্বনে, এই অরণ্যমধ্যে ভিক্ষাবৃত্তির দ্বারা জীবিকা নির্ব্বাহ করে ॥ ১৬ ॥

আভাস।

করে না। নিজেরাও জীবিকার্থ এক কপর্দক মাত্র সম্বল লইয়া গমন করে না। বিহঙ্গম-কুলের ন্যায়, ইতস্তত বিচরণ পূর্ব্বক ভিক্ষালব্ধ অন্নেই আজীবন জীবিকা নির্ব্বাহ করিয়া থাকে। অতএব বহুমৎস্যণ্ডিকাময় ধুস্তূরচূর্ণের ন্যায়, কৃষ্ণকথায় মহাম্বাতুকত্বেরই বিশেষ পরিচয় আছে, সন্দেহ নাই। দেখ! পুরাণ-ব্যাখ্যাতাগণও ভদ্রলোকের ন্যায় হেন। ভদ্রলোকের বেশে প্রচ্ছন্ন নরহন্তাগণই পুরাণরূপ জাল কক্ষে লইয়া, ইতস্তত ভ্রমণ করিয়া থাকেন। ব্যাস প্রভৃতি অতি কুটিল লোকগণ পুরাণরূপ জাল প্রস্তুত করিয়া, শ্রীকৃষ্ণকে পরমেশ্বর বলিয়া

বয়মৃতমিব জিহ্মব্যাহৃতং শ্রদ্দধানাঃ কুলিকরুতমিবাজ্ঞাঃ কৃষ্ণবধ্বো হরিণ্যঃ।

অন্বয়ঃ।

কৃষ্ণবধ্বঃ (কৃষ্ণস্য হরিণস্য বধ্বঃ) হরিণ্যঃ যথা কুলিকরুতং (কুলিকস্য ব্যাধস্য রুতং মধুরগানং শ্রুত্বা মোহিতাঃ তৎসমীপং গতাঃ বাণবধাদিদুঃখং অনুভবন্তি তথা) অজ্ঞাঃ কৃষ্ণবধ্বঃ

শ্রীধরস্বামী।

ননু কিমেবং ব্রূষে পূর্ব্বং তয়ৈব সাকং রহসি বিহরন্তং কিমেবং নাবোচ ইত্যত আহ বয়মিতি। হে উপমন্ত্রিন্ দূত আস্তামিয়ং বার্ত্তা যতঃ কুলিকস্য মৃগয়ো রুতং গীতং অজ্ঞা যথা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দীনাং জালনির্ম্মাতৃত্বং কৃষ্ণস্য পরমেশ্বরত্বেন তত্তদাদেষ্টৃত্বং এতদর্থমেব কৃষ্ণেন পরমেশ্বরতা গৃহীতা। গোপ্য ইব সর্ব্বলোকা অপি দুঃখার্ণৌ পতন্ত্বিতি তস্য বিচারঃ। ঈদৃশপরদুঃখদর্শনমেব তস্য সুখং। অত ঈদৃশপরদুঃখদানজন্যফলভাগী যথা স ভবিষ্যতি ন তথা ব্যাসাদয় ইতি পরঃশতা এব ধ্বনয়োঽস্য পদ্যস্য সর্ব্ব এব সিদ্ধান্ততো ব্যাজস্তুত্যা ভক্তেঃ সর্ব্বোৎকর্ষব্যঞ্জকা জ্ঞেয়া। অত্র খগসদৃশীকৃত্য সজ্জনানাং খেদনাত্তস্য ত্যাগ এব সমুচিত ইত্যনুতাপময়ং বাক্যমিত্যভিজল্পঃ। যদুক্তং। ভঙ্গ্যা ত্যাগৌচিতী তস্য, খগানামপি খেদন্যাং। যত্র সানুশয়ং প্রোক্তং তদ্ভবেদভিজল্পিতং ॥ ১৬ ॥

নন্বেবঞ্চেৎ পরমবিজ্ঞাভি র্ভবতীভিঃ কৃষ্ণে তস্মিন্ কথং সখ্যং কৃতং তত্রাহ। বয়ং তস্য ন পারয়েঽহং নিরবদ্যসংযুজামিত্যাদিকং জিহ্মব্যাহৃতমপি ঋতমিব সত্যমিব শ্রদ্দধানা অজ্ঞা অভূম। কুলিকস্য ব্যাধস্য রুতং শ্রদ্দধানা হরিণ্যঃ কৃষ্ণবধ্বঃ কৃষ্ণসারস্ত্রিয় ইব ততঃ কিমিত্যত

কৃষ্ণসার হরিণবধূগণ যেমন ব্যাধের মধুর গীত শ্রবণে মোহিত হইয়া, সেই ব্যাধের সমীপেই অগ্রসর হয় এবং ব্যাধপ্রযুক্ত বাণে বিদ্ধ হইয়া বিবিধ যাতনা ভোগ করে, আমরাও সেইরূপ কৃষ্ণপ্রাণা রমণী হইয়া, তোমার প্রভু

আভাস।

প্রতিপাদন করিয়াছেন। সুতরাং কেবল গোপিকা নহে; তাহাদের ন্যায়, অন্যান্য অনেক ব্যক্তিই এইরূপ দুঃখসাগরে নিপতিত হইয়া থাকে। পরের দুঃখ দর্শন করাই, শ্রীকৃষ্ণের পরম আনন্দ। যাহাই হউক্, ব্যাসাদিকে তত দোষ দেওয়া যায় না; তাঁহারা বরং শ্রীকৃষ্ণের উৎকর্ষস্থাপনই করিয়াছেন; অতএব সেই উৎকর্ষ-লাভের সুবিধা প্রাপ্ত হইয়া, কেবল পরকে দুঃখ দেওয়াই যদি শ্রীকৃষ্ণের একমাত্র কার্য্য হয়, তাহা হইলে তজ্জন্য যে প্রতিফল শ্রীকৃষ্ণকে পাইতে হইবে, সে বিষয়ে আর সন্দেহ নাই। অতএব বিহঙ্গমকুল যেমন সমস্ত পরিত্যাগে বনে বনেই বিচরণ করে, আমাদের পক্ষেও সেইরূপ কুটিল কৃষ্ণকে পরিত্যাগ করিয়া, অন্য কথার আলোচনা করাই শ্রেয়ঃকল্প ॥ ১৬ ॥

অতএব হে গোপিকাগণ! তোমরা যদি এতই চতুর, তবে জানিয়া শুনিয়া সেই কুটিলের সহিত কেন সখ্যতা করিলে? তদুত্তরে বলিলেন যে, হরিণী ত চিরকাল ব্যাধকে পরিজ্ঞাত

দদৃশুরসকৃদেতত্তন্নখস্পর্শতীব্র-স্মররুজ উপমন্ত্রিন্ ভণ্যতামন্যবার্ত্তাঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

বয়ং জিহ্মব্যাহৃতং (জিহ্মস্য কুটিলস্য তস্য ব্যাহৃতং বচনং) ঋতং সত্যং, ইব শ্রদ্দধানাঃ অতঃ তন্নখস্পর্শতীব্রস্মররুজঃ (তস্য নখস্পর্শৈঃ নখক্ষতৈঃ তীব্রা স্মররুক্ স্মরপীড়া যাসাং তথাভূতাঃ) সত্যঃ অসকৃৎ পুনঃ পুনঃ এতৎ দুঃখং দদৃশুঃ দদৃশিম অদ্রাক্ষ্ম। হে উপমন্ত্রিন্! অন্যবার্ত্তাঃ ভণ্যতাং কথ্যতাং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ঋতং সত্যমিতি শ্রদ্দধানাঃ কৃষ্ণস্য হরিণস্য বধ্বঃ ভার্য্যা হরিণ্যঃ শরৈঃ ক্ষতাঃ সত্যো রুজো দদৃশুঃ। এবং জিহ্মস্য কুটিলস্য তস্য ব্যাহৃতং ঋতমিব শ্রদ্দধানাঃ স্পৃহয়ন্ত্যো বয়ং অসকৃদেতদ্দদৃশিম কিন্তুতস্য নখৈর্ঘঃ স্পর্শস্তেন যস্তীব্রঃ স্মরস্তেন রুজঃ পীড়াঃ তস্মাদন্যবার্ত্তা ভণ্যতামিতি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আহ। এতৎ কুলিকরুতং দদৃশুঃ। রুতস্য দর্শনাসম্ভবাৎ তৎফলং শরাঘাতং দদৃশুরিত্যর্থঃ। তথৈব বয়মপি তন্নখস্পর্শেন তীব্রাঃ স্মররুজঃ কন্দর্পপীড়া দদৃশিমেত্যর্থঃ। অসকৃদিতি। একবারং তৎফলদর্শনেঽপি পুনরপি বিশ্বাসাৎ পুনরপি তৎফলদর্শনাদজ্ঞত্বাধিক্যং হরিণীনাং তথৈবাস্মাকমপি লব্ধপুনঃপুনর্মানোত্থদুঃখদশানাং। তস্মাৎ উপমন্ত্রিন্ হে বিদূষক! অন্যবার্ত্তা ভণ্যতাং। তস্য তদ্বার্ত্তায়াশ্চ দুঃখদত্বাদন্যকথৈব সংপ্রত্যস্মাকং সুখদা ইত্যর্থঃ। অত্র তস্য কৌটিল্যং তদ্বার্ত্তায়া দুঃখদত্বং অন্যবার্ত্তায়াঃ সুখদত্বমিত্যয়মাজল্পঃ। যদুক্তং। জৈহ্ম্যং তস্যার্ত্তিদত্বঞ্চ নির্বেদাদ্যত্র কীর্ত্তিতং। ভঙ্গ্যান্যসুখদত্বঞ্চ স আজল্প উদীরিতঃ ॥ ১৭ ॥

শঠশিরোমণি কৃষ্ণের কপট বাক্যকে সত্যজ্ঞানে বিশ্বাস করিয়া, তদীয় নখস্পর্শজনিত তীব্র স্মরতাপে বারংবার পীড়িত হইয়াছি ও বিবিধ যাতনা ভোগ করিতেছি। অতএব হে কৃষ্ণদূত! তুমি অন্য কথার আলাপন কর! পুরাতন কথার আর প্রয়োজন নাই ॥ ১৭ ॥

আভাস।

আছে; তথাপি দূর হইতে তাহার মধুর সঙ্গীত শ্রবণে যেমন বিমুগ্ধ হইয়া, চিরচিহ্নিত ব্যাধেরও নিকটবর্ত্তিনী হইয়া থাকে এবং দুঃখ পায়, আমরাও শ্রীকৃষ্ণের বঞ্চনাপূর্ণ মধুর প্রলোভনবাক্যে আশ্বস্তা হইয়া, সেইরূপ এই বিষম বিপদে নিপতিত হইয়াছি। হরিণীনামে কৃষ্ণসারবধূ। অর্থাৎ তাহাদের ন্যায়, গোপিকাকুলও কৃষ্ণপ্রাণা। ব্যাধশরে যেমন হরিণীর বেধনাদি যাতনা হয়, কৃষ্ণনখস্পর্শেও গোপীগণের কন্দর্পপীড়া বারংবার জন্মিয়াছিল ॥ ১৭ ॥

কৃষ্ণবিরহে ব্যথিতহৃদয়া গোপিকা ভ্রমরের প্রতি দৃষ্টি না রাখিয়া, উন্মাদিনীর ন্যায় ইতস্তত ভ্রমণ করিতেছিলেন; ভ্রমরও স্বভাবসুলভ চাপল্যে ক্ষণকালের জন্য অন্তর্হিত

প্রিয়সখ পুনরাগাঃ প্রেয়সা প্রেষিতঃ কিং বরয় কিমনুরুন্ধে মাননীয়োঽসি মেঽঙ্গ।

অন্বয়ঃ।

হে প্রিয়সখে (প্রিয়স্য কৃষ্ণস্য সখে) প্রেয়সা কৃষ্ণেন প্রেষিতঃ প্রেরিতঃ সন্ কিং ত্বং পুনঃ আগাঃ আগতঃ? তর্হি হে অঙ্গ! মে মম, ত্বং মাননীয়ঃ পূজ্যঃ অসি! অতঃ যৎ কিঞ্চিৎ ভবান্ অবরুন্ধে প্রাপ্তুং ইচ্ছতি, তৎবরয় বৃণীষ (ভগবৎসমীপে অস্মান্ নেতুং ইচ্ছসি চেৎ)

শ্রীধরস্বামী।

পরাবৃত্য গত্বা পুনরাগতং প্রত্যাহ প্রিয়সখেতি। হে প্রিয়স্য সখে প্রেয়সা কৃষ্ণেন পুনঃ প্রেষিতঃ কিং ত্বমাগতোঽসি অঙ্গ হে দূত মে মাননীয়ঃ পূজ্যস্ত্বমসি অতো ভবান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথোন্মাদেন তত্রৈব ভ্রমন্তমপি তং ভ্রমরমননুসন্ধায় ক্ষণমন্তর্হিতং বা তমপশ্যন্তী সখেদং পরামমর্শ। হন্ত হন্ত মম তীক্ষ্ণয়া গিরা সন্তপ্তেনানেন দূতেন মথুরাং গতেনাবেদিতসর্ব্ববৃত্তান্তঃ কৃষ্ণো মামুপেক্ষাঞ্চক্রে ইতি কলহান্তরিতাং দশাং প্রাপ্তা প্রেমাম্বুধিনা সদ্গুণমৌলিনা মৎকান্তেন পুনরপি স এব প্রেষিতো দূতোঽত্রায়াতীতি তদ্বর্ত্ম নিরীক্ষ্যমাণা অকস্মাত্তং বিলোক্য সাদরমাহ। হে প্রিয়সখ মৎপ্রিয়স্য সখে পুনরাগাঃ মদ্দাকৃশরতাড়িতোঽপি স্বসাদ্গুণ্যেন মদপরাধমগণয়িত্বৈব আগাঃ। অহং জানামি প্রেয়সা ময্যতিপ্রেমবতা মদপরাধকোটীরপ্যগণয়তা তেনৈব কিং প্রেষিতঃ তর্হি বরয় বৃণু কিং অনুরুন্ধে অনুরুৎসে কাময়সে ইত্যর্থঃ। যদ্বা। কমনুরোধং তে সংপাদয়ামীত্যর্থঃ। তব মথুরাগমনমেব বৃণোমীতি চেদ্বৃণামি মথুরামিত্যুক্তাপি পুনঃ পরস্ত্রীবেষ্টিতং তং তত্র পশ্যন্ত্যা মে হবশ্যং মানো ভাবীতিপরামৃশ্যাহ নয়সীতি। দুস্ত্যজং দ্বন্দ্বং মিথুনীভাবো যস্য তস্য

ভ্রমর! তুমি কোথায় চলিয়া গিয়াছিলে? কিন্তু ইতিমধ্যে যে আবার ফিরিয়া আসিলে, তাহাই মঙ্গল! তোমার সখা শ্রীকৃষ্ণ কি তোমাকে পুনরায় আমার নিকট প্রেরণ করিয়াছেন? হে শোভন! তুমি যখন তাঁহার প্রিয়পাত্র, তখন আমারও মাননীয়! তুমি যাহা অনুরোধ করিতে ইচ্ছা কর, তাহা বল!

আভাস।

হইয়াছিল। সুতরাং অতি সামান্য ক্ষণ ভ্রমরকে না দেখিয়া, খেদ করত গোপী মনে মনে বলিতে লাগিলেন, অহো! অভিমানের ভরে, আমি কি অন্যায় কর্ম্মই করিয়াছি! বজ্রসম তীক্ষ্ণ বাক্যবাণে ভ্রমরকে মর্ম্মতাড়িত করায়, অপমানে সে এখান হইতে প্রস্থান করিয়াছে; নিশ্চয় মথুরায় গমন করত যাবতীয় বৃত্তান্ত জীবনবল্লভ শ্রীকৃষ্ণের সন্নিধানে নিবেদন করিয়াছে। নির্ব্বুদ্ধিতা বশত কৃষ্ণদূতের অবমাননা করায়, শ্রীকৃষ্ণেরই অনাদর করা হইয়াছে। হায়! তবে প্রাণগোবিন্দ কি আমাকে উপেক্ষাই করিলেন? এক্ষণে আমি কি করি! এই প্রকার কলহান্তরিতা দশায় উপনীতা হইয়া শ্রীরাধিকা মনোমধ্যে নানাপ্রকার বিতর্ক করিতেছিলেন, ইতিমধ্যে ভ্রমরকে পুনরায় অবলোকন করিয়া ভাবিলেন, এই যে! গুণার্ণব

নয়সি কথমিহাস্মান্ দুস্ত্যজদ্বন্দ্বপার্শ্বং সততমুরসি সৌম্য শ্রীর্বধূঃ সাকমাস্তে ॥১৮

অন্বয়ঃ।

হে সৌম্য! ইহ অস্মিন্ অপি কালে, দুস্ত্যজদ্বন্দ্বপার্শ্বং (দুস্ত্যজং দ্বন্দ্বং মিথুনীভাবঃ যস্য তস্য পার্শ্বং সমীপং) অস্মান্ কথং নয়সি নেষ্যসি? যতঃ শ্রীঃ লক্ষ্মীঃ নাম বধূঃ সাকং সহৈব তত্রাপি উরসি এব সততং নিরন্তরং, আস্তে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

কিমনুরুন্ধে প্রাপ্তুমিচ্ছতীত্যর্থঃ। তদ্বরয় বৃণীষ্ব। সম্মানিতং প্রত্যাহ নয়সীতি। ইহ সতীরস্মান্ দুস্ত্যজং দ্বন্দ্বং মিথুনীভাবো যস্য তস্য পার্শ্বং সমীপং কথং নয়সি নেষ্যসি তথাহি হে সৌম্য শ্রীর্নাম বধূঃ সাকং সহৈব সততমাস্তে তত্রাপ্যুরসি বক্ষস্যেব ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পার্শ্বং। নন্বেকাকী তত্র স বর্ত্তত ইতি সশপথং ব্রবীমীতি তত্রাহ। হে সৌম্য আর্য্য-বুদ্ধিরসীতি ভাবঃ। শ্রীরেব বধূঃ সাকং সহৈব তত্রাপি সততং। তত্রাপ্যুরসি পুরুষায়িত-ত্বেনৈবেতি ভাবঃ। অয়মর্থঃ। শ্রিয়ো দেবীত্বেন নানারূপধারিত্বশক্তেঃ কৃষ্ণো যদা অন্যাঃ স্ত্রীঃ সংভুঙ্‌ক্তে তদা স্বর্ণরেখারূপেব তদ্বক্ষসি তিষ্ঠতি। যদা তমন্যাঃ স্ত্রিয়ো নায়ান্তি তদা রেখারূপতাং হিত্বা প্রকটমেব যুবতির্ভূত্বা তং রময়তীতি। অত্র দূতং সংমান্যাপি তদুক্তি-মঙ্গীকুর্ব্বত্যাপ্যনৌচিত্যং জ্ঞাপয়ন্তী নাঙ্গীকুরুতে ইত্যয়ং প্রতিজল্পঃ। যদুক্তং। দুস্ত্যজদ্বন্দ্ব-ভাবেঽস্মিন্ প্রাপ্তি নার্হেত্যনুব্রতং। দূতসংমাননেনোক্তং যত্র স প্রতিজল্পকঃ ॥ ১৮ ॥

তুমি কি কৃষ্ণসন্নিধানে আমাদিগকে লইতে বাসনা করিতেছ? কিন্তু একবার প্রশান্তচিত্তে ভাবিয়া দেখ! যে যাঁহার সন্নিধানে আমাদিগকে যাইতে অনুরোধ করিতেছ, তিনি অপর নারীর সংসর্গ ব্যতীত কখনই একাকী থাকিতে পারেন না। অন্তত লক্ষ্মী নামক বধূকে নিরন্তর বক্ষোপরি ধারণ করিয়া রাখেন! কেমন করিয়া, তাদৃশ মিথুনভাব আমরা স্বচক্ষে প্রত্যক্ষ করিব? ॥ ১৮ ॥

আভাস।

শ্রীকৃষ্ণ ভ্রমরকে পুনর্ব্বার প্রেরণ করিয়াছেন! এস ভ্রমর! আমার নিকটে আগমন পূর্ব্বক মনোগত অভিপ্রায় সুস্পষ্ট প্রকাশ কর! আমি আর তাহার অন্যথা করিব না! তুমি যাহাই প্রার্থনা কর! আমি তাহাই করিব। আমাকে কি তুমি মথুরায় কৃষ্ণপার্শ্বে লইতে বাসনা করিতেছ! আচ্ছা, চল! কিন্তু একটী কথা; সেখানে যাইয়া যদি প্রাণবল্লভকে অন্য কামিনীর সংসর্গে উপবিষ্ট নিরীক্ষণ করিতে হয়, তাহা হইলে আমার হৃদয়ে কি শেলসম ব্যথার উদয় হইবে না? কৃষ্ণত কখন কামিনী ব্যতীত একাকী অবস্থান করেন না। তবে তুমি কোন্ সাহসে আমাকে তথায় লইতে ইচ্ছা করিতেছ? তদুত্তরে ভ্রমর যেন ঝঙ্কার দ্বারা শপথ পূর্ব্বক স্বীকার করিল যে, "আমার কৃষ্ণ শ্রীরাধিকাগত-প্রাণ হইয়া একাকী নির্জ্জনে উপবিষ্ট আছেন; কোন চিন্তা নাই! হে মাত! তুমি আমার সহিত

অপি বত মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে
স্মরতি স পিতৃগেহান্ সৌম্য বন্ধূংশ্চ গোপান্।

অন্বয়ঃ।

হে সৌম্য! আর্য্যপুত্রঃ (আর্য্যস্য নন্দস্য পুত্রঃ শ্রীকৃষ্ণঃ উপনীতঃ সন্ বিদ্যাগ্রহণার্থং গতঃ ইতি শ্রুতং ততঃ গুরুগৃহাৎ আগত্য) অধুনা বত হর্ষে, মধুপুর্য্যাং অপি সম্ভাবনায়াং,

শ্রীধরস্বামী।

তেন সংমন্ত্রিতা সতী ব্রূতে অপি বতেতি। বত হর্ষে। হে সৌম্য। গুরুকুলাদাগত্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হন্ত হন্ত ময়োন্মত্তয়া কিং প্রলপ্যতে প্রষ্টব্যন্তু ন পৃচ্ছ্যত ইত্যনুতপ্য সসম্ভ্রমমাহ অপি বতেতি। মধুপুর্য্যামাস্তে ব্রজমিব তামপি ত্যক্ত্বা অন্যত্র কিংস্বিন্ন বিষাসতীতি ভাবঃ। ইতঃ সমীপবর্ত্তিন্যাং তত্র পুর্য্যাং তস্য স্থিতিরত্রাগমনসম্ভাবনামপ্যুৎপাদয়তীত্যভিপ্রায়েণ। যদ্বা। সুখমাস্তে ইত্যনুক্তেরস্মৎপ্রণয়স্মরণব্যাকুলোঽনুরোধবশাদেব তত্রাস্তে যত আর্য্যস্য যদুভি র্দুর্বিনীতৈঃ প্রতার্য্যমাণত্বাৎ সারল্যসমুদ্রস্য শ্রীব্রজরাজস্য তদেকপ্রাণস্য পুত্রঃ। হন্ত হন্ত মৎপিতাপি মাং ব্রজং নেতুং নাশকত্তদহং তত্র গন্তুং কমুপায়ং করোমীতি স্ববিলম্বমসহমানত্বাৎ প্রস্থাপয়তি স্মেতি ভাবঃ। তেন মধুপুর্য্যামাস্ত ইতি তস্য কো দোষঃ। যত আর্য্যস্যাতি-

---

হে সৌম্য! আমরা শুনিয়াছি আর্য্যপুত্র নন্দনন্দন উপনীত হইয়া, বিদ্যাভ্যাসের নিমিত্ত গুরুগৃহে গমন করিয়াছিলেন; সম্প্রতি তিনি কি মথুরায় প্রত্যাগমন করিয়াছেন? এক্ষণে তিনি কি নন্দ যশোদা, বৃন্দাবনের পূর্ব্ব-

আভাস।

গমন করত একবার যুগল-মূর্ত্তিতে আমাকে দর্শন দাও"! তদুত্তরে রাধিকা বলিলেন, ভ্রমর! তোমার প্রকৃতি নিতান্তই সরল! তুমি কৃষ্ণের কৌটিল্যের মধ্যে প্রবেশ করিতে পার নাই। তিনি ক্ষণকালের জন্যও নারী ব্যতীত অবস্থান করিতে যে পারেন না, তাহাই সত্য। কারণ কমলা নামে একটী কামিনী নিরন্তরই তাঁহার সহিত অবস্থান করেন। সেই লক্ষ্মী সাক্ষাৎ দেবী; সুতরাং তিনি নানারূপ ধরিবার শক্তি রাখেন। যখন শ্রীকৃষ্ণ অন্য নারীকে সম্ভোগ করেন, তখন কমলা স্বর্ণরেখারূপে তাঁহার বক্ষস্থলে শোভা পান; কখন তৎসন্নিধান হইতে অন্তর্হিত হন না। আর যখন কোন কামিনী কৃষ্ণসমীপে উপস্থিত না থাকে, তখন নারীরূপ ধারণ করত কৃষ্ণ সহ বিহার করেন। অতএব তোমার অনুরোধ কি প্রকারে রক্ষা করা সঙ্গত হয়? এস্থলে দূতের সম্মাননা এবং তাহার উক্তিতে অঙ্গীকার করিয়াও, অনুচিত বিবেচনায় তদনুসারে কার্য্য না করায়, প্রতিজ্ঞের পরিচয় হইয়াছে॥ ১৮॥

ক্ষণকাল পরে শ্রীরাধিকা প্রকৃতিস্থা হইয়া ভাবিলেন যে, "আমি কি করিতেছি! আবশ্যকীয় কথাত কিছুই জিজ্ঞাসা করিলাম না; কেবল অভিমানের পরিচয়েই বৃথা সময়

ক্বচিদপি স কথাং নঃ কিঙ্করীণাং গৃণীতে
ভুজমগুরুসুগন্ধং মূর্দ্ধ্ন্যধাস্যৎ কদা নু ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

আস্তে ? সঃ পিতৃগেহান্ (পিতৃভ্যাং গৃহৈঃ চ সহিতান্) বন্ধূন্ গোপান্, কিং স্মরতি ? ক্বচিৎ ক্বদাচিৎ, সঃ কিঙ্করীণাং, নঃ অস্মাকং, কথাং বার্ত্তাং, গৃণীতে কিং ? নু ভোঃ অগুরুসুগন্ধং (অগুরুবৎ সুগন্ধং) স্বস্য ভুজং নঃ মূর্দ্ধ্নি কদা বা অধাস্যৎ নিধাস্যতি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

আর্য্যপুত্রঃ শ্রীকৃষ্ণঃ অধুনা কিং মধুপুর্য্যাং বর্ত্ততে কদাচিদপি নোঽস্মাকং বার্ত্তাং কিং ব্রূতে। অগুরুবৎ সুগন্ধং ভুজং নো মূর্দ্ধ্নি কদা নু দাস্যতীতি ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সরলস্য স্বপরিণামদর্শিত্বেনাপি শূন্যস্য নন্দস্য পুত্রঃ। তাদৃশং পুত্রং তাদৃশঃ পিতা যং ত্যক্ত্বা ব্রজমায়াস্যতীতি কো জানাতি। যদ্যজ্ঞাস্যৎ ব্রজরাজ্ঞী সা তাবদক্রূররথারূঢ়ৈব স্বপুত্রং কণ্ঠে কুর্ব্বত্যেব মথুরামযাস্যৎ তামনু গোপিকাশ্রেণ্যশ্চ ইতি ব্রজরাজস্যার্য্যত্বমেবাস্মাকং সর্ব্বনাশে কারণমভূদিতি ভাবঃ। অতস্তাদৃশস্যাপি পিতুরতি সরলস্য বসুদেবেন মহাপ্রতারকেণাচ্ছিদ্য-গৃহীতপুত্রস্য ব্রজমাগত্য মূর্চ্ছয়া পতিত্বা স্থিতস্য গেহান্ কোষাগাররন্ধনাগারশয়নাগারাদীন্ সংপ্রত্যমার্জিতালিপ্তত্বেন তৃণধূলিপত্রলূতাতন্তবৃতান্ শূন্যায়িতান্ স্মরতি ক্বচিৎ তথা গেহান্তরেষু বন্ধূন্ সুবলাদীন্ সংপ্রতি মূর্চ্ছিতান্। ক্বচিদপীতি যদা তস্য মনোঽভিরুচিতং কৈঙ্কর্য্যং কর্ত্তুং পুরস্ত্রিয়ো ন জানন্তি। তদৈব তৎসুখমনুপলব্ধবতীভি স্তাভিঃ সুখানুপলম্ভকারণং পৃষ্টো নোঽস্মাকং কথাং গৃণীতে। বনমালাগুম্ফনে স্থাসকসম্পাদনে বীটিকানির্ম্মাণে বীণাবাদনে রাগতালাদিসৃষ্টৌ গীতনৃত্যরাসাদৌ সৌন্দর্য্যলাবণ্যবৈদগ্ধ্যাদিষু প্রশ্নোত্তরবিলাসে সংযোগ-

---

পরিচিত গৃহ এবং বয়স্য গোপগণের বিষয় স্মরণ করেন না ? অহো ! এই দাসীদের কথা কি কখন আলোচনা করেন ? সেই অগুরু-চন্দন-চর্চ্চিত কর-কমল কবে আমাদের শিরোপরি প্রদান করিবেন ! ॥ ১৯ ॥

আভাস।

অতিবাহিত করিলাম"। তখন সসম্ভ্রমে ভ্রমরকে জিজ্ঞাসা করিলেন যে, শ্রীকৃষ্ণ এপর্য্যন্ত ব্রজেইত অবস্থান করিতেছেন, অন্যত্র গমনত করেন নাই ? কিন্তু তথাপি এত নিকটবর্ত্তী ব্রজে আসিবার জন্য একবারও তাঁহার সাবকাশ হয় নাই। বোধ হয়, তাঁহার মনে শান্তি নাই। দুর্ব্বিনীত যদুগণের কুহকে আচ্ছন্ন হইয়া, বিষম বিপদেই পড়িয়াছেন। তাহাদের অনুরোধ পরিত্যাগ করিতে পারিতেছেন না, অথচ জনক জননী নন্দযশোদার দুঃখও নিবারণ করিতে পারিতেছেন না। গোপরাজ নন্দ যেমন সরল, তদীয় পুত্রও সেইরূপ সরল-হৃদয়, যদুগণের কৌটিল্যের মধ্যে প্রবেশ করিতে কেন পারিবেন ? নন্দরাজ যদি সরলমতি না হইবেন, তবে কোন্ প্রাণে জীবনসর্ব্বস্ব কৃষ্ণধনে মথুরায় রাখিয়া অদ্য বৃন্দাবনে জীবন

শ্রীশুক উবাচ ॥

অথোদ্ধবো নিশম্যৈবং কৃষ্ণদর্শনলালসাঃ।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। অথ কৃষ্ণদর্শনলালসাঃ (কৃষ্ণস্য দর্শনে লালসা ঔৎসুক্যং যাসাং তাঃ)

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণদর্শনোৎসুকা গোপীঃ প্রিয়সন্দেশৈঃ সান্ত্বয়ন্ প্রথমং তাবদিদমভাষত। তদাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লীলায়াং প্রেমস্নেহমানপ্রণয়াদিষু যথাস্মংব্রজস্থা গোপ্যো মাং সুখয়ন্তি ন তথা যূয়মিতি গচ্ছত ভো যদুস্ত্রিয়ঃ স্বস্বপতীনেবালমলং যুষ্মাভিঃ। অহন্তু শ্বঃ প্রাতর্ব্রজমেব গচ্ছন্নযীত্যুক্ত্বা অত্রাগত্য অগুরুসুগন্ধভুজং অস্মাকং মূর্দ্ধ্নি কদা অধাস্যং ধাস্যতি। তেন চ। সমাশ্বসিতঃ ভোঃ প্রাণপ্রেয়স্যঃ সশপথমিদমহং ব্রবীমি ভবতী স্ত্যক্ত্বা ন ক্বাপি যাস্যামি। ত্রিভুনমধ্যে ক্বাপি যুষ্মৎসাদৃশাগন্ধলেশমপি নোপলব্ধবানস্মীতি ব্যঞ্জয়িষ্যতি। অত্র প্রথমে পাদে আর্জ্জবং দ্বিতীয়ে স্বপ্রসঙ্গানুত্থাপনেন গাম্ভীর্য্যং তৃতীয়চতুর্থয়ো দৈন্যচাপলোৎকণ্ঠা ইত্যয়ং সুজল্পঃ। যদুক্তং। যত্রার্জ্জবাং সগাম্ভীর্য্যং সুদৈন্যং সহচাপলং। সোৎকণ্ঠঞ্চ হরিঃ পৃষ্টঃ স সুজল্পো নিগদ্যতে ইত্যেবং দশবিধো দিব্যোন্মাদপ্রভেদশ্চিত্রজল্পো জ্ঞেয়ঃ। সচ দিব্যোন্মাদো মহাভাবোৎকৃষ্টভাগস্য মোহনস্য বিলাসবিশেষো বৃন্দাবনেশ্বর্য্যাং বর্ণিতং। প্রায়ো বৃন্দাবনেশ্বর্য্যাং মোহনোঽয়মুদঞ্চতি। এতস্য মোহনাখ্যস্য গতিং কামপ্যুপেয়ুষঃ। ভ্রমাভা কাপি বৈচিত্রী দিব্যোন্মাদ ইতীর্য্যতে। উদ্‌ঘূর্ণা চিত্রজল্পাদ্যাস্তদ্ভেদা বহবো মতাঃ। প্রেষ্ঠস্য সুহৃদালোকে গূঢ়রোষাভিজৃম্ভিতঃ। ভূরিভাবময়ো জল্পো যস্তীব্রোৎকণ্ঠিতাস্তিমঃ। চিত্রজল্পো দশাঙ্গোঽয়ং প্রজল্পঃ পরিজল্পিতঃ। বিজল্পোজ্জল্পসংজল্পঃ অবজল্পোঽভিজল্পিতং। আজল্পঃ প্রতিজল্পশ্চ সুজল্পশ্চেতি কীর্ত্তিত ইতি। প্রেয়স্যাশ্চিত্রজল্পমাধুরীপিপাসয়া কৃষ্ণ এব ভ্রমররূপমধাদিতি কেচিৎ ॥ ১৯ ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! শ্রীকৃষ্ণকে দর্শনার্থ উদ্বিগ্নচিত্তা গোপললনা-

আভাস।

ধারণ করিতেছেন। মথুরায় যাত্রাকালে যদি শোভা অক্রূরের নিধি কৃষ্ণধনকে কণ্ঠে লইয়া রথে উপবেশন করিতেন, তাহা হইলে আমরা গোপকুলও তাঁহার পশ্চাৎ পশ্চাৎ অনুসরণ করিতাম। তাহা হইলে কাহার সাধ্য, আজ আমাদের কৃষ্ণকে মথুরায় আবদ্ধ রাখে? কিন্তু কি করিব! নন্দযশোদে! আজ তোমরাও দুঃখের অকূল সাগরে পতিত হইলে; এবং আমাদিগকেও চিরকাঙ্গালিনী করিলে। অহো! দারুণ প্রতারক বসুদেব নন্দকে পুত্রধনে বঞ্চিত করায়, গোপরাজ যেন মৃতপ্রায় হইয়া আছেন। গৃহ আগার ও রন্ধনশালাদি অমার্জ্জিত অবস্থাতেই রহিয়াছে। এদিকে শ্রীকৃষ্ণও ব্রজে আসিবার জন্য যতই উদ্যম করিতেছেন, তাঁহার সকল উদ্যমই নষ্ট হইতেছে। অতএব ব্রজের সংবাদ জানিবার জন্য অদ্য এই ভ্রমরকে

সান্ত্বয়ন্ প্রিয়সন্দেশৈর্গোপীরিদমভাষত ॥
উদ্ধব উবাচ ॥
অহো যূয়ং স্ম পূর্ণার্থা ভবত্যো লোকপূজিতাঃ।
বাসুদেবে ভগবতি যাসামিত্যর্পিতং মনঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

গোপীঃ নিশম্য দৃষ্ট্বা, উদ্ধবঃ প্রিয়সন্দেশৈঃ তাঃ সান্ত্বয়ন্ ইদং বক্ষ্যমাণং অভাষত ॥

উদ্ধবঃ উবাচ। অহো! স্ম নিশ্চয়ে যূয়ং পূর্ণার্থাঃ (পূর্ণঃ অর্থঃ পুরুষার্থঃ যাসাং তাঃ) এব। ভগবতি ষড়ৈশ্বর্য্যপূর্ণে, বাসুদেবে বসুদেবনন্দনে, যাসাং মনঃ ইতি এবং অর্পিতং তাঃ ভবত্যঃ লোকপূজিতাঃ (লোকেষু পূজিতাঃ পূজাযোগ্যাঃ এব) ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ষড়্ভিঃ। অহো ইতি। স্ম নূনং যূয়ং পূর্ণার্থাঃ কৃতার্থাঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ম নূনং যূয়ং পূর্ণার্থাঃ কৃতার্থাঃ। যাসাং মন ইতি। এবং প্রকারেণ ভগবত্যর্পিত-মিত্যন্বয়ঃ। অন্যেষামপি ভক্তানাং মনো ভগবত্যর্পিতং দৃষ্টং কিন্ত্বেবম্প্রকারেণ তু ন দৃষ্টমিতি ভাবঃ ॥ ২০ ॥

গণের তাদৃশ বিপ্রলম্ভক উক্তি শ্রবণ করিয়া, ভক্তচূড়ামণি উদ্ধব কৃষ্ণবার্ত্তার দ্বারা তাঁহাদিগকে সান্ত্বনা করত নিম্নলিখিত ভাবে সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিলেন ॥

উদ্ধব বলিলেন, জগতে তোমরাই যথার্থ পূজার যোগ্য এবং ধন্য! ষড়ৈশ্বর্য্য-পূর্ণ বসুদেবনন্দন শ্রীকৃষ্ণে যাঁহাদের চিত্ত এরূপ সমর্পিত হইয়াছে, তাদৃশ তোমাদের যাবতীয় পুরুষার্থই অদ্য সফল হইল, সন্দেহ নাই ॥ ২০ ॥

আভাস।

এখানে প্রেরণ করিয়াছেন। শ্রীরাধিকা এই প্রকারে দশবিধ দিব্যোন্মাদাদি ভাবের পরিচয়ে বিলাপ করিয়াছিলেন ॥ ১৯ ॥

ভগবদ্ভক্ত উদ্ধব গোপিকাগণের তাদৃশ প্রেমোৎকণ্ঠা অবলোকন করিয়া, কৃষ্ণোক্তির প্রকাশে ছয়টী শ্লোকের দ্বারা তাঁহাদিগকে সান্ত্বনা করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন যে, জগতে যে চতুর্ব্বর্গের নাম শুনা যায়, অদ্য তোমাদের চরিত্রেই তাহার স্পষ্ট উপলব্ধি করিতেছি। কারণ সকলের মূল এবং ফলস্বরূপ ভগবদ্ভক্তি কেবল তোমাদের হৃদয়ে যেরূপ সুষ্ঠু প্রতীত হইতেছে, এরূপ প্রতীতি মুনিগণের অন্তরেও এপর্য্যন্ত অনুভূত হয় নাই ॥ ২০ ॥

বেদোক্ত দান, ব্রত, হোম ও তপস্যাদি যে কোন ধর্ম্মকর্ম্মের বিধান দেখা যায়, ভগবানে অহৈতুকী ভক্তি হওয়াই সেই সকলের মূল উদ্দেশ্য। তাবৎ "কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা"। যে পর্য্যন্ত বিষয়-বৈরাগ্যের উদয় না হয়, তদবধিই কর্ম্ম করা প্রয়োজন। "স

দানব্রততপোহোমজপস্বাধ্যায়সংযমৈঃ।
শ্রেয়োভির্বিবিধৈশ্চান্যৈঃ কৃষ্ণে ভক্তির্হি সাধ্যতে ॥ ২১ ॥
ভগবত্যুত্তমঃশ্লোকে ভবতীভিরনুত্তমা।
ভক্তিঃ প্রবর্ত্তিতা দিষ্ট্যা মুনীনামপি দুর্ল্লভা ॥ ২২ ॥

অন্বয়ঃ।

দানব্রততপোহোমজপস্বাধ্যায়সংযমৈঃ (দানং তুলাপুরুষাদিদানং, ব্রতং একাদশ্যাদি-উপবাসঃ, তপঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি, হোমঃ অগ্নিহোত্রাদিঃ, জপঃ মন্ত্রাদিঃ, স্বাধ্যায়ঃ বেদাধ্যয়নাদিঃ, সংযমঃ ইন্দ্রিয়াদিনিগ্রহঃ, তৈঃ) অন্যৈঃ চ বিবিধৈঃ শ্রেয়োভিঃ কৃষ্ণে ভক্তিঃ হি সাধ্যতে ॥ ২১ ॥

উত্তমশ্লোকে ভগবতি অনুত্তমা মুনীনাং অপি দুর্ল্লভা ভক্তিঃ দিষ্ট্যা পরমসৌভাগ্যেন এব ভবতীভিঃ প্রবর্ত্তিতা ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

শ্রেয়োভিঃ শ্রেয়ঃসাধনৈঃ ॥ ২১ ॥ অনুত্তমা অতিশ্রেষ্ঠা ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দানাদিভিঃ সাধনৈঃ কৃষ্ণে ভক্তিঃ সাধ্যতে। তত্র দানং বিষ্ণুবৈষ্ণবসম্প্রদানকং। ব্রত-মেকাদশ্যাদিকং। তপঃ কৃষ্ণার্থভোগত্যাগাদি। হোমো বৈষ্ণবঃ। জপো বিষ্ণুমন্ত্রাণাং। স্বাধ্যায়ো গোপালতাপন্যাদিপাঠঃ। শ্রেয়াংস্যপি ভক্ত্যঙ্গান্যপি জ্ঞেয়ানি। অন্যেষাং দানাদীনাং ভক্তিহেতুত্বাভাবস্য প্রাক্ প্রতিপাদিতত্বাৎ ॥ ২১ ॥

ভবতীনাং ভক্তিস্ত্বন্যৈব সর্ব্ববিলক্ষণেত্যাহ। ভগবতীতি অনুত্তমা সর্ব্বশ্রেষ্ঠা। প্রবর্ত্তি-তেতি। প্রাগিয়ং নাসীৎ অতঃ পরন্তু ভবতীনাং রাগাত্মিকাং ভক্তিমনুসৃত্যৈব রাগানুগা ভক্তির্লোকৈঃ ধ্রিয়মাণা প্রচরিষ্যতীত্যর্থঃ। প্রবর্ত্তিতেত্যাশংসায়াং ভূতবচ্চেতি নিষ্ঠা। দিষ্ট্যা লোকানামতিভাগ্যেন ॥ ২২ ॥

দান, ব্রত, তপস্যা, হোম, মন্ত্রজপ, বেদাধ্যয়ন ও ইন্দ্রিয়নিগ্রহ এবং অন্য যে কোন পবিত্র কর্ম্মের অনুষ্ঠান করা যায়, এক শ্রীকৃষ্ণে ভক্তিলাভ হওয়াই সকলের মূল উদ্দেশ্য এবং ফল ।। ২১ ।।

মুনিগণেরও দুর্ল্লভ অনুত্তমা সেই ভক্তি তোমরা বিশেষ সৌভাগ্যেরই ফলে অদ্য প্রাপ্ত হইয়াছ ।। ২২ ।।

আভাস।

বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে"। যে কর্ম্মের দ্বারা ভগবানে প্রেম ও রতি জন্মে, তাহাই মানবের ধর্ম্মনামে অভিহিত হইয়াছে। "ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্সেনকথাসু যঃ। নোৎপাদয়েৎ যদি রতিং শ্রম এব হি কেবলং" ॥ ধর্ম্মানুষ্ঠানের দ্বারা ভগবানের প্রতি যদি রতির উদয় না হইল, তবে তাহার অনুষ্ঠানে বৃথা পণ্ডশ্রম মাত্র বলিয়া স্বীকার করিতে হইবে। কিন্তু গোপিকাগণের ভক্তি নিত্যসিদ্ধা এবং মহাভাববিশিষ্টা। মুনিগণ যমাদির

দিষ্ট্যা পুত্রান্ পতীন্ দেহান্ স্বজনান্ ভবনানি চ।
হিত্বা বৃণীত যদ্‌যূয়ং কৃষ্ণাখ্যং পুরুষং পরং ॥ ২৩ ॥
সর্ব্বাত্মভাবোঽধিকৃতো ভবতীনামধোক্ষজে।

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ পুত্রান্ পতীন্ দেহান্ স্বজনান্ ভবনানি চ হিত্বা পরিত্যজ্য, কৃষ্ণাখ্যং পরং পুরুষং এব যূয়ং দিষ্ট্যা এব অবৃণীত বৃতবত্যঃ ॥ ২৩ ॥

অধোক্ষজে ইন্দ্রিয়জন্যজ্ঞানাবিষয়ে, শ্রীকৃষ্ণে ভবতীনাং সর্ব্বাত্মভাবঃ একান্তভক্তিযোগঃ

শ্রীধরস্বামী।

অবৃণীত বৃতবত্যঃ। ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুত্রাদীন্ মমতাহন্তাস্পদানিত্যুক্ত্বা কৃষ্ণাভিধানং পরং পুরুষং স্বসম্ভোক্তৃত্বেন যৎ অবৃণীত এতদ্দিষ্ট্যা মমাতিভাগ্যেনৈব ॥ ২৩ ॥

নন্থ বয়ং ধর্ম্মং ত্যক্ত্বা যং পরপুরুষং বৃতবত্যস্তত্র ভবতঃ কিং ভাগ্যমভূত্তত্রাহ। সর্ব্বাত্মেতি। অধোক্ষজে অন্যৈঃ প্রত্যক্ষীকর্ত্তুমপ্যশক্যে শ্রীকৃষ্ণে প্রেমৈব তাবদ্দুর্লভঃ। ভবতীনান্তু সর্ব্বাত্মভাবঃ সর্ব্বাত্মনা সর্ব্বেণৈব স্বরূপেণ সহিতঃ পরিপূর্ণো যো ভাবঃ স মহাভাব ইত্যর্থঃ। সূর্য্যো যথা সর্ব্বাস্তাপসংক্রমণেন ব্যাপ্নোতি চন্দ্রো যথা সর্ব্বান্ শৈত্যসংক্রমণেন ব্যাপ্নোতি

কারণ পতি, পুত্র, দেহ, স্বজন এবং গৃহাদি বিসর্জ্জন পূর্ব্বক পরম পুরুষ শ্রীকৃষ্ণকে আপনবোধে যেরূপ আত্মসমর্পণ করিয়াছ, এতদপেক্ষা তোমাদের পক্ষে আর কি সৌভাগ্যের পরিচয় হইতে পারে ? ॥ ২৩ ॥

শ্রীকৃষ্ণ প্রকৃতির অতীত; বিষয়বাসনাবিশিষ্ট ইন্দ্রিয়প্রভৃতির দ্বারা সেই বাসুদেবের সাক্ষাৎকার লাভ হয় না; কিন্তু অনুপম ভক্তিযোগের দ্বারা তোমরা সর্ব্বান্তঃকরণে তাঁহাকে প্রাপ্ত হইয়াছ! অহো! তোমাদের

আভাস।

অনুষ্ঠানেও এজাতীয়া ভক্তির সাক্ষাৎকার পান না। জগতে ইহার বিস্তারার্থই যেন গোপিকাগণ ইহার পরিচয় দিয়াছিলেন। নিতান্ত সৌভাগ্যবশতই এরূপ ভক্তি জন্মে। কারণ সাংসারিক মমতা ও অভিমানের সম্পত্তি পুত্র গৃহাদি পরিত্যাগ পূর্ব্বক, পরমপুরুষ শ্রীকৃষ্ণকে নিজের প্রভু ও সম্ভোক্তাজ্ঞানে তাঁহারা গোপীভাবে অবস্থান পূর্ব্বক নির্ভরবুদ্ধির পরাকাষ্ঠার পরিচয় দিয়াছেন ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥

গোপিকাগণ বলিলেন, আমরা কুল, ধর্ম্ম ও লজ্জায় জলাঞ্জলি দিয়া, পরপুরুষকে প্রভুজ্ঞানে বরণ করিয়াছি; এতদ্দর্শনে আপনার কি সৌভাগ্যের পরিচয় হইল ? এতদুত্তরে উদ্ধব বলিলেন, শ্রীকৃষ্ণ অধোক্ষজ; সুতরাং কেহই তাঁহাকে প্রত্যক্ষ করিতে পারেন না; অতএব তাঁহাতে প্রেম করা, নিতান্তই দুর্লভ। কিন্তু তোমরা তাঁহাতে সর্ব্বান্তঃকরণে ও সর্ব্বতোভাবে

বিরহেণ মহাভাগা মহান্ মেঽনুগ্রহঃ কৃতঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

অধিকৃতঃ প্রাপ্তঃ। অতঃ হে মহাভাগাঃ! বিরহেণ বিরহনিমিত্ত-সর্ব্বাত্মভাব-প্রদর্শনেন, ভবতীভিঃ মে মহ্যং, মহান্ অনুগ্রহঃ কৃতঃ (তেনাহমপি কৃতার্থঃ) ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বাত্মভাব একান্তভক্তিঃ। অধিকৃতঃ প্রাপ্তঃ। ভগবৎপ্রেমসুখদর্শনেনৈব মমচ মহাননুগ্রহঃ কৃতঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথা যঃ সর্ব্বান্ স্বধর্ম্মসংক্রমণেন অততি ব্যাপ্নোতীতি। সর্ব্বাত্মা চাসৌ ভাবশ্চেতি স ইতি শ্লেষেণ তল্লক্ষণমপি প্রকটীকৃতং। যদুক্তং। অনুরাগঃ স্বসংবেদ্যদশাং প্রাপ্য প্রকাশিতঃ। যাবদাশ্রয়বৃত্তিঃ স্যাদ্ভাব ইত্যভিধীয়ত ইতি। সচ মহাভাবঃ প্রেম্নঃ সপ্তমো বিলাসঃ ভবতীনাং নত্বন্যাসাং লক্ষ্ম্যাদীনামপীত্যর্থঃ। কীদৃশঃ। অধিকৃতঃ অধিকারবিষয়ীকৃতঃ তত্রাধিকারো ভবতীভ্য এব পরমেশ্বরেণ দত্তো নান্যাভ্য ইতি ভাবঃ। অতএব বিরহেণ কর্ত্রা মে মম মহান্ অনুগ্রহঃ কৃতঃ দিব্যোন্মাদচিত্রজল্পাদিমহাভাবভেদান্ দর্শয়িত্বেতি ভাবঃ। যদি ভবতীনাং বিরহো নাভবিষ্যত্তদা কৃষ্ণো ন মাং প্রস্থাপয়িষ্যৎ। অহঞ্চ এতদাশ্চর্য্যং নাদ্রাক্ষ্যমিতি স্বভাগ্যপরাবধিরুক্তঃ ॥ ২৪ ॥

সৌভাগ্য আর কি বর্ণন করিব! তোমাদের বিরহোত্থ আত্মসমর্পণের ভাব দর্শনে আমিও কৃতার্থ হইলাম। এতদ্বারা আমার প্রতিও তোমাদের বিশেষ অনুগ্রহ করা হইল ॥ ২৪ ॥

আভাস।

প্রেম করিতে সমর্থা হইয়াছ। এই পরিপূর্ণ ভাবই মহাভাবের পরিচয়। সূর্য্য যেমন তাপ বিস্তারের দ্বারা সর্ব্বত্র ব্যাপ্ত হন, চন্দ্র যেমন শৈত্য বিস্তারের দ্বারা সর্ব্বত্র ব্যাপ্ত হন, সেইরূপ যিনি ধর্ম্ম-বিস্তারের দ্বারা সর্ব্বত্র ব্যাপ্ত রহিয়াছেন, তিনিই সর্ব্বাত্মা শ্রীকৃষ্ণ। জলে, স্থলে, অন্তরীক্ষে, আকাশে, পাতালে এবং সৃষ্ট যাবদীয় স্থাবরজঙ্গমাত্মক ভূতনিচয়ে তত্তদ্ভাবে ও তাহাদের স্বরূপপ্রকটনে যিনি একাই বিরাজ করিতেছেন, সেই সেই বৃত্তি বা পদার্থকে আশ্রয় করত ভগবদ্ভাবের উপলব্ধিই মহাভাব নামে আখ্যাত হইয়াছে। কিন্তু এই সকল ভাবেও স্বীয় সংবেদ্য ভাবের পরিচয় আছে। অর্থাৎ স্বীয় অন্তরে অনুভূতি সহ সর্ব্বভাবের একত্র সামঞ্জস্যই মহাভাব ও প্রেমের সপ্তম বিলাস। প্রেমভাব কেবল তোমাদেরই হৃদয়ে উদয় হইয়াছে। অন্যের কথা দূরে থাকুক্, স্বয়ং লক্ষ্মীও এই ভাব ধারণে অধিকারিণী হন না। ভগবান্ অনুগ্রহ করিয়া, তোমাদিগকে সেই অধিকার প্রদান করিয়াছেন; সুতরাং তোমরাই সেই প্রেম লাভ করিয়াছ। কিন্তু তোমাদের বিরহই আমার সৌভাগ্যের কারণ। কারণ তাহা না হইলে, কৃষ্ণ কর্ত্তৃক আমি এস্থলে প্রেরিত হইতাম না এবং আমিও এই তোমাদের

শ্রূয়তাং প্রিয়সন্দেশো ভবতীনাং সুখাবহঃ।
যমাদায় গতো ভদ্রা অহং ভর্ত্তুরহস্করঃ ॥ ২৫ ॥
শ্রীভগবানুবাচ ॥
ভবতীনাং বিয়োগো মে নহি সর্ব্বাত্মনা ক্বচিৎ।

অন্বয়ঃ।

হে ভদ্রাঃ কৃতার্থাঃ! যং সন্দেশং, আদায় ভর্ত্তুঃ শ্রীকৃষ্ণস্য, রহস্করঃ রহস্যকার্য্যকর্ত্তা অহং গতঃ আগতঃ, ভবতীনাং সুখাবহঃ (সুখং আবহতীতি, সঃ প্রিয়সন্দেশঃ শ্রূয়তাং ॥ ২৫ ॥

শ্রীভগবান্ উবাচ। সর্ব্বাত্মনা মে ময়া, সহ ভবতীনাং বিয়োগঃ হি নিশ্চিতং ক্বচিৎ

শ্রীধরস্বামী।

ভর্ত্তুঃ শ্রীকৃষ্ণস্য রহস্করঃ রহস্যকার্য্যকর্ত্তা ॥ ২৫ ॥

ভবতীনাং মে ময়া সহ বিয়োগো নাস্তি। কুতঃ সর্ব্বাত্মনা সর্ব্বস্যোপাদানকারণেন অতএব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ কিমেতয়ৈবাস্মৎস্বপ্নাঘয়া চাস্মান্ সান্ত্বয়িতুং ত্বমিহায়াতঃ কিঞ্চিদস্তি বা কৃষ্ণসন্দেশাদিকমস্মদ্দুঃখোপশমকং তদ্ব্রূহীত্যত আহ শ্রূয়তামিতি। ভর্ত্তুঃ কৃষ্ণস্য রহস্করঃ রহস্যকার্য্যকর্ত্তা ॥ ২৫ ॥

অত্র প্রথমো জ্ঞানোপদেশরূপঃ সন্দেশঃ পরমবিজ্ঞান্ প্রতি তৎ প্রেম্নোঽন্যাধর্ষণীয়মহাবলবত্ত্বজ্ঞাপনার্থকঃ। মন্দধিয়ঃ প্রতি তৎপ্রেমমাহাত্ম্যাচ্ছাদনার্থকশ্চ তথাহি ময়া

হে কৃতার্থা কল্যাণীগণ! শ্রীকৃষ্ণের যাবদীয় গুহ্য ব্যাপার আমিই সম্পাদন করিয়া থাকি! সেই প্রভুর নিকট হইতে আপনাদের প্রীতিকর যে শুভ সংবাদ লইয়া এস্থলে আগমন করিয়াছি, আপনারা তাহা শ্রবণ করুন্! ॥ ২৫ ॥

শ্রীকৃষ্ণ আমার দ্বারা বলিয়া দিয়াছেন যে, "হে গোপিকাগণ! আমি সর্ব্বাত্মা; সুতরাং আমার সহিত তোমাদের বিরহ কখন কোন স্থানে ঘটিতে

আভাস।

দিব্য উন্মাদ চিত্র ও জল্পাদি অত্যাশ্চর্য্য মহাভাবের পরিচয় প্রাপ্তে জীবন সার্থক করিতে পারিতাম্ না ॥ ২৪ ॥

গোপিকাগণ বলিলেন, হে উদ্ধব! আপনি কি মিষ্ট সম্ভাষণে এবং গৌরবপ্রদ বচনেই কেবল আমাদিগকে তুষ্ট করিতে আসিয়াছেন! প্রার্থনা করি, যদি শ্রীকৃষ্ণের বার্ত্তা কিছু আনয়ন করিয়া থাকেন, তাহাই আমাদিগের নিকট বর্ণন পূর্ব্বক এই তাপিত হৃদয়কে সুশীতল করুন্! ॥ ২৫ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ উদ্ধবের দ্বারা গোপিকাগণকে প্রবোধিত করিবার অভিপ্রায়ে, পরম জ্ঞানের উপদেশ দিয়াছিলেন। গোপিকাগণ কৃষ্ণপ্রেমে আত্মহারা হইয়াও যে জ্ঞানের অভাব

যথা ভূতানি ভূতেষু খং বায্বগ্নি র্জলং মহী ॥

অন্বয়ঃ।

কস্মিংশ্চিৎ দেশে কালে অপি ন অস্তি। যথা ভূতেষু চরাচরেষু খং আকাশঃ, বায়ুঃ অগ্নিঃ

শ্রীধরস্বামী।

সর্ব্বেষু মন আদি কার্য্যেষু অহমনুগতত্বেন স্থিত ইতি সদৃষ্টান্তমাহ যথেতি। ভূতেষু চরা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গোপীভ্যো দাতুমুদ্ধবদ্বারা জ্ঞানামৃতং প্রেষিতং তদপি তাসাং প্রেমাগ্নিং নির্বাপয়িতুমসমর্থং প্রত্যুত তত্তাপেনৈবালীঢ়ং বভূবেত্যহো তাসাং প্রেমপ্রাবল্যং যন্মহাযোগেশ্বরেণ ময়াপ্যুপ-দিষ্টো জ্ঞানযোগো বৈয়র্থ্যমগাৎ। যথা রাসারম্ভে কর্ম্মযোগ ইত্যন্তরঙ্গবিজ্ঞভক্তান্ প্রেম্নঃ প্রাবাল্যং প্রকাশয়ামাস। মহাপ্রেমবতীষ্বপি গোপীষু সর্ব্বহিতকারিণা পরমেশ্বরেণ মোক্ষ-সিদ্ধ্যর্থং জ্ঞানোপদেশঃ কৃত ইত্যন্যান্ পণ্ডিতম্মন্যান্ মন্দধিয়ঃ প্রতি প্রেম্নো মাহাত্ম্য-মাচ্ছাদয়ামাস পরমরহস্যত্বাদিত্যেবং ভক্তবিবুধান্ প্রেমামৃতস্য প্রদানেন পুষ্ণাতি। অভক্তাসুরাংস্তু প্রদানেন বঞ্চয়তীত্যুভয়মেব মোহিনী সধর্ম্মণঃ শাস্ত্রস্যাস্য প্রয়োজনং জ্ঞেয়ং। অথ প্রকৃতমনুসরামঃ। ভগবানুবাচেত্যুদ্ধববাক্যং। তত্রোবাচেতি লিটা মহাপ্রেমবতো-হপি মৎপ্রভোরেতাদৃশবচনস্য প্রয়োজনং মম দুর্গমত্বাৎ পরোক্ষমেবেতি জ্ঞাপিতং। ভব-তীনাং মে ময়া সহ বিয়োগো নাস্ত্যেব কথং রুদিত্বা রুদিত্বা মর্ত্তুমীহধ্বে ইতি ভাবঃ।

পারে না। যেমন স্থাবর জঙ্গমাত্মক জীবদেহের অন্তরে আকাশ, বায়ু, তেজ, রস ও মৃত্তিকারূপে মহাভূতবর্গ আশ্রয়ভাবে চির-বিদ্যমান থাকে, আমিও

আভাস।

বশত শ্রীকৃষ্ণ হইতে আপনাদিগকে পৃথক্ জ্ঞানে এত দুঃখ ও মর্ম্মবেদনা অনুভব করিতেছিলেন, শ্রীকৃষ্ণ সেই জ্ঞানের উদয় করাইয়া তাদৃশ দুঃখ নিবারণের জন্যই চেষ্টা করিয়াছিলেন। কারণ শ্রুতি বলিয়াছেন, "এতজ্‌জ্ঞেয়ং নিত্যমেবাত্মসংস্থং নাতঃ পরং বেদিতব্যং হি কিঞ্চিৎ। ভোক্তা ভোগ্যং প্রেরিতারঞ্চ মত্বা সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্ম চৈতৎ॥ এতস্মাজ্জায়তে প্রণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণিচ। খং বায়ু র্জ্যোতিরাপঃ পৃথিবা বিশ্বস্য ধারিণী॥ যতো বা ইমা ন ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি। যৎ প্রয়ন্ত্যাভ সংবিশন্তি তং বিজিজ্ঞাসস্ব তদ্ব্রহ্মেতি॥ ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥ স আত্মা সর্ব্বান্তরঃ সর্ব্বানন্দময়ঃ। আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কদাচন"॥ অর্থাৎ ভগবানকে বাহিরে অবলোকন করিবার চেষ্টা করা, কেবল বিড়ম্বনা মাত্র। তিনি স্থাবর-জঙ্গমাত্মক জন্য জগতের সার অন্তর্যামী ও নেতা। জগতে তিনটী মাত্র ভাবের পরিচয় আছে; একটী দৃশ্য স্থূলভাব, একটী দ্রষ্টৃভাব জীব এবং অন্যটী এতদুভয়ের নেতা বা সংযোজক ঈশ্বরভাব। জীব অবশভাবে দেহের অন্তরে অবস্থান পূর্ব্বক ইন্দ্রিয়ের অনুগতিতে স্থূল বা সূক্ষ্ম পদার্থের সংযোগে বা বিয়োগে সুখদুঃখাদি যাঁহার অধীনে ভোগ করিয়া থাকে,

তথাহঞ্চ মনঃপ্রাণবুদ্ধীন্দ্রিয়গুণাশ্রয়ঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

জলং মহী চ ইতি মহাভূতানি (আশ্রয়তয়া স্থিতানি) তথা অহং অপি মনঃপ্রাণবুদ্ধীন্দ্রিয়-গুণানাং আশ্রয়ঃ এব বর্ত্তে ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

চরেষু মহাভূতানি যথা বায়ুগ্নির্বায়ুসহিতোঽগ্নিঃ বায়ুশ্চ অগ্নিশ্চ ইত্যর্থঃ। তথাহঞ্চেতি মন-আদীনি কার্য্যাণি গুণাঃ কারণং তেষামাশ্রয়ত্বেন অনুগত ইত্যর্থঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুতঃ সর্ব্বেষাং আত্মনা পরমাত্মনা। অহং হি পরমাত্মা ভবামি অত্র সর্ব্বশাস্ত্রাণি সর্ব্বে গর্গাদয়ো মুনয়শ্চ বরুণাদয়ো দেবাশ্চ প্রমাণং তস্মাৎ পরমাত্মরূপেণ ভবতীনাং দেহেষ্বহং বর্ত্তে এবেত্যতো ময়া সহ সদা সংযোগ এবেতি ভাবঃ। অত্র চ যথা রাসারম্ভে ধর্ম্মোপ-দেশবাক্যেষ্বপ্যাভ্যন্তরী শৃঙ্গারকথা গোপালস্তনদোষনিবৃত্ত্যর্থা স্থাপিতা তথাহি দিনা-ন্তরে ভো কৃষ্ণ কামুকশিরোমণে ত্বয়া রাসকেলিদিনে কথমস্মাসু ধর্ম্মোপদেশঃ কৃত ইতি প্রেয়সীভিঃ সোপালম্ভমুক্তে সতি। ভো অবিদুষ্যঃ ময়াতু তদ্দিনে সম্ভোগকৃত্যোপদেশ এব কৃতঃ কথং মুগ্ধাভি র্ভবতীভি র্ধর্ম্মোপদেশ এবাবধারিত ইত্যুক্ত্বা রজন্যেষা ঘোররূপে-ত্যাদিবাক্যানাং সম্ভোগকথারূপং দ্বিতীয়মর্থং কৃষ্ণো ব্যাচষ্টে স্ম। তথৈব সুদূরপ্রবাসান্তে

সেইরূপ প্রাণ, মন, ইন্দ্রিয়, বুদ্ধি ও গুণগ্রামের আশ্রয়রূপে তোমাদের নিকট নিত্য বিদ্যমান রহিয়াছি ॥ ২৬ ॥

আভাস।

তিনিই পরাৎপর পরমব্রহ্ম। তাঁহার অচিন্ত্য শক্তির বিকাসই এই জগৎ। পূর্ণব্রহ্মই জগৎ, জীব ও ঈশ্বররূপে বিরাজ করিতেছেন। যেমন একখানি বস্ত্রের উপর বর্ণবিন্যাসে চিত্রের পরিচয় হয়, সেইরূপ সৎস্বরূপ কূটস্থ চৈতন্যে এই জগতের ভান হইয়া থাকে। আকাশে মেঘের উদয়ে যেমন বিচিত্র ভাবের প্রতীয়মানতায়, তত্রস্থ আকাশকেই আবৃত করে; অথচ মেঘ আকাশেই অবস্থিত এবং আকাশ হইতেই উৎপন্ন এবং কার্য্যান্তে আকাশেই বিলীন হয়, সেইরূপ পরমাত্মা হইতে স্থূল সূক্ষ্মাত্মক সৃষ্টির উদয় হইয়া, মূল পরমাত্মভাবকেই আবরণ করত নিজেদের অস্তিত্ব প্রতিপাদন করে; অথচ কার্য্যান্তে পরমাত্মস্বরূপে বিলীন হইলে, এক পরাৎপর পূর্ণব্রহ্মই অবশিষ্ট থাকেন। যাহারা জন্য জগতে জগৎভাবের প্রতি লক্ষ্য না করিয়া, বৃক্ষস্বরূপে বীজভাবের প্রতীতির ন্যায়, সর্ব্বকারণকারণ পরমাত্মভাবকেই লক্ষ্য করেন, তাহাদের "আমি ও আমার" বলিয়া অভিমানের বিনিবৃত্তিতে সর্ব্বপ্রকার সংশয়ের নিবারণ হয়; শোক মোহ এবং পাপ পুণ্য প্রভৃতি ফল এবং কর্ম্মেরও নিবারণ হইয়া যায়। তাঁহারা যেমন জগতের সর্ব্বত্র পরমাত্মশক্তির স্ফুরণকে অবলোকন করত, বাসনা হইতে নিবৃত্ত হন, তেমনই আত্মস্বরূপেও পরমাত্মভাবের উপলব্ধিতে পরমানন্দে নিমগ্ন হন। অতএব মহত্তত্ত্ব হইতে আরম্ভ করিয়া, স্থূল জগদ্ভাব প র্য্যন্ত যখন ভগবচ্ছক্তির বিকাস, তখন শক্তিমান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাবিনি সংযোগে ভোঃ প্রাণনাথ কথমস্মাসু মহাবিরহিণীষূদ্ধবদ্বারা ত্বয়া জ্ঞানোপদেশঃ কৃত ইত্যাভি গোপীভি র্ব্যাখ্যমাণে ভোঃ অবিদগ্ধা ময়া তূদ্ধবদ্বারা প্রেমরীত্যুপদেশ এব কৃতঃ। কথং যুষ্মাভি র্জ্ঞানোপদেশ এবাবধারিত ইতুক্ত্বা ভবতীনাং বিয়োগো মে ইত্যাদি-বাক্যানাং দ্বিতীয়ং প্রেমরীতিময়মর্থং ব্যাখ্যাস্যতীত্যত এতেষু বাক্যেষু বর্ত্তমান এব দ্বিতীয়ঃ প্রেমরীতিময়োঽর্থো ব্যাখ্যেয়ঃ স যথা ভবতীনাং ময়া সহ বিরহো ন সর্ব্বেণাত্মনা কিন্ত্বেকেন দেহেনৈব আত্মশব্দস্য দেহজীবমনোবুদ্ধিবাচিত্বাৎ প্রেমাহ্যাত্মধর্ম্ম এব মমাত্ম-বুদ্ধীন্দ্রিয়াদয়ো ভবতীষ্বেব স্থিতাঃ কেবলমেকো দেহ এব ময়া মথুরামানীতঃ। ভবতীনা-মপ্যাত্মমনোবুদ্ধীন্দ্রিয়াদয়ো ময্যেব বর্ত্তন্তে কেবলং দেহা এব তত্র ব্রজে স্থিতাঃ। কিন্ত্বহং সর্ব্বশাস্ত্রেষু সর্ব্বৈঃ প্রেমাধীন এব নিরূপিতঃ। অতএব প্রেম্নি মম নাস্তি স্বাতন্ত্র্যং। প্রেমবতামস্মাকং পরস্পরদেহবিচ্ছেদ এব বিপ্রলম্ভ স্তমারুহ্য প্রেমা সম্প্রত্যতিবর্দ্ধিতুমিচ্ছতি। অতো ময়া সোৎকণ্ঠেনাপি স্বদেহঃ কথং সাম্প্রতং ব্রজমানেতুং শক্যঃ কিন্তু স এব প্রেমা স্বাভীপ্সিতাং বৃদ্ধিং প্রাপ্য বিপ্রলম্ভং দবয়িত্বা যদা সম্ভোগভূমিকামরোক্ষ্যতি তদৈব ময়া

আভাস।

তিনি কখন শক্তিকে পরিত্যাগ করিয়া, পৃথকভাবে বিদ্যমান নহেন। যেমন চেতন পুরুষেই প্রকৃত প্রস্তাবে মিথ্যা স্বপ্নেরও স্বরূপত ভান হইয়া থাকে, অচেতনে তাহার কোনরূপ লক্ষণ থাকে না, সেইরূপ অচেতনা প্রকৃতির পরিণামে জগতের রচনা হইলেও, চেতন-স্বরূপ পরমাত্মা সর্ব্বত্র অবিকৃতভাবে অনুস্যূত থাকেন। এই উপদেশকে স্পষ্ট করাইবার জন্য ভগবান্ গোপিকা-দিগকে বলিলেন যে, তিনিত কখন তাহাদিগকে পরিত্যাগ করেন নাই। যেমন আকাশহীন মেঘের উদয় থাকিতে পারে না, যেমন পঞ্চ তন্মাত্র ব্যতীত মহাভূত বা শরীরাদির অস্তিত্ব অসম্ভব; যেমন মৃত্তিকা ব্যতীত মৃণ্ময় ঘটের প্রতীতি কেবল আকাশকুসুম সদৃশ কল্পনার পরিচয় মাত্র, সেইরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ ব্যতীত গোপিকাগণের পৃথক্ সত্তাই কেবল অভিমানমূলক, সন্দেহ নাই। যেমন অন্তরস্থ বায়ু জলের আবরণে অবস্থান পূর্ব্বক, বুদ্‌বুদের উৎপাদন করে, অথচ বুদ্‌বুদ যেন উভয় জল ও বায়ু হইতে সম্পূর্ণ পৃথক্‌রূপে জলের উপরই ভাসমান থাকে, সেইরূপ প্রকৃতির অন্তরে পরম পুরুষ যেন প্রচ্ছন্ন থাকিয়া, বিচিত্র পরিণামের উদয় করেন। অতএব দেহ, প্রাণ, ইন্দ্রিয়, মন ও বুদ্ধিপ্রভৃতিরূপে প্রতীত চতুর্ব্বিংশতি তত্ত্বের অন্তরালে প্রচ্ছন্ন পরমাত্মা যদিও জীবাত্মারূপে ভেদদর্শীর নিকট প্রতীত হইতেছেন বটে, কিন্তু জলীয়াংশের অপসারণে বুদ্‌বুদ্ ভঙ্গ হইলে, তদন্তরস্থ বায়ু বিরাট বায়ুর সহিত একত্রিত হয়, সেইরূপ অহং-জ্ঞানরূপ জীবাত্মার আবরণ বিদূরিত হইলে, পরমাত্মারূপে একত্র বিশ্রাম করা ব্যতীত ভাবান্তরের অস্তিত্ব থাকাই অসম্ভব। অতএব হে গোপললনাগণ! "তুমি, আমি" বলিয়া যে ভেদ তোমরা অনুভব করিতেছ, সেই আমাদের পরস্পরের বিচ্ছেদ আনয়ন করিয়াছে। দেহাভিমানই এই ভেদ প্রতীত করায়; যে দিবস তোমাদের দেহাভিমান নিরস্ত হইবে, সেই দিবসই তোমরা ভ্রান্তিমূলক বিরহের বিরহে নিশ্চিন্তমনে আনন্দরসপূর্ণ প্রেমাম্বুধির অনুকূল

আত্মন্যেবাত্মনাত্মানং সৃজে হন্ম্যনুপালয়ে।

অন্বয়ঃ।

আত্মমায়ানুভাবেন স্বসংকল্পমাত্রেণ, আত্মনি আধারভূতে সংস্বরূপে, আত্মনা সাধনান্তর-

শ্রীধরস্বামী।

ননু কারণত্বেন সর্ব্বানুগতত্বেনচ ভেদঃ স্যাদত আহ আত্মন্যেবেতি। ননু নিত্যসিদ্ধস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদধীনেন স্বদেহো ব্রজমানেতব্য ইতি দেহেনাপি বিয়োগোঽপযাস্যতীতি ভাবঃ। কিন্তুহং উপাদানকারণত্বাদপি সর্ব্বভূতেষু বর্ত্তে এবেত্যাহ যথেতি। ভূতেষু চরাচরেষু ভূতানি মহাভূতানি। তান্যেব কানীত্যত আহ খমিতি। বায়ুগ্নিঃ বায়ুসহিতোঽগ্নিঃ যথা বর্ত্ততে তথৈবাহং মন আদিনী কার্য্যাণি গুণাস্তেষাং কারণং সর্ব্বেষামপি পরমকারণ-ত্বেনাশ্রয়ঃ। তত্র তত্রানুগতো বর্ত্তে এবেত্যর্থঃ। পক্ষে। মাং সদা প্রেম্না ধ্যায়ন্তীনাং ভবতীনাং মনঃপ্রাণবুদ্ধীন্দ্রিয়গুণান্ শব্দাদীংশ্চ আশ্রয়ামীতি। সঃ আশ্রিত্য তত্র তত্র ক্ষুরন্নেবাহং সদা বর্ত্তে ইত্যর্থঃ॥ ২৬॥

কিঞ্চাহমেব কর্ত্তা অধিকরণং কর্ম্মচেত্যাহ আত্মন্যেবাধিষ্ঠানে আত্মনৈব করণেন আত্মান-মেব জগদ্রূপং সৃজে সৃজামি। ননু ত্বং সচ্চিদানন্দস্বরূপঃ। জগদিদং ততো ভিন্নং প্রতীয়তে তত্রাহ আত্মনো মম যা মায়াশক্তিস্তস্যা অনুভাবঃ কার্য্যং তেন ভূতাদ্যাত্মনা সৃজামি। তস্যা

আমি নিজের সংকল্পমাত্রে আধারভূত স্বকীয় সংস্বরূপে এবং উপায়ান্তর ব্যতীত নিজ চিৎস্বরূপের সাহায্যে স্বকীয় ব্রহ্মস্বরূপকেই ভূত, ইন্দ্রিয় ও গুণ-

আভাস।

তরঙ্গে ভাসিতে থাকিবে। আমি দূরে থাকিলেও নিকটে আছি; জীব মাত্রেই হৃদয়-মন্দিরে দীপ-কলিকার ন্যায় বিদ্যমান থাকিয়া, চৈতন্যস্বরূপ আলোকের প্রদানে জীবিত রাখি, আবার বাহিরে বিরাজ করত ভোগ্য বস্তু ও ভোগায়তন দেহের ব্যবস্থা করিতেছি। আমাকেই তোমার "তুমি" বলিয়া অবধারণ কর! এবং যেমন যাবতীয় ভোগ্য বস্তুতে প্রীতির অপেক্ষা, তোমার "তুমিতে" নিরতিশয় প্রীতি ও আসক্তির পরিচয় পাওয়া যায়, সেইরূপ সৃষ্ট জগতে যাবতীয় তুমি বা আমিশব্দবাচ্য প্রীতির পাত্র সমূহ এক ভগবৎপ্রেমের আনুকূল্যে ঔজ্জ্বল্য ধারণ করিয়াছে। পরমাত্মস্বরূপ আমি তোমাদের মর্ম্মে মর্ম্মে, গ্রন্থিতে গ্রন্থিতে এবং যাহা কিছু তোমাদের আমার বলিবার আছে, তাহার সকলের অন্তরে অটল, অচল ও অচ্যুত ভাবে আমিই বিরাজ করিতেছি॥ ২৬॥

বৃক্ষের ফল পত্র স্কন্ধ ও শাখাদি বিভাগে যেমন স্বগত ভেদ, অন্য বৃক্ষ হইতে স্বজাতীয় ভেদ এবং শিলাদি হইতে বিজাতীয় ভেদ পরিদৃষ্ট হয়, সেইরূপ বিচিত্র সৃষ্টির অভ্যন্তরে অনুস্যূত

থাকায়, পাছে　　আত্মস্বরূপেও ঐরূপ ভেদের শঙ্কা হয়, তন্নিমিত্ত ভগবান্ বলিলেন কর্ম্ম,

কর্ত্তা, করণ　　বিকরণরূপে একাকী আমিই বিরাজমান রহিয়াছি। যদিও জগৎ পরমাত্মা

আত্মমায়ানুভাবেন ভূতেন্দ্রিয়গুণাত্মনা ॥ ২৭ ॥
আত্মা জ্ঞানময়ঃ শুদ্ধো ব্যতিরিক্তোঽগুণাশ্রয়ঃ।

অন্বয়ঃ।

রহিতেন চিদ্রূপেণ, আত্মানং ব্রহ্মস্বরূপং, ভূতেন্দ্রিয়গুণাত্মনা অহং সৃজে সৃজামি, পালয়ে পালয়ামি, হন্মি সংহরামি চ ॥ ২৭ ॥

আত্মা জীবাত্মা তু শুদ্ধঃ, অগুণাশ্রয়ঃ প্রাকৃতগুণগতবিকাররহিতঃ ব্যতিরিক্তঃ গুণাতীতঃ,

শ্রীধরস্বামী।

কুতঃ সৃজ্যাদিরূপতা অত আহ ভূতেন্দ্রিয়গুণাত্মনা। বুদ্ধীন্দ্রিয়েতি বা পাঠঃ। তদ্রূপেণেতি। ননু। নির্ব্বিকারস্য কুতস্তদ্রূপতেতি তত্রাহ আত্মমায়ানুভাবেনেতি ॥ ২৭ ॥

ননু আত্মনো ভূতাদিরূপত্বেন তদ্দোষপ্রসঙ্গস্তত্রাহ আত্মেতি। আত্মাতু শুদ্ধঃ। কুতঃ। অগুণাশ্রয়ঃ ন গুণেষু অস্যেতীতি তথা। তৎ কুতঃ। ব্যতিরিক্তঃ। তদপি কুতঃ। জ্ঞানময়ঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদ্বহিরঙ্গশক্তিত্বাজ্জগতোঽস্য মদ্রূপত্বং নতু মৎস্বরূপত্বমিতি ভাবঃ। পক্ষে ভবতীনাং আত্মনি মনসি আত্মনা প্রযত্নেন আত্মানং স্বং সৃজাম্যাবির্ভাবয়ামি সম্ভোগাদিলীলার্থং মুহূর্ত্তং অনুপালয়ামি। ততো হন্মি অন্তর্ধাপয়ামি। কেন প্রযত্নেন আত্মমায়াপ্রভাবেন যোগমায়াপ্রভাব এব মম প্রযত্ন ইতি ভাবঃ। আত্মানং কথম্ভূতং। ভূতান্যঙ্গানি ইন্দ্রিয়াণি চক্ষুরাদীনি গুণাঃ সৌন্দর্য্যমাধুর্য্যবৈদগ্ধ্যাদয়ঃ। আত্মানো বুদ্ধ্যাদয় স্তেষাং দ্বন্দ্বৈক্যং তেন সহিতং ॥ ২৭ ॥

ননু তর্হি তব স্বস্বরূপং কিং লোকৈঃ কথং বা জ্ঞেয়মিতি চেৎ মৎস্বরূপন্তু গুণাতীতমস্তর্যামিসংজ্ঞং সর্ব্বত্র প্রতীয়ত এবেত্যাহ। আত্মা পরমাত্মা জ্ঞানময়ঃ জ্ঞানং মায়াতীতং

ভাবে কখন সৃজন করি, পালন করি এবং কখনও বা সমগ্র সংসারকে আত্মস্বরূপে সংহরণ করি ॥ ২৭ ॥

জীবের আত্মা বিশুদ্ধস্বরূপ এবং প্রাকৃতিক গুণনিষ্ঠ বিকারে বিকৃত নহে; কারণ গুণ তাঁহাকে কখন স্পর্শ করে না; তিনি চৈতন্যস্বরূপ। স্বপ্ন, সুষুপ্তি

আভাস।

হইতে পৃথক্ ভাবে প্রতীত হইতেছে, তথাপি মায়াময়ী নিজের শক্তির পরিণামই এই জগৎ। শ্রুতি বলিয়াছেন, "মায়াংতু প্রকৃতিং বিদ্যান্মায়িনং তু মহেশ্বরং। তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং বিশ্বমশেষতঃ"। জগৎ পরমাত্মা হইতে কোন অংশে পৃথক্ নহে। তাঁহাতে আশ্রিত তদীয় বৈষ্ণবী মায়াশক্তিরই প্রপঞ্চে জগৎ রচিত হইয়াছে; তিনিই তাহার নিমিত্ত কারণ ও সংসারের হেতু। অতএব জগদ্রূপে ও জীবরূপে তিনি একাকীই বিরাজ করিতেছেন। প্রেমপঙ্কে, হে গোপিকাগণ! তোমাদের আত্মা অর্থাৎ মনোমধ্যে নিজ যত্নে আমি আত্মস্বরূপের প্রকটন করত বিরাজ করি এবং ক্ষণকালের মধ্যে অন্তর্হিত হই। যোগমায়াই আমা যত্ন ॥ ২৭ ॥

পরমাত্মার স্বরূপলক্ষণার্থ উক্ত হইয়াছে যে, আত্মা গুণের অতীত, বি চৈতন্যস্বরূপ।

সুষুপ্তস্বপ্নজাগ্রদ্ভির্মনোবৃত্তিভিরীয়তে ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

জ্ঞানময়ঃ চৈতন্যস্বরূপঃ এব। সুষুপ্তস্বপ্নজাগ্রদ্ভিঃ মায়াবৃত্তিভিঃ মনোবৃত্তিভিঃ চ (বিশ্ব-তৈজসপ্রাজ্ঞরূপেণ) ঈয়তে প্রতীয়তে ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

জ্ঞানস্বরূপঃ। নন্বহংপ্রত্যয়স্বসংবেদ্যমেবাত্মনো নানাবস্থাত্বং ইতি কুতঃ শুদ্ধতেতি তত্রাহ সুষুপ্তেতি। মায়াকার্য্যমনোবৃত্তিভিঃ বিশ্বতৈজসপ্রাজ্ঞরূপেণ প্রতীয়তে ন স্বত ইত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিৎ তন্ময়ঃ গুণৈঃ স্রষ্ট্যাদিকর্তৃত্বেঽপ্যচিন্ত্যশক্ত্যা তৎসম্বন্ধাভাবাচ্ছুদ্ধঃ। শরীরমধ্যবর্ত্তিত্বেঽপি ব্যতিরিক্তঃ। গুণাধিষ্ঠাতৃত্বেঽপি ন গুণান্ অন্বেতীতি সঃ। নতু সর্ব্বৈরপ্যনুমানগম্য ইত্যাহ সুষুপ্তেতি। ঈয়তে অনুমীয়তে। যদুক্তং। পক্ষে। গুণপ্রকাশৈরনুমীয়তে ভবান্। ইতি। ভগবান্ সর্ব্বভূতেষু লক্ষিতঃ স্বাত্মনা হরিঃ। দৃশ্যৈর্বুদ্ধ্যাদিভি র্দ্রষ্টা লক্ষণৈরনুমাপকৈরিতি চ। আত্মা অহং জ্ঞানময়ঃ অত্র স্থিতোঽপি যুষ্মদ্বিষয়কাতিশয়জ্ঞানবান্ নতু কদাচিদপি যুষ্মান্ বিস্মরামীত্যর্থঃ। শুদ্ধো মথুরাস্থোঽপি মথুরাঙ্গনাসঙ্গদোষরহিতঃ যতো ব্যতিরিক্তো যুষ্মদ্বিয়োগখিন্নঃ কথমন্যা রোচয়ামীতি ভাবঃ। যতো গুণাশ্রয়ঃ যুষ্মদ্ গুণান্ সৌন্দর্য্যমধুরকটাক্ষাবলোকাদীন্ অন্বেমি ধ্যানেন নিরন্তরং প্রাপ্নোমীত্যর্থঃ। এবম্ভূতো যুষ্মাভিরপি সদৈবাহমনুভূয় ইত্যাহ সুষুপ্তেতি। অত্র সুষুপ্তেন মমাত্মনোঽনুভূতচরস্য রূপগুণাদিসামান্যং স্বপ্নেন তদ্বিশেষঃ জাগরেণ তু হাস্যলাস্যাদিসম্ভোগমাধুর্য্যময়ঃ। সাক্ষাদাত্মৈব ঈয়তে অনুভূয়তে এব ॥ ২৮ ॥

এবং জাগ্রদাদি মায়াবৃত্তি এবং মানসিক বৃত্তিসমূহের দ্বারা বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞনামে সেই জীবাত্মাই কেবল অভিহিত হইয়া থাকেন মাত্র ॥ ২৮ ॥

আভাস।

বিষয়সমূহ যে জ্ঞানে অবভাসিত হয়, সেই জ্ঞানভাগই স্বরূপত পরমাত্মভাব। শরীরের মধ্যবর্ত্তী হইয়াও তিনি শরীরাতিরিক্ত; এবং গুণের উপর আধিপত্য বিস্তারে প্রতিষ্ঠিত থাকিলেও ইন্দ্রিয়াদি গুণগ্রাম তাঁহাকে অতিক্রম করিতে পারে না। কিন্তু তথাপি আত্মা সকলেরই অনুমানগম্য। কারণ জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি নামে অবস্থাত্রয় যে জ্ঞানে অবভাসিত হয়; মাস, অব্দ, যুগ বা কল্প যতই অতিবাহিত হউক্ না, যে জ্ঞান নিরন্তর সমভাবে সাক্ষিরূপে বিদ্যমান থাকেন; বাল্য, যৌবন ও জরা এই অবস্থাত্রয়ের অন্তর্গত হইয়াও যে জ্ঞান এই তিন অবস্থাকে সমভাবে অবলোকন এবং অনুভব করেন, তিনিই বিশুদ্ধ চৈতন্যময় আত্মা। যেমন কোন একটী বিষয় উপলব্ধি করিলাম বা উপলব্ধি করিলাম না বলিয়া, যে জ্ঞানের সমীপে প্রতীত হয়, সে জ্ঞানের উপলব্ধির নিমিত্ত আর পৃথক্ জ্ঞানের প্রয়োজন করে না। যেমন উজ্জ্বল প্রদীপের প্রকাশার্থ প্রদীপান্তরের প্রয়োজন থাকে না, যেমন গুড়কে মধুর করিবার জন্য অপর গুড়ের প্রয়োজন হয় না, সেইরূপ জ্ঞানস্বরূপ আত্মার

যেনেন্দ্রিয়ার্থান্ ধ্যায়েত মৃষা স্বপ্নবদুত্থিতঃ।

অন্বয়ঃ।

উত্থিতঃ জাগরিতঃ, পুমান্ মৃষা মিথ্যাভূতং, স্বপ্নং যথা মনসা ধ্যায়তি তথা মিথ্যাভূতান্

শ্রীধরস্বামী।

কুতো মনোনিরোধে তদভাবাৎ ইতি ব্যতিরেকং দর্শয়িতুং মনোনিরোধং বিধত্তে যেনেতি। উত্থিতঃ পুমান্ যথা মিথ্যাভূতমেব স্বপ্নং ধ্যায়তি। এবম্বাধিতানপি ইন্দ্রিয়ার্থান্ শব্দাদীন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপদিষ্টোঽয়ং জ্ঞানযোগো মনোনিরোধে সতি ফলতীতি মনোনিরোধং বিধত্তে যেন মনসা ইন্দ্রিয়ার্থান্ বিষয়ান্ ধ্যায়েত উত্থিতঃ প্রবুদ্ধো জনঃ স্বপ্নবৎ স্বপ্নে যথা মৃষাভূতানপ্যর্থান্ ধ্যায়েৎ তস্মন ইন্দ্রিয়াণি চ নিরুন্ধ্যাৎ যতো বিনিদ্রঃ সাবধান এব জনঃ প্রত্যপদ্যত। প্রতিপন্নো জ্ঞানবানভূদিতি পূর্ব্বাচারঃ প্রমাণিতঃ। পক্ষে। উত্থিতঃ মূর্চ্ছাতঃ প্রবুদ্ধো ভবদ্বিধো জনঃ ইন্দ্রিয়ার্থান্ মদ্দর্শনস্পর্শনাধরপানালিঙ্গনাদীন্ বিষয়ান্ মদাবির্ভাবজনিতত্বাৎ সত্যানেব যেন

নিদ্রাভঙ্গে প্রবুদ্ধ ব্যক্তি যেমন স্বপ্নদৃষ্ট কাল্পনিক বিষয়-সমূহকে মনে মনে চিন্তা করত, সুখ দুঃখাদিকে অনুভব করে, সেইরূপ জাগ্রতকালেও মিথ্যাভূত আভাস।

অববোধনার্থ আর জ্ঞানান্তরের আবশ্যক করে না। জ্ঞানস্বরূপ আত্মা স্বয়ংপ্রকাশ। স্বকীয় ইন্দ্রিয়বর্গের ক্রিয়া হইতেছে কি না, তাহা নিজের অন্তরেই প্রকাশ হয়। উপলব্ধিভাবই উপলব্ধি ক্রিয়ার পরিচয় দিয়া থাকে। প্রেমপক্ষে শ্রীকৃষ্ণ বলিলেন, হে গোপললনাগণ! তোমাদের গুণে আমি এতই আকৃষ্ট যে, অগুণী হইয়াও গুণান্বয়; অর্থাৎ গুণবিশিষ্টের ন্যায় পরিণত হইয়াছি। আমি অন্য কোন নারীতেই আসক্ত নহি। আমার স্বরূপ জ্ঞানময়। আমি কেবল মথুরা কেন? যেখানেই অবস্থান করি না, জাগ্রত, স্বপ্ন এবং সুষুপ্তিকালে সাধারণ জীব যেমন স্থূল বিষয় এবং সূক্ষ্ম সংস্কার সমূহকে প্রত্যক্ষের ন্যায় উপলব্ধি করে, আমিও সেইরূপ দূর হইতেও তোমাদিগকে প্রত্যক্ষের ন্যায় অনুভব করি। তোমরাও চিত্তের উৎকর্ষে আমাকে সেইরূপ দূর হইতে প্রত্যক্ষের ন্যায় প্রতীতি করিতে যত্ন কর! ॥ ২৮ ॥

কিন্তু এরূপ প্রতীতি করা মনের নিবৃত্তি না হইলে ঘটে না। কারণ মনই মানবকে নরকে পাতিত বা উৎকৃষ্ট মোক্ষপদবীতে আরোহণ করায়। মনই বিষয়জালকে চিন্তা করত, জীবকে সংসারে আবদ্ধ করে; অধিক কি! স্বপ্নকালে যে সকল বিষয় অনুভূত হয়, তাহারা বস্তুত মিথ্যা বলিয়া প্রতীত হইলেও, জাগ্রতকালে মন আবার সেই সকল স্বপ্নময় বিষয়সমূহের চিন্তায় সুখদুঃখাদি উপভোগ করে; সেইরূপ মায়াময় বিষয়ের চিন্তা যে জীবকে বিষম বিপন্ন করিবে, সে বিষয়ে আর সন্দেহ কি? অতএব "মনোনিবৃত্তিঃ পরমোপশান্তিঃ" মনের নিবৃত্তিই যথার্থ উপশান্তির কারণ। মন নিবৃত্ত না হইলে, যে যে বিষয় মন নিরন্তর চিন্তা করে, কালক্রমে তাহার সাজাত্যলাভে সেই সেই বিষয়ের ভোগোপযোগী

তন্নিরুন্ধ্যাদিন্দ্রিয়াণি বিনিদ্রঃ প্রত্যপদ্যত ॥ ২৯ ॥

এতদন্তঃ সামাম্নায়ো যোগঃ সাংখ্যং মনীষিণাং।

অন্বয়ঃ।

ইন্দ্রিয়ার্থান্ যেন মনসা ধ্যায়েৎ চিন্তয়েৎ, ধ্যায়ন্ চ ইন্দ্রিয়াণি প্রত্যপদ্যত প্রতিপদ্যতে, বিনিদ্রঃ অনলসঃ, সন্ তৎ মনঃ, নিরুন্ধ্যাৎ নিয়চ্ছেৎ ॥ ২৯ ॥

সমাম্নায়ঃ বেদোক্তসাধনকলাপঃ, যোগঃ যমাদ্যষ্টাঙ্গঃ, সাংখ্যং আত্মানাত্মবিবেকঃ, ত্যাগঃ

শ্রীধরস্বামী।

যেন মনসা ধ্যায়েৎ চিন্তয়েৎ ধ্যায়ংশ্চ যেনেন্দ্রিয়াণি প্রত্যপদ্যত প্রাপ তন্মনঃ বিনিদ্রঃ অনলসঃ সন্ নিরুন্ধ্যাৎ নিয়চ্ছেদিতি ॥ ২৯ ॥

তাবতা চ কৃতার্থো ভবতীত্যাহ এতদন্ত ইতি। এষ মনোনিরোধঃ অন্তঃ সমাপ্তিঃ ফলং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনসা স্বপ্নবন্মৃষাভূতানেব ধ্যায়েত তন্মনো নিরুন্ধ্যাৎ তিরস্কুর্ব্বীত তদপ্রামাণ্যাদিতি ভাবঃ। যতো বিনিদ্রঃ নিদ্রারহিত এব ভবদাদিঃ ইন্দ্রিয়াণি স্বনেত্রাদীনি প্রত্যপদ্যত প্রত্যক্ষত এব নিরঞ্জননীরাগনিশ্চলানি অপদ্যত জ্ঞাতবানেব যুষ্মাভিরনুরাগান্ধাভি র্মহাবিরহোৎকণ্ঠা বিগত-বিচারাভি র্মৎকর্ত্তৃকযুষ্মৎকর্ম্মকনানাবিধঃ সম্ভোগোঽপি যন্মৃষাভূত এব মন্যতে এতদেব মে মহদ্দুঃখং। অতএব তত্তৎসত্যাপনার্থকমেতৎসন্দেশপ্রেষণং মমেতি ভাবঃ ॥ ২৯ ॥

মনোনিরোধার্থকা এব সর্ব্বশাস্ত্রোক্তা সর্ব্বেঽপ্যুপায়া ইত্যাহ এতদন্ত ইতি। এষ মনো-নিরোধ এব অন্তঃ সমাপ্তিঃ ফলং যস্য সঃ। সমাম্নায়ঃ সম্পূর্ণো বেদঃ স তত্র পর্য্যবস্যতীত্যর্থঃ

মায়াময় ইন্দ্রিয়ভোগ্য বিষয়-জালের অনুশীলনে যে মনের দ্বারা জীবাত্মা সেই সেই অবস্থায় পরিণতের ন্যায় প্রতীত হয়, সর্ব্বাগ্রে সেই মনের গতিকে অতি সাবধানে নিরুদ্ধ করা প্রয়োজন ॥ ২৯ ॥

বেদোক্ত কর্ম্ম-কলাপ, যমাদি অষ্টাঙ্গ যোগ, আত্মানাত্ম-বিচাররূপ সাংখ্য-শাস্ত্র, ত্যাগ, দান, তপস্যা, ইন্দ্রিয়নিগ্রহ এবং সত্য এই সমস্ত ব্যাপারে

আভাস

ইন্দ্রিয়ও দেহরূপে পরিণত হয় এবং জীবের জন্মান্তর বৃদ্ধি করে। সুতরাং মনের নিবৃত্তি হইলে, চিৎস্বরূপের সম্যক্ প্রকটনে জন্মান্তরের প্রতিরোধ হয়। অন্য পক্ষে, হে গোপিকাগণ! আমি তোমাদিগকে হৃদয়ের পুত্তলিজ্ঞানে যেমন দূর হইতেও প্রত্যক্ষবৎ প্রতীতি করি, তোমরা কিন্তু সেরূপ আমাকে ভাব না। তোমরা স্বপ্নে কল্পনার স্রোতে ভাসমানা থাকিয়া, আমাকে প্রত্যক্ষের ন্যায় কখন কখন অনুভব কর বটে, কিন্তু নিদ্রাভঙ্গে বা কল্পনার বিলয়ে আমার অদর্শনে বিষাদ-সাগরে নিমগ্ন হও! এতদপেক্ষা আমার আর দুঃখের বিষয় কি হইতে পারে? আমি যেমন তোমাদিগকে আপনার জ্ঞানে হৃদয়ে স্থান দিই, তোমরা কিন্তু তাহার কিছুমাত্র কর না ॥ ২৯ ॥

ত্যাগস্তপো দমঃ সত্যং সমুদ্রান্তা ইবাপগাঃ ॥ ৩০ ॥
যন্ত্বহং ভবতীনাং বৈ দূরে বর্ত্তে প্রিয়ো দৃশাং।

অন্বয়ঃ।

দানং, তপঃ, দমঃ ইন্দ্রিয়নিগ্রহঃ, সত্যং যথার্থভাষণং, সর্ব্বঃ সমুদ্রান্তাঃ আপগাঃ নদ্যঃ, যথা তথা এতদন্তঃ (এষঃ মনোনিরোধঃ অন্তঃ সমাপ্তিঃ ফলং যস্য সঃ তথা এব) ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

যস্য সঃ। সমাম্নায়ো বেদঃ স তত্র পর্য্যবস্যতীত্যর্থঃ। যোগোঽষ্টাঙ্গঃ সাংখ্যং আত্মানাত্ম-বিবেকঃ। ত্যাগঃ সংন্যাসঃ। তপঃ স্বধর্ম্মঃ। দম ইন্দ্রিয়দমনং। মার্গভেদেঽপ্যেকত্র পর্য্যব-সানে দৃষ্টান্তঃ সমুদ্রান্তা আপগা নদ্য ইবেতি ॥ ৩০ ॥

ননু কিমন্যানিবাস্মানাত্মবিদ্যয়া প্রলোভয়সি? বয়ন্তু সর্ব্বসুন্দরসকলগুণালঙ্কৃতেন ত্বয়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগোঽষ্টাঙ্গঃ। সাঙ্খ্যমাত্মানাত্মবিবেকঃ। মার্গভেদেঽপ্যেকত্র পর্য্যবসানে দৃষ্টান্তঃ। সমুদ্রান্তা আপগা নদ্য ইব। পক্ষে। যথা মনোনিরোধে সত্যেব সংসারতরণং তথৈব ভবতীনামপি মদ্বিরহতরণং মনোনিরোধাদেব। যৎ খলু মনঃ সত্যমপি মৎসঙ্গং ভবতীরলীকত্বেন প্রত্যায়য়তীতি ভাবঃ। অর্থস্তু ভয়ত্র তুল্য এব ॥ ৩০ ॥

ভো উদ্ধব এতেন সন্দেশেনাস্মাংস্ত্বং দ্বিগুণং জ্বালয়সি স্ম। তস্মাত্তং সন্দেশপ্রেষকং কাল-দেশপাত্রানভিজ্ঞং কিং ব্রূমস্ত্বাং বা পরামর্শশূন্যং কিমাক্ষিপামঃ। এতদ্ব্রূজ্ঞানং খলু ব্রজ-ভূমাবস্যাং কঃ ক্রেষ্যতি যস্য ভাবস্ত্বয়া এতাবৎ দূরমানীতঃ। কিমেতে গোপীজনা জন্মাবধি

স্রোতস্বতী সমূহের সমুদ্রে বিশ্রামলাভের ন্যায়, এক মনোনিগ্রহেই সকলের পরিসমাপ্তি হইয়া থাকে। মনোনিরোধরূপ ফল ব্যতীত, সকল কার্য্যে অতিরিক্ত অন্য কোন ফলের প্রত্যাশা করা যায় না ॥ ৩০ ॥

আমি তোমাদের নিতান্ত প্রিয়পাত্র হইয়াও যে দূরে অবস্থান করিতেছি, সে

আভাস।

মনের নিবৃত্তির জন্যই যাবতীয় শাস্ত্রের উপদেশ। সমগ্র বেদ, অষ্টাঙ্গ যোগ, আত্মানাত্ম-বিচার, তপস্যা ও ত্যাগাদি যাবতীয় কর্ম্ম এক মনের নিবৃত্তির জন্যই অনুষ্ঠিত হইয়া থাকে। নদীসমূহ যেমন সমুদ্রে মিলিত হইয়াই নিবৃত্তস্রোত হয়, সেইরূপ যাবদীয় ধর্ম্মকর্ম্ম এক মনের নিবৃত্তিতেই পরিসমাপ্ত হইয়া যায়। মনের নিবৃত্তি হইলে, আর কোন কর্ম্মেরই অনুষ্ঠান করিবার আবশ্যক হয় না ॥ ৩০ ॥

এতচ্ছ্রবণে গোপবালাগণ উদ্ধবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে উদ্ধব! এরূপ বার্ত্তা আনয়নার্থ তোমাকে কে পরামর্শ দিয়াছিল? তুমি আমাদিগকে শান্ত করিতে আসিয়া, আমাদের বিরহানলকে দ্বিগুণ প্রজ্বালিত করিয়া দিলে! এরূপ সংবাদ শ্রবণ করাইতে যিনি তোমাকে প্রেরণ করিয়াছেন, তিনি দেশ, কাল এবং পাত্রবিচারে যে সম্পূর্ণ অনভিজ্ঞ,

মনসঃ সন্নিকর্ষার্থং মদনুধ্যানকাম্যয়া ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

যৎ তু প্রিয়ঃ অপি অহং ভবতীনাং বৈ দূরে বর্ত্তে তৎ মদনুধ্যানকাম্যয়া মনসঃ সন্নিকর্ষার্থং এব ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

বিরহং নৈব সহাম ইতি চেদত আহ যত্ত্বহমিতি। দৃশাং দূরে যদ্বর্ত্তে তন্মদনুধ্যানার্থং। তচ্চ মনঃসন্নিকর্ষার্থমিতি ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীকৃষ্ণসৌন্দর্য্যামৃতপায়িনঃ সংপ্রতি ব্রহ্মজ্ঞাননিষ্ঠরসং পাস্যন্তি মহাদুর্ভিক্ষে হি বরমিহ স্ত্রিয়ঃ প্রাণান্ জহাতি তদপি ঘাসং নাশ্নন্তি। শৃণু রে মহামূর্খ শৃণু। ইদং ব্রহ্মজ্ঞানং খলু সংসাররোগস্যৌষধং মহামুনিচিকিৎসকানাং হৃদয়পর্ণশালায়াং তিষ্ঠতি। কিমিদং কৃষ্ণপ্রেমমহারোগস্য ভেষজং ভবতি? তে চিকিৎসকা অপি কিমিমং রোগং তাবৎ কদাপি পরিচিন্বন্ত্যহপি? সান্দীপনিমুনেঃ সকাশাচ্চিকিৎসাশাস্ত্রমধীত্য ত্বামুদ্ধবমধ্যাপ্য অস্মভ্যং প্রেমজ্বালোপশমকমৌষধং প্রেষয়ামাস। গচ্ছাধুনৈবাস্মৎপ্রেষিত ইদমৌষধং নীত্বা স এব এতৎ

কেবল আমার প্রতি তোমাদের মানসিক গতির উৎকর্ষ-সাধনার্থ মাত্র ॥ ৩১ ॥

আভাস।

তাহা তোমার ন্যায় ব্যবহারানভিজ্ঞ ব্যক্তির প্রেরণেই যথেষ্ট পরিচয় লাভ হইয়াছে। যাহাই হউক্, এজন্য আর তোমাকে দোষ দিব না! কিন্তু তোমার বিবেচনা করা উচিত ছিল যে, এই ব্রজভূমে তোমার ব্রহ্মজ্ঞান ক্রয় করিবার লোক কে আছে যে, তাহার ভার তুমি এত দূর হইতে আনয়ন করিয়াছ? যাহারা জন্মাবধি শ্রীকৃষ্ণের সৌন্দর্য্যামৃত পানে অভ্যস্তা হইয়া আসিয়াছে, তুমি কি মনে করিয়াছ যে, সম্প্রতি সেই গোপীজনেরা ব্রহ্মজ্ঞানরূপ নিষ্ঠরস পানে বাসনা করিবে? যদি সেরূপ দুর্ভিক্ষ প্রকৃতই উপস্থিত হয়, তখন এই নারীগণ বরং প্রাণ বিসর্জ্জন করিবে, তথাপি কখন ঘাস ভোজনে জীবন রক্ষা করিবে না। অহে ব্যবহারানভিজ্ঞ উদ্ধব! শ্রবণ কর! এই ব্রহ্মজ্ঞান ভবরোগের উত্তম ঔষধি বটে, কিন্তু তাহা ভিষকশিরোমণি মহামুনিগণের হৃদয়রূপ পর্ণশালাতেই পাওয়া যায়; ইহা কি কখন কৃষ্ণপ্রেমরূপ মহারোগের ঔষধি হইতে পারে? তাদৃশ চিকিৎসকগণ এ রোগের স্বরূপ অবধারণেও কখন সক্ষম নহেন। এই দেখ! সান্দীপনি মুনির সমীপে চিকিৎসা বিদ্যা শিক্ষা করিয়া, সেই কঠিনপ্রাণ তোমাকে আবার এমনই সেই বিদ্যায় শিক্ষিত করিয়াছেন যে, তোমার ব্যবস্থায় আমাদের প্রেমজ্বালা নিবারিত হওয়া দূরে থাকুক্, হৃদয় কৃষ্ণবিরহে দ্বিগুণ জ্বলিয়া উঠিতেছে! যাও! আর তোমার ব্যবস্থার প্রয়োজন নাই। এক্ষণে আমাদের ব্যবস্থা তুমি গ্রহণ কর! তুমি আমাদের প্রদত্ত এই ঔষধি লইয়া গিয়া তোমার উপদেষ্টাকে প্রদান কর! তিনি পান করিয়া আমাদের প্রেমজ্বালা একবার উপশমিত করিয়াছিলেন; এক্ষণে এই অবশিষ্ট রোগ তিনিই নিবারণ করিতে পারিবেন।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পীত্বা অস্মদ্বিষয়কস্য প্রেমরোগস্য জ্বালাং ন্যবর্ত্তয়ৎ পুনরপি রোগশেষং নিবর্ত্তয়তু অস্মাকং প্রেমানল-মহাজ্বালৈব শতজন্মপর্য্যন্তং বর্ত্ততাং নচৈতদৌষধস্পর্শোঽপি। কিমরে দাবানলোপশমকোঽপ্যম্বুরাশি র্বজ্রানলমুপশময়িতুং শক্নোতি। কিঞ্চাস্য সন্দেশস্যান্তরস্থং কিঞ্চিদনুকুলোঽপ্যর্থো ? যো যথা কথঞ্চিদ্ভাসতে স কিং তদভিপ্রেতো ঘুণাক্ষরন্যায়েনায়াতো বেতি ন তত্র বিশ্বসিম ইতি সসংরম্ভং ব্রুবাণাসু তাসু স্তো স্বামিন্যঃ ক্ষণমবধত্ত ব্রহ্মজ্ঞানাদন্যমপি সন্দেশমানীতবানস্মীত্যুক্ত্বা তত্র শ্রোতুং শ্রদ্দধানাস্তাঃ প্রতি কৃষ্ণবাক্যমাহ যত্ত্বহমিতি। ভবতীনাং দৃশাং প্রিয়োঽপি যদধুনা দৃশাং দূরে বর্ত্তে তন্মদনুধ্যানকাম্যয়ৈব। তচ্চানুধ্যানং মনসঃ সন্নিকর্ষার্থং। অতোঽধুনা ভবতীনাং মনসঃ সমীপ এব বর্ত্তে। একত্রোপলক্ষণমেতৎ মম দৃশাং প্রিয়াঽপি ভবত্যো যদধুনা দৃশাং দূরে স্থিতাস্তন্মনসঃ সমীপ এব বর্ত্তধ্বে ইত্যপ্যর্থঃ। তেন চ দৃক্সমীপবর্ত্তিত্বে মনোদূরবর্ত্তিত্বং মনঃসমীপবর্ত্তিত্বে দৃগ্দূরবর্ত্তিত্বমাসক্তিবিষয়ীভূতস্য বস্তুনো ভবতি। অত্রাপি মনোদৃশো র্মধ্যে মনস এবাভ্যর্হিতত্বাৎ মনঃসমীপবর্ত্তিত্বমেব মদভীপ্সিতং তদেব ভবতীনামপ্যভীপ্সিতং ভবত্বিতি ভাবঃ॥ ৩১ ॥

আভাস।

যদি তিনি নিতান্তই নিবারণ না করেন, শত জন্ম আমাদের হৃদয় এইরূপ প্রেমানলে দগ্ধ হউক্! তথাপি তোমার প্রদত্ত ঔষধি সেবন করিব না! অরে! দাবানল নির্ব্বাপণে সমর্থ অম্বুরাশি কি কখন বজ্রানলকে নিভাইতে সমর্থ হয়? ব্রজবনিতাগণ উদ্ধবকে এই প্রকার বলিয়া, মনে মনে যেন কিছু অপ্রতিভ হইলেন। তাঁহারা পরস্পরে বলিতে লাগিলেন যে, উদ্ধবকথার তাৎপর্য্যের মধ্যে প্রবেশ না করিয়াই, আমরা এরূপ কঠোর বাক্য প্রয়োগ করিয়াছি। যে যখন কথা কহে, তখন তাহার নিজের অনুকূল উক্তিরই প্রযোগ করিয়া থাকে; কিন্তু বিবেচক ব্যক্তির বিচার করা কর্ত্তব্য যে, তন্মধ্যে তাঁহার অনুকূলে কোন কথা পাওয়া যায় কি না। এইরূপ কথোপকথন করিতেছেন, এমন সময়ে উদ্ধব তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রমণীগণ! ব্রহ্মজ্ঞান ব্যতীত অন্য বার্ত্তাও শ্রীকৃষ্ণ বলিয়া দিয়াছেন; ধৈর্য্যাবলম্বনে তোমরা তাহা শ্রবণ কর! তিনি বলিয়াছেন যে, হে প্রেয়সীগণ! আমি তোমাদের নয়নের আনন্দপ্রদ হইয়াও যে, দূরে অবস্থান করিতেছি, সে কেবল তোমাদের চিত্তকে আকর্ষণ করিবার অভিপ্রায়ে মাত্র। অতএব আমি তোমাদের দৃষ্টির যতই বহির্ভূত থাকিব, ততই তোমাদের মনের নিকটবর্ত্তী হইব; এবং তোমরাও যত দূরে থাকিবে, ততই আমার মনের নিকটবর্ত্তিনী হইবে। সুতরাং দৃষ্টির সমীপবর্ত্তী হইলে, মনের দূরবর্ত্তী এবং মনের সমীপবর্ত্তী হইলে, যদি দৃষ্টির দূরবর্ত্তী হইতে হয়, তখন এতদুভয়ের মধ্যে কোন্‌টী প্রার্থনীয়, তাহা তোমরা আপনারাই বিবেচনা করিয়া লহ। আমার বিবেচনায় কিন্তু প্রেমের সামগ্রীকে হৃদয়ের মধ্যেই রাখা কর্ত্তব্য; দৃষ্টির অনুরোধে তাহাকে দূরে নিক্ষেপ করা, কোন মতে সঙ্গত নহে॥ ৩১ ॥

দেখ! প্রাকৃতিক জগতেও ইহার যথেষ্ট দৃষ্টান্ত নয়নগোচর হইয়া থাকে। পতিগৃহে

যথা দূরচরে প্রেষ্ঠে মন আবিশ্য বর্ত্ততে।
স্ত্রীণাঞ্চ ন তথা চিত্তং সন্নিকৃষ্টেঽক্ষিগোচরে॥
ময্যাবেশ্য মনঃ কৃৎস্নং বিমুক্তাশেষবৃত্তি যৎ।

অন্বয়ঃ।

স্ত্রীণাং চকারাৎ অন্যেষাং চ মনঃ দূরচরে দূরবর্ত্তিনি, প্রেষ্ঠে প্রিয়তমে, জনে যথা আবিশ্য নিশ্চলং সৎ, বর্ত্ততে তথা অক্ষিগোচরে সন্নিকৃষ্টে, চিত্তং আবিষ্টং ন ভবতি॥

বিমুক্তাশেষবৃত্তি (বিমুক্তাঃ অশেষাঃ বৃত্তয়ঃ ব্যাপারাঃ যস্মাৎ তৎ) যৎ কৃৎস্নং সম্পূর্ণং, মনঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতদেব স্ত্রীপুংসামনুভবদর্শনায়োপপাদয়তি যথেতি। স্ত্রীণাঞ্চেতি চকারাৎ পুংসাঞ্চ দূরবর্ত্তিন্যাং প্রেষ্ঠায়াং যথা মন আবিশ্য বর্ত্ততে ন তথা সন্নিকৃষ্টায়ামক্ষিগোচরীভূতায়াঞ্চেত্যর্থঃ॥

হং হো উদ্ধব এষোঽপি সন্দেশঃ সংপ্রতি ত্বয়া স্বহৃদয়সম্পুটে এব স্থাপ্যতাং সংপ্রতি কৃষ্ণেন যাঃ স্ত্রিয়ঃ সংভুজ্যন্তে কদাচিত্তাসাং দৃশাং দূরবর্ত্তিনি কৃষ্ণে ভবিষ্যতি সতি তাভ্য এব তদানীং ত্বয়া দাতব্যঃ। সংপ্রতি ব্রজস্থাস্ত নাস্য গ্রাহিকাঃ। যাসাং পূর্ব্বং ব্রজবর্ত্তিন্যঽপি দৃগ্‌গোচরীভূতেঽপি তস্মিন্ কৃষ্ণে একৈকনিমেষেণৈকৈকযুগকালং ব্যাপ্য সদৃগ্‌দূরবর্ত্তিকৃত এবাভূৎ তদা তদৈব সহস্রশো বিরহেষু সহস্রকৃত্ব এব মনঃসন্নিকর্ষঃ খল্বভূদেবাসামিতি

কেবল স্ত্রীজাতি কেন? ব্যক্তিমাত্রেরই চিত্ত দূরবর্ত্তী প্রিয় বস্তুতে যেরূপ নিশ্চলভাবে আকৃষ্ট হয়, নিরন্তর নিকটে বিদ্যমান প্রত্যক্ষে প্রতীত পদার্থে তাদৃশ আকৃষ্ট হয় না॥

যে মন হইতে বৈষয়িক ব্যাপারভাব সম্পূর্ণ নিরস্ত হইয়া গিয়াছে, তাদৃশ বাসনাশূন্য পূর্ণাবয়বে প্রতিষ্ঠিত মনটী যদি নিরন্তর আমার স্বরূপে স্থিরীকৃত

আভাস।

অবস্থান কালে পত্নী গৃহকার্য্যে ব্যাগ্রা থাকায়, সমস্ত দিবাভাগের মধ্যে স্বামীকে হয়ত একবার মনেও স্থান দেন না; তিনি জানেন, পতি তাঁহার নিকটেই আছেন; প্রয়োজন হইলে, তৎক্ষণাৎ তাঁহাকে দেখিতে পাইবেন। কিন্তু পতি যদি কার্য্যানুরোধে বিদেশে গমন করেন, তখন পত্নী শতকার্য্যে দিবারাত্রি ব্যাগ্রা থাকিয়াও, পতির বদনকমল নিরন্তর অন্তরের মধ্যেই লুকাইয়া রাখেন। পত্নীর ন্যায় পতির অবস্থাও একরূপেই পরিচিত হইয়া থাকে॥

এই কথা শ্রবণে গোপললনাগণ বলিলেন, অহে উদ্ধব! এরূপ সংবাদ তুমি নিজের অন্তরেই সম্প্রতি নিহিত রাখ! এক্ষণে যে সকল কামিনীর সহিত শ্রীকৃষ্ণের সাতিশয় আনুরক্তি জন্মিয়াছে, কখন যদি তাহাদের বিচ্ছেদ ঘটে, তবে এই উপদেশে সেই ভাবী বিরহিনীদের বিরহব্যথার নিবারণ করিবে। ব্রজনারীগণ তোমার এ উপদেশের প্রার্থী নহেন। দেখ! শ্রীকৃষ্ণ যখন ব্রজে অবস্থান পূর্ব্বক নিরন্তর অক্ষিসন্নিহিতই থাকিতেন,

অনুস্মরন্ত্যো মাং নিত্যমচিরান্মামুপৈষ্যথ ॥ ৩২ ॥
যা ময়া ক্রীড়িতা রাত্র্যাং বনেঽস্মিন্ ব্রজ আস্থিতাঃ।

অন্বয়ঃ।

ময়ি আবেশ্য স্থিরীকৃত্য নিত্যং মাং অনুস্মরন্ত্যঃ অথ মাং এব অচিরাৎ উপৈষ্যথ ॥ ৩২ ॥

হে কল্যাণ্যঃ! অস্মিন্ বৃন্দাবনে বনে, রাত্র্যাং ক্রীড়তা ময়া সহ অলক্ষরাসাঃ যাঃ গোপ্যঃ

শ্রীধরস্বামী।

এতদুপপাদয়তি দ্বয়েন যথা দূরচর ইতি ॥ ৩২ ॥

উপৈষ্যথ ইতি মাধুর্য্যমাত্রমিতি চেদত আহ যা ইতি। হে কল্যাণ্যঃ স্বভর্তৃভিঃ প্রতিরুদ্ধা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাবহেলমাচক্ষাণাসু তাসু ভোঃ স্বামিন্যঃ যদ্যেষোঽপি ন রোচতে তর্হ্যস্মাদপ্যন্যং সন্দেশং শৃণুত ময়াতু বহব এব সন্দেশা আনীতা ইতি প্রোচ্য পুনঃ কৃষ্ণবাক্যমাহ ময়ীতি। বিশেষেণ মুক্তা স্ত্যক্তা গৃহপত্যাদিবিষয়াঃ অশেষা চ স্ববৃত্তয়ো যেন তথাভূতং মনঃ ময়ি কৃষ্ণে আবিশ্য মাং নিত্যমনুস্মরন্ত্যো যদ্বর্ত্তধ্বে তদচিরাদেব মাং উপ স্বসমীপ এব বর্ত্তমানং এষ্যথ প্রাপ্স্যথ ॥ ৩২ ॥

অত্রার্থে ভবতীনাং মধ্যে পূর্ব্বমন্তর্গৃহনিরুদ্ধা যা গোপ্যস্তাএব প্রমাণমিত্যাহ যা ইতি। অস্মিন্ বৃন্দাবনে রাত্র্যাং ক্রীড়তা ময়া সহ যা অলক্ষরাসা অভবন্ কুতঃ ব্রজে আস্থিতাঃ।

করিতে পার, তাহা হইলে মদীয় চিন্তায় মদীয় পদবীতেই গমন করিবে, সে বিষয়ে আর সন্দেহ নাই ॥ ৩২ ॥

হে কল্যাণীগণ! এই সুরম্য বৃন্দাবনের মধ্যে নিশীথকালে যখন আমি রাসক্রীড়ায় নিমগ্ন ছিলাম, তৎকালে যে সকল রমণী স্বজনগণের প্রতিবন্ধকে

আভাস।

তখন কেবল চক্ষুর নিমেষানুরোধের অদর্শনেই যাহাদের পক্ষে এক এক নিমেষ কাল এক এক যুগ বলিয়া গণিত হইত; সুতরাং এক এক দিবায় সহস্র সহস্র নিমেষের অনুরোধে সহস্র সহস্র যুগের বিরহ যাহারা নিত্য অনুভব করিয়াছে এবং তদুপলক্ষে চিত্তের একাগ্রতার পরিচয় দিয়াছে, তখন আর তোমার উপদেশ বাক্যে নূতন শিক্ষা বা অভ্যাস তাহারা কি করিবে? উদ্ধব তখন তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে স্বামিনীগণ! যদি এ সংবাদও তোমাদের মনঃপূত না হয়, তবে আর একটী নূতন বার্ত্তা শ্রবণ কর! কারণ আমি তোমাদের জন্য অনেক সংবাদ আনয়ন করিয়াছি। শ্রীকৃষ্ণ বিশেষ যত্ন পূর্ব্বক বলিয়া দিয়াছেন যে, পতি স্বজন ও বন্ধুবর্গের চিন্তা পরিহার করত সর্ব্বান্তঃকরণে আমাতে মন সমর্পণ পূর্ব্বক যদি তোমরা নিত্য আমাকেই চিন্তা কর, তাহা হইলে, অচিরাৎ তোমাদের সমীপেই আমাকে অবলোকন করিতে পারিবে। ইহার পরিচয় তোমাদের মধ্যেই যথেষ্ট আছে ॥ ৩২ ॥

এই বৃন্দাবনে যখন আমি রাসক্রীড়ায় নিমগ্ন ছিলাম, তখন সেই সকল রাত্রিতে

অলব্ধরাসাঃ কল্যাণ্যো মাপু র্মদ্বীর্য্যচিন্তয়া ॥ ৩৩ ॥

শ্রীশুক উবাচ ॥

এবং প্রিয়তমাদিষ্টমাকর্ণ্য ব্রজযোষিতঃ।

তা ঊচুরুদ্ধবং প্রীতাস্তৎসন্দেশাগতস্মৃতীঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

ব্রজে আস্থিতাঃ তাঃ মদ্বীর্য্যচিন্তয়া (মদ্বীর্য্যাণাং মল্লীলানাং চিন্তয়া) মাং এব আপুঃ (অতো যূয়মপি মচ্চিন্তনেন মাং প্রাপ্স্যথ ইতি ন সন্দেহঃ) ॥ ৩৩ ॥

শ্রীশুকঃ উবাচ। এবং প্রিয়তমাদিষ্টং (প্রিয়তমস্য শ্রীকৃষ্ণস্য আদিষ্টং) আকর্ণ্য শ্রুত্বা, তৎসন্দেশাগতস্মৃতীঃ (তস্য সন্দেশেন আগতা তল্লীলাবিষয়িকা স্মৃতিঃ যাসাং তাঃ) ব্রজযোষিতঃ প্রীতাঃ সত্যঃ উদ্ধবং উচুঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

যা বনে ক্রীড়তা ময়া সহ অলব্ধক্রীড়াস্তাস্তদেব মা মাং প্রাপুঃ ॥ ৩৩ ॥

তস্য সন্দেশেন আগতা স্মৃতি র্যাসাং তাঃ। প্রথমার্থে দ্বিতীয়া ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভর্ত্তৃভির্নিরুদ্ধত্বাদিতি ভাবঃ। তাঃ স্বমনোরথাসিদ্ধ্যা মদ্বিচ্ছেদমহাপীড়য়া চ মর্ত্তুকামা অপি কল্যাণ্যঃ কল্যাণবত্যো জীবন্ত্যএব মদ্বীর্য্যচিন্তয়া মা মাং তদৈবাপুঃ। তত্রৈবাবির্ভূয় রমমাণেন ময়া সার্দ্ধমেব তস্যাং রাত্রৌ ব্রজে স্থিতাঃ। তৎপররাত্রিষু রাসমপি প্রাপ্তা ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

তা অন্তর্গৃহনিরুদ্ধচর্য্য এবোচুঃ। তেন সন্দেশেন আগতা স্মৃতির্যাসাং তাঃ। দ্বিতীয়া আর্ষী। আং সত্যমেব তস্যাং রাত্রৌ তেন রমমাণেনৈব সহ বয়মাস্মেতি স্মরন্ত্যঃ স্বানুভবং প্রমাণীকৃত্য উদ্ধবং প্রতি প্রীতাস্তাএব লৌকিকরীত্যা উদ্ধবং পপ্রচ্ছুঃ ॥ ৩৪ ॥

আমার সহিত রাস-বিহারে বঞ্চিত হইয়াছিল, তাহারা ব্রজে নিষ্কামভাবে থাকিয়া কেবল মদীয় লীলাচিন্তার দ্বারাই যখন আমাকে প্রাপ্ত হইয়াছিল, তখন তোমরাও কেবল মদীয় চিন্তার দ্বারাই আমাকে প্রাপ্ত হইবে ; সন্দেহ নাই ॥৩৩

শুকদেব বলিলেন, হে নরনাথ ! প্রাণপ্রিয় শ্রীকৃষ্ণের তাদৃশ আদেশবাণী শ্রবণ করিয়া, গোপিকাগণের চিত্ত যেন কথঞ্চিৎ আশ্বস্ত হইল। আশ্রিত জনের আনন্দপ্রদ ভগবানের সমগ্র লীলা তাঁহাদের স্মৃতিপথে ক্রমশ আরূঢ় হইতে লাগিল। তাঁহারা প্রসন্নচিত্তে উদ্ধবকে সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিলেন ॥ ৩৪ ॥

আভাস।

তোমাদের মধ্যে যাহারা পতি ও পিত্রাদির প্রতিবন্ধক বশত গৃহমধ্যেই নিরুদ্ধা ছিল ; আমার সঙ্গে রাসরস অনুভব করিতে বঞ্চিত হইয়াছিল, তাহারা চিত্তের ক্ষোভ বশত যখন প্রাণত্যাগ

গোপ্য ঊচুঃ ॥

দিষ্ট্যাঽহিতো হতঃ কংসো যদূনাং সানুগোঽঘকৃৎ।
দিষ্ট্যাপ্তৈর্লব্ধসর্ব্বার্থৈঃ কুশল্যাস্তেঽচ্যুতোঽধুনা ॥ ৩৫ ॥
কচ্চিদ্ গদাগ্রজঃ সৌম্য করোতি পুরযোষিতাং।

অন্বয়ঃ।

গোপ্যঃ ঊচুঃ। যদূনাং অঘকৃৎ দুঃখদঃ, সানুগঃ ভ্রাতৃমল্লাদিসহিতঃ অহিতঃ পাপী, কংসঃ কৃষ্ণেন হতঃ এতৎ দিষ্ট্যা এব। তথা লব্ধসর্ব্বার্থৈঃ (লব্ধাঃ সর্ব্বে অর্থাঃ ধনাদি সম্পদঃ যৈঃ তৈঃ) আপ্তৈঃ বৃদ্ধৈঃ বসুদেবাদিভিঃ, সহ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ, অধুনা কুশলী আস্তে এতদপি দিষ্ট্যা এব ॥ ৩৫ ॥

হে সৌম্য! নঃ অস্মাকং, গদাগ্রজঃ শ্রীকৃষ্ণঃ, পুরযোষিতাং স্নিগ্ধসব্রীড়হাসোদারে-

শ্রীধরস্বামী।

যদূনামহিতঃ শত্রুরসকৃদ্দুঃখদঃ দিষ্ট্যৈত্যানন্দে আপ্তৈঃ প্রাপ্তৈ র্হিতৈর্বা সহ ॥ ৩৫ ॥

অন্যা ঊচুঃ কচ্চিদিতি। নোঽস্মাকং করণীয়াং প্রীতিং কচ্চিৎ পুরযোষিতাং করোতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিষ্ট্যা ভদ্রমিত্যর্থঃ। অহিতঃ শত্রুঃ ॥ ৩৫ ॥

অন্যাঃ সের্ষ্যমাহুঃ কচ্চিদিতি। গদাগ্রজ ইতি গদো দেবরক্ষিতায়াঃ প্রথমঃ পুত্রঃ দেবকী-

---

গোপিকাগণ বলিলেন, হে উদ্ধব! বহু ভাগ্যবলে সম্প্রতি সেই যদুগণের দুঃখপ্রদ পাপিষ্ঠ কংস শ্রীকৃষ্ণ কর্ত্তৃক স্ববংশে নিহত হইয়াছে! তাহার স্মরণার্থ তাহার একটী মল্ল পর্য্যন্ত নিহত হইতে অবশিষ্ট নাই। যদুগণ সকলেই স্ব স্ব ধনসম্পত্তি পুনরায় প্রাপ্ত হইয়াছেন এবং সম্প্রতি কুলবৃদ্ধ বসুদেবাদি সহ শ্রীকৃষ্ণ যে পরমানন্দে তথায় বাস করিতেছেন, তাহাও আমাদের পরম সৌভাগ্যের বিষয় সন্দেহ নাই ॥ ৩৫ ॥

হে সৌম্য! শ্রীকৃষ্ণ আমাদের প্রতি বিশেষ প্রেম প্রদর্শন করিতেন

আভাস।

করিতে উদ্যতা হইল, তখন কেবল আমার স্বরূপচিন্তার প্রভাবে জীবদ্দশাতেই সেই গৃহাভ্যন্তরে আমাকে প্রাপ্ত হইয়াছিল। আমি যেমন বৃন্দাবনের উপবনে রাসরসে বিহার করিয়াছিলাম, তাহাদের গৃহের অভ্যন্তরে আবির্ভূত হইয়াও সেই নিরুদ্ধা কামিনীগণকেও সেই সেই রাত্রিতে রাসরস উপভোগ করাইয়াছি ॥ ৩৩ ॥

উদ্ধবমুখে এই কথা শ্রবণ করিয়া, গৃহনিরুদ্ধা কামিনীগণের পূর্ব্ববৃত্তান্তের স্মরণ হইল। তাঁহারা নিজেদের অনুভবকেই প্রমাণরূপে গ্রহণ করত, আত্মপরিচয় প্রদানে উদ্ধবের প্রতি সন্তুষ্ট হইলেন এবং উদ্ধবকে সম্বোধন পূর্ব্বক আপনাদের সৌভাগ্য এবং শ্রীকৃষ্ণের বিচিত্র লীলার উল্লেখ করিতে লাগিলেন ॥ ৩৩ ॥ ৩৫ ॥

প্রীতিং নঃ স্নিগ্ধসব্রীড়হাসোদারেক্ষণার্চ্চিতঃ ॥ ৩৬ ॥
কথং রতিবিশেষজ্ঞঃ প্রিয়শ্চ পুরযোষিতাং।

অন্বয়ঃ।

ক্ষণার্চ্চিতঃ (স্নিগ্ধং চ তৎ সব্রীড়হাসেন উদারং মনোরথপূরকং চ যৎ ঈক্ষণং তেন অর্চ্চিতঃ সংকৃতঃ সন্) তাসাং প্রীতিং কচ্চিৎ করোতি ॥ ৩৬ ॥

রতিবিশেষজ্ঞঃ (রতিবিশেষং জানাতি যঃ সঃ) অতঃ পুরযোষিতাং প্রিয়ঃ অতএব তদ্বাক্য-

শ্রীধরস্বামী।

স্নিগ্ধঞ্চ তৎ সব্রীড়হাসেনোদারবীক্ষণং তেনার্চ্চিতঃ তাভিরস্মাভির্ব্বা ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুত্রমাত্মানং মত্বা সম্প্রতি তস্যাগ্রজোঽভূদিতি গোকুলসম্বন্ধস্তস্য শিথিলীভূত ইতি দ্যোতয়ামাসুঃ। নোঽস্মাকং স্নিগ্ধং চ তৎ সব্রীড়হাসেনোদারং চ যদীক্ষণং তেনাস্মাভিরর্চ্চিতঃ স সম্প্রতি পুরযোষিতাং প্রীতিমুৎপাদয়তি সহাসাবলোকাদিভিস্তা অর্চ্চয়তি কিং শিব শিব অস্মদর্চ্চনীয়ঃ সন্ তাসামর্চ্চকোঽভূদিত্যস্মাকমেব দৌর্ভাগ্যমিতি ভাবঃ ॥ ৩৬ ॥

অয়ি মুগ্ধাঃ কিমিদমপি জিজ্ঞাসধ্বে অত্র সন্দেহএব নাস্তীত্যন্যাঃ। সোল্লুণ্ঠসান্তঃ কোপমাহুঃ কথমিতি। রতিবিশেষজ্ঞঃ স সাম্প্রতং পুরযোষিতাং প্রিয়োঽভূৎ কথং নানুবধ্যেত নাসক্তো ভবেৎ। তাসাং বাক্যৈস্তাদৃশৈ র্বিভ্রমৈশ্চ অনুভাজিতঃ নিরন্তরং তা ভজন্নসৌ

বটে, কিন্তু এক্ষণে সেই নাগরিকাগণের সলজ্জ হাস্যপূর্ণ অপাঙ্গ-নিক্ষেপে অভিবাদিত হইয়া, তাহাদের প্রতি সানুরাগ প্রেম প্রদর্শন করিতেছেন ত ? ॥৩৬॥

শ্রীকৃষ্ণ রতিবিশেষে বিলক্ষণ পারদর্শী! সুতরাং পুরনারীগণের যে প্রিয়পাত্র হইবেন, তাহাতে আর সন্দেহ কি? অতএব নাগরিকাগণের

আভাস।

অপরা গোপী বলিলেন, হে উদ্ধব! শ্রীকৃষ্ণ সম্প্রতি গোকুলের সম্বন্ধ পরিত্যাগ করত, দেবকীর পুত্র বলিয়া পরিচিত হইয়াছেন। সুতরাং পূর্ব্বে যেরূপ আমাদের সহিত প্রণয়-সম্ভাষণ করিতেন, এক্ষণে নাগরিকাগণে তাঁহার সেই সম্ভাষণ বদ্ধমূল হইয়াছে। পুরবনিতাগণেরই প্রণয়ভাজন হইয়াছেন। অহো! আমাদের সৌভাগ্য-সূর্য্য এক্ষণে অস্তাচলে গমন করিয়াছে! ॥ ৩৬ ॥

এই বাক্য শ্রবণ করিয়া, কোন কামিনী সেই গোপিকাকে বলিলেন, সখি রে! নাগরিকাগণের সহিত শ্রীকৃষ্ণের প্রণয় সম্বন্ধে কি তুমি এখনও সন্দেহ করিতেছ! তাহাদিগের প্রেমে মুগ্ধ হইয়া, আমাদিগকে বিস্মৃত হইতে শ্রীকৃষ্ণের আর বিলম্ব হয় নাই। কারণ শ্রীকৃষ্ণ যেমন রতিবিশেষে সুপণ্ডিত, নাগরিকাগণও হাব ভাব ও লাবণ্যাদির পরিচয় প্রদানে যথেষ্ট নিপুণা। আমরা গ্রামবাসিনী; তাহাদিগের ন্যায় চাতুর্য্য প্রকাশে কোন অংশে উপযুক্তা নহি; সুতরাং আমাদের সরল প্রেম বিসর্জ্জন করত, নিরন্তর সমীপবর্ত্তিনী

নানুবধ্যেত তদ্বাক্যবিভ্রমৈরনুভাজিতঃ ॥ ৩৭ ॥
অপি স্মরতি নঃ সাধো গোবিন্দঃ প্রস্তুতে ক্বচিৎ।
গোষ্ঠীমধ্যে পুরস্ত্রীণাং গ্রাম্যা স্বৈরকথান্তরে ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

বিভ্রমৈঃ (তাসাং মধুরবাক্যৈঃ বিভ্রমৈঃ নানাবিলাসৈঃ চ) অনুভাজিতঃ সৎকৃতঃ, সন্ কথং ন অনুবধ্যেত বশবর্ত্তী ভবেৎ ॥ ৩৭ ॥

হে সাধো! পুরস্ত্রীণাং গোষ্ঠীমধ্যে সভায়াং, তথাপি স্বৈরকথান্তরে যথেষ্টবিহারকথা-মধ্যে, প্রস্তুতে কস্মিংশ্চিৎ প্রসঙ্গে, ক্বচিৎ অপি গ্রাম্যাঃ অবিদগ্ধাঃ, নঃ অস্মান্, গোবিন্দঃ অপি কিং স্মরতি ? ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

পুনরন্যা ঊচুঃ কথমিতি। তাসাং বাক্যৈর্বিভ্রমৈশ্চ অনুভাজিতঃ পূজিতঃ ॥ ৩৭ ॥

অন্যা ঊচুঃ কিমনয়া চিন্তয়া অস্মান্ ক্বচিৎ প্রস্তুতে স্মরতি কিং। গ্রাম্যা অবিদগ্ধাঃ ॥৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৈর্ভাজিতঃ ভজনং কারিত ইত্যর্থঃ। তেন বয়ং গ্রামযোষিতঃ রতিবিশেষঞ্চ মহামত্তায় তস্মৈ ন দিৎসামহে। তাদৃশীং বাচমনুকূলাং বিভ্রমাংশ্চ ন জানীম ইত্যতো বয়ং তেন তাঃ প্রাপ্য ত্যক্তা এবেতি নিশ্চিনুধ্বমিতি পৃচ্ছ্যতে ইতি ভাবঃ ॥ ৩৭ ॥

অপীতি। সখ্যঃ সত্যমেব ত্যক্তমূর্খত্বাত্তেন বয়ং ত্যক্তা এব। কিঞ্চ লোকে হি অতি-নিকৃষ্টা অপি সংভুক্তত্যক্তা অপি কেনচিদ্‌গুণাংশেন দোষাংশেন বা স্মৃত্যারূঢ়া কদাচিদ্ভব-ন্তীতি পৃচ্ছ্যতে ইত্যাহুঃ। গ্রাম্যা অবিদগ্ধা স্বৈরকথান্তরে গান-নর্ম্ম-প্রহেলী-কবিত্বাদিরচনা-কথামধ্যে ভোঃ পুরস্ত্রিয়ঃ যূয়ং যথা গানাদিকং জানীধ্বে এবমস্মদ্গোষ্ঠে গোপ্যোঽপি প্রায়ঃ কিঞ্চিৎ কিঞ্চিজ্জানন্তি। যদ্বা। এবং নৈব তা গ্রাম্যত্বাজ্জানন্তীতি কিমস্মানুল্লিখতীত্যর্থঃ ॥৩৮॥

প্রেমপূর্ণ মধুর আলাপে আপনাকে আদৃত জ্ঞান করত, অবশ্যই তাঁহাদের বশবর্ত্তী হইবেন ॥ ৩৭ ॥

হে সাধো! বলুন্ দেখি! পুরবনিতাগণের সভায় অবস্থান পূর্ব্বক যথেচ্ছ বিহারকালে, কোনরূপ কথার প্রসঙ্গে এই দুর্ভাগা বিরহিণীদের কোন কথা কি তাঁহার স্মরণ হয় ? ॥ ৩৮ ॥

আভাস।

তাদৃশী চতুরা কামিনীগণের প্রেমে যে বদ্ধ হইবেন, তাহাতে আর সন্দেহ করায় নিতান্ত মূর্খতারই পরিচয় হইবে; সন্দেহ নাই ॥ ৩৭ ॥

এতদুত্তরে পূর্ব্ব গোপিকা বলিলেন, সখি রে! আমরা নগরবাসিনী নারী অপেক্ষা অনেক অংশে নিকৃষ্টা বটে, কিন্তু তথাপি পূর্ব্বে যাহাদের সহিত এত আত্মীয়তা স্থাপনে সঙ্গসুখ অনুভব করিয়াছেন, এক্ষণে তদপেক্ষা উৎকৃষ্টের সঙ্গ লাভ হইলেও কি তৎকালে

তাঃ কিং নিশাঃ স্মরতি যাসু তদা প্রিয়াভি র্বৃন্দাবনে কুমুদ-কুন্দ-শশাঙ্ক-রম্যে।
রেমে ক্বণচ্চরণনূপুররাসগোষ্ঠ্যামস্মাভিরীড়িতমনোজ্ঞকথঃ কদাচিৎ ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

তদা ব্রজস্থিতিকালে, কুমুদ-কুন্দ-শশাঙ্ক-রম্যে (কুমুদৈঃ কুন্দৈঃ শশাঙ্কেন চ রম্যে মনোহরে) বৃন্দাবনে ক্বণচ্চরণনূপুররাসগোষ্ঠ্যাং (ক্বণন্তি চরণনূপুরাণি যস্যাং তস্যাং রাসগোষ্ঠ্যাং রাস-সভায়াং অস্মাভিঃ প্রিয়াভিঃ সহ যাসু নিশাসু রেমে তাঃ নিশাঃ সঃ ঈড়িতমনোজ্ঞকথঃ (ঈড়িতাঃ ব্রহ্মাদিভিঃ কবিভিঃ স্তুতাঃ মনোজ্ঞাঃ মনোহরাঃ কথাঃ যস্য সঃ) শ্রীকৃষ্ণঃ কিং কদাচিৎ স্মরতি ? ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

বিদগ্ধাঃ পুনরন্যা উচুঃ তাঃ কিমিতি। কুমুদৈঃ কুন্দৈঃ শশাঙ্কেন চ রম্যে বৃন্দাবনে ক্বণন্তি চরণনূপুরাণি যস্যাং তস্যাং রাসগোষ্ঠ্যাং অস্মাভিঃ প্রিয়াভিরীড়িতা মনোজ্ঞাঃ কথা যস্য সঃ। তদা যাসু নিশাসু রেমে তাঃ কদাচিৎ কিং স্মরতি নবেতি ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভো ভো গোপ্যঃ বক্রোক্ত্যা অলং তাসাং তস্য চ নিন্দয়া স্পষ্টমেব কিং ন ব্রূথ অন্যদ্বৈদগ্ধ্যাদিকমস্মদ্দৌর্ভাগ্যবশাৎ কৃষ্ণেন বিস্মর্য্যতাং নাম স্ববাসঃ কথং বিস্মৃত ইত্যন্যাঃ সরোদনমাহুস্তা ইতি। কুমুদকুন্দশশাঙ্কে র্বৃন্দাবনীয়-পুলিনস্য সর্ব্বশুক্লীকৃতত্বাদ্রম্যে। ক্বণন্তি চরণনূপুরাণি যস্যাং তস্যাং রাসগোষ্ঠ্যাং প্রিয়াভিরস্মাভিঃ সহ রেমে। ঈড়িতা

অহো! ব্রজে অবস্থানকালে, প্রফুল্ল কমল, বিকসিত কুন্দ এবং পূর্ণ-শশধরের পবিত্র জ্যোতিতে সুশোভিত বৃন্দারণ্যের বিপিনমধ্যে শ্রীকৃষ্ণ যখন রাসরসে নিমগ্ন ছিলেন, যাঁহার রাসসভায় সহস্র সহস্র গোপবালার চরণের নূপুর-ধ্বনি যুগপৎ উত্থিত হইয়া, সেই রাত্রিসমূহে কি অপূর্ব্ব ব্যাপারেরই উপস্থিতি ঘটিত! অহো! তখন কত কথাই বলিয়াছেন! অহো! তাঁহার তাৎকালিক ব্যাপার অবলম্বনে ব্রহ্মাদি কবিগণও কত কবিত্বের পরিচয় দিয়াছেন। হে উদ্ধব, বলুন্ দেখি! সেই শ্রীকৃষ্ণ এক্ষণে আমাদের ন্যায়, তাঁহার তখনকার প্রণয়িনীগণের কথা কি কিছু স্মরণ করেন ? ॥ ৩৯ ॥

আভাস।

আমাদের ন্যায় নিকৃষ্টাকে নিকৃষ্টা বলিয়াও কি তাঁহার একবার স্মরণ হয় না! ॥ ৩৮ ॥

অপরা কোন গোপী তৎকালে তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, গোপি রে! কেন তোমরা বৃথা জল্পনায় নিবিষ্ট রহিয়াছ ? শ্রীকৃষ্ণ বা নাগরিকাগণের নিন্দা আর বক্রোক্তিতে প্রকাশের প্রয়োজন নাই। আমি স্পষ্টত বলিতে পারি যে, আমাদের ভাগ্যদোষে শ্রীকৃষ্ণ আমাদিগকে বিস্মৃত হউন্! ক্ষতি নাই; কিন্তু কোন্ প্রাণে তিনি তাদৃশ দেবদুর্ল্লভ স্বকীয় বাসভূমি বৃন্দাবনকে পরিত্যাগ করিলেন ? জন্মভূমি বলিয়াও কি বৃন্দাবনের প্রতি তাঁহার

অপ্যেষ্যতীহ দাশার্হস্তপ্তাঃ স্বকৃতয়া শুচা।
সংজীবয়ংস্তু নো গাত্রৈর্যথেন্দ্রো বনমম্বুদৈঃ॥ ৪০॥

অন্বয়ঃ।

কিঞ্চ স্বকৃতয়া শুচা স্বনিমিত্তশোকেন তপ্তাঃ নঃ অস্মান্ ইন্দ্রঃ যথা অম্বুদৈঃ মেঘৈঃ, শুষ্কং বনং সঞ্জীবয়ন্ আয়াতি তথা গাত্রৈঃ সুখকরস্পর্শাদিভিঃ, সংজীবয়ন্ দাশার্হঃ কৃষ্ণঃ, তু অপি কিং ইহ ব্রজে আগমিষ্যতি॥ ৪০॥

শ্রীধরস্বামী।

স্বনিমিত্তেন শোকেন তপ্তা ন অস্মান্ গাত্রৈঃ করস্পর্শনাদিভিঃ সঞ্জীবয়ন্ কিমু ইহ এষ্যতীতি॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিমানচারিণীভিঃ স্বর্গাঙ্গনাভিরপি স্তুতাঃ কথা যস্য স ইতি তেন পুরাঙ্গনাঃ বরাকাঃ কা বা কথা জানন্তি মথুরায়াং কুবা পুলিনমেতাদৃশং তদভিমতানি নৃত্যগীতবাদিত্রাণি চূড়া-মুকুট-স্রাসকবনমালাবীটিকাদি-রচনা বা তত্র কাঃ কর্ত্তুং জানন্তীতি মথুরায়াং স্থিত্যা কৃষ্ণস্য সর্ব্বমেব সুখমন্তীভূতমিতি তদীয়ানন্দাভাবমেব স্মৃত্বা বয়ং দুঃখেন ম্রিয়ামহে বয়মিব তত্র কাশ্চিত্তদভিমতা বিলাসিন্যঃ স্যুশ্চেত্তাভিঃ সহ রাসলাস্যবেণুবাদ্যাদিবিনোদঞ্চ শৃণুয়াম চেত্তদাত্র তদ্বিরহেঽপি বয়ং সুখেনৈব বর্ত্তেমহীতি ধ্বনিতং॥ ৩৯॥

ভোঃ সখ্যঃ অতএব তস্মাৎ পুরাদুদ্বিগ্নঃ কৃষ্ণঃ শীঘ্রমত্রায়াস্যতি তদাগমনমাশাসানা অন্যা স্বৎসমভাবা আহুঃ অপীতি। স্বনিমিত্তেন শোকেন তপ্তা অস্মান্ স্বগাত্রৈ র্দর্শিতৈঃ সংজীবয়ন্ কিং নু ইহৈষ্যতীতি॥ ৪০॥

হায়! আমরা নিজেদের সঞ্চিত শোকে নিজেরা দগ্ধ হইতেছি! অহো! পুরন্দর যেমন জলদের উদয়ে, দিবাকর-কিরণে শুষ্কপ্রায় অরণ্য সমূহকে সঞ্জীবিত করত উপস্থিত হন, সেইরূপ ভক্তজন-প্রতিপালক ভগবান্ শ্রীকৃষ্ণ

আভাস।

মায়া হইতেছে না? এই যমুনা-পুলিন কি তাঁহার মনোমধ্যে একবারও স্থান পাইল না? পূর্ণ-শশধরের শুভ্র জ্যোৎস্নায় অবভাসিত কুন্দ ও কুমুদপুষ্পে শোভিত বৃন্দাবনের রাসরাত্রিও কি তাঁহার মনোমধ্যে উদিত হয় না? বৃন্দাবনে বাসকালে অপূর্ব্ব নৈসর্গিক শোভার সম্বন্ধে শ্রীকৃষ্ণ পূর্ব্বে কতই সুখানুভব করিতেন, এক্ষণে সেই মথুরাবাসিনীর কুহকে পতিত হইয়া, তিনি যে বৃন্দাবনের অপূর্ব্ব সুখে বঞ্চিত হইয়াছেন, এতদপেক্ষা আমাদের পক্ষে আর দুঃখের কারণ কি হইতে পারে? বৃন্দাবনের ন্যায় মথুরাতেও মথুরাললনাগণের সঙ্গে রাসলীলার সুখ তিনি অনুভব করিতেছেন, এরূপ বার্ত্তা যদি শুনিতেও পাই, তাহা হইলে এ দারুণ বিরহও আমাদের তাদৃশ দুঃখের কারণ হইবে না; বরং আমরা সুখীই হইব; সন্দেহ নাই॥ ৩৯॥

কোন গোপী বলিলেন যে, যদি মথুরায় নন্দ-নন্দনের ক্লেশই হয়, তবে এই বৃন্দাবনেই পুনরায় আগমন করা তাঁহার কর্ত্তব্য। তখন যেন শ্রীকৃষ্ণকে সত্বর দর্শন করিতে পাইবেন

কস্মাৎ কৃষ্ণ ইহায়াতি প্রাপ্তরাজ্যো হতাহিতঃ।
নরেন্দ্রকন্যা উদ্বাহ্য প্রীতঃ সর্ব্বসুহৃদ্বৃতঃ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

ইতরাঃ উচুঃ। অহো! সম্প্রতি কৃষ্ণঃ প্রাপ্তরাজ্যঃ (প্রাপ্তং রাজ্যং যেন সঃ) যতঃ হতাহিতঃ (হতাঃ অহিতাঃ শত্রবঃ কংসাদয়ঃ যেন সঃ) তথা নরেন্দ্রকন্যাঃ উদ্বাহ্য সর্ব্বসুহৃদ্বৃতঃ (সর্ব্বৈঃ সুহৃদ্ভিঃ পিত্রাদিভিঃ বৃতঃ) প্রীতঃ আস্তে অতঃ কস্মাৎ সঃ ইহ আয়াতি আগমিষ্যতি ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

অন্যা উচুঃ কস্মাদিতি। অনন্যগতিকত্বেন পুর্ব্বমত্রাবসৎ। সম্প্রতি মহদৈশ্বর্য্যং প্রাপ্তঃ কস্মাদিহাগমিষ্যতীতি ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎ শ্রুত্বা অন্যা বাম্যময়স্বভাবাঃ ভোঃ সখ্যঃ কৃষ্ণস্য রাসাদিভিঃ কিং সুখং তাবৎ মুগ্ধা যূয়ং কিমপি ন জানীধ্বে। তদভিমতসুখং মন্মুখাৎ শৃণুতেতি বক্রোক্ত্যাহুঃ কস্মাদিতি। অত্র গোচারণক্লিষ্ট স্তত্র তু প্রাপ্তরাজ্যোঽভূৎ। অত্র গোপজাতিভি স্তত্রাপি পরকীয়াভিঃ কিং সুখং তত্র তু নরেন্দ্র ইত্যাদি। উদ্বাহ্যেতি কচিৎ পুরাণে মথুরাস্থস্য কৃষ্ণস্য রুক্মিণ্যুদ্বাহঃ কল্পভেদেন জ্ঞেয়ঃ। প্রাপ্য মথুরামিত্যধিরুত্য রামানিরুদ্ধপ্রদ্যুম্নৈ রুক্মিণ্যা সহিতো বিভুরিতি গোপালতাপন্যাঞ্চ শ্রূয়তে ॥ ৪১ ॥

স্বকীয় সুখময় করস্পর্শাদির সংস্পর্শে আমাদের তাপিত অঙ্গকে সুশীতল করত, এই ব্রজভূমে কখন আগমন করিবেন? ॥ ৪০ ॥

অন্যান্য গোপিকা বলিলেন, অহো! শ্রীকৃষ্ণ এক্ষণে শত্রুগণের নিধন-সাধন করিয়া, রাজ্যলাভ করিয়াছেন। যথেষ্ট রাজকন্যা স্বয়ম্বরে বিবাহ করিয়াছেন; পিত্রাদি সুহৃদ্বর্গে পরিবৃত হইয়া, মথুরাপুরে বিলক্ষণ সুখেই বাস করিতেছেন। সম্প্রতি কিসের আশায় আর তিনি এই বৃন্দারণ্যে পুনরায় আগমন করিবেন! ॥ ৪১ ॥

আভাস।

এই প্রত্যাশায় সুখানুভবের পরিচয় প্রদানে বিবিধ কথা বলিতে লাগিলেন ॥ ৪০ ॥

এতৎ শ্রবণে অন্য নারী বলিলেন, ওরে অবলাগণ! তোমরা কেন বৃথা কল্পনাজাল বিস্তারে বিরহ-ব্যথাকে দ্বিগুণিত করিতেছ? শ্রীকৃষ্ণের পক্ষে বৃন্দাবনে পুনর্ব্বার আগমনের ত কোন কারণই আমি অনুভব করিতে পারিতেছি না। আমাদের বিরহে তাঁহার দুঃখিত হওয়া কখনই সম্ভব নহে। আমরা গোপজাতি; ক্ষত্রিয়ের পক্ষে ক্ষত্রিয়জাতি বনিতার অপেক্ষা গোপজাতীয়া নারী কোনমতে অভিমতা নহে। এই বিপিনে তিনি গোচারণের ক্লেশ যথেষ্ট ভোগ করিয়াছেন; এক্ষণে মথুরায় রাজসিংহাসনে রাজা হইয়া, কি গোচারণ সুখের জন্য লালায়িত হইবেন? সেখানে যখন রাজা হইয়াছেন, তখন রাজকন্যাই অনায়াসে বিবাহ

কিমস্মাভির্বনৌকোভিরন্যাভির্বা মহাত্মনঃ।
শ্রীপতেরাপ্তকামস্য ক্রিয়েতার্থঃ কৃতাত্মনঃ॥ ৪২॥

অন্বয়ঃ।

অন্যাঃ ঊচুঃ। বনৌকোভিঃ বনবাসিনিভিঃ, অন্যাভিঃ বিদগ্ধাভিঃ, পুরবাসিনীভিঃ বা, আপ্তকামস্য পূর্ণমনোরথস্য, মহাত্মনঃ (মহান্ সর্ব্বমনোরথপূরকঃ আত্মা অন্তঃকরণং যস্য তস্য) কৃতাত্মনঃ বশীকৃতান্তঃকরণস্য, শ্রীপতেঃ কৃষ্ণস্য, কিং কঃ বা অর্থঃ প্রয়োজনং ক্রিয়েত॥৪২

শ্রীধরস্বামী।

অন্যাস্তু পরমার্থমূচুঃ কিমস্মাভিরিতি। বনচরীভিরস্মাভিরন্যাভির্বা রাজকন্যাভিঃ। মহাত্মনো ধীরস্য। কিঞ্চ শ্রীপতেঃ। তদপি আস্তাং স্বত এবাপ্তকামস্য। অতএব কৃতাত্মনঃ পূর্ণস্য কিং কোঽপ্যর্থঃ ক্রিয়েত ন কশ্চিদিতি॥ ৪২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভোঃ সহচর্য্যঃ প্রেমশূন্যে কৃষ্ণে ঈর্ষ্যাসূয়াদিকং ত্যজ্যতামিতি বদন্ত্য স্তস্য সর্ব্বত্রৌদাসীন্যমন্যা আহুঃ কিমিতি। নন্থ শ্রীপতিত্বাত্তস্যাং তস্য প্রেমাস্তি চেন্ন আপ্তকামস্য কৃতাত্মনঃ পূর্ণস্বরূপস্য তয়াপি কিং কোঽর্থঃ ক্রিয়েত ক্রিয়তে। যুগপর্য্যাপ্তয়োঃ কৃতমিত্যমরঃ। পর্য্যাপ্তিঃ পরিপূর্ণতা। ততশ্চ কাচিদপি কন্যকা তস্য বিবাহার্থং নাহর্ত্তব্যেত্যুদ্ধবং প্রতি কিমপি নিগূঢ়ং তত্ত্বং সূচিতং॥ ৪২॥

অপরা গোপী বলিলেন, আমরা বনবাসিনী, তাহাতে আবার বিরহে বিহ্বলা! শ্রীকৃষ্ণ পূর্ণকাম এবং সকলের আশা পূরণের সামর্থ্য ধারণ করেন। তিনি জিতেন্দ্রিয় এবং সাক্ষাৎ কমলা তাঁহার ভার্য্যা! অতএব আমাদের ন্যায় গ্রামবাসিনীর দ্বারা তাঁহার কি উদ্দেশ্য সাধিত হইতে পারে?॥ ৪২॥

আভাস।

করিয়াছেন; অতএব সম্প্রতি কি তোমরা তাঁহাকে গোপজাতীয়া তাহাতে আবার পরকীয়া বনিতার প্রেমে আকৃষ্ট হইতে উপদেশ দিতেছ? তবে জনক জননী নন্দযশোদার স্নেহে আকৃষ্ট হইয়া, তাঁহার আগমনের সম্ভাবনা তোমরা মনে করিলেও আমি তাহা সঙ্গত মনে করি না। তিনি বনচারী নন্দযশোদার অপেক্ষা নগরবাসী দেবকীবসুদেবকে জনকজননীরূপে প্রাপ্ত হইয়াছেন। পিতামাতার স্নেহানুবন্ধন তাঁহার আর কিছু মাত্র নাই। বিশেষত ওরূপ পুত্র প্রাপ্ত হইলে, এ জগতে কোন্ ব্যক্তি জনক জননী সাজিতে প্রস্তুত না হয়! শ্রীকৃষ্ণ যদি কখন আসিতেও ইচ্ছা করেন, ঐ সমস্ত সম্বন্ধপ্রাপ্ত আত্মীয়গণ প্রাণপনে প্রতিবন্ধক করত ব্যাঘাত উপস্থিত করিবে। অতএব কৃষ্ণলাভের কোন প্রত্যাশাই আমাদের নাই॥৪১॥

বিশেষত আমাদের কথা দূরে থাকুক্, যে নরেন্দ্রকন্যাকে বিবাহ করিতেছেন, তাঁহার ভাবী দুর্গতি চিন্তা করিয়া, আমার মন ব্যাকুল হইতেছে। অহো! সেই অবলাকেও হয় ত আমাদের ন্যায় দুঃখ-সাগরে নিপতিত হইতে হইবে। কারণ শ্রীকৃষ্ণের হৃদয়ে ত প্রেম নাই।

পরং সৌখ্যং হি নৈরাশ্যং স্বৈরিণ্যপ্যাহ পিঙ্গলা।
তজ্জানতীনাং নঃ কৃষ্ণে তথাপ্যাশা দুরত্যয়া ॥ ৪৩ ॥
ক উৎসহেত সংত্যক্তুমুত্তমশ্লোকসংবিদং।

অন্বয়ঃ।

নৈরাশ্যং আশারাহিত্যং, হি নিশ্চিতং, পরং সৌখ্যং সুখসাধনং, ইতি স্বৈরিণী কামচারিণী, পিঙ্গলা অপি আহ; তথা তৎ জানতীনাং অপি নঃ অস্মাকং, দুরত্যয়া আশা কৃষ্ণে বর্ত্ততে ॥ ৪৩ ॥

উত্তমশ্লোকসংবিদং (উত্তমৈঃ ব্রহ্মাদিভিঃ শ্লোক্যতে স্তূয়তে যঃ সঃ উত্তমশ্লোকঃ তস্য

শ্রীধরস্বামী।

যতোঽঘটমানা যা শ্রীকৃষ্ণসঙ্গতিঃ সৈবাস্মানাকুলয়তি। অতো নৈরাশ্যমেব পরমং সুখং তচ্চাপি দুষ্করমিত্যাহুঃ পরমিতি। স্বৈরিণী কামচারিণী ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি তৎপ্রাপ্ত্যাশা ত্যজ্যতামিতি চেন্ন সা সর্ব্বথৈব ত্যক্তুমশক্যেত্যাহুঃ পরমিতি। তদপি কৃষ্ণে আশা কৃষ্ণবিষয়া হ্যাশা দুরত্যয়া সর্ব্বৈরেব দুস্ত্যজা। পিঙ্গলায়াঃ খলু পুরুষান্তর এবাশা সীদতঃ সা তয়া ত্যক্তেতি ভাবঃ ॥ ৪৩ ॥

কিঞ্চ লোভী খলু লোভ্যং বস্তু প্রাপ্নোতু ন প্রাপ্নোতু বা কিন্তু তত্রৌৎসুক্যং ত্যক্তুং নোৎসহতে ইত্যাহুঃ। ক ইতি উত্তমশ্লোকস্য কৃষ্ণস্য সংবিদং সৌন্দর্য্যমাধুর্য্যাদ্যুপলব্ধিং

নৈরাশ্যই যে সুখের একান্ত নিদান, তাহা আমরা বিখ্যাত বেশ্যা পিঙ্গলার উক্তিতেই যথেষ্ট অবগত আছি! কিন্তু তথাপি শ্রীকৃষ্ণের জন্য আমাদের দুরতিক্রমণীয়া আশা কিছুতেই নিবৃত্ত হইতেছে না ॥ ৪৩ ॥

ব্রহ্মাদি শ্রেষ্ঠ কবিগণ যাঁহার গুণগাথা নিরন্তর গান করিয়া থাকেন, সেই উত্তমশ্লোক ভগবানের লীলাবার্ত্তা শ্রবণে কোন্ জীব বিমুখ থাকিতে

আভাস।

তিনি পূর্ণকাম! স্বয়ং কমলা নিরন্তর চরণসেবা করিয়াও যাঁহার প্রণয়লাভে সমর্থা হন নাই, তাঁহার প্রেমে বদ্ধ হইয়া উন্মাদিনীর ন্যায় পর্য্যটন করা, আমাদের পক্ষে নিতান্তই অসঙ্গত। তাঁহার আশা পরিত্যাগ করাই, সর্ব্বতোভাবে বিধেয় ॥ ৪২ ॥

তখন সে গোপিকা বলিলেন, সখি রে! ত্যাগের মত শান্তিলাভের উপায় যে জগতে আর কিছু নাই, তাহা আমি বিলক্ষণ জানি! অধিক কি! বারবিলাসিনী পিঙ্গলার উক্তিতেও তাহা যথেষ্ট পরিজ্ঞাত হইয়াছি! কিন্তু কি করি! আমি আশাকে পরিত্যাগ করিতে ইচ্ছা করিলেও, আশা আমাকে পরিত্যাগ করে না। আশা যেন নিত্য নবীন ভাব ধারণে, কৃষ্ণসঙ্গকে নিকট করিয়া আনিতে থাকে। আশাকে পরিত্যাগ করিব মনে করি, কিন্তু যখন শ্রবণ করি যে, ব্রহ্মাদি অমরেন্দ্রগণও কৃষ্ণসঙ্গ পাইবার প্রত্যাশায় নিরন্তর তাঁহার গুণগানে

অনিচ্ছতোঽপি যস্য শ্রীরঙ্গান্ন চ্যবতে ক্বচিৎ ॥ ৪৪ ॥
সরিচ্ছৈলবনোদ্দেশা গাবো বেণুরবা ইমে।
সঙ্কর্ষণসহায়েন কৃষ্ণেনাচরিতাঃ প্রভো ॥

অন্বয়ঃ।

সন্ত্যজ্যেদং একান্তবার্ত্তাং) সন্ত্যক্তুং কঃ প্রাণী উৎসহেত? অনিচ্ছতঃ তাং অকাময়তঃ, অপি যস্য অঙ্গাৎ শ্রীঃ লক্ষ্মীঃ ক্বচিৎ কদাচিৎ, অপি ন চ্যবতে ন প্রচলতি ॥ ৪৪ ॥

হে প্রভো উদ্ধব! সঙ্কর্ষণসহায়েন রামসহিতেন, কৃষ্ণেন আচরিতাঃ সেবিতাঃ, ইমে সরিচ্ছৈলবনোদ্দেশাঃ গাবঃ বেণুরবাঃ শ্রীনিকেতৈঃ (শ্রিয়ঃ সৌন্দর্য্যসম্পদঃ নিকেতৈঃ

শ্রীধরস্বামী।

সন্ত্যজ্যেদমেকান্তবার্ত্তাং ॥ ৪৪ ॥

কিঞ্চ। তদ্বিস্মৃতৌ ন তাবদ্দুঃখমস্তি সাপি নাস্মাকং সম্ভবতীত্যাহুঃ সরিচ্ছৈলেতি ত্রিভিঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যক্তুং কঃ উৎসহেত ন কোঽপি। শ্রিয়মনপেক্ষমাণস্যাপি যস্য শ্রীর্লক্ষ্মী রেখারূপেণ বর্ত্তমানা অঙ্গাদঙ্গতঃ কদাপি ন চ্যবতে নাপযাতি ॥ ৪৪ ॥

কিঞ্চ তদ্বিস্মৃতৌ সত্যামাশাপি হীয়তে। সাত্বমস্মাকং নৈব ঘটত ইত্যাহুঃ সরিদিতি

পারে? অহো! যিনি নিজে প্রার্থনা না করিলেও, স্বয়ং কমলা যাঁহার কলেবর কখন পরিত্যাগ করিয়া, অন্যত্র গমন করেন না; তাঁহাকে বিস্মৃত হইয়া, আমরা কি প্রকারে অবস্থান করি! ॥ ৪৪ ॥

হে প্রভো উদ্ধব! আমরা ইচ্ছা পূর্ব্বক তাঁহার বিষয় স্মরণ করি না! বলরামের সমভিব্যাহারে শ্রীকৃষ্ণ এই সমস্ত সরোবর, নদী, পুলিন ও বনভাগে বিচরণ পূর্ব্বক বেণুধ্বনি করত গাভী বিচরণ করাইতেন! সুতরাং সকল

আভাস।

নিমগ্ন রহিয়াছেন, তখন কোন্ প্রাণে অবলা হইয়া, সর্ব্বসংসারের সার দুর্ব্বলের বল সেই কৃষ্ণরত্নে বিস্মৃত হইব? তিনি যে কাহাকেও চাহেন না, তাহা আমি যথেষ্ট জানি। কেবল আমি কেন! কমলাও কি তাহা জানেন না? কিন্তু জানিয়া শুনিয়াও স্বয়ং লক্ষ্মী কৃষ্ণের আশা পরিত্যাগ করিতে ত পারেন নাই। কৃষ্ণ তাঁহাকে না চাহিলেও, লক্ষ্মী যে তাঁহাকে চাহেন। তিনি ত এক নিমেষের জন্য শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া, থাকিতে পারেন না। অন্ততঃ স্বর্ণরেখারূপেও কৃষ্ণাঙ্গে মিলিত থাকেন ॥ ৪৩ ॥ ৪৪ ॥

বিশেষত বিস্মৃত হইবার কোন উপায়ও আমাদের নয়নগোচর হয় না। মনে করিয়াছিলাম, বুঝি এক স্থানে নিশ্চিন্ত হইয়া অবস্থিতি করাতেই, কৃষ্ণকথা মনে পড়ে। অতএব ইতস্তত বিচরণে এবং কার্য্যান্তরে ব্যাপৃত থাকিলে, শ্রীকৃষ্ণকে বিস্মৃত হইতে পারিব। কিন্তু ফলে তাহার বিপরীত ঘটিল। পূর্ব্বে যখন গৃহকার্য্যে ব্যাপৃতা থাকিতাম, তখন শ্রীকৃষ্ণের বেণু

পুনঃ পুনঃ স্মারয়ন্তি নন্দগোপসুতং বত।
শ্রীনিকেতৈস্তৎপদকৈর্বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ ॥ ৪৫ ॥
গত্যাললিতয়োদারহাসলীলাবলোকনৈঃ।
মাধ্ব্যা গিরা হৃতধিয়ঃ কথং তদ্বিস্মরামহে ॥

অন্বয়ঃ।

আশ্রয়ৈঃ) তস্য পদকৈঃ (তত্তদ্দেশে চিহ্নতয়া আশ্রিতৈঃ) নন্দগোপসুতং পুনঃ পুনঃ স্মারয়ন্তি। অতঃ তং বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ ॥ ৪৫ ॥

বয়ং তু তস্য ললিতয়া মনোহরয়া, গত্যা উদারহাসলীলাবলোকনৈঃ (উদারেণ মনোরথ-পূরকেণ, হাসেন লীলয়া কটাক্ষেণ অবলোকনৈঃ চ) মাধ্ব্যা মধুরয়া, গিরা বাণ্যা, চ হৃতধিয়ঃ অতঃ কথং তং বিস্মরামহে ॥

শ্রীধরস্বামী।

আচরিতাঃ সেবিতাঃ ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিভিঃ। আচরিতাঃ সেবিতা অনুশীলিতাঃ। শ্রীনিকেতৈ ধ্বজবজ্রাদিচিহ্নশোভাযুক্তৈঃ শিলাদিষদ্যাপি বর্ত্তমানৈঃ ॥ ৪৫ ॥

নন্বু তর্হি সরিদাদিষু কুত্রাপ্যগত্বা বস্ত্রেণ নেত্রমাবৃত্য ধিয়া মনোঽন্যত্র নীত্বা স বিস্মর্য্যতাং। তত্রাস্মাকং ধীর্নাস্ত্যেব তেনৈব হৃতত্বাদিত্যাহুঃ। গত্যেতি মাধ্ব্যা মধুময্যা। হে উদ্ধব ॥

স্থানেই তাঁহার অপূর্ব্ব শোভাবিশিষ্ট চরণ-চিহ্ন অঙ্কিত রহিয়াছে। অতএব যে দিকেই অবলোকন করি, সেই সকল চিহ্নে শ্রীকৃষ্ণকেই আমাদের হৃদয়ে উদিত করিয়া দেয়! আমরা তাঁহাকে কিছুতেই বিস্মৃত হইতে পারিতেছি না ॥ ৪৫ ॥

হে উদ্ধব! শ্রীকৃষ্ণের মনোহর গতি, উদার হাস্য, অপাঙ্গ দর্শন এবং মধুর বচনে আমাদের চিত্ত সম্পূর্ণ বিমোহিত হইয়াছে; সুতরাং এক্ষণে

আভাস।

ধ্বনিই আমাদের গৃহকার্য্যের সময় নিরূপণ করিত। কৃষ্ণের বংশীধ্বনি হইয়াছে; গোদোহন কার্য্য সত্বর সমাধা করিতে হইবে; এখনই গাভী লইয়া শ্রীকৃষ্ণ বনবিহারে গমন করিবেন; এইরূপ বলিয়া, আমাদের গৃহকার্য্যের সময় নিরূপিত থাকিত। এক্ষণে সেই সেই কার্য্য করিবার সময়, বেণুধ্বনি ও কৃষ্ণমূর্ত্তি যেন আপনা হইতে হৃদয়ে উদয় হয়। প্রাকৃতিক শোভা দর্শনে চিত্তের বিনোদনার্থ গৃহ পরিত্যাগে যদি যমুনাপুলিনাদিতে গমন করি, সর্ব্বত্র শ্রীকৃষ্ণের চরণচিহ্নই নয়নগোচর করিতে থাকি। ধরণী যেন শ্রীকৃষ্ণের চরণরেখা সর্ব্বাঙ্গে অঙ্কিতা করিয়া, ত্রিভুবনের মধ্যে প্রাধান্য লাভের পরিচয় প্রদান করিতে থাকেন। অতএব শ্রীকৃষ্ণকে বিস্মৃত হওয়া, আমাদের পক্ষে কোনমতে সম্ভব নহে ॥ ৪৫ ॥

হে কৃষ্ণ হে রমানাথ ব্রজনাথার্ত্তিনাশন।
মগ্নমুদ্ধর গোবিন্দ গোকুলং বৃজিনার্ণবে ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

হে নাথ কৃষ্ণ! স্বামিন্! হে ব্রজনাথ! হে আর্ত্তিনাশন! হে রমানাথ! হে গোবিন্দ! বৃজিনার্ণবে দুঃখসমুদ্রে, মগ্নং গোকুলং গোকুলবাসিজনং উদ্ধর! ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

হে উদ্ধব কথং বিস্মরামেতি ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চোদ্ধবমপ্যনাদৃত্য পরমার্ত্তা উদ্ধবস্ত্যা মথুরাভিমুখীভবন্ত্যঃ কৃষ্ণমুদ্দেশেনৈব সম্বোধয়ন্ত্যঃ সদৈন্যরোদনমাহুঃ। হে কৃষ্ণ অযোগ্যানামপ্যস্মাকং চিত্তাকর্ষক! হে রমানাথ রময়াপি নাথ্যমানাদ্ভুতমাধুর্য্যরসবিলাসাদিমহাসম্পত্তে হে ব্রজনাথ ব্রজস্ত্বাং নাথতি। হে আর্ত্তিনাশন পূর্ব্বং গোবর্দ্ধনং ধৃত্বা ইন্দ্রকৃতমার্ত্তিমনাশয়ৎ ভবানিত্যর্থঃ। সম্প্রতি তু ত্বদ্বিরহাদেব সর্ব্বতোঽপ্যধিকে বৃজিনস্যার্ণব এব অদ্য শ্বোবা নশ্যদেব গোকুলং স্বয়মেবাগত্যোদ্ধর! হে গোবিন্দ স্বপালিতচরীঃ স্বীয়গবীর্বিন্দস্ব। অলং দূতপ্রস্থাপনয়েতি ভাবঃ ॥ ৪৬ ॥

তাঁহাকে কি প্রকারে বিস্মৃত হই!॥

হে নাথ! হে ব্রজনাথ! হে আর্ত্তিনাশন! হে রমানাথ! হে গোবিন্দ! সমগ্র গোকুলবাসী অদ্য তোমার অদর্শনে দুঃখ-সাগরের গভীর গহ্বরে নিমগ্ন হইতেছে! তুমি তাহাদিগকে উদ্ধার কর!॥ ৪৬॥

আভাস।

যদি কখন ভাবি! যে অন্যত্র কোথায়ও গমন করিব না, কোন কর্ম্ম করিব না এবং কিছুই আর দেখিব না, বুদ্ধিপূর্ব্বক কোন এক নির্দ্দিষ্ট পদার্থে মনকে আবদ্ধ করত, নিশ্চিন্ত হইব! তখন দেখি! যে, মন আমার নিজের নিকটেই নাই; তাহাকে আনিতে গেলেও সেই কৃষ্ণসন্নিধানে গমন করিতে হয় এবং ফিরিবার সময় আমি আসি, মন ত ফিরাইয়া আনিতে পারি না; সুতরাং সে প্রয়াসও নিরর্থক॥

তখন গোপললনাগণ প্রেমের ভরে বিমুগ্ধা হইয়া, মথুরার অভিমুখে মুখ ফিরাইয়া শ্রীকৃষ্ণকে মনে মনে লক্ষ্য করত বলিতে লাগিলেন; হে শ্রীকৃষ্ণ! আমরা অতি নিকৃষ্ট গোপজাতি হইলেও, তুমি নিজের গুণে আমাদের চিত্তকে আকর্ষণ করিতেছ! হে রমানাথ! কমলা অচলা হইয়া, নিরন্তর আপনার চরণসেবা করিতেছেন! অতুল সম্পত্তি এবং মাধুরির আশ্রয় এক আপনি মাত্র। হে ব্রজপতে! পুরন্দর ক্রুদ্ধ হইয়া, ভীষণ বর্ষাদি প্রদানে যখন গোকুল ধ্বংস করিতে উদ্‌যোগী হইয়াছিলেন, তখন আপনি অযাচিতভাবে উপস্থিত থাকিয়া, এই গোকুলবাসীকে রক্ষা করিয়াছেন; সম্প্রতি আপনার বিরহে সমগ্র গোকুল দুঃখসাগরে ভাসমান হইতেছে; অনুগ্রহ করিয়া, এক্ষণে দর্শন দানে ইহাদিগকে চরিতার্থ করুন! হে গোবিন্দ! নিরীহ গাভীকুল তোমার

শ্রীশুক উবাচ ।।

ততস্তাঃ কৃষ্ণসন্দেশৈ র্ব্যপেতবিরহজ্বরাঃ।

অন্বয়ঃ ।

শ্রীশুকঃ উবাচ। ততঃ কৃষ্ণসন্দেশৈঃ ব্যপেতবিরহজ্বরাঃ (ব্যপেতঃ অপগতঃ বিরহকৃতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ তাসু দুঃখেনাশামপি শিথিলয়িত্বা মর্ত্তুমুদ্যতাসু অন্যানপ্যতিরহস্যান্ সন্দেশানুক্ত্বা উদ্ধবস্তা আনন্দয়ামাসেত্যাহ। তত স্তা ইতি। ততস্তদনন্তরং যে কৃষ্ণসন্দেশাঃ পূর্ব্বসন্দেশেভ্যোঽভিন্নাস্তৈরিত্যন্বয়ঃ। তে চ সন্দেশাঃ শ্রীশুকেনাবিবৃতা অপি ফলতো জ্ঞেয়াঃ। যথা ভোঃ প্রাণপ্রেয়স্যঃ মৎপ্রেষিতস্যোদ্ধবস্যাগ্রে যুষ্মাভিশ্চক্ষূংষি মুদ্রয়িতব্যানি ততশ্চ পূর্ব্বং যথা গোপবালকাশ্চক্ষু র্মুদ্রণেন মুঞ্জাটবীদাবানলাদুদ্ধৃতাস্তথৈব বিরহানলাদ্ভবতীরপ্যুদ্ধরিষ্যামি। পশ্যত মে যোগবলমিতি সন্দেশশ্রবণেন তা যদৈব চক্ষূংষি মুদ্রয়ামাসুস্তৎক্ষণমধ্য এব শতকোটিবর্ষসময়ং যোগমায়য়া প্রবেশ্য তত্র তাভিঃ সহ রাসবৃন্দাবনবিহারদ্যূতমধুপানজলবিহারহিন্দোলনাদিবিলাসানন্যালক্ষিতান্ কৃষ্ণস্তাবচ্চক্রে। যাবদ্ভিঃ সা বিরহপীড়া সম্যগেব বিস্মৃতা ভবেৎ ততশ্চ তাসামঙ্গান্যানন্দপ্রমুদিতান্যালক্ষ্য মুহূর্ত্তানন্তরং ভো স্বামিন্যঃ সাম্প্রতং চক্ষূংষি উন্মীলয়তেত্যুদ্ধবেনোক্তে সতি তাশ্চক্ষূংষ্যুন্মীল্য অধোক্ষজং অধঃকৃতেভ্যোঽক্ষিভ্যঃ নির্মীলিতেভ্যো নেত্রেভ্যঃ পরঃসহস্রানন্দপ্রাপ্তা পুনর্জাতমিব আত্মানং স্বং জ্ঞাত্বা পূজয়াঞ্চক্রুঃ প্রতিক্ষণং যতমানোঽপ্যহং যন্ন শক্নোমি তত্রায়ং কাল এব কর্ম্মৈব ব্যাখ্যাতলক্ষণঃ প্রেম্ণৈব বা প্রতিবন্ধক ইত্যহং শঙ্কে ইত্যেবম্প্রকারকৈঃ সন্দেশৈর্ব্যপেতো বিরহজ্বরঃ স্বেষু তৎপ্রেমাভাবনিশ্চয়লক্ষণঃ সন্তাপো যাসাং তাঃ অধোক্ষজং কৃষ্ণং আত্মানং আত্মতুল্যং বিরহসন্তাপজর্জ্জরং জ্ঞাত্বা কিং বা আত্মানং আত্মানঃ স্বানেব আ প্রাণা যস্য তথাভূতমধোক্ষজং কৃষ্ণং জ্ঞাত্বা উদ্ধবং পূজয়াঞ্চক্রুরিতি। ভোঃ উদ্ধব সাধূক্তমতঃ পরং কষ্টেনাপি স্বপ্রাণা আত্মানং স্বস্বজীবাত্মানং অধোক্ষজং পরমাত্মানং জ্ঞাত্বেতি প্রকটোঽথোঽসুরমোহনার্থ এব নতু বাস্তবঃ শাস্ত্রস্যাস্য

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! শ্রীকৃষ্ণের সন্দেশ-বার্ত্তা শ্রবণে গোপিকাগণের বিরহ-সন্তাপ বিদূরিত হইল। শ্রীকৃষ্ণ যে ইন্দ্রিয়-জ্ঞানের

আভাস।

বিরহে নিরব হইয়া রহিয়াছে; একবার উপস্থিত হইয়া, তাহাদিগের সান্ত্বনা কর! কেবল দূত প্রেরণে মূল কার্য্য কখন সাধিত হইবে না ॥ ৪৬ ॥

ক্রমশ চিত্তের আবেগে গোপিকাকুল কৃষ্ণলাভের আশা পরিত্যাগ পূর্ব্বক যখন প্রাণত্যাগ করিতে উদ্যতা হইলেন, তখন উদ্ধব পূর্ব্বোক্ত সংবাদ ব্যতীত যেন আরও কিছু গোপন বার্ত্তার পরিচয়ে গোপকামিনীগণের বিরহদুঃখ বিমোচন করিয়াছিলেন। সে সকল সংবাদ আর শুকমুখে বিবৃত হয় নাই। উদ্ধবের দ্বারা শ্রীকৃষ্ণ যেন বলিয়া দিয়াছিলেন যে, হে প্রেয়সীগণ! উদ্ধব যখন তোমাদের সমক্ষে উপস্থিত হইবেন, তখন তোমরা স্ব স্ব চক্ষুকে মুদ্রিত করিও! তাহা

উদ্ধবং পূজয়াঞ্চক্রুঃ জ্ঞাত্বাত্মানমধোক্ষজং ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

জরঃ সন্তাপঃ যাসাং তাঃ) তাঃ গোপ্যঃ শ্রীকৃষ্ণং অধোক্ষজং আত্মানং জ্ঞাত্বা উদ্ধবং (গুরুত্বেন) পূজয়াঞ্চক্রুঃ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণমধোক্ষজং জ্ঞাত্বা তঞ্চ আত্মানং জ্ঞাত্বা ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোহিনীসাধর্ম্ম্যাৎ। ন হি কেনাপি প্রেমরসাস্বাদিনা ভক্তেনাদ্বৈক্যজ্ঞানং কদাপি রোচিতং। আভ্যঃ প্রেমিভক্তমুকুটমণিভ্যস্তৎ কথং রোচতাং। তৎকথামৃতপাথোধৌ বিহরন্তো মহামুদঃ। কুর্ব্বন্তি কৃতিনঃ কেচিচ্চতুর্বর্গং তৃণোপমং। ইত্যার্ষশাস্ত্রতাৎপর্য্যাভিজ্ঞৈঃ স্বামিচরণৈরপ্যুক্তং। নাপি বলবতাপ্যাত্মজ্ঞানেন সম্পূর্ণঃ। প্রেমা ক্বাপ্যবরিতুং শক্যো দৃষ্টঃ। বসুদেবার্জ্জুনয়োরপি মহৈশ্বর্য্যদর্শনোদ্দীপিতদাস্যভক্ত্যৈব বাৎসল্যসখ্যভাবাবাবৃতৌ নতু ব্রহ্মজ্ঞানেন যত্তু তেতু ব্রহ্মহ্রদং নীতা মগ্নাঃ কৃষ্ণেন চোদ্ধৃতা ইতি ব্রজৌকসাং ব্রহ্মরসনিমগ্নত্বং শ্রূয়তে তদপি ব্রহ্মজ্ঞানস্য তদরোচকত্বজ্ঞাপনার্থমেব তে এব তত্রোদ্ধৃতা ইতি পদং প্রযুক্তং। যথা সংসারকূপাজ্জীবা উদ্ধ্রিয়ন্তে তথৈব ব্রহ্মরসাত্তে ব্রজৌকস উদ্ধৃতা ইতি। কিঞ্চাসামুৎপন্ননির্ভেদাত্মজ্ঞানবত্ত্বে গোপ্যোঽসন্ত্যঃ পপ্রচ্ছুরামসন্দর্শনাদৃতাঃ। কচ্চিদাস্তে -সুখং কৃষ্ণঃ পুরস্ত্রীজনবল্লভ ইতি কথং নু গৃহ্ণন্ত্যনবস্থিতাত্মনো বচঃ কৃতঘ্নস্য বুধাঃ কুলস্ত্রিয়ঃ ইত্যাদ্যগ্রিমবচনানি সাভিমানান্যজ্ঞানদ্যোতকানি ন সন্তবেয়ুরিতি বিবেচনীয়ং ॥ ৪৭ ॥

অতীত, সর্ব্বান্তর্যামী পরমাত্মা, তাহা তাঁহারা উদ্ধবোপদেশে অবগত হইয়া, বিশেষ সন্তোষ লাভ করিলেন এবং গুরুজ্ঞানে উদ্ধবের বিশেষ সম্মান করিলেন ॥ ৪৭ ॥

আভাস।

হইলে, মুঞ্জাটবীতে দাবানলের উপস্থিতি-কালে, আমার আদেশক্রমে গোপবালকেরা নয়ন নিমীলিত করিবা মাত্র যেমন, হুতাশনের হস্ত হইতে রক্ষা পাইয়াছিল, অদ্য সেইরূপ তোমাদিগকেও আমি এই দারুণ বিরহানল হইতে নির্ম্মুক্ত করিব। আমার যোগবল তোমরা প্রত্যক্ষে অবলোকন কর! এই সংবাদ শ্রবণে গোপীগণ তৎক্ষণাৎ নয়ন নিমীলিত করিলেন; এবং ভগবান্ গোবিন্দ শত কোটি বর্ষব্যাপিনী যোগমায়াকে বিস্তৃত করত বৃন্দাবনের রাসক্রীড়া, দ্যূত, মধুপান, জলবিহার ও হিন্দোলনাদি বিবিধ বিলাসের বিনোদনে অন্যের অলক্ষ্যে তাঁহাদের বিরহানলকে নির্ব্বাপিত করিলেন। বিরহানলের নির্ব্বাপণে গোপীগণের কলেবর যেন নবীন অনুরাগাবেশে আবিষ্টের ন্যায় লক্ষিত হইল। তাঁহারা যে বিরহব্যথা কখন ভোগ করিয়াছিলেন, তাঁহাদের ভাব দর্শনে এরূপও তখন অনুমিত হয় নাই। তখন উদ্ধব তাঁহাদিগকে চক্ষু উন্মীলন করিতে বলিলেন। গোপীগণ চক্ষু উন্মীলিত করিয়া, অধোক্ষজ কৃষ্ণকে অন্তরে ও বাহিরে সমানভাবে অবলোকন

উবাস কতিচিন্মাসান্ গোপীনাং বিনুদন্ শুচঃ।
কৃষ্ণলীলাকথা গায়ন্ রময়ামাস গোকুলং ॥
যাবন্ত্যহানি নন্দস্য ব্রজেঽবাৎসীৎ স উদ্ধবঃ।
ব্রজৌকসাং ক্ষণপ্রায়াণ্যাসন্ কৃষ্ণস্য বার্ত্তয়া ॥ ৪৮ ॥
সরিদ্বনগিরিদ্রোণী র্বীক্ষন্ কুসুমিতান্ দ্রুমান্।
কৃষ্ণং সংস্মারয়ন্ রেমে হরিদাসো ব্রজৌকসাং ॥ ৪৯ ॥

অন্বয়ঃ।

গোপীনাং শুচঃ শোকান্, বিনুদন্ অপনয়িতুং, উদ্ধবঃ কতিচিৎ মাসান্ ব্রজে উবাস। তথা কৃষ্ণলীলাকথাঃ গায়ন্ গোকুলং রময়ামাস সুখয়ামাস ॥

সঃ উদ্ধবঃ যাবন্তি অহানি নন্দস্য ব্রজে অবাৎসীৎ তাবন্তি অহানি কৃষ্ণস্য বার্ত্তয়া ব্রজৌকসাং ব্রজবাসিজনানাং ক্ষণপ্রায়াণি আসন্ বভূবুঃ ॥ ৪৮ ॥

সরিদ্বনগিরিদ্রোণীঃ কুসুমিতান্ দ্রুমান্ চ বীক্ষন্ ব্রজৌকসাং কৃষ্ণং সংস্মারয়ন্ হরিদাসঃ উদ্ধবঃ, রেমে ॥ ৪৯ ॥

শ্রীধরস্বামী।

বিনুদন্ অপনয়ন্ ॥ ৪৮ ॥

সরিদ্বনগিরিদর্শ্যাদিষু প্রত্যেকং শ্রীকৃষ্ণলীলাসংপ্রশ্নাদিভিস্তং স্মারয়ন্ রেমে ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষণপ্রায়াণীতি উদ্ধবস্যাস্বর্থনামত্বাদ্ভগবতাপ্যানন্দদাতৃত্বস্বশক্ত্যর্পণাচ্চেতি গম্যতে ॥ ৪৮ ॥ ৪৯

এদিকে উদ্ধবও গোপিকাকুলের বিরহদুঃখ অপনয়ন করত, কয়েক মাস ব্রজেই অবস্থান করিলেন এবং শ্রীকৃষ্ণের লীলাকথা গান করত, গোকুলবাসিগণের বিশেষ আনন্দবর্দ্ধন করিয়াছিলেন ॥

ভগবদ্ভক্ত উদ্ধব যতদিন নন্দরাজের ব্রজে অবস্থান করিয়াছিলেন, কৃষ্ণকথায় ব্রজবাসিগণের সেই সকল দিবস যেন ক্ষণকালের ন্যায় অতিবাহিত হইয়াছিল ॥ ৪৮ ॥

সরোবর, উপবন, গোবর্দ্ধন পর্ব্বত এবং ফলপুষ্পোপশোভিত বিচিত্র পাদপরাজী অবলোকন করাইয়া, সমগ্র ব্রজবাসীকে কেবল শ্রীকৃষ্ণবিষয়ক

আভাস।

করিলেন। তাঁহারা যে কেবল মনোমধ্যেই আত্মভাবে ভগবানকে অবলোকন করিয়াছিলেন, তাহা নহে। কারণ ব্রজবাসীর প্রেম-পূর্ণ হৃদয়ে ব্রহ্মজ্ঞান কখন সুষ্ঠু স্থান পায় নাই। পূর্ব্বেও একবার ব্রহ্মহ্রদে নন্দাদি ব্রজবাসিগণকে শ্রীকৃষ্ণ নিমগ্ন করাইয়াছিলেন। কিন্তু তাহাতে তাঁহারা বিশেষ তৃপ্তি অনুভব না করায়, তথা হইতে শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে উত্তোলন পূর্ব্বক, প্রেমানন্দে নিমজ্জিত করিয়াছিলেন; এরূপ উল্লেখ আছে ॥ ৪৭ ॥

দৃষ্ট্বৈবমাদি গোপীনাং কৃষ্ণাবেশাত্মবিক্লবং।
উদ্ধবঃ পরমপ্রীতস্তা নমস্যন্নিদং জগৌ॥ ৫০॥

এতাঃ পরং তনুভৃতো ভুবি গোপবধ্বো গোবিন্দ এবমখিলাত্মনি রূঢ়ভাবাঃ।

অন্বয়ঃ।

গোপীনাং এবমাদি (এবং প্রদর্শিতপ্রকারং আদিঃ যস্য তৎ) কৃষ্ণাবেশাত্মবিক্লবং (কৃষ্ণাবেশেন আত্মনঃ মনসঃ বিক্লবং ব্যাকুলতাং) দৃষ্ট্বা পরমপ্রীতঃ উদ্ধবঃ তাঃ গোপীঃ নমস্যন্ ইদং জগৌ উক্তবান্॥ ৫০॥

অখিলাত্মনি গোবিন্দে এবং রূঢ়ভাবাঃ বদ্ধহৃদয়াঃ এতাঃ গোপবধ্বঃ পরং কেবলং ভুবি

শ্রীধরস্বামী।

কৃষ্ণাবেশেন আত্মনো মনসো বিক্লবং বৈক্লব্যং। তা গোপীর্নমস্যন্ নমস্করিষ্যন্। উত্তমস্যাত্মনো গোপস্ত্রীনমস্কৃতিরন্যায্যা ন ভবতীতি দর্শয়িতুং তাসাং মহত্ত্বং পঞ্চভি র্জগৌ উবাচ॥ ৫০॥

এতা ইতি। এতাঃ পরং কেবলং তনুভৃতঃ সফলজন্মানঃ। রূঢ়ভাবাঃ পরমপ্রেমবত্যঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমাদি চরিতমিতি শেষঃ। কৃষ্ণাবেশেনাত্মনো মনসো বিক্লবো দিব্যোন্মাদাদি র্যত্র তৎ। নমস্যন্নিদং নমস্কারমন্ত্রমিব জগাবুচ্চৈরুচ্চারয়ামাস। ক্ষত্রিয়জাতেরপি স্বস্য গোপস্ত্রীনমস্কৃতিরন্যায্যা ন ভবতীতি দর্শয়িতুমিতি শ্রীস্বামিচরণাঃ॥ ৫০॥

তাসাং সর্ব্বোৎকৃষ্টং মাহাত্ম্যমাহ পঞ্চাভঃ। এতাঃ পরং কেবলং তনুভৃতঃ সফলজন্মানঃ।

ভাবের উদ্বোধনে হরিদাস উদ্ধব অতি প্রেমানন্দে ব্রজমধ্যে বিহার করিয়াছিলেন॥ ৪৯॥

শ্রীকৃষ্ণে চিত্তের আবেশ বশত গোপিকাগণের তাদৃশ মানসিক ব্যাকুলতা অবলোকন করিয়া, উদ্ধব মনে মনে বিশেষ সন্তুষ্ট হইলেন; এবং আন্তরিক ভক্তি সহকারে তাঁহাদিগকে প্রণাম করিবার উদ্দেশে, নিম্নলিখিত ভাবের উল্লেখে বলিয়াছিলেন॥ ৫০॥

আভাস।

উদ্ধব বৃন্দাবনে অবস্থান পূর্ব্বক কৃষ্ণলীলা কীর্ত্তনের দ্বারা যেমন কৃষ্ণপ্রেম বিতরণ করিয়াছিলেন, স্বয়ং ভগবান্‌ও স্বীয় আনন্দপ্রদ শক্তির বিতরণে সমগ্র ব্রজভূমিকে আনন্দরসে প্লাবিত করিয়াছিলেন। সুতরাং জীবের কথা দূরে থাকুক্, বৃন্দাবনের লতাপাদপও ফলকুসুমে তৎকালে সুশোভিত হইয়াছিল। ইহাই শ্লোকদ্বয়ে বর্ণিত হইয়াছে॥ ৪৮॥ ৪৯॥

কৃষ্ণাবেশিত গোপিকাকুলের তাদৃশ আকুল ভাব দর্শনে উদ্ধবের মনোমধ্যে একটী সম্ভ্রম ভাবের উদয় হইল। তিনি গোপীগণকে প্রণাম করিবার অভিপ্রায়ে, নিম্নলিখিত শ্লোক কয়েকটীতে প্রণাম-মন্ত্রই উচ্চারণ করিয়াছিলেন। উদ্ধব ক্ষত্রিয়; তথাপি গুণের উৎকর্ষ

বাঞ্ছন্তি যদ্ভবভিয়ো মুনয়ো বয়ঞ্চ কিং ব্রহ্মজন্মভিরনন্তকথারসস্য ॥ ৫১ ॥

অন্বয়ঃ।

তনুভৃতঃ সফলজন্মনঃ, এব। যৎ যং, রূঢ়ভাবং ভবভিয়ঃ মুমুক্ষবঃ, মুনয়ঃ বয়ং ভক্তাঃ, অপি বাঞ্ছন্তি। অতঃ অনন্তকথারসস্য (অনন্তস্য ভগবতঃ কথাসু রসঃ রাগঃ যস্য তস্য) ব্রহ্ম-জন্মভিঃ বিপ্রসম্বন্ধিভিঃ জন্মভিঃ বা চতুর্মুখজন্মভিঃ অপি কিং প্রয়োজনং ॥ ৫১ ॥

শ্রীধরস্বামী।

যদিত্যব্যয়ং যং রূঢ়ভাবং ভবভিয়ো মুমুক্ষবো মুনয়ো মুক্তা অপি বাঞ্ছন্তি বয়ঞ্চ ভক্তা অপি অতঃ অনন্তস্য কথাসু রসো রাগো যস্য তস্য ব্রহ্মজন্মভি র্বিপ্রসম্বন্ধিভিঃ শৌক্র-সাবিত্র-যাজ্ঞিকৈস্ত্রিভি র্জন্মভিঃ কিং কোঽতিশয়ঃ যত্র তত্র যাতঃ সএব সর্ব্বোত্তম ইত্যর্থঃ। যদ্বা। অনন্তকথাসু রসো যস্য তস্য ব্রহ্মজন্মভিশ্চতুর্মুখজন্মভিরপি কিং কিমিত্যর্থঃ ॥ ৫১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রূঢ়ভাবাঃ মহাভাববত্যঃ। যদিতি যং নিরূঢ়ভাবং ভবভিয়ো মুমুক্ষবঃ মুনয়ো মুক্তাঃ বয়ঞ্চ শ্রীকৃষ্ণসঙ্গিনোঽপি ভক্তা বাঞ্ছন্তি নতু প্রাপ্নুবন্তি। অতোঽনন্তকথাসু রসো রাগো যস্য তস্য ব্রহ্মজন্মভি র্বিপ্রসম্বন্ধিভিঃ শৌক্রসাবিত্র্যাজ্ঞিকৈস্ত্রিভি র্জন্মভি শ্চতুর্মুখজন্মভি র্বা কিং কোঽতিশয়ঃ ন কোঽপি। যতোঽনন্তকথাসু রাগ এব সর্ব্বোৎকর্ষপ্রতিপাদকো নান্য ইতি ভাবঃ। যদ্বা। অনন্তকথাসু অরূঢ়ো যস্য তস্য বিপ্রজন্মভি র্বা কিং। যতস্তৎকথাসু রাগা-ভাব এব তত্তৎসর্ব্ববৈফল্যপ্রতিপাদক ইতি ভাবঃ ॥ ৫১ ॥

যিনি বিশ্ব সংসারের সার আত্মা ; এই গোপবধূগণ যখন সেই শ্রীকৃষ্ণে এরূপ চিত্ত সমর্পণ করিতে সক্ষম হইয়াছে, তখন জগতে ইহারাই সার্থক জন্ম গ্রহণ করিয়াছে ! অহো ! এরূপ প্রেম মুক্তিপ্রার্থী মুনিগণ এবং আমাদের ন্যায় ভক্তবৃন্দ চিরকাল প্রার্থনাই করিতেছে ; সম্পূর্ণ লাভে অধিকারী কেহই হন নাই। অনন্তদেব ভগবানের লীলাকথায় যদি প্রকৃত অনুরাগ জন্মে, তবে ব্রাহ্মণ হইয়া, অধিক কি ! চতুরানন ব্রহ্মা হইয়াও, জন্ম-ধারণের আর বিশেষ কি স্বার্থলাভ হইয়া থাকে ? ॥ ৫১ ॥

আভাস।

বস্তুত গোপীগণকে প্রণাম করা যে অন্যায় হয় নাই, তাহা শ্রীধরস্বামী ব্যাখ্যা করিয়াছেন ॥ ৫০ ॥

ব্রাহ্মণ সৎকুলে সমুদ্ভূত এবং সাবিত্র্যাদি দীক্ষায় সংস্কৃত বলিয়াই যে, বর্ণত্রয়ের মধ্যে প্রধান, তাহা নহে ; এবং ব্রহ্মা সমগ্র ব্রহ্মাণ্ড সৃজনে সমর্থ বলিয়াই যে জগতে পূজিত, তাহা নহেন ; কিন্তু ইঁহারা উভয়েই অনন্তদেব ভগবানের মহিমা অবধারণে সক্ষম ; এই নিমিত্তই শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত। অতএব ঈশ্বরের প্রতি প্রেম-ধারণে যোগ্যতাই শ্রেষ্ঠত্বের হেতু। গোপিকাগণ কৃষ্ণ-প্রেমে উন্মাদিনী ; সুতরাং জগতে শ্রেষ্ঠ ও পূজিত হইয়াছেন ॥ ৫১ ॥

-অতএব জনগণের পক্ষে জগতে উৎকর্ষলাভার্থ ভক্তিই এক মাত্র কারণ এবং সেই ভক্তি

কেমা স্ত্রিয়ো বনচরী ব্যভিচারদুষ্টাঃ কৃষ্ণে কচৈষ পরমাত্মনি রূঢ়ভাবঃ।

অন্বয়ঃ।

ইমাঃ ব্যভিচারদুষ্টাঃ (ব্যভিচারেণ কামসংকল্পেন দুষ্টাঃ) বনচরীঃ বনচর্য্যঃ সৎসঙ্গরহিতাঃ, গোপ্যঃ ক! এষঃ অতিদুর্লভঃ পরমাত্মনি কৃষ্ণে রূঢ়ভাবঃ নিশ্চলস্নেহশ্চ ক! ঈশ্বরঃ সর্ব্বং কর্ত্তুং

শ্রীধরস্বামী।

কিঞ্চ ঈশ্বরপ্রসাদো মহত্ত্বে কারণং। তস্য চ ন জাতিরাচারো জ্ঞানং বা কারণং কিন্তু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাজ্জনানাং মহোৎকর্ষে ভক্তিরেব কারণং নতু তপোজ্ঞানাদিকং। সাচ ভক্তিঃ স্বয়ং সর্ব্বোৎকৃষ্টাপি সর্ব্বলোক-প্রতিষ্ঠিতত্বেন সর্ব্বোৎকৃষ্টেঽপি স্থলে ন তিষ্ঠতি সর্ব্বলোকবিগীতত্বেনাতিনিকৃষ্টেঽপি স্থলে তিষ্ঠতি স্থিত্বা চ তদেব স্বাস্পদং সর্ব্বোৎকৃষ্টং সর্ব্বপূজ্যং সর্ব্বদুর্লভপদবীকঞ্চ করোতীতি সবিস্ময়ঃ সরোমাঞ্চমাহ কেতি দ্বাভ্যাং। ইমাঃ স্ত্রিয়ঃ ইতি। স্ত্রীত্বেন গোপসন্ততিত্বেন চ জাত্যা বিগীতাঃ বনচরীর্বনচর্য্য ইতি বনভ্রমণশীলত্বাৎ স্বভাবেনাপি ব্যভিচারদুষ্টা ইত্যাচারেণাপি বিগীতা ইমাঃ ক্ব কৃষ্ণে পরমাত্মনি বৈকুণ্ঠনাথাদিভ্য আত্মভ্যোঽপি পরমে সর্ব্বাংশিনি পূর্ণস্বরূপে রূঢ়ভাবঃ ভক্তেরপি পরমমহান্ বিলাসো মহাভাব কেত্যন্তাসম্ভবে রুদ্বয়প্রয়োগঃ। অহো অত্যাশ্চর্য্যমিতি বিমৃশ্য ক্ষণং বিভাব্য জ্ঞাততত্ত্বো নৈতদত্যাশ্চর্য্যমিত্যাহ নন্বিতি নিশ্চয়ে। নু ভো ইতি স্বমন এব সংবোধ্যোক্তিঃ। ঈশ্বরো ভগবান্ ভজতো জনস্য নাপি ভজনসিদ্ধস্য অবিদুষোঽপি ত্বৎপদার্থ-তৎপদার্থ-জ্ঞানরহিতস্যাপি সাক্ষাৎশ্রেয়ঃ সংসারমুক্তিপূর্ব্বকস্বপ্রেমরসাস্বাদরূপং মঙ্গলং সর্ব্বমুক্তৈরপি দুর্লভং বস্তু তনোতি। যথা অগদরাজোঽমৃতং উপযুঞ্জঃ পীতঃ সন্ তৎস্বরূপমজানতোঽপি জনস্য শ্রেয়ঃ সর্ব্বব্যাধি-

---

অহো! সদাচারানভিজ্ঞা অথচ লোকদৃষ্টিতে ব্যভিচার-দোষে কলঙ্কিনী এই গোপিকাগণ কোথায়! এবং পরম দুর্লভ পরমাত্মস্বরূপ শ্রীকৃষ্ণে তাদৃশ আসক্তিপূর্ণ প্রেমভাবই বা কোথায়! ভগবানই সমস্ত সম্পাদনে সমর্থ! যাহারা তাঁহাকে নিরন্তর ভজনা করে, তাহারা অজ্ঞানতা-নিবন্ধন তাঁহার

আভাস।

উৎকৃষ্ট স্থান দেখিয়াই যে অগ্রসর হয়, তাহা নহে। ভক্তি হইলে, নিকৃষ্ট অধিকারীও উৎকৃষ্ট হয়; অথচ তপস্যা বা বিচারের অনুষ্ঠানেও যদি ভক্তি সঞ্চিত না হয়, তাহা হইলে উৎকৃষ্ট জন্ম ও অপকৃষ্টের মধ্যে গণ্য হইয়া যায়। নীচ গোপকুলে সংস্কারহীন নারীদেহ পরিগ্রহ করিয়া, ভদ্রসমাগম ব্যতীত বনে বনে ভ্রমণ করিয়া এবং স্বভাবত ব্যভিচারদোষে কলঙ্কিতা হইয়াও, গোপিকাকুল এক কৃষ্ণপ্রেমের অনুরোধে জগতে সর্ব্বোচ্চ পদ প্রাপ্ত হইলেন; অহো! সমস্তই সেই এক ভগবানের কৃপায় ঘটিয়া থাকে। তাঁহাকে আরাধনা করিতে পারিলে, অজ্ঞানী ব্যক্তিও তৎতৎ পদার্থের অবধারণে সাক্ষাৎসম্বন্ধে অপূর্ব্ব শ্রেয়ঃ মুক্তিপদও প্রাপ্ত হইয়া থাকে। অমৃতের অপূর্ব্ব গুণের বিষয় পরিজ্ঞাত না হইয়াও, যদি কেহ উপযুক্ত পরিমাণে অমৃত পান করেন,

নস্বীশ্বরো নু ভজতো বিদুষোঽপি সাক্ষাৎ শ্রেয়স্তনোত্যগদরাজ ইবোপযুক্তঃ ॥৫২॥

অন্বয়ঃ।

সমর্থঃ; নু নিরন্তরং, ভজতঃ জনস্য অবিদুষঃ স্বপ্রভাবং অজানতঃ, অপি সাক্ষাৎ স্বয়মেব উপযুক্তঃ উপভুক্তঃ, অগদরাজঃ ঔষধিশ্রেষ্ঠঃ অমৃতং, ইব শ্রেয়ঃ ফলং, তনোতি বিস্তরতঃ দদাতি এব ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

কেবলং ভজনমেব ইত্যাহ কেমা ইতি। সাক্ষাদ্ভজতঃ পুংসঃ। নু অহো। উপযুক্তঃ সেবিতঃ। অগদরাজো হ্যমৃতং যথেতি ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রশমনপূর্ব্বকমপূর্ব্বাস্বাদবিশেষং তনোতি কিং পুনরাসাং ভক্তিসিদ্ধনিত্যসিদ্ধ-শিরোমণীনাং তৎস্বরূপরূপগুণৈশ্বর্য্যমাধুর্য্যমহাবিদুষীণাং তৎপরিচর্য্যোপকরণীকৃতস্বীয়বুদ্ধীন্দ্রিয়সর্ব্বগাত্রযৌবনালঙ্কারপরিচ্ছদানাং নারদাদিসর্ব্বভক্তদুর্লভং রূঢ়ভাবং ন তনুয়াদিতি ভাবঃ। রূঢ়ভাবস্য লক্ষণমুজ্জ্বলনীলমণৌ দৃশ্যং। ব্যভিচারদুষ্টা ইতি স্ত্রীণাং ত্রৈবিধ্যাৎ ব্যভিচারস্ত্রিবিধঃ। পতিমুপপতিঞ্চ রময়ন্ত্যা একঃ। সহি লোকশাস্ত্রয়ো র্বিগীতঃ। পতিং ত্যক্ত্বা উপপতিমেকমেব রময়ন্ত্যা অন্যঃ। সহি লোকশাস্ত্রবিগীতত্বেঽপি একপুরুষমাত্রপ্রীতিমত্ত্বেন রসশাস্ত্রসঙ্গীতঃ। স্বপতিং ত্যক্ত্বা উপপতিবুদ্ধ্যা ভগবন্তমেব রময়ন্ত্যা অপরঃ সহ্যনভিজ্ঞলোকবিগীতত্বেঽপ্যভিজ্ঞলোকসঙ্গীতত্বাল্লোকশাস্ত্রয়োঃ পরমার্হণীয়ত্বাচ্চ। যদ্যপি ন ব্যভিচারস্তদপি ব্যভিচারসাধর্ম্ম্যাদেব ব্যভিচার উচ্যতে। ব্রজসুন্দরীণাং। অতোঽত্র ব্যভিচারেণ দুষ্টা ইবেতি ব্যাখ্যেয়ং ॥ ৫২ ॥

স্বরূপাবধারণে অসমর্থ হইলেও, ঔষধিশ্রেষ্ঠ অমৃত যেমন পানকারীর পবিত্রতা ও আরোগ্য স্বতই সাধন করে, সেইরূপ ভগবান্ নিজে ভক্ত-হৃদয়ের কালুষ্য নিবারণপূর্ব্বক, পরমার্থভাবের উদ্বোধন করিয়া দেন ॥ ৫২ ॥

আভাস।

তাহা হইলে তিনি যেমন অমৃত-পানের ফলে বঞ্চিত হন না, রোগোপশম এবং আনন্দ-লাভ এই উভয়ই তাহার ঘটিয়া থাকে, সেইরূপ তত্ত্বমসি এই মহাবাক্যোক্ত ভাবের অবধারণ না করিয়াও যদি কেবল ভগবানকেই আরাধনা করা হয়, তাহা হইলে ভগবান্ নিজেই ভক্তের হৃদয়ে জীব, জগৎ ও পরমাত্মভাবের গূঢ় তত্ত্বের উদ্বোধন করাইয়া দেন। ব্রজসুন্দরীগণের আসক্তি নারদাদি ভক্তবৃন্দের ন্যায় নহে; তদপেক্ষা অনেক অধিক। ইহা অভিসারিকার উপপতিপ্রেম। লোকসমাজে ও শাস্ত্রে গর্হিত হইলেও, ব্রজবনিতাগণ পরাৎপর শ্রীকৃষ্ণে উক্ত প্রেম নিক্ষেপ করায়, ইহা বিশেষ সুখ্যাতির ভাব বলিয়াই পরিগণিত হইয়াছে; গোপিকাগণ সাধারণত লোকদৃষ্টিতে কলঙ্কিনী হইলেও, পরমার্থ-দৃষ্টিতে বিশেষ তপস্বিনীরই পরিচয় প্রদর্শন করিয়াছেন ॥ ৫২ ॥

ভূতভাবন ভগবান্ কৃষ্ণরূপে অবতীর্ণ হইয়া গোচারণ, বানর ও বালকদিগের সহিত একত্র

নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদঃ স্বর্যোষিতাং নলিনগন্ধরুচাং কুতোঽন্যাঃ

অন্বয়ঃ।

রাসোৎসবে রাসক্রীড়ায়াং, অস্য কৃষ্ণস্য, ভুজদণ্ডগৃহীতকণ্ঠলব্ধাশিষাং (ভুজদণ্ডাভ্যাং গৃহীতঃ আলিঙ্গিতঃ কণ্ঠঃ তেন লব্ধাঃ আশিষঃ মনোরথাঃ যাভিঃ তাসাং) ব্রজসুন্দরীণাং গোপীনাং, যঃ অয়ং ভগবৎপ্রসাদঃ উদগাৎ আবির্বভূব, সঃ অয়ং প্রসাদঃ, নলিনগন্ধরুচাং (নলিনস্য ইব গন্ধঃ রুক্ কান্তিঃ চ যাসাং তাসাং) স্বর্যোষিতাং উ অহো! অঙ্গে বক্ষসি,

শ্রীধরস্বামী।

অত্যন্তাপূর্ব্বশ্চায়ং গোপীষু ভগবতঃ প্রসাদ ইত্যাহ নায়মিতি। অঙ্গে বক্ষসি। উ অহো। নিতান্তরতেরেকান্তরতেঃ শ্রিয়োঽপি নায়ং প্রসাদোঽনুগ্রহোঽস্তি। নলিনস্যেব গন্ধো রুক্ কান্তিশ্চ যাসাং তাসাং স্বর্গাঙ্গনানাং অপ্সরসামপি নাস্তি অন্যাঃ পুনর্দূরতো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথা সর্ব্বাবতারিশ্রেষ্ঠ এব কৃষ্ণো গোচারণ-বানরবালক-সহ-ভোজিত্ব-দধিচৌর্য্য-পরস্ত্রী-চৌর্য্যাদিলোকবিগানং গৃহীত্বৈব সর্ব্বসঙ্গীতঃ সর্ব্বোৎকর্ষসীমানং প্রাপ তথৈব সর্ব্বাহ্লাদিনী-শক্তিশিরোমণিভূতা অপি ইমাঃ স্ত্রিয়ো গোপস্ত্রীত্ব-বনচারিত্ব-ব্রজলোক-বিখ্যাত-ব্যভিচারাদি বিগানং গৃহীত্বৈব লক্ষ্ম্যাদিভ্যোঽপি পরমসৌভাগ্যোৎকর্ষসীমানমবাপুরিত্যাহ নায়মিতি। অয়ং প্রসাদঃ। উ অহো অঙ্গে নারায়ণস্য বক্ষসি বর্ত্তমানায়াঃ শ্রিয়োঽপি নিতান্তরতেঃ প্রাপ্তাত্যন্তরমণায়া অপি কদাপি নোদগাৎ কুতঃ পুনঃ স্বর্যোষিতাং উপেন্দ্রাদ্যবতারপত্নীনাং নলিনস্যেব গন্ধো রুক্ কান্তিশ্চ যাসামিতি সৌন্দর্য্যসৌরভ্যাদিমত্ত্বে সত্যপীতি ভাবঃ। অন্যা অন্যাবতারস্ত্রিয়ঃ পুনঃ কুত এতৎপ্রসাদভাজঃ স্যুরিত্যর্থঃ। রাসোৎসবে অস্য তু ভুজদণ্ডাভ্যাং গৃহীত আলিঙ্গিতো যঃ কণ্ঠস্তেন লব্ধা আশিষো যাভিস্তাসাং তেন ভক্তিমজ্জনানাং মধ্যে

রাসক্রীড়াকালে এই শ্রীকৃষ্ণের বাহুদণ্ডে আলিঙ্গিতকণ্ঠ হওয়ায়, যে সকল গোপিকাগণের যাবদীয় সাধই পূর্ণ হইয়াছিল, সেই ব্রজ-ললনাগণের প্রতি ভগবানের যেরূপ অনুগ্রহের পরিচয় হইয়াছিল, এই সৃষ্ট ব্রহ্মাণ্ডে অন্য কেহই তাদৃশ অনুগ্রহ লাভে সমর্থ হন নাই। অধিক কি! অপূর্ব্ব সৌরভ এবং সৌন্দর্য্য-বিশিষ্ট বিকচ-নলিনীর ন্যায়, লাবণ্যসম্পন্না দেববনিতাগণ, এমন কি! শ্রীকৃষ্ণের বক্ষস্থলে স্বর্ণরেখাকারে নিত্য-নিবাসিনী স্বয়ং কমলাও

আভাস।

ক্রীড়া ও উচ্ছিষ্টভোজন, দধিচুরি এবং পরস্ত্রীহরণাদি কার্য্যের জন্য বিবিধ লোকনিন্দাকে স্বীকার করিয়াও, যেমন সকলের কীর্ত্তনীয় এবং উৎকর্ষলাভের চরম সীমায় আরোহণ পূর্ব্বক শ্রেষ্ঠাবতার বলিয়া গণনীয় হইয়াছেন, সেইরূপ সর্ব্বাহ্লাদিনী শক্তির ললামভূতা এই গোপরমণীগণ জাতিতে অতি নিকৃষ্টা, শিক্ষায় বনচারিণী এবং চরিত্রসম্বন্ধে ব্যভিচার প্রভৃতি দোষ স্বীকার করিয়াও, পরমার্থ দৃষ্টিতে স্বয়ং কমলাদির অপেক্ষা পরম সৌভাগ্যের চরম সীমায় যে আরোহণ

রাসোৎসবেঽস্য ভুজদণ্ডগৃহীতকণ্ঠলব্ধাশিষাং য উদগাদ্ব্রজসুন্দরীণাং ॥ ৫৩ ॥
আসামহো চরণরেণুজুষামহং স্যাং বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনাং।

অন্বয়ঃ।

নিতান্তরতেঃ একান্তরতিমত্যাঃ শ্রিয়ঃ লক্ষ্ম্যাঃ, অপি ন অভূৎ অতঃ অন্যাঃ স্ত্রিয়ঃ কুতঃ এবং প্রসাদবিষয়াঃ ভবেযুঃ ॥ ৫৩ ॥

যাঃ গোপ্যঃ, দুস্ত্যজং স্বজনং পতিপুত্রাদিকং, আর্য্যপথং (আর্য্যাণাং পন্থানং) চ হিত্বা শ্রুতিভিঃ বিমৃগ্যাং অতিদুর্ল্লভাং, মুকুন্দপদবীং (মুকুন্দস্য মুক্তিদাতুঃ শ্রীকৃষ্ণস্য পদবীং প্রাপ্তি-

শ্রীধরস্বামী।

নিরস্তাঃ। রাসোৎসবে শ্রীকৃষ্ণভুজদণ্ডাভ্যাং গৃহীত আলিঙ্গিতঃ কণ্ঠস্তেন লব্ধা আশিষো যাভিস্তাসাং গোপীনাং য উদগাৎ আবির্বভূব ॥ ৫৩ ॥

কিঞ্চ। আস্তাং তাবদ্গোপীনাং ভাগ্যং মম ত্বেতাবৎ প্রার্থ্যমিত্যাহ আসামিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বোৎকর্ষকোট্যাং গোপ্য এব স্থিতাঃ। সাক্ষাৎ শ্রেয়সোঽপি মধ্যে সর্ব্বোৎকৃষ্টকোট্যাং রাস ইতি সূচিতং ॥ ৫৩ ॥

তস্মাদাসাং ভাবে পরমদুর্ল্লভে মনোরথস্যাপ্যনৌচিত্যাৎ বাঞ্ছন্তি যদ্ভবভিয়ো মুনয়ো বয়ঞ্চেতি যন্ময়োক্তং তদবিচারাদেব। সাম্প্রতন্তু সবিচারমাশাসে এতদেব মে ভূয়াদিত্যাহ আসামিতি। ইমা যাসামুপরি চরণৌ বিন্যষ্যন্তি তাসামতিক্ষুদ্রজাতীনাং গুল্মলতৌষধীনাং মধ্যে কিমপ্যহং স্যাং। নন্বু ভজনস্য সর্ব্বোৎকৃষ্টকাষ্ঠা কা ত্বেতাসু বর্ত্ততে। যামে-বালক্ষ্য ত্বমাসামেব চরণরেণূন্ বাঞ্ছসি নতু লক্ষ্ম্যাদীনামপীত্যত আহ যা ইত্যাদি। লোক-

---

যখন তাদৃশ অনুগ্রহ লাভের পাত্রী হন নাই, তখন অন্য ব্যক্তির কথা উল্লেখ করা কেবল নিরর্থক মাত্র ॥ ৫৩ ॥

যে গোপিকাগণ অপরিহার্য্য পতি পুত্রাদি স্বজনবর্গ এবং পূর্ব্বপরানুগত আর্য্যগণের ধর্ম্মপথ পরিত্যাগ করিয়া, সমগ্র শ্রুতির অন্বেষণীয় মুক্তিদাতা ভগবানের প্রাপ্তিমার্গকে অনুসরণ পূর্ব্বক একাগ্রতা সহকারে কৃষ্ণচিন্তনেই

আভাস।

করিয়াছিলেন, তাহারই পরিচয় এই শ্লোকে, বিশেষরূপে বিবৃত করা হইয়াছে। ব্রজবনিতাগণ ভক্তি-মানের সর্ব্বোৎকৃষ্ট সীমায় এবং ঐশ্বর্য্যপ্রাপ্তির চরম প্রকোষ্ঠে আরোহণ করিয়াছিলেন ॥ ৫৩ ॥

শ্রীকৃষ্ণের প্রতি ব্রজললনাগণের আসক্তি সন্দর্শনে উদ্ধব সম্পূর্ণ বিস্মিত হইলেন। তিনি তাদৃশ আসক্তির তুলনা জগতে কুত্রাপি দর্শন করিতে পান নাই; সুতরাং পূর্ব্বে মুনিগণের বা তাঁহার ন্যায় ভক্তগণের ভাবের সহিত যে তুলনা দিয়া ছিলেন, তজ্জন্য মনে মনে লজ্জিত হইলেন; এবং প্রকাশ্যে বলিলেন যে, ওরূপ আসক্তিলাভের অধিকারী বিবেচনায় আত্মপরিচয় দেওয়াও যেন, মূর্খতার লক্ষণ; উদ্ধব এইরূপ স্থির করত, গোপীপ্রেমের সম্পূর্ণ দুর্ল্লভতারই পরিচয় প্রদান

যা দুস্ত্যজং স্বজনমার্য্যপথঞ্চ হিত্বা ভেজুর্মুকুন্দপদবীং শ্রুতিভির্বিমৃগ্যাং ॥৫৪॥

অন্বয়ঃ।

আর্য্যং, ভেজুঃ কৃষ্ণৈকচিন্তনপরাঃ বভূবুঃ, অহো! আসাং গোপীনাং, চরণরেণুজুষাং গুল্মলতৌষধীনাং, মধ্যে অহং কিমপি বৃন্দাবনে স্যাং ভবেয়ং। (এতেষ্বপি যদি স্যাং তদপি মম দুর্ল্লভং) ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

গোপীনাং চরণরেণুভাজাং গুল্মাদীনাং মধ্যে কিমপি অহং স্যামিতি আশংসা। কথম্ভূতানাং যা ইত্যাদি আর্য্যাণাং মার্গং ধর্ম্মঞ্চ হিত্বা ॥ ৫৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মধৈর্য্যলজ্জামর্য্যাদাদিত্রোটনপূর্ব্বকং মহারাগেণ ভজনমেবং ময়া ন ক্বাপি দৃষ্টমত এব প্রতিরজনি যদা যদা স্বকুলর্ম্মাদিমর্য্যাদা বজ্রশলাকা অপি মহারাগবলেন ত্রোটয়িত্বা কৃষ্ণমভিসরন্তি তদা কৃষ্ণপার্শ্বং প্রতি গমনে বর্ত্মাবর্ত্ম বিচারো নাসামিতি তৃণাদিরূপস্য মম মূর্দ্ধ্নি চরণাবর্পয়িষ্যন্তি। অধুনাতু কোটিশঃ সকাকু প্রার্থিতা অপি নৈতা মন্মূর্দ্ধ্নি চরণান্ আধিৎস্যন্তীত্যত স্তদৈব মম ধন্যজন্মতা ভবিষ্যতীতি ভাবঃ ॥ ৫৪ ॥

তৎপরা হইয়াছিলেন, অহো! তাদৃশ গোপকামিনীগণের চরণরজ যে সমস্ত গুল্ম লতা বা ওষধিগণ প্রাপ্ত হইয়াছিল, আমি যেন তাহাদের মধ্যেও কেহ হইয়া যদি বৃন্দাবনে বাস করিতে পারি, তাহা হইলেও আপনাকে কৃতার্থ-জ্ঞান করিব; সন্দেহ নাই॥ ৫৪ ॥

আভাস।

করিয়াছিলেন। তিনি ভাবিলেন, সাক্ষাৎ গোপীপ্রেমের কথা দূরে থাকুক্, প্রেমিকা গোপবনিতাগণ জগতে অন্য যাহারই কোন সম্বন্ধ রাখে, এমন কি! কৃপা বিতরণে যাহাদের মস্তকে চরণরেণু প্রদানেও বিচরণ করে, তাহারা অতি ক্ষুদ্র লতা বা ওষধি হইলেও, জগতে শ্রেষ্ঠ ও পূজিত, তাহাতে আর সন্দেহ নাই। অতএব তাদৃশ লতা বা ওষধি হইয়া, বৃন্দাবনে জন্ম গ্রহণ করিতে পারিলেও, ভাবি উন্নতির যথেষ্ট আশা থাকে। লোক-লজ্জা ও ধর্ম্মকর্ম্মের প্রতি কিছু মাত্র দৃষ্টি না করিয়া, ইহারা যেমন অনুরাগ প্রদর্শন করিয়াছে, এরূপ অনুরাগের বিষয় আমি কোথায়ও দেখি নাই বা শ্রবণও করি নাই! লৌহশলাকা ভগ্ন করিয়াও ইহারা কৃষ্ণপার্শ্বে উপস্থিত হইতে কোন অংশে ত্রুটি করেন নাই; অতএব ইহাঁরাই প্রকৃত জগতে পূজিত। সম্প্রতি কোটি বার অনুরোধ করিলেও, কখন আমার মস্তকে পদার্পণ করিবেন না। অতএব তৃণ লতা হইয়া বৃন্দাবনে জন্ম পরিগ্রহ করাও আমার পক্ষে শ্লাঘার বিষয়, সন্দেহ নাই॥ ৫৪ ॥

ব্রহ্মাদি স্বয়ংসিদ্ধ এবং সাধনসিদ্ধ যোগিগণের দুর্ল্লভ ধন ভগবৎপদারবিন্দলাভে গোপিকাগণ যে সর্ব্বাপেক্ষা সফল-মনোরথ হইয়াছিলেন, তাহা এই শ্লোকেও বর্ণিত হইয়াছে। অর্থাৎ কমলাসন ব্রহ্মা, সর্ব্বৈশ্বর্য্য-স্বরূপিণী লক্ষ্মী এবং অন্যান্য যোগী এবং মুনিগণ যে পাদপদ্ম পাইবার

যা বৈ শ্রিয়ার্চ্চিতমজাদিভিরাপ্তকামৈ র্যোগেশ্বরৈরপি যদাত্মনি রাসগোষ্ঠ্যাং।
কৃষ্ণস্য তদ্ভগবতঃ প্রপদারবিন্দং ন্যস্তং স্তনেষু বিজহুঃ পরিরভ্য তাপং ॥ ৫৫ ॥
বন্দে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্ণশঃ।

অন্বয়ঃ।

যাঃ গোপ্যঃ বৈ নিশ্চয়ে, শ্রিয়া অর্চ্চিতং পূজিতং, আপ্তকামৈঃ প্রাপ্তৈশ্বর্য্যৈঃ অজাদিভিঃ ব্রহ্মাদিভিঃ, পূজিতং, তথা যোগেশ্বরৈঃ সিদ্ধৈঃ আত্মনি মনসি, চিন্তিতং যৎ ভগবতঃ ঐশ্বর্য্যাদি গুণপূর্ণস্য, কৃষ্ণস্য প্রপদারবিন্দং, তৎ তেনৈব কৃষ্ণেন রাসগোষ্ঠ্যাং স্তনেষু ন্যস্তং পরিরভ্য আলিঙ্গ্য, তাপং কামসন্তাপং বিজহুঃ পরিত্যজুঃ ॥ ৫৫ ॥

অতঃ যাসাং হরিকথোদ্গীতং ভুবনত্রয়ং পুনাতি তাসাং নন্দব্রজস্ত্রীণাং, পাদরেণুং অহং

শ্রীধরস্বামী।

পুনস্তাএব বিশিনষ্টি যা বৈ ইত্যাদি। যোগেশ্বরৈরপি আত্মন্যেবার্চ্চিতং। স্তনেষু ন্যস্তং। পরিরভ্য তাপং জহুরিতি ॥ ৫৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুনরপি তাসাং লক্ষ্ম্যাদিদুর্ল্লভত্বেন তল্লাভান্মাহাত্ম্যমাহ। যা বৈ যা এব স্তনেষু ন্যস্তং কৃষ্ণস্য চরণারবিন্দং পরিরভ্য তাপং জহুঃ যং খলু শ্রিয়া লক্ষ্ম্যা অজাদিভিশ্চ আত্মনি মনস্যেব অর্চ্চিতং নতু সাক্ষাৎ স্পৃষ্টুং শক্যমিতি ভাবঃ। যদ্বাঞ্ছয়া শ্রীর্ললনাচরত্তপ ইত্যাদেঃ রাসগোষ্ঠ্যাং রাসসভায়াং ॥ ৫৫ ॥

এবং মহত্ত্বং প্রতিপাদ্য প্রণমতি বন্দে ইতি। পাদরেণুমভীক্ষ্ণং। তত্রাপি শশ প্রত্যয়েন প্রতিক্ষণমেব নতু ত্রিকালং পঞ্চকালং বেত্যর্থঃ। যাবদনায়াসেন তৎপ্রাপ্ত্যনুকূলতৃণাদিজন্মভাগ্যং মে নাভূদিতি ভাবঃ। যাসাং উদ্গীতং যৎকর্ম্মকমুচ্চৈর্গানমেব হরিকথা ভুবনত্রয়ং পবিত্রীকরোত্যবিদ্যামালিন্যাদিতি ভাবঃ। প্রকরণেঽস্মিন্ ব্যাসাদি মহাবন্ধূনাং তাৎপর্য্যমিদং সর্ব্বভাগবতানাং মধ্যে কৃষ্ণসম্বন্ধিনঃ শ্রেষ্ঠাঃ কৃষ্ণস্য তস্যৈব স্বয়ং ভগবত্ত্বাৎ। তত্রাপি তল্লালাপরিকরা এবান্তরঙ্গাঃ অন্যেষাং তদনুগতত্বাৎ তেষ্বপি শ্রীমানুদ্ধবঃ। ত্বন্তু ভাগবতেষ্বহ-

---

অহো! যে ব্রজনারীগণ, সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা স্বয়ং কমলা এবং পূর্ণকাম ব্রহ্মাদি লোকপালগণেরও সুপূজিত এবং সিদ্ধ যোগেশ্বরগণের হৃদয়-মন্দিরে সুচিন্তিত, সর্ব্বৈশ্বর্য্য-সম্পন্ন ভগবান্ শ্রীকৃষ্ণের চরণারবিন্দ স্ব স্ব কুচমণ্ডলে প্রাপ্ত হইয়া, গাঢ় আলিঙ্গন করত কাম-সন্তাপ পরিত্যাগ করিয়াছিলেন ॥৫৫॥

যাঁহাদিগের বদন-বিনির্গত হরিগুণগাথা ত্রিভুবনকে পবিত্র করিয়াছে,

আভাস।

প্রত্যাশায় নিরন্তর ধ্যান ধারণাদি যোগ এবং তপস্যার অনুষ্ঠান করিয়াও সম্যক্ অবধারণে সক্ষম হন নাই, কিন্তু গোপীগণকে ভগবান্ শ্রীকৃষ্ণ তাহা প্রদানে নিজেই কৃতার্থ করিয়াছিলেন ॥ ৫৫ ॥

এই প্রকারে গোপিকাগণের মহত্ত্ব প্রতিপাদন পূর্ব্বক উদ্ধব তাঁহাদিগকে প্রণাম করিয়াছেন।

যাসাং হরিকথোদ্গীতং পুনাতি ভুবনত্রয়ং ॥ ৫৬ ॥

শ্রীশুক উবাচ ।

অথ গোপীরনুজ্ঞাপ্য যশোদাং নন্দমেব চ ।
গোপানামন্ত্র্য দাশার্হো যাস্যন্নারুরুহে রথং ॥
তং নির্গতং সমাসাদ্য নানোপায়নপাণয়ঃ ।

অন্বয়ঃ।

অভীক্ষ্ণশঃ পুনঃ পুনঃ, বন্দে ॥ ৫৬ ॥

শ্রীশুকঃ উবাচ। অথ গোপীনাং বিরহতাপনিবৃত্ত্যনন্তরং, দাশার্হঃ উদ্ধবঃ, গোপীঃ যশোদাং নন্দং চ অনুজ্ঞাপ্য সৎপ্রার্থ্য, গোপান্ আমন্ত্র্য অভিবাদ্য, চ মথুরাং যাস্যন্ গন্তুং, রথং আরুরুহে ॥

নানোপায়ন-পাণয়ঃ (নানাবিধানি উপায়নানি বস্তূনি পাণিষু যেষাং তে) অশ্রুলোচনাঃ

শ্রীধরস্বামী।

এবং মহত্ত্বং প্রতিপাদ্য নমস্করোতি বন্দ ইতি ॥ ৫৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিতি নোদ্ধবোঽণ্বপি মন্ন্যূন ইত্যাদি দর্শনাত্তস্যাপীদৃশী ভাবস্পৃহা তাস্বাদরোঽধিকো ন জাতু পট্টমহিষীষ্বপি ইতি কেন বা তাসাং চরণকমলং নানুগমনীয়ং। তত্রাপি শ্রীরাধায়াঃ। ইতি শ্রীবৈষ্ণবতোষণী ॥ ৫৬ ॥

অনুজ্ঞাপ্য অনুজ্ঞাং যাচিত্বা। আমন্ত্র্য স্পৃষ্ট্বা ॥

নানোপায়নানি কৃষ্ণস্য পৌগণ্ডকৈশোরবিলাস-সময় এব যানি সঞ্চিতানি বহুরত্নস্বর্ণমুদ্রা-

---

সেই সকল নন্দগোকুলস্থ গোপবনিতাগণের চরণরেণুকে আমি বারংবার প্রণাম করি ! ॥ ৫৬ ॥

শুকদেব বলিলেন, এই প্রকারে গোপিকাগণের বিরহ-সন্তাপ বিনিবৃত্ত হইলে, ভগবদ্ভক্ত উদ্ধব গোপীগণ, যশোদা এবং নন্দের নিকট অনুমতি লইয়া এবং অন্যান্য গোপগণকে অভিবাদন পূর্ব্বক মথুরায় গমনার্থ রথে আরোহণ করিলেন ॥

ইতিমধ্যে নন্দাদি গোপগণ রামকৃষ্ণের নিমিত্ত বিবিধ দ্রব্য-সামগ্রী হস্তে

আভাস।

তিনি বিস্মিতের ন্যায় গোপীর কার্য্যকে প্রশংসা করত বলিয়াছেন যে, অন্যান্য অবতারের মধ্যে কৃষ্ণাবতারের শ্রেষ্ঠত্ব এক গোপিকার প্রেম ও রাসলীলাদি কার্য্যেই যথার্থ প্রতিপাদিত হইয়াছে। শ্রীকৃষ্ণ পূর্ণ ব্রহ্ম; এবং গোপীসমূহ যে তৎসম্বন্ধীয় বৃত্তিস্থানীয় উৎকৃষ্ট পরম ভাব, তাহা ব্যাসাদি মহাবক্তাগণের প্রকাশের প্রধান তাৎপর্য্য। অন্যান্য সকলেই ভগবানের অন্তরঙ্গ বা অনুগত ভক্ত। অতএব ভগবানের ন্যায়, গোপীগণও প্রণম্য এবং অভ্যর্হিত; সন্দেহ নাই ॥ ৫৬ ॥

নন্দাদয়োঽনুরাগেণ প্রাবোচন্নশ্রুলোচনাঃ ॥ ৫৭ ॥
মনসো বৃত্তয়ো নঃ স্যুঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ।
বাচোঽভিধায়িনী নাম্নাং কায়স্তৎপ্রহ্বণাদিষু ॥ ৫৮ ॥

অন্বয়ঃ।

(অশ্রূণি লোচনয়োঃ যেষাং তে) নন্দাদয়ঃ, নির্গতং নিষ্ক্রান্তং, তং উদ্ধবং, সমাসাদ্য অনুরাগেণ প্রাবোচন্ ॥ ৫৭ ॥

(হে উদ্ধব !) নঃ অস্মাকং, মনসঃ বৃত্তয়ঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ স্যুঃ ; বাচঃ চ তস্য নাম্নাং অভিধায়িনীঃ অভিধায়িন্যঃ স্যুঃ ; কায়ঃ দেহশ্চ তৎপ্রহ্বণাদিষু নমস্কারাদিষু অস্তু ॥ ৫৮ ॥

শ্রীধরস্বামী।

অনুজ্ঞাপ্য অনুজ্ঞাং যাচিত্বা। আমন্ত্র্য স্পৃষ্ট্বা ॥ ৫৭ ॥

নোঽস্মাকং মনসো বৃত্তয়ঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ স্যুঃ। অভিধায়িনীরভিধায়িন্যঃ ॥ ৫৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুক্তালঙ্কারাদীনি যৌবনে সতি কৃষ্ণস্য পরিধাস্যমানানি তদা তু তদ্বিয়োগাত্তেষু মমতা ত্যাগাত্তান্যেবোপায়নত্বেন কল্পিতানি জ্ঞেয়ানি ॥ ৫৭ ॥

ভো আয়ুষ্মন্নুদ্ধব আবয়ো র্মাতাপিত্রোস্তাদৃশেঽপি মহারূপগুণশীলসমুদ্রেঽপি বালকে মহাকঠোরত্বমেবাসীদধুনাপি বর্ত্তত এব। তদানীং যদ্বহুতরস্নেহলালনাদিকং কৃতং তৎ সর্ব্বং কৃত্রিমমেবেত্যধুনাবগতং। যত্তদ্বিরহেঽপ্যাবাভ্যাং জীব্যতে। পিতা খলু জগত্যেকঃ স এব দশরথো যঃ পুত্রং রামং বিদূরগতং শ্রুত্বৈব প্রাণাংস্তত্যাজ। আবয়োস্তু তস্মিন্ পুত্রে কৃষ্ণে প্রেমগন্ধোঽপি নাস্তীত্যতএবাভিজ্ঞচূড়ামণিরস্মৎপুত্রঃ স্বস্বানুরূপৌ পিতরৌ পরিত্যজ্য পরমেশ্বরত্বেনাতর্ক্যচরিত্রত্বাদন্যাবেব দেবকীবসুদেবৌ পিতরৌ চকার। তদ্ধিক্ আবাং ত্রিজগত্যতিদুর্ভগৌ যশোদানন্দৌ। তদপি কস্মিংশ্চিদপি ভাবিজন্মনি তস্মিন্মতিঃ স্যাদ্রতিঃ

লইয়া, গমনোন্মুখ উদ্ধবের সমীপে অশ্রুপূর্ণলোচনে উপস্থিত হইয়া, অনুরাগভরে বলিলেন— ॥ ৫৭ ॥

হে উদ্ধব ! আমাদের একান্ত প্রার্থনা যে, আমাদের যাবদীয় মনোবৃত্তি কৃষ্ণপাদপদ্মেই যেন নিয়ত সংলগ্ন থাকে ! বাক্য যেন, তাঁহার গুণগাথাই গান করে এবং দেহ যেন, তাঁহার চরণে প্রণামাদিতেই নিরন্তর নিযুক্ত থাকে ! ॥৫৮

আভাস।

অনন্তর উদ্ধব যখন নন্দাদি সকল ব্রজবাসীকে অভিবাদন, আমন্ত্রণ ও তাঁহাদের অনুমতি গ্রহণ পূর্ব্বক মথুরায় গমন করিবার নিমিত্ত রথে আরোহণ করিলেন, তখন নন্দাদি গোপগণ কৃষ্ণবলরামের নিমিত্ত নানাবিধ দ্রব্যসামগ্রী আনয়ন করত, তাঁহার হস্তে প্রদান করিলেন ॥ ৫৭ ॥

এবং বলিলেন, হে উদ্ধব ! আমরা পিতা মাতা হইয়া, তাদৃশ রূপ গুণ এবং সচ্চরিত্রের সমুদ্রভূত শ্রীকৃষ্ণরূপ পুত্রে ত কোনরূপ বাৎসল্যের পরিচয় দিই নাই। যে কিছু স্নেহ বা লালন

কর্ম্মভির্ভ্রাম্যমাণানাং যত্র ক্বাপীশ্বরেচ্ছয়া।
মঙ্গলাচরিতৈর্দানৈ রতির্নঃ কৃষ্ণ ঈশ্বরে ॥

অন্বয়ঃ।

কর্ম্মভিঃ (তদনুরূপয়া) ঈশ্বরেচ্ছয়া যত্র ক্বাপি (দেবমনুষ্যাদিষু) ভ্রাম্যমাণানাং নঃ অস্মাকং, মঙ্গলাচরিতৈঃ দানৈঃ পুণ্যাদিভিঃ ঈশ্বরে কৃষ্ণে, রতিঃ অনুরাগঃ, অস্তু এব ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্যাদিতি প্রার্থয়তে দ্বাভ্যাং মনসো বৃত্তয়ো নঃ স্যুরিতি। মহানুরাগমহাবর্ত্ত এবায়ং। অতএব মন আদীন্দ্রিয়াণাং প্রতিক্ষণমেব কৃষ্ণরূপাদিনিমগ্নত্বেঽপি মনসো বৃত্তয়ঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ স্যুরিতি রতিঃ স্যাদিতি প্রার্থনায়াং লিঙ্ দৈন্যসঞ্চারিণো মহাপ্রাবল্যং জ্ঞাপয়তি। কিঞ্চ। সখ্যবাৎসল্যোজ্জ্বলপ্রেমবতাং স্বভাব এবায়ং যৎ বিরহবৈবশ্যেন বিষয়ালম্বনস্য স্বস্মিন্নৌদাসীন্যজ্ঞানেন চ জনিতে মহাদৈন্যে স্বস্বভাববিচ্যুতিদাস্যভাবগ্রহণঞ্চ। যথা ময়ি কৃষ্ণে নাদ্যাবধি নঃ বিশ্বস্তমৌদাসীন্যাদেবেতি মত্বা বলদেবেন প্রায়ো মায়াস্ত মে ভর্ত্তুরিত্যুক্তং। দাস্যাস্তে কৃপণায়া মে ইতি বৃন্দাবনেশ্বর্য্যা। ক্বচিদপি স কথাং নঃ কিঙ্করীণাং গৃণীতে ইতি শ্রীগোপীভিঃ। মনসো বৃত্তয়ো নঃ স্যুরিতি শ্রীনন্দাদ্যৈঃ। নতু সুখসময়েঽপি দেবকী-বসুদেবাভ্যামিব যুবাং ন নঃ সুতাবিত্যাদিকমৈশ্বর্য্যজ্ঞানজনিতস্বসম্বন্ধত্যাগপূর্ব্বকং কদাচ-প্যুক্তং ॥ ৫৮ ॥

কৃষ্ণভক্ত্যা মহানুরাগময্যা। কৃষ্ণপালিতামিত্যত এবোদ্ধবেন ব্রজভূমাবত্যনুরক্তেনাপি

বিবিধ কর্ম্মফলের অনুরোধে ঈশ্বরের ইচ্ছায় দেব মনুষ্যাদি যে কোন যোনিতেই গমন করি না, সেই সেই স্থলে যাবতীয় পুণ্য কর্ম্ম এবং দানাদি উৎসবের ফলে যেন, পরাৎপর শ্রীকৃষ্ণেই আমাদের অনুরাগ জন্মে ॥

আভাস।

পালনাদির যত্ন করিয়াছি, সে সমস্তই কৃত্রিম; প্রকৃত স্নেহ বা বাৎসল্য ভাব আমাদের হৃদয়ে নিতান্তই বিরল। যদি প্রকৃত স্নেহ থাকিত, তাহা হইলে কি কৃষ্ণের বিরহে আমাদের জীবন এত-কাল রক্ষিত হইত? জগতে পিতা বলিয়া একজন ব্যক্তি মাত্র পরিচিত হইয়াছেন; তিনি রাজা দশরথ। শ্রীরামচন্দ্র বনে গমন করিলেন শ্রবণ করিয়াই, জীবন উৎসর্গ করিয়াছেন। শ্রীকৃষ্ণ-রূপ পুত্রের নিমিত্ত সেরূপ প্রেমের গন্ধও ত আমাদের হৃদয়ে জন্মে নাই। অভিজ্ঞ-চূড়ামণি কৃষ্ণ তাহা অবগত হইয়াই আমাদিগকে পরিত্যাগ পূর্ব্বক, দেবকী-বসুদেবকে জনকজননীরূপে স্থির করিয়াছেন। অতএব পূর্ণব্রহ্মকে পুত্ররূপে প্রাপ্ত হইয়াও, নন্দ যশোদা প্রেমে বঞ্চিত হইয়াছে, এ কলঙ্ক ভুবনত্রয়ে ব্যাপ্ত রহিল। যদি হতভাগ্য বলিয়া জগতে কেহ থাকে, তবে লোকে নন্দ-যশোদার নাম অগ্রে উল্লেখ করিবে। হে উদ্ধব! শ্রীকৃষ্ণ যে পরম পুরুষ, তাহা আমরা জানিয়াও সম্যক্ অবধারণে সক্ষম হই নাই; অদ্য তুমিই আমাদিগকে তাহা অবধারণ করাইলে। এক্ষণে প্রার্থনা! যেন কৃষ্ণ-চরণারবিন্দে আমাদের মতি এবং রতি জন্মে! যে কোন যোনিতে

এবং সভাজিতো গোপৈঃ কৃষ্ণভক্ত্যা নরাধিপ।
উদ্ধবঃ পুনরাগচ্ছন্ মথুরাং কৃষ্ণপালিতাং ॥ ৫৯ ॥
কৃষ্ণায় প্রণিপত্যাহ ভক্ত্যুদ্রেকং ব্রজৌকসাং।

অন্বয়ঃ।

হে নরাধিপ! কৃষ্ণভক্ত্যা গোপৈঃ এবং সভাজিতঃ সংপূজিতঃ উদ্ধবঃ কৃষ্ণপালিতাং মথুরাং পুনঃ আগচ্ছন্ ॥ ৫৯ ॥

শ্রীধরস্বামী।

নঃ কৃষ্ণে রতিঃ স্যাদিতি ॥ ৫৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র গতং। সম্প্রতি মথুরা কৃষ্ণেন পাল্যতে ব্রজঃ কথং ন পাল্যতে ইত্যুপালব্ধুমেবেতি মুনেরাশয়ঃ ॥ ৫৯ ॥

ব্রজৌকসাং ভক্ত্যুদ্রেকং মথুরৌকোভ্যঃ সকাশাদিত্যর্থস্তেন ভোঃ প্রভো কৃষ্ণ ত্বং ভক্তিবশো ভক্তিপ্রাপ্যো ভক্তিদৃশ্য ইতি সর্ব্বশাস্ত্রার্থস্তেষাং চ ময়া ত্বদীয়সর্ব্বভক্তেভ্যোঽপি সকাশাৎ ভক্ত্যুদ্রেক এব দৃষ্টো যতঃ। শ্বেতীকৃতাখিলজনং বিরহেণ তবাধুনা। গোকুলং কৃষ্ণ দেবর্ষেঃ শ্বেতদ্বীপভ্রমং দধে। তৎপিতু র্নন্দস্য তু মহানুরাগভ্রমিরিয়ং ত্বয়ৈব রোদ্ধুং

হে নরনাথ! কৃষ্ণভক্তির প্রকাশে গোপগণ কর্ত্তৃক এই প্রকারে সুপূজিত উদ্ধব শ্রীকৃষ্ণপালিত মথুরায় পুনরায় গমন করিলেন ॥ ৫৯ ॥

এবং তথায় উপস্থিত হইয়া শ্রীকৃষ্ণ, বসুদেব, বলরাম ও রাজা উগ্রসেনকে

আভাস।

গমন করি, আর যেন এরূপ বঞ্চিত না হই! এইরূপ নানাবিধ উক্তির প্রয়োগে নন্দাদিগণ কৃষ্ণপ্রেম প্রার্থনা করিয়াছেন ॥ ৫৮ ॥

নন্দাদির কাতরোক্তি শ্রবণে উদ্ধবের হৃদয়ে সঙ্গা হইল। তিনি ভাবিলেন, যে ব্রজে শ্রীকৃষ্ণের এত আনুরক্তি ছিল, এক্ষণে তাহার কিছুই লক্ষ্য হইতেছে না! ইহাঁদের দুর্দ্দশা দর্শনে চিত্তে যেন কেমন নিরাশার উদয় হইতেছে! অতএব আর পুরুষকারের উপর নির্ভর দেওয়া কর্ত্তব্য নহে। ভগবানের অনুগ্রহের অনুসরণ করাই সর্ব্বতোভাবে বিধেয়। যে স্থানে তাঁহার আনুরক্তি অল্প হইয়াছে, সে স্থানে আর অবস্থান করা কোনমতে কর্ত্তব্য নহে; যে মথুরাকে তিনি নিজে পালন করিতেছেন, সম্প্রতি অবিলম্বে সেই মথুরায় উপস্থিত হইয়া, ভগবানের প্রতিপাল্যের মধ্যে হওয়াই আমার নিতান্ত প্রয়োজন। এই বলিয়া, শ্রীকৃষ্ণকে স্মরণ করত উদ্ধব মথুরাভিমুখে যাত্রা করিলেন ॥ ৫৯ ॥

মথুরায় উপস্থিত হইয়া, কৃষ্ণবিরহে ব্রজবাসীর অবস্থা আনুপূর্ব্বিক সকলের নিকট বর্ণন করিলেন; এবং শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে প্রভো শ্রীকৃষ্ণ! তুমি যে ভক্তির বশবর্ত্তী, ভক্তিতে তোমাকে পাওয়া যায় এবং ভক্তিতে তুমি দেখা দাও, তাহা সকল শাস্ত্রেই বর্ণিত

বসুদেবায় রামায় রাজ্ঞে চোপায়নান্যদাৎ ॥ ৬০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে শ্রীউদ্ধবপ্রতিযানে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪৭ ॥ * ॥

অন্বয়ঃ।

কৃষ্ণায় বসুদেবায় রামায় রাজ্ঞে উগ্রসেনায় চ প্রণিপত্য ব্রজৌকসাং ভক্ত্যুদ্রেকং আহ উপায়নানি চ অদাৎ ॥ ৬০ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

কৃষ্ণাদিভ্যো ভক্ত্যুদ্রেকমাহ উপায়নানি চাদাদিতি ॥ ৬০ ॥

॥ * ॥ ইতি শ্রীদশমে সপ্তচত্বারিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শক্যা। যদুক্তং মনসো বৃত্তয়ো নঃ স্যুরিতি পদ্যদ্বয়ং। ত্বন্মাতা তু গদ্গদরুদ্ধকণ্ঠা নৈব কিমপি বক্তুং শশাকেতি শ্রুত্বা কৃষ্ণো বিগলিতধৈর্য্যো মধ্যেসভমপ্যুচ্চৈরুরোদ। তৎপ্রেয়সীনাং প্রেমবাড়বানলস্তু রজন্যাং কুব্রচিদ্রহস্যেবোদ্ঘাট্য দর্শিতস্ত্বৎপ্রেয়সীশিরোমণেস্তু দিব্যোন্মাদচিত্রজল্পাদিদিঙ্মাত্রমেবাবিষ্কৃতং। যদবধায় কৃষ্ণ স্তাং রাত্রিং সর্ব্বাং জজ্ঞালৈবেতি ॥ ৬০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
সপ্তচত্বারিংশকোঽয়ং দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

প্রণাম পূর্ব্বক, ব্রজবাসিগণের ভক্তির পরিচয় প্রদান করিলেন এবং গোপগণের প্রদত্ত দ্রব্য সামগ্রী তাঁহাদিগকে সমর্পণ করিলেন ॥ ৬০ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতানুবাদের সপ্তচত্বারিংশাধ্যায় সমাপ্ত ॥

আভাস।

আছে; ব্রজবাসীর তোমার প্রতি যে অতুলনীয়া ভক্তি, তাহা আমি নিজে প্রত্যক্ষ করিয়া আসিলাম; তোমার বিরহে সমগ্র জীবজন্তুগণও ম্লান হইয়া যে শ্বেতবর্ণ ধারণ করে, তাহা যথার্থ বটে; কারণ বৃন্দাবন যেন শ্বেতদ্বীপ বলিয়া প্রতীত হইল। তোমার বিরহে যে তথাকার সকলে এখনও জীবিত রহিয়াছেন, সে কেবল তোমার কৌশলে মাত্র, তাহা বিশেষরূপে অবগত হইয়াছি। অহো! কৃষ্ণপ্রাণা যশোদা কাঙ্গালিনীর ন্যায়, ধূলায় লুণ্ঠিতা রহিয়াছেন; আমাকে দেখিয়া, উদ্ধব রে! বলিয়াই নিস্তব্ধ ও সঙ্গাহীনা হইলেন; তোমার কোন বার্ত্তাই ত তাঁহার জিজ্ঞাসা করা হইল না! তোমার প্রেয়সীগণের তীব্র প্রেমানল বাড়বানলের অপেক্ষা অধিক তীব্রবেগে তাহাদিগকে প্রদগ্ধ করিতেছে। ধন্য তোমার ধৈর্য্য! এতচ্ছ্রবণে শ্রীকৃষ্ণও ধৈর্য্যত্যাগে সভামধ্যেই প্রকাশ্যে রোদন করিলেন ॥ ৬০ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তচত্বারিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

অথ বিজ্ঞায় ভগবান্ সর্ব্বাত্মা সর্ব্বদর্শনঃ।

সৈরিন্ধ্র্যাঃ কামতপ্তায়াঃ প্রিয়মিচ্ছন্ গৃহং যযৌ ॥ ১ ॥

অন্বয়ঃ।

শ্রীবাদরায়ণিঃ শুকঃ, উবাচ। অথ নন্দাদিব্রজবাসিজন-সান্ত্বনানন্তরং সর্ব্বাত্মা সর্ব্বদর্শনঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ কামতপ্তায়াঃ সৈরিন্ধ্র্যাঃ কুব্জায়াঃ, কামসন্তাপং বিজ্ঞায় তস্যাঃ প্রিয়ং সুখং, ইচ্ছন্ তস্যাঃ গৃহং যযৌ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

অষ্টচত্বারিংশকে তু কৃষ্ণঃ কুব্জামরীরমৎ।

অক্রূরস্য গৃহং গত্বা গজসাহ্বয়মাদিশৎ ॥

সৈরিন্ধ্রীকামমাপূর্য্য পুরয়িত্বা মনোরথান্। অক্রূরস্য ততঃ কৃষ্ণস্তেন পার্থানসান্ত্বয়ৎ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অষ্টচত্বারিংশকেঽগাৎ কুব্জাং রময়িতুং হরিঃ।

স্তুতোঽক্রূরেণ তদ্গেহে প্রাহিণোত্তং গজাহ্বয়ং ॥ * ॥

বিজ্ঞায়োদ্ধবোক্তং বিশেষতো জ্ঞাত্বা তত্র সমাধানং পূর্ব্বমেব কৃতবানিত্যাহ। ভগবান্মহা-তর্কৈশ্বর্য্যাদেব মথুরায়াং স্থিতোঽপি প্রকাশান্তরেণ ব্রজমগাদেবেত্যর্থঃ। সর্ব্বাত্মত্বাদেব সর্ব্বমনোরথং পুরয়িতুমিত্যর্থঃ। কিন্তূদ্ধবসমাধানার্থং সর্ব্বদর্শনঃ। তদা উদ্ধবং প্রতি স্বীয়-

---

ব্যাসনন্দন শুকদেব বলিলেন, হে নরনাথ! উদ্ধবকে গোকুলে প্রেরণ করত ভগবান্ শ্রীকৃষ্ণ নন্দাদি ব্রজবাসিগণকে সান্ত্বনা করিয়া, কামসন্তপ্তা সৈরন্ধ্রীর বাঞ্ছা পূরণার্থ চিন্তা করিলেন; তিনি সর্ব্বদর্শী এবং সর্ব্বান্তর্যামী; সুতরাং কোন স্থানে গমনে তাঁহার বাধা নাই এবং কোন বিষয়ও তাঁহার অপরিজ্ঞাত নহে। শ্রীকৃষ্ণ কামসন্তপ্তা কুব্জার মর্ম্মবেদনা অবগত হইয়া, সেই সৈরিন্ধ্রীর গৃহেতেই উপস্থিত হইলেন ॥ ১ ॥

আভাস।

অষ্টচত্বারিংশ অধ্যায়ে কুব্জার সহিত বিহার এবং অক্রূরের গৃহে উপস্থিত হইয়া, শ্রীকৃষ্ণ তাঁহাকে হস্তিনাপুরে প্রেরণ করত তদ্দ্বারা পাণ্ডবগণের সান্ত্বনার ব্যবস্থা বর্ণিত হইয়াছে ॥

সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় অচিন্ত্য শক্তিবলে মথুরায় অবস্থান করিয়াও প্রচ্ছন্ন-ভাবে ব্রজেও অবস্থান পূর্ব্বক সকল কার্য্য সমাধা করিতেন। কিন্তু লীলানুরোধে জ্ঞানাদির কিঞ্চিৎ ন্যূনতা বশত মর্ম্মবার্ত্তা পাছে গোপবনিতাগণ অবগত হইতে না পারেন, এই জন্যই কেবল উদ্ধবকে প্রকাশ্যে প্রেরণ করিয়াছিলেন। তিনি ভাবগ্রাহী; সকলের ভাবই নিজে অবগত হইয়া থাকেন। তাঁহার নিকট ছোট বড় নাই। যে তাঁহাকে যে ভাবেই চিন্তা করুক্ না, তিনি সেই ভাবেই তাহার সাধ পূরণ করিয়া থাকেন। মুনিগণ ধ্যান ধারণার

মহার্হোপস্করৈরাঢ্যং কামোপায়োপবৃংহিতং।
মুক্তাদামপতাকাভি র্বিতানশয়নাসনৈঃ।
ধূপৈঃ সুরভিভি র্দীপৈঃ স্রগ্‌গন্ধৈরপি মণ্ডিতং ॥ ২ ॥
গৃহং তমায়ান্তমবেক্ষ্য সাসনাৎ সদ্যঃ সমুত্থায় হি জাতসম্ভ্রমা।

অন্বয়ঃ।

মহার্হোপস্করৈঃ (মহার্হৈঃ মহামূল্যৈঃ উপস্করৈঃ পাত্রাদিভিঃ) আঢ্যং অন্বিতং, কামোপায়োপবৃংহিতং (কামোপায়ৈঃ কামোদ্দীপকৈঃ সুরতবন্ধাদিলেখ্যৈঃ উপবৃংহিতং সমৃদ্ধং, মুক্তাদামভিঃ পতাকাভিঃ ধ্বজৈঃ, বিতানৈঃ চন্দ্রাতপৈঃ, শয়নৈঃ শয্যাদিভিঃ, আসনৈঃ সুরভিভিঃ ধূপৈঃ দীপৈঃ স্রগ্‌গন্ধৈঃ স্রগ্‌ভিঃ গন্ধৈঃ চন্দনাদিভিঃ চ মণ্ডিতং অলঙ্কৃতং ॥ ২ ॥ গৃহং প্রতি আয়ান্তং তং কৃষ্ণং অবেক্ষ্য জাতসম্ভ্রমা (জাতঃ সম্ভ্রমঃ যস্যাঃ সা) কুব্জা সা

শ্রীধরস্বামী।

মহার্হৈরনর্ঘ্যৈরুপস্করৈর্গৃহোপকরণৈরন্বিতং কামোপায়ৈস্তদুদ্দীপকৈঃ সুরতবন্ধাদিলেখ্যৈরুপবৃংহিতং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকাশদ্বৈতবিরহপ্রকাশেঽপ্যাবির্ভাবাদিকমতিরহস্যমপি জ্ঞাপয়ামাসৈবেত্যর্থঃ। ততশ্চ পূর্ব্বং যৎ প্রতিশ্রুতং তৎ দাতুং তেন সহ কুব্জায়া গৃহং জগামেত্যাহ সৈরিন্ধ্র্যা ইতি। মহার্হেতি সম্ভোগোৎসবোপযোগিবহূপকরণান্বিতমিত্যর্থঃ। কামোপায়াঃ কামোদ্দীপকালেখ্যবিশেষা ঔষধবিশেষাশ্চ ॥ ১ ॥ ২ ॥

কুব্জার গৃহ অতি মহামূল্য সুপরিষ্কৃত পাত্রাদিতে পরিপূর্ণ ছিল; রতিবিশেষের বিলক্ষণ উদ্দীপনা হয়, এরূপ সুরতক্রীড়াবিশিষ্ট বিচিত্র আলেখ্য সমূহ ইতস্তত গৃহভিত্তিতে সংলগ্ন ছিল! মুক্তাদাম-শোভিত ধ্বজা, পতাকা এবং চন্দ্রাতপাদির সৌষ্ঠবে গৃহমধ্যে কি অপূর্ব্ব শোভারই পরিচয় হইয়াছিল! দুগ্ধফেণনিভ শয্যা, মণিময় আসন, ধূপ, দীপ, সুগন্ধ মাল্য, চন্দন এবং অগুরু প্রভৃতির গন্ধে গৃহটী আমোদিত ছিল ॥ ২ ॥

তাদৃশ গৃহাভিমুখে শ্রীকৃষ্ণকে আগমন করিতে অবলোকন করিয়া, সৈরিন্ধ্রীর আর আনন্দের সীমা ছিল না; কুব্জা তৎক্ষণাৎ আসন পরিত্যাগে দণ্ডায়মানা হইল এবং সখীগণের সহিত একত্র হইয়া, শ্রীকৃষ্ণের প্রত্যুদ্গমনার্থ

আভাস।

দ্বারাও যাঁহার চরণকমলে সহজে স্থান পান না, সম্প্রতি সামান্য চন্দনদানে সৈরিন্ধ্রী কুব্জা সেই পরমারাধ্যা কমলার স্থানও অধিকার করিল। কুব্জার কামপ্রবৃত্তি চরিতার্থ করিবার জন্য কমললোচন উদ্বিগ্ন হইয়া, তাঁহার গৃহে গমন করিলেন ॥ ১ ॥ ২ ॥

যথোপসঙ্গম্য সখীভিরচ্যুতং সভাজয়ামাস সদাসনাদিভিঃ ॥
তথোদ্ধবঃ সাধুতয়াভিপূজিতো ন্যষীদদুর্ব্যামভিমৃশ্য চাসনং।
কৃষ্ণোঽপি তূর্ণং শয়নং মহাধনং বিবেশ লোকাচরিতান্যনুব্রতঃ ॥ ৩ ॥
সা মজ্জনালেপ-দুকূল-ভূষণ-স্রগ্-গন্ধ-তাম্বূল-সুধাসবাদিভিঃ।
প্রসাধিতাত্মোপসসার মাধবং সব্রীড়লীলোৎস্মিতবিভ্রমেক্ষিতৈঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

সদ্যঃ তৎক্ষণং এব আসনাৎ সমুত্থায় সখীভিঃ সহ যথা যথোচিতং, উপসঙ্গম্য অভিমুখং আগত্য, সদাসনাদিভিঃ অচ্যুতং কৃষ্ণং সভাজয়ামাস পূজয়ামাস ॥

তথা উদ্ধবঃ চ সাধু সম্যক্ যথা ভবতি তথা, তয়া অভিপূজিতঃ সন্ আসনং অভিমৃশ্য হস্তেন গৃহীত্বা, উর্ব্যাং এব ন্যষীদৎ উপবিবেশ। কৃষ্ণঃ অপি লোকাচরিতানি লৌকিক-ব্যবহারং, অনুব্রতঃ অনুসরন্, মহাধনং অনর্ঘ্যং, শয়নং পর্য্যঙ্কং, তূর্ণং বিবেশ ॥ ৩ ॥

মজ্জনালেপ-দুকূল-ভূষণ-স্রগ্-গন্ধ-তাম্বূল-সুধাসবাদিভিঃ প্রসাধিতাত্মা সংস্কৃতদেহা, সা কুব্জা, সব্রীড়লীলোৎস্মিতবিভ্রমেক্ষিতৈঃ (সব্রীড়ং লীলয়া উদ্গতং স্মিতং যেষু বিভ্রমেষু তদ্যুক্তৈঃ ঈক্ষিতৈঃ অবলোকনৈঃ) মাধবং কৃষ্ণং উপসসার উপজগাম ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

যথা যথোচিতং ॥ ৩ ॥

প্রসাধিতঃ যোগ্যতামাপাদিত আত্মা দেহো যয়া সা। সব্রীড়ং যল্লীলয়া উদ্গতং স্মিতং তদ্ যেষু বিভ্রমেষু তদ্যুক্তৈরীক্ষিতৈরুপলক্ষিতা ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথা যথোচিতং ॥

উর্ব্যাং ন্যষীদদিতি কৃষ্ণপ্রিয়য়া তয়া স্বহস্তদত্তাসনে দাসস্য তস্যোপবেশানৌচিত্যাৎ। অভিমৃশ্য স্বহস্তেন স্পৃষ্ট্বেতি তস্যাজ্ঞাপালনার্থং। শয়নমন্তর্গৃহস্থিতশয্যাং ॥ ৩ ॥

গন্ধোঽগুরুধূপঃ। প্রসাধিতঃ রতিযোগ্যতামাপাদিত আত্মা দেহো যয়া সা ॥ ৪ ॥

তদভিমুখে অগ্রসর হইল এবং হস্ত ধারণে স্বীয় গৃহমধ্যে তাঁহাকে আনয়ন করত, উপযুক্ত আসনাদি প্রদানে তাঁহাদের সকলের অভ্যর্থনা করিল ॥

এবং উদ্ধবও যথোচিত অভিবাদিত হইয়া, স্বয়ং আসন গ্রহণে ভূমিতেই উপবেশন করিলেন। এদিকে শ্রীকৃষ্ণ লৌকিক ব্যবহারের অনুসরণে কুব্জার মহামূল্য পর্য্যঙ্কের উপর অগ্রসর হইয়া, সত্বর শয়ন করিলেন ॥ ৩ ॥

সৈরিন্ধ্রী তখন গাত্র মার্জ্জন পূর্ব্বক স্নান করিয়া, সুগন্ধ দ্রব্যে স্বীয় অঙ্গ প্রলিপ্ত করিল এবং অপূর্ব্ব সূক্ষ্ম বস্ত্র পরিধান পূর্ব্বক, মণিময় ভূষণ গন্ধ মাল্য তাম্বূল সুধা ও আসবাদিতে নিজের দেহকে সুসংস্কৃত করত লজ্জাবিনম্রমুখে

আহূয় কান্তাং নবসঙ্গমহ্রিয়া বিশঙ্কিতাং কঙ্কণভূষিতে করে।
প্রগৃহ্য শয্যামধিবেশ্য রাময়া রেমেঽনুলেপার্পণপুণ্যলেশয়া ॥ ৫ ॥

অন্বয়ঃ।

নবসঙ্গমহ্রিয়া (নবসঙ্গমে যা হ্রীঃ লজ্জা তয়া) বিশঙ্কিতাং স্বয়মাগমনং অকুর্ব্বতীং কান্তাং কুব্জাং, আহূয়, কঙ্কণভূষিতে করে হস্তে, প্রগৃহ্য শয্যাং অধিবেশ্য অনুলেপার্পণপুণ্যলেশয়া (অনুলেপার্পণং এব পুণ্যলেশঃ যস্যাঃ তয়া) রাময়া স্ত্রিয়া, সহ ভগবান্ রেমে ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

অনুলেপাত্তদন্যত্তস্যাঃ পুণ্যং নাস্তীতি দর্শয়িতুং পুণ্যলেশয়েত্যুক্তং নতু পুণ্যস্যাল্পত্ব-বিবক্ষয়া ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নবসঙ্গমেতি বিশঙ্কিতেতি পদাভ্যাং মন্দধিয়ঃ প্রতি তস্যা অনন্যভোগ্যত্বং জ্ঞাপিতং। তত্র তস্যাঃ মহাসুন্দর্য্যা অপি কুব্জ এব রক্ষক আসীদিতি ভাবঃ। অনুলেপার্পণলক্ষণ স্তৎ-প্রাপকঃ পুণ্যলেশো যস্যা ইতি। নতু সাধনসিদ্ধানাং ব্রজস্ত্রীণাং পুরস্ত্রীণামিব বা পুণ্যপুঞ্জ ইতি ভাবঃ ॥ ৫ ॥

ঈষৎ হাস্য ও ভ্রূভঙ্গির বিলাস সহকারে ও অপাঙ্গ ঈক্ষণে শ্রীপতি জনার্দ্দনের সমীপবর্ত্তিনী হইল ॥ ৪ ॥

নবীন সমাগমের লজ্জায় শঙ্কিতমনা সুতরাং স্বয়ং অগ্রসর হইতে অসমর্থা রমণপ্রার্থিণী কুব্জাকে মধুরভাষণে আহ্বান পূর্ব্বক, শ্রীকৃষ্ণ কুব্জার কঙ্কণভূষিত কর ধারণ করিয়া শয্যায় আনয়ন করিলেন এবং পূর্ব্বে মথুরায় প্রবেশকালে কুব্জা যে অনুলেপন প্রদান করিয়াছিল, অদ্য সেই সামান্য পুণ্যলেশের ফলে ভূতভাবন সর্ব্বান্তর্যামী ভগবান্ লৌকিক ব্যবহারের অনুকরণে তাহাকে রমণানন্দ প্রদান করিলেন ॥ ৫ ॥

অনন্তদেবের চরণ-সৌরভের অনুভবে কামসন্তপ্ত কুচযুগলোপরি সম্প্রতি অনন্তদেবের চরণদ্বয় রক্ষা করিয়া, সৈরিন্ধ্রী কুচযুগল, বক্ষস্থল ও লোচনদ্বয়ের কামব্যথা নিবারণ করিল এবং কুচদ্বয়ান্তবর্ত্তী আনন্দমূর্ত্তি প্রাণপ্রিয় কান্ত

আভাস।

কুব্জা পরসঙ্গ রসাস্বাদনে আসক্তা সামান্য কুলটা নহেন, তাহা তাঁহার লজ্জার দ্বারাই পরিচিত হইয়াছিল। "নবসঙ্গমহ্রিয়া বিশঙ্কিতা" এই পদদ্বয়ের প্রয়োগে কুব্জা কখন পর-পুরুষের মুখাবলোকন করেন নাই, তাহাই ব্যক্ত করা হইয়াছিল। ত্রিবক্রা কুব্জা চন্দনদানের তাৎকালিক ফলেই দিব্য দেহ লাভে সুন্দরী হইয়াছিলেন; এক্ষণে সাধনসিদ্ধা পুঞ্জ পুঞ্জ পুণ্যের সংগ্রহকারিণী ব্রজবনিতার সহিত কোন প্রকারে তুলনীয়া না হইলেও, ক্ষণকালের জন্য কমলার স্থানও অধিকার করিলেন ॥ ৫ ॥

সানঙ্গতপ্তকুচয়োরুরসস্তথাক্ষ্ণো র্জিঘ্রন্ত্যনন্তচরণেন রুজো মৃজন্তী।
দোর্ভ্যাং স্তনান্তরগতং পরিরভ্য কান্তমানন্দমূর্ত্তিমজহাদতিদীর্ঘতাপং ॥৬॥

সৈবং কৈবল্যনাথং তং প্রাপ্য দুষ্প্রাপমীশ্বরং।
অঙ্গরাগার্পণেনাহো দুর্ভগেদমযাচত ॥
সহোষ্যতামিহ প্রেষ্ঠ দিনানি কতিচিন্ময়া।
রমস্ব নোৎসহে ত্যক্তুং সঙ্গং তেঽম্বুরুহেক্ষণ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

(অনন্তচরণং) জিঘ্রন্তী সা কুব্জা (অনঙ্গেন কামেন তপ্তেষু কুচাদিষু তচ্চরণং নিধায় তেন) অনন্তচরণেন অনঙ্গতপ্তকুচয়োঃ উরসঃ তথা অক্ষ্ণোঃ রুজঃ কামপীড়াং, মৃজন্তী অপনয়ন্তী, সতী স্তনান্তরগতং কুচমধ্যগতং, আনন্দমূর্ত্তিং কান্তং প্রিয়তমং কৃষ্ণং দোর্ভ্যাং ভুজাভ্যাং, পরিরভ্য অলিঙ্গ্য, অতিদীর্ঘতাপং বহুকালসঞ্চিতং কামসন্তাপং, অজহাৎ তত্যাজ ॥ ৬ ॥

সা সৈরিন্ধ্রীঃ এবং অঙ্গরাগার্পণেন দুষ্প্রাপং কৈবল্যনাথং তং ঈশ্বরং প্রাপ্য অহো! দুর্ভগা সা ইদং এব অযাচত ॥

হে অম্বুরুহেক্ষণ প্রেষ্ঠ! তে তব সঙ্গং অহং ত্যক্তুং ন উৎসহে ন প্রভবামি; অতঃ ময়া সহ কতিচিৎ দিনানি রমস্ব! অত ইহ মদ্গৃহে ত্বয়া উষ্যতাং ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

কুচাদীনাং রুজো মৃজন্তী। জিঘ্রন্তী চরণং ॥ ৬ ॥

কামমেব প্রাকৃতদৃষ্ট্যা অযাচত। ন চ গোপ্য ইব সা তন্নিষ্ঠেতি দুর্ভগেত্যুক্তং। কৃতার্থত্বে তু তস্যা ন সন্দেহঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুচাদীনাং রুজো মৃজন্তী। চরণং জিঘ্রন্তী চ ॥ ৬ ॥

সা তং কৈবল্যেনৈব নাথং অযাচত। কেবলয়া ময়ৈব সহ রমস্ব নত্বন্যয়া কয়াচিদপি ইতি প্রার্থয়ামাসেত্যর্থঃ। তথাভূতবরস্য কৃষ্ণেনাপ্রদাস্যমানত্বাৎ দুর্ভগা ॥

তত্রাপি কতিচিত্তু দিনানি ইহান্তর্গৃহ এব উষ্যতাং নতু বহির্নিষ্ক্রম্যতাং। ভোজনপানাদি ব্যবহারসিদ্ধিরেতদ্গৃহমধ্য এব সর্ব্বাবর্ত্তত ইতি ভাবঃ। সহোষ্যতামাহোষ্যতামিতি চাত্র পাঠদ্বয়ং ॥ ৭ ॥

শ্রীকৃষ্ণকে ভুজযুগলে গাঢ় আলিঙ্গন করত, বহুকালের সঞ্চিত কামসন্তাপ অপনোদিত করিল ॥ ৬ ॥

অহো! অতি নিকৃষ্টা দাসী কুব্জা কেবল অঙ্গরাগের সমর্পণে যোগিদুর্ল্লভ কৈবল্যদাতা জগৎপতি জনার্দ্দনকে অবলীলাক্রমে প্রাপ্ত হইয়াও, নিতান্ত দুর্ভগার ন্যায় এইরূপ প্রার্থনা করিয়াছিল ॥

হে প্রিয় কমললোচন! তোমার সঙ্গ পরিত্যাগ করিতে, আমি কোনমতে

তস্যৈ কামবরং দত্ত্বা মানয়িত্বা চ মানদঃ।
সহোদ্ধবেন সর্ব্বেশঃ স্বধামাগমদৃদ্ধিমৎ ॥ ৮ ॥
দুরারাধ্যং সমারাধ্য বিষ্ণুং সর্ব্বেশ্বরেশ্বরং।

অন্বয়ঃ।

অথ মানদঃ বরদঃ, সর্ব্বেশঃ সর্ব্বমনোরথপূরণসমর্থঃ, শ্রীকৃষ্ণঃ তস্যৈ কুব্জায়ৈ, কামবরং দত্ত্বা (তথাস্তু ইতি) মানয়িত্বা মনোরথং পূরয়িত্বা, উদ্ধবেন সহ ঋদ্ধিমৎ সর্ব্বসম্পৎসমন্বিতং, স্বধাম আগমৎ ॥ ৮ ॥

সর্ব্বেশ্বরেশ্বরং (সর্ব্বেষাং ঈশ্বরাণাং ব্রহ্মাদীনাং অপি ঈশ্বরং নিয়ন্তারং) দুরারাধ্যং বিষ্ণুং সর্ব্বব্যাপকং, সমারাধ্য অসত্ত্বাৎ তুচ্ছত্বাৎ, মনোগ্রাহ্যং মনঃপ্রিয়ং, যঃ বৃণীতে সঃ অসৌ

শ্রীধরস্বামী।

কাম এব বরস্তং দত্ত্বা মানয়িত্বা চালঙ্কারাদিদানৈঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামবরং দত্ত্বেতি মৎকর্ত্তৃকপূর্ণসম্ভোগ এব তবাভিপ্রেতঃ সচ সামান্যস্ত্রীসম্ভোহপি তে সেৎস্যতীতি প্রতিশ্রুত্যেত্যর্থঃ। মানয়িত্বা তত্র তাং সম্মতাং কারয়িত্বা নিরন্তর-রমণং তু ত্বদিষ্টং ন সম্ভবেৎ কিম্বদন্তীভয়াদিতি চোক্তাগমং গমনাগমনয়ো রুদ্ধবসাহিত্যং লোক-বিতর্কাভাবায় তস্য মহাশিষ্টশিরোমণিত্বেন সর্ব্বত্রখ্যাতত্বাৎ কুব্জেয়ং ভূশক্তে র্বিভূতিজ্ঞেয়া পূর্ব্বব্যাখ্যানাৎ ॥ ৮ ॥

প্রসঙ্গাৎ প্রেয়সীভাবেন ভজতো জনান্ শিক্ষয়তি দুরারাধ্যমিতি। মনোগ্রাহ্যং স্বেন্দ্রিয়-সুখং তেন কৃষ্ণেন্দ্রিয়সুখ এব সর্ব্বথা দৃষ্ট্যা যদ্যানুষঙ্গিকং স্বেন্দ্রিয়সুখং স্যাত্তদা ন দোষঃ।

সমর্থা হইতেছি না! কিছুদিন এইস্থানে অবস্থান পূর্ব্বক আমাকে রমণানন্দ প্রদান করুন্! এবং এই গৃহেই অবস্থান করুন্! ॥ ৭ ॥

সর্ব্বেশ্বর ভগবান্ সকলেরই মানরক্ষা করিয়া থাকেন; তিনি কুব্জার অনুনয়ে অনুরুদ্ধ হইয়া, তাহার প্রার্থনা পূরণ করিলেন এবং অভিলষিত দ্রব্য সামগ্রী প্রদানে তাহাকে সন্তুষ্টা করিয়া, উদ্ধব-সমভিব্যাহারে স্বকীয় সর্ব্ব-সম্পত্তিপূর্ণ গৃহে প্রস্থান করিলেন ॥ ৮ ॥

অহো! ব্রহ্মাদি লোকপালগণেরও নিয়ন্তা দুরারাধ্য বিষ্ণুকে আরাধনা করিয়াও যদি অতি তুচ্ছ মনের তুষ্টিকর বিষয়ই বররূপে যে জন প্রার্থনা করে,

আভাস।

কুব্জার গৃহে শ্রীকৃষ্ণের সহিত উদ্ধবও উপস্থিত ছিলেন। ইহাতে প্রকাশ করা হইয়াছে যে, উদ্ধব সাক্ষাৎ ধৈর্য্যের স্বরূপ এবং কুব্জা ভূশক্তির ঐশ্বর্য্যরূপা; ইহা পূর্ব্বেও ব্যাখ্যা করা হইয়াছে ॥ ৮ ॥

যো বৃণীতে মনোগ্রাহ্যমসত্ত্বাৎ কুমনীষ্যসৌ ॥ ৯ ॥
অক্রূরভবনং কৃষ্ণঃ সহরামোদ্ধবঃ প্রভুঃ।
কিঞ্চিচ্চিকীর্ষয়ন্ প্রাগাদক্রূরপ্রিয়কাম্যয়া ॥ ১০ ॥
স তান্ নরবরশ্রেষ্ঠানারাদ্বীক্ষ্য সবান্ধবান্।
প্রত্যুত্থায় প্রমুদিতঃ পরিষ্বজ্যাভিনন্দ্য চ ॥
ননাম কৃষ্ণং রামঞ্চ স তৈরপ্যভিবাদিতঃ।
পূজয়ামাস বিধিবৎ কৃতাসনপরিগ্রহান্ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

কুমনীষী কুবুদ্ধিঃ এব ॥ ৯ ॥

অথ কিঞ্চিৎ চিকীর্ষয়ন্ (হস্তিনাপুরপ্রস্থানং কারয়িতুং ইচ্ছন্) অক্রূরস্য প্রিয়কাম্যয়া প্রিয়ং কর্ত্তুং ইচ্ছয়া চ, সহরামোদ্ধবঃ (রামোদ্ধবাভ্যাং সহিতঃ) প্রভুঃ কৃষ্ণঃ, অক্রূরভবনং প্রাগাৎ ॥ ১০ ॥

সঃ অক্রূরঃ নরবরশ্রেষ্ঠান্ পুরুষোত্তমান্, সবান্ধান্ রামকৃষ্ণোদ্ধবান্, আরাৎ দূরাৎ, বীক্ষ্য দৃষ্ট্বা, প্রমুদিতঃ সন্ প্রত্যুত্থায় পরিষ্বজ্য আলিঙ্গ্য (তদাগমনং) অভিনন্দ্য চ ॥

রামং কৃষ্ণং চ ননাম ; ততঃ চ সঃ তৈঃ অপি অভিবাদিতঃ বাচা কৃতপ্রণামঃ সন্ কৃতাসনপরিগ্রহান্ আসনোপবিষ্টান্, তান্ রামাদীন্, বিধিবৎ পূজয়ামাস ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

মনোগ্রাহ্যং বিষয়সুখং। অসত্ত্বাৎ তুচ্ছত্বাৎ ॥ ৯ ॥

কিঞ্চিচ্চিকীর্ষয়ন্ হস্তিনাপুরপ্রস্থানং কারয়িতুমিচ্ছন্নিত্যর্থঃ। অক্রূরপ্রিয়কাম্যয়া চ ॥ ১০ ॥

আরাৎ দূরত এব ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিমাত্রৈককামিত্বেঽপি সংসারধ্বংসবদিতি জ্ঞেয়ং ॥ ৯ ॥

অক্রূরপ্রিয়কাম্যয়ৈব কিঞ্চিচ্চিকীর্ষয়ন্ দাসস্য স্ববিষয়কপ্রভুনিদেশস্যৈব প্রিয়ত্বমননাৎ ॥ ১০ ॥ ১১ ॥

সে ব্যক্তি জগতে যে নিতান্তই নির্ব্বোধ, তাহাতে আর সন্দেহ নাই ॥ ৯ ॥

অনন্তর কোন একটী বিশেষ উদ্দেশ্য-সাধনের অভিপ্রায়ে এবং অক্রূরের মনোভীষ্ট পূরণের কামনায়, ভগবান্ শ্রীকৃষ্ণ বলরাম ও উদ্ধবের সমভিব্যাহারে অক্রূরের ভবনে উপনীত হইলেন ॥ ১০ ॥

অক্রূর দূর হইতে বলরাম ও উদ্ধবের সহিত শ্রীকৃষ্ণকে একত্র সমাগত হইতে দেখিয়া, নিতান্তই আনন্দিত হইলেন এবং প্রত্যুত্থান, আলিঙ্গন এবং অভিবাদন করিয়া— ॥

অবনত-মস্তকে বলরাম ও শ্রীকৃষ্ণকে প্রণাম করিলেন ; পরে তাঁহারাও কুশল-

পাদাবনেজনীরাপো ধারয়ন্ শিরসা নৃপ।
অর্হণেনাম্বরৈ র্দিব্যৈ র্গন্ধস্রগ্ভূষণোত্তমৈঃ॥
অর্চ্চিত্বা শিরসানম্য পাদাবঙ্কগতৌ মৃজন্।
প্রশ্রয়াবনতোঽক্রূরঃ কৃষ্ণরামাবভাষত॥ ১২॥
দিষ্ট্যা পাপো হতঃ কংসঃ সানুগো বামিদং কুলং।
ভবদ্ভ্যামুদ্ধৃতং কৃচ্ছ্রাদ্দুরন্তাচ্চ সমেধিতং॥ ১৩॥

অন্বয়ঃ।

হে নৃপ! পাদাবনেজনীঃ (পাদৌ অবনিজ্যেতে প্রক্ষাল্যেতে যাভিঃ তাঃ) আপঃ আ সর্ব্বতঃ, শিরসা ধারয়ন্, অর্হণেন অর্ঘ্যাদিনা, দিব্যৈঃ অনুত্তমৈঃ, অম্বরৈঃ গন্ধস্রগ্ভূষণোত্তমৈঃ চ॥

অর্চ্চিত্বা শিরসা আনম্য অঙ্কগতৌ (উৎসঙ্গে নিধাপিতৌ) পাদৌ মৃজন্ সংমর্দ্দয়ন্, প্রশ্রয়েণ অবনতঃ অক্রূরঃ কৃষ্ণরামৌ অভাষত ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ১২॥

ভবদ্ভ্যাং, সানুগঃ মল্লাদিসহিতঃ, পাপঃ পাপাত্মা, কংসঃ হতঃ। বাং যুবয়োঃ, ইদং কুলং দুরন্তাৎ অপারাৎ, কৃচ্ছ্রাৎ দুঃখাৎ, উদ্ধৃতং সমেধিতং সম্যক্ বর্দ্ধিতং চ। এতৎ সর্ব্বং দিষ্ট্যা এব আনন্দো জাতঃ॥ ১৩॥

শ্রীধরস্বামী।

আ অপ ইতি চ্ছেদঃ। অপঃ আ সর্ব্বতো ধারয়ন্নিত্যন্বয়ঃ॥ ১২॥

বাং যুবয়োরিদং কুলমুদ্ধৃতং সমেধিতঞ্চ॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আ সর্ব্বতঃ অপঃ শিরসা শিরসি ধারয়ন্। মৃজন্ মৃদুমর্দ্দনেন সম্বাহয়ন্॥ ১২॥ ১৩॥

প্রশ্নাদির দ্বারা অক্রূরের অভিবাদন করত উপযুক্ত আসনে উপবেশন করিলে, অক্রূর পাদ্যাদি প্রদানে যথাবিধি তাঁহাদের পূজা ও সম্মাননা করিলেন॥১১॥

হে নরনাথ! অক্রূর রামকৃষ্ণের চরণধৌত বারি স্বীয় মস্তকে প্রদান পূর্ব্বক অর্ঘ্য, আচমনীয়, গন্ধ, মাল্য, অপূর্ব্ব বস্ত্র ও আভরণাদি প্রদানে যথাবিধি তাঁহাদিগের অর্চ্চনা করিলেন॥

এবং অবনত-মস্তকে প্রণাম করিয়া, রামকৃষ্ণের চরণযুগল স্বকীয় অঙ্কে উত্তোলন পূর্ব্বক সম্মর্দ্দন করত, অতি বিনম্র-বচনে তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—॥ ১২॥

হে প্রভো! আপনাদের দ্বারা মহাপাপিষ্ঠ কংস অনুচরবর্গের সহিত নিহত হইয়াছে। আপনারাই এই ভবদীয় কুলকে অপার দুঃখ-সাগর হইতে পুনরুদ্ধৃত করিয়া যেরূপ পরিবর্দ্ধিত করিয়াছেন, তাহাতে আমাদের পরম সৌভাগ্য ও আনন্দের বিষয়, সন্দেহ নাই॥ ১৩॥

যুবাং প্রধানপুরুষৌ জগদ্ধেতূ জগন্ময়ৌ।
ভবদ্ভ্যাং ন বিনা কিঞ্চিৎ পরমস্তি ন চাপরং ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

যুবাং জগতঃ হেতু নিমিত্তোপাদানকারণে, অতঃ জগন্ময়ৌ প্রধানপুরুষৌ পুরুষোত্তমৌ, (প্রকৃতিপুরুষৌ বা) ভবদ্ভ্যাং বিনা ব্যতিরিক্তং, কিঞ্চিৎ পরং কারণং, ন অস্তি তথা অপরং কার্য্যং, চ কিঞ্চিৎ অপি ন অস্তি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

বামিদং কুলমিতি ব্যবহারদৃষ্ট্যোক্ত্যা পরমার্থমাহ যুবামিতি। জগন্ময়ৌ যুবাং। কুতঃ জগদ্ধেতু। তদপি কুতঃ প্রধানপুরুষৌ তদাত্মকৌ। অতো ভবদ্ভ্যাং বিনা পরং কারণং অপরং কার্য্যঞ্চ নাস্তীত্যর্থঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদং কুলং বামিতি কিমুচ্যতে জগদপি যুষ্মদীয়মিত্যাহ যুবামিতি। একস্যাপীশ্বরস্য দ্বিধাবির্ভাবাদ্দ্বিত্বেন নির্দ্দেশঃ। তেন ত্বমেব প্রধানং ত্বমেব পুরুষ ইত্যর্থঃ। জগদ্ধেতু জগন্ময়াবিতি ত্বমেব কারণং ত্বমেব কার্য্যমিত্যর্থঃ। এতদেব ব্যতিরেকেণাহ ভবদ্ভ্যামিতি। পরং কারণমপরং কার্য্যং ॥ ১৪ ॥

হে দীনবন্ধো! আপনারাই এই পরিদৃশ্যমান জগৎ-সংসারের নিমিত্ত ও উপাদান কারণভূত প্রকৃতি ও পুরুষস্থানীয়! আপনারাই এই জগদ্রূপে ব্যাপ্ত রহিয়াছেন। আপনারা দুইজন ব্যতীত জগতের পৃথক্ কারণ বা কার্য্য বলিয়া অন্য কাহাকেও নিরূপণ করা যায় না ॥ ১৪ ॥

আভাস।

আপনাদের কুল বলিয়া কেবল ব্যবহারিক দৃষ্টির উল্লেখ করা হইয়াছে; পরমার্থত "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম", ব্রহ্মময়ই সমগ্র ভুবন। উর্ণনাভ যেমন স্বীয় অন্তরস্থ লালা দ্বারা বাহিরে জাল বিস্তার করে, সেইরূপ ভগবান্ স্বীয় অন্তরঙ্গ অচিন্ত্যশক্তি মায়ার প্রকটনে জগতের রচনা করেন এবং কার্য্যান্তে আপনার উদর-মধ্যেই সমস্ত অন্তর্নিহিত করিয়া লন। সুতরাং ইহার নিমিত্ত ও উপাদানভাবে এক সত্যস্বরূপ তিনিই বিরাজ করেন। তিনি ব্যতীত সংসারে পরমমহৎ হইতে পরম অণু পর্য্যন্ত কার্য্যকারণভেদে কোন অতিরিক্ত পদার্থই নাই। সকল ভাবে এক তিনিই প্রকাশমান রহিয়াছেন ॥

জগৎসংসারের কারণের প্রতি দৃষ্টি করিতে হইলে, আমরা সাধারণত দুইটী সীমায় উপনীত হইয়া থাকি। একটী ইহার উপাদান, অপরটী নিমিত্ত; যেমন ঘটনির্ম্মাণ-কালে উপাদানভূত মৃত্তিকা এবং নিমিত্তস্বরূপ কুম্ভকার এই দুইটী কারণেরই প্রধানত প্রয়োজন, সেস্থলে এক ভগবান্‌কেই জগতের নিমিত্ত ও উপাদান এই উভয়ভাবে এই শ্লোকে নিরূপণ করিয়াছেন ॥ ১৪ ॥

আত্মসৃষ্টমিদং বিশ্বমন্বাবিশ্য স্বশক্তিভিঃ।
ঈয়তে বহুধা ব্রহ্মন্ শ্রুতপ্রত্যক্ষগোচরং ॥ ১৫ ॥
যথাহি ভূতেষু চরাচরেষু মহ্যাদয়ো যোনিষু ভান্তি নানা।

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! স্বশক্তিভিঃ রজআদিভিঃ, আত্মসৃষ্টং (আত্মনা এব সৃষ্টং ইদং বিশ্বং অন্বাবিশ্য (উপাদানত্বাৎ স্বয়ং তদ্রূপোঽপি অন্তর্যামিতয়া প্রবিশ্য ইব) শ্রুতপ্রত্যক্ষগোচরং যথা ভবতি তথা ভবান্ এব ঈয়তে প্রতীয়তে ॥ ১৫ ॥

যোনিষু স্বকারণকেষু রূপান্তরেণাভিব্যক্তিস্থানেষু, চরাচরেষু ভূতেষু হি প্রসিদ্ধং, মহ্যাদয়ঃ কারণানি এব নানা তত্তদ্রূপেণ ভান্তি এবং আত্মতন্ত্রঃ কালকর্ম্মাদিপারতন্ত্র্যরহিতঃ,

শ্রীধরস্বামী।

নন্বু প্রত্যক্ষাদিসিদ্ধং কথং নাস্তীতি উচ্যতে অত আহ আত্মসৃষ্টমিতি। হে ব্রহ্মন্ পরমেশ্বর! ব্রহ্মেতি বা পাঠঃ। রজ আদিস্বশক্তিভিরাত্মনৈব সৃষ্টমিদং বিশ্বং অন্বাবিশ্য কারণত্বাদনু ন প্রবিষ্টোঽপি অনুপ্রবিশ্যেব স্থিতঃ। শ্রুতপ্রত্যক্ষগোচরং যথা ভবতি তথা বহুধা ভবানেব প্রতীয়তে ॥ ১৫ ॥

একস্যৈব বহুধা প্রতীতিং সদৃষ্টান্তমাহ যথাহীতি। যোনিষু স্বস্যৈব রূপান্তরেণাভিব্যক্তিস্থানেষু চরাচরেষু যথা মহীপ্রমুখানি কারণানি নানা ভান্তি। আত্মযোনিষু স্বকারণেষু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এক এব ভবান্ জগদ্রূপেণ নানা ভবতীত্যাহ। আত্মসৃষ্টং স্বকার্য্যং বিশ্বমিদমন্বাবিশ্য তত্র প্রবিশ্য স্থিত ইত্যর্থঃ। বহুধা দেবগন্ধর্ব্বাদিরূপেণ মনুষ্যগবাদিরূপেণ চ ঈয়তে অবগম্যতে। যতো বিশ্বমিদং শ্রুতপ্রত্যক্ষগোচরং শ্রবণদর্শনবিষয়ীভূতং ক্লীবত্বমার্ষং ॥ ১৫ ॥

একস্যৈব নানারূপত্বং সদৃষ্টান্তমাহ। যথা ভূতেষু ভৌতিকশরীরেষু চরাচরেষু যোনিষু

হে ব্রহ্মন্! রজঃ আদি স্বকীয় শক্তির বিস্তারে স্বয়ংই এই বিশ্ব-সংসার সৃজন করিয়া, অন্তর্যামিরূপে নিজেই তাহার অন্তরে প্রবেশ করিয়াছেন এবং শ্রবণ ও দর্শনাদির অনুভূতচর হইয়া, আপনিই সর্ব্বত্র প্রতীত হইতেছেন ॥১৫॥

বিভিন্নরূপে ও বিভিন্নভাবে প্রতীয়মান কার্য্যভূত চরাচর ভূতসমূহে প্রসিদ্ধ ক্ষিত্যাদি কারণসমূহ যেমন নানাভাবে ও সেই সেই রূপে প্রতীত হয়, সেইরূপ আপনি কাল-কর্ম্মাদির পরতন্ত্র না হইলেও, নিজোৎপন্ন ভূত-

আভাস।

ভগবত্তত্ত্ব হইতেই যখন জগতের উৎপত্তি, তখন তাঁহার স্বত্তাতিরিক্ত পৃথক্ সত্তা জগতের নাই; এবং ভগবান্ হইতে জগৎও পৃথক্ নহে। এদিকে অন্তর্যামিস্বরূপে তিনিই সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া রহিয়াছেন। অতএব দেবতা বা মনুষ্যাদিরূপে যে সমস্ত দ্বৈত প্রপঞ্চ শ্রুত বা দৃষ্ট হয়, সমস্তই তিনি মাত্র ॥ ১৫ ॥

এবং ভবান্ কেবল আত্মযোনিষ্বাত্মাত্মতন্ত্রো বহুধা বিভাতি ॥ ১৬ ॥
সৃজস্যথো লুম্পসি পাসি বিশ্বং রজস্তমঃসত্ত্বগুণৈঃ স্বশক্তিভিঃ।
ন বধ্যসে তদ্‌গুণকর্ম্মভির্ব্বা জ্ঞানাত্মনস্তে ক্বচ বন্ধহেতুঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

অপি ভবান্ আত্মযোনিষু স্বকারণকেষু ভূতভৌতিকেষু কার্য্যমাত্রেষু বহুধা লীলার্থং নানারূপঃ বিভাতি ॥ ১৬ ॥

স্বশক্তিভিঃ রজস্তমঃসত্ত্বগুণৈঃ বিশ্বং সৃজসি পাসি অথ অনন্তরং, লুম্পসি সংহরসি, তথাপি তৈঃ রজআদিগুণৈঃ, সৃষ্ট্যাদিকর্ম্মভিঃ, বা ন বধ্যসে যতঃ জ্ঞানাত্মনঃ অলুপ্তচৈতন্যস্বরূপস্য, তে তব, ক্বচ বন্ধহেতুঃ বন্ধকারণং, নাস্তীত্যর্থঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ভূতভৌতিকেষু জীবোঽপি নরমৃগাদিশরীরেষু বালযুবাদ্যবস্থাসু চ তথা প্রতীয়তে তৎব্যবচ্ছেদার্থং আত্মতন্ত্রগ্রহণং ॥ ১৬ ॥

নন্বু সৃষ্ট্যাদিকর্ত্তৃত্বেন সগুণত্বেন চ মম কিং জীববদ্বন্ধ উক্তঃ নহি নহীত্যাহ সৃজসীতি তদ্‌গুণকর্ম্মভির্ব্বা তৈর্গুণৈঃ কর্ম্মভির্ব্বা ইত্যর্থঃ। যতঃ ক্বচ কদাচিদপি বন্ধহেতুরবিদ্যা তব নৈবাস্তি। কুত ইত্যত আহ জ্ঞানাত্মন ইতি। মায়ায়া আশ্রয়ানাবরকত্বাদিতি ভাবঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জাতিষু মহাদয়ো হেতবঃ নানারূপা ভূত্বা ভান্তি এবং কেবল এক এব আত্মযোনিষু আত্মাভিব্যক্তিস্থানেষু আত্মা ভবান্ বহুধা বিভাতি। আত্মতন্ত্রঃ স্বতন্ত্রঃ ॥ ১৬ ॥

অত স্বমেবৈকো জগদীশ্বর ইত্যাহ সৃজসীতি। তত্তদভিধৈস্তৈ র্গুণৈ স্তৈস্তৈঃ কর্ম্মভিশ্চ জীব ইব ত্বং ন বধ্যসে। নন্বু কুতোঽহং ন বধ্যেততত্রাহ। জ্ঞানাত্মনঃ জ্ঞানস্বরূপস্য পরব্রহ্মণ স্তব বন্ধহেতুরবিদ্যা ক্ব? জীবস্যেব তব সা নাস্তীত্যর্থঃ ॥ ১৭ ॥

ভৌতিকাদি কার্য্যবর্গে লীলার্থ নানা বিগ্রহ ধারণে একাকী আপনিই বিরাজ করিতেছেন ॥ ১৬ ॥

স্বকীয় শক্তি রজোগুণে সৃষ্টি, সত্ত্বগুণে পালন এবং তমোগুণে আপনি সংহার কার্য্য সাধন করিলেও, গুণগ্রামে বা সৃষ্ট্যাদি কার্য্যে কখন আবদ্ধ হন

আভাস।

এক পদার্থ বহুরূপে যে ভাবে প্রতীত হয়, এই শ্লোকে দৃষ্টান্ত প্রদর্শনে তাহারই প্রতিপাদন করা হইয়াছে। অর্থাৎ পর্ব্বত, বৃক্ষ, লতা বা মনুষ্যাদি জীবের দেহ পরস্পরে সম্পূর্ণ পৃথক্ ও বিসদৃশরূপে প্রতীত হইলেও, সকলের উপাদানভূত মৃত্তিকা সকলের মধ্যেই এক। মৃত্তিকাই নানা বেশে প্রতিভাত হয়, সেইরূপ আত্মার অভিব্যক্তিস্থলে এক পরমাত্মস্বরূপ গোবিন্দই নানা ভাবে আত্মপরিচয় প্রদান করিয়া থাকেন ॥ ১৬ ॥

জীব সামান্য কর্ম্মের অনুষ্ঠানেই সংসারে আবদ্ধ হইয়া, অনন্ত দুঃখের স্রোতে ভাসমান

দেহাদ্যুপাধেরনিরূপিতত্বাৎ ভবো ন সাক্ষান্ ভিদাত্মনঃ স্যাৎ।

অন্বয়ঃ।

দেহাদ্যুপাধেঃ অনিরূপিতত্বাৎ প্রাকৃতত্বেন নিরূপয়িতুমশক্যত্বাৎ, সাক্ষাৎ আনন্দরূপস্য আত্মনঃ তব, ভবঃ জন্ম (তথা দেহাদিপ্রযুক্তা) ভিদা ভেদঃ, অপি ন স্যাৎ নাস্তি; অতঃ তত্ত্বতঃ

শ্রীধরস্বামী।

কিঞ্চাস্তাং তাবৎ তব বন্ধশঙ্কা যতোঽবিদ্যোপাধে র্জীবাত্মনোঽপি ন বস্তুতো বন্ধোঽস্তীত্যাহ দেহাদ্যুপাধেরিতি। ভবো জন্ম তন্মূলা ভিদাচ সাক্ষাৎ স্বরূপতো ন স্যাদিতি। নন্বু মম বন্ধাভাবং বদতা ত্বয়া কিং মোক্ষোঽঙ্গীকৃতঃ। ওমিতি চেত্তর্হি বন্ধাভাবে মোক্ষাসম্ভবাদাপন্নো বন্ধোঽপীত্যাশঙ্ক্যাহ অত ইতি। যতো নাবিদ্যা অতো ন বন্ধঃ মোক্ষশ্চ। এবমুভৌ ন স্যাতামিতি। নন্বু উদূখলে বদ্ধং মাং শ্রুতবান্; যমুনাহ্রদে তু মুক্তং দৃষ্টবানসি। অতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু মে যদ্যবিদ্যা নাস্তি তদাত্মদেহোঽয়মবিদ্যকঃ কুত আয়াত স্তত্রাহ দেহাদীতি। তব দেহাদ্যুপাধেরনিরূপিতত্বাদিতি। তব দেহাদিরূপাধিরাবিদ্যক ইতি কৈরপি শাস্ত্রজ্ঞৈ র্ন নিরূপিত ইত্যর্থঃ। অতএব তব ন ভবঃ জীববৎ সংসারো জন্ম বা নৈব স্যাৎ। তবাপি দেহাদিরূপাধিরাবিদ্যকো যদি ভবেৎ তদা ত্বমপি স্বাতন্ত্র্যেঽপি জীবতুল্য এব জন্মাদিমানেব স্যা ইত্যর্থঃ। অতস্তব দেহাদেরুপাধিত্বাভাবাৎ জীববৎ সাক্ষাৎ পৈতৃকধাতুসম্বন্ধং জন্ম ন স্যাৎ কিন্ত্বাবির্ভাবাত্মকমেব জন্ম ভবেৎ। তথা আত্মনো দেহাদ্ভিদা ভিন্নত্বং জীবস্যেব তব নাস্তি। তদ্দেহোঽপি ত্বমেবেত্যর্থঃ। দেহদেহিবিভাগোঽত্র নেশ্বরে বিদ্যতে ক্বচিদিত্যুক্তেঃ। অতস্তব ব্রহ্মত্বাদেবাবিদ্যাবিদ্যাভ্যামতীতস্য নৈব বন্ধো নৈব মোক্ষঃ। উদূখলে মাত্রা নিবদ্ধস্য কালিয়হ্রদামুক্তস্য মম বন্ধমোক্ষৌ স্ত ইতি চেৎ সাভাং তৌ তু তেন নিষিদ্ধ্যেতে ইতি ভাবঃ। কুত স্ত্বয়ি স বন্ধঃ স মোক্ষশ্চ নোঽস্মাকং ভক্তানাং নিষ্কামো ধ্যেয়ত্বাদভীষ্ট

না; কারণ আপনি অলুপ্তচৈতন্য জ্ঞানস্বরূপ; জীবের ন্যায়, আপনার বন্ধের কোন কারণই নাই ॥ ১৭ ॥

আপনার দেহ জীবের ন্যায়, প্রাকৃতিক উপাদানে বিরচিত নহে; আপনি পূর্ণানন্দের পরাকাষ্ঠা; সুতরাং দেহাদি উপাধিজনিত জন্মও কখন আপনাতে সম্ভব নহে। অতএব বন্ধন বা মুক্তির সহিত আপনার কোন সম্পর্ক

আভাস।

হয়; ভগবান্ কিন্তু এই অনন্ত বিশ্বব্রহ্মাণ্ডরূপ কার্য্যবর্গের সৃষ্টিব্যাপারে কর্ত্তা হইয়াও, অকর্ত্তাভাবে বিরাজ করত, পূর্ণানন্দে অবস্থান করেন। জীব অজ্ঞানে অন্ধ হইয়া, প্রত্যেক কার্য্যে স্বার্থের পরিচয় দেয়; সুতরাং বদ্ধ হয়। ভগবান্ জ্ঞানস্বরূপ; বিদ্যা বা অবিদ্যা তাঁহার পরিচারিকাস্থানীয়া; সুতরাং সূর্য্য-সন্নিধানে দিবা বা রাত্রির কল্পনা যেমন সম্পূর্ণ অসঙ্গত, সেইরূপ তাঁহার বন্ধন বা মুক্তিতেও, কেবল কল্পনার পরিচয় দেওয়া হয় মাত্র ॥ ১৭ ॥

অতো ন বন্ধস্তব নৈব মোক্ষঃ স্যাতাং নিকামস্ত্বয়ি নো বিবেকঃ ॥ ১৮ ॥
ত্বয়োদিতোঽয়ং জগতো হিতায় যদা যদা বেদপথঃ পুরাণঃ।
বাধ্যেত পাষণ্ডপথৈরসদ্ভিস্তদা ভবান্ সত্ত্বগুণং বিভর্ত্তি ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

তব বন্ধঃ মোক্ষঃ চ নৈব স্যাতাং ; ত্বয়ি নঃ অস্মাকং, নিকামঃ স্বাভিপ্রায়ানুরূপঃ, অবিবেকঃ এব তথা ব্যবহারহেতুঃ ॥ ১৮ ॥

জগতঃ প্রাণিমাত্রস্য হিতায় ত্বয়া উদিতঃ অয়ং পুরাণঃ বেদপথঃ বেদবোধিতধর্ম্মমার্গঃ, যদা যদা পাষণ্ডপথৈঃ বেদবিরুদ্ধমার্গৈঃ অসদ্ভিঃ অসাধুভিঃ, বাধ্যেত পীড্যেত, তদা তদা ভবান্ সত্ত্বগুণং শুদ্ধসত্ত্বময়ং বিগ্রহং, বিভর্ত্তি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

কথমুভয়ং নাস্তি অত আহ নিকাম ইতি। স্বাভিপ্রায়ানুরূপঃ। ত্বয়ি নোঽস্মাকং অবিবেক এব পরং এবম্ভূত ইতি। যদ্বা নোঽবিবেক এব তবোভৌ স্যাতামিতি ॥ ১৮ ॥

নন্থ তর্হি মমাবতারাস্তচ্চরিতানি চ শুক্তিরজতবদবিদ্যাকল্পিতান্যেব কিং ? নহি নহি। ইয়ন্তু তব লীলা ইত্যাহ দ্বয়েন ত্বয়োদিত ইতি ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এব। যতো বিবেকঃ স বন্ধো মোক্ষশ্চ। বিবেক এব মায়িকত্বাভাবাৎ। জ্ঞানস্বরূপঃ নতু তাবদজ্ঞানসংজ্ঞো ভববন্ধমোক্ষাবিত্যর্থঃ ॥ ১৮ ॥

তদেবং গুণাতীতস্বরূপলীলোঽপি ত্বং ধর্ম্মমার্গরক্ষয়া শিষ্টজনপালনার্থং সত্ত্বগুণং পুষ্ণন্নাবির্ভবসীত্যাহ। ত্বয়া উদিত উক্তঃ বেদপথঃ ধর্ম্মমার্গঃ। পুরাণঃ প্রাচীনঃ ॥ ১৯ ॥

নাই। তথাপি আমাদের অজ্ঞানতানিবন্ধন বন্ধন বা মুক্তির সম্পর্ক স্ব স্ব অভিপ্রায় অনুসারেই আমরা আপনার উপর আরোপ করিয়া থাকি মাত্র ॥ ১৮ ॥

সমগ্র জগতের ও প্রাণিসমূহের মঙ্গলকামনায় আপনিই বেদবোধিত সনাতন ধর্ম্মমার্গের প্রচার করিয়াছেন। বেদবিরুদ্ধমার্গাবলম্বী অসাধু অসুরজাতীয় ব্যক্তিগণ কর্ত্তৃক যখন সেই ধর্ম্মমার্গের ব্যাঘাত উপস্থিত হয়, সেই সেই সময়ে আপনি বিশুদ্ধ সত্ত্বময় বিগ্রহধারণে জগতে অবতীর্ণ হইয়া থাকেন ॥ ১৯ ॥

আভাস।

ভগবানের অবতারনিষ্ঠ দেহ অবিদ্যা-নির্ম্মিত নহে। সুতরাং তাঁহার জন্মও জীবের ন্যায়, বলা অসঙ্গত। ভগবান্ আবির্ভাব-কালে নিজেই দেহ হন ; দেহ এবং তিনি উভয়ই এক ; তথায় দেহদেহীর কোন ভেদ নাই। সুতরাং দেহের ত্যাগ বা গ্রহণ জীবস্বরূপে প্রযুক্ত হইলেও, ঈশ্বরস্বরূপে তাহা নিতান্ত অসঙ্গত। ভগবান্ শ্রীকৃষ্ণ পূর্ণব্রহ্ম ; ব্যবহারিক দৃষ্টিতে মানবের ন্যায় দেহধারী বলিয়া প্রতীত হইলেও, প্রকৃত প্রস্তাবে জীবের ন্যায়, দেহকে তিনি

স ত্বং বিভোঽদ্য বসুদেবগৃহেঽবতীর্ণঃ স্বাংশেন ভারমপনেতুমিহাসি ভূমেঃ।
অক্ষৌহিণীশতবধেন সুরেতরাংশ-রাজ্ঞামমুষ্য চ কুলস্য যশো বিতন্বন্ ॥ ২০ ॥
অদ্যেশ নো বসতয়ঃ খলু ভূরিভাগা যাঃ সর্ব্বদেব-পিতৃ-ভূত-নৃদেবমূর্ত্তিঃ;
যৎপাদশৌচসলিলং ত্রিজগৎ পুনাতি স ত্বং জগদ্গুরুরধোক্ষজ যাঃ প্রবিষ্টঃ ॥ ২১

অন্বয়ঃ।

হে বিভো! সঃ ত্বং সুরেতরাংশরাজ্ঞাং (সুরেতরাণাং অসুরাণাং অংশভূতাঃ যে রাজানঃ কংসাদয়ঃ তেষাং) অক্ষৌহিণীশতবধেন (অক্ষৌহিণীনাং যানি শতানি তেষাং বধেন ভূমেঃ ভারং অপনেতুং নিরাকর্ত্তুং তথা অমুষ্য যাদবকুলস্য যশঃ বিতন্বন্ বিস্তারয়িতুং ইচ্ছন্ চ ইহ ভূলোকে বসুদেবগৃহে, স্বাংশেন বলভদ্রেণ, সহ অবতীর্ণঃ অসি ॥ ২০ ॥

হে অধোক্ষজ অতীন্দ্রিয়! যঃ সর্ব্বদেবপিতৃভূতনৃদেবমূর্ত্তিঃ (দেবাঃ পিতরঃ ভূতানি নৃদেবাঃ রাজানঃ, চ মূর্ত্তয়ঃ যস্য সঃ) তথা যৎপাদশৌচসলিলং (যস্য তব পাদয়োঃ শৌচসলিলং ক্ষালনোদকং গঙ্গারূপং) ত্রিলোকীং পুনাতি সঃ জগতাং গুরুঃ পূজ্যঃ, ত্বং যাঃ বসতীঃ প্রবিষ্টঃ হে ঈশ! অদ্য নঃ অস্মাকং তাঃ বসতয়ঃ, খলু নিশ্চয়েন ভূরিভাগাঃ মহাপুণ্যাঃ এব ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

সুরেতরাংশা যে রাজানস্তেষামক্ষৌহিণীশতানাং বধেন ভূমের্ভারমপনেতুং স্বাংশেন রামেণ সহাবতীর্ণোঽসি ॥ ২০ ॥

অতএবম্ভূতস্য তবাগমনেন কৃতার্থোঽস্মীত্যাহ ত্রয়েণ অদ্যেতি। হে ঈশ অদ্য নো বসতয়ো গৃহাস্তপোবনাদপি পুণ্যতমাঃ কুতঃ। যা বসতীস্ত্বং সাক্ষাৎ প্রবিষ্টঃ। কথম্ভূতঃ। যস্য তব পাদসলিলমেব গঙ্গা ত্রিজগৎ পুনাতি যশ্চ ত্বং পঞ্চযজ্ঞদেবতামূর্ত্তিঃ স ত্বং জগদ্গুরুরিতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বাংশেন রামেণ সহ। সুরেতরাংশা যে রাজানস্তেষামক্ষৌহিণীশতস্য বধেন ভূমের্ভারমপনেতুং ॥ ২০ ॥

যা বসতীঃ স এব ত্বং প্রবিষ্টঃ যস্ত্বং সর্ব্ববেদাদিমূর্ত্তিঃ ॥ ২১ ॥

হে প্রভো! দেবদ্বেষী অসুরগণের অংশে সমুদ্ভূত কংসাদি রাজন্যবর্গের শত শত অক্ষৌহিণী সেনার নিধন-সাধন করিয়া, আপনি পৃথিবীর ভার অপনয়ন করিবার নিমিত্ত এবং যাদবকুলের যশোরাশি বিস্তার করিবার জন্য, বসুদেবের গৃহে স্বকীয় অংশ বলদেবের সহিত অদ্য জগতীতলে অবতীর্ণ হইয়াছেন ॥ ২০

হে অধোক্ষজ! যাবতীয় দেবতা, পিতৃগণ, ভূতসমূহ এবং রাজন্যবর্গের

আশ্রয় করেন না; তিনি নিত্যমুক্ত জ্ঞানস্বরূপ। ধর্ম্মের রক্ষা ও দুষ্টের দমনার্থ তিনি আবির্ভূত হইয়াছিলেন ॥ ১৮—২০ ॥

কঃ পণ্ডিতস্তদপরং শরণং সমীয়াদ্ভক্তপ্রিয়াদৃতগিরঃ সুহৃদঃ কৃতজ্ঞাৎ।
সর্ব্বান্ দদাতি সুহৃদো ভজতোঽভিকামানাত্মানমপ্যুপচয়াপচয়ৌ ন যস্য ॥ ২২ ॥

অন্বয়ঃ।

কঃ পণ্ডিতঃ বিবেকী, ত্বত্তঃ ভক্তপ্রিয়াৎ (ভক্তাঃ প্রিয়াঃ যস্য তস্মাৎ) ঋতগিরঃ (ঋতা সত্যা গীঃ যস্য তস্মাৎ) সুহৃদঃ হিতকারিণঃ, কৃতজ্ঞাৎ (কৃতং ভক্তকৃতং ভজনং দুষ্টকৃতং দ্রোহং বা জানাতি যঃ তস্মাৎ) সুহৃদঃ শুদ্ধান্তঃকরণস্য, ভজতঃ ভক্তস্য সর্ব্বান্ অভিকামান্ বাঞ্ছিতান্ ধর্ম্মাদীন্, দদাতি (কিং বহুনা) আত্মানং অপি তদধীনং করোতি, তথাপি যস্য উপচয়াপচয়ৌ উৎকর্ষাপকর্ষৌ, ন স্তঃ, তাদৃশাৎ ভগবতঃ, অপরং শরণং সমীয়াৎ ব্রজেৎ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

স্বমনোরথঃ পরিপূরিত ইতি তুষ্যন্নাহ কঃ পণ্ডিত ইতি। ঋতগিরঃ সত্যবাচঃ। ত্বত্তোঽপরং শরণং কঃ সমীয়াৎ গচ্ছেৎ। যতো ভবান্ ভজতঃ সর্ব্বানভিতঃ কামান্ দদাতি আত্মানমপীতি ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বদপরং ত্বত্তোঽন্যং। ঋতগিরঃ সত্যবাক্যাৎ। কংসং হত্বা ত্বদ্গৃহং যাস্যামীতি স্ববাক্যং সত্যং কৃতমিতি ভাবঃ। সুহৃদঃ হিতকারিণঃ। যেন দাসস্য হিতং স্যাত্তং ত্বমেব জ্ঞাত্বা করোষীত্যর্থঃ। কৃতজ্ঞাৎ কাদাচিৎকমপি যৎ কিঞ্চিদপি ভক্তেন বিস্মৃতমপি ত্বদ্ভজনং কৃতং ত্বং জানাস্যেবেত্যর্থঃ। যো ভবান্ সুহৃদঃ শোভনান্তঃকরণায় নিষ্কামায়েত্যর্থঃ। ভজতে ভজনং কুর্ব্বতে জনায় অভিকামান্ অভিবাঞ্ছিতার্থান্ সর্ব্বানেব তেনাকামিতানপি দদাতি। ন চ তাবতোঽপি দত্ত্বা নিবর্ত্ততে ইত্যাহ। আত্মানং স্বমপি দদাতি। অত্র ভবানিত্যধ্যাহার্য্যং। ননু স্বপর্য্যন্তদানং নাম মহানপচয় স্তত্রাহ। যস্য তব উপচয়াপচয়ৌ ন স্তঃ। কোটিব্রহ্মাণ্ডবর্ত্তিদ্রব্যেষু কোটিসঙ্খ্যব্রহ্মাদ্যৈস্তভ্যমুপহৃতেষ্বপি তব ন কোঽপ্যুপচয়ঃ। ত্বয়া স্বভক্তায় স্বপর্য্যন্তবস্তুজাতপ্রদানেঽপি ন কোঽপ্যপচয়ঃ। অতর্ক্যানন্তশক্তিত্বাদিতি ভাবঃ ॥২২॥

মূর্ত্তিতে যিনি জগতে বিরাজ করিতেছেন, যাঁহার পাদধৌত সলিল গঙ্গারূপে ত্রিভুবনকে পবিত্র করিতেছেন, সেই জগদ্‌গুরু আপনি যে সমস্ত বাসমন্দিরে অদ্য প্রবেশ করিলেন, হে পরমেশ! সেই সমস্ত আমাদের বাসভবন অদ্য মহাপবিত্র পুণ্যভবন বলিয়া অবশ্য গণনীয় হইল, সন্দেহ নাই ॥ ২১ ॥

হে ভগবন্! ভক্তই আপনার প্রিয়পাত্র এবং সত্যই আপনার প্রধান অবলম্বন! আপনি নিঃস্বার্থে জীবের উপকার করিয়া থাকেন এবং ভক্তের ভজন ও দুষ্টের বিদ্রোহাচরণ সকলই আপনার বিদিত আছে। শুদ্ধান্তঃকরণ উপাসক ভক্তের ধর্ম্মাদি সকল প্রার্থনাই আপনি পূরণ করিয়া থাকেন; অধিক কি! আত্মস্বরূপকে পর্য্যন্ত ভক্তের অধীন করিতে অপেক্ষা করেন না; অথচ

দিষ্ট্যা জনার্দ্দন ভবানিহ নঃ প্রতীতো যোগেশ্বরৈরপি দুরাপগতিঃ সুরেশৈঃ।
ছিন্ধ্যাশু নঃ সুতকলত্রধনাপ্তগেহদেহাদিমোহরসনাস্তবদীয়মায়াং ॥

ইত্যর্চ্চিতঃ সংস্তুতশ্চ ভক্তেন ভগবান্ হরিঃ।
অক্রূরং সস্মিতং প্রাহ গীর্ভিঃ সংমোহয়ন্নিব ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে জনার্দ্দন মায়ানির্ত্তক! যোগেশ্বরৈঃ সনকাদিভিঃ, সুরেশৈঃ ইন্দ্রাদিভিঃ, অপি দুরাপগতিঃ (দুরাপা দুর্ল্লভা গতিঃ স্বরূপং যস্য সঃ) সঃ ভবান্ নঃ অস্মাকং, ইহ গৃহে, প্রতীতঃ ইতি দিষ্ট্যা এব; অতঃ নঃ অস্মাকং, সুতকলত্রধনাপ্তগেহদেহাদিমোহরসনাং (সুতাদিষু যঃ মোহঃ আসক্তিঃ, এব রসনা পাশঃ তাং) ভবদীয়মায়াং (ভবদীয়াং মায়াং) আশু শীঘ্রং ছিন্ধি বিনাশয়! ॥

ইতি এবং ভক্তেন অক্রূরেণ, অর্চ্চিতঃ সংস্তুতঃ চ ভগবান্ হরিঃ সস্মিতং যথা স্যাৎ তথা গীর্ভিঃ অক্রূরং সংমোহয়ন্ ইব আহ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

নোহবিবেকিনাং তত্রাপি ইহ গৃহ এব ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নোহস্মাভিঃ প্রতীতঃ প্রত্যক্ষীকৃতঃ ॥
সংমোহয়ন্ স্বৈশ্বর্য্যজ্ঞানং লুম্পন্। ইবেতি সম্যগলুম্পন্নপি ॥ ২৩ ॥

এতদ্দ্বারা আপনার নিজের কোন উৎকর্ষ বা অপকর্ষের পরিচয় হয় না। অতএব জগতে এমন কোন্ বুদ্ধিমান্ পণ্ডিত আছেন যে, আপনার ন্যায় তাদৃশ ভগবানকে উপেক্ষা করিয়া, অন্যের শরণাগত হইবে? ॥ ২২ ॥

হে মায়ানিবারণ! সনকাদি যোগেশ্বরগণ এবং ইন্দ্রাদি অমরবৃন্দ যাঁহাকে ধ্যানযোগেও উপলব্ধি করিতে পারেন না, সেই আপনি যখন আমাদের গৃহে স্বয়ং উপনীত হইয়াছেন, তখন আর আমাদের সৌভাগ্যের কি অপেক্ষা হইতে পারে! অতএব দারা, পুত্র, গৃহ, ক্ষেত্র, ধন সম্পত্তি ও দেহাদিতে আমাদের যে অচ্ছেদ্য আসক্তি-পাশ প্রতীত হইতেছে, অনুগ্রহ পূর্ব্বক ভবদীয় মায়ানামক সেই মোহপাশকে আমাদের নিকট হইতে সত্বর ছেদন করুন! ॥

ভক্তচূড়ামণি অক্রূর কর্ত্তৃক এই প্রকারে অর্চ্চিত ও সংস্তুত হইয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্য সহকারে অক্রূরের চিত্ত বিনোদন করত বলিলেন— ॥ ২৩ ॥

ভগবান্ বলিলেন, হে তাত! আপনি আমাদের পিতৃব্য; অতএব গুরুর ন্যায় পূজনীয় এবং প্রশংসনীয় পরম বন্ধু। আমরা যাহাতে কখন কুপথে

শ্রীভগবানুবাচ ॥

ত্বং নো গুরুঃ পিতৃব্যশ্চ শ্লাঘ্যো বন্ধুশ্চ নিত্যদা।
বয়ন্তু রক্ষ্যাঃ পোষ্যাশ্চ অনুকম্প্যাঃ প্রজা হি বঃ॥ ২৪ ॥
ভবদ্বিধা মহাভাগাঃ সংনিষেব্যা অর্হত্তমাঃ।
শ্রেয়স্কামৈ র্নৃভির্নিত্যং দেবাঃ স্বার্থা ন সাধবঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। ত্বং নঃ অস্মাকং গুরুঃ পূজ্যঃ পিতৃব্যঃ পিতুঃ ভ্রাতা, শ্লাঘ্যঃ প্রশংসনীয়ঃ, বন্ধুঃ চ। বয়ং তু নিত্যদা ভবতা রক্ষ্যাঃ (কুমার্গতঃ), পোষ্যাঃ বর্ধনীয়াঃ, অনুকম্প্যাঃ কৃপাযোগ্যাঃ চ হি যতঃ বঃ যুষ্মাকং, প্রজাঃ পুত্রাদিরূপাঃ এব বয়ং ॥ ২৪ ॥

শ্রেয়স্কামৈঃ মোক্ষার্থিভিঃ, নৃভিঃ ভবদ্বিধাঃ ভবাদৃশাঃ, অর্হত্তমাঃ উৎকৃষ্টতমাঃ, মহাভাগাঃ জনাঃ নিত্যং সংনিষেব্যাঃ এব। যত দেবাঃ হি স্বার্থাঃ (স্বার্থমপেক্ষ্য উপকুর্ব্বন্তি) সাধবঃ তু ন তথা ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

যো যুষ্মাকং প্রজাঃ পুত্রা হি বয়মিতি ॥ ২৪ ॥

নন্বু নৃভির্দেবাঃ সেব্যাঃ ইতি প্রসিদ্ধং তত্রাহ দেবা ইতি। স্বার্থাঃ স্বকার্য্যসাধনতৎপরাঃ। সাধবো ন স্বার্থাঃ কেবলং পরানুগ্রহপরাঃ পরমার্থতস্তু সাধব এব দেবা ইতি তএব সেব্যা ইত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রজাঃ পুত্রতুল্যাঃ। এবং ব্যবহারদৃষ্ট্যা ত্বমস্মাকমাদরণীয় এব। পরমার্থদৃষ্ট্যা তু ত্বং পরমবৈষ্ণবত্বাৎ পূজ্য এবেত্যাহ ভবদ্বিধা ইতি। অর্হত্তম ইত্যর্হাঃ পূজ্যা স্তেষু সত্তমাঃ। নন্বু নৃভির্দেবাঃ সেব্যা ইতি প্রসিদ্ধিস্তত্রাহ। দেবাঃ খলু স্বার্থাঃ স্বকার্য্যসাধনপরাঃ। নতু তথা সাধবঃ। তেতু পরানুগ্রহকাতরা এবেতি ভাবঃ ॥ ২৪ ॥ ২৫ ॥

পদার্পণ না করি, বা শত্রুকুল আমাদের কোন অনিষ্ট করিতে না পারে, তজ্জন্য আমাদের প্রতি আপনার সর্ব্বদা দৃষ্টি রাখা কর্ত্তব্য। আমরা আপনার পুত্র-স্থানীয় এবং নিতান্ত কৃপার পাত্র ॥ ২৪ ॥

যাহারা মোক্ষাদি শ্রেয়োলাভের প্রার্থনা করেন, তাদৃশ জনগণ আপনার ন্যায় শ্রেষ্ঠতম মহাভাগ পুরুষেরই সেবা করিয়া থাকেন। কারণ দেবতা-গণও স্বার্থকে লক্ষ্য করিয়া, জীবের উপকার করিয়া থাকেন; কিন্তু সাধুগণ সেরূপ নহেন; তাঁহারা নিঃস্বার্থে জগতের উপকার করিয়া থাকেন ॥ ২৫ ॥

সাধুর অপেক্ষা জলময় গঙ্গাদি তীর্থসমূহ বা মৃণ্ময় ও শিলাময় দেবতাগণ কখন উৎকৃষ্ট হইতে পারেন না; কারণ শিলাদিময়ী দেবতা বা তীর্থসমূহ বহুকাল সেবনে জীবকে পবিত্র করে, কিন্তু সাধুগণের সন্দর্শনেই জ্ঞান ও

নহ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ ॥ ২৬ ॥
স ভবান্ সুহৃদাং বৈ নঃ শ্রেয়ান্ শ্রেয়শ্চিকীর্ষয়া।
জিজ্ঞাসার্থং পাণ্ডবানাং গচ্ছস্ব গজসাহ্বয়ং ॥ ২৭ ॥
পিতর্যুপরতে বালাঃ সহ মাত্রা সুদুঃখিতাঃ।
আনীতাঃ স্বপুরং রাজ্ঞা বসন্ত ইতি শুশ্রুম ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

সাধূনাং অপেক্ষয়া ন অম্ময়ানি জলময়ানি, গঙ্গাদীনি তীর্থানি উৎকৃষ্টানি; মৃচ্ছিলাময়া দেবাঃ বা ন উৎকৃষ্টাঃ; হি যস্মাৎ, তে মৃচ্ছিলাদয়ঃ দেবাঃ উরুকালেন বহুকালেন, সেবিতাঃ পুনন্তি; সাধবঃ তু দর্শনাদেব জ্ঞানভক্ত্যাদ্যুপদেশমাত্রেণ পুনন্তি ॥ ২৬ ॥

সঃ উক্তবিধঃ, ভবান্ নঃ অস্মাকং, শ্রেয়ান্ শ্রেষ্ঠঃ; অতঃ সুহৃদাং পাণ্ডবানাং, শ্রেয়শ্চিকীর্ষয়া তৎ জিজ্ঞাসার্থং গজসাহ্বয়ং হস্তিনাপুরং, গচ্ছস্ব গচ্ছ! ॥ ২৭ ॥

পিতরি পাণ্ডৌ, উপরতে মৃতে, সতি বালাঃ যুধিষ্ঠিরাদয়ঃ, রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ, স্বপুরং আনীতাঃ সন্তঃ মাত্রা পৃথয়া, সহ সুদুঃখিতাঃ এব বসন্তে নিবসন্তি, ইতি বয়ং শুশ্রুম শ্রুতবন্তঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

তর্হি কিং মৃচ্ছিলাদিময়াঃ দেবাদয়ো নৈবেত্যত আহ নহীতি। অম্ময়ানি তীর্থানি মৃন্ময়াঃ শিলাময়াশ্চ দেবা ন ভবন্তীতি ন। অপিতু ভবন্ত্যেব। তথাপি সাধূনাং তেষাঞ্চ মহদন্তরমিত্যাহ তে পুনন্তীতি ॥ ২৬ ॥

কিঞ্চিচ্চিকীর্ষয়ন্ প্রাগাদিতি যদুক্তং তৎ কার্য্যমাদিশতি স ইতি। নঃ সুহৃদাং মধ্যে ভবান্ শ্রেষ্ঠঃ। অতঃ পাণ্ডবানাং শ্রেয়শ্চিকীর্ষয়া গজসাহ্বয়ং গচ্ছস্ব গচ্ছেতি। যদ্বা। স্বেতি পৃথক্ পদং। হে স্ব আত্মীয়েত্যর্থঃ ॥ ২৭ ॥

রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ। বসন্তে নিবসন্তীতি। শুশ্রুম শ্রুতবন্তো বয়ং ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অম্ময়ানি তীর্থানি। নহীতি শিরশ্চালনে নঞ্। অপি তু ভবন্ত্যেব। এবং দেবা অপি। কিন্তু সাধূনাং তেভ্যো মহদন্তরমিত্যাহ তে ইতি। একশেষে পুংস্ত্বমার্ষং দর্শনাদপি ॥ ২৬ ॥

অতঃ পিতৃব্যত্বেনাস্মৎপ্রিয়ঙ্করত্বাৎ সাধুত্বেন পরোপকারকত্বাচ্চ ইদং তয়া কর্ত্তব্যমিত্যাহ স ইতি। গচ্ছস্ব গচ্ছ। স্বেতি সম্বোধনং বা ॥ ২৭ ॥

ভক্তির উপদেশ লাভে, জীব পবিত্রতা লাভ করে, সন্দেহ নাই ॥ ২৬ ॥

তাদৃশ সাধুহৃদয় আপনিই আমাদের পরম সুহৃদ্; অতএব আমাদের প্রিয় সুহৃদ্ পাণ্ডবগণের মঙ্গলকামনায় আপনি একবার হস্তিনাপুরে গমন করুন্। এবং তাঁহাদের বিষয় পরিজ্ঞাত হউন্! ॥ ২৭ ॥

তেষু রাজাম্বিকাপুত্রো ভ্রাতৃপুত্রেষু দীনধীঃ।
সমো ন বর্ত্ততে নূনং দুষ্পুত্রবশগোঽন্ধদৃক্ ॥
গচ্ছ জানীহি তদ্বৃত্তমধুনা সাধ্বসাধু বা।
বিজ্ঞায় তদ্বিধাস্যামো যথা শং সুহৃদাং ভবেৎ ॥
ইত্যক্রূরং সমাদিশ্য ভগবান্ হরিরীশ্বরঃ।

অন্বয়ঃ।

ভ্রাতৃপুত্রেষু তেষু যুধিষ্ঠিরাদিষু, অন্ধদৃক্ (অন্ধা দৃক্ নেত্ররূপা যস্য সঃ) দীনধীঃ (দীনা বিবেকহীনা ধীঃ যস্য সঃ) দুষ্পুত্রবশগঃ (দুষ্টঃ যঃ পুত্রঃ দুর্য্যোধনঃ তদ্বশগঃ) রাজা অম্বিকা-পুত্রঃ ধৃতরাষ্ট্রঃ, নূনং নিশ্চিতং, সমঃ স্বপুত্রতুল্যতয়া ন বর্ত্ততে ॥

অতঃ ত্বং হস্তিনাপুরং গচ্ছ! অধুনা তদ্বৃত্তং (তেষাং পাণ্ডবানাং বৃত্তং বর্ত্তনং) সাধু অসাধু বা জানীহি! তৎবৃত্তং বিজ্ঞায় সুহৃদাং শং সুখং, যথা ভবেৎ তথা বিধাস্যামঃ করিষ্যামঃ ॥

ইতি এবং অক্রূরং সমাদিশ্য আজ্ঞাপ্য, সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং সহিতঃ ঈশ্বরঃ ভগবান্ হরিঃ

শ্রীধরস্বামী।

দুষ্টা যে পুত্রা দুর্য্যোধনাদয় স্তদ্বশেন গচ্ছতীতি তথা। যতোঽন্ধদৃক্ অন্ধনেত্রঃ ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি শ্রীদশমে অষ্টচত্বারিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ। বসন্তে বসন্তি ॥ ২৮ ॥ ২৯ ॥

ভ্রাতা পাণ্ডুর মৃত্যু হইলে, তদীয় পুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতাকে রাজা ধৃতরাষ্ট্র স্বীয় পুরী হস্তিনায় আনয়ন করিয়াছেন; কিন্তু তথায় তাঁহারা জননী কুন্তীর সহিত অতি কষ্টেই কালাতিপাত করিতেছেন; এইরূপই আমরা শ্রবণ করিয়াছি ॥ ২৮ ॥

অম্বিকানন্দন রাজা ধৃতরাষ্ট্র জন্মান্ধ; বিশেষত তদীয় কুপুত্র দুর্য্যোধনাদির প্রেমে বদ্ধ হইয়া, তিনি হিতাহিত বিবেচনায়ও সম্পূর্ণ অন্ধ হইয়াছেন। সুতরাং তদীয় ভ্রাতা মহারাজ পাণ্ডুর পুত্রগণ যুধিষ্ঠিরাদির প্রতি তিনি পুত্র-নির্ব্বিশেষে যত্ন যে করেন না, সে বিষয়ে আর সন্দেহ নাই ॥

অতএব আপনি হস্তিনাপুরে গমন করুন! এবং পাণ্ডবেরা সম্প্রতি কিরূপ ভাবে জীবনযাত্রা নির্ব্বাহ করিতেছেন, তাহা বিশেষরূপে অবগত হউন! তাঁহাদের বর্ত্তমান অবস্থা পরিজ্ঞাত হইয়া, যাহাতে সেই সুহৃদ্-গণের মঙ্গল-সাধন হয়, তদ্বিষয়ে আমরা বিশেষ যত্ন করিব ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ অক্রূরের প্রতি এইরূপ আদেশ করিয়া, উদ্ধব এবং

সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং বৈ ততঃ স্বভবনং যযৌ। ২৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং

দশমস্কন্ধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪৮ ॥ * ॥

বাদরায়ণিরুবাচ ॥

স গত্বা হাস্তিনপুরং পৌরবেন্দ্রযশোঽঙ্কিতং।

দদর্শ তত্রাম্বিকেয়ং সভীষ্মং বিদুরং পৃথাং ॥ ১ ॥

অন্বয়ঃ।

ততঃ স্বভবনং যযৌ ॥ ২৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। সঃ অক্রূরঃ কৌরবেন্দ্রযশোঙ্কিতং (কৌরবেন্দ্রাণাং যশোভিঃ অঙ্কিতং) হাস্তিনপুরং গত্বা তত্র সভীষ্মং (ভীষ্মেণ সহিতং) আম্বিকেয়ং অম্বিকাপুত্রং ধৃতরাষ্ট্রং, বিদুরং পৃথাং চ দদর্শ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ঊনপঞ্চাশত্তমে তু গত্বাক্রূরো গজাহ্বয়ং।

রাজ্ঞঃ স্বভ্রাতৃপুত্রেষু বুদ্ধ্বা বৈষম্যমাগমৎ ॥ * ॥

পৌরবেন্দ্রাণাং যশোভিস্তৎকৃতদেবব্রাহ্মণায়তনাদিভিরঙ্কিতং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

অষ্টচত্বারিংশকোঽয়ং দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

ঊনপঞ্চাশত্তমেঽগাদক্রূরো হস্তিনাপুরং।

ভ্রাতুষ্পুত্রেষু বৈষম্যং রাজ্ঞো জ্ঞাত্বাগমত্ততঃ ॥ * ॥

পৌরবেন্দ্রাণাং যশোভি র্যশোদ্যোতকৈস্তৎকৃতদেবব্রাহ্মণায়তনাদিভিরঙ্কিতং। আম্বিকেয়ং

বলরামের সমভিব্যাহারে স্বকীয় ভবনে গমন করিলেন ॥ ২৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতানুবাদের অষ্টচত্বারিংশাধ্যায় সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! অনন্তর অক্রূর সেই কৌরবেন্দ্রগণের কীর্ত্তিস্তম্ভে সুসজ্জিত হস্তিনাপুরে উপনীত হইয়া, ভীষ্মের সহিত একত্র উপবিষ্ট ধৃতরাষ্ট্র, বিদুর এবং পৃথারে অবলোকন করিলেন ॥ ১ ॥

তথায় বাহ্লিক, তদীয় পুত্র সোমদত্ত, ভরদ্বাজনন্দন দ্রোণ, কৃপাচার্য্য, কর্ণ, দুর্য্যোধন, দ্রোণপুত্র অশ্বত্থামা, পাণ্ডবগণ এবং অন্যান্য সুহৃদ্‌বর্গের

আভাস।

ঊনপঞ্চাশত্তম অধ্যায়ে অক্রূরের হস্তিনাপুরে গমন এবং তথায় ভ্রাতৃপুত্র পাণ্ডবদের প্রতি ধৃতরাষ্ট্রের বৈষম্য ব্যবহার দর্শন করত, তাঁহার প্রত্যাগমন বর্ণন।

সহপুত্রঞ্চ বাহ্লীকং ভারদ্বাজঞ্চ গৌতমং।
কর্ণং দুর্য্যোধনং দ্রৌণিং পাণ্ডবান্ সুহৃদোঽপরান্ ॥ ২ ॥
যথাবদুপসংগম্য বন্ধুভির্গান্ধিনীসুতঃ।
সংপৃষ্টস্তৈঃ সুহৃদ্বার্ত্তাং স্বয়ঞ্চাপৃচ্ছদব্যয়ং ॥ ৩ ॥
উবাস কতিচিন্মাসান্ রাজ্ঞো বৃত্তবিবিৎসয়া।
দুষ্প্রজস্যাল্পসারস্য খলচ্ছন্দানুবর্ত্তিনঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

সহপুত্রং (পুত্রেণ সোমদত্তেন সহ বিদ্যমানং) বাহ্লীকং, ভারদ্বাজং দ্রোণং, গৌতমং কৃপং, কর্ণং, দুর্য্যোধনং, দ্রৌণিং অশ্বত্থামাং, পাণ্ডবান্ তথা অপরান্ সুহৃদঃ চ দদর্শ ॥ ২ ॥

গান্ধিনীসুতঃ অক্রূরঃ, যথাবৎ যথাযোগ্যং বন্ধুভিঃ সহ উপসংগম্য মিলিত্বা তৈঃ চ সুহৃদ্বার্ত্তাং সংপৃষ্টঃ স্বয়ং অপি তেষাং অব্যয়ং কুশলং, অপৃচ্ছৎ ॥ ৩ ॥

খলচ্ছন্দানুবর্ত্তিনঃ (খলাঃ দুষ্টাঃ কর্ণাদয়ঃ তেষাং ছন্দং ইচ্ছাং, অনুবর্ত্তিতুং শীলং যস্য তস্য) দুষ্প্রজস্য (দুষ্টাঃ প্রজাঃ পুত্রাঃ দুর্য্যোধনাদয়ঃ যস্য তস্য) অল্পসারস্য (অল্পঃ মন্দঃ সারঃ বুদ্ধিঃ যস্য তস্য) রাজ্ঞঃ ধৃতরাষ্ট্রস্য, বৃত্তবিবিৎসয়া (বৃত্তস্য বিবিৎসয়া জ্ঞাতুমিচ্ছয়া) কতিচিৎ মাসান্ তত্র উবাস ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

বাহ্লীকপুত্রঃ সোমদত্তঃ। ভারদ্বাজো দ্রোণঃ। গৌতমঃ কৃপঃ ॥ ২ ॥

অব্যয়ং কুশলং ॥ ৩ ॥

দুষ্প্রজস্য অসৎপুত্রস্য। অল্পসারস্য মন্দধৃতেঃ। খলানাং কর্ণাদীনাং ছন্দমিচ্ছামনুবর্ত্তিতুং শীলমস্য তথা তস্য ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধৃতরাষ্ট্রং। সহপুত্রং সোমদত্তসহিতং। ভারদ্বাজং দ্রোণং। গৌতমং কৃপং ॥ ১ ॥ ২ ॥

অব্যয়ং কুশলং ॥ ৩ ॥

খলানাং কর্ণাদীনাং ছন্দমিচ্ছামনুবর্ত্তিতুং শীলং যস্য তথা তস্য ॥ ৪ ॥

সহিতও সাক্ষাৎ করিলেন ॥ ২ ॥

গান্ধিনী-নন্দন অক্রূর সুহৃদ্‌গণের সহিত মিলিত হইয়া, যথাযোগ্য সম্ভাষণ ও অভিবাদনাদি করিলেন; তাঁহারাও তাঁহার অভিবাদনাদি করিলে, সকলের কুশল-বার্ত্তা তিনি জিজ্ঞাসা করিলেন ॥ ৩ ॥

ধৃতরাষ্ট্র দুষ্ট কর্ণাদির অভিমতেই কার্য্য করিতেন; এবং তাঁহার পুত্র দুর্য্যোধনাদিও নিতান্ত খলপ্রকৃতি; সুতরাং রাজা ধৃতরাষ্ট্রের কোনরূপ বুদ্ধির গুরুত্ব ছিল না; অতএব ধৃতরাষ্ট্রের ব্যবহার অনায়াসে পরিজ্ঞাত হইবার অভিপ্রায়ে, অক্রূর কয়েক মাস সেই হস্তিনাপুরেই অবস্থান করিলেন ॥ ৪ ॥

তেজ ওজো বলং বীর্য্যং প্রশ্রয়াদীংশ্চ সদ্গুণান্।
প্রজানুরাগং পার্থেষু ন সহদ্ভিশ্চিকীর্ষিতং ॥ ৫ ॥
কৃতঞ্চ ধার্ত্তরাষ্ট্রৈর্যৎ গরদানাদ্যপেশলং।
আচখ্যৌ সর্ব্বমেবাস্মৈ পৃথা বিদুর এবচ ॥ ৬ ॥
পৃথা তু ভ্রাতরং প্রাপ্তমক্রূরমুপসৃত্য তং।
উবাচ জন্মনিলয়ং স্মরন্ত্যশ্রুকলেক্ষণা ॥ ৭ ॥

অন্বয়ঃ।

তেজঃ পরাভিভব-সামর্থ্যং, ওজঃ ইন্দ্রিয়সামর্থ্যং বলং শারীর-সামর্থ্যং, বীর্য্যং শৌর্য্যং, প্রশ্রয়াদীন্ চ পার্থানাং সদ্গুণান্ তথা পার্থেষু প্রজানুরাগং চ ন সহদ্ভিঃ অসহমানৈঃ ধার্ত্তরাষ্ট্রৈঃ ধৃতরাষ্ট্রতনয়ৈঃ দুর্য্যোধনাদিভিঃ, যৎ গরদানাদি বিষদানাদিকং, অপেশলং দুষ্টং, কর্ম্ম কৃতং যৎ চ অগ্রে চিকীর্ষিতং তৎ সর্ব্বং অস্মৈ অক্রূরায়, পৃথা বিদুরঃ চ আচখ্যৌ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥৫॥৬॥

পৃথা তু ভ্রাতরং অক্রূরং প্রাপ্তং উপস্থিতং, আশ্রুত্য উপসৃত্য তৎসমীপং গত্বা, জন্মনিলয়ং পিতৃগৃহং, স্মরন্তী অশ্রুকলেক্ষণা (অশ্রূণাং কলাঃ লেশাঃ ষয়োঃ তে ঈক্ষণে যস্যাঃ সা) সতী তং অক্রূরং উবাচ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তেজঃ প্রভাবঃ। ওজঃ শস্ত্রাদিনৈপুণ্যং। বলং সৌবীর্য্যং। বীর্য্যং শৌর্য্যং। ন সহদ্ভিরসহমানৈঃ। চিকীর্ষিতং ইত উপরি কর্ত্তুং ইষ্টং ॥ ৫ ॥

গরস্য বিষস্য দানাদি অপেশলমন্যায্যং তেজ ইত্যাদিকং সর্ব্বং কথয়ামাস ॥ ৬ ॥

তৎকথনাৎ পূর্ব্বং পৃথায়া বৃত্তমাহ পৃথা ত্বিতি। অশ্রূণাং কলা লেশো যয়ো স্তে ঈক্ষণে যস্যাঃ সা ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেজঃ প্রভাবঃ। ওজঃ শস্ত্রাদিনৈপুণ্যং। বীর্য্যং শৌর্য্যং। অপেশলমন্যার্য্যং ॥ ৫ ॥ ৬ ॥

তৎকথনাৎ পূর্ব্বতরং পৃথাবৃত্তমাহ পৃথা ত্বিতি ॥ ৭ ॥

পাণ্ডবগণের পরাভিভব-সামর্থ্য, ইন্দ্রিয়ের বল, দেহের বল, বীর্য্য শৌর্য্য ও বিনয়াদি নানাপ্রকার সদ্গুণ এবং তাহাদিগের প্রতি প্রজাবর্গের অনুরাগাদি অবলোকনে মর্ম্মপীড়িত দুর্য্যোধনাদি ধৃতরাষ্ট্রনন্দনেরা পাণ্ডবগণের প্রতি যে সকল বিষদানাদি দুর্ব্বৃত্তাচরণ করিয়াছেন এবং পরেও যে সকল করিবার অভিপ্রায় করিতেছেন, তাহা সমস্ত বিদুর ও কুন্তী অক্রূরের নিকট বর্ণন করিলেন ॥ ৫ ॥ ৬ ॥

ভ্রাতা অক্রূর হস্তিনাপুরে আগমন করিয়াছেন শ্রবণ করিয়া, কুন্তী তৎসমীপে উপস্থিত হইলেন এবং জন্মস্থান পিতৃগৃহ স্মরণ করত, অশ্রুপূর্ণলোচনে এবং গদ্গদ বচনে অক্রূরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৭ ॥

অপি স্মরন্তি নঃ সৌম্য পিতরৌ ভ্রাতরশ্চ মে।
ভগিন্যো ভ্রাতৃপুত্রাশ্চ যাময়ঃ সখ্য এব চ ॥ ৮ ॥
ভ্রাত্রেয়ো ভগবান্ কৃষ্ণঃ শরণ্যো ভক্তবৎসলঃ।
পৈতৃষ্বসেয়ান্ স্মরতি রামশ্চাম্বুরুহেক্ষণঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

হে সৌম্য! অপি নঃ অস্মান্, মে পিতরৌ, ভ্রাতরঃ ভগিন্যঃ ভ্রাতৃপুত্রাঃ যাময়ঃ কুলস্ত্রিয়ঃ, সখ্যঃ এব চ স্মরন্তি কিং? ॥ ৮ ॥

মম ভ্রাত্রেয়ঃ ভ্রাতৃপুত্রঃ, ভক্তবৎসলঃ শরণ্যঃ ভগবান্ কৃষ্ণঃ অম্বুরুহেক্ষণঃ রামঃ চ পৈতৃষ্বসেয়ান্ (পিতৃভগিন্যাঃ মম সুতান্ যুধিষ্ঠিরাদীন্) কিং স্মরতি? ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অপি কিং। যাময়ঃ কুলস্ত্রিয়ঃ ॥ ৮ ॥ পৈতৃষ্বসেয়ান্ মৎপুত্রান্ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাময়ঃ কুলস্ত্রিয়ঃ ॥ ৮ ॥ ৯ ॥

হে সৌম্য! জনক জননী কি আর এই দুঃখিনীকে কন্যা বলিয়া মনে করেন? ভ্রাতাগণ, ভগিনীগণ, ভ্রাতৃপুত্র, কুলবধূগণ এবং তখনকার আমার সহচরী সখীগণ কি আমার বিষয় স্মরণ করেন? ॥ ৮ ॥

হে ভ্রাতঃ! বল দেখি! জগতের আশ্রয়প্রদ ভক্তবৎসল আমার ভ্রাতৃপুত্র ভগবান্ শ্রীকৃষ্ণ এবং কমললোচন বলরাম পিতৃস্বসার পুত্র বলিয়া, মদীয় পুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতাকে কি কখন মনে করেন? ॥ ৯ ॥

আভাস।

শ্রীকৃষ্ণ পূর্ণব্রহ্ম সর্ব্বান্তর্যামী ও সর্ব্বেশ্বর! তিনি অন্তরে সকলই অবগত আছেন; তথাপি লোকশিক্ষার্থ অক্রূরকে হস্তিনাপুরে প্রেরণ করিলেন। ধৃতরাষ্ট্র এবং যুধিষ্ঠিরাদির আভ্যন্তরিক আচরণ জগতে প্রতীত করানই তাঁহার প্রধান উদ্দেশ্য। তিনি দেখাইয়াছেন যে, অতুল ঐশ্বর্য্যের শীর্ষস্থানে উপবিষ্ট থাকিয়াও, যদি ঈশ্বর-জ্ঞানে ও তদনুকূল আচরণে জীব পরাঙ্মুখ হয়, তাহা হইলে সেই ঐশ্বর্য্যই অনর্থের কারণ ঘটে; এবং ঈশ্বরপরায়ণ ন্যায়বান্ হইয়া, যদি দৈন্যের চরম সীমাতেও কেহ অবস্থান করে, তাহা হইলেও কালক্রমে সে অতুল সৌভাগ্যের অধিপতি হইয়া থাকে; সন্দেহ নাই। ধৃতরাষ্ট্র ও কুন্তীই এতদুভয় ভাবের উৎকৃষ্ট দৃষ্টান্ত স্থল। চরিত্রবান্ ব্যক্তি ধন, ধর্ম্ম, শ্রী ও কীর্ত্তির পাত্র হন; চরিত্রহীন ব্যক্তি পূর্ব্বোক্ত সকল বিষয়ে পরিবৃত হইয়াও, ক্রমশ সকল ভাবে বঞ্চিত হয়। ধৃতরাষ্ট্র পাণ্ডুর সিংহাসনে অধিরূঢ়; রাজার আভ্যন্তরিক ভাব অন্যের নিকট ব্যক্ত হইবার কোন সম্ভাবনা না থাকিলেও, তাঁহার চরিত্রই তাহা জনসমাজে সুব্যক্ত করিয়া দিল। অক্রূর এক জন বিদেশী; অতি অল্পকাল হস্তিনাপুরে অবস্থান করিয়াই, তাঁহার অভিসন্ধি অবগত হইলেন। অতএব চরিত্রই

সপত্নমধ্যে শোচন্তীং বৃকাণাং হরিণীমিব।
সান্ত্বয়িষ্যতি মাং বাক্যৈঃ পিতৃহীনাংশ্চ বালকান্॥ ১০॥
কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্ বিশ্বাত্মন্ বিশ্বভাবন।
প্রপন্নাং পাহি গোবিন্দ শিশুভিশ্চাবসীদতীং॥ ১১॥

অন্বয়ঃ।

বৃকাণাং ঘাতকানাং, মধ্যে হরিণীং ইব সপত্নমধ্যে (সপত্নানাং শত্রূণাং দুর্য্যোধনাদীনাং মধ্যে) শোচন্তীং মাং তথা পিতৃহীনান্ বালকান্ মৎপুত্রান্, চ কিং সান্ত্বয়িষ্যতি॥ ১০॥

হে মহাযোগিন্ বিশ্বাত্মন্ বিশ্বভাবন কৃষ্ণ! হে গোবিন্দ! শিশুভিঃ সহ অবসীদতীং ক্লিশ্যন্তীং, প্রপন্নাং শরণাগতাং, মাং পাহি॥ ১১॥

শ্রীধরস্বামী।

সান্ত্বয়িষ্যতি কিং॥ ১০॥

হে মহাযোগিন্ মহান্ যোগ উপায়ো মায়াখ্যোঽস্যাস্তীতি। হে বিশ্বাত্মন্ সর্ব্বান্তর্যামিন্। হে বিশ্বভাবন বিশ্বপালক। প্রপন্নাং শরণাগতাং। অবসীদতীং ক্লিশ্যন্তীং॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃকাণামিত্যনন্তরং মধ্যে ইত্যধ্যাহার্য্যং॥ ১০॥

মহাযোগিন্নিতি মথুরায়াং স্থিতোঽপি মমৈতাং খেদোক্তিং শৃণ্বিতি ভাবঃ। কিঞ্চ বিশ্বাত্মন্নিতি মম হৃদ্যপি ত্বং স্থিতঃ শৃণোষ্যেবেতি ভাবঃ। বিশ্বভাবনেতি বিশ্বমপি ত্বং পালয়তি মৎপালনং তে কোঽতিভার ইতি ভাবঃ। হে গোবিন্দ মম নেত্রগোচরী ভব! ত্বামহং দৃশ্যাসমিতি ভাবঃ॥ ১১॥

অহো! ভীষণ মাংসলোলুপ বৃকগণের মধ্যগতা হরিণীর ন্যায়, দোর্দ্দণ্ড-প্রতাপ দুর্য্যোধনাদি শত্রুকুলের মধ্যে অবস্থান করত, দুরন্ত দুঃখসাগরে নিপতিতা এই হতভাগিনীকে এবং পিতৃহীন মদীয় অসহায় পুত্রগণকে কি কখন তাঁহারা সান্ত্বনা-বাক্যে পরিতুষ্ট করিবেন?॥ ১০॥

হে মহাযোগিন্ শ্রীকৃষ্ণ! তুমি বিশ্বসংসারকে পালন করিতেছ এবং অন্তরের সকল কথাই অবগত আছ! হে বিশ্বাত্মন্ গোবিন্দ! এই অসহায়

আভাস।

সর্ব্ববিধ উন্নতির একমাত্র সোপান এবং চরিত্র-হীনতাই যাবতীয় দারিদ্র্য-দোষকে যে আনয়ন করে, তাহাই অক্রূরের অনুসন্ধানের বীজ। চরিত্রবান্ যুধিষ্ঠিরাদি কেবল ভগবানের কৃপা কেন? জগৎ-সংসারের অনুগ্রহলাভে ভিখারী হইয়াও, রাজরাজেশ্বর হইলেন এবং চরিত্রহীন হওয়ায়, রাজরাজেশ্বর ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরের সমীপে অন্তে মুষ্টিমেয় হইয়া কালাতিপাত করিয়াছিলেন। অতএব চরিত্রকে রক্ষা করাই যে মানবজীবনের মনুষ্যত্ব-সঞ্চার এক মাত্র লক্ষ্য এবং মহাভারতের বীজ মন্ত্র, তাহাই শ্রীকৃষ্ণ এই স্থলে উপদেশ দিয়াছেন॥ ১—৯॥

নান্যত্তব পদাম্ভোজাৎ পশ্যামি শরণং নৃণাং।
বিভ্যতাং মৃত্যুসংসারাদীশ্বরস্যাপবর্গিকাৎ ॥ ১২ ॥
নমঃ কৃষ্ণায় শুদ্ধায় ব্রহ্মণে পরমাত্মনে।
যোগেশ্বরায় যোগায় ত্বামহং শরণং গতা ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

মৃত্যুসংসারাৎ (মৃত্যোঃ সংসারাৎ উৎপত্তেঃ চ) বিভ্যতাং নৃণাং, ঈশ্বরস্য তব, আপবর্গিকাৎ মোক্ষপ্রদাৎ, পদাম্ভোজাৎ অন্যৎ শরণং ন পশ্যামি ॥ ১২ ॥

নমঃ কৃষ্ণায় সদানন্দমূর্ত্তয়ে রাগদ্বেষাদিদোষরহিতায়, ব্রহ্মণে বেদান্তপ্রতিপাদ্যায়, পরমাত্মনে অন্তর্যামিণে, যোগেশ্বরায় যোগফলদাত্রে, যোগায় যোগফলরূপায়, তুভ্যং নমঃ। অহং ত্বাং শরণং গতা ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

আপবর্গিকাৎ মোক্ষপ্রদাৎ ॥ ১২ ॥

শুদ্ধায় ধর্ম্মাত্মনে। ব্রহ্মণেঽপরিচ্ছিন্নায়। পরমাত্মনে জীবসখায়। যোগেশ্বরায় অণিমাদিযুক্তায়। যোগায় জ্ঞানাত্মনে ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আপবর্গিকাৎ অপবর্গদানার্হাৎ ॥ ১২ ॥

কৃষ্ণায় ভক্তৈরুপাস্যায়েত্যর্থঃ। শুদ্ধায় দৃশ্যত্বেঽপি মায়াতীতায়। ব্রহ্মণে জ্ঞানিভিরুপাস্যায়। পরমাত্মনে যোগিভিরুপাস্যায়। যোগানাং তত্তৎপ্রাপ্ত্যুপায়ানাং ভক্ত্যাদীনাং। ঈশ্বরায় প্রদানসমর্থায়। যোগায় তত্তদুপায়ায় স্বরূপায় চ ॥ ১৩ ॥

বালকগণকে লইয়া, আমি সাতিশয় ক্লেশ পাইতেছি; আমার আর কোন উপায়ই নাই। হে শরণাগত-প্রতিপালক! আমি তোমার আশ্রয় গ্রহণ করিলাম! তুমি আমাকে রক্ষা কর! ॥ ১১ ॥

এই-জনন-মরণরূপ সংসার-রোগে ভীত মানবগণের পক্ষে তোমার ন্যায় অপবর্গদাতা পরাৎপর পরমেশের পাদপদ্ম ব্যতীত অন্য কোন আশ্রয়-স্থলই আর আমি নয়নগোচর করি না! ॥ ১২ ॥

হে সদানন্দ-মূর্ত্তে শ্রীকৃষ্ণ! আপনাকে প্রণাম করি! আপনি রাগদ্বেষাদি-শূন্য বেদপ্রতিপাদ্য সর্ব্বান্তর্যামী পরম ব্রহ্ম; আপনিই যোগেশ্বরগণের যোগফল প্রদান করিয়া থাকেন এবং যোগের ফলস্বরূপও আপনি মাত্র। আমি আপনার শরণাগত! আপনাকে প্রণাম করি! ॥ ১৩ ॥

আভাস।

অক্রূরের আগমন-বার্ত্তা শ্রবণ করিয়া, কুন্তী তৎক্ষণাৎ তাঁহার সমীপে গমন করিলেন এবং লোকরীত্যনুসারে স্ত্রীজন-সুলভ স্বজনবর্গের অদর্শনজনিত বিলাপোক্তি ও ক্রন্দনাদির

ইত্যনুস্মৃত্য স্বজনং কৃষ্ণঞ্চ জগদীশ্বরং।
প্রারুদৎ দুঃখিতা রাজন্ ভবতাং প্রপিতামহী। ১৪॥
সমদুঃখসুখোঽক্রূরো বিদুরশ্চ মহাযশাঃ।
সান্ত্বয়ামাসতুঃ কুন্তীং তৎপুত্রোৎপত্তিহেতুভিঃ॥ ১৫॥

অন্বয়ঃ।

হে রাজন্! ভবতাং প্রপিতামহী কুন্তী, ইতি এবং, স্বজনং বসুদেবাদিবন্ধুবর্গং, জগদীশ্বরং কৃষ্ণং, চ অনুস্মৃত্য দুঃখিতা সতী প্রারুদৎ॥ ১৪॥

সমদুঃখসুখঃ (কুন্ত্যা সহ সমং সুখং দুঃখং চ যস্য সঃ) অক্রূরঃ, মহাযশাঃ প্রখ্যাতকীর্ত্তিঃ, বিদুরঃ চ তস্যাঃ পুত্রোৎপত্তিহেতুভিঃ কুন্তীং সান্ত্বয়ামাসতুঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

প্রপিতামহঃ পাণ্ডুস্তস্য ভার্য্যা প্রারুরোদ॥ ১৪॥

পৃথয়া সহ সমং দুঃখং সুখঞ্চ যস্য সঃ। তস্যাং পুত্রাণামুৎপত্তিহেতুভি র্জনকৈ র্ধর্ম্মা-নিলেন্দ্রাদিভিঃ তৎকথনৈরিত্যর্থঃ॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রপিতামহী কুন্তী॥ ১৪॥

তস্যাং পুত্রাণামুৎপত্তিহেতুভি র্জনকৈ র্ধর্ম্মানিলাদিভিঃ। এতে ধর্ম্মাদ্যংশাঃ কেন নাশয়িতুং-শক্যা ইত্যাদি তৎপ্রভাবকথনৈরিত্যর্থঃ॥ ১৫॥

হে নরনাথ! আপনার প্রপিতামহী কুন্তী এই প্রকারে বসুদেবাদি স্বজন-বর্গ এবং জগদীশ্বর শ্রীকৃষ্ণকে স্মরণ করত, সাতিশয় দুঃখের সহিত ক্রন্দন করিতে লাগিলেন॥ ১৪॥

অচল-প্রতিষ্ঠিত অক্রূর এবং প্রখ্যাত-কীর্ত্তি বিদুর কুন্তীর সুখে সুখী এবং দুঃখে দুঃখিত হইতেন। সুতরাং কুন্তীর তাৎকালিক মর্ম্মবেদনায় ব্যথিত হইয়া, তদীয় পুত্র যুধিষ্ঠিরাদির জন্ম-বৃত্তান্ত স্মরণ করাইয়া, অবশ্যম্ভাবি মঙ্গলের উল্লেখে ভবদীয় প্রপিতামহীর সান্ত্বনা করিলেন॥ ১৫॥

এবং মথুরায় প্রত্যাগমনের পূর্ব্বে রাজা ধৃতরাষ্ট্রের সমীপে গমন করত, অক্রূর অন্যান্য বন্ধুবর্গের সমক্ষেই তাঁহাকে সম্বোধন করত, পাণ্ডবগণের

আভাস।

অব্যবহিত পরেই ভগবদ্বার্ত্তার অনুসন্ধানে কথঞ্চিৎ শান্তি ও আশ্বাস লাভ করিলেন। তিনি জানিতেন যে, সরল আচরণে ভগবানের প্রিয়পাত্র হইতে না পারিলে, সমগ্র সংসারের সাহায্যও অতি অকিঞ্চিৎকর হয় এবং ভগবানের ঈষৎ কৃপার পাত্র হইতে পারিলে, কাহারও সাহায্যের অপেক্ষা থাকে না; সেইজন্য কাতরপ্রাণে ভগবানের উদ্দেশে শরণাগত হইয়া, মর্ম্মবেদনা জানাইতে লাগিলেন॥ ১৩॥ ১৪॥

যাস্যন্ রাজানমভ্যেত্য বিষমং পুত্রলালসং।
অবদৎ সুহৃদাং মধ্যে বন্ধুভিঃ সৌহৃদোদিতং ॥ ১৬ ॥
অক্রূর উবাচ ॥
ভো ভো বৈচিত্রবীর্য্য ত্বং কুরূণাং কীর্ত্তিবর্দ্ধন।
ভ্রাতর্য্যুপরতে পাণ্ডাবধুনাসনমাস্থিতঃ ॥ ১৭ ॥
ধর্ম্মেণ পালয়ন্নুর্ব্বীং প্রজাঃ শীলেন রঞ্জয়ন্।
বর্ত্তমানঃ সমঃ স্বেষু শ্রেয়ঃকীর্ত্তিমবাপ্স্যসি ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

যাস্যন্ মথুরাং প্রতি গমিষ্যন্, অক্রূরঃ সুহৃদাং বন্ধূনাং মধ্যে রাজানং ধৃতরাষ্ট্রং, অভ্যেত্য বন্ধুভিঃ কৃষ্ণরামাদিভিঃ যৎ সৌহৃদোদিতং (সৌহৃদেন প্রেম্না উদিতং কথিতং তৎ) বিষমং পুত্রলালসং অবদৎ ॥ ১৬ ॥

অক্রূরঃ উবাচ। ভোঃ ভোঃ বৈচিত্রবীর্য্য! কুরূণাং কীর্ত্তিবর্দ্ধন! ত্বং ভ্রাতরি পাণ্ডৌ, উপরতে মৃতে, সতি অধুনা নৃপাসনং আস্থিতঃ অধিষ্ঠিতবান্ ॥ ১৭ ॥

অতঃ ধর্ম্মেণ ধর্ম্মশাস্ত্রোক্তপ্রকারেণ উর্ব্বীং ধরাতলস্থান্ লোকান্, পালয়ন্, শীলেন সুখভাবেন, প্রজাঃ রঞ্জয়ন্, স্বেষু ভ্রাতৃপুত্রেষু স্বপুত্রেষুচ সমঃ সমতয়া, বর্ত্তমানঃ সন্ শ্রেয়ঃ ধর্ম্মাদিফলং, কীর্ত্তিং চ আপ্স্যসি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

বন্ধুভিঃ রামকৃষ্ণাদিভিঃ। সৌহৃদেন উদিতমুক্তং যত্তদবদদিতি ॥ ১৬ ॥
ভ্রাতর্য্যুপরত ইতি পাণ্ডোঃ পুত্রেষু সৎসু রাজাসনং ত্বমাস্থিত ইতি কটাক্ষঃ ॥ ১৭ ॥
ভবতু তথাপ্যেবং বর্ত্তমানঃ শ্রেয়োঽবাপ্স্যসীত্যাহ ধর্ম্মেণ ইতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুহৃদাং ভীষ্মাদীনাং মধ্যে স্থিতং বন্ধুভি র্বিদুরাদিভিঃ সহিতঃ সৌহৃদোদিতং সৌহৃদব্যঞ্জকং বাক্যং ॥ ১৬ ॥
ভ্রাতর্য্যুপরতে ইতি পাণ্ডোঃপুত্রেষু সৎস্বপি ত্বং রাজাসনমাস্থিত ইতি কটাক্ষঃ ॥ ১৭ ॥
ভবতু তদপ্যেবং বর্ত্তস্বেত্যাহ। ধর্ম্মেণেতি ॥ ১৮ ॥

প্রতি তাঁহার বিষম ব্যবহার সম্বন্ধে রামকৃষ্ণ প্রেমানুরোধে যেরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন, আনুপূর্ব্বিক তাহা বর্ণন করিলেন ॥ ১৬ ॥

এবং বলিলেন, ওহে বিচিত্রবীর্য্যনন্দন! আপনি কুরুবংশের বিশেষ গৌরববৃদ্ধিই করিয়াছেন! ভবদীয় ভ্রাতা মহারাজ পাণ্ডুর মৃত্যু হওয়াতে, তদীয় পুত্র যুধিষ্ঠিরাদি উপস্থিত থাকিতেও আপনি অবলীলাক্রমে রাজসিংহাসনে সমাসীন হইয়াছেন ॥ ১৭ ॥

অতএব এক্ষণে ধর্ম্মত ধরাস্থ সকল লোকের পালন করাই আপনার কর্ত্তব্য;

অন্যথা হ্যাচরন্ লোকে গর্হিতো যাস্যসে তমঃ।
তস্মাৎ সমত্বে বর্ত্তস্ব পাণ্ডবেষ্বাত্মজেষু চ ॥ ১৯।
নেহ চাত্যন্তসম্বাসঃ কস্যচিৎ কেনচিৎ সহ।
রাজন্ স্বেনাপি দেহেন কিমু জায়াত্মজাদিভিঃ ॥ ২০ ॥
একঃ প্রসূয়তে জন্তুরেক এব প্রলীয়তে।

অন্বয়ঃ।

অন্যথা যথোক্তবিপরীতং আচরন্ কুর্ব্বন্ তু লোকে (জনৈঃ) গর্হিতঃ নিন্দিতঃ, সন্ তমঃ নরকং, যাস্যসে প্রাপ্স্যসি। তস্মাৎ পাণ্ডবেষু আত্মজেষু চ বিষয়ে সমত্বে বর্ত্তস্ব ॥ ১৯ ॥

ইহ লোকে, কস্যচিৎ কেনচিৎ সহ অত্যন্তসম্বাসঃ (অত্যন্তং নিত্যং সম্বাসঃ সম্যক্ স্থিতিঃ ন অস্তি; হে রাজন্! যতঃ স্বেন দেহেন অপি ন অত্যন্তসম্বাসঃ, অতঃ জায়াত্মজাদিভিঃ ভার্য্যাপুত্রাদিভিঃ, অত্যন্তসম্বাসঃ ন ইতি কিমু বক্তব্যং ॥ ২০ ॥

জন্তুঃ শরীরী, একঃ এব প্রসূয়তে জায়তে তথা একঃ একাকী, এব প্রলীয়তে ম্রিয়তে, নতু

শ্রীধরস্বামী।

তমো নরকং। ইহৈব মহদ্দুঃখমিতি ভাবঃ ॥ ১৯ ॥

নন্থ আত্মজানাত্মজাদিষু কথং সমত্বং স্যাত্তত্রাহ নেহ চেতি। অত্যন্তং নিত্যং সম্বাসঃ সম্যক্ স্থিতিঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমো নরকং ॥ ১৯ ॥

নচ তে প্রিয়া অপি পুত্রা দুর্য্যোধনাদয়ঃ চিরস্থায়িন ইত্যাহ নেহেতি ॥ ২০ ॥

এবং সচ্চরিত্রের পরিচয়ে যাবতীয় প্রজাবর্গের আনন্দবর্দ্ধন করাই বিধেয়। নিজের পুত্র বা ভ্রাতৃতনয়গণের প্রতি সমান ভাবে আচরণ করিলে, আপনি ধর্ম্মাদি সমগ্র ফল এবং জগতে অচলা কীর্ত্তি লাভ করিবেন, সন্দেহ নাই ॥১৮॥

ইহার বিপরীত আচরণ করিলে, আপনি জগতে নিতান্ত নিন্দিত হইয়া, অন্তে নরকার্ণবে নিপতিত হইবেন, সন্দেহ নাই। অতএব নিজের পুত্র দুর্য্যোধনাদি ও পাণ্ডুনন্দনগণের প্রতি তুল্য-দৃষ্টিতে আচরণ করুন্! ॥ ১৯ ॥

দেখুন্! এই জগতে কাহারও সহিত কাহার নিরন্তর সম্পর্ক থাকে না। অধিক কি! হে রাজন্! নিজের দেহের সহিতই নিজের সম্বন্ধ যখন চিরস্থায়ী নহে; তখন স্ত্রী-পুত্রের সহিত সম্বন্ধ যে নিরন্তর পরিবর্ত্তনীয়, তাহাতে আর বক্তব্য কি ॥ ২০ ॥

শরীরীমাত্রেই পুত্রাদি স্বজনবর্গের সম্পর্ক ব্যতীত, একাকীই জন্মগ্রহণ করে এবং একাকীই মৃত্যুমুখে নিপতিত হয়; কাহারও সঙ্গে আগমন করে না,

একোঽনুভুঙ্‌ক্তে সুকৃতমেক এবচ দুষ্কৃতং ।। ২১ ।।
অধর্ম্মোপচিতং বিত্তং হরন্ত্যন্যেঽল্পমেধসঃ।
সংভোজনীয়াপদেশৈ র্জলানীব জলৌকসঃ ॥ ২২ ॥
পুষ্ণাতি যানধর্ম্মেণ স্ববুদ্ধ্যা তমপণ্ডিতং ।

অন্বয়ঃ।

পুত্রাদিভিঃ সহিতঃ। তথা একঃ এব সুকৃতং স্বকৃতং পুণ্যফলং সুখং, অনুভুঙ্‌ক্তে তথা একঃ একাকী, এব দুষ্কৃতং পাপফলং দুঃখং, ভুঙ্‌ক্তে ॥ ২১ ॥

যথা জলৌকসঃ মৎস্যাদেঃ, জীবনভূতানি জলানি তৎপুত্রাঃ হরন্তি, তদ্বৎ অল্পমেধসঃ মূঢ়স্য, অধর্ম্মোপচিতং (অধর্ম্মেণ উপচিতং সংগৃহীতং) বিত্তং অন্যে পুত্রাদয়ঃ ইতি ব্যপদেশৈঃ কথনৈঃ, হরন্তি ॥ ২২ ॥

স্ববুদ্ধ্যা স্বকীয়বুদ্ধ্যা, যান্ অধর্ম্মেণাপি পুষ্ণাতি তে প্রাণাঃ রায়ঃ ধনানি সুতাদয়ঃ তং

শ্রীধরস্বামী।

তত্র তাবদুৎপত্তিমরণয়োঃ সুখদুঃখয়োশ্চ কেনাপি সাহিত্যং নাস্তীত্যাহ এক এবেতি ॥ ২১

কিঞ্চ যদা চ সহ সংবসন্তি তদাচ ক্লেশোপার্জ্জিতবিত্তাপহারিতয়া পুত্রা নাম শত্রব এব জ্ঞেয়া ইত্যাহ অধর্ম্মেতি। সংভোজনীয়াঃ পোষ্যাঃ পুত্রাদয় ইতি ব্যপদেশৈরল্পমেধসো মূঢ়স্য বিত্তং হরন্তি। জলৌকসো মৎস্যস্য জীবনভূতানি জলানি যথা তৎপুত্রা হরন্তি তদ্বদিতি ॥ ২২ ॥

কিঞ্চ যানেবং পুষ্ণাতি তে ধনমাদায় মৃতা জীবন্তোঽপি বা তং পরিত্যজন্তি ইত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র তাবদুৎপত্তিমরণয়োঃ সুখদুঃখয়োশ্চ ন কেনাপি সাহিত্যমিত্যাহ এক ইতি ॥ ২১ ॥

কিঞ্চ যদা চ সহ বসন্তি তদাপি ক্লেশোপার্জ্জিতবিত্তাপহারিতয়া পুত্রা নাম শত্রব এব জ্ঞেয়া ইত্যাহ। অধর্ম্মেতি। সংভোজনীয়াঃ পোষ্যাঃ বয়ং পুত্রাদয় ইতি ব্যপদেশৈরল্পধিয়ো মূঢ়স্য বিত্তং হরন্তি। জলৌকসো মৎস্যস্য জীবনভূতানি জলানি যথা তৎপুত্রা হরন্তি তদ্বৎ ॥ ২২ ॥

এবং কাহাকেও সঙ্গে লইয়া যায় না। নিজকৃত সুকৃতি বা দুষ্কৃতির ফল সুখ বা দুঃখ নিজেই অনুভব করে; তাহার অংশ অন্য কাহাকেও প্রদান করিয়া, নিজে নিষ্কৃতিলাভে নিশ্চিন্ত হইতে পারে না ।। ২১ ॥

সলিলোপজীবী মৎস্যাদির সন্তান সন্ততিগণ যেমন তদীয় জীবনোপায় সলিলকেই হরণ করিয়া থাকে, সেইরূপ পুত্র কলত্রাদিগণ পোষ্যবর্গের পরিচয়ে, মূঢ় মানবের অধর্ম্মোপার্জ্জিত বিত্তের অংশ গ্রহণে তাহাকে বঞ্চিত করিয়া থাকে মাত্র ।। ২২ ।।

তেঽকৃতার্থং প্রহিণ্বন্তি প্রাণা রায়ঃ সুতাদয়ঃ ॥ ২৩ ॥
স্বয়ং কিল্বিষমাদায় তৈস্ত্যক্তোনার্থকোবিদঃ।
অসিদ্ধার্থো বিশত্যন্ধং স্বধর্ম্মবিমুখস্তমঃ ॥ ২৪ ॥
তস্মাল্লোকমিমং রাজন্ স্বপ্নমায়ামনোরথং।
বীক্ষ্যাষম্যাত্মনাত্মানং সমঃ শান্তো ভব প্রভো ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

অপণ্ডিতং মূর্খং, অকৃতার্থং অপ্রাপ্তমনোরথং, জনং প্রহিণ্বন্তি ত্যজন্তি ॥ ২৩ ॥

স্বয়ং তু অসিদ্ধার্থঃ অপূর্ণমনোরথঃ এব তৈঃ পুত্রাদিভিঃ, ত্যক্তঃ নার্থকোবিদঃ অনর্থকোবিদঃ, স্বার্থে মূঢ়ঃ, যতঃ স্বধর্ম্মবিমুখঃ জনঃ কিল্বিষং তৎপোষণার্থকৃতং পাপং, আদায় অন্ধং তমঃ ঘোরতামিস্রাদিনরকং বিশতি ॥ ২৪ ॥

হে রাজন্ প্রভো! তস্মাৎ ইমং লোকং স্বপ্নমায়ামনোরথং স্বপ্নমনোরথতুল্যং, বীক্ষ্য নিশ্চিত্য, আত্মনা বিবেকবুদ্ধ্যা, আত্মানং মনঃ, আযম্য বশীকৃত্য, সমঃ শান্তঃ, রাগদ্বেষাদিরহিতঃ ভব ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

পুষ্ণাতীতি স্ববুদ্ধ্যা স্বীয়া ইত্যভিমানেন। রায়োঽর্থাঃ। অকৃতার্থং অপ্রাপ্তভোগং ॥ ২৩ ॥

স পুনঃ পাপৈকপাথেয়ো নরকং বিশতীত্যাহ স্বয়মিতি। অসিদ্ধার্থঃ অপূর্ণমনোরথঃ ॥ ২৪

স্বপ্নশ্চ মায়া চ মনোরথশ্চ তৎ যেন তুল্যং। আযম্য। নিযম্য শান্তঃ সন্ সমো ভবেতি ॥২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ স্ববুদ্ধ্যা স্বীয়া ইত্যভিমানেন যান্ যঃ পুষ্ণাতি তে প্রাণাদয়স্তং মূর্খমকৃতার্থমেব প্রহিণ্বন্তি ত্যজন্তি। রায়ঃ অর্থাঃ ॥ ২৩ ॥ ২৪ ॥

অস্থিরত্বাৎ স্বপ্নাদিতুল্যং আযম্য নিযম্য ॥ ২৫ ॥

কিন্তু, কি আশ্চর্য্য! বুদ্ধিপূর্ব্বক নানাবিধ অন্যায় অধর্ম্ম কার্য্যের অনুষ্ঠানেও যে সকল পুত্র কলত্র, ধন বা প্রাণের পোষণ নিত্য করা হয়, কাল উপস্থিত হইলে, মনোরথ পূর্ণ হইতে না হইতে, তাহারা সকলে সেই অবিবেকী পুরুষকে পরিত্যাগ করিয়া সরিয়া যায় ॥ ২৩ ॥

বহু পরিশ্রম ও অধর্ম্মের সঞ্চয়ে যাহাদিগকে প্রতিপালন করা হইল, সেই পুত্র কলত্রাদি যখন তাহাকে পরিত্যাগ করে, তখন সেই মানবের সকল আশাই নিষ্ফল হইয়া পড়ে; তিনি পরমার্থ চিন্তনেও বিমুগ্ধ হইয়া পড়েন; অথচ স্বকীয় ধর্ম্মে পরাঙ্মুখতা বশত এবং পোষ্যবর্গের প্রতিপালনোপলক্ষে পূর্ব্বানুষ্ঠিত পাপের অনুরোধে ভীষণ অন্ধতামিস্র নরকেই প্রবেশ করে, সন্দেহ নাই ॥ ২৪ ॥

অতএব হে রাজেন্দ্র! এই সংসারকে মায়া, স্বপ্ন ও কল্পনার উচ্ছ্বাসের ন্যায়

ধৃতরাষ্ট্র উবাচ ॥

যথা বদতি কল্যাণীং বাচং দানপতে ভবান্।
তথানয়া ন তৃপ্যামি মর্ত্যঃ প্রাপ্য যথামৃতং ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

ধৃতরাষ্ট্রঃ উবাচ। হে দানপতে! ভবান্ যথা কল্যাণীং শুভাবহাং, বাচং বদতি তথা অনয়া বাচা, অমৃতং প্রাপ্য মর্ত্যঃ মরণধর্ম্মশীলঃ, যথা ন তৃপ্যতি, তথা অহমপি ন তৃপ্যামি ॥২৬॥

শ্রীধরস্বামী।

হে দানপতে অক্রূর ন তৃপ্যামি অলমিতি ন মন্যে ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভিজ্ঞম্মন্যোঽয়মক্রূরো মামপি তত্ত্বমুপদেষ্টুং প্রগল্ভতে কিমহমিদং ন জানামীত্যন্তর্দ্দপূর্ণোঽপি মহাগম্ভীর্য্যং প্রকাশয়ন্ বহির্মহাসাধুরিত্যাহ যথেতি। দানপতে ইতি মথুরায়ামন্নদানেন যথা বুভুক্ষূংস্তর্পয়সি তথৈবাত্র হস্তিনাপুরে অনভিজ্ঞং মাং জ্ঞানদানেন তর্পয়সীতি ভাবঃ ॥ ২৬ ॥

অলিক ও অনিত্য বিবেচনায় বুদ্ধিবলে মনের নিগ্রহ করত রাগদ্বেষাদিশূন্য এবং শান্ত হওয়াই আপনার সর্ব্বতোভাবে বিধেয় ॥ ২৫ ॥

ধৃতরাষ্ট্র তখন অক্রূরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে দানপতে! আপনি আমার কল্যাণকর যুক্তিযুক্ত কথাই বলিয়াছেন বটে, কিন্তু মরণোদ্যত মানব যেমন দুর্ল্লভ অমৃত সহজে পাইলেও, তাহা পান করিতে ইচ্ছুক হয় না; আমিও সেইরূপ তোমার কথায় তাদৃশ তৃপ্তিলাভ করিতেছি না ॥ ২৬ ॥

আভাস।

সংসারে শান্তিই জীবের একমাত্র লক্ষ্য বস্তু। শান্তিলাভের জন্যই যাবতীয় আয়োজন। সর্ব্ববিধ আয়োজন করিয়াও যদি শান্তিলাভ না হয়, তবে সকল আয়োজনই নিরর্থক। ধৃতরাষ্ট্র জন্মান্ধ; সুতরাং রাজসিংহাসনে তাঁহার অধিকার ছিল না। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা পাণ্ডুই পিতৃসিংহাসনে অধিরূঢ় হইয়া, পুত্রনির্ব্বিশেষে প্রজাপালন করিয়াছিলেন। তাঁহার অবর্ত্তমানে, তাঁহার পুত্রগণ যুধিষ্ঠিরাদিই রাজসিংহাসনে অধিকারী। কিন্তু মহারাজ পাণ্ডু মৃগয়ার্থ বনে গমন করত, তথায় জীবন পরিত্যাগ করেন; এবং তাঁহার পুত্রগণও তৎকালে নিতান্ত শৈশব থাকায়, ধৃতরাষ্ট্র স্বীয় পুত্র ও অমাত্যবর্গের সাহায্যে রাজসিংহাসন অধিকার করেন এবং পাণ্ডুর পুত্রগণ পাছে অন্যের সাহায্যে তাঁহার বিপক্ষে বল ও বিক্রমের পরিচয় দেয়, এই ভয়ে তাহাদিগকে নিজের নিকটে হস্তিনাপুরেই রাখিয়া, বিষপ্রয়োগাদির দ্বারা বিনষ্ট করিবার চেষ্টা করিয়াছিলেন। কিন্তু যাহাদিগকে দেবতা রক্ষা করেন, মানব তাঁহাদিগের বিপক্ষতাচরণের দ্বারা কোন অনিষ্টই করিতে পারে না; বরং তাঁহাদিগের প্রতি ধৃতরাষ্ট্র যদি সদ্ব্যবহার করিতেন, তাহা হইলে এই কুরুপাণ্ডব যুদ্ধের কোন সূচনাই হইত

তথাপি সুনৃতা সৌম্য হৃদি ন স্থীয়তে চলে।
পুত্রানুরাগবিষমে বিদ্যুৎ সৌদামনী যথা ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

হে সৌম্য! (ভবতঃ বাণী) সুনৃতা মধুরা হিতাচ তথাপি সৌদামনী (সুদামা পর্ব্বতাঃ মেঘাঃ তত্র ভবা সৌদামনী) বিদ্যুৎ স্ফুরিতাপি যথা ঝটিতি লীয়তে, তথা পুত্রানুরাগবিষমে (পুত্রেষু অনুরাগঃ তেন বিষমে ব্যাকুলে) চলে চঞ্চলে, মম হৃদি ন স্থীয়তে প্রতিষ্ঠিতা ন ভবতি ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

সুনৃতা প্রিয়বাক্ চলেঽস্থিরে হৃদি ন স্থীয়তে ন তিষ্ঠতীত্যর্থঃ। সুদামা পর্ব্বত স্তত্রভবা বিদ্যুদিব তস্মিন্ স্ফটিকশিলাময়ে সহসৈবাতিস্ফুরিতা বিদ্যুৎ যথা লীয়তে তদ্বদিত্যর্থঃ। যদ্বা সুদামা মালা তস্যা ইয়ং সৌদামনী ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুনৃতা প্রিয়বাক্ ন স্থীয়তে ন তিষ্ঠতি। সুদামা মেঘঃ। সুদামা ভূধরে মেঘে ইতি বিশ্বঃ। তত্র ভবা সৌদামনী। চপলে মেঘে চপলা বিদ্যুদিবেত্যর্থঃ ॥ ২৭ ॥

তোমার স্বভাব যেমন শান্ত, তেমনি অতি মধুর এবং হিতকর বাক্যই প্রয়োগ করিয়াছ! কিন্তু ক্ষণপ্রভা সৌদামিনী যেমন ক্ষণকালের মধ্যেই বিলীন হয়, নভোমণ্ডলে তাহার কোন চিহ্নই আর পরে লক্ষিত হয় না, সেইরূপ পুত্রগণের প্রতি বিশেষ অনুরাগ বশত আমার চিত্ত নিতান্তই ব্যাকুল; তোমার তাদৃশ হিতকর বাক্যও কোনমতে স্থান পাইতেছে না ॥২৭॥

আভাস।

না। কিন্তু ধৃতরাষ্ট্র সাম্রাজ্য লাভেও সন্তুষ্ট হন নাই বলিয়াই, পরিণামে পরিতাপ করিয়াছিলেন। অক্রূর সংসারের অনিত্যতা প্রদর্শন করাইয়া, ধৃতরাষ্ট্রকে সমগুণ-সম্পন্ন ও ন্যায়দর্শী হইতে উপদেশ দিয়াছেন ॥ ২৫ ॥

ধৃতরাষ্ট্রের বুদ্ধি ধৃষ্টতায় পরিপূর্ণ; তিনি মনে ভাবিলেন, অক্রূর আপনাকে অভিজ্ঞজ্ঞানে বহু প্রলাপোক্তির প্রয়োগে, আমার নিকট প্রতিষ্ঠার প্রার্থনা করিতেছেন। অতএব আত্মভাব প্রকাশের প্রয়োজন নাই! এই বলিয়া, নিজের অভিমান-পূর্ণ মনের ভাব গোপন করত, গাম্ভীর্য্যের পরিচয়ে বলিলেন, ওহে অক্রূর! তোমার ন্যায় সাধু ব্যক্তি আর আমার নয়নগোচর হয় না। মথুরাপুরে অন্নদানের দ্বারা যেমন বুভুক্ষিত জনগণের ক্ষুধাবারণ করিয়া থাক, অদ্য সেইরূপ এই হস্তিনাপুরে আগমন করত, আমার ন্যায় মূঢ় অনভিজ্ঞ ব্যক্তিকেও জ্ঞান-প্রদানে চরিতার্থ করিলে। কিন্তু দুঃখের বিষয় এই যে, সুদামা নামক পর্ব্বততুল্য গভীর মেঘের গহ্বর হইতে সমুৎপন্ন সমুজ্জ্বল সৌদামিনী যেমন নভোমণ্ডলে ক্ষণকালের মধ্যে বিলীন হইয়া যায়, সেইরূপ অচলপ্রতিষ্ঠ তোমার ন্যায় বিবেকী পুরুষের মুখনিঃসৃত অমৃতোপম এই জ্ঞানোপদেশও পুত্রপ্রেমে কলুষিত মদীয় হৃদয়াকাশে কোন মতে

ঈশ্বরস্য বিধিং কো নু বিধুনোত্যন্যথা পুমান্।
ভূমের্ভারাবতারায় যোঽবতীর্ণো যদোঃ কুলে ॥ ২৮ ॥
যো দুর্বিমর্ষপথয়া নিজমায়য়েদং সৃষ্ট্বা গুণান্ বিভজতে তদনুপ্রবিষ্টঃ।

অন্বয়ঃ।

ভূমেঃ ভারাবতারায় (ভারস্য অবতারায়-অপনয়নায়) যদোঃ কুলে যঃ অবতীর্ণঃ তস্য ঈশ্বরস্য হরেঃ, বিধিং চিকীর্ষিতং, কঃ নু পুমান্ অন্যথা বিধুনোতি ব্যর্থং কর্ত্তুং শক্নোতি ॥২৮॥

দুর্বিমর্ষপথয়া অবিতর্কমার্গয়া, নিজমায়য়া প্রকৃত্যা, ইদং (ব্রহ্মাদি শরীরজাতং) সৃষ্ট্বা তৎ তস্মিন্, অন্তর্যামিতয়া অনুপ্রবিষ্টঃ সন্ যঃ গুণান্ বিভজতে (সত্ত্বাদিগুণকার্য্যশান্তিরাগ-

শ্রীধরস্বামী।

নন্বেবং জানতোঽপি কথময়ং মোহ ইতি চেদত আহ ঈশ্বরস্যেতি। বিধিং বিধানং মায়ামিতি যাবৎ ॥ ২৮ ॥

অতস্তমেব নমস্যতি য ইতি। দুর্বিমর্ষপথয়া অবিতর্ক্যমার্গয়া। গুণান্ কর্ম্মাণি তৎ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিধিং বিধানং অন্যথেতি প্রকারান্তরেণাপি কোনু বিধুনোতি ন কোঽপীত্যর্থঃ। অত্র প্রমাণং ত্বমেব। এতাবতাপি শিক্ষণেন মাং বিবেকং গ্রাহয়িতুং নৈবাশকৎ ইতি ভাবঃ। সচেশ্বরঃ সংপ্রতি যুষ্মদ্গৃহে বর্ত্ততে ইত্যাহ ভূমেরিতি তেন তত্র গত্বা স এব নিবেদ্যতাং যন্মম বিধেয়ং স নৈবং প্রেরয়েদিতি ভাবঃ ॥ ২৮ ॥

অতস্তমেব নমস্যতি য ইতি দুর্বিমর্ষপথয়া দুর্বিতর্ক্যমার্গয়া গুণান্ বিভজতে শান্তঘোর-মূঢ়রূপত্বেন বিভক্তান্ করোতি। দুরববোধং দুর্গমং। বিহারতন্ত্রং লীলাসিদ্ধান্তো যস্য

অহো! পৃথিবীর ভার-হরণার্থ যিনি যাদবকুলে জন্ম পরিগ্রহ করিয়াছেন, সেই সর্ব্বেশ্বর ভক্তদুঃখহারী ভগবানের নিয়তি অতিক্রম করিতে পারে, এরূপ লোক জগতে ত কাহাকেও নয়নগোচর করি না! ॥ ২৮ ॥

যে অচিন্ত্যশক্তি মায়ার গতি কেহ অবধারণ করিতে সক্ষম হয় না, ভগবান্ সেই স্বকীয় মায়াখ্যা প্রকৃতির দ্বারা এই ব্রহ্মাদি শরীরসমূহের সৃষ্টি বিধান করিয়াছেন এবং অন্তর্যামীর বেশে যেন তাহার অন্তরে প্রবেশ করত,

আভাস।

সুপ্রতিষ্ঠিত হইতেছে না। জানিলাম! বিধির ইচ্ছাই সর্ব্বতোভাবে প্রবল; নতুবা এরূপ পরিশ্রম স্বীকারে উপদেশ দিলেও, আমার হৃদয়ে তাহা কেন স্থান পাইল না? ভগবান্ যদুকুলে জন্ম পরিগ্রহ করিয়াছেন; পৃথিবীর ভার হরণ করাই তাঁহার উদ্দেশ্য; সুতরাং নিশ্চিন্তভাবে আমরা বাস করিলে ত আর তাঁহার উদ্দেশ্য-সাধন হইবে না। বিশেষত তিনি যখন কৃষ্ণমূর্ত্তিতে তোমাদের গৃহেই অবস্থান করিতেছেন, তখন তোমাদেরও তাঁহারই অনুকূলে কার্য্য করা বিধেয় ॥ ২৬—২৮ ॥

তস্মৈ নমো দুরববোধবিহারতন্ত্রসংসারচক্রগতয়ে পরমেশ্বরায় ॥ ২৯ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যভিপ্রেত্য নৃপতেরভিপ্রায়ং স যাদবঃ।
সুহৃদ্ভিঃ সমনুজ্ঞাতঃ পুনর্যদুপুরীমগাৎ ॥

অন্বয়ঃ।

দ্বেষাদীন্ উৎপাদয়তি) তস্মৈ দুরববোধবিহারতন্ত্রসংসারচক্রগতয়ে (দুরববোধঃ যঃ বিহারঃ ক্রীড়া সঃ এব তন্ত্রং মুখ্যং কারণং যস্য তস্য সংসারচক্রস্য গতিঃ ভ্রমণং, যস্মাৎ তস্মৈ) পরমেশ্বরায় নমঃ ॥ ২৯ ॥

নৃপতেঃ ধৃতরাষ্ট্রস্য, অভিপ্রায়ং ইতি এবং (পরস্পর-সম্ভাষণেন) অভিপ্রেত্য জ্ঞাত্বা সঃ যাদবঃ অক্রূরঃ সুহৃদ্ভিঃ পাণ্ডবাদিভিঃ, সং সম্যক্, অনুজ্ঞাতঃ পুনঃ যদুপুরীং মথুরাং, অগাৎ গতবান্ ॥

শ্রীধরস্বামী।

ফলানি চ বিভজতে বিবিচ্য দদাতি। দুরববোধো যো বিহার স্তস্য ক্রীড়া স এব তন্ত্রং প্রধানং মুখ্যং কারণং যস্য সংসারচক্রস্য অতএব তস্য গতির্যস্মাত্তস্মৈ নম ইতি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংসারচক্রাদস্মাৎ গতিরুদ্ধারো যস্মাৎ। সচ সচ তস্মৈ। ধৃতরাষ্ট্রং প্রবোধয়েতি। ত্বাং মৎপ্রবোধার্থং প্রেরয়তি মা প্রবুধ্যস্বেত্যববোধার্থং মাঞ্চ প্রেরয়তীত্যেবং বিষমা তস্য লীলা অতোঽস্যাঃ সিদ্ধান্তং কো জানীয়াদীতি ভাবঃ। নচ ত্বন্তু সংসারচক্রে পতিত এবেত্যপি বাচ্যং। মমাপি তস্মাদেব গতি র্ভাবিনীতি ভাবঃ ॥ ২৯ ॥

সত্ত্বাদি গুণগ্রামের বিচিত্র বিভাগে শান্তি, রাগ বা দ্বেষাদি গুণবৃত্তির ব্যবস্থা করিতেছেন। যাঁহার ক্রীড়া-বিহারের গভীর তত্ত্বে কেহ কখন অবগাহন করিতে পারে না, অথচ যাঁহার ইচ্ছায় এই সংসারচক্র নিরন্তর পরিভ্রমণ করিতেছে, সেই পরমেশ নারায়ণ শ্রীহরিকে আমি বারংবার প্রণাম করি ! ॥২৯

এই প্রকারে অক্রূর পরস্পর-কথনে রাজা ধৃতরাষ্ট্রের মনোগত অভিপ্রায় অবগত হইলেন এবং পাণ্ডবাদি সুহৃদ্গণের সম্মতি লইয়া, পুনরায় যদুপুরী মথুরায় গমন করিলেন।

আভাস।

আমাদের চিত্ত বিষয়-সম্ভোগে এতই বিব্রত যে, ভগবানের কোন সম্পর্ক করিতেই ইচ্ছা করে না; সুতরাং তাহার অধিকারও নাই। বিশেষত তাঁহাকে অবধারণের পথও নিতান্ত কঠিন; অথচ তাঁহার বিধিকে উল্লঙ্ঘন করা সকলেরই দুঃসাধ্য। তাঁহার ইচ্ছাশক্তির প্রেরণায় সংসারচক্র ধাবিত হইতেছে। কোনরূপ কর্ম্মের জন্য তাঁহার নিজের কোন অপেক্ষা নাই। তিনিই সকলের আদিভূত পরম পুরুষ; অনন্ত জীবের অনন্ত কর্ম্ম তাঁহার ইচ্ছাতেই সংঘটিত

শশংস রামকৃষ্ণাভ্যাং ধৃতরাষ্ট্রবিচেষ্টিতং।
পাণ্ডবান্ প্রতি কৌরব্য যদর্থং প্রেষিতঃ স্বয়ং ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪৯ ॥ * ॥

বাদরায়ণিরুবাচ ॥

অস্তি প্রাপ্তিশ্চ কংসস্য মহিষ্যৌ ভরতর্ষভ।

অন্বয়ঃ।

হে কৌরব্য! যদর্থং (ধৃতরাষ্ট্রবৃত্তবিজ্ঞানার্থং ভগবতা) স্বয়ং প্রেষিতঃ তৎ পাণ্ডবান্ প্রতি ধৃতরাষ্ট্রবিচেষ্টিতং (ধৃতরাষ্ট্রস্য বিচেষ্টিতং বিষপ্রদানাদিকং) সর্ব্বং বৃত্তং রামকৃষ্ণাভ্যাং শশংস কথয়ামাস ॥ ৩০ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীবাদরায়ণিঃ উবাচ। হে ভরতর্ষভ! অস্তিঃ প্রাপ্তিঃ চ ইতি সঙ্গকে, কংসস্য দ্বে মহিষ্যৌ

শ্রীধরস্বামী।

অভিপ্রেত্য জ্ঞাত্বা ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি দশমে একোনপঞ্চাশত্তমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভিপ্রায়ং বৈষম্যাপরিত্যাগরূপমভিপ্রেত্য জ্ঞাত্বা ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ॥
উনপঞ্চাশত্তমোঽত্র দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

হে কুরুবংশাবতংস! পাণ্ডবগণের প্রতি ধৃতরাষ্ট্রের আচরণ অবগত হইবার অভিপ্রায়ে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ অক্রূরকে হস্তিনাপুরে প্রেরণ করিয়াছিলেন, সুতরাং সম্প্রতি তিনি ধৃতরাষ্ট্রের যাবতীয় অত্যাচারের বিবরণ রামকৃষ্ণের সমীপে কীর্ত্তন করিলেন ॥ ৩০ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একোনপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

ব্যাসাত্মজ শুকদেব তখন রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,

আভাস।

হইতেছে। তিনি যেস্থানে যেরূপ বিহারের বাসনা করেন, সেস্থানে সেইরূপই কার্য্য ঘটিতেছে। জগৎসংসার তাঁহার অধীনে বিদ্যমান বলিয়াই, তিনি পরমেশ্বরনামে অভিহিত হইয়াছেন। অতএব দূর হইতে তাঁহাকে প্রণাম করাই, আমার বিধেয় ॥ ২৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একোনপঞ্চাশত্তম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

পঞ্চাশত্তম অধ্যায়ে, কৃষ্ণকর্ত্তৃক জরাসন্ধভয়ে সমুদ্রগর্ভে দুর্গ-নির্ম্মাণ এবং কপট দানবগণকে নিহত করাইয়া, জরাসন্ধের জয়বর্ণন ॥

হতে ভর্ত্তরি দুঃখার্ত্তে ঈয়তুঃ স্বপিতুর্গৃহান্ ॥
পিত্রে মগধরাজায় জরাসন্ধায় দুঃখিতে।
বেদয়াঞ্চক্রতুঃ সর্ব্বমাত্মবৈধব্যকারণং ॥ ১ ॥
স তদপ্রিয়মাকর্ণ্য শোকামর্ষযুতো নৃপঃ।
অযাদবাং মহীং কর্ত্তুং চক্রে পরমমুদ্যমং ॥ ২ ॥

অন্বয়ঃ।

ভার্য্যে, ভর্ত্তরি কংসে, হতে দুঃখার্ত্তে সত্যৌ স্বপিতুঃ জরাসন্ধস্য, গৃহান্ ঈয়তুঃ জগ্মতুঃ স্ম ॥

দুঃখিতে চ তে আত্মনঃ বৈধব্যকারণং সর্ব্বং মগধরাজায় পিত্রে জরাসন্ধায়, বেদয়াঞ্চক্রতুঃ জ্ঞাপিতবত্যৌ ॥ ১ ॥

তৎ দুহিতৃবৈধব্যকারণং, অপ্রিয়ং আকর্ণ্য শোকামর্ষযুতঃ (কংসস্য মরণেন শোকঃ তন্মারকে কৃষ্ণে অমর্ষঃ তাভ্যাং যুতঃ) সঃ নৃপঃ জরাসন্ধঃ মহীং অযাদবাং যাদবশূন্যাং, কর্ত্তুং পরমং উদ্যমং চক্রে ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ততঃ পঞ্চাশত্তমে তু জরাসন্ধভয়াদিব। কারয়িত্বাম্বুধৌ দুর্গং তন্নিনায় নিজং জনং। কপটান্ কপটেরেব হত্বা দৈত্যানযত্নতঃ। অজয়চ্চ জরাসন্ধং ধর্ম্মেণৈবতু ধার্ম্মিকং ॥

অস্তিপ্রাপ্তিসংজ্ঞে ঈয়তুঃ জগ্মতুঃ ॥ ১ ॥

কংসে শোকঃ শ্রীকৃষ্ণেঽমর্ষ স্তাভ্যাং যুতঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চাশত্তম ঈশোঽপি বিজিতাপি জরাসুতং। দ্বারকাং স্বজনং নিন্যে তদ্ভীত্যাষ্টাদশে মৃধে ॥ ১—৩ ॥

হে ভরতবংশাবতংস! সাক্ষাৎ ক্রূরমূর্ত্তি হিংসাস্বরূপ রাজা কংসের অস্তি ও প্রাপ্তি নামে দুইটী ভার্য্যা ছিল; স্বামীর মরণে নিতান্ত কাতর ও মর্ম্মাহত হইয়া, তাঁহারা স্বকীয় জনক জরাসন্ধের আলয়ে গমন করিলেন ॥

এবং শোক-ব্যথিত হৃদয়ে ও গদ্‌গদ-কণ্ঠে আপনাদের বৈধব্যকারণ সমস্ত পিতা মগধরাজ জরাসন্ধকে নিবেদন করিল ॥ ১ ॥

কন্যাদ্বয়ের তাদৃশ বৈধব্যনিবন্ধন অমঙ্গল-বার্ত্তা শ্রবণ করিয়া, মগধাধিপতি জরাসন্ধ সাতিশয় দুঃখিত হইলেন; কংসের মৃত্যুজনিত শোক এবং তাঁহার বধকারী কৃষ্ণের প্রতি ক্রোধে তাঁহার হৃদয় উদ্বেজিত হইল; সুতরাং কৃষ্ণকে নিহত করিবার সঙ্গে সমগ্র ধরণীকে যাদবশূন্যা করিবার অভিপ্রায়ে তিনি বিশেষ উদ্‌যোগ করিলেন ॥ ২ ॥

এবং ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সেনায় পরিবৃত হইয়া, যদুগণের রাজধানী

অক্ষৌহিণীভি র্বিংশত্যা তিসৃভিশ্চাপি সংবৃতঃ।
যদুরাজধানীং মথুরাং ন্যরুণৎ সর্ব্বতোদিশং ॥ ৩ ॥
নিরীক্ষ্য তদ্বলং কৃষ্ণ উদ্বেলমিব সাগরং।
স্বপুরং তেন সংরুদ্ধং স্বজনঞ্চ ভয়াকুলং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

বিংশত্যা তিসৃভিঃ ত্রয়োবিংশতিভিঃ, অক্ষৌহিণীভিঃ সংবৃতঃ সঃ জরাসন্ধঃ যদুরাজধানীং মথুরাং, সর্ব্বতোদিশং ন্যরুণৎ রুরোধ ॥ ৩ ॥

উদ্বেলং লঙ্ঘিতমর্য্যাদং, সাগরং ইব স্থিতং তদ্বলং (তস্য জরাসন্ধস্য বলং) তেন চ সংরুদ্ধং স্বপুরং তথা ভয়াকুলং (ভয়েন আকুলং) স্বজনং চ নিরীক্ষ্য দৃষ্ট্বা, কৃষ্ণঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ন্যরুণৎ রুরোধ ॥ ৩ ॥

তস্য বলং সৈন্যং উদ্বেলং লঙ্ঘিতমর্য্যাদং সাগরমিব তেন তস্য বলেন সংরুদ্ধঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদ্বেলং বেলাত স্তীরাদপ্যুদ্গতং লঙ্ঘিতমর্য্যাদমিত্যর্থঃ। ননু কিমনেন চিন্তয়ামাস তত্র নহি নহীত্যাহ কারণং সর্ব্বকারণস্বরূপো মহামহেশ্বরশ্চাসৌ মানুষশ্চেতি সঃ ॥ ৪ ॥

মথুরাপুরীকে চতুর্দ্দিক হইতে আক্রমণ করিলেন ॥ ৩ ॥

উদ্বেলিত সমুদ্রের ন্যায় জরাসন্ধের সৈন্য সামন্ত যখন চতুর্দ্দিক হইতে মথুরাকে অবরোধ করিল এবং এতদ্দর্শনে যদুবংশীয় স্বজনবর্গও ভয়ে ব্যাকুল হইয়া উঠিল ॥ ৪ ॥

তখন যিনি কেবল ধরার ভারহরণার্থ মনুষ্যবিগ্রহে জন্ম পরিগ্রহ করিয়াছেন, সেই ভক্তদুঃখহারী সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ শ্রীকৃষ্ণ দেশ ও কালের অনুসারে নিজের অবতারের কর্ত্তব্যতার বিষয় মনে মনে চিন্তা করিলেন। এবং ভাবিলেন যে, এক্ষণে আমার কর্ত্তব্য কি? সমগ্র সৈন্যসহ জরাসন্ধকে নিধন করা কর্ত্তব্য, বা কেবল জরাসন্ধকে নিহত করিয়া, তাহার সৈন্যসামন্তকে

আভাস।

অক্ষৌহিণী সংখ্যা যথা—খবাণাগ্নিনবব্যোমচন্দ্রসংখ্যাঃ পদাতয়ঃ ১০৯৩৫০। খেন্দু-ষট্ শরষট্ সংখ্যা অশ্বাঃ ৬৫৬১০। নাগা রথা অপি খাদ্রিনাগেন্দুদৃক্সংখ্যাঃ ২১৮৭০ পরিমিত হাস্তিক এবং রথী। এই উক্ত পরিমাণ সৈন্যের একত্র সন্নিবেশে এক অক্ষৌহিণী পরিগণিত হয় ॥ ৩ ॥

বেলাভূমি অতিক্রম করিয়া, সমুদ্রের জলরাশি যেমন ভূমির সর্ব্বত্র পরিব্যাপ্ত হয়; তন্মধ্যে ভূমির আর কোন পরিচয়ই থাকে না, সেইরূপ জরাসন্ধের সৈন্যকুল সাগর জলের ন্যায় সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া, মথুরার চতুর্দ্দিক অবরোধ করিল ॥ ৪ ॥

চিন্তয়ামাস ভগবান্ হরিঃ কারণমানুষঃ।
তদ্দেশকালানুগুণং স্বাবতারপ্রয়োজনং ॥ ৫ ॥
হনিষ্যামি বলং হ্যেতদ্ভুবি ভারং সমাহিতং।
মাগধেন সমানীতং বৈশ্যানাং সর্ব্বভূভুজাং ॥
অক্ষৌহিণীভিঃ সংখ্যাতং ভটাশ্বরথকুঞ্জরৈঃ।
মাগধস্তু ন হন্তব্যো ভূয়ঃ কর্ত্তা বলোদ্যমং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

কারণমানুষঃ (ভূভারাবতারকারণে ধৃতমানুষবিগ্রহঃ) ভগবান্ হরিঃ কৃষ্ণঃ তদ্দেশকালানুগুণং, স্বাবতারপ্রয়োজনং চিন্তয়ামাস ॥ ৫ ॥

(মাগধস্য) বশ্যানাং বশীভূতানাং, সর্ব্বভূভুজাং রাজ্ঞাং, এতৎ ভূমেঃ ভাররূপং সমাহিতং সমুদিতং মাগধেন জরাসন্ধেন, সমানীতং অত্র প্রাপিতং, ভটাশ্বরথকুঞ্জরৈঃ অক্ষৌহিণীভিঃ সংখ্যাতং বলং হনিষ্যামি। মাগধঃ তু ন হন্তব্যঃ যতঃ সঃ ভূয়ঃ বলোদ্যমং কর্ত্তা করিষ্যতি ॥৬॥

শ্রীধরস্বামী।

কিং বলমেব হন্মি ন মাগধং, মাগধং বা হত্বা বলং গৃহ্ণামি যদ্বা সমাগধং সর্ব্বং বলং হন্মীতি চিন্তয়ামাস। নন্থ প্রথমং কথং জেষ্যামীত্যেবং চিন্তয়িতুং যুক্তং তত্রাহ কারণমানুষ ইতি ভূভারাবতারণকারণেন মানুষঃ ন তত্ত্বত ইতি ॥ ৫ ॥

এবং ত্রেধা বিচিন্ত্য প্রথমং পক্ষং নির্দ্ধারিতবান্ তদাহ চতুর্ভির্হনীষ্যামীতি। বলায় উদ্যমং কর্ত্তা করিষ্যতি ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তচ্চিন্তনমাহ চতুর্ভিঃ ॥ ৫ ॥

বলং সৈন্যং তদর্থমুদ্যমং কর্ত্তা করিষ্যতি ॥ ৬ ॥

নিজে সংগ্রহ করাই কর্ত্তব্য, অথবা কেবল সৈন্যগণের নিধন-সাধন করিয়া, এ ক্ষেত্রে জরাসন্ধকে পরিত্যাগ করাই কর্ত্তব্য? এইরূপ বিবিধ চিন্তা করিয়া অবশেষে— ॥ ৫ ॥

মাগধের অধীনস্থ যাবতীয় নরপতিগণের সংগৃহীত বিপুল বল, যাহা মগধরাজ সম্প্রতি তথায় আনয়ন করিয়াছিলেন, সেই পদাতি, অশ্বারোহী, রথী ও হাস্তিকগণে সমবদ্ধ অক্ষৌহিণী পরিসংখ্যাত প্রচুর সৈন্যদলকে বিনষ্ট করাই আমার কর্ত্তব্য, এইরূপ অবধারণ করিলেন। সম্প্রতি মাগধ বধ্য নহে; কারণ এক্ষণে তাহাকে অব্যাহতি দিলে, সে যুদ্ধার্থ পুনরায় সৈন্য-সংগ্রহ করিবে। অতএব ধরার ভার এই প্রকারে সহজেই অপনোদিত করা হইবে, সন্দেহ নাই ॥ ৬ ॥

এতদর্থোঽবতারোঽয়ং ভূভারহরণায় মে।
সংরক্ষণায় সাধূনাং কৃতোঽন্যেষাং বধায়চ ॥ ৭ ॥
অন্যোঽপি ধর্ম্মরক্ষায়ৈ দেহঃ সংশ্রিয়তে ময়া।
বিরামায়াপ্যধর্ম্মস্য কালে প্রভবতঃ ক্বচিৎ ॥ ৮ ॥
এবং ধ্যায়তি গোবিন্দে আকাশাৎ সূর্য্যবর্চ্চসৌ।
রথাবুপস্থিতৌ সদ্যঃ সসূতৌ সপরিচ্ছদৌ ॥
আয়ুধানিচ দিব্যানি পুরাণানি যদৃচ্ছয়া ॥ ৯ ॥

অন্বয়ঃ।

অন্যেষাং দুষ্টানাং, বধায় ভূভারহরণায় তথা সাধূনাং সংরক্ষণায় অয়ং এতদর্থঃ অবতারঃ মে ময়া, কৃতঃ ধৃতঃ ॥ ৭ ॥

কালে ক্বচিৎ প্রভবতঃ উদ্ভবতঃ, অধর্ম্মস্য বিরামায় তথা ধর্ম্মস্য রক্ষায়ৈ অন্যঃ অপি দেহঃ ময়া সংশ্রিয়তে পরিগৃহ্যতে ॥ ৮ ॥

গোবিন্দে এবং ধ্যায়তি সতি সদ্যঃ তৎক্ষণমেব, সসূতৌ সারথিসহিতৌ, সপরিচ্ছদৌ ধ্বজ-কবচাদি-সহিতৌ, সূর্য্যবর্চ্চসৌ (সূর্য্যস্য বর্চ্চঃ ইব তেজঃ যয়োঃ তৌ রথৌ আকাশাৎ অবতীর্য্য উপস্থিতৌ; তথা পুরাণানি সনাতনানি, দিব্যানি আয়ুধানি চক্রাদীনি, যদৃচ্ছয়া অকস্মাদেব, রথাভ্যাং সহৈব আগতানি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

নন্বত এব হন্তব্যস্তত্রাহ এতদর্থ ইতি। এতচ্ছব্দার্থং স্পষ্টয়তি ভূভারহরণায়েতি ॥ ৭ ॥
অয়মেতদর্থোঽবতার ইত্যুপলক্ষণমিত্যাহ অন্যোঽপীতি। প্রভবতঃ উদ্ভবতঃ ॥ ৮ ॥
সসূতৌ সারথিসহিতৌ। পরিচ্ছদঃ পরিকরঃ ধ্বজপতাকাদি স্তৎসহিতৌ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতদর্থোঽবতারঃ কৃতঃ। অর্থং বিবৃণোতি ভূভারেতি। অন্যেষামসাধূনাং ॥ ৭ ॥
অন্যোঽপি দেহো বারাহাদিঃ ॥ ৮ ॥
উপস্থিতৌ তদিচ্ছয়ৈব বৈকুণ্ঠাদাগত্য নিকটে স্থিতৌ ॥ ৯ ॥

কারণ দুষ্টগণের নিধন দ্বারা পৃথিবীর ভার অপনয়ন পূর্ব্বক, সাধুগণের রক্ষা-বিধানই আমার একমাত্র উদ্দেশ্য; এবং এই নিমিত্তই আমি অবতার গ্রহণে আবির্ভূত হইয়াছি ॥ ৭ ॥

সময়ে সময়ে অধর্ম্মের প্রশ্রয় হইলে, তাহার নিবারণার্থ এবং ধর্ম্মের প্রতিষ্ঠার জন্য, আমি প্রয়োজন মত দেহধারণও করিয়া থাকি ॥ ৮ ॥

ভগবান্ গোবিন্দ এই প্রকার চিন্তা করিতেছেন, এমন সময়ে ধ্বজা ও পতাকাদি রথসজ্জা এবং সারথি-সহিত দিবাকরের ন্যায় অতুল তেজঃসম্পন্ন

দৃষ্ট্বা তানি হৃষীকেশঃ সঙ্কর্ষণমথাব্রবীৎ।
পশ্যার্য্য ব্যসনং প্রাপ্তং যদূনাং ত্বাবতাং প্রভো ॥
এষ তে রথ আরোতো দয়িতান্যায়ুধানিচ।
যানমাস্থায় জহ্যেতদ্ব্যসনাৎ স্বান্ সমুদ্ধর ॥
এতদর্থং হি নৌ জন্ম সাধূনামীশ শর্ম্মকৃৎ।
ত্রয়োবিংশত্যনীকাখ্যং ভূমের্ভারমপাকুরু ॥ ১০ ॥

অন্বয়ঃ।

অথ অনন্তরং, তানি দৃষ্ট্বা হৃষীকেশঃ শ্রীকৃষ্ণঃ, সঙ্কর্ষণং অব্রবীৎ ; হে আর্য্য প্রভো! ত্বাবতাং (ত্বং স্বামিতয়া বর্ত্তসে যেষাং তে ত্বাবন্তঃ তেষাং) যদূনাং প্রাপ্তং জরাসন্ধনিরোধ-জনিতং ব্যসনং কষ্টং, পশ্য ! ॥

এষঃ তে রথঃ আয়াতঃ ; দয়িতানি তব প্রিয়াণি, আয়ুধানি চ হলমুষলাদীনি আগতানি ; অতঃ যানং এনং, আস্থায় আরুহ্য, এতৎ সৈন্যং জহি ; তেন স্বান্ স্বকীয়ান্, ব্যসনাৎ সমুদ্ধর ॥

হে ঈশ ! এতদর্থং প্রতিপক্ষ-নিরসনার্থং হি নৌ আবয়োঃ, জন্ম (অতঃ প্রতিপক্ষনিরাসা-দেব) সাধূনাং সদাচারনিষ্ঠানাং, শর্ম্মকৃৎ সুখং করোতীতি তথা। ত্বং ত্রয়োবিংশত্যনীকাখ্যঃ (ত্রয়োবিংশতিঃ অনীকাখ্যঃ অনীকশব্দবাচ্যঃ অক্ষৌহিণীসৈন্যং যস্য তৎ) ভূমেঃ ভারং অপা-কুরু দূরীকুরু ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

ত্বং নাথো বিদ্যসে যেষাং তে ত্বাবন্ত স্তেষাং ॥ ১০ ॥

দুইখানি রথ অকস্মাৎ নভোমণ্ডল হইতে তাঁহাদের সমীপে উপস্থিত হইল। রথের সঙ্গে সঙ্গে হল, মুষল চক্র ও গদাদি সনাতন অস্ত্রসমূহও তথায় আগমন করিল ॥ ৯ ॥

ভগবান্ হৃষীকেশ সেই সমস্ত অবলোকন করিয়া, অগ্রজ বলরামকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে প্রভো আর্য্য ! যদুগণ আপনারই প্রতিপাল্য ! কিন্তু সম্প্রতি তাহাদের কিরূপ দুঃখ উপস্থিত হইয়াছে, তাহা আপনি একবার নয়নগোচর করুন্ ! ॥

এই আপনার রথ ও প্রিয় অস্ত্র শস্ত্রও সমক্ষে উপস্থিত রহিয়াছে ; রথে আরোহণ পূর্ব্বক এই সৈন্যসাগরকে নিহত করত, নিজের স্বজনবর্গকে দারুণ দুঃখ-যাতনা হইতে পরিত্রাণ করুন্ ! ॥

সকল সামর্থ্যই আপনাতে আছে ; অসাধুগণের নিধনে সাধু ব্যক্তিগণের সুখশান্তি প্রদান করিবার জন্যই আমরা উভয়ে বিগ্রহ ধারণে অবতীর্ণ হইয়াছি ; অতএব ত্রয়োবিংশতি সংখ্যক অক্ষৌহিণী সেনার বধ-সাধনে

এবং সংমন্ত্র্য দাশার্হৌ দংশিতৌ রথিনৌ পুরাৎ।
নির্জ্জগ্মতুঃ স্বায়ুধাঢ্যৌ বলেনাল্পীয়সা বৃতৌ॥
শঙ্খং দধ্মৌ বিনির্গত্য হরির্দারুকসারথিঃ।
ততোঽভূৎ পরসৈন্যানাং হৃদি বিত্রাসবেপথুঃ॥ ১১॥
তাবাহ মাগধো বীক্ষ্য হে কৃষ্ণ পুরুষাধম।
ন ত্বয়া যোদ্ধুমিচ্ছামি বালকেনৈব লজ্জয়া॥ ১২॥

অন্বয়ঃ।

এবং সংমন্ত্র্য মিথঃ সমিতিং কৃত্বা, দাশার্হৌ রামকৃষ্ণৌ, দংশিতৌ বদ্ধকবচৌ, রথিনৌ রথাধিরূঢ়ৌ, স্বায়ুধাঢ্যৌ (স্বৈঃ অসাধারণৈঃ আয়ুধৈঃ আঢ্যৌ যুক্তৌ) অল্পীয়সা বলেন সৈন্যেন, বৃতৌ মিলিতৌ, চ ভূত্বা পুরাৎ মথুরায়াঃ নির্জ্জগ্মতুঃ॥

দারুকসারথিঃ (দারুকাখ্যঃ সারথিঃ যস্য সঃ) হরিঃ বিনির্গত্য শঙ্খং পাঞ্চজন্যং, দধ্মৌ বাদিতবান্; ততঃ শঙ্খ-নিনাদং শ্রুত্বা, পরসৈন্যানাং (জরাসন্ধস্য পরস্য সৈন্যানাং) হৃদি বিত্রাসবেপথুঃ (বিত্রাসঃ ভয়ং তেন বেপথুঃ প্রকম্পঃ) অভূৎ॥ ১১॥

তৌ রামকৃষ্ণৌ, বীক্ষ্য দৃষ্ট্বা মাগধঃ আহ হে পুরুষাধম কৃষ্ণ! ত্বয়া একেন বালেন সহ অহং লজ্জয়া এব যোদ্ধুং ন ইচ্ছামি॥ ১২॥

শ্রীধরস্বামী।

দংশিতৌ বদ্ধকবচৌ। স্বায়ুধাঢ্যৌ শোভনায়ুধসম্পন্নৌ॥ ১১॥
পুরুষা অধমা যস্মাদিতি। বাস্তবোঽর্থঃ হে পুরুষোত্তম॥ ১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বং নাথো বিদ্যসে যেষাং তে ত্বাবন্তস্তেষাং দকারস্যাত্বমার্ষং॥ ১০॥ ১১॥
পুরুষা অধমা যস্মাৎ। হে পুরুষোত্তমেতি ভবত্যভিমতোঽর্থঃ। বালে বালএব কো ব্রহ্মা যস্য তেন মহামহেশ্বরেণ। লজ্জয়েতি মম দুর্জ্জীবত্বেনাযোগ্যত্বাদিতি ভাবঃ॥ ১২॥

পৃথিবীর ভার অপনোদন করুন্!॥ ১০॥

এই প্রকার মন্ত্রণা করিয়া, রামকৃষ্ণ ভ্রাতাদ্বয় বর্ম্ম পরিধান পূর্ব্বক রথে আরোহণ করিলেন এবং স্ব স্ব অস্ত্র শস্ত্র ধারণ পূর্ব্বক, অতি অল্প সংখ্যক সৈন্যে পরিবৃত হইয়াই, মথুরা হইতে নিষ্ক্রান্ত হইলেন॥

দারুকসারথি ভগবান্ শ্রীকৃষ্ণ মথুরার দ্বার হইতে বহির্গত হইয়াই, শঙ্খ-ধ্বনি করিলেন। কিন্তু পাঞ্চজন্য শঙ্খের প্রচণ্ড ধ্বনি শ্রবণে, মাগধপক্ষীয় সৈন্যদলের হৃদয়ে এরূপ একটী বিষম ভয় উপস্থিত হইল যে, তাহাদের কলেবর কম্পিত হইয়া উঠিল॥ ১১॥

জরাসন্ধ তখন রামকৃষ্ণকে অতি তাচ্ছিল্যের সহিত সম্বোধন পূর্ব্বক

গুপ্তেন হি ত্বয়া মন্দ ন যোৎস্যে যাহি বন্ধুহন্ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

হে মন্দ মন্দবুদ্ধে! বন্ধুহন্ মাতুলহন্তর্! গুপ্তেন স্বজনৈঃ রক্ষাযোগ্যেন, বালেন ত্বয়া সহ অহং ন যোৎস্যে; অতঃ ত্বং যাহি! ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

গুপ্তেন সর্ব্বান্তরত্বাদ্দর্শনানর্হেণ হে অমন্দ। বধ্নাতীতি বন্ধুরবিদ্যা তাং হন্তীতি তথা হে অবিদ্যানিরসন মাং যাহি প্রাপ্নুহি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুপ্তেনেতি। কংসস্য ভয়াদ্গোকুলং প্রতি গতস্য তব বৈশ্যপালিতত্বেন বৈশ্যসাধর্ম্ম্য-প্রাপ্তেঃ। পক্ষে সর্ব্বান্তরত্বাদ্দর্শনানর্হেণ। হে অমন্দ বন্ধুহন্ হে মাতুলহন্তঃ। পক্ষে বধ্নাতীতি বন্ধুরবিদ্যা তাং হন্তীতি তথা ॥ ১৩ ॥

বলিলেন, রে পুরুষাধম কৃষ্ণ! তুমি আবার যুদ্ধার্থী হইয়া, কেন আগন করিয়াছ? আমি বীর পুরুষ হইয়া, কোন্ লজ্জায় তোমার ন্যায় অসহায় একাকী বালকের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইব? রে মূঢ়মতে! তোমার যেরূপ বয়স, তাহাতে আত্মরক্ষার জন্যই তোমার অন্যের সাহায্যের প্রয়োজন করে; তখন তোমার সহিত আমি যুদ্ধ করিব না। বিশেষত তুমি মহা-পাপী! নিজের পরমাত্মীয় মাতুলকেও নিহত করিয়াছ ॥ ১২ ॥ ১৩ ॥

আভাস।

জরাসন্ধ শ্রীকৃষ্ণকে "হে পুরুষাধম" বলিয়া যে সম্বোধন করিয়াছেন, তাহাতে পরমার্থ-দৃষ্টিতে প্রকৃত নিন্দাবাদ করেন নাই; বরং স্তুত্যাতিই করিয়াছেন। পুরুষাধম-শব্দে প্রকাশ হইয়াছে যে, পুরুষসমূহ তাঁহার নিকট অধম বলিয়াই পরিগণিত; অতএব তিনিই পুরুষশ্রেষ্ঠ। বালকেন ইতি পাঠে; হে জগদীশ্বর! কঃ অর্থাৎ ব্রহ্মাও যাঁহার নিকট অবোধ বাল (বালক) বলিয়া পরিগণিত, সেই মহামহেশ্বরের সহিত আমি কোন্ লজ্জায় এই পাপ-দেহ লইয়া, সমরে প্রবৃত্ত হইব? "গুপ্তেন" শব্দে; কংসভয়ে ভীত হইয়া যে ব্যক্তি গোকুলে গমন করত, প্রচ্ছন্ন ভাবে বহুকাল অবস্থান পূর্ব্বক বৈশ্যের ধর্ম্মও স্বীকার করিয়াছে, তাহার সহিত সমরে প্রবৃত্ত হওয়া, কি আমার ন্যায় বীরের সমুচিত কার্য্য হয়? অন্য পক্ষে, আপনি সকলের অন্তরে অন্তর্যামী ভাবে বিদ্যমান থাকায়, আপনি সকলকে দেখেন; কিন্তু আপনাকে কেহ নয়নগোচর করিতে পারে না। আপনি মন্দ নহেন; প্রকৃত নিরবদ্য নিরঞ্জন পরম ব্রহ্মই আপনি। লোকদৃষ্টিতে মাতুলহন্তা বলিয়া শ্রীকৃষ্ণকে বন্ধুহন্ নামে উল্লেখ করিয়াছেন বটে; কিন্তু পক্ষান্তরে, যিনি সংসার-পাশে বন্ধন করেন, তিনিই বন্ধু; অর্থাৎ অবিদ্যা। যে শ্রীকৃষ্ণের নাম করিলে, জীবের সেই অবিদ্যা-বন্ধন নষ্ট হইয়া যায়, তিনিই আমার সমক্ষে উপস্থিত। এই বলিয়াই যেন জরাসন্ধ মনোগত অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন ॥ ১২ ॥ ১৩ ॥

তব রাম যদি শ্রদ্ধা যুদ্ধস্ব স্থৈর্য্যমুদ্বহ।
হিত্বা বা মচ্ছরৈশ্ছিন্নং দেহং স্বর্যাহি মাং জহি ॥ ১৪ ॥
শ্রীভগবানুবাচ ॥
ন বৈ শূরা বিকত্থন্তে দর্শয়ন্ত্যেব পৌরুষং।
ন গৃহ্ণীমো বচো রাজন্নাতুরস্য মুমূর্ষতঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

হে রাম! তব যদি ময়া সহ যোদ্ধুং শ্রদ্ধা স্যাৎ তর্হি যুদ্ধস্ব! পরন্তু স্থৈর্য্যং উদ্বহ! ন পলায়স্ব! ততঃ মচ্ছরৈঃ ছিন্নং দেহং হিত্বা পরিত্যজ্য, স্বঃ স্বর্গং, যাহি অথবা মাং জহি বিনাশয়! ॥ ১৪ ॥

শ্রীভগবান্ উবাচ। শূরাঃ বৈ ন বিকত্থন্তে নৈব শ্লাঘন্তে, কিন্তু পৌরুষং এব দর্শয়ন্তি; অতঃ হে রাজন্! মুমূর্ষতঃ আতুরস্য তব বচঃ ন গৃহ্ণীমঃ যথার্থত্বেন ন স্বীকুর্মঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

অচ্ছেদ্যদেহোঽসাবিতি স্বয়মেব মত্বা অপরিতোষাৎ পক্ষান্তরমাহ যদ্বা মাং জহীতি ॥ ১৪ ॥
যথাশ্রুতার্থগ্রহণেন শ্রীভগবত উত্তরং ন বৈ শূরা ইতি ন বিকত্থন্তে ন শ্লাঘন্তে ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অচ্ছেদ্যদেহোঽসাবিতি। স্বয়মেব মত্বাপরিতোষাৎ। পক্ষান্তরমাহ। যদ্বা মাং জহীতি শ্রীস্বামিচরণাঃ। যদ্বা মৎ মত্তঃ পাপাত্মনঃ সকাশাৎ স্ববৈকুণ্ঠং যাহি কিং কৃত্বা শরৈশ্ছিন্নং অর্থান্মম দেহং হিত্বা ত্যক্ত্বা অত্রৈব প্রক্ষিপ্যেত্যর্থঃ ॥ ১৪ ॥ ১৫ ॥

তবে, অহে বলরাম! তোমার যদি যুদ্ধ করিবার সাধ থাকে, তবে অগ্রসর হও! কিন্তু দেখ! যেন রণে ভঙ্গ দিয়া, পলায়ন করিও না! স্থির ভাবে ও দৃঢ় প্রতিজ্ঞার সহিত যুদ্ধ কর। তাহাতে হয়, আমার বাণে ছিন্ন ভিন্ন কলেবর পরিত্যাগ পূর্ব্বক স্বর্গে গমন কর; কিম্বা আমাকেই রণে নিহত কর! ॥ ১৪ ॥

এতচ্ছ্রবণে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে রাজন্! বীরপুরুষ কখন কথায় শ্লাঘার পরিচয় দেয় না; কার্য্যেই পৌরুষের প্রকাশ করিয়া থাকেন। তোমার নাকি, মৃত্যু নিকটবর্ত্তী; সুতরাং কাতর প্রাণে যে সকল কটূক্তির প্রয়োগ করিতেছ, তাহা আমরা উক্তির মধ্যেই গ্রহণ করিলাম না ॥ ১৫ ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! জরাপুত্র জরাসন্ধ তখন স্বকীয় প্রবল-পরাক্রম প্রচুর সৈন্যদলের সঞ্চালনে সৈন্য সামন্ত ধ্বজ অশ্ব ও সারথি সহ রামকৃষ্ণকে সম্পূর্ণ আবৃত করিয়া ফেলিল। কিন্তু বায়ু যেমন মেঘের সঞ্চালনে সূর্য্যদেবকে এবং ধূলি-পটলের উত্থাপনে প্রচণ্ড হুতাশনকে আবৃত

শ্রীশুক উবাচ ॥

জরাসুতস্তাবভিসৃত্য মাধবৌ মহাবলৌঘেন বলীয়সাবৃণোৎ।
সসৈন্য-যান-ধ্বজ-বাজি-সারথী সূর্য্যানলৌ বায়ুরিবাব্ভ্রেরেণুভিঃ ॥
সুপর্ণতালধ্বজচিহ্নিতৌ রথাবলক্ষয়ন্ত্যো হরি রাময়োর্মৃধে।
স্ত্রিয়ঃ পুরাট্টালক-হর্ম্ম্য-গোপুরং সমাশ্রিতাঃ সংমুমুহুঃ শুচার্পিতাঃ ॥ ১৬ ॥
হরিঃ পরানীকপয়োমুচাং মুহুঃ শিলীমুখাত্যুল্বণবর্ষপীড়িতং।

অন্বয়ঃ।

ইতি উক্তঃ জরাসুতঃ জরাসন্ধঃ, বায়ুঃ যথা সূর্য্যানলৌ অব্ভ্রেরেণুভিঃ (সূর্য্যং অব্ভ্রৈঃ, অগ্নিং চ রেণুভিঃ আবৃণোতি) তথা সসৈন্যযানধ্বজবাজিসারথী মাধবৌ মধুবংশজাতৌ রামকৃষ্ণৌ, অভিসৃত্য অভিমুখং আগত্য, বলীয়সা মহতা মহাবলৌঘেন সৈন্যসমূহেন আবৃণোৎ আবৃতবান্ ॥

তদা চ পুরাট্টালকহর্ম্ম্যগোপুরং (পুরস্য অট্টালকাদিকং) সমাশ্রিতাঃ অধিরূঢ়াঃ স্ত্রিয়ঃ মৃধে যুদ্ধে ভূমৌ সুপর্ণতাল-ধ্বজচিহ্নিতৌ (সুপর্ণতালধ্বজাভ্যাং চিহ্নিতৌ) হরিরাময়োঃ রথৌ অলক্ষয়ন্ত্যঃ অপশ্যন্ত্যঃ, শুচার্পিতাঃ শোকব্যাপ্তাঃ, সত্যঃ সংমুমুহুঃ ॥ ১৬ ॥

তদা হরিঃ পরানীকপয়োমুচাং (পরস্য অনীকানি সৈন্যানি এব পয়োমুচঃ মেঘাঃ তেষাং) শিলীমুখাত্যুল্বণবর্ষপীড়িতং (শিলীমুখাঃ বাণাঃ তেষাং অত্যুল্বণং দুঃসহং বর্ষং তেন পীড়িতং)

শ্রীধরস্বামী।

মাধবৌ মধুবংশসম্ভবৌ মহতা সৈন্যসমূহেনাবৃতবান্। বায়ুরব্ভ্রৈঃ সূর্য্যং, রেণুভিশ্চাগ্নিং যথা ইতি অদর্শনমাত্রমেবাবরণমিতি সূচিতং ॥ ১৬ ॥

পরস্যানীকানি সৈন্যানি তান্যেব পয়োমুচো মেঘা স্তেষাং শিলীমুখা বাণা স্তেষাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাধবৌ মধুবংশোদ্ভূতৌ। বায়ুর্যথা সূর্য্যমব্ভ্রৈ রগ্নিঞ্চ রেণুভিরাবৃণোতি তথেত্যদর্শনমাত্রমেবাবরণমিতি সূচিতং ॥

শুচার্পিতাঃ শোকব্যাপ্তাঃ শুচার্দ্দিতা ইত্যপি পাঠঃ। স্ত্রিয় ইতি পুংভ্যঃ সকাশাৎ কৃষ্ণে স্ত্রীণামাসক্ত্যাধিক্যাৎ ॥ ১৬ ॥

করিবার চেষ্টা করিয়াও নিষ্ফল প্রযত্ন হয়, সেইরূপ রামকৃষ্ণের বিপক্ষে জরাসন্ধের উদ্যমও কোন মতে কার্য্যকরী হইল না ॥

মথুরাস্থ অট্টালিকা, হর্ম্ম্য এবং গোপুরাদিতে সমবেত পুরবনিতাগণ সুপর্ণ (গরুড়) ও তাল-ধ্বজ চিহ্নিত কৃষ্ণ ও বলরামের রথদ্বয় তৎকালে আর নয়নগোচর না করিয়া, শোকে ও ভয়ে মূর্চ্ছিত-প্রায় হইলেন ॥ ১৬ ॥

এ দিকে ভগবান্ শ্রীকৃষ্ণ জলদ-পটলের ন্যায় সর্ব্বতো-ব্যাপ্ত বিপক্ষ সৈন্য-

স্বসৈন্যমালোক্য সুরাসুরার্চ্চিতং ব্যস্ফূর্জয়ং শার্ঙ্গশরাসনোত্তমং ॥ ১৭ ॥
গৃহ্ণন্নিষঙ্গাদথ সন্দধচ্ছরান্ বিকৃষ্য মুঞ্চন্নিশিতবাণপূগান্।
নিঘ্নন্ রথান্ কুঞ্জরবাজিপত্তী নিরন্তরং যদ্বদলাতচক্রং ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

স্বসৈন্যং আলোক্য সুরাসুরার্চ্চিতং (সুরৈঃ অসুরৈঃ চ অর্চ্চিতং সম্মতং শার্ঙ্গশরাসনোত্তমং শার্ঙ্গাখ্যং শরাসনোত্তমং ধনুঃশ্রেষ্ঠং ব্যস্ফূর্জয়ং সঘোষজ্যাযুক্তং অকরোৎ ॥ ১৭ ॥

ততঃ চ নিষঙ্গাৎ তূণীরাৎ, শরান্ নিগৃহ্ণন্ অথ তান্ ধনুষি সন্দধন্ অথ তান্ শিতবাণ-পূগান্ তীক্ষ্ণশরসমূহান্, বিকৃষ্য মুঞ্চন্ তৈশ্চ রথান্ কুঞ্জরবাজিপত্তীঃ নিঘ্নন্ যদ্বৎ যথা অলাতচক্রং পরিভ্রমৎ চলৎকাষ্ঠং তথা চতুর্দ্দিক্ষু সৈন্যাভিমুখং পরিভ্রমন্ বভূব ইতি শেষেণা-ন্বয়ঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অত্যুল্বণং বর্ষং তেন পীড়িতং। ব্যস্ফূর্জয়ং উজ্জৃম্ভিতবান্ ॥ ১৭ ॥

তদাহ গৃহ্ণন্নিতি নিষঙ্গাদিযুধেঃ শরান্ গৃহ্ণন্। অথ তান্ গুণেন সন্দধৎ। গুণমাকৃষ্য নিশিতবাণসমূহান্ মুঞ্চন্ নিঘ্নন্ প্রহরন্। পত্তিঃ পদাতিঃ। নিরন্তরমিতি গ্রহণাদিক্রিয়া-বিশেষণং। জ্বলৎকাষ্ঠং ভ্রমণেন যথা চক্রবদ্ভ্রমতি তদ্বদ্ব্যস্ফূর্জয়দিতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরেষাং শত্রূণামনীকান্যেব পয়োমুচো মেঘা স্তেষাং শিলীমুখা বাণা স্তেষামত্যুল্বণবর্ষেণ পীড়িতং ব্যস্ফূর্জয়ং উজ্জৃম্ভয়ামাস ॥ ১৭ ॥

কিং কুর্ব্বন্নিত্যত আহ। নিষঙ্গাৎ ইষুধেঃ সকাশাৎ শরান্ একৈকান্ গৃহ্ণন্। অথ তদনন্তরং তান্ গুণে সন্দধৎ গুণমাকৃষ্য তান্ মুঞ্চন্ তৈশ্চ রথাদীন্নিঘ্নন্নিরন্তরমিতি গ্রহণাদি সর্ব্বক্রিয়াবিশেষণং। তেন গ্রহণ-যোজন-বিকর্ষণ-নিঃক্ষেপণ-প্রহরণক্রিয়াঃ ক্রমেণোদ্ভূতা অপি

দলের তীব্র বাণবর্ষণে উৎপীড়িত স্বকীয় সৈন্যগণের সাতিশয় ক্লেশ অবলোকন করিয়া, সুরাসুরার্চ্চিত স্বকীয় শরাসনোত্তম শার্ঙ্গ ধনুতে জ্যা আকর্ষণে টঙ্কার-ধ্বনি করিলেন ॥ ১৭ ॥

অনন্তর তূণীর হইতে তীক্ষ্ণধার বাণ সমূহ গ্রহণ করত শরাসনে সংযোজিত করিতে লাগিলেন এবং জ্যার আকর্ষণে সেই শানিত অস্ত্র-জালের প্রয়োগে রথ, হস্তী, অশ্ব এবং পদাতি সমূহের নিধনে রণ-প্রাঙ্গণে অলাত-চক্রের ন্যায় মণ্ডলাকারে পরিভ্রমণ করিতে লাগিলেন ॥ ১৮ ॥

কৃষ্ণ নিক্ষিপ্ত-শরনিকরে করিকুল ছিন্নমস্তক হইয়া, ধরাতলে নিপতিত হইতে লাগিল; অশ্বসমূহের গলদেশ ছিন্ন হইয়া ভূপতিত হইতে লাগিল। রথের অশ্ব, ধ্বজা, সারথি ও রথী সমূহ শরাঘাতে কে কোথায় ছিন্ন বিচ্ছিন্ন

নির্ভিন্নকুম্ভাঃ করিণো নিপেতুরনেকশোঽশ্বাঃ শরবৃক্ককন্ধরাঃ।
রথা হতাশ্ব-ধ্বজ-সূত-নায়কাঃ পদাতয়শ্ছিন্নভুজোরুকন্ধরাঃ॥ ১৯ ।
সংছিদ্যমানদ্বিপদেভবাজিনামঙ্গপ্রসূতাঃ শতশো ঽসৃগাপগাঃ।
ভুজাহয়ঃ পুরুষশীর্ষকচ্ছপা হতদ্বিপদ্বীপহয়গ্রহাকুলাঃ॥ ২০ ॥

অন্বয়ঃ

(তদা ভগবচ্ছরৈঃ) নির্ভিন্নকুম্ভাঃ নির্ভিন্নানি বিদারিতানি কুম্ভানি মস্তকানি যেষাং তে) করিণঃ গজাঃ, নিপেতুঃ; তথা শরবৃক্ককন্ধরাঃ (শরৈঃ বৃক্কাঃ ছিন্নাঃ কন্ধরাঃ গ্রীবাঃ যেষাং তে) অনেকশঃ অশ্বাঃ চ নিপেতুঃ। তথা (হতাঃ অশ্বাঃ ধ্বজাঃ সূতাঃ নায়কাঃ রথিনঃ চ যেষু তে) পদাতয়ঃ চ নিপেতুঃ॥ ১৯ ॥

সংছিদ্যমানদ্বিপদেভবাজিনাং (সংছিদ্যমানাঃ দ্বিপদাঃ ইভাঃ হস্তিনঃ বাজিনঃ চ তেষাং) অঙ্গপ্রসূতাঃ (অঙ্গেভ্যঃ প্রসূতাঃ শতশঃ অসৃগাপগাঃ রুধিরনদ্যঃ যাঃ প্রবর্ত্তিতাঃ তাঃ) ভুজাহয়ঃ (ভুজাঃ এব অহয়ঃ সর্পাঃ যাসু তাঃ) পুরুষশীর্ষকচ্ছপাঃ (পুরুষাণাং শীর্ষাণি এব কচ্ছপাঃ যাসু তাঃ) হতদ্বিপদ্বীপহয়গ্রহাকুলাঃ (হতাঃ দ্বিপাঃ গজাঃ এব দ্বীপাঃ অন্তরাঃ ভূময়ঃ, অশ্বাঃ হয়াঃ এব গ্রহাঃ তৈঃ চ আকুলাঃ ব্যাপ্তাঃ)॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

হতা অশ্বাঃ ধ্বজাঃ সূতাঃ নায়কা রথিনশ্চ যেষু তে॥ ১৯ ॥

সংছিদ্যমানা দ্বিপদা ইভা বাজিনশ্চ তেষামঙ্গেভ্যঃ প্রসূতা অসৃগাপগা রুধিরনদ্য, পরস্পরং প্রবর্ত্তিতা ইতি তৃতীয়শ্লোকেনান্বয়ঃ প্রসিদ্ধনদীরূপকমাহ। ভুজা এবাহয়ো যাসু তাঃ। পুরুষাণাং শীর্ষাণ্যেব কচ্ছপা যাসু তাঃ হতা দ্বিপা এব দ্বীপা অন্তর্বর্ত্তিতটানি। হয়া এব গ্রহা গ্রাহাস্তৈরাকুলা ব্যাপ্তাঃ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদৈবোদ্ভবন্ত্য ইব দ্রষ্টৃন্ প্রতি ভাতাঃ ক্ষণার্দ্ধমধ্যে শতকোটি কৃত্বোদ্ভবন্তীত্যর্থঃ। ততশ্চ অলাতচক্রং জ্বলৎকাষ্ঠং ভ্রমণে যথা চক্রবদ্ভবতি তদ্বদেব মথুরায়াশ্চতুর্দিক্ষু সৈন্যাভিমুখং ভ্রমন্ শার্ঙ্গং ব্যস্ফূর্জ্জয়দিতি॥ ১৮ ॥ ১৯ ॥

ততশ্চ সংছিদ্যমানানাং দ্বিপদাদীনাং অঙ্গেভ্যঃ প্রসূতা অসৃগাপগা রুধিরনদ্যঃ পরস্পরং কৃষ্ণরামাভ্যাং প্রবর্ত্তিতা ইতি তৃতীয়েনান্বয়ঃ। প্রসিদ্ধনদীরূপকমাহ। ভুজা এবাহয়ো যাসু তাঃ। হতদ্বিপা এব দ্বিপাঃ অন্তর্বর্ত্তিন উচ্চপ্রদেশাঃ হয়া এব গ্রহা গ্রাহাশ্চলা স্তৈরাকুলাঃ ব্যাপ্তাঃ॥ ২০ ॥

হইয়া যে নিপতিত হইল, কেহই তাহার সংবাদ জানে না। পদাতি সৈন্যকুল ছিন্নবাহু, ভিন্ন-বক্ষ এবং বিশ্লিষ্টগ্রীব হইয়া, ধরাশায়ী হইতে লাগিল॥ ১৯ ॥

পদাতি, হস্তী এবং অশ্বাদির ছিন্ন বিচ্ছিন্ন অঙ্গ প্রত্যঙ্গ হইতে গলিত রুধিরের বেগে শত শত নদী প্রবাহিত হইতে লাগিল। সেই রুধির-স্রোতে

করোরুমীনা নরকেশশৈবলা ধনুস্তরঙ্গায়ুধগুল্মসংকুলাঃ।
অস্থূরিকাবর্ত্তভয়ানকা মহামণিপ্রবেকাভরণাশ্মশর্করাঃ ॥ ২১ ॥
প্রবর্ত্তিতা ভীরুভয়াবহা মৃধে মনস্বিনাং হর্ষকরীঃ পরস্পরং।
বিনিঘ্নতারীন্মুষলেন দুর্ম্মদান্ সঙ্কর্ষণেনাপরিমেয়তেজসা ॥

অন্বয়ঃ।

করোরুমীনাঃ (করাঃ উরবশ্চ মীনাঃ যাসু তাঃ) নরকেশশৈবলাঃ (নরাণাং কেশাঃ এব শৈবলাঃ যাসু তাঃ) ধনুস্তরঙ্গায়ুধগুল্মসংকুলাঃ (ধনুংষি এব তরঙ্গাঃ আয়ুধানি এব চ গুল্মানি তৈঃ চ সংকুলাঃ ব্যাপ্তাঃ) অস্থূরিকাবর্ত্তভয়ানকাঃ (অস্থূরিকাঃ চর্ম্মাণি চক্রাণি বা আবর্ত্তাঃ তৈঃ ভয়ানকাঃ) মহামণিপ্রবেকাভরণাশ্মশর্করাঃ (মহামণীনাং প্রবেকাঃ তন্নির্ম্মিতানি আভরণানি যথাযথং অশ্মানঃ শর্করাঃ চ যাসু তাঃ) ॥ ২১ ॥

ভীরুভয়াবহাঃ (ভীরূণাং ভয়াবহাঃ) মৃধে যুদ্ধে, মনস্বিনাং বীরাণাং, তু পরস্পরং হর্ষকরীঃ হর্ষকর্য্যঃ, প্রবর্ত্তিতাঃ। তথা দুর্ম্মদান্ অরীন্ মুষলেন বিনিঘ্নতা অপরিমেয়তেজসা (অপরিমেয়ং

শ্রীধরস্বামী।

করা উরবশ্চ মীনা যাসু তাঃ নরাণাং কেশাএব শৈবলা যাসু তাঃ। ধনুংষ্যেব তরঙ্গা আয়ুধান্যেব গুল্মা স্তৈশ্চ তৈশ্চ সঙ্কুলাঃ অস্থূরিকাশ্চর্ম্মাণি চক্রাণি বা তা এবাবর্ত্তা স্তৈর্ভয়ানকাঃ মহামণীনাং প্রবেকাঃ উত্তমা আভরণানি চ যথাযথং অশ্মানঃ শর্করাশ্চ যাসু তাঃ ॥ ২১ ॥

ভীরূণাং ভয়াবহা মৃধে মনস্বিনাং হর্ষকর্য্যঃ কিন্তু সঙ্কর্ষণেনাপি তদ্বলং ক্ষয়ং প্রণীতং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্থূরিকা শ্চর্ম্মাণি চক্রাণি বা তা এবাবর্ত্তা স্তৈ র্ভয়ানকাঃ। মহামণীনাং প্রবেকা শ্রেষ্ঠা আভরণানি চ ক্রমেণ অশ্মানঃ শর্করাশ্চ যাসু তাঃ মনস্বিনাং বীরাণাং হর্ষকর্য্যঃ ॥ ২১ ॥

অঙ্গ হে রাজন্ তদ্বলং অর্ণববৎ দুর্গং ভৈরবঞ্চ দুরন্তপারং দুঃশব্দো নিষেধে অন্তস্তলং

পদাতিগণের ছিন্নব হু নিপতিত হইয়া, সর্পের ন্যায় উপলব্ধ হইল; মানবের ছিন্ন মস্তকসমূহ কচ্ছপ এবং নিহত হস্তী সমূহের দেহসকল ভাসমান হইয়া, নদীস্রোতে দ্বীপের ন্যায় পরিলক্ষিত হইয়াছিল এবং অশ্বকুলের দেহ মকরের ন্যায় অনুভূত হইতে লাগিল ॥ ২০ ॥

করতল-সমূহ ও উরুদেশ মীনের ন্যায়, ভাসমান হইতে লাগিল; নরকেশ-জাল নদীগর্ভে শৈবলের ন্যায় ইতস্ততঃ ভাসমান হইতেছিল; ধনুঃ-সমূহ তরঙ্গের ন্যায় এবং আয়ুধ সকল গুল্মের ন্যায়, ইতস্ততঃ পরিব্যাপ্ত ছিল। চর্ম্ম এবং চক্রসমূহ ভয়ানক আবর্ত্তের ন্যায়, লক্ষিত হইতেছিল ॥ ২১ ॥

ভীরুগণের ভয়াবহ তাদৃশ মহাযুদ্ধে মনস্বী বীর পুরুষগণের বরং পরস্পরের মধ্যে আনন্দেরই কারণ হইয়াছিল। দুর্ম্মদ অরিকুলকে মুষলাঘাতে

বলং তদঙ্গার্ণবদুর্গভৈরবং দুরন্তপারং মগধেন্দ্রপালিতং।
ক্ষয়ং প্রণীতং বসুদেবপুত্রয়ো র্বিক্রীড়িতং তজ্জগদীশয়োঃ পরং ॥ ২২ ॥
স্থিত্যুদ্ভবান্তং ভুবনত্রয়স্য যঃ সমীহতেঽনন্তগুণঃ স্বলীলয়া।

অন্বয়ঃ।

তেজঃ পরাভিভবসামর্থ্যং যস্য তেন) সঙ্কর্ষণেন অপি হে অঙ্গ! তৎ অর্ণবদুর্গভৈরবং (অর্ণববৎ দুর্গং দুষ্প্রবেশং ভৈরবং ভয়ানকং চ) দুরন্তপারং অপারং, মগধেন্দ্রপালিতং (মগধেন্দ্রেণ পালিতং) ক্ষয়াবশিষ্টং বলং ক্ষয়ং প্রণীতং। হে রাজন্! জগদীশয়োঃ বসুদেব-পুত্রয়োঃ তৎ জরাসন্ধসৈন্যবিনাশনং তু পরং বিক্রীড়িতং ক্রীড়ামাত্রং, এব নতু পরাক্রমঃ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ২২ ॥

অনন্তগুণঃ যঃ ভগবান্ স্বলীলয়া অনায়াসেন সংকল্পমাত্রেণ, ভুবনত্রয়স্য স্থিত্যুদ্ভবান্তং

শ্রীধরস্বামী।

অঙ্গ হে রাজন্ অর্ণববৎ দুর্গমং ভৈরবং ভয়ঙ্করঞ্চ যতো দুরন্তপারং। অন্তোঽত্র তলং পারমবধিঃ চুঃশব্দো নিষেধে। বিক্রমেণাগাধং দেশতশ্চ নিরবধিকমিত্যর্থঃ। কিঞ্চ মগধেন্দ্রেণ পালিতং যদেবংভূতং রামকৃষ্ণয়োঃ কর্ম্ম উক্তং তৎপরং কেবলং তয়ো র্বিক্রীড়িতং নতু পরাক্রমঃ ॥ ২২ ॥

নচৈতদাশ্চর্য্যমিত্যাহ স্থিতীতি। তর্হি কিমিত্যাশ্চর্য্যমিব বর্ণিতং তত্রাহ তথাপীতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পারমবধিঃ। বিক্রমেণাগাধং দেশতশ্চ নিরবধিকমিত্যর্থঃ। বস্তুবিচারে তয়ো স্তৎ কর্ম্ম কেবলং বিক্রীড়িতং নতু পরাক্রমঃ ॥ ২২ ॥

ননু যদি জগদীশতা তদা কথং ক্ষুদ্রাতিক্ষুদ্রৈ র্জীবৈঃ স্বস্যাননুরূপৈঃ সহ যুদ্ধে রসঃ সিদ্ধ্যতি। ন চেত্তর্হি তদ্বর্ণনয়া কিন্তত্রাহ। স্থিতীতি। তর্হি কিমত্যাশ্চর্য্যমিব বর্ণিতং তত্রাহ তথাপীতি। মর্ত্ত্যানুবিধস্য মর্ত্ত্যঃ সন্ননুরূপমেব বিধত্ত ইতি মর্ত্ত্যানুবিধ স্তস্যায়মর্থঃ। যেন স্বাকারেণ জগৎসৃষ্ট্যাদিকংকরোতি তেনৈব যদি জরাসন্ধং জয়তি তদা খল্বননুরূপত্বান্ন রসঃ। যদি চ মর্ত্ত্যঃ সন্ জয়তি তদা মর্ত্ত্যস্য প্রতিযোদ্ধা মর্ত্ত্যোঽনুরূপ এব। তত্রাপ্যতিপ্রৌঢ়স্য জরাসন্ধস্য জয়াচ্চমৎকার ইতি রসএব ভবতি। নচ মর্ত্ত্যদেহস্যাস্বরূপত্বং বাচ্যং। পরমাত্মা

নিহত করত, অতুল-তেজস্বী ভগবান্ সঙ্কর্ষণ সেই সমুদ্রতুল্য অপার ও ভীষণ ক্ষয়াবশিষ্ট মাগধের সৈন্য-সাগরকে প্রায় ক্ষয় করিয়া ফেলিলেন। হে নরনাথ! বসুদেব-নন্দন জগৎপতি রামকৃষ্ণের ঈদৃশ জরাসন্ধের সৈন্য-সংহার কার্য্যে বিশেষ বিস্মিত হইবার প্রয়োজন নাই। কারণ তাঁহারা জগতের ঈশ্বর; এ সকল কার্য্যে তাঁহাদের কেবল ক্রীড়ারই পরিচয় হইয়াছে মাত্র ॥ ২২ ॥

যে অনন্তগুণ অনন্তদেব ভগবান্ শ্রীকৃষ্ণ কেবল সংকল্পমাত্রে অবলীলাক্রমে এই ভুবনত্রয়ের সৃষ্টি, স্থিতি ও পালন করিতেছেন, তাঁহার পক্ষে পরপক্ষ

ন তস্য চিত্রং পরপক্ষনিগ্রহ স্তথাপি মর্ত্যানুবিধস্য বর্ণ্যতে ॥ ২৩ ॥

জগ্রাহ বিরথং রামো জরাসন্ধং মহাবলং।
হতানীকাবশিষ্টাসুং সিংহঃ সিংহমিবৌজসা ॥ ২৪ ॥
বধ্যমানং হতারাতিং পাশৈর্বারুণমানুষৈঃ।
বারয়ামাস গোবিন্দস্তেন কার্য্যচিকীর্ষয়া ॥

অন্বয়ঃ।

স্থিতিসংহারাদিকং, সমীহতে করোতি, তস্য পরপক্ষনিগ্রহঃ চিত্রং আশ্চর্য্যবিষয়ঃ ন ভবতি। তথাপি মর্ত্ত্যানুবিধস্য মর্ত্ত্যান্ অনুবিধত্তে অনুকরোতি তথাবিধস্য মনুষ্যদৃষ্ট্যা বর্ণতে ॥ ২৩ ॥

সিংহঃ যথা ওজসা বলেন সিংহং গৃহ্লাতি তথা মহাবলঃ রামঃ হতানীকাবশিষ্টাসুং (হতানি অনীকানি সৈন্যানি যস্য অবশিষ্টাঃ অসবঃ প্রাণাঃ চ যস্য তং) বিরথং মহাবলং জরাসন্ধং, ওজসা জগ্রাহ ॥ ২৪ ॥

বারুণমানুষৈঃ পাশৈঃ জরাসন্ধং বধ্যমানং হতারাতিং (হতাঃ অরাতয়ঃ যেন তং বলরামং) গোবিন্দঃ শ্রীকৃষ্ণঃ, তেন জরাসন্ধেন, কার্য্যচিকীর্ষয়া (কার্য্যস্য দুষ্টসংগ্রহস্য চিকীর্ষয়া কর্ত্তুমিচ্ছয়া) বারয়ামাস ॥

শ্রীধরস্বামী।

মর্ত্ত্যানুবিধত্তে অনুকরোতীতি মর্ত্ত্যানুবিধস্তস্য ॥ ২৩ ॥

কিঞ্চ জগ্রাহেতি। হতান্যনীকানি যস্য অবশিষ্টা অসবএব যস্য তঞ্চ তঞ্চ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নরাকৃতিঃ। নরাকৃতিঃ পরব্রহ্ম হরিঃ কারণমানুষ ইতি। যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্মেতি শ্রবণাৎ ॥ ২৩ ॥

হতানীকশ্চাসৌ অবশিষ্টা অসবএব যস্য সচ তং ॥ ২৪ ॥

হতারাতিং হতপ্রায়মরাতিং কার্য্যং বধ্যানাং ভূভারভূতানাং সৈন্যানামেকত্রসংমেলনং তস্যৈব পুনঃ পুনস্তদ্দ্বারাচিকীর্ষয়া ॥

নিগ্রহ করা কিছু আশ্চর্য্যের বিষয় নহে। তথাপি মর্ত্ত্য মানবগণের অনুকরণেই এই সমস্ত বৃত্তান্ত অনুবর্ণিত হইতেছে মাত্র ॥ ২৩ ॥

সিংহ যেমন বলপূর্ব্বক অন্য সিংহকে আক্রমণ করে, সেইরূপ মহাবল-পরাক্রম বলদেব বলপূর্ব্বক জরাসন্ধকে আক্রমণ করিলেন ॥ ২৪ ॥

বলরাম যখন বারুণাস্ত্র ও মানুষ-পাশের দ্বারা জরাসন্ধকে নিহত করিবার জন্য বন্ধন করিলেন, তখন শ্রীকৃষ্ণ জরাসন্ধের দ্বারা অন্য দুষ্টগণের সংগ্রহার্থ, তাহাকে পরিত্যাগ করিতে বলিলেন ॥

জরাসন্ধ এক জন প্রসিদ্ধ বীর, সুতরাং লোকনাথ রামকৃষ্ণ কর্ত্তৃক এইরূপে অবমাননার সহিত পরিত্যক্ত হওয়াতে, তিনি নিতান্ত লজ্জিত হইয়া তপোঽনু-

সমুক্তো লোকনাথাভ্যাং ব্রীড়িতো বীরসম্মতঃ।
তপসে কৃতসংকল্পো বারিতঃ পথি রাজভিঃ ॥ ২৫ ॥
বাক্যৈঃ পবিত্রার্থপদৈর্নয়নৈঃ প্রাকৃতৈরপি।
স্বকর্ম্মবন্ধপ্রাপ্তশ্চ যদুভিস্তে পরাভবঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

বীরসম্মতঃ (বীরতয়া সম্মতঃ) সঃ জরাসন্ধঃ লোকনাথাভ্যাং রামকৃষ্ণাভ্যাং, এবং মুক্তঃ পরিত্যক্তঃ, অতঃ ব্রীড়িতঃ লজ্জিতঃ, সন্ তপসে কৃতসংকল্পঃ পথি রাজভিঃ শিশুপালাদিভিঃ বারিতঃ নিবারিতঃ ॥ ২৫ ॥

পবিত্রার্থপদৈঃ (পবিত্রার্থানি ধর্ম্মোপদেশ-পরাণি পদানি যেষু তৈঃ) যদুভিঃ তে তব পরাভবঃ স্বকর্ম্মবন্ধপ্রাপ্তঃ স্বকর্ম্মবন্ধেন নিমিত্তেন, এব প্রাপ্তঃ ইতি নয়নৈঃ নীতিভিঃ, প্রাকৃতৈঃ লৌকিকৈঃ বাক্যৈঃ, তং জরাসন্ধং নিবারয়ামাস ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

হতা বহুশোঽরাতয়ো যেন তথাভূতমপি জরাসন্ধং বধ্যমানং বারয়ামাস ॥ ২৫ ॥

পবিত্রার্থানি ধর্ম্মোপদেশপরাণি পদানি যেষু তৈর্বাক্যৈ র্নয়নৈ র্নীতিভিঃ প্রাকৃতৈ র্লৌকিকৈঃ। তত্র লৌকিক-ন্যায়মাহুঃ স্বকর্ম্মেতি যদুভিরল্পকৈঃ কৃত্বা তে মহতঃ পরাভবঃ কেবলং কর্ম্মবন্ধেন প্রাপ্তঃ। অতস্ত্বয়া ন লজ্জিতব্যমিতি ভাবঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লজ্জিতত্বে হেতুঃ বীরসংমত ইতি ॥ ২৫ ॥

পবিত্রাণি তত্ত্বোপদেশপরাণি অর্থা পদানি চ যেষু তৈঃ। নয়নৈ র্নীতিভিঃ প্রাকৃতৈ র্লৌকিকৈঃ। তত্র তত্ত্বোপদেশমাহুঃ স্বকর্ম্মেতি। তবৈতৎ পরাভবদুঃখং ললাটে লিখিতমেব তৎ কথমন্যথা ভবতি। অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্মেতি স্মৃতেঃ। এতদ্ব্যঙ্গেনার্থেন নীতিশ্চাহুঃ। সচার্থো যথা যদ্যেষ পরাভবস্তে প্রারব্ধকর্ম্মাধীন এব তর্হি কা তে লজ্জা। কঃ খলু বুদ্ধিমানতিক্ষুদ্রাৎ যাদবাদপি ত্বাং দুর্ব্বলং মংস্যতে? যাদবেন সহ যুদ্ধে তব জয়ে সতি ন কিমপি যশঃ পরাজয়েঽপি ন কাচিল্লজ্জা। জরাসন্ধসিংহো হি কৃষ্ণসারং জিত্বাপি ন কমপ্যুৎকর্ষমজিত্বাপি ন কামপি নিন্দাং প্রাপ্নোতীতি বয়ং জানীমঃ। সমকক্ষেণাপি সহ যুদ্ধে জয়পরাজয়াভ্যাং ক্ষত্রিয়ে র্ন গর্ব্বদৈন্যে ধার্য্যে। কিমুত স্বতোঽতিন্যূনেনেতি শাস্ত্রমিতি ॥ ২৬ ॥

স্থানার্থ বন-গমনে বাসনা করিলেন। কিন্তু শিশুপালাদি রাজন্যবর্গ নানাবিধ ধর্ম্মোপদেশ এবং নীতি-সঙ্গত পবিত্র ও লৌকিক উপদেশ বাক্যের দ্বারা তাঁহাকে নিবারণ করিয়াছিল ॥ ২৫ ॥

তাঁহারা বলিলেন, হে বীর! একজন সমকক্ষের সহিত যুদ্ধে পরাস্ত হইলে, আপনার অবমাননার কারণ ছিল বটে; কিন্তু অতি তুচ্ছ যদুপতি কৃষ্ণের

হতেষু সর্ব্বানীকেষু নৃপতির্বার্হদ্রথঃ।
উপেক্ষিতো ভগবতা মগধান্ দুর্ম্মনা যযৌ ॥ ২৭ ॥
মুকুন্দোঽপ্যক্ষতবলো নিস্তীর্ণারিবলার্ণবঃ।
বিকীর্য্যমাণঃ কুসুমৈর্বিবুধৈরনুমোদিতঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

এবং সর্ব্বানীকেষু (সর্ব্বেষু অনীকেষু) হতেষু সৎসু বার্হদ্রহঃ বৃহদ্রথপুত্রঃ, জরসন্ধঃ নৃপতিঃ ভগবতা উপেক্ষিতঃ সন্ দুর্ম্মনাঃ এব মগধান্ স্বদেশং, যযৌ ॥ ২৭ ॥

অক্ষতবলঃ (ন ক্ষতং বলং সৈন্যং যস্য সঃ) নিস্তীর্ণারিবলার্ণবঃ (নিস্তীর্ণঃ অনায়াসেন তীর্ণঃ অরিবলার্ণবঃ যেন সঃ) বিবুধৈঃ দেবৈঃ (সাধু সাধু ইতি) অনুমোদিতঃ কুসুমৈঃ বিকীর্য্যমাণঃ আচ্ছাদ্যমানঃ, মুকুন্দঃ অপি স্বপুরং যযৌ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

বার্হদ্রথো জরাসন্ধঃ ॥ ২৭ ॥

মুকুন্দোঽপি যযাবিত্যনুষঙ্গঃ। ন ক্ষতং বলং যস্য সঃ। তস্যৈবামৃতদৃষ্ট্যাক্ষত প্রতিসন্ধানাদিতি ভাবঃ নিস্তীর্ণঃ অনায়াসেনৈব তীর্ণো হরিবলার্ণবো যেন। সাধুসাধ্বিত্যনুমোদিতঃ ॥২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বার্হদ্রথো বৃহদ্রথপুত্রো জরাসন্ধঃ ॥ ২৭ ॥

নিকট যখন আপনার পরাজয় হইল, তখন তাহা প্রকৃত পরাজয় নহে; উহা আপনার পূর্ব্ব-সঞ্চিত পাপেরই লিখন মাত্র। ইহাতে আপনার লজ্জিত হওয়া অবিধেয়। বিশেষত কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি অতি ক্ষুদ্র যাদব হইতেও আপনাকে দুর্ব্বল মনে করিবে? ইহাদের সহিত যুদ্ধে জয় লাভ হইলে, যেমন আপনার পক্ষে কোন গৌরবের বিষয় হয় না, সেইরূপ পরাজয়েও কোন নিন্দা নাই। বিশেষত জয় কিম্বা পরাজয়ে ক্ষত্রিয়ের পক্ষে হর্ষ বা বিষাদের বিষয় কখনই সম্ভব নহে। এই প্রকার যুক্তিযুক্ত বাক্যে তাঁহারা জরাসন্ধকে সান্ত্বনা করিলেন ॥ ২৬ ॥

যাবতীয় সৈন্যকুল নিহত হইলে, বৃহদ্রথ-নন্দন রাজা জরাসন্ধ ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে উপেক্ষিত হইয়া, বিষণ্ণচিত্তে স্বকীয় রাজ্য মগধদেশে প্রস্থান করিলেন ॥ ২৭ ॥

বিস্তীর্ণ সৈন্যসাগরকে নিধন করিলেও শ্রীকৃষ্ণের নিজের কোনরূপ বলক্ষয় হয় নাই। তাদৃশ যুদ্ধে জয়লাভ করাতে, অমরবাসী দেববৃন্দ সাধুবাদের দ্বারা শ্রীকৃষ্ণের জয়ঘোষণা করত, তদুপরি পুষ্পবর্ষণ করিতে লাগিলেন ॥ ২৮ ॥

শত্রুগণের নিধনে মথুরাবাসীর আনন্দের আর সীমা রহিল না; তাঁহারা

মাথুরৈরভিসংগম্য বিজ্বরৈ র্মুদিতাত্মভিঃ।
উপগীয়মানবিজয়ঃ সূতমাগধবন্দিভিঃ॥ ২৯॥
শঙ্খদুন্দুভয়ো নেদুর্ভেরীতূর্য্যাণ্যনেকশঃ।
বীণাবেণুমৃদঙ্গানি পুরং প্রবিশতি প্রভৌ॥ ৩০॥
সিক্তমার্গাং হৃষ্টজনাং পতাকাভিরলঙ্কৃতাং।
নির্ঘুষ্টাং ব্রহ্মঘোষেণ কৌতুকাবদ্ধতোরণাং॥ ৩১॥

অন্বয়ঃ।

(শত্রুবিনাশাৎ) বিজ্বরৈঃ নিবৃত্ততাপৈঃ, মুদিতাত্মভিঃ প্রসন্নচিত্তৈঃ, মাথুরৈঃ মথুরাবাসিভিঃ, জনৈঃ অভিসংগম্য মিলিত্বা, সূতমাগধবন্দিভিঃ (উপগীয়মানঃ বিজয়ঃ যস্য সঃ) কৃষ্ণঃ স্বপুরং মথুরাং, বযৌ॥ ২৯॥

প্রভৌ শ্রীকৃষ্ণে, পুরং প্রবিশতি সতি শঙ্খদুন্দুভয়ঃ ভেরীতূর্য্যাণি চ বীণাবেণুমৃদঙ্গানি চ অনেকশঃ নেদুঃ॥ ৩০॥

তদা তু সিক্তমার্গাং (সিক্তাঃ চন্দনাদ্যম্বুভিঃ মার্গাঃ যস্যাঃ তাং) হৃষ্টজনাং (হৃষ্টাঃ জনাঃ যস্যাং তাং) পতাকাভিঃ অলঙ্কৃতাং, ব্রহ্মঘোষেণ বেদপাঠঘোষেণ, নির্ঘুষ্টাং নিনাদিতাং, কৌতুকাবদ্ধতোরণাং (কৌতুকেন উৎসবেন আ সর্ব্বতো বদ্ধানি তোরণানি যস্যাং তাং পুরীং মথুরাং শ্রীকৃষ্ণঃ প্রাবিশৎ॥ ৩॥

শ্রীধরস্বামী।

প্রত্যুদ্গতৈ র্মথুরাবাসিভির্জনৈঃ। অভিগম্য মিলিত্বা॥ ২৯॥

তদা চ প্রভৌ পুরং প্রবিশতি সতি শঙ্খাদয়ো নেদুঃ॥ ৩০॥

কথম্ভূতাং পুরং তদাহ সিক্তমার্গামিতি। ব্রহ্মঘোষেণ বেদঘোষেণ নির্ঘুষ্টাং নিনাদিতাং। কৌতুকেন উৎসবেন আ সর্ব্বতো বদ্ধানি তোরণানি যস্যাং তাং॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুকুন্দোঽপি যযাবিত্যনুসঙ্গঃ ২৮—৩০॥ পুরং বিশিনষ্টি সিক্তমার্গামিত্যাদিনা॥ ৩১॥

সকলে আনন্দ-সহকারে শ্রীকৃষ্ণকে পরিবৃত হইয়া, হর্ষ প্রকাশ করিতে লাগিলেন; সূত, মাগধ ও বন্দিগণ শ্রীকৃষ্ণের স্তব করিতে লাগিলেন; এই প্রকারে সকলে পরিবৃত হইয়া, শ্রীকৃষ্ণ স্বীয় পুরী মথুরায় প্রস্থান করিলেন॥ ২৯॥

জরাসন্ধের দর্পখর্ব্বকারী গোবিন্দ যখন জয়শব্দে মথুরায় প্রবেশ করিলেন, তখন তূর্য্য ভেরী, বেণু, বীণা, মৃদঙ্গ, শঙ্খ ও দুন্দুভি প্রভৃতি বাদ্যযন্ত্র চতুর্দ্দিক হইতে বাদিত হইতে লাগিল॥ ৩০॥

মথুরার রাজপথ সকল সুবাসিত জলে আসিক্ত করা হইয়াছিল; ইতস্ততঃ

নিচীয়মানো নারীভির্মাল্যদধ্যক্ষতাঙ্কুরৈঃ।
নিরীক্ষ্যমাণঃ সস্নেহং প্রীত্যোৎকলিতলোচনৈঃ॥ ৩২॥
আয়োধনগতং বিত্তমনন্তং বীরভূষণং।
যদুরাজায় তৎ সর্ব্বমাহৃতং প্রাদিশৎ প্রভুঃ। ৩৩॥
এবং সপ্তদশকৃত্বস্তাবত্যক্ষৌহিণীবলঃ।

অন্বয়ঃ।

নারীভিঃ মাল্যদধ্যক্ষতাঙ্কুরৈঃ প্রভৃতিভিঃ নিচীয়মানঃ বিকীর্য্যমাণঃ, তথা প্রীত্যা উৎকলিত-লোচনৈঃ (উৎকলিতানি লোচনানি যেষাং তৈঃ জনৈঃ) সস্নেহং যথা স্যাৎ তথা নিরীক্ষ্য-মাণঃ॥ ৩২॥

প্রভুঃ পরমেশ্বরঃ কৃষ্ণঃ আয়োধনগতং (আযোধনং রণভূমিঃ, তদ্গতং তত্রস্থিতং) অনন্তং বিত্তং বীরভূষণং (বীরাণাং ভূষণং) যৎ আহৃতং তৎ সর্ব্বং যদুরাজায় উগ্রসেনায়, প্রাদিশৎ সমর্পিতবান্॥ ৩৩॥

তাবত্যক্ষৌহিণীবলঃ (তাবত্যঃ ত্রয়োবিংশতিসংখ্যাকাঃ অক্ষৌহিণ্যঃ বলং সেনা যস্য

শ্রীধরস্বামী।

নিচীয়মানঃ বিকীর্য্যমাণঃ। প্রাবিশদিতি বিপরিণতানুষঙ্গঃ॥ ৩২॥

আয়োধনং রণভূমি স্তত্রস্থং বিত্তং বীরাণাং ভূষণং॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিচীয়মানঃ বিকীর্য্যমানঃ। প্রভুঃ প্রাবিশদিতি বিপরিণতানুষঙ্গ ইতি শ্রীস্বামিচরণাঃ। যদ্বা প্রাদিশদিতি পরেণান্বয়ঃ॥ ৩২॥

আয়োধনং যুদ্ধভূমি স্তত্র পতিতং বীরাণাং ভূষণং গাত্রলগ্নং॥ ৩৩॥

বিচিত্র পতাকা ও নানাবিধ উৎসব-সূচক মাঙ্গল্য দ্রব্যে হর্ম্ম্য ও তোরণাদি অলঙ্কৃত করা হইয়াছিল। তত্রত্য জনগণ সকলেই আনন্দপূর্ণ ও হৃষ্টচিত্ত প্রতীত হইতে লাগিল; ব্রাহ্মণগণকৃত সুমঙ্গল বেদাধ্যয়ন শব্দ সমগ্র মথুরা-ভূমিকে যেন নিনাদিত করিতেছিল॥ ৩১॥

পুর-প্রবেশ কালে মথুরাবাসিনী নারীগণ, মাল্য দধি অক্ষত ও অঙ্কুরাদির বিকীরণে শ্রীকৃষ্ণের মঙ্গল প্রার্থনা করিয়াছিলেন; জনগণ প্রীত প্রসন্নচিত্তে ও আনন্দ-বিকসিত-লোচনে শ্রীকৃষ্ণের প্রতি সস্নেহ নিরীক্ষণ করিতে লাগিল॥ ৩২॥

অসীম-পরাক্রম সর্ব্বেশ্বর বাসুদেব রণ-প্রাঙ্গণে বীরসমূহের বিবিধ মণিময় রত্নালঙ্কারাদি যে সমস্ত প্রচুর ঐশ্বর্য্য সংগ্রহ করিয়াছিলেন, সে সমস্ত আনয়ন করত, যদুরাজ উগ্রসেনকে প্রদান করিলেন॥ ৩৩॥

যুযুধে মাগধো রাজা যদুভিঃ কৃষ্ণপালিতৈঃ ॥ ৩৪ ॥
অক্ষিণ্বংস্তদ্বলং সর্ব্বং বৃষ্ণয়ঃ কৃষ্ণতেজসা।
হতেষু তেষ্বনীকেষু ত্যক্তোঽগাদরিভি র্নৃপঃ ॥ ৩৫ ॥
অষ্টাদশমসংগ্রামে আগামিনি তদন্তরা।

অন্বয়ঃ।

তথাভূতঃ) মাগধঃ রাজা জরাসন্ধঃ কৃষ্ণপালিতৈঃ যদুভিঃ সহ সপ্তদশকৃত্বঃ সপ্তদশবারান্ এবং এব যুযুধে ॥ ৩৪ ॥

কৃষ্ণতেজসা যুক্তাঃ বৃষ্ণয়ঃ যাদবাঃ সর্ব্বং তদ্বলং (তস্য জরাসন্ধস্য বলং) অক্ষিণ্বন্ নাশিতবন্তঃ। এবমেব তেষু অনীকেষু হতেষু সৎসু অরিভিঃ রামকৃষ্ণাদিভিঃ ত্যক্তঃ উপেক্ষিতঃ, নৃপঃ জরাসন্ধঃ, অগাৎ স্বপুরং জগাম ॥ ৩৫ ॥

অষ্টাদশমে সংগ্রামে আগামিনি সতি তদন্তরা তৎপূর্ব্বং নারদেন প্রেরিতঃ যবনঃ কাল-

শ্রীধরস্বামী।

তাবতীতি চ্ছেদঃ। তাবতি পরাজয়ে বর্ত্তমানেঽপি অক্ষৌহিণ্যো বলং যস্য সঃ সপ্তদশকৃত্বঃ সপ্তদশবারান্ যুযুধে ॥ ৩৪ ॥

অক্ষিণ্বন্ ক্ষয়ং নিন্যুঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাবত্যঃ ত্রয়োবিংশতিসংখ্যা অক্ষৌহিণ্যো বলং সৈন্যং যস্য সঃ। পুংবদ্ভাবাভাব আর্ষঃ ॥ ৩৪ ॥

অক্ষিণ্বন্ ক্ষয়ং নিন্যুঃ ॥ ৩৫ ॥

নারদপ্রেরিত ইতি বিষ্ণুপুরাণে কথা যথা। কদাচিদ্গার্গ্যঃ স্বশ্যালেন শণ্ড ইতি পরিহসিতঃ। তং শ্রুত্বা যদবো বহু জহসুঃ। তত স্তেষাং হাস্যেন বহুকুপিতো গার্গ্যো দক্ষিণাপথং

মগধরাজ জরাসন্ধ এই প্রকারে প্রতিবার ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সেনা সংগ্রহ করত ক্রমান্বয়ে সপ্তদশ বার কৃষ্ণপালিত যদুগণের সহিত যুদ্ধ করিয়াছিলেন ॥ ৩৪ ॥

কিন্তু শ্রীকৃষ্ণের অতুল সামর্থ্যে উন্নদ্ধতেজা যাদবগণ কর্ত্তৃক হতসৈন্য হইয়া, তিনি পরাজয় স্বীকার করেন; এই প্রকারে জরাসন্ধের সংগৃহীত যাবতীয় বল বিনষ্ট হইলেও, রামকৃষ্ণ যখন তাঁহাকে নিহত না করিয়াই উপেক্ষিত ভাবে পরিত্যাগ করিলেন, তখন মহারাজ জরাসন্ধ স্বীয় রাজ্য মগধদেশেই প্রস্থান করিলেন ॥ ৩৫ ॥

অনন্তর জরাসন্ধ যখন পুনরায় অষ্টাদশম বার যুদ্ধের আয়োজন করিতেছিলেন, ইতিমধ্যে দেবর্ষি নারদ কালযবনের সমীপে উপনীত হইয়া

নারদপ্রেরিতো বীরো যবনঃ প্রত্যদৃশ্যত ॥ ৩৬ ॥
রুরোধ মথুরামেত্য তিসৃভির্ম্লেচ্ছকোটিভিঃ।
নৃলোকে চাপ্রতিদ্বন্দ্বো বৃষ্ণীন্ শ্রুত্বাত্মসম্মিতান্ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

যবনাখ্যঃ বীরঃ প্রত্যদৃশ্যত (মথুরাং প্রাপ্তঃ তত্রত্যৈঃ জনৈঃ চ দৃষ্টঃ) ॥ ৩৬ ॥

নৃলোকে অপ্রতিদ্বন্দ্বঃ (ন বিদ্যতে প্রতিদ্বন্দ্বঃ তুল্যবলঃ যস্য সঃ তথাভূতঃ কালযবনঃ নারদমুখাৎ) বৃষ্ণীন্ এব আত্মসম্মিতান্ স্বতুল্যবলান্, শ্রুত্বা তিসৃভিঃ ম্লেচ্ছকোটিভিঃ সহ এত্য আগম্য, মথুরাং রুরোধ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

অষ্টাদশমে অষ্টাদশে সংগ্রামে ভাব্যে। তন্মধ্যেঽকস্মাৎ কালযবনঃ সংপ্রাপ্তঃ ॥ ৩৬ ॥
আত্মসম্মিতান্ আত্মতুল্যান্ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গত্বা যাদবভয়ঙ্করো মে পুত্রো ভবত্বিতি সঙ্কল্প্য অয়শ্চূর্ণং ভুঞ্জানো মহাদেবমারাধ্য দ্বাদশ-বর্ষান্তে তস্মাৎ স্বাভীষ্টং বরং প্রাপ্য হৃষ্যন্ স্বগৃহমাগচ্ছন্নপুত্রকেণ যবনেশ্বরেণ পুত্রার্থং সংবৃত স্তস্তার্য্যায়াং কালযবনং পুত্রং জনয়ামাস সচ কালযবনঃ মহাবলোঽস্তঃ পৃথিব্যামিদানীং কে বলিনো নৃপা ইতি নারদং পপ্রচ্ছ সচ যদূন্ প্রাহ। এবং নারদপ্রেষিতো মথুরায়াং দৃষ্টো বভূব ॥ ৩৬ ॥ ৩৭ ॥

শ্রীকৃষ্ণের বিরুদ্ধে যুদ্ধ করিবার উপদেশ প্রদান করিলে, যবনবীর মথুরায় উপস্থিত হইলেন ॥ ৩৬ ॥

তৎকালে কালযবনের তুল্য বলশালী বীর আর কেহ মানবের মধ্যে নয়নগোচর হয় নাই। অকস্মাৎ নারদকে অবলোকন করিয়া, তিনি নিজের তুল্য-যোদ্ধার অনুসন্ধান করিলে, দেবর্ষি বৃষ্ণীবংশীয় বীরগণকেই তাঁহার সমকক্ষ বিবেচনায় নির্দ্দেশ করিলেন। সুতরাং কালযবনও নারদের উপদেশ অনুসারে তিন কোটি ম্লেচ্ছ সৈন্য সঙ্গে লইয়া, তথায় আগমন করিলেন এবং মথুরাকে অবরুদ্ধ করিলেন ॥ ৩৭ ॥

আভাস।

কোন সময়ে গর্গ মুনির পুত্রকে তাঁহার শ্যালক "শণ্ড" বলিয়া উপহাস করেন; তাহা শ্রবণে সমীপবর্ত্তী যাদবগণ সাতিশয় হাস্য করেন। গার্গ্য সেই হাস্য সহ্য করিতে না পারিয়া, যাদবগণের ভয়প্রদ একটী পুত্রের কামনায় দক্ষিণদিকে গমন করত, কেবল মাত্র লৌহচূর্ণ ভোজনে দ্বাদশ বৎসর কাল মহাদেবের আরাধনা করেন। অনন্তর আশুতোষের তৃপ্তি-সাধনে বর-লাভ করিয়া, গার্গ্য যখন প্রত্যাগমন করিলেন, তখন অপুত্রক যবনেশ্বর পুত্রকামনায়

তং দৃষ্ট্বাচিন্তয়ৎ কৃষ্ণঃ সঙ্কর্ষণসহায়বান্।
অহো যদূনাং বৃজিনং প্রাপ্তং হ্যুভয়তো মহৎ ॥ ৩৮ ॥
যবনোঽয়ং নিরুন্ধেঽস্মানদ্য তাবন্মহাবলঃ।
মাগধোঽপ্যদ্য বা শ্বো বা পরশ্বো বাগমিষ্যতি ॥ ৩৯ ॥
আবয়োর্যুধ্যতোরস্য যদ্যাগন্তা জরাসুতঃ।
বন্ধূন্ হনিষ্যত্যথবা নেষ্যতে স্বপুরং বলী ॥

অন্বয়ঃ।

তং কালযবনং দৃষ্ট্বা সঙ্কর্ষণসহায়বান্ বলরামেণ সহ অবস্থিতঃ শ্রীকৃষ্ণঃ, ইদং অচিন্তয়ৎ যৎ অহো! যদূনাং মহৎ বৃজিনং দুঃখং, উভয়তঃ কালযবনাৎ জরাসন্ধাৎ চ প্রাপ্তং ॥ ৩৮ ॥

মহাবলঃ অয়ং যবনঃ অদ্য তাবৎ অস্মান্ নিরুন্ধে নিরুণদ্ধি; অদ্য অস্মিন্ অহনি বা শ্বঃ পরস্মিন্ অহনি, বা পরশ্বঃ তদনন্তরে অহনি, বা মাগধঃ আগমিষ্যতি ॥ ৩৯ ॥

অস্য অনেন, সহ আবয়োঃ যুধ্যতোঃ সতোঃ, যদি জরাসুতঃ আগন্তা আগমিষ্যতি, তর্হি সঃ বলী অস্মাকং বন্ধূন্ হনিষ্যতি অথবা তান্ বদ্ধা স্বপুরং নেষ্যতি ॥

শ্রীধরস্বামী।

বৃজিনং দুঃখং। উভয়তঃ যবনাৎ জরাসন্ধাচ্চ ॥ ৩৮ ॥
তদাহ দ্বয়েন। নিরুন্ধে নিরুণদ্ধি ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃষ্ণো যাদবস্নেহাবিষ্টত্বাদচিন্তয়ৎ। উভয়তো যবনাৎ জরাসন্ধাচ্চ ॥ ৩৮ ॥ ৩৯ ॥

তাদৃশ সৈন্যসামন্তে পরিবৃত যবনাধিপতিকে যুদ্ধার্থ উপস্থিত হইতে অবলোকন করিয়া, শ্রীকৃষ্ণ বলরামের সহিত একত্র চিন্তা করিয়া বলিলেন, অহো! যাদবগণের বিষম বিপদ উভয়ত উপস্থিত বলিয়া আমি বিশেষ অনুভব করিতেছি ॥ ৩৮ ॥

এদিকে মহাবল কাল-যবন অদ্য আমাদিগের মথুরার দ্বার অবরোধ করত অবস্থান করিতেছে, ওদিকে অদ্য বা কল্য বা আগামী পরশ্ব জরাসন্ধ যুদ্ধার্থ আগমন করিবে ॥ ৩৯ ॥

আভাস।

তাঁহার নিকট প্রার্থনা করেন। এবং যবনেশ্বরের অনুমতিতে তিনি তদীয় ভার্য্যায় সঙ্গত হইয়া, কালযবন নামে এক পুত্রের উৎপাদন করেন। অতি অল্পকাল মধ্যে এই পুত্র বিপুল বলশালী ও তেজঃসম্পন্ন হইয়া উঠিল। নিজের অতুল বীর্য্যের পরিচয়ার্থ কালযবন এক দিবস সমাগত দেবর্ষিকে অভিবাদন পূর্ব্বক পৃথিবীর মধ্যে নিজের সমবলীর সংবাদ জিজ্ঞাসা করিল। তখন দেবর্ষি এই যদুগণকেই তাঁহার সমকক্ষ বলিয়া নির্দ্দেশ করাতেই, কালযবন অকস্মাৎ আসিয়া, মথুরাকে আক্রমণ করিল ॥ ৩৬ ॥ ৩৭ ॥

তস্মাদদ্য বিধাস্যামো দুর্গং দ্বিপদদুর্গমং।
তত্র জ্ঞাতীন্ সমাধায় যবনং ঘাতয়ামহে ॥ ৪০ ॥
ইতি সংমন্ত্র্য ভগবান্ দুর্গং দ্বাদশযোজনং।
অন্তঃসমুদ্রে নগরং কৃৎস্নাদ্ভুতমচীকরৎ ॥ ৪১ ॥
দৃশ্যতে যত্র হি ত্বাষ্ট্রং বিজ্ঞানং শিল্পনৈপুণং।

অন্বয়ঃ।

তস্মাৎ দ্বিপদদুর্গমং (দ্বিপদৈঃ নরৈঃ দুর্গমং গন্তুমশক্যং) দুর্গং বিধাস্যামঃ করিষ্যামঃ, তত্র জ্ঞাতীন্ সমাধায় নীত্বা, যবনং ঘাতয়ামহে ॥ ৪০ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণঃ সঙ্কর্ষণেন সহ ইতি এবং সংমন্ত্র্য বিচার্য্য, অন্তঃসমুদ্রে সমুদ্রমধ্যে, দুর্গং তত্র চ কৃৎস্নাদ্ভুতং সর্ব্বাশ্চর্য্যময়ং, দ্বাদশযোজনং তৎপরিমাণবিস্তীর্ণং নগরং অচীকরৎ (বিশ্বকর্ম্মণা কারয়ামাস) ॥ ৪১ ॥

যত্র নগরে হি ত্বাষ্ট্রং (ত্বষ্টা বিশ্বকর্ম্মা তস্য সম্বন্ধি) বিজ্ঞানং শিল্পনৈপুণং ক্রিয়াকৌশলং

শ্রীধরস্বামী।

অস্য অনেন ॥ ৪০ ॥

সমুদ্রমধ্যে দুর্গং তন্মধ্যে নগরং কৃৎস্নাদ্ভুতং সর্ব্বাশ্চর্য্যং অচীকরৎ কারয়ামাস ॥ ৪১ ॥

ত্বষ্টা বিশ্বকর্ম্মা। তদীয়ং শিল্পনৈপুণঞ্চ ক্রিয়াকৌশলং। তদাহ সার্দ্ধৈস্ত্রিভিঃ। রথ্যেতি রথ্যা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্য অনেন ॥ ৪০ ॥

সমুদ্রমধ্যে দুর্গং দ্বাদশযোজনমিতি। অষ্টভি র্যবমধ্যৈঃ স্যাদঙ্গুলং দ্বাদশঙ্গুলং। তালং ত্রিতালকো হস্তো হস্তৌ দ্বৌ কিষ্কুরুচ্যতে। কিষ্কুদ্বয়ং ধনুঃ প্রোক্তং ধনুষো দ্বিসহস্রকং। ক্রোশঃ ক্রোশৌ তু গব্যুতি র্গব্যুতী দ্বেতু যোজনমিতি তন্মধ্যে নগরং ॥ ৪১ ॥

আমরা উভয়ে ইহার সহিত সংগ্রামে নিযুক্ত থাকিবার সময় যদি জরাপুত্র মাগধ আসিয়া উপস্থিত হয়, তাহা হইলে বিলক্ষণ বিপদেরই সম্ভাবনা; সেই মহাবল-পরাক্রান্ত জরাসন্ধ আমাদিগের যাবতীয় বন্ধুবর্গকে হয় নিধন করিবে, নতুবা বন্দী করত তাহার স্বীয় রাজ্য মগধেই লইয়া যাইবে ॥

অতএব এরূপ অবস্থায় এমন একটী দুর্গ নির্ম্মাণ করা প্রয়োজন, যেস্থানে মনুষ্যের গতিবিধি হইতে না পারে। এবং সেই দুর্গে জ্ঞাতিগণকে রাখিয়া আসিয়া, কাল যবনকে নিহত করিব ॥ ৪০ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ অগ্রজ বলদেবের সহিত এইরূপ পরামর্শ করিয়া, সমুদ্রমধ্যে এক অদ্ভুত দুর্গ প্রস্তুত করিলেন; এবং দুর্গমধ্যে দ্বাদশ-যোজন বিস্তীর্ণ এক অপূর্ব্ব মনোরম নগর বিশ্বকর্ম্মার দ্বারা নির্ম্মাণ করাইলেন ॥ ৪১ ॥

রথ্যাচত্বরবীথীভির্যথা বাস্তু বিনির্ম্মিতং ॥ ৪২ ॥
সুরদ্রুমলতোদ্যানবিচিত্রোপবনান্বিতং
হেমশৃঙ্গৈর্দিবি স্পৃগ্‌ভিঃ স্ফাটিকাট্টালগোপুরৈঃ ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

দৃশ্যতে; তৎ যথা (রথ্যাঃ রাজমার্গাঃ চত্বরাণি অঙ্গণানি, বীথ্যঃ উপমার্গাঃ তৈঃ) যথা বাস্তুঃ বাস্তুগৃহাদিনির্ম্মাণস্থানং তদনতিক্রম্য নির্ম্মিতং ॥ ৪২ ॥

সুরদ্রুমলতোদ্যানবিচিত্রোপবনান্বিতং (সুরাণাং দ্রুমা লতাশ্চ যেষু তানি উদ্যানানি বিচিত্রোপবনানি চ তৈঃ অন্বিতং) হেমশৃঙ্গৈঃ (হেমময়ানি শৃঙ্গাণি যেষাং তৈঃ) দিবি-স্পৃগ্‌ভিঃ অত্যুচ্চৈঃ, স্ফটিকাট্টালগোপুরৈঃ (স্ফটিকাঃ অট্টালাঃ উপরিভূমিকাঃ গোপুরাণি পুর-দ্বারাণি, তৈঃ চ নির্ম্মিতং ইতি পরেণান্বয়ঃ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

রাজমার্গাঃ পুরতঃ বীথ্য উপমার্গাঃ। পশ্চিমতঃ উভয়তোঽপি চত্বারাণ্যঙ্গনানি। তন্মধ্যে কোষ্ঠা স্তত্রাপ্যন্তঃসুবর্ণভবানি তদুপরি স্ফটিকাট্টালিকাঃ। তদুপরি হেমকুম্ভা ইতি বহুভূমিকং যথা বাস্তু বাস্তুগৃহনির্ম্মাণস্থানং তদনতিক্রম্য বিনির্ম্মিতং ॥ ৪২ ॥

সুরাণাং দ্রুমা লতাশ্চ যেষু তানি উদ্যানানি বিচিত্রোপবনানিচ তৈরন্বিতং। হেমময়ানি শৃঙ্গাণি যেষাং তৈঃ। দিবি স্পৃগ্‌ভিরত্যুচ্চৈঃ স্ফাটিকা অট্টালা উপরিভূমিকাঃ। গোপুরাণিচ পুরদ্বারাণি তৈ র্নির্ম্মিতমিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বাষ্ট্রং বিজ্ঞানং বিশ্বকর্ম্মণঃ পাণ্ডিত্যং শিল্পে শিল্পকর্ম্মণি নৈপুণ্যং যত স্তৎ। নগরং বিশিনষ্টি সার্দ্ধে স্ত্রিভিঃ। রথ্যা রাজমার্গাঃ। চত্বরাণ্যঙ্গনানি। বীথ্য উপমার্গাঃ। বাস্তু-র্গৃহাদিনির্ম্মাণস্থানং তমনতিক্রম্য নির্ম্মিতং। রাজতঞ্চ আরকূটং পীতং লোহঞ্চ তাভ্যাং

এই নগর মধ্যে বিশ্বকর্ম্মার বিজ্ঞান ও শিল্প-নৈপুণ্যের বিশেষ পরিচয় পরিদৃষ্ট হইয়া থাকে। রাজমার্গ, প্রাঙ্গণ, উপমার্গ এবং বাস্তুগৃহাদি নির্ম্মাণের শৃঙ্খলা অতি অপূর্ব্ব বলিয়াই অনুভূত হইয়াছিল ॥ ৪২ ॥

তথাকার উদ্যান এবং উপবন সমূহ স্বর্গীয় তরু ও লতায় সমাকীর্ণ ছিল। সুবর্ণময় চূড়াবিশিষ্ট অতীব উচ্চ স্ফটিক-নির্ম্মিত অট্টালিকা সমূহ এবং পুরদ্বার সকল নির্ম্মিত হইল ॥ ৪৩ ॥

আভাস।

দুর্গ নির্ম্মাণের প্রণালী যথা—যদুদেব বলিলে শ্রীকৃষ্ণ, বলরাম, বসুদেব ও উগ্রসেনকেই বুঝায় এবং এই চারিজনের জন্য ভিন্ন ভিন্ন অট্টালিকা নির্ম্মিত হইয়াছিল। প্রথমত চতুর্দ্দিকে সমুদ্র এবং সমুদ্রের জল নিবারণার্থ চতুর্দ্দিকে সেতু নির্ম্মিত ছিল; সেতুর অন্তরে

রাজতারকূটৈঃ কোষ্ঠৈর্হেমকুম্ভৈরলঙ্কৃতৈঃ।
রত্নকূটৈর্গৃহৈর্হৈমৈর্মহামারকতস্থলৈঃ॥ ৪৪॥
বাস্তোষ্পতীনাঞ্চ গৃহৈর্বলভীভিশ্চ নির্ম্মিতং।
চাতুর্ব্বর্ণ্যজনাকীর্ণং যদুদেবগৃহোল্লসৎ॥ ৪৫॥

অন্বয়ঃ।

রাজতারকূটৈঃ (রাজতং আরকূটং পিতলং চ তাভ্যাং নির্ম্মিতৈঃ) হেমকুম্ভৈঃ অলঙ্কৃতৈঃ কোষ্ঠৈঃ অন্নশালাশ্বশালাদিভিঃ রত্নকূটৈঃ পদ্মরাগাদিশিখরৈঃ, হৈমৈঃ সৌবর্ণৈঃ মহামারকত-স্থলৈঃ (মহামরকতস্থলানি যেষু তৈঃ) গৃহৈঃ চ নির্ম্মিতং॥ ৪৪॥

(নগরগৃহাদৌ) বাস্তোষ্পতীনাং দেবানাং, চ গৃহৈঃ বলভীভিঃ চন্দ্রশালিকাভিঃ, চ নির্ম্মিতং চাতুর্ব্বর্ণ্যজনাকীর্ণং (ব্রাহ্মণাদি চাতুর্ব্বর্ণ্যজনৈঃ আকীর্ণং ব্যাপ্তং) তথা যদুদেবগৃহোল্লসৎ যদুদেবস্য উগ্রসেনস্য গৃহৈঃ উল্লসৎ শোভমানং॥ ৪৫॥

শ্রীধরস্বামী।

রাজতারকূটৈঃ রাজতঞ্চ আরকূটঞ্চ পীতলৌহং তাভ্যাং নির্ম্মিতৈঃ কোষ্ঠৈঃ অশ্বশালান্ন-শালাদিভিঃ। কিথম্ভূতৈঃ হেমকুম্ভৈরলঙ্কৃতৈঃ। তথা রত্নকূটৈঃ পদ্মরাগাদিশিখরৈঃ হৈমৈঃ সৌবর্ণৈঃ। মহামারকতময়ানি স্থলানি যেষু তৈর্গৃহৈঃ॥ ৪৪॥

কিঞ্চ নগরগৃহাদৌ বাস্তোষ্পতীনাং দেবানাঞ্চ গৃহৈঃ বলভীভিশ্চন্দ্রশালিকাভিশ্চ নির্ম্মিতং। যদুদেবগৃহৈরুল্লসৎ শোভমানং॥ ৪৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্ম্মিতৈ রত্নকূটৈঃ পদ্মরাগাদিশিখরৈঃ। বাস্তোষ্পতীনাং দেবানাং বলভীভিশ্চন্দ্রশালাভিঃ যদুদেবঃ শ্রীকৃষ্ণস্তস্য গৃহৈরুৎকর্ষেণ লসৎ॥ ৪২—৪৫॥

রজত ও পিতল নির্ম্মিত হেমকলসবিশিষ্ট শোভন রন্ধনশালা ও অশ্ব-শালাদি- প্রস্তুত হইল। বাসগৃহ সমস্তের শীর্ষভাগ পদ্মরাগাদি বিচিত্র মণি দ্বারা খচিত এবং সমস্ত গৃহতল মহা মারকতাদির দ্বারা নির্ম্মিত হইল॥ ৪৪॥

নগরস্থিত প্রত্যেক বাসভবনে দেবগৃহ এবং চন্দ্রশালিকায় (প্রাসাদের সর্ব্বোপরিস্থ গৃহ বা দেবগৃহের পুরোবর্ত্তী প্রশস্ত গৃহে) সুশোভিত হইল। ব্রাহ্মণাদি বর্ণ চতুষ্টয়ের বাসভবন সকল বিভিন্নভাবে সর্ব্বত্র নির্ম্মিত হইল। ইহার মধ্যস্থলে যদুপতি উগ্রসেন, শ্রীকৃষ্ণ, বলরাম ও বসুদেবের নিমিত্ত এক একটী সুপ্রশস্ত ও মনোহর রাজপ্রাসাদ প্রস্তুত হইল॥ ৪৫॥

আভাস।

সমুদ্রতীরে সুখ-বিহারার্থ চতুর্দ্দিকে চত্বরসমূহ প্রস্তুত করা ছিল। তাহার পর দুর্গের প্রাচীর এবং প্রতি কোণ-স্থলে যে স্থানে যেরূপ শোভা পায়, এরূপ রত্নকূট সমূহ প্রস্তুত ছিল; এই

সুধর্ম্মাং পারিজাতঞ্চ মহেন্দ্রঃ প্রাহিণোদ্ধরেঃ।
যত্র চাবস্থিতো মর্ত্ত্যো মর্ত্ত্যধর্ম্মৈর্বিমুচ্যতে ॥ ৪৬ ॥
শ্যামৈককর্ণান্ বরুণো হয়ান্ শ্বেতান্ মনোজবান্।

অন্বয়ঃ।

সুধর্ম্মাং সুধর্ম্মাখ্যাং সভাং, পারিজাতং তদাখ্যং বৃক্ষং, হরেঃ হরয়ে, মহেন্দ্রঃ বাসবঃ প্রাহিণোৎ প্রস্থাপয়ামাস। যত্র সভায়াং, অবস্থিতঃ মর্ত্ত্যঃ মানবঃ, মর্ত্ত্যধর্ম্মৈঃ ক্ষুৎপিপাসাদি-দ্বন্দ্বধর্ম্মৈঃ, বিমুচ্যতে ন যুজ্যতে ॥ ৪৬ ॥

বরুণঃ তু শ্যামৈককর্ণান্ (শ্যামঃ একঃ কর্ণঃ যেষাং তান্) শ্বেতান্ সর্ব্বতঃ শুক্লান্ মনো-

শ্রীধরস্বামী।

পারিজাতঞ্চ প্রাহিণোৎ প্রস্থাপয়ামাস। শুকপরীক্ষিৎসম্বাদাৎ পূর্ব্বভাবিত্বাৎ ভূতনির্দ্দেশঃ। মর্ত্ত্যধর্ম্মৈঃ ক্ষুৎপিপাসাদিষড়ূর্ম্মিভিঃ ॥ ৪৬ ॥

নিধিপতিঃ কুবেরঃ। অষ্টৌ কোষান্ নিধীন্। পদ্মশ্চৈব মহাপদ্মো মৎস্যঃ কূর্ম্ম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পারিজাতঞ্চ প্রাহিণোদিতি। শুকপরীক্ষিৎসম্বাদাৎ পূর্ব্বভূতত্বাদ্ভূতনির্দ্দেশঃ ॥ ৪৬ ॥

নিধিপতিঃ কুবেরঃ। কোষান্ নিধীন্। পদ্মশ্চৈব মহাপদ্মো মৎস্যঃ কূর্ম্ম স্তথোদকঃ।

দেবরাজ ইন্দ্র স্বর্গ হইতে তাঁহার সুধর্ম্মা নাম্নী সভা এবং পারিজাত বৃক্ষ ভগবান্ শ্রীকৃষ্ণের দুর্গে প্রেরণ করিলেন। অহো! এই সভায় অবস্থান করিলে, মরণধর্ম্মশীল মানবেরও ক্ষুৎপিপাসাদি দ্বন্দ্বধর্ম্ম বিদূরিত হয়, সন্দেহ নাই ॥ ৪৬ ॥

জলাধিপতি বরুণ শ্রীকৃষ্ণকে মনের ন্যায় তীব্র বেগবিশিষ্ট শ্যামৈককর্ণ শুভ্রকায় শ্রেষ্ঠ অশ্বসমূহ উপহাররূপে প্রদান করিলেন। নিধিপতি কুবের ভগবানকে পদ্ম, মহাপদ্ম, মৎস্য, কূর্ম্ম, উদক, নীল, মুকুন্দ ও শঙ্খ এই অষ্ট-

আভাস।

সকল কূটের চূড়া সুবর্ণ-নির্ম্মিত; এবং হেমকুম্ভ ও পতাকায় শোভিত। দুর্গের চতুর্দ্দিক দর্শন করিবার জন্য, তাহার উপরিভাগে স্ফটিকময় ভিত্তিবিশিষ্ট অট্টালিকা সকল নির্ম্মিত ছিল। দুর্গের মধ্যে প্রশস্ত চত্বর, উদ্যান, উপবন, বাপী ও কূপাদি প্রস্তুত করা হইয়াছিল। তাহার মধ্যদেশে দেবমন্দির সকল, তদন্তরে অশ্বশালা ও অন্নশালা; তাহার পর ব্রাহ্মণগৃহ; তাহার পর শূদ্রগৃহ, তাহার বামে বৈশ্য গৃহ এবং দক্ষিণভাগে ক্ষত্রিয় গৃহ সকল নির্ম্মিত ছিল। মধ্যে সুধর্ম্মা সভা ও শ্রীকৃষ্ণ, বলরাম, বসুদেব ও উগ্রসেনের বাসভবন নির্ম্মিত ছিল। এই সকল বাসগৃহের অধস্তল মরকতাদিতে বিনির্ম্মিত এবং উপরিভাগ হেমকুম্ভাদি শোভিত। এই সুধর্ম্মা সভা হইতেই চতুর্দ্দিকে রাজমার্গাদি বিস্তৃত হইয়াছিল ॥ ৪২—৪৫ ॥

অষ্টৌ নিধিপতিঃ কোষাল্লোকপালা নিজোদয়ান্ ॥ ৪৭ ॥
যদ্‌যদ্ ভগবতা দত্তমাধিপত্যং স্বসিদ্ধয়ে।
সর্ব্বং প্রত্যর্পয়ামাসু র্হরৌ ভূমিগতে নৃপ ॥ ৪৮ ॥
তত্র যোগপ্রভাবেণ নীত্বা স্বান্ ভগবান্ হরিঃ।

অন্বয়ঃ।

জবান্ (মনোবৎ জবঃ বেগঃ যেষাং তান্) হয়ান্ প্রাহিণোৎ। নিধিপতিঃ কুবেরঃ, অষ্টৌ কোষান্ নিধীন্ প্রাহিণোৎ; তথা অন্যে লোকপালাঃ নিজোদয়ান্ নিজবিভূতীন্ প্রস্থাপিতবন্তঃ ॥ ৪৭ ॥

হে নৃপ! অন্যে চ সিদ্ধাদয়ঃ যৎ যৎ আধিপত্যং বিভূতিবিশেষং স্বসিদ্ধয়ে স্বাধিকারসিদ্ধার্থং ভগবতা দত্তং তৎ সর্ব্বং ভূমিগতে হরৌ, প্রত্যর্পয়ামাসুঃ ॥ ৪৮ ॥

ভগবান্ হরিঃ যোগপ্রভাবেণ (যোগস্য অচিন্ত্যশক্ত্যাখ্যায়াঃ মায়ায়াঃ প্রভাবেণ) স্বান্

শ্রীধরস্বামী।

স্তথোদকঃ। নীলো মুকুন্দঃ শঙ্খশ্চ নিধয়োঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ। ইত্যুক্তান্ অতিপ্রসিদ্ধান্। নিজোদয়ান্ নিজবিভূতীঃ ॥ ৪৭ ॥

অন্যেচ সিদ্ধাদয়ো ভগবতা স্বাধিকারসিদ্ধয়ে যদ্‌যদাধিপত্যং দত্তমাসীৎ তৎসর্ব্বং প্রত্যর্পয়ামাসুঃ ॥ ৪৮ ॥

যথা কালযবনো ন বেত্তি নচাসৌ জনঃ। তথা যোগপ্রভাবেন নীত্বা। ত্বমত্র স্থিত্বা প্রজা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নীলো মুকুন্দঃ শঙ্খশ্চ নিধয়োঽষ্টৌ প্রকীর্ত্তিতা ইতি। নিজোদয়ান্ স্বীয়সম্পত্তীঃ ॥ ৪৭ ॥ ৪৮ ॥

যোগো যোগমায়া তৎপ্রভাবেণ। তৎপ্রকারঃ। পাদ্মোত্তরখণ্ডে যথা সুষুপ্তান্মথুরায়াস্তু

বিধ নিধি প্রদান করিলেন। অন্যান্য লোকপালগণও স্ব স্ব বিভূতি প্রদানে শ্রীকৃষ্ণের অভ্যর্থনা করিয়াছিলেন ॥ ৪৭ ॥

অন্যান্য সিদ্ধগণকে স্ব স্ব অধিকার-সিদ্ধার্থ ভগবান্ যে যে আধিপত্য প্রদান করিয়াছিলেন, এক্ষণে তাঁহারা ভূতলে শ্রীহরিকে অবতীর্ণ অবলোকন করিয়া, তাঁহাকে স্ব স্ব বিভূতি সকলেই প্রত্যর্পণ করিলেন ॥ ৪৮ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ স্বকীয় অচিন্ত্যশক্তি যোগমায়ার প্রভাবে সকলের অজ্ঞাতসারে স্বজনগণকে মথুরা হইতে সেই দুর্গে লইয়া গেলেন; এবং তৎপরে

আভাস।

পাদ্মোত্তর-খণ্ডে প্রকাশ আছে যে, পুরবাসী জনগণ যখন নিদ্রায় অভিভূত ছিলেন, এমন সময়ে জনার্দ্দন সকলের অজ্ঞাতসারে তাঁহাদিগকে দ্বারকায় লইয়া গেলেন। স্বজনগণ জাগরিত হইয়া, নূতন স্থানে হেমনির্ম্মিত অট্টালিকাতে আপনাদিগকে শয়ান অবলোকন

মথুরামেত্য রামেণ কৃষ্ণঃ সমনুমন্ত্রিতঃ ॥
নির্জ্জগাম পুরদ্বারাৎ পদ্মমালী নিরায়ুধঃ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে জরাসন্ধ-সংগ্রামো দুর্গনিবেশঃ পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫০ ॥

শ্রীশুক উবাচ ॥

তং বিলোক্য বিনিষ্ক্রান্তমুজ্জিহানমিবোড়ুপং।
দর্শনীয়তমং শ্যামং পীতকৌশেয়বাসসং ॥

অন্বয়ঃ।

স্বকীয়ান্, জনান্ তত্র নীত্বা প্রাপয্য মথুরাং এত্য রামেণ সমনুমন্ত্রিতঃ পদ্মমালী কৃষ্ণঃ নিরায়ুধঃ আয়ুধরহিতঃ এব পুরদ্বারাৎ নির্জ্জগাম ॥ ৪৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। উজ্জিহানং উদগচ্ছন্তং, উড়ুপং চন্দ্রং, ইব দর্শনীয়তমং অতিসুন্দরং,

শ্রীধরস্বামী।

পালয়; অহং যবনং ঘাতয়িষ্যে ইতি সমনুমন্ত্রিতঃ কৃতানুমন্ত্র ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি দশমে পঞ্চাশত্তমঃ ॥ * ॥

একপঞ্চাশত্তমেঽহন্ মুচুকুন্দদৃশা হরিঃ।
যবনং মুচুকুন্দেন স্তুতঃ সমনুকম্পিতঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৌরাংস্তত্র জনার্দ্দনঃ। উদ্ধৃত্য সহসা রাত্রৌ দ্বারকায়াং ন্যবেশয়ৎ। প্রবুদ্ধাস্তে জনাঃ সর্ব্বে পুত্রদ্বারসমন্বিতাঃ। হৈমহর্ম্ম্যতলে বিষ্টা বিস্ময়ং পরমং যযুরিতি। রামেণ সহ সমনুমন্ত্রিতঃ। ত্বমত্রৈব মুহূর্ত্তং তিষ্ঠ অহমনয়া যুক্ত্যা ইমং ঘাতয়িষ্য ইতি কৃতমন্ত্রণ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দশমে সঙ্গতঃ পঞ্চাশত্তমঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মথুরায় প্রত্যাগমন পূর্ব্বক বলরামের সহিত পরামর্শ করিয়া, একাকী গলদেশে পদ্মমালা ধারণ করত, বিনা অস্ত্রে মথুরার দ্বার দিয়া নির্গত হইলেন ॥ ৪৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

করিয়া, সকলে বিস্মিত হইলেন। ভগবান্ শ্রীকৃষ্ণ বলরামকে সেই স্থানে ক্ষণকালের জন্য রক্ষাকার্য্যে নিযুক্ত রাখিয়া, পরামর্শ পূর্ব্বক কালযবনের মৃত্যুর ব্যবস্থা করিলেন ॥ ৪৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চাশত্তম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভামুক্তকন্ধরং।
পৃথুদীর্ঘচতুর্ব্বাহুং নবকঞ্জারুণেক্ষণং ॥ ১ ॥
নিত্যপ্রমুদিতং শ্রীমৎসুকপোলং শুচিস্মিতং।

অন্বয়ঃ।

শ্যামং পীতকৌশেয়বাসসং (পীতে কৌশেয়ে বাসসী যস্য তং) শ্রীবৎসবক্ষসং (শ্রীবৎসঃ দক্ষিণাবর্ত্তরোমরেখায়াং সুবর্ণরেখাবত্তেজোবিশেষঃ বক্ষসি যস্য তং) ভ্রাজৎকৌস্তুভামুক্ত-কন্ধরং (ভ্রাজৎকৌস্তুভেন আমুক্তা বদ্ধা অলঙ্কৃতা কন্ধরা গ্রীবা যস্য তং) পৃথুদীর্ঘচতুর্ব্বাহুং (পৃথবঃ পীনাঃ দীর্ঘাঃ চত্বারঃ বাহবঃ যস্য তং) নবকঞ্জারুণেক্ষণং (নবকঞ্জঃ ইব অরুণে ঈক্ষণে যস্য তং) তং শ্রীকৃষ্ণং বিলোক্য যবনঃ অন্বধাবৎ ইতি চতুর্থেনান্বয়ঃ ॥ ১ ॥

(ভগবদ্রূপং দর্শয়তি) নিত্যপ্রমুদিতং শ্রীমৎসুকপোলং (শ্রীমতী সৌন্দর্য্যযুক্তে সুষ্ঠু-

শ্রীধরস্বামী।

যবনেন্দ্রসুতাং কালযবনাদ্যদুভীষণাং।
হরির্হরগিরঃ স্মৈরী পালনায়াপলায়ত ॥ * ॥

যদা গর্গঃ শ্যালেন যণ্ড ইত্যুক্ত স্তদা যাদবৈরুপহসিতঃ ক্রুদ্ধোঽসৌ শ্রীমহেশং প্রসাদ্য যদুভীষণং পুত্রং বরং লব্ধবান্। ততশ্চ যবনেন্দ্রেণ অপুত্রেণ স্বক্ষেত্রে পুত্রোৎপাদনায় প্রর্থিতো গার্গ্যঃ কালযবনমজীজনৎ ইতি পুরাণপ্রসিদ্ধং। পুরদ্বারাৎ বিনিষ্ক্রান্তং উজ্জিহানং উদগচ্ছন্তং ॥ ১

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একপঞ্চাশত্তমে শ্রীমুচুকুন্দো দৃশাদহৎ।
যবনং তুষ্টুবে কৃষ্ণং স তুষ্টোঽস্মৈ বরং দদৌ ॥ * ॥

উজ্জিহানমুদগচ্ছন্তং প্রকটিতমপি অন্যৈ র্যথাযোগমাস্বাদ্যমানমপি ভগবন্মাধুর্য্যমনুরা

শুকদেব বলিলেন, হে নরনাথ! পীতকৌশেয় বসন পরিধানে শ্যাম-সুন্দর শ্রীকৃষ্ণ যখন মথুরার দ্বার দিয়া বহির্গত হইলেন, তখন নবোদিত পূর্ণ শশধরের অপূর্ব্ব লাবণ্যের ন্যায়, তাঁহার মনোহর রূপ দর্শনে দর্শক-মাত্রেরই চিত্ত বিনোদিত হইয়াছিল। তাঁহার বক্ষস্থলে শ্রীবৎসলাঞ্ছিত দক্ষিণাবর্ত্ত রোমরেখায় সুবর্ণরেখার ন্যায় উজ্জ্বল তেজ, গলদেশে দোদুল্য-মান কৌস্তুভ মণির প্রভা, আজানুলম্বিত সুলতম দীর্ঘ ভুজচতুষ্টয়, প্রফুল্ল কমল-সদৃশ অরুণ লোচনযুগল ॥ ১ ॥

এবং মৃদুমন্দ হাস্যবিশিষ্ট প্রশান্ত বদনমণ্ডলের কপোলদ্বয়ে উজ্জ্বল মকর-

আভাস।

এক পঞ্চাশত্তম অধ্যায়ে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক মুচুকুন্দের দৃষ্টি দ্বারা যবনের বধ এবং মুচুকুন্দের স্তবে সন্তুষ্ট হইয়া, তাঁহার প্রতি ভগবানের অনুকম্পা ॥

মুখারবিন্দং বিভ্রাণং স্ফুরন্মকরকুণ্ডলং। ২ ॥
বাসুদেবো হয়মিতি পুমান্ শ্রীবৎসলাঞ্ছনঃ।
চতুর্ভুজোঽরবিন্দাক্ষো বনমাল্যতিসুন্দরঃ ॥
লক্ষণৈ র্নারদপ্রোক্তৈ র্নান্যো ভবিতুমর্হতি। ৩ ॥
নিরায়ুধশ্চলন্ পদ্ভ্যাং যোৎস্যেঽনেন নিরায়ুধঃ।
ইতি নিশ্চিত্য যবনঃ প্রাদ্রবন্তং পরাঙ্মুখং ॥
অন্বধাবজ্জিঘৃক্ষুস্তং দুরাপমপি যোগিনাং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

কপোলে যস্য তৎ) শুচিস্মিতং (শুচি শুদ্ধং স্মিতং যস্মিন্ তৎ) স্ফুরন্মকরকুণ্ডলং (স্ফুরতী মকরাকারে কুণ্ডলে যস্মিন্ তৎ) মুখারবিন্দং বিভ্রাণং তং শ্রীকৃষ্ণং বিলোক্য ॥ ২ ॥

নারদপ্রোক্তৈঃ লক্ষণৈঃ অয়ং চতুর্ভুজঃ অরবিন্দাক্ষঃ পদ্মপলাশলোচনঃ বনমালী অতিসুন্দরঃ শ্রীবৎসলাঞ্ছনঃ পুমান্ হি নিশ্চিতং বাসুদেবঃ এব অন্যঃ ভবিতুং ন অর্হতি ॥ ৩ ॥

অয়ং চ নিরায়ুধঃ অতঃ পদ্ভ্যাং এব চলন্ নিরায়ুধঃ এব অহং অনেন যোৎস্যে ইতি নিশ্চিত্য যোগিনাং অপি দুরাপং, দুর্ল্লভং, প্রাদ্রবন্তং পরাঙ্মুখং, তং শ্রীকৃষ্ণং জিঘৃক্ষুঃ যবনঃ অন্বধাবৎ ॥৪॥

শ্রীধরস্বামী।

নিত্যপ্রমুদিতমিত্যাদি মুখারবিন্দবিশেষণং ॥ ২ ॥

নারদোক্তৈরেতৈ র্লক্ষণৈরয়ং পুমান্ বাসুদেব এব নান্যো ভবিতুমর্হতি ॥ ৩ ॥

অয়ঞ্চ নিরায়ুধঃ অতোঽনেন সহ পদ্ভ্যামেব চলন্ নিরায়ুধোঽহং যোৎস্যামীতি নিশ্চিত্য পরাঙ্মুখং প্রাদ্রবন্তং অন্বধাবদিত্যন্বয়ঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈরভাবা দেবানুভবিতুং চক্ষুর্ভ্যাং পশ্যন্তোঽপি ন শক্নুবন্তীতি জ্ঞাপয়িতুং দর্শনীয়েত্যাদিনা সৌন্দর্য্যং বর্ণিতং। প্রাদ্রবন্তং পলায়মানং ॥ ১—৪ ॥

কুণ্ডলের স্নিগ্ধ জ্যোতিতে কি অনুপম শোভারই পরিচয় হইতেছিল! ॥ ২ ॥

তাঁহাকে অবলোকন করিবা মাত্র, নারদোক্ত লক্ষণসমূহ কাল-যবনের স্মৃতিপথে আরূঢ় হইল; সে মনে মনে বিবেচনা করিল যে, এই পদ্মপলাশলোচন চতুর্ভুজ শ্রীবৎসবক্ষ অতিসুন্দর বনমালাধারী অপূর্ব্বদর্শন পুরুষ অবশ্য বাসুদেব ব্যতীত অন্য কেহই হইতে পারে না ॥ ৩ ॥

ইনি যখন নিরস্ত্র হইয়া পদব্রজেই আগমন করিয়াছেন, তখন আমিও অস্ত্রাদি গ্রহণ না করিয়া, পদব্রজেই ইহাঁর সহিত যুদ্ধ করিব। এইরূপ মনে মনে স্থির করত, কাল-যবন যখন সেই যোগিগণের ও দুরারাধ্য ভগবানকে আক্রমণ করিবার মানসে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইল, তখন

হস্তপ্রাপ্তমিবাত্মানং হরিণা স পদে পদে।
নীতো দর্শয়তা দূরং যবনেশোঽদ্রিকন্দরং ॥ ৫ ॥
পলায়নং যদুকুলে জাতস্য তব নোচিতং।
ইতি ক্ষিপন্ননুগতো নৈনং প্রাপাহতাশুভঃ ॥
এবং ক্ষিপ্তোঽপি ভগবান্ প্রাবিশদ্গিরিকন্দরং।
সোঽপি প্রবিষ্টস্তত্রান্যং শয়ানং দদৃশে নরং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

পদে পদে প্রতিপদং, হস্তপ্রাপ্তং ইব আত্মানং দর্শয়তা হরিণা, সঃ যবনেশঃ কালযবনঃ, দূরং অদ্রিকন্দরং প্রতি নীতঃ ॥ ৫ ॥

যদুকুলে জাতস্য তব পলায়নং ন উচিতং ইতি এবং ক্ষিপন্ বচসা অভিভবন্, অনুগতঃ অপি অহতাশুভঃ অক্ষীণকর্ম্মা, যবনঃ এনং ভগবন্তং, ন প্রাপ ॥

এবং ক্ষিপ্তঃ তিরস্কৃতঃ অপি ভগবান্ গিরিকন্দরং প্রাবিশৎ ; সঃ যবনঃ অপি তত্র গিরিকন্দরে, প্রবিষ্টঃ সন্ শয়ানং অন্যং নরং দদৃশে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

আত্মানং হস্তপ্রাপ্তমিব দর্শয়তা দূরং নীত ইত্যন্বয়ঃ ॥ ৫ ॥

অহতাশুভঃ অক্ষীণকর্ম্মা ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মানং হস্তপ্রাপ্তমিব দর্শয়তা দূরং নীত ইত্যন্বয়ঃ ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণ যেন ভয়ে ভীতের ন্যায় যুদ্ধে পশ্চাৎপদ হইয়া, পুরোভাগে পলায়ন করিতে লাগিলেন ॥ ৪ ॥

এবং প্রতি পদে যেন কাল যবনের হস্ত-প্রাপ্তের ন্যায় আপনাকে প্রদর্শনের প্রলোভনে, ভগবান্ শ্রীকৃষ্ণ কালযবনকে একটী দূরবর্ত্তী গিরিকন্দর পর্য্যন্ত লইয়া গেলেন ॥ ৫ ॥

পথে গমন কালে কাল যবন শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক বলিতেছিলেন যে, হে কৃষ্ণ ! যদুকুলে জন্ম পরিগ্রহ করিয়া, এরূপ ভীতের ন্যায় পলায়ন করা, তোমার পক্ষে কখনই সঙ্গত নহে ; এইরূপ তিরস্কার বাক্যে ভৎর্সনা করিলেও, পূর্ব্ব পূর্ব্ব সঞ্চিত মালিন্য-নিবন্ধন কাল-যবন পুরোবর্ত্তী পরমেশকে পশ্চাদ্ধাবনেও ধরিতে পারিল না ॥

শ্রীকৃষ্ণ যবনের তিরস্কার-বাক্যে কর্ণপাত না করিয়া, তাহার সমক্ষেই সম্মুখবর্ত্তী পর্ব্বত-কন্দরে প্রবেশ করিলেন ; তাঁহার পশ্চাদ্ধাবনে কাল-যবনও সেই গিরিগুহায় প্রবেশ পূর্ব্বক, অকাতরে নিদ্রিত অপর এক জন ব্যক্তিকে

নন্বসৌ দূরমানীয় শেতে মামিহ সাধুবৎ।
ইতি মত্বাচ্যুতং মূঢ়স্তস্পদা সমতাড়য়ৎ॥
স উত্থায় চিরং সুপ্তঃ শনৈরুন্মীল্য লোচনে।
দিশো বিলোকয়ন্ পার্শ্বে তমদ্রাক্ষীদবস্থিতং॥ ৭॥
স তাবত্তস্য কৃষ্ণস্য দৃষ্টিপাতেন ভারত।

অন্বয়ঃ।

ননু অসৌ বাসুদেবঃ, এব মাং দূরং আনীয় ইহ গুহায়াং সাধুবৎ শেতে ইতি তং সুপ্তং জনং অচ্যুতং মত্বা সঃ মূঢ়ঃ মূর্খঃ যবনঃ, পদা পাদেন, তং অতাড়য়ৎ॥

চিরং সুপ্তঃ সঃ তাড়িতপুরুষঃ, উত্থায় শনৈঃ লোচনে উন্মীল্য সর্ব্বাঃ দিশঃ বিলোকয়ন্ পার্শ্বে অবস্থিতং তং কালযবনং অদ্রাক্ষীৎ॥ ৭॥

হে ভারত! সঃ যবনঃ (নিদ্রাভঙ্গাৎ) রুষ্টস্য ক্রুদ্ধস্য তস্য পুংসঃ তাবৎ দৃষ্টিপাতেন

শ্রীধরস্বামী।

তং শয়ানমচ্যুতং মত্বা অতাড়য়দিতি॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সোঽপি কালযবনোঽপি অন্যং নরং দদর্শ॥ ৬॥ ৭॥

তস্য ক্রুদ্ধস্য দৃষ্টিপাতেন সংদীপ্তো যঃ স্বদেহজোঽগ্নি স্তেনেতি তথৈব তদ্বরপ্রার্থনাত্তদ্বর-দানাচ্চ। তথাচ হরিবংশে। প্রসুপ্তং বোধয়েদ্ যো মাং তং দহেয়মহং সুরাঃ। চক্ষুষা ক্রোধদীপ্তেন এবমাহ পুনঃ পুনরিতি। অত্র নিদ্রাপ্রার্থনমিদং বৃদ্ধগর্গোক্তকৃষ্ণদর্শনং যাব-দ্ভবিষ্যতি তাবন্নিদ্রৈব মম সুখায় নতু জাগরঃ। তদ্দর্শনসমুৎকণ্ঠস্য মম বহুতর চতুর্যুগাবচ্ছিন্নঃ কালো জাগরেণ যাপয়িতুমশক্যঃ। নিদ্রয়াতু তাবানপি কালঃ ক্ষণপ্রায় এব ভবিষ্যতি ইত্যভি-

---

নয়নগোচর করিল॥ ৬॥

প্রস্তর-শয্যায় শয়নে নিদ্রিত সেই পুরুষকে অবলোকন করিয়া, যবনপতি বিবেচনা করিল যে, শ্রীকৃষ্ণ চাতুর্য্যের প্রকাশে আমাকে এতদূর আনয়ন করিয়া, সম্প্রতি নিরীহ সাধুর ন্যায় নিদ্রার ভান করিতেছে মাত্র। এই ভাবিয়া, সেই মূঢ়মতি কৃষ্ণজ্ঞানে সেই নিদ্রিত পুরুষকে পদাঘাত করিল॥

যবনের পদাঘাতে সেই নিদ্রিত পুরুষের নিদ্রাভঙ্গ হইল; বহুকাল নিদ্রার পর গাত্রোত্থান করিয়া, ক্রমশ চক্ষু উন্মীলনে সেই পুরুষ যখন চতুর্দ্দিক অবলোকন করিতেছিলেন, তখন তাঁহার পার্শ্বদেশে দণ্ডায়মান এই কাল-যবনকে তিনি অকস্মাৎ অবলোকন করিলেন॥ ৭॥

হে ভরতবংশাবতংস পরীক্ষিৎ! নিদ্রাভঙ্গ করায়, সেই পুরুষের হৃদয়ে ক্রোধের উদ্দীপনা হইয়াছিল; এবং তিনি যেমন যবনের প্রতি দৃষ্টি নিক্ষেপ

দেহজেনাগ্নিনা দগ্ধো ভস্মসাদভবৎ ক্ষণাৎ ॥ ৮ ॥
পরীক্ষিদুবাচ ॥
কোনাম স পুমান্ ব্রহ্মন্ কস্য কিংবীর্য্য এব বা।
কস্মাদ্‌গুহাগতঃ শিশ্যে কিংতেজো যবনার্দ্দনঃ ॥ ৯ ॥
শ্রীবাদরায়ণিরুবাচ ॥
স ইক্ষ্বাকুকুলে জাতো মান্ধাতৃতনয়ো মহান্।
মুচুকুন্দ ইতি খ্যাতো ব্রহ্মণ্যঃ সত্যসঙ্গরঃ ॥

অন্বয়ঃ।

দেহজেন অগ্নিনা দগ্ধঃ সন্ তৎক্ষণাৎ ভস্মসাৎ অভবৎ ॥ ৮ ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! সঃ যবনার্দ্দনঃ পুমান্ কঃ নাম কিং তস্য নামধেয়ং? কস্য কুলে যাতঃ? কিংবীর্য্যঃ কস্য পুত্রঃ? কিংতেজঃ, কীদৃক্ প্রভাববান্? কস্মাৎ কারণাৎ গুহাগতঃ গুহাং প্রবিষ্টঃ, সন্ শিশ্যে অশয়িষ্ট ॥ ৯ ॥

শ্রীবাদরায়ণিঃ উবাচ। মুচুকুন্দঃ ইতি নাম্না খ্যাতঃ প্রসিদ্ধঃ ব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্তঃ, সত্য-সঙ্গরঃ (সত্যঃ ধর্ম্ম্যঃ সঙ্গরঃ যুদ্ধং যস্য সঃ) সঃ মহান্ মান্ধাতৃতনয়ঃ ইক্ষ্বাকুকুলে জাতঃ ॥

শ্রীধরস্বামী।

তস্য ক্রুদ্ধস্য দৃষ্টিপাতেন সংদীপ্তো যঃ স্বদেহজোঽগ্নিস্তেন ॥ ৮ ॥

যবনমর্দ্দয়তি হিনস্তীতি তথা সঃ কস্য বংশ্যঃ কিম্বীর্য্যঃ কীদৃক্ প্রভাববান্ কিং তেজঃ কস্য বীর্য্যং পুত্র ইত্যর্থঃ। শিশ্যে অশয়িষ্ট ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রায়েণ। ক্রোধকরণকদাহপ্রার্থনং তু শক্রং ভীষয়িতুমেবান্যথা স্ববৈরিঘাতনার্থং পুনরপি তং শক্রোজাগরয়েদিত্যভিপ্রায়েণ। ততশ্চ তদ্বরো বিষ্ণুপুরাণে যথা প্রোক্তশ্চ দেবৈঃ সংসুপ্তং যস্ত্বামুত্থাপয়িষ্যতি। দেহজেনাগ্নিনা সদ্যঃ সতু ভস্মীভবিষ্যতীতি ॥ ৮ ॥

করিলেন, তৎক্ষণাৎ তাঁহার দেহোত্থ বহ্নির সংস্পর্শে যবন ভস্মীভূত হইয়া গেল ॥ ৮ ॥

এতচ্ছ্রবণে রাজা পরীক্ষিৎ শুকদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ব্রহ্মন্! এই কালযবনের সংহারকারী পুরুষের নাম কি? কোন্ কুলে তিনি জন্ম গ্রহণ করিয়াছিলেন? তাঁহার পিতার নাম কি? তাঁহার বল ও বীর্য্যই বা কিরূপ এবং কি কারণেই বা তিনি সেই পর্ব্বতগুহায় শয়ান ছিলেন? অনুগ্রহ পূর্ব্বক এই সমস্ত বিষয়ের আনুপূর্ব্বিক বর্ণন করুন ॥ ৯ ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! এই ব্যক্তি পবিত্র ইক্ষ্বাকুকুলে মহাত্মা মান্ধাতার ঔরসে জন্ম পরিগ্রহ করিয়া, জগতে মুচুকুন্দ নামে বিখ্যাত হইয়া-

স যাচিতঃ সুরগণৈরিন্দ্রাদ্যৈরাত্মরক্ষণে।
অসুরেভ্যঃ পরিত্রস্তৈস্তদ্রক্ষাং সোঽকরোচ্চিরং ॥ ১০ ॥
লব্ধ্বা গুহং তে স্বঃপালং মুচুকুন্দমথাব্রুবন্।
রাজন্ বিরমতাং কৃচ্ছ্রাদ্ভবান্নঃ পরিপালনাৎ ॥ ১১ ॥
নরলোকং পরিত্যজ্য রাজ্যঞ্চ হতকণ্টকং।
অস্মান্ পালয়তো বীর কামাস্তে সর্ব্ব উজ্ঝিতাঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

অসুরেভ্যঃ পরিত্রস্তৈঃ ভীতৈঃ, ইন্দ্রাদ্যৈঃ সুরগণৈঃ, আত্মরক্ষণে নিমিত্তে, সঃ মুচুকুন্দঃ, যাচিতঃ প্রার্থিতঃ; তথা সঃ তেষাং রক্ষাং চিরং বহুকালং, অকরোৎ ॥ ১০ ॥

গুহং কার্ত্তিকেয়ং, স্বঃপালং স্বর্গপালং, লব্ধ্বা তে দেবাঃ, মুচুকুন্দং অথ সম্বোধ্য, হে রাজন্! নঃ অস্মাকং, পরিপালনাৎ কৃচ্ছ্রাৎ কষ্টাৎ, ভবান্ বিরমতাং ইতি অব্রুবন্ ॥ ১১ ॥

হে বীর! হতকণ্টকং শত্রুরহিতং, রাজ্যং নরলোকং চ পরিত্যজ্য অস্মান্ পালয়তঃ তে তব, সর্ব্বে কামাঃ ভোগাঃ, উজ্ঝিতাঃ ত্যক্তাঃ এব ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সত্যঃ সঙ্গরো যুদ্ধং প্রতিজ্ঞাত বা যস্য সঃ ॥ ১০ ॥
গুহং কার্ত্তিকেয়ং। স্বঃপালং স্বর্গপালকং সেনান্যং ॥ ১১ ॥
উজ্ঝিতা স্ত্যক্তা গতা ইত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কস্য বংশ্যঃ কিংবীর্য্যঃ কিং তেজঃ কস্য বীর্য্যং কস্য পুত্র ইত্যর্থঃ ॥ ৯ ॥ ১০ ॥
গুহং কার্ত্তিকেয়ং ॥ ১১ ॥ ১২ ॥

ছিলেন; ইনি এক জন প্রধান ব্রাহ্মণভক্ত এবং সত্যের পালনার্থ জীবন পর্য্যন্ত উৎসর্গ করিতেও পরাঙ্মুখ ছিলেন না ॥

অসুরগণের প্রপীড়নে ইন্দ্রাদি দেবতাগণ নিতান্ত কাতর ও ভীত হইয়া, আত্মরক্ষার নিমিত্ত এই মুচুকুন্দের নিকট সাহায্য প্রার্থনা করেন; এবং মুচুকুন্দও বহুকাল তাঁহাদিগকে অসুরগণের হস্ত হইতে প্রতিপালন করেন ॥ ১০ ॥

পরে কার্ত্তিকেয়কে স্বর্গের পালকরূপে প্রাপ্ত হইয়া, দেবতাগণ মুচুকুন্দকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! আমাদিগের রক্ষার্থ আপনাকে বহুকাল অনেক কষ্ট স্বীকার করিতে হইয়াছে। সম্প্রতি আপনি বিশ্রাম করুন ॥ ১১ ॥

হে বীর! নিষ্কণ্টক রাজ্য ও নরলোক পরিত্যাগ পূর্ব্বক, আমাদের প্রতি-

সুতা মহিষ্যো ভবতো জ্ঞাতয়োঽমাত্যমন্ত্রিণঃ।
প্রজাশ্চ তুল্যকালীনা নাধুনা সন্তি কালিতাঃ। ১৩॥
কালো বলীয়ান্ বলিনাং ভগবানীশ্বরোঽব্যয়ঃ।
প্রজাঃ কালয়তে ক্রীড়ন্ পশুপালো যথা পশূন্॥ ১৪॥
বরং বৃণীষ ভদ্রং তে ঋতে কৈবল্যমদ্য নঃ।
এক এবেশ্বরস্তস্য ভগবান্ বিষ্ণুরব্যয়ঃ॥ ১৫॥

অন্বয়ঃ।

ভবতঃ সুতাঃ মহিষ্যঃ জ্ঞাতয়ঃ অমাত্যমন্ত্রিণঃ তুল্যকালীনাঃ ত্বৎসমানকালীনাঃ, প্রজাঃ কালিতাঃ কালেন চালিতাঃ মৃতাঃ এব অধুনা ন সন্তি॥ ১৩॥

বলিনাং বলীয়ান্ ভগবান্ ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তা, অব্যয়ঃ পারবশ্যরহিতঃ, কালঃ পশুপালঃ যথা পশূন্ কালয়তে চালয়তি, তথা সর্ব্বাঃ প্রজাঃ কালয়তে ততস্ততঃ চালয়তি॥ ১৪॥

তে তব ভদ্রং কল্যাণং, ভবতু! নঃ অস্মৎ সকাশাৎ কৈবল্যং ঋতে বিনা, অন্যং বরং বৃণীষ! যতঃ তস্য মোক্ষস্য, ঈশ্বরঃ দাতা, অব্যয়ঃ কালাতীতঃ, ভগবান্ বিষ্ণুঃ এব॥ ১৫॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ সুতা ইতি তুল্যকালীনাঃ তৎসমানকালীনাঃ। কালিতাঃ বিচালিতাঃ॥ ১৩॥

মৎপ্রজাঃ কোঽন্যঃ কালয়েদিতি চেদত আহুঃ কাল ইতি কালয়তে ইতস্ততশ্চালয়তি পশুপালো গবাদিরক্ষকঃ॥ ১৪॥

তস্য কৈবল্যস্য॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালিতাশ্চালিতাঃ॥ ১৩॥

কেন কালিতা ইত্যত আহুঃ কাল ইতি॥ ১৪॥　　তস্য কৈবল্যস্য দাতেত্যর্থঃ॥ ১৫॥

পালনে আপনি যাবতীয় সুখ সম্ভোগ পরিত্যাগ করিয়াছেন॥ ১২।

কিন্তু সম্প্রতি আপনার তাৎকালিক পুত্র, কলত্র, জ্ঞাতি, বন্ধু, বান্ধব এবং অমাত্যবর্গ, মন্ত্রি ও সেই সময়ের প্রজাবর্গ আর এক্ষণে কেহই নাই! প্রচণ্ড কালের পরিচালনায় সকলেই বিনষ্ট হইয়াছে॥ ১৩॥

সর্ব্ব-সংহর্ত্তা সর্ব্বনিয়ন্তা স্বতন্ত্র কালই সকলের অপেক্ষা বলবান্; পশুপাল যেমন পশুকুলকে ইতস্ততঃ চালিত করে, কালও সেইরূপ জীবনিচয়কে ইতস্ততঃ পরিচালিত করিয়া থাকেন॥ ১৪॥

হে নরনাথ! আপনার মঙ্গল হউক! মোক্ষপদ লাভ করিবার প্রার্থনা ব্যতীত, অন্য যে কোন বর আপনি অদ্য আমাদের নিকট হইতে প্রার্থনা করুন! কারণ মোক্ষদাতা এক কালকর্ত্তা বিষ্ণু মাত্র॥ ১৫॥

এবমুক্তঃ স বৈ দেবানভিবন্দ্য মহাযশাঃ।
নিদ্রামেব ততো বব্রে স রাজা শ্রমকর্ষিতঃ॥
যঃ কশ্চিন্মম নিদ্রায়া ভঙ্গং কুর্য্যাৎ সুরোত্তমাঃ।
সহি ভস্মীভবেদাশু তথোক্তশ্চ সুরৈ স্তদা॥
অশয়িষ্ট গুহাবিষ্টো নিদ্রয়া দেবদত্তয়া।
স্বপন্তং যন্তু মধ্যে বৈ বোধয়েত্ত্বামচেতনং।
স ত্বয়া দৃষ্টমাত্রস্তু ভস্মীভবতু তৎক্ষণাৎ॥
যবনে ভস্মসান্নীতে ভগবান্ সাত্বতর্ষভঃ।

অন্বয়ঃ।

এবং দেবৈঃ উক্তঃ সঃ শ্রমকর্ষিতঃ (চিরপ্রজাগরশ্রান্তত্বাৎ) মহাযশাঃ মুচুকুন্দঃ দেবান্ অভিবন্দ্য ততঃ তেভ্যঃ নিদ্রাং এব বব্রে যাচিতবান্। তথা হে সুরোত্তমাঃ! যঃ কশ্চিৎ জনঃ মম নিদ্রায়াঃ ভঙ্গং কুর্য্যাৎ সঃ হি আশু ভস্মীভবেৎ ইতি প্রার্থয়ামাস; তদা সুরৈঃ চ তথা অস্তু ইতি উক্তঃ॥

ইত্থং গুহাবিষ্টঃ মুচুকুন্দঃ দেবদত্তয়া নিদ্রয়া অশয়িষ্ট নিদ্রাং কৃতবান্; মুচুকুন্দং প্রতি নিদ্রাং দত্ত্বা দেবাঃ উচুঃ। হে রাজন্! স্বপন্তং সুপ্তং, অতঃ অচেতনং সঙ্গারহিতং, ত্বাং বৈ যঃ তু জনঃ মধ্যে বোধয়েৎ ত্বয়া দৃষ্টমাত্রঃ তু সঃ তৎক্ষণাৎ ভস্মীভবতু॥ (অয়ং শ্লোকঃ ক্বচিন্নাস্তি)॥

যবনে ভস্মসাৎ নীতে ভস্মীভূতে সতি, সাত্বতর্ষভঃ (সাত্বতানাং ঋষভঃ শ্রেষ্ঠঃ) ভগবান্ কৃষ্ণঃ ধীমতে বিবেকিনে, মুচুকুন্দায় আত্মানং দর্শয়ামাস॥

বিখ্যাতবীর্য্য মহারাজ মুচুকুন্দ বহুকাল অবিশ্রান্তে দেবতাগণের সাহায্যে নিযুক্ত থাকায়, নিতান্তই পরিশ্রান্ত হইয়াছিলেন; সুতরাং বর-গ্রহণার্থ দেববৃন্দ মুচুকুন্দকে অনুরোধ করিলে, বরগ্রহণ উপলক্ষে এক্ষণে তিনি দেবতাগণের অভিবাদন পূর্ব্বক দীর্ঘকালস্থায়ী নিদ্রাই প্রার্থনা করিলেন॥

এবং বলিয়াছিলেন যে, হে সুরশ্রেষ্ঠগণ! আমার ইহাও প্রার্থনা যে, যদি কোন ব্যক্তি আমার নিদ্রাভঙ্গ করে, সে যেন তৎক্ষণাৎ আমার দৃষ্টিপাতেই ভস্মীভূত হয়! দেবতাগণও তথাস্তু বলিয়া বর প্রদান করিলেন॥

এই প্রকারে বরলাভ করিয়া মুচুকুন্দ গুহাভ্যন্তরে প্রবেশ করিলেন এবং দেবদত্ত নিদ্রায় অভিভূতের ন্যায় শয়ন করিলেন॥

মুচুকুন্দকে নিদ্রার বর প্রদানে দেবতাগণও বলিলেন, হে নরনাথ! আপনি সঙ্গারহিতের ন্যায় নিদ্রা যাইবার সময়, যদি কোন ব্যক্তি আপনাকে জাগরিত করে, তাহা হইলে আপনার দৃষ্টিমাত্রেই সে ভস্মীভূত হইবে; সন্দেহ

আত্মানং দর্শয়ামাস মুচুকুন্দায় ধীমতে ॥
তমালোক্য ঘনশ্যামং পীতকৌশেয়বাসসং।
শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভেন বিরাজিতং ॥
চতুর্ভুজং রোচমানং বৈজয়ন্ত্যাচ মালয়া।
চারুপ্রসন্নবদনং স্ফুরন্মকরকুণ্ডলং ॥
প্রেক্ষণীয়ং নৃলোকস্য সানুরাগস্মিতেক্ষণং।
অপীব্যবয়সং মত্তমৃগেন্দ্রোদারবিক্রমং ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

ঘনশ্যামং (ঘনঃ মেঘঃ ইব শ্যামং) পীতকৌশেয়বাসসং (পীতে কৌশেয়ে কীটনির্ম্মিত-কোশজনিত-তন্তু-নির্ম্মিতে বাসসী যস্য তং) শ্রীবৎসবক্ষসং (শ্রীবৎসঃ দক্ষিণাবর্ত্তরোম-রেখায়াং সুবর্ণবর্ত্তেজোবিশেষঃ বক্ষসি যস্য তং) ভ্রাজৎকৌস্তুভেন (ভ্রাজতা প্রকাশমানেন কৌস্তুভেন বিরাজিতং ॥

বৈজয়ন্ত্যা বহুবর্ণপুষ্প নির্ম্মিতয়া মালয়া চ রোচমানং, চারুপ্রসন্নবদনং (চারু সুন্দরং প্রসন্নং চ বদনং যস্য তং) স্ফুরন্মকরকুণ্ডলং (স্ফুরতী মকরাকারে কুণ্ডলে যস্য তং) চতুর্ভুজং ॥

সানুরাগস্মিতেক্ষণং (সানুরাগং স্মিতং ঈক্ষণং চ যস্য তং) অপীব্যবয়সং (অপীব্যং অতি-সুন্দরং বয়ঃ যস্য তং) মত্তমৃগেন্দ্রোদারবিক্রমং (মত্তস্য মৃগেন্দ্রস্য সিংহস্য ইব উদারঃ বিক্রমঃ গতিঃ যস্য তং) অতএব নৃলোকস্য প্রেক্ষণীয়ং ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

গুহায়াং প্রবিষ্টঃ শেতে স্ম ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বপন্তমিতি পদ্যং ন সর্ব্বসম্মতং ॥ ১৬ ॥

নাই। (এই শ্লোকটী কোন কোন স্থানে নাই ; অতিরিক্ত বলিয়াই বোধ হয়) ॥

মুচুকুন্দের ক্রোধ-পূর্ণ তীক্ষ্ণ দৃষ্টি-সংযোগে কালযবন ভস্মীভূত হইলে, ভক্তজনবল্লভ ভগবান্ গোবিন্দ মুচুকুন্দের অক্ষিগোচর হইলেন ॥

নবীন নীরদতুল্য শ্যামসুন্দর পীতকৌশেয়-বসনধারী, বক্ষস্থলে শ্রীবৎস-চিহ্ন, গলদেশে উজ্জ্বল কৌস্তুভ মণি দোদুল্যমান— ॥

ও বিচিত্রবর্ণ পুষ্পের মালা, প্রশান্ত বদনমণ্ডল, তাহাতে আবার মকরাকার উজ্জ্বল কুণ্ডলদ্বয় শ্রবণদ্বয়ে শোভা পাইতেছিল, চতুর্ভুজ— ॥

সহাস্য প্রেমপূর্ণ দৃষ্টিবিশিষ্ট নবীন-বয়স্ক এবং মত্ত কেশরীর ন্যায় বিপুল-বিক্রম নরলোকের দর্শনীয় মনোহর রূপবিশিষ্ট ভগবান্ শ্রীকৃষ্ণকে মুচুকুন্দ অকস্মাৎ নয়নগোচর করিলেন ॥ ১৬ ॥

পর্য্যপৃচ্ছন্মহাবুদ্ধিস্তেজসা তস্য ধর্ষিতঃ।
শঙ্কিতঃ শনকৈ রাজা দুর্দ্ধর্ষমিব তেজসা ॥ ১৭ ॥

মুচুকুন্দ উবাচ ॥

কো ভবানিহ সংপ্রাপ্তো বিপিনে গিরিগহ্বরে।
পদ্ভ্যাং পদ্মপলাশাভ্যাং বিচরস্যুরুকণ্টকে ॥ ১৮ ॥
কিং স্বিত্তেজস্বিনাং তেজো ভগবান্ বা বিভাবসুঃ।
সূর্য্যঃ সোমো মহেন্দ্রো বা লোকপালোঽপরোঽপি বা ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

তেজসা দুর্দ্ধর্ষং অভিভবিতুং অশক্যং, তং শ্রীকৃষ্ণং, আলোক্য দৃষ্ট্বা, তস্য তেজসা ধর্ষিতঃ অভিভূতঃ, অতঃ শঙ্কিতঃ ইব মহাবুদ্ধিঃ রাজা মুচুকুন্দঃ শনকৈঃ পর্য্যপৃচ্ছৎ ॥ ১৭ ॥

মুচুকুন্দঃ উবাচ। যঃ ইহ উরুকণ্টকে (উরূণি কণ্টকানি যস্মিন্ তস্মিন্) বিপিনে তত্রাপি গিরিগহ্বরে (গিরিভিঃ গহ্বরে দুষ্প্রবেশস্থানে) যঃ পদ্মপলাশাভ্যাং কোমলাভ্যাং পদ্ভ্যাং বিচরসি ভবান্ সঃ ত্বং কঃ? ॥ ১৮ ॥

ত্বং কিং স্বিৎ উত তেজস্বিনাং তেজঃ মূর্ত্তিঃ, ভগবান্ বিভাবসুঃ অগ্নিঃ, উত সূর্য্যঃ সোমঃ মহেন্দ্রঃ অথবা অপরঃ লোকপালঃ বা? ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

ধর্ষিতঃ অভিভূতঃ। দুর্দ্ধর্ষমধৃষ্যং ॥ ১৭ ॥

বিপিনে অরণ্যে তত্রাপি গিরের্গহ্বরে দুষ্প্রবেশস্থানে তত্রাপি উরুকণ্টকে। অত্র সংপ্রাপ্ত ইতি তত্রাপি পদ্মেত্যাদি যোজ্যং পদ্মপলাশসদৃশাভ্যাং পদ্ভ্যাং বিচরসীতি ॥ ১৮ ॥

তেজো মূর্ত্তিঃ প্রভাবো দীপ্তির্বা ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শঙ্কিতঃ কিময়মীশ্বর এবেত্যাগতশঙ্কঃ। দুর্দ্ধর্ষমধৃষ্যং। ইবেতি বাক্যালঙ্কারে ॥ ১৭ ॥

পদ্মপলাশতুল্যাভ্যাং পদ্ভ্যাং ॥ ১৮ ॥ ১৯ ॥

ভগবানের অনুপম তেজোরাশিতে অভিভূত-দৃষ্টি মুচুকুন্দ শঙ্কিত ও বিহ্বলের ন্যায়, সেই তেজঃপুঞ্জকলেবর ভগবানের প্রতি ক্রমশ দৃষ্টি নিক্ষেপ করত মৃদুমন্দ বচনে জিজ্ঞাসা করিলেন ॥ ১৭ ॥

এই কণ্টকাকীর্ণ বিপিন মধ্যে দুষ্প্রবেশ্য গিরিশঙ্কট স্থানে পদ্মপলাশের ন্যায় সুকোমল চরণকমলের বিন্যাসে যিনি অবলীলাক্রমে বিচরণ করিতেছেন, সেই আপনি কে? অনুগ্রহ পূর্ব্বক পরিচয় দানে কৃতার্থ করুন! ॥ ১৮ ॥

আপনি কি তেজস্বিগণের তেজোময় মূর্ত্তি? বা ভগবান্ হুতাশন বিগ্রহ ধারণে আমার নিকট উপস্থিত হইয়াছেন? আপনি কি সূর্য্য, চন্দ্র, মহেন্দ্র

মন্যে ত্বাং দেবদেবানাং ত্রয়াণাং পুরুষর্ষভং।
যদ্বাধসে গুহাধ্বান্তং প্রদীপঃ প্রভয়া যথা॥
শুশ্রূষতামব্যলীকমস্মাকং নরপুঙ্গব।
স্বজন্মকর্ম্মগোত্রং বা কথ্যতাং যদি রোচতে॥ ২০॥
বয়ন্তু পুরুষব্যাঘ্র ঐক্ষ্বাকাঃ ক্ষত্রবন্ধবঃ।

অন্বয়ঃ।

যং যস্মাৎ গুহাধ্বান্তং গিরিগুহাগতং তমঃ, প্রদীপঃ ইব যথা, তথা স্বস্য প্রভয়া ত্বং বাধসে বিধুনোষি অতঃ দেবদেবানাং (দেবানাং ইন্দ্রাদীনাং অপি দেবাঃ যে ব্রহ্মবিষ্ণুরুদ্রাঃ তেষাং) ত্রয়াণাং মধ্যে পুরুষর্ষভং পুরুষশ্রেষ্ঠং, তং বিষ্ণুং, এব ত্বাং অহং মন্যে॥

হে নরপুঙ্গব পুরুষোত্তম! শুশ্রূষতাং শ্রোতুং ইচ্ছতাং, অস্মাকং অব্যলীকং নিষ্কপটং, যথা ভবতি তথা স্বজন্মকর্ম্মগোত্রং বা কথ্যতাং যদি রোচতে (ত্বয়া ইতি)॥ ২০॥

হে পুরুষব্যাঘ্র পুরুষশ্রেষ্ঠ! বয়ং তু ক্ষত্রবন্ধবঃ (ক্ষত্রেণ বর্ণেন বধ্যন্তে সম্বধ্যন্তে ইতি)

শ্রীধরস্বামী।

সর্ব্বত্রাপরিতোষাদাহ মন্য ইতি পুরুষর্ষভং শ্রীবিষ্ণুং। গুহাধ্বান্তং অন্তস্তমঃ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুহয়ো গিরিকন্দর-মদন্তঃকরণয়ো র্ধ্বান্তং তম স্তচ্চান্ধকারমবিদ্যাঞ্চ। প্রদীপো মণিময়ঃ জ্ঞানময়শ্চ॥

শুশ্রূষতামিতি বহুবচনেন স্বগৌরবপ্রখ্যাপনং তৎপ্রতিবচনশ্রবণার্থমেব স্বস্য নিকৃষ্টত্বে প্রত্যুত্তরানর্হত্বাৎ॥ ২০॥

তদপি মৌনমালক্ষ্য স্বোৎকর্ষমপি ব্যঞ্জয়ন্ স্বং পরিচায়য়তি বয়ন্ত্বিতি। ক্ষত্রবন্ধব

বা অন্য কোন লোকপাল হইবেন, তাহার কিছুই অবধারণ করিতে পারিতেছি না॥ ১৯॥

ব্রহ্মা, বিষ্ণু ও মহাদেব নামে যে তিন জন দেবদেব বলিয়া অভিহিত, তন্মধ্যে পুরুষোত্তম বিষ্ণু বলিয়াই আপনাকে আমার জ্ঞান হইতেছে; কারণ ভীষণ অন্ধকারাচ্ছন্ন এই গিরিগহ্বর কেবল আপনার জ্যোতিতেই দীপালোকের ন্যায় আলোকিত হইয়াছে॥

হে নরশার্দ্দূল! আপনার পরিচয় অবগত হইবার জন্য, আমার বিশেষ কৌতূহল জন্মিয়াছে! যদি ইচ্ছা হয়, তবে অনুগ্রহ পূর্ব্বক ভবদীয় জন্ম, কর্ম্ম এবং নাম গোত্রাদির বিষয় অকপট ভাবে কীর্ত্তন করুন!॥ ২০॥

হে পুরুষশ্রেষ্ঠ! আমরা ক্ষত্রিয়বর্ণের সংস্রবে ক্ষত্রিয় বলিয়াই পরিচিত। এবং ইক্ষ্বাকু বংশসম্ভূত যুবনাশ্বের পুত্র মান্ধাতার-ঔরসে জন্ম পরিগ্রহ

মুচুকুন্দ ইতি প্রোক্তো যৌবনাশ্বাত্মজঃ প্রভো ॥
চিরপ্রজাগরশ্রান্তো নিদ্রয়াপহৃতেন্দ্রিয়ঃ।
শয়েঽস্মিন্ বিজনে কামং কেনাপ্যুত্থাপিতোঽধুনা ॥
সোঽপি ভস্মীকৃতো নূনমাত্মীয়েনৈব পাপ্মনা।
অনন্তরং ভবান্ শ্রীমল্লক্ষিতোঽমিত্রশাসনঃ ॥
তেজসা তেঽবিষহ্যেণ ভূরি প্রষ্টুং ন শক্নুমঃ।

অন্বয়ঃ।

ক্ষত্রিয়াঃ তত্রাপি ঐক্ষ্বাকাঃ ইক্ষ্বাকুবংশ্যাঃ এব। হে প্রভো! তত্রাপি অহং যৌবনাশ্বাত্মজঃ (যুবনাশ্বস্য অপত্যং যৌবনাশ্বঃ মান্ধাতা তস্য আত্মজঃ পুত্রঃ) মুচুকুন্দঃ ইতি নাম্না প্রোক্তঃ ॥

(সোঽহং দেবৈঃ প্রার্থিতঃ তেষাং রক্ষাং কুর্ব্বন্) চিরপ্রজাগরশ্রান্তঃ (চিরপ্রজাগরেণ শ্রান্তঃ) অতঃ নিদ্রয়া অপহৃতেন্দ্রিয়ঃ (অপহৃতানি অভিভূতানি ইন্দ্রিয়াণি যস্য সঃ) অস্মিন্ বিজনে দেশে কামং যথেচ্ছং, শয়ে শয়িতবান্; কিন্তু অধুনা কেনাপি উত্থাপিতঃ অস্মি ॥

সঃ অপি আত্মীয়েন স্বেনৈব পাপ্মনা পাপেন (শয়ানং ন প্রতিবোধয়েৎ ইতি বাক্যোল্লঙ্ঘন-জনিতেন) নূনং নিশ্চিতং, ভস্মীকৃতঃ। অনন্তরং অমিত্রশাসনঃ (অমিত্রাণাং শত্রূণাং শাস্তা) শ্রীমান্ ভবান্ (ময়া) লক্ষিতঃ দৃষ্টঃ ॥

হে মহাভাগ! তে তব অবিষহ্যেণ সোঢুমশক্যেন, তেজসা হতৌজসঃ (হতং ওজঃ দর্শন-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি স্বস্য নিকর্ষোঽপি নিরহঙ্কারিত্বজ্ঞাপনয়া প্রকর্ষ এব ॥

অমিত্রশাসনেতি মন্যে মদ্দ্বারেণ ত্বয়ৈব স্বশত্রুর্ঘাতিত ইতি ভাবঃ ॥

করিয়া, জগতে মুচুকুন্দ নামে অভিহিত হইয়াছি ॥

দেবতাগণের অনুরোধে আহার নিদ্রা পরিত্যাগ করত তাঁহাদের রক্ষা-কার্য্যে বহুকাল নিযুক্ত থাকায়, আমি নিতান্তই শ্রান্ত হইয়াছিলাম; সম্প্রতি তাঁহাদের আশীর্ব্বাদে গাঢ় নিদ্রায় অভিভূত হইয়া, এই নির্জ্জন স্থানে সুখে বিশ্রাম করিতেছিলাম। কিন্তু অবশ্য কেহ আমার নিদ্রাভঙ্গ করিয়াছে; সেই নিমিত্তই আমি জাগ্রত হইয়াছি ॥

নিদ্রিত ব্যক্তির নিদ্রা অকারণ ভঙ্গ করিলে যে মহাপাপ হয়, সেই নিজ-কৃত পাপেই আমার নিদ্রাভঙ্গকারী এই স্থানেই ভস্মীভূত হইয়াছে। পর-ক্ষণেই শত্রুকুলের দণ্ডদাতা অপূর্ব্বরূপধারী আপনাকে আমি নয়নগোচর করিলাম ॥

হে মহাভাগ! আপনার যেরূপ অবিষহ্য তেজ, তাহা আমি এই সামান্য দৃষ্টিতে অধিকক্ষণ অবলোকন করিতেও আর সক্ষম হইতেছি না; আপনি

হতৌজসো মহাভাগ মাননীয়োঽসি দেহিনাং ॥
এবং সম্ভাষিতো রাজ্ঞা ভগবান্ ভূতভাবনঃ।
প্রত্যাহ প্রহসন্ বাণ্যা মেঘনাদগভীরয়া ॥
শ্রীভগবানুবাচ ॥
জন্মকর্ম্মাভিধানানি সন্তি মেঽঙ্গ সহস্রশঃ।
ন শক্যন্তেঽনুসংখ্যাতুমনন্তত্বান্ময়াপি হি ॥ ২১ ॥
ক্বচিদ্রজাংসি বিমমে পার্থিবান্যুরুজন্মভিঃ।

অন্বয়ঃ।

সামর্থ্যং যেষাঃ তে) বয়ং ভূরি চিরং ত্বাং দ্রষ্টুং অপি ন শক্নুমঃ। অতঃ দেহিনাং মাদৃশাং, ত্বং মাননীয়ঃ ভজনীয়, অসি ॥

রাজ্ঞা মুচুকুন্দেন, এবং সম্ভাষিতঃ সম্যক্ পৃষ্টঃ, ভূতভাবনঃ ভগবান্ কৃষ্ণঃ প্রহসন্ মেঘনাদ-গভীরয়া বাণ্যা তং প্রতি আহ ॥

শ্রীভগবান্ উবাচ। হে অঙ্গ প্রিয়! মে মম জন্মকর্ম্মাভিধানানি সহস্রশঃ অসংখ্যানি সন্তি। অতঃ অনন্তত্বাৎ ময়াপি তানি অনুসংখ্যাতুং গণয়িতুং নৈব শক্যন্তে ॥ ২১ ॥

ক্বচিৎ কশ্চিৎ সূক্ষ্মদর্শী জনঃ পার্থিবাণি রজাংসি অপি উরুজন্মভিঃ বহুজন্মভিঃ, বিমমে

শ্রীধরস্বামী।

বয়স্ত্বিতি বংশ্যাভিপ্রায়েণ বহুবচনং। তেষ্বহং মুচুকুন্দ ইতি প্রোক্ত ইতি যুবনাশ্বো মান্ধাতুঃ পিতা ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরমনিরহঙ্কারিত্বেঽপি মদ্বচনশ্রবণার্থমেব স্বোৎকর্ষমসৌ দ্যোতয়ত্যতোঽহমপি পরম-নিরহঙ্কারোঽপি নিজমুখেনৈবাস্মৈ স্বোৎকর্ম্মমভিধাস্যামি। যে যথা মাং প্রপদ্যন্তে ইতিমদুক্তে-রিতি বিমৃশ্যাহ। জন্মেতি ॥

আমাদের ন্যায় দেহিগণের যে প্রকৃত মাননীয় এবং ভজনের উপযুক্ত পাত্র, তাহা আমি বিলক্ষণ অবধারণ করিয়াছি ॥

রাজা মুচুকুন্দ এই প্রকারে ভূতভাবন ভগবান শ্রীকৃষ্ণকে সম্যক্ অভিবাদন করিলে, তিনি ঈষৎ হাস্য করত মেঘ-গম্ভীর-বচনে মুচুকুন্দকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥

ভগবান্ বলিলেন, হে প্রিয় মুচুকুন্দ! আমার জন্ম, কর্ম্ম এবং নাম অসংখ্য। এমন কি! স্বয়ং অনন্ত হইয়াও, আমি নিজে সেই সমস্ত অনন্ত জন্ম কর্ম্মাদির বিষয় বর্ণন করিতে পারি না ॥ ২১ ॥

সূক্ষ্মদর্শী বিচক্ষণ ব্যক্তির পক্ষে বহু জন্মের আয়োজনে পার্থিব পরমাণু

গুণকর্ম্মাভিধানানি ন মে জন্মানি কর্হিচিৎ ॥ ২২ ॥
কালত্রয়োপপন্নানি জন্মকর্ম্মাণি মে নৃপ।
অনুক্রমন্তো নৈবান্তং গচ্ছন্তি পরমর্ষয়ঃ ॥
তথাপ্যদ্যতনান্যঙ্গ শৃণুষ্ব গদতো মম।
বিজ্ঞাপিতো বিরিঞ্চেন পুরাহং ধর্ম্মগুপ্তয়ে ॥
ভূমে র্ভারায়মাণানামসুরাণাং বধায় চ।
অবতীর্ণো যদুকুলে গৃহ আনকদুন্দুভেঃ ॥
বদন্তি বাসুদেবেতি বসুদেবসুতং হি মাং ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

গণয়েৎ, অপি গুণকর্ম্মাভিধানানি মে মম জন্মানি তু কর্হিচিৎ গণয়িতুং ন শক্নুয়াৎ ॥ ২২ ॥

হে নৃপ! পরমর্ষয়ঃ নারদাদয়ঃ অপি কালত্রয়োপপন্নানি ত্রিকালসম্বন্ধীনি মম জন্মকর্ম্মাণি অনুক্রমন্তঃ অনুক্রমেণ বর্ণয়ন্তঃ, অপি অদ্যাপি অন্তং পারং ন গচ্ছন্তি ॥

তথাপি হে অঙ্গ! অদ্যতনানি আধুনিকানি, মম জন্মাদীনি গদতঃ কথয়তঃ মত্তঃ সকাশাৎ শৃণু যথা ধর্ম্মগুপ্তয়ে (ধর্ম্মস্য গুপ্তয়ে সংরক্ষণায় তথা ভূমেঃ ভারায়মাণানাং ভারভূতানাং, অসুরাণাং (অসুরসম্পত্ত্যা অভিজাতানাং) বধায় ক্ষয়ায়, বিরিঞ্চেন ব্রহ্মণা পুরা বিজ্ঞাপিতঃ প্রার্থিতঃ, অহং যদুকুলে আনকদুন্দুভেঃ বসুদেবস্য, গৃহে অবতীর্ণঃ অস্মি। অতঃ বসুদেবসুতং মাং বাসুদেবঃ ইতি জনাঃ বদন্তি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

ক্বচিৎ কদাচিৎ। কশ্চিদ্ যদ্যপি রজাংসাপি বিমমে গণিতবান্। তথাপি ন জন্মানি কর্ম্মাণি চ বিমিমীতে ॥ ২২ ॥ জন্মানি কর্ম্মাণি চ ॥ ২৩ ॥

সমূহের গণনা হওয়াও বরং সম্ভব, তথাপি মদীয় জন্ম, কর্ম্ম ও নাম সমূহের গণনা হওয়া সম্পূর্ণই অসম্ভব ॥ ২২ ॥

হে নরনাথ! ত্রিকালজ্ঞ নারদাদি পরমর্ষিগণ অদ্যাবধি ক্রমান্বয়ে কীর্ত্তন করিয়াও, মদীয় কালত্রয়-সম্বন্ধী জন্ম, কর্ম্ম ও নামসমূহের সম্যক্ বর্ণনে এপর্য্যন্ত কেহ সমর্থ হন নাই ॥

কিন্তু তথাপি হে রাজন্! তুমি আমার নিতান্ত প্রিয়পাত্র! সুতরাং বর্ত্তমান-কাল-সম্বন্ধীয় আমার জন্ম কর্ম্মের বিবরণ বর্ণন করিতেছি! তুমি আমার নিকট শ্রবণ কর! ধর্ম্মের রক্ষা এবং ধরণীর ভারভূত অসুরাংশে সমুৎপন্ন জীবসমূহের বিনাশার্থ পূর্ব্বে আমি কমলযোনি ব্রহ্মা কর্ত্তৃক অনুরুদ্ধ হই; সুতরাং সম্প্রতি যাদবকুলে বসুদেবের গৃহে অবতীর্ণ হইয়াছি। তজ্জন্য লোকে বসুদেব-পুত্র বলিয়া আমাকে বাসুদেব নামে অভিহিত করিয়া

কালনেমিহ তঃ কংসঃ প্রলম্বাদ্যাশ্চ সদ্দ্বিষঃ।
অয়ঞ্চ যবনো দগ্ধো রাজংস্তে তিগ্মচক্ষুষা ॥
সোঽহং তবানুগ্রহার্থং গুহামেতামুপাগতঃ।
প্রার্থিতঃ প্রচুরং পূর্ব্বং ত্বয়াহং ভক্তবৎসলঃ ॥ ২৪ ॥
বরান্ বৃণীষ রাজর্ষে সর্ব্বান্ কামান্ দদাম্যহং।
মাং প্রপন্নো জনঃ কশ্চিৎ ন ভূয়োঽর্হতি শোচিতুং ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

কংসঃ (কংসরূপেণ জাতঃ) কালনেমিঃ (ময়া) হতঃ তথা সদ্দ্বিষঃ (সতাং ধর্ম্মবর্ত্তিনাং দ্বেষিণঃ) প্রলম্বাদ্যাঃ চ দৈত্যাঃ হতাঃ। হে রাজন্! তে তব তিগ্মচক্ষুষা (তিগ্মেন তীক্ষ্ণেন চক্ষুষা নিমিত্তেন) অয়ং যবনঃ চ ময়ৈব দগ্ধঃ ॥

ভক্তবৎসলঃ যঃ অহং ত্বয়া পূর্ব্বং প্রচুরং যথেষ্টং, প্রার্থিতঃ সমারাধিতঃ; সঃ অহং তব অনুগ্রহার্থং এতাং গুহাং উপাগতঃ ॥ ২৪ ॥

হে রাজর্ষে! ত্বং মত্তঃ বরান্ বৃণীষ যাচয়স্ব, অহং তে তুভ্যং, সর্ব্বান্ কামান্ অভিলষিতান্, দদামি। মাং প্রপন্নঃ কশ্চিৎ জনঃ ভূয়ঃ পুনঃ শোচিতুং ন অর্হতি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

তে তিগ্মচক্ষুষা নিমিত্তেন ময়ৈব দগ্ধঃ ॥ ২৪ ॥

অপূর্ণোঽহমিতি শোচিতুং যদ্বা অন্যে দত্তেষু বরেষু ক্ষীণেষু যথা শোচতি নৈবং মাং প্রপন্নঃ মদ্দত্তবরাণামক্ষয়ত্বাদিতি ভাবঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিমমে কশ্চিদ্গণয়ামাস ॥ ২১—২৪ ॥

শোচিতুং নার্হতীত্যন্যে দত্তেষু বরেষু ক্ষীয়মাণেষু সৎসু যথা শোচতি নৈব মাং প্রপন্নঃ। মদ্দত্তবরাণামক্ষয়ত্বাদিতি ভাবঃ ॥ ২৫ ॥

থাকে ॥ ২৩ ॥

কংসরূপে আবির্ভূত কালনেমিকে আমি এই জন্মে সংহার করিয়াছি; এবং সাধুগণের বিদ্রোহাচারী প্রলম্বাদি অন্যান্য দৈত্যগণও আমার দ্বারা নিহত হইয়াছে। হে রাজেন্দ্র! তোমার তীব্র দৃষ্টিরূপ ক্রোধানলের দ্বারা আমিই ঐ কাল-যবনকে দগ্ধ করিয়াছি ॥

তুমি পূর্ব্বজন্মে আমার যথেষ্ট আরাধনা করিয়াছিলে; সুতরাং ভক্তবাৎসল্য বশত দর্শনদানে তোমার প্রতি অনুগ্রহেরই প্রকাশে এই গিরিগুহায় সম্প্রতি আমি উপস্থিত হইয়াছি ॥ ২৪ ॥

হে রাজর্ষে! তুমি আমার নিকট যথাভিলষিত বর প্রার্থনা কর! আমি

শ্রীশুক উবাচ ॥

ইত্যুক্তস্তং প্রণম্যাহ মুচুকুন্দো মুদান্বিতঃ।
জ্ঞাত্বা নারায়ণং দেবং গর্গবাক্যমনুস্মরন্ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

ইতি এবং ভগবতা উক্তঃ অতঃ গর্গবাক্যং (অষ্টাবিংশতিতমে যুগে ভগবান্ বসুদেবগৃহে অবতরিষ্যতি ইত্যেবংবিধং) অনুস্মরন্ তং কৃষ্ণং নারায়ণং দেবং জ্ঞাত্বা মুদান্বিতঃ হর্ষযুক্তঃ মুচুকুন্দঃ, তং প্রণম্য আহ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

অষ্টাবিংশতিতমে যুগে ভগবানবতরিষ্যতীতি বৃদ্ধগর্গবাক্যমনুস্মরন্নিত্যর্থঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অষ্টাবিংশতিতমে যুগে ভগবানবতরিষ্যতি তং ত্বং দ্রক্ষ্যসীতি বৃদ্ধগর্গবাক্যমনুস্মরন্নিত্যর্থঃ ॥২৬

তোমার সকল প্রার্থনাই পূরণ করিব! কারণ যাহারা আমার শরণাগত হয়, তাহাদের আর কোন বিপদ্ বা দুঃখের কারণ কখন থাকে না ॥ ২৫ ॥

মুচুকুন্দকে ভগবান্ শ্রীকৃষ্ণ এই প্রকারে আত্মপরিচয় প্রদান করিলে, গর্গাচার্য্যের বাক্য তাঁহার স্মৃতিপথে আরূঢ় হইল; অষ্টাবিংশতি যুগে বসুদেবের গৃহে ভগবান্ যে আবির্ভূত হইবেন, তাহা তাঁহার স্মরণ হইল এবং তদনুসারে শ্রীকৃষ্ণকে পরম পুরুষ নারায়ণ জ্ঞানে আনন্দিত হইয়া, মুচুকুন্দ প্রণাম করত বলিতে লাগিলেন— ॥ ২৬ ॥

আভাস।

মুচুকুন্দের কার্য্যে সন্তুষ্ট হইয়া দেবতাগণ যখন বরপ্রদানে অঙ্গিকার করিলেন, তখন মুচুকুন্দ কেবল নিদ্রার বরই প্রার্থনা করিলেন। কারণ অতুল ঐশ্বর্য্যের অধিপতি হইয়াও কালক্রমে তাঁহাকে সকল বিষয় হইতে বঞ্চিত হইতে হইয়াছিল; তখন পুনরায় বঞ্চিত হইবার দুঃখে নিপতিত হইতে তাঁহার চিত্ত আর অগ্রসর হইল না। সংসার হইতে মুক্তিলাভের বাসনাই তাঁহার হৃদয়ে উদ্দিক্ত হইল; দেবকার্য্যরূপ কঠোর ব্রতের দীর্ঘ অনুষ্ঠানে তাঁহার চিত্ত বৈরাগ্যে বিলক্ষণ অভ্যস্ত হইয়াছিল; সুতরাং তৎকালে ঈশ্বর ব্যতীত পাছে অন্যভাব তাঁহার হৃদয়কে অধিকার করে, এই ভয়ে তিনি সেই দীর্ঘকালের জন্য কেবল নিদ্রাকেই বররূপে প্রার্থনা করিলেন। বৃদ্ধ গর্গের মুখে শ্রবণ করিয়াছিলেন যে, সপ্তবিংশতি যুগে ভগবান্ নারায়ণ জীবের উদ্ধারার্থ যদুকুলে বসুদেবের গৃহে অবতীর্ণ হইবেন। এক্ষণে সেই অবশিষ্ট কাল তিনি নিদ্রায় অতিবাহিত করিবেন; জগতে সেই ভগবান্ ব্যতীত অন্য কাহারও মুখ তিনি নিরীক্ষণ করিবেন না, বলিয়াই সংকল্প করিলেন। গীতাতে উক্ত আছে, "যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী। যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ॥" মুচুকুন্দ ভগবৎসন্দর্শন লাভের জন্য জগতের সম্বন্ধে নিদ্রিত হইলেন। তবে

মুচুকুন্দ উবাচ ॥

বিমোহিতোঽয়ং জন ঈশ মায়য়া ত্বদীয়য়া ত্বাং ন ভজত্যনর্থদৃক্।
সুখায় দুঃখপ্রভবেষু সজ্জতে গৃহেষু যোষিৎ পুরুষশ্চ বঞ্চিতঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

মুচুকুন্দঃ উবাচ। হে ঈশ! অয়ং সাংসারিকো যোষিদাত্মকঃ পুরুষাত্মকঃ চ জনঃ ত্বদীয়য়া বৈষ্ণব্যা, মায়য়া বিমোহিতঃ অতএব অনর্থদৃক্ সন্ ত্বাং পরমার্থভূতং ন ভজতি ন উপাসতে। কিন্তু অয়ং যোষিৎপুরুষঃ জনঃ, বঞ্চিতঃ সন্ সুখায় সুখেচ্ছয়া দুঃখপ্রভবেষু (দুঃখানি এব প্রভবন্তি যেষু তেষু) গৃহেষু এব সজ্জতে আসক্তঃ ভবতি ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

ত্বদ্ভক্তিরেব কেবলং দুর্লভা। কামা স্তুচ্ছা ন বরণযোগ্যা ইত্যাশয়েনাভক্তানাং সংসার-মষ্টভিঃ প্রপঞ্চয়ন্ স্তৌতি বিমোহিত ইতি। হে ঈশ যোষিৎপুরুষশ্চেতি বিবিধোঽপ্যয়ং জনঃ ত্বদীয়য়া বিমোহিতঃ অতঃ অনর্থদৃক্ ন অর্থং পরমার্থসুখং ত্বাং পশ্যতীতি তথা অত স্ত্বাং ন ভজতি কিন্তু পরস্পরং বঞ্চিতঃ সন্ সুখেচ্ছয়া দুঃখানামেব প্রভবো যেষু গৃহেষু তেষ্বেব সজ্জত ইতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বদ্ভক্তিং পরিহায় কামা যদ্ধি য়ন্তে এষৈব তব মায়েত্যাশয়েনাহ বিমোহিত ইতি যোষিচ্চ জনঃ পুরুষশ্চ জনো বঞ্চিত ইত্যন্বয়ঃ ॥ ২৭ ॥

মুচুকুন্দ বলিলেন, হে জগৎপতে! এই সংসারে নর বা নারীরূপে বিদ্যমান যাবতীয় মানবই আপনার বৈষ্ণবী মায়ার প্রভাবে বিমোহিত হইয়া, পরমার্থ-দর্শনে পরাঙ্মুখ হইয়াছে; সুতরাং প্রকৃত পরমানন্দস্বরূপ আপনার উপাসনা কেহই করিতে চাহে না। কি পুরুষ! কি স্ত্রী! সকলেই পরমার্থ-দর্শনে বঞ্চিত হইয়া, সুখের প্রত্যাশায় দারুণ দুঃখসঙ্কুল গৃহাদিতেই একান্ত আসক্ত হইতেছে ॥ ২৭ ॥

আভাস।


ভগিনীং কৃষ্ণায় দাতুমিচ্ছতো বন্ধূন্ পিত্রাদীন্ অনাদৃত্য স্ববলাদেব ততঃ কৃষ্ণাদ্ভান্নিবার্য্য রুক্মী তাং দাতুং বরং চৈদ্যং অমন্যতেত্যন্বয়ঃ ॥ ১৮ ॥

কৃষ্ণায় কৃষ্ণমানেতুং ॥ ১৯ ॥

বিবেচনায় তাঁহাকেই বিবাহ করিতে বাসনা করিলেন ॥ ১৭ ॥

হে রাজন্! রুক্মী শ্রীকৃষ্ণের বিলক্ষণ দ্বেষ করিত; সুতরাং শ্রীকৃষ্ণের করে ভগিনী রুক্মিণীকে সম্প্রদানার্থ পিত্রাদি বন্ধুবর্গ উৎসুক হইয়াছেন শ্রবণ করিয়া, ঐ পাপিষ্ঠ তাঁহাদিগকে নিবারণ করিল; এবং শ্রীকৃষ্ণের পরিবর্ত্তে চেদিপতি শিশুপালকেই সে ভগিনীর বররূপে নির্ণয় করিল ॥ ১৮ ॥

ভ্রাতা রুক্মীর মনোগত অভিপ্রায় অবগত হইয়া, সুনীলনয়না বিদর্ভরাজনন্দিনী রুক্মিণী নিতান্ত মর্ম্মাহত হইলেন; এবং নিতান্ত কাতর-হৃদয়ে কৃষ্ণলাভের উপায় চিন্তা করত, অবশেষে এক জন শ্রদ্ধাস্পদ বিশ্বস্ত ব্রাহ্মণকে শ্রীকৃষ্ণকে আনিবার জন্য তৎসন্নিধানে গোপনে প্রেরণ করিলেন ॥ ১৯ ॥

স দ্বারকায়ামভ্যেত্য প্রতীহারৈঃ প্রবেশিতঃ।
অপশ্যদাদ্যং পুরুষমাসীনং কাঞ্চনাসনে ॥ ২০ ॥
দৃষ্ট্বা ব্রহ্মণ্যদেবস্তমবরুহ্য নিজাসনে।
উপবেশ্যার্হয়াঞ্চক্রে যথাত্মানং দিবৌকসঃ ॥ ২১ ॥
তং ভুক্তবন্তং বিশ্রান্তমুপগম্য সতাঙ্গতিঃ।
পাণিনাভিমৃশন্ পাদাববধ্যগ্রঃ সমপৃচ্ছত ॥

অন্বয়ঃ।

ততঃ চ দ্বারকায়াং অভ্যেত্য প্রতীহারৈঃ দ্বারপালৈঃ, প্রবেশিতঃ সঃ দ্বিজঃ কাঞ্চনাসনে স্বর্ণসিংহাসনে, আসীনং আদ্যং জগৎকারণং পুরুষং কৃষ্ণং অপশ্যৎ ॥ ২০ ॥

ব্রহ্মণ্যদেবঃ কৃষ্ণঃ তং দ্বিজং আগতং দৃষ্ট্বা (স্বয়ং সিংহাসনাৎ) অবরুহ্য অবতীর্য্য, দিবৌকসঃ দেবাঃ, যথা আত্মানং কৃষ্ণং পূজয়ন্তি তথা নিজাসনে তং দ্বিজং উপবেশ্য অর্হয়াঞ্চক্রে ॥ ২১ ॥

বিশ্রান্তং বিগতাধ্বশ্রমং, ভুক্তবন্তং তং দ্বিজং উপসঙ্গম্য সতাঙ্গতিঃ ভগবান্, পাণিনা তস্য দ্বিজস্য পাদৌ অভিমৃশন্ সম্মর্দ্দয়ন্, অধ্যগ্রঃ সাবধানঃ সন্ তং সমপৃচ্ছত ॥

শ্রীধরস্বামী।

প্রতীহারৈ দ্বারপালৈঃ ॥ ২০ ॥ আত্মানং শ্রীকৃষ্ণং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রতীহারৈ দ্বারপালৈঃ ॥ ২০ ॥ আত্মানং স্বং যথা দেবা অর্হয়ন্তি ॥ ২১ ॥

ব্রাহ্মণ রুক্মিণীর অনুরোধে বিদর্ভ হইতে যাত্রা করত, অতি অল্পকালের মধ্যে দ্বারকায় উপনীত হইলেন। পুররক্ষক প্রতীহারিগণ অতি আদরের সহিত ব্রাহ্মণকে শ্রীকৃষ্ণের সমীপে লইয়া গেল। এবং স্বর্ণসিংহাসনে সমাসীন শ্রীকৃষ্ণকে নয়নগোচর করিয়া, তৎকালে ব্রাহ্মণের আর আনন্দের সীমা রহিল না ॥ ২০ ॥

ব্রাহ্মণকে সমাগত দেখিয়া, ব্রাহ্মণভক্ত শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ স্বীয় রত্নসিংহাসন হইতে নামিয়া ব্রাহ্মণকে তদুপরি উপবেশন করাইলেন; এবং সিংহাসনস্থ নারায়ণকে দেবতাগণ যেমন পূজা করেন, অদ্য সেইরূপ সিংহাসনস্থ সেই দ্বিজবরকে শ্রীকৃষ্ণ বিশেষ আদরাতিশয়ে পূজা ও অভ্যর্থনাদি করিতে লাগিলেন ॥ ২১ ॥

উক্ত ব্রাহ্মণ বিশ্রাম লাভের পর, ভোজনাদি সমাপন করিলে, সাধুগণের আশ্রয়প্রদ ভগবান্ শ্রীকৃষ্ণ বিনীতভাবে ব্রাহ্মণের নিকট উপস্থিত হইয়া, অতি আদরের সহিত তাঁহার চরণদ্বয়ের সম্বাহন করিতে লাগিলেন। এই প্রকার আচরণের ক্ষণকাল পরে, তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥

কচ্চিদ্দ্বিজবরশ্রেষ্ঠ ধর্ম্মস্তে বৃদ্ধসম্মতঃ।
বর্ত্ততে নাতিকৃচ্ছ্রেণ সন্তুষ্টমনসঃ সদা ॥ ২২ ॥
সন্তুষ্টো যদি বর্ত্তেত ব্রাহ্মণো যেন কেনচিৎ।
অহীয়মানঃ স্বাদ্ধর্ম্মাৎ স হ্যস্যাখিলকামধুক্ ॥ ২৩ ॥
অসন্তুষ্টোঽসকৃল্লোকানাপ্নোত্যপি সুরেশ্বরঃ।

অন্বয়ঃ।

হে দ্বিজবরশ্রেষ্ঠ! নাতিকৃচ্ছ্রেণ অনায়াসসিদ্ধেন, সদা সন্তুষ্টমনসঃ (সন্তুষ্টং মনঃ যস্য তস্য) তে তব, বৃদ্ধানাং সম্মতঃ ধর্ম্মঃ কচ্চিৎ বর্ত্ততে এব ॥ ২২ ॥

ব্রাহ্মণঃ যদি যেন কেনচিৎ অযত্নলব্ধেন দেহধারণোপযুক্তেন সন্তুষ্টঃ বর্ত্তেত তথা স্বাৎ ধর্ম্মাৎ অহীয়মানঃ অস্খলিতঃ, ভবতি তর্হি সঃ ধর্ম্মঃ, অস্য পুরুষস্য, হি নিশ্চিতং, অখিলকামধুক্ ভবতি ॥ ২৩ ॥

সুরেশ্বরঃ ইন্দ্রঃ, অপি অসন্তুষ্টঃ চেৎ অসকৃৎ লোকান্ আপ্নোতি অপি (ন একত্র নির্বৃত

শ্রীধরস্বামী।

অভিমৃশন্ শনৈঃ সংমর্দ্দয়ন্ ॥ ২২ ॥

স্বধর্ম্মোঽস্য ব্রাহ্মণস্য অখিলকামদোঘ্ধা। যদ্বা স ব্রাহ্মণঃ অস্য বিশ্বস্য অখিলকামধুগিতি ॥ ২৩ ॥

লোকানাপ্নোতি লোকাল্লোকান্তরং পর্য্যটতি নৈকত্র নির্বৃতস্তিষ্ঠতীত্যর্থঃ। নাপ্নোতীতি পাঠে সুরেশ্বরোঽপি ভূত্বা লোকানাপ্নোতি উত্তমলোকান্ প্রাপ্তোঽপি অপ্রাপ্ত ইব ক্লিশ্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভিমৃশন্ সংবাহয়ন্। অব্যগ্রঃ তদ্বিবাহার্থমন্যবৈয়গ্র্যো সত্যপীতি ভাবঃ ॥ ২২ ॥

স্বীয়ধর্ম্মাৎ অহীয়মানশ্চ্যুতিরহিতঃ। সধর্ম্ম এব ॥ ২৩ ॥

লোকান্ আপ্নোতি লোকাল্লোকান্তরং পর্য্যটতি। নতু নির্বৃণোতীত্যর্থঃ। সুরেশ্বর

হে দ্বিজবরশ্রেষ্ঠ! অনায়াসলব্ধ জীবিকার দ্বারা আপনার চিত্তে নিরন্তর শান্তি-স্রোতের অবস্থিতিতে প্রাচীনগণ-সেবিত ধর্ম্মের কোন ব্যাঘাত উপস্থিত হয় নাই ত! ব্রাহ্মণের অবশ্যকর্ত্তব্য ধর্ম্ম সুন্দররূপে অনুষ্ঠিত হইতেছেত! ॥২২॥

ব্রাহ্মণ যদি অযত্নলব্ধ জীবিকালাভেই সন্তুষ্ট থাকেন, তাহা হইলে আর তাঁহাকে কখন স্বধর্ম্ম হইতে বিভ্রষ্ট হইতে হয় না। ধর্ম্ম সুরক্ষিত হইলে, ধার্ম্মিকের আর কোন অভাব থাকে না; ধর্ম্মই সে পুরুষের যাবতীয় প্রয়োজনের পূরণ করিয়া থাকেন ॥ ২৩ ॥

দেবতাগণের উপর আধিপত্য লাভে পাকশাসনেরও যদি চিত্ত-শাসনের অভাবে সন্তোষ না থাকে, তাহা হইলে তিনি অনন্ত লোক লাভ করিয়াও

অকিঞ্চনোঽপি সন্তুষ্টঃ শেতে সর্ব্বাঙ্গবিজ্বরঃ ॥ ২৪ ॥
বিপ্রান্ স্বলাভসন্তুষ্টান্ সাধূন্ ভূতসুহৃত্তমান্।
নিরহঙ্কারিণঃ শান্তান্নমস্যে শিরসাসকৃৎ ॥ ২৫ ॥
কচ্চিদ্বঃ কুশলং ব্রহ্মন্ রাজতো যস্য হি প্রজাঃ।
সুখং বসন্তি বিষয়ে পাল্যমানাঃ স মে প্রিয়ঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

স্তিষ্ঠতি)। তথা সন্তুষ্টঃ জনঃ অকিঞ্চনঃ ভোজনাচ্ছাদনোপযুক্তধনাদিহীনঃ অপি সর্ব্বাঙ্গ-বিজ্বরঃ সর্ব্বতাপরহিতঃ শেতে সুখং আস্তে ॥ ২৪ ॥

স্বলাভসন্তুষ্টান্ (স্বলাভেন স্বতঃ প্রাপ্তেন অন্নবস্ত্রাদিনা সন্তুষ্টান্) সাধূন্ সদাচারনিষ্ঠান্, ভূতসুহৃত্তমান্ সর্ব্বোপকারিণঃ শান্তান্ রাগলোভাদিরহিতান্, নিরহঙ্কারিণঃ বিপ্রান্ অহং শিরসা অসকৃৎ পুনঃ পুনঃ নমস্যে নমস্করোমি ॥ ২৫ ॥

হে ব্রহ্মন্! বঃ যুষ্মাকং, রাজতঃ সকাশাৎ কচ্চিৎ কুশলং অস্তি হি যতঃ যস্য রাজ্ঞঃ বিষয়ে রাজ্যে দেশে, পাল্যমানাঃ প্রজাঃ সুখং বসন্তি সঃ রাজা মম প্রিয়ঃ ভবতি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তীত্যর্থঃ। শেতে সুখমাস্তে ইত্যর্থঃ। তদেবাহ সর্ব্বাঙ্গেষু বাহ্বঙ্গুল্যাদিষু বিজ্বর স্তাপ-রহিতঃ ॥ ২৪ ॥

সলাভঃ স্বতএব প্রাপ্তো লাভ আত্মলাভো বা তেন সন্তুষ্টান্ পূর্ণান্ সাধূন্ স্বধর্ম্মনিষ্ঠান্ ॥ ২৫

যস্য রাজ্ঞো বিষয়ে দেশে ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রোঽপি ভূত্বা নাপ্নোতীতি পাঠে তৃষ্ণাজ্বরার্ত্তিবশাৎ লোকান্ প্রাপ্তোঽপি ন প্রাপ্নো-তীত্যর্থঃ ॥ ২৪ ॥

স্বেনৈব শিলোঞ্ছনাদিতো যো লাভস্তেনৈব তুষ্টান্ নতু পরতো লাভার্থিনঃ ॥ ২৫ ॥

কখন তৃপ্তিলাভে সমর্থ হন না; অতৃপ্তের ন্যায়ই নিরন্তর অবস্থান করেন। কিন্তু যাঁহার হৃদয়ে সন্তোষ নিত্য বিদ্যমান, তিনি জগতে কিছুই প্রার্থনা করেন না। এমন কি! জীবিকানির্ব্বাহার্থ উপযুক্তরূপ অন্নবস্ত্রের সংস্থান না থাকিলেও, তিনি তাপনির্ম্মুক্ত হইয়া, সুখে কালাতিপাত করিয়া থাকেন ॥২৪॥

অহো! যে সকল ব্রাহ্মণ অযত্নলব্ধ জীবনোপায় প্রাপ্ত হইয়া, সন্তুষ্টচিত্তে স্বধর্ম্মের প্রতিপালন করত প্রাণিবর্গের হিতসাধনেই নিরত থাকেন এবং দম্ভ ও অভিমানাদি পরিত্যাগ পূর্ব্বক শান্তগুণাবলম্বনে কালাতিপাত করেন, আমি অবনত মস্তকে তাঁহাদিগকে বারংবার প্রণাম করি ॥ ২৫ ॥

হে ব্রহ্মন্! যে রাজার অধিকারে বসতি করিতেছেন, তাঁহার সুশাসনে

যতস্ত্বমাগতো দুর্গং নিস্তীর্য্যেহ যদিচ্ছয়া।
সর্ব্বং নো ব্রূহ্যগুহ্যঞ্চেৎ কিং কার্য্যং করবাম তে ॥ ২৭ ॥
এবং সংপৃষ্টসংপ্রশ্নো ব্রাহ্মণঃ পরমেষ্ঠিনা।
লীলাগৃহীতদেহেন তস্মৈ সর্ব্বমবর্ণয়ৎ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

যতঃ স্থানাৎ, যদিচ্ছয়া (যস্য প্রয়োজনস্য ইচ্ছয়া) দুর্গং সমুদ্রং, নিস্তীর্য্য উল্লঙ্ঘ্য, ইহ দ্বারকায়াং, ত্বং আগতঃ তৎ অগুহ্যং চেৎ সর্ব্বং নঃ অস্মভ্যং, ব্রূহি বয়ং তে, তব কিং কার্য্যং করবাম ॥ ২৭ ॥

লীলাগৃহীতদেহেন (লীলয়া এব গৃহীতঃ দেহঃ যেন তেন) পরমেষ্ঠিনা ভগবতা এবং সংপৃষ্টসংপ্রশ্নঃ ব্রাহ্মণঃ তস্মৈ কৃষ্ণায়, সর্ব্বং অবর্ণয়ৎ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

যতঃ স্থানাৎ যদিচ্ছয়া যস্য কার্য্যস্য ইচ্ছয়া দুর্গং সমুদ্রং ॥ ২৭ ॥

এবং সংপৃষ্টঃ প্রশ্নঃ প্রষ্টব্যোঽর্থোঽয়ং সঃ। পরমেষ্ঠিনা পরমেশ্বরেণ বন্ধূনামভিপ্রেতং রুক্মিণশ্চেষ্টিতমিত্যাদি সর্ব্বং ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিষয়ে দেশে ॥ ২৬ ॥ ২৭ ॥

সংপৃষ্টঃ সংপ্রশ্নো যস্য স ময়ি কোঽপি প্রশ্নশ্চেদস্তি পৃচ্ছ্যতামিত্যুক্ত ইত্যর্থঃ। লীলয়ৈব দেব্যা গৃহীতঃ স্বীয়ত্বেনাঙ্গীকৃতো দেহো যস্য তেন ॥ ২৮ ॥

আপনাদের সর্ব্বাঙ্গীন কুশল ত ? প্রজাবর্গ যে নরপতির অধিকারে নিরুপদ্রবে ও সুখে বসবাস করে, সে নরপতি আমার বিশেষ প্রিয়পাত্র, সন্দেহ নাই। ২৬ ॥

হে মহাত্মন্! আপনি যে অভিপ্রায়ে ও যে স্থান হইতে এই দুরতিক্রমণীয় সমুদ্রকে অতিক্রম করিয়া এই স্থানে আগমন করিয়াছেন, তাহা আনুপূর্ব্বিক বর্ণন করুন্! আমার দ্বারা আপনার যে কোন গূঢ় রহস্য সাধন করিবার প্রয়োজন থাকে, প্রকাশ করিলে আমি তাহা সমস্ত সম্পাদন করিব ॥ ২৭ ॥

লীলাগৃহীত-মানবরূপধারী পরাৎপর শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এইপ্রকারে জিজ্ঞাসিত হইয়া, ব্রাহ্মণ তৎসমীপে রুক্মিণী-কথিত যাবদীয় বৃত্তান্ত আনুপূর্ব্বিক বর্ণন করিলেন ॥ ২৮ ॥

রুক্মিণী বলিয়াছিলেন, হে ভুবনসুন্দর অচ্যুত! যে আপনার অলোক-সামান্য গুণগ্রাম শ্রোতৃবর্গের কর্ণকুহর অবলম্বনে অন্তর্হৃদয়ে প্রবিষ্ট হইয়া, আধ্যাত্মিকাদি ত্রিবিধ দুঃখরাশিকে বিদূরিত করে এবং ভবদীয় মনোহর রূপ

রুক্মিণ্যুবাচ ॥

শ্রুত্বা গুণান্ ভুবনসুন্দর শৃণ্বতাং তে নির্ব্বিশ্য কর্ণবিবরৈ র্হরতোঽঙ্গতাপং।

অন্বয়ঃ।

রুক্মিণী উবাচ। হে ভুবনসুন্দর অচ্যুত! স্বগুণান্ শৃণ্বতাং জনানাং কর্ণরন্ধ্রৈঃ অন্তঃ প্রবিশ্য অঙ্গতাপং আধ্যাত্মিকাদি দুঃখং হরতঃ তে তব গুণান্ তথা দৃশিমতাং চক্ষুষ্মতাং, দৃশাং

শ্রীধরস্বামী।

রুক্মিণ্যা স্বয়মেকান্তে লিখিত্বা দত্তপত্রিকাং মুদ্রামুদ্ঘট্য কৃষ্ণায় প্রেমচিহ্নমদর্শয়ৎ। ব্রাহ্মণঃ কৃষ্ণানুজ্ঞয়া বাচয়তি শ্রুত্বেতি। অয়মর্থঃ হে অচ্যুত হে ভুবনসুন্দরেতি ঔৎসুক্যং দ্যোতয়তি ক্ব তব মহিমা ক্বচাহং রূপগুণশীলাদিমুক্তাপি তথাপি অপগতা ত্রপা যস্মাৎ তন্মে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রুক্মিণ্যা স্বয়মেকান্তে লিখিত্বা দত্তপত্রিকাং মুদ্রামুদ্ঘট্য কৃষ্ণায় প্রেমচিহ্নমদর্শয়ৎ। ব্রাহ্মণঃ শ্রীকৃষ্ণানুজ্ঞয়া বাচয়তীতি শ্রীস্বামিচরণাঃ। নবদৃষ্টাশ্রুতচরীং নৃপকন্যাং ত্বাং মহৎ বরায় পত্রিকাং স্ববিবাহার্থং লিখন্তীং নির্লজ্জাং কথমঙ্গীকরোমীতি চেৎ সত্যমহমপি স্বদুর্বশস্য স্বচিত্তস্য স্বভাবমেবাবেদয়ামি তৎশ্রুত্বা অপেক্ষস্ব উপেক্ষস্ব বা অনুগৃহাণ নিগৃহাণ বা তত্র খলু দুর্ল্লভস্য তব লাভালাভাভ্যাং সদা সুখং জীবিষ্যন্ত্যা অদ্য শ্বোবা মরিষ্যন্ত্যা মম ন ভয়লজ্জে ইত্যাহ শ্রুত্বেতি সপ্তভিঃ। হে অচ্যুত তব গুণান্ রূপঞ্চ শ্রুত্বা মম চিত্তমপত্রপং বিগতলজ্জং সৎ ত্বয়ি আবিশতীতি মচ্চিত্তস্য নিস্ত্রপীকরণে তব গুণরূপে হেতু মম চ কর্ণাবিত্যাবয়োরুভয়োরেব দোষ ইতি ন ত্বয়াহমুপালম্ভনীয়া নাপি ময়া ত্বমুপালম্ভনীয় ইতি ভাবঃ। হে অচ্যুতেতি মচ্চিত্তং নিস্ত্রপীকৃত্যাপি তস্মাদ্ধং চ্যুতো ন ভবসি ন জানে কিমপরং চিকীর্ষসীতি ভাবঃ। মম চিত্তঞ্চ নিস্ত্রপীভূয়াপি ত্বয্যেবাবিশতি ন জানে কিমপরং বুভূষতীতি ভাবঃ। নন্বস্যাপি

দর্শনে চক্ষুষ্মান্ ব্যক্তিগণের যাবতীয় অনুকূল ফলের লাভ ঘটিয়া থাকে, আমি আপনার তাদৃশ গুণগ্রাম এবং রূপমাধুরী লোকমুখে শ্রবণ করিয়া বিমোহিতাভাস।

স্বয়ং লক্ষ্মীরূপা রুক্মিণী যখন শুনিলেন যে, তাঁহার ভ্রাতা রুক্মী তাঁহাকে শ্রীকৃষ্ণের পরিবর্ত্তে চেদিপতি শিশুপালের হস্তে সম্প্রদান করিতে মনস্থ করিয়াছেন, তখন রুক্মিণীর আর দুঃখের অবধি রহিল না; কোন্ উপায়ে কৃষ্ণ-করে আত্ম-সমর্পণ করিবেন, এই চিন্তায় তিনি নিতান্ত উৎকণ্ঠিতা হইলেন। অবশেষে নানাপ্রকার চিন্তা করিয়া, শ্রীকৃষ্ণকে স্বীয় মনোগত ভাবের পরিচয়ে সংবাদ প্রেরণ করাই শ্রেয়ঃকল্প মনে করিলেন। এবং নিজে একখানি পত্র নির্জ্জনে লিখিয়া, একটী বিশ্বস্ত ব্রাহ্মণের দ্বারা কৃষ্ণ সন্নিধানে প্রেরণ করিলেন। ব্রাহ্মণ পত্র হস্তে যখন কৃষ্ণসন্নিধানে উপনীত হইলেন এবং রুক্মিণী দত্ত পত্রখানি প্রদর্শন করিলেন, তখন শ্রীকৃষ্ণ তাঁহাকেই তাহা পাঠ করিতে বলিলেন। ব্রাহ্মণও শ্রীকৃষ্ণের অনুমতি ক্রমে মুদ্রা উন্মোচন পূর্ব্বক আনুপূর্ব্বিক পাঠ করিলেন। এক্ষণে পাছে শ্রীকৃষ্ণ

রূপং দৃশাং দৃশিমতামখিলার্থলাভং ত্বয্যচ্যুতাবিশতি চিত্তমপত্রপং মে ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

চক্ষুষাং চ অখিলার্থানাং অনুকূলবিষয়াণাং লাভঃ যস্মাৎ তথাভূতং তব রূপং চ শ্রুত্বা অপত্রপং নির্লজ্জং, সৎ মে মম, চিত্তং ত্বয়ি এব আবিশতি আসজ্জতে ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

চিত্তং ত্বয়ি আবিশতি আসজ্জতে। তৎ কুতঃ তত্রাহ শৃণ্বতাং কর্ণবিবরৈরন্তঃ প্রবিশ্য অঙ্গতাপং অঙ্গেতি পৃথক্ সম্বোধনং বা হরত স্তব গুণান্ শ্রুত্বা তথা দৃশিমতাং চক্ষুষ্মতাং দৃশাং অখিলার্থলাভাত্মকং রূপঞ্চ শ্রুত্বেতি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরুষস্য গুণরূপে প্রকৃষ্টে ভবত এবেতি স কিং ন দূষ্যতে তত্র মৈবং বাচামিতি বদন্তী প্রথমং গুণান্ বিশিনষ্টি। শৃণ্বতাং শ্রবণবতাং কন্যাজনানাং কর্ণবিবরৈ র্নির্বিশ্যান্তরঙ্গতাপং অঙ্গয়োঃ স্থূলসূক্ষ্ময়োঃ রুভয়োরেব তাপং সমস্তমেব হরতো নাশয়ত ইত্যেবংভূতা গুণাঃ কস্যান্যস্য পুংসো বর্ত্তন্তে ত্বং বদেতি ভাবঃ। রূপং বিশিনষ্টি। দৃশিমতাং চক্ষুষ্মতাং জনানাং দৃশাং দৃগিন্দ্রিয়াণাং অখিলা অন্যনাঃ শ্রেষ্ঠা যে অর্থা বিষয়াঃ নীলমণি নীলোৎপলাদীনাং কনককুঙ্কুমাদীনাং পদ্মরাগবন্ধূকাদীনাং চন্দ্রকান্তচন্দ্রাদীনাঞ্চ যে বর্ণা নীলপীতরক্তশুক্লাস্তেভ্যঃ সকাশাদপি মহামাধুর্য্যসম্বন্ধী লাভো যত্র তৎরূপং ত্বদীয়গাত্রবসনাধরনখাদি সৌন্দর্য্যং তস্মাদেবম্ভূতং রূপং কস্যান্যস্য বর্ত্তত ইতি ভাবঃ। অতএবানুরূপং সম্বোধয়তি হে ভুবনসুন্দর ভুবনেষূর্দ্ধাধোমধ্যবর্ত্তিষু প্রাকৃতাপ্রাকৃতেষু লোকেষু সুন্দরপ্রকৃত্যা চাকৃত্যা চ শোভমান ॥ ২৯ ॥

হইয়াছি! আমার চিত্ত লজ্জা ও ভয়ে জলাঞ্জলি প্রদান করত, আপনাতেই সম্যক্‌রূপে আকৃষ্ট হইতেছে ॥ ২৯ ॥

আভাস।

বলেন যে, রাজকন্যা হইয়া রুক্মিণী যখন সম্পূর্ণ অপরিচিত ও অদৃষ্টপূর্ব্ব পুরুষকে স্বয়ং বিবাহার্থ পত্র লিখিয়াছেন, তখন তিনি নিতান্ত লজ্জাহীনা সন্দেহ নাই; তাদৃশী নির্লজ্জা কামিনীর পাণিগ্রহণ করা, কদাপি বিধেয় নহে; এই ভয়ে রুক্মিণী প্রথমতই লিখিয়াছিলেন যে, প্রকৃত-পক্ষে তিনি নিজের চিত্তকে নিবারণ করিতে পারেন নাই বটে, কিন্তু চিত্তের অবস্থা একবার শ্রবণ করিয়া, শ্রীকৃষ্ণ অনুগ্রহ করুন্ বা নিগ্রহ করুন্, স্বীকার করুন্ বা উপেক্ষা করুন্, তাহাতে কোন ক্ষতি হইবে না। কারণ তাদৃশ দুর্ল্লভ ব্যক্তির লাভে রুক্মিণী সুখে জীবন ধারণ করিবেন, বা অলাভের দুঃখে প্রাণ পরিত্যাগ করিবেন, ইহাতে আর ভয় বা লজ্জার সম্ভাবনা কোথায়? এই প্রকারে সাতটী শ্লোকের দ্বারা রুক্মিণী নিজের অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। রুক্মিণী লিখিয়াছিলেন যে, হে অচ্যুত! আপনার রূপগুণের কথা শ্রবণ করিয়াই যখন আমার চিত্ত এত নির্লজ্জ হইয়াছে, তখন কেবল আমাকে দোষী করা আপনার কর্ত্তব্য নহে। আপনার

কা ত্বাং মুকুন্দ মহতী কুলশীলরূপবিদ্যাবয়োদ্রবিণধামভিরাত্মতুল্যং।

অন্বয়ঃ।

হে মুকুন্দ! হে নৃসিংহ নরশ্রেষ্ঠ! কা নাম কুলবতী তথা মহতী গুণোদারা, ধীরা ধীমতী

শ্রীধরস্বামী।

অহো কুলকন্যানামিদং অতিধার্ষ্ট্যমিত্যাশঙ্ক্যাহ। কা ত্বেতি। হে মুকুন্দ হে নৃসিংহ নরশ্রেষ্ঠ কা নাম কন্যা কুলবতী তথা মহতী গুণোদরা ধীরা ধীমতি ত্বাং পতিং ন বৃণীত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বস্ত মল্লক্ষণঃ পুরুষ এব ত্রিজগত্যস্মিন্নরূপমঃ কিং কন্যাপি শ্রোত্রনেত্রবতী জগত্যস্মিং স্ত্বমেবৈকা বর্ত্তসে যত এবমন্যা ন নির্লজ্জাবতীতি তত্রাহ কা ত্বেতি। হে মুকুন্দ মুখে কুন্দবদ্ধাসো যস্যেতি মামেব হসিতুং প্রাপ্তাবসরেত্যর্থঃ। কা মহতী রূপগুণবতী ধীরা বুদ্ধি-

---

হে নরশ্রেষ্ঠ! আপনিই জীবের সুখ এবং মুক্তি উভয়ই প্রদান করিয়া থাকেন। জগতে গুণৌদার্য্যসম্পন্না ধৈর্য্যশীলা, এরূপ কে কুলবতী কামিনী আছে যে,

আভাস।

রূপগুণই আমার চিত্তকে নির্লজ্জ করিবার প্রধান হেতু; তবে আমার কর্ণকেও অবশ্য দোষী বলিতে হইবে। অতএব এ দোষ আমাদের উভয়ের উপরই আরোপ করা বিধেয়। অতএব আপনি এবং আমি উভয়েই যখন অপরাধী, তখন পরস্পরকে পরস্পরে উপেক্ষা করা অবিধেয়। দেখুন্! আপনি আমার চিত্তকে লজ্জাহীন করিয়াও ত পরিত্যাগ করিতে পারেন নাই! অচ্যুতভাবে আমার হৃদয়মন্দিরেই বিরাজ করিতেছেন। জানি না! ইহা ব্যতীত আপনার আরও কি অভিসন্ধি আছে! চিত্তও লজ্জায় জলাঞ্জলি দিয়া, কেবল আপনার প্রতিই ধাবিত হইতেছে; জানি না! আরও তাহার কি পাইবার অভিপ্রায় আছে! কিন্তু তথাপি ভবদীয় গুণ বা রূপে দোষারোপ করিতে পারি না! কারণ ইহা যে সকল কামিনীর কর্ণকুহরে একবার প্রবিষ্ট হইয়াছে, তাহাদের আর স্থূল সূক্ষ্ম কোন ক্লেশই থাকে না। কৈ! এরূপ রূপবান্ বা গুণবান্ পুরুষত আর অন্য কেহ জগতে নাই। অহো! যাহারা একবার আপনার রূপরাশি নয়নগোচর করিয়াছে, তাহাদের আর কিছুই পাইতে বাকী থাকে না। জগতে চন্দ্রকান্ত, পদ্মরাগ, ইন্দ্রনীল ও শশধরাদির যাবতীয় সৌন্দর্য্য আপনার এক অঙ্গেই তাঁহারা অবলোকন করিয়া চরিতার্থ হন। অতএব স্বর্গ ও অধোলোকের মধ্যে এই মর্ত্ত্যধামে তাদৃশ অলোকসামান্য রূপরাশি নিরীক্ষণ করিলে, আমার মত অন্য কোন্ কামিনী নির্লজ্জার ন্যায় ধাবিতা না হয়? হে ভুবন-সুন্দর! ব্রহ্মাণ্ডের মধ্যে আপনিই যে গুণবান্ ও রূপবান্, তাহাতে আর সন্দেহ নাই॥ ২৯॥

শ্রীকৃষ্ণ পাছে বলেন যে, জগতের মধ্যে তিনিই যেন নিরুপম সৌন্দর্য্যশালী পুরুষ হউন্, কিন্তু জগতের মধ্যে শ্রোত্রনেত্রবতী রুক্মিণী ব্যতীত কি অন্য আর কোন কামিনীই নাই? যে, কেবল রুক্মিণীই তাঁহাকে চিনিতে পারিয়া প্রাণ সমর্পণ করিতে এত প্রস্তুত হইয়াছেন!

ধীরা পতিং কুলবতী ন বৃণীত কন্যা কালে নৃসিংহ নরলোকমনোভিরামং ॥৩০

অন্বয়ঃ।

কন্যা কুলশীলরূপবিদ্যাবয়োদ্রবিণধামভিঃ আত্মতুল্যং নরলোকমনোভিরামং (নরলোকস্য মনসাং অভিরামঃ অভিরমণং যস্মাৎ তং) ত্বাং পতিং কালে বিবাহযোগ্যসময়ে, ন বৃণীত ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

ময্যেব কেয়ং দোষশঙ্কেতি ভাবঃ। কথংভূতং কুলশীলাদিভি রাত্মনৈব তুল্যং নিরুপম-মিত্যর্থঃ। দ্রবিণং দ্রব্যসম্পৎ ধাম প্রভাবঃ তথা নরলোকস্য মনসাং অভিরামোঽভিরমণং যস্মাত্তং। কিঞ্চ কালে বিবাহাবসরে ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মতী কুলবতী ত্বাং পতিং ন বৃণীত। তেন কুরূপা দুঃশীলা কুবুদ্ধিরনভিজাতৈব অশৃণ্বতী বা ত্বাং ন বৃণীতে ইতি ভাবঃ। কীদৃশং কুলাদিভিরাত্মনৈব তুল্যং নিরুপমমিত্যর্থঃ। কালে স্বসময়ে ইতি অন্যা অপি মত্তুল্যাঃ বহ্ব্যা এব কন্যাঃ স্বসময় এব ত্বাং বরিষ্যন্তি নত্বধুনৈব মৎসময় ইতি ভাবঃ। হে নৃসিংহ নরশ্রেষ্ঠ হে সিংহবদ্দুর্ব্বশেতি ন মে ত্বদ্বশীকারে কাপী-চ্ছাস্তীতি ভাবঃ। তদপি নরলোকমাত্রস্যৈব ত্বং মনোঽভিরময়সীতি মন্মনসঃ কোঽপরাধ ইতি ভাবঃ ॥ ৩০ ॥

আপনার ন্যায় রূপযৌবনসম্পন্ন বিশাল-কুলসম্ভব অতুল-তেজস্বী ধনবান্ ও বিদ্যাবান্ এবং নরলোকের মনোহারী মনের মত ব্যক্তিকে বিবাহের উপযুক্ত বয়সে পতিরূপে বরণ না করে ?। ৩০ ॥

আভাস।

এতদুত্তরে রুক্মিণী তাঁহাকে মুকুন্দ বলিয়া সম্বোধনে প্রকাশ করিলেন যে, হে শ্রীকৃষ্ণ! বিকসিত কুন্দকুসুমের ন্যায় হাস্যের প্রকাশে আমাকেই কেবল উপহাস করিবার সাবকাশ সম্প্রতি পাইয়াছেন বটে, কিন্তু আমার ন্যায় কন্যাকাল উপস্থিত হইলে, অনেক কামিনীকেই আপনি ক্রমশ উপহাস করিতে পাইবেন। আমার বিবাহের উপযুক্ত কাল উপস্থিত হইয়াছে ; এবং অনুরূপ বর আপনাকে পাইয়াছি ; সেই নিমিত্তই এরূপ ভাব প্রকাশে লজ্জা পাইতেছি। তবে যাহারা কুরূপা দুঃশীলা কুবুদ্ধি বা নীচ বংশে জন্মগ্রহণ করিয়াছে, তাদৃশী কন্যা কোন্ সাহসে আপনাকে বরণের ইচ্ছা করিবে ? অথবা যাহাদের ভাগ্যে আপনার রূপগুণের কথা শ্রবণ করা ঘটে নাই, তাহারাই বা কেন প্রার্থনা করিবে ? হে নৃসিংহ ! সিংহকে কেহ বশীভূত করিতে পারে না ; আমিও আপনার ন্যায় পুরুষোত্তমকে বশীভূত করিতে বাসনা করি না। তবে আপনি মানব মাত্রেরই মনোমুগ্ধকারী ; সেই নিমিত্ত আমার মনও আপনাতে আকৃষ্ট হইয়াছে। তাহাতে মনের কোন অপরাধ নাই ॥ ৩০ ॥

হে কমললোচন ! এই সমস্ত ব্যাপার অবগত হইয়া, আমি পূর্ব্বেই আপনাকে আত্ম-সমর্পণ করিয়াছি. আমার প্রাণ, মন, জীবন, যৌবন ও দেহ সকলই আপনাকে পূর্ব্বেই

তন্মে ভবান্ খলু বৃতঃ পতিরঙ্গ জায়ামাত্মার্পিতশ্চ ভবতোঽত্র বিভো বিধেহি।

অন্বয়ঃ।

অঙ্গ হে অচ্যুত! তৎ তস্মাৎ, মে ময়া, ভবান্ খলু নিশ্চয়েন, পতিঃ বৃতঃ; আত্মা দেহঃ চ ভবতে অর্পিতঃ অতঃ হে বিভো! ত্বং অত্র আগত্য মাং ভবতঃ জায়াং ভার্য্যাং, বিধেহি

শ্রীধরস্বামী।

হে বিভো তৎ তস্মাৎ মে ময়া ভবান্ খলু পতি র্বৃতঃ আত্মাচ ভবতেঽর্পিতঃ। অতস্ত্বমত্রাগত্য মা মাং ভবতো জায়াং বিধেহি। বিপক্ষে বাধকং দ্যোতয়ন্ত্যাহ মা বীরভাগমিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মাদেবং তস্মাৎ ময়া ভবান্ পতি র্বৃতঃ প্রথমমেব নত্বধুনা ব্রিয়সে। আত্মা জীবো দেহশ্চার্পিতঃ। পত্রীপ্রেষণং তু ভবন্মনোনির্দ্ধারজ্ঞাপনার্থমেব ভবতোঽঙ্গীকারে সতীমং পালয়ামি অনঙ্গীকারে তু জ্বালয়ামি নতু কস্মৈচিদপি দদামি যদি স্বয়ং ব্রহ্মাপ্যাগত্য স্বয়ং বদেদিতি ভাবঃ। কিন্ত্বাত্মনিবেদনমিদং মে বলিরাজবন্ন নির্ভাবমেব কিন্তু সভাবমেবেত্যাহ হে বিভো ভবতো জায়াং বিধেহি। যথা কশ্চিৎ কস্মৈচিৎ কিমপি ভোজ্যং দত্ত্বা ইদং ত্বয়া স্বয়ং ভোক্তব্যমেবেতি ব্রূতে ইত্যতো নির্ভাবাং স্বভাবমাত্মনিবেদনং প্রেমস্পর্শিত্বাচ্ছ্রেষ্ঠ-

---

হে প্রাণপ্রিয় অচ্যুত! এই সমস্ত আলোচনা করিয়াই আমি আপনাকে পতিরূপে বরণ করিয়াছি; এবং মনে মনে এই দেহ আপনাকে সমর্পণ করিয়াছি। এক্ষণে হে বিভো! আপনি এই স্থানে আগমন করত আমাকে আপনার পত্নীত্বে গ্রহণ করুন্! হে পদ্মপলাশলোচন! শৃগাল যেমন কেশরীর

আভাস

সমর্পণ করিয়াছি; এক্ষণে পত্র প্রেরণ কেবল আপনার অভিপ্রায় অবগত হইবার প্রার্থনায় মাত্র। আপনি ইহার ভার গ্রহণ করিতে স্বীকার করিলে, ইহাদিগকে পালন করিব; অস্বীকার করিলে, স্বয়ং জ্বলন্ত হুতাশনে এ প্রাণ দগ্ধ করিব, তথাপি অন্য কাহাকেও পুনরায় সমর্পণ করিব না। এসম্বন্ধে ব্রহ্মার অনুরোধও আমি রক্ষা করিব না। কিন্তু হে বিভো! আমার আত্ম-সমর্পণ বলিরাজের ন্যায়, ভাবশূন্য নহে; এ সমর্পণের অভিসন্ধি অতীব গূঢ়! আমাকে পত্নীরূপে প্রতিগ্রহ করিতে হইবে। অর্থাৎ যেমন কেহ কাহাকে কোন ভোজ্য বস্তু প্রদান করিয়া বলেন যে, ইহা আপনাকে স্বয়ং ভোজন করিতে হইবে, সেইরূপ রুক্মিণী আত্মসমর্পণের দ্বারা ভাবহীন সম্প্রদানের বিপরীতে, প্রেমপূর্ণ ভাববিশিষ্টত্বেরই পরিচয় দিয়াছেন। তিনি আরও প্রকাশ করিয়াছেন যে, তাঁহাকে পত্নীরূপে স্বীকার করা হউক বা নাই হউক, অনর্থক ব্রাহ্মণকে নিজ সমীপে বিলম্ব করাইয়া শ্রীকৃষ্ণ যেন তাঁহাকে আর অধিককাল সংশয়-স্থলে না রাখেন; যাহা তাঁহার মন্তব্য, তাহা প্রকাশে সত্বর ব্রাহ্মণকে যেন প্রেরণ করেন। শ্রীকৃষ্ণ রুক্মিণীকে গ্রহণ করিবেন কি না, তাহা রুক্মিণী অবগত হইতে অভিলাষ করেন। রুক্মিণীর বলিবার তাৎপর্য্য এই যে, হে অচ্যুত! বিবাহ করা সম্বন্ধে

মা বীরভাগমভিমর্ষতু চৈদ্য আরাদ্গোমায়ুবন্মৃগপতের্বলিমম্বুজাক্ষ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

সম্পাদয়! হে অম্বুজাক্ষ! পদ্মপলাশলোচন! মৃগপতেঃ সিংহস্য, বলিং ভাগং, গোমায়ুবৎ গোমায়ুঃ শৃগালঃ, যথা স্পৃশেৎ তথা বীরভাগং (বীরস্য তব ভাগং) মাং, আরাৎ শীঘ্রং, আগত্য চৈদ্যঃ শিশুপালঃ, মা ন অভিমর্ষতু ন স্পৃশতু ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

বীরস্য তব ভাগং মাং আরাৎ শীঘ্রং এত্য আগত্য চৈদ্যো মাভিমর্ষতু মা স্পৃশতু মৃগপতেঃ বলিং গোমায়ুঃ শৃগাল ইবেতি ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিতি জ্ঞেয়ং। কিঞ্চ স্বস্যাঙ্গীকারমনঙ্গীকারং বা ব্রাহ্মণং শীঘ্রং প্রেষ্যাহং জ্ঞাপনীয়েত্যাহ মেতি। বীরস্য তব ভাগমিদং চৈদ্যো মাভিমর্ষতু। ময়ি ত্বদাশয়া দেহমিমমদহত্যামকস্মাৎ চৈদ্য আগত্য যদি স্পৃশেৎ তৎক্ষণএব ত্বদাশায়াং নিবৃত্তায়াং ত্বদ্বিরহাগ্নিরেবাতিপ্রজ্বলিত এব ভস্মীভূতং কুর্য্যাদেব। কিন্তু তবাপ্রতিষ্ঠা ভাবিনীতি মে ভয়মিতি ভাবঃ। অপ্রতিষ্ঠামেবাহ মৃগপতে র্বলিং গোমায়ুঃ শৃগাল ইবেতি। অম্বুজাক্ষেতি তদানীং ত্বন্নয়নকমলং ধ্যায়ন্ত্যা মম তু দেহে দহ্যমানেঽপি ন তাপো ভাবীতি ভাবঃ ॥ ৩১ ॥

ভাগ স্পর্শ করিতে কখন অগ্রসর হয় না, সেইরূপ আপনার ন্যায় বীর-কেশরীর ভাগে প্রদত্ত মদীয় দেহকে যেন চেদিপতি নিকৃষ্ট শিশুপাল কখন অকস্মাৎ স্পর্শ করিতে সাহসী না হয়! ॥ ৩১ ॥

আভাস।

আপনার অভিপ্রায় অবগত হইতে না পারিয়া, সন্দিগ্ধচিত্তে আমি দেহ দগ্ধ না করিয়া অবস্থান করিব, অথচ যদি এই বীরের ভোগ্য ভাগ তুচ্ছ চৈদ্য আসিয়া অকস্মাৎ স্পর্শ করে, তখন আপনার বিরহানলেই ইহা ভস্মীভূত হইবে। আমি বিষম বিরহানলে প্রজ্বলিত হইয়া দগ্ধ হই, তাহাতে ক্ষতি নাই; কিন্তু জগতে শরণাগতকে আশ্রয় না দেওয়ার যে কলঙ্ক তাহা পাছে আপনার ন্যায় বীর-চরিত্রে প্রথিত হয়, এই ভয়েই আমি সতত ভীত। লোকে বলিবে যে, সিংহের ভাগ অদ্য শৃগাল নির্ভয়ে হরণ করিল। শিশুপাল আসিয়া আমার পাণিগ্রহণ করিবে, এ সংবাদই আমার হৃদয়কে বিদগ্ধ করিত; কিন্তু হে অম্বুজাক্ষ! আপনার অম্বুজতুল্য লোচনদ্বয়ের চিন্তাতেই আমার হৃদয় এতই সুশীতল আছে যে, ঈদৃশ বৃথার হুতাশন তাহাকে স্পর্শ করিতেও সমর্থ হইতেছে না ॥ ৩১ ॥

হে পুরুষোত্তম! যদি বলেন যে, সামান্য এক জন্মের সুকৃতির ফলে আপনার ন্যায় দুর্ল্লভ পুরুষকে পাইবার আশা করা আমার পক্ষে অন্যায়; তদুত্তরে বলি যে, সকামভাবে বা নিষ্কামভাবে আমি পূর্ব্ব পূর্ব্ব জন্মে যদি দান, ব্রত, হোম, তপস্যা, কৃচ্ছ্র চান্দ্রায়ণ, পূর্ত্ত প্রতিষ্ঠা বা দেব, অতিথি, ব্রাহ্মণ ও গুরুগণের সেবাদিরূপ যে কোন পুণ্যকর্ম্মের অনুষ্ঠানে ভগবান্

পূর্ত্তেষ্ট-দত্ত-নিয়ম-ব্রত-দেববিপ্র-গুর্ব্বর্চ্চনাদিভিরলং ভগবান্ পরেশঃ।
আরাধিতো যদি গদাগ্রজ এত্য পাণিং গৃহ্লাতু মে ন দমঘোষসুতাদয়োঽন্যে ॥৩২॥

অন্বয়ঃ।

পূর্ত্তেষ্টদত্তনিয়মব্রতদেববিপ্রগুর্ব্বর্চ্চনাদিভিঃ (পূর্ত্তং বাপীকূপাদি ইষ্টং অগ্নিহোত্রাদি কর্ম্ম, দত্তং হিরণ্যাদিদানং, নিয়মঃ তীর্থস্নানাদিঃ, ব্রতং কৃচ্ছ্রাদি, তথা দেবাদীনাং অর্চ্চনং এভিঃ) যদি পরেশঃ (পরেষাং ব্রহ্মাদীনাং ঈশঃ নিয়ন্তা) ভগবান্ অলং অত্যর্থং, ময়া আরাধিতঃ তদা (তেন প্রসন্নঃ) গদাগ্রজঃ কৃষ্ণঃ এব এত্য মে মম পাণিং গৃহ্লাতু ন তু অন্যে দমঘোষসুতাদয়ঃ শিশুপালাদয়ঃ॥ ৩২॥

শ্রীধরস্বামী।

অনেকজন্মকৃতৈঃ সুকৃতৈরিদমেব ভূয়াদিতি প্রার্থয়তে পূর্ত্তেতি পূর্ত্তং কূপাদি। ইষ্টং অগ্নিহোত্রাদি। দত্তং হিরণ্যাদি। নিয়ম স্তীর্থাটনাদি ব্রতং কৃচ্ছ্রাদি॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অয়ে মহাদুর্ল্লভপুরুষ ত্বং নৈকজন্মসুকৃতলভ্য তস্মাৎ সামান্যত ত্বৎপ্রাপ্তিকাময়া নিষ্কাময়া বা যদি ময়া পূর্ব্বপূর্ব্বজন্মসু বহূনি সুকৃতানি তদা তেষামেব এষ ফলবিশেষো ভূয়াদিতি প্রার্থয়তে। পূর্ত্তেতি। পূর্ত্তেষ্টদত্তৈ র্ভগবৎসংপ্রদানকৈ র্নিয়মৈ স্তীর্থস্নানাদিভি ব্রতৈরেকাদশ্যাদিভিঃ দেববিপ্রগুর্ব্বর্চ্চনৈ র্ভগবদর্চ্চনাঙ্গৈ র্যদি ময়া ভগবান্ অলমতিশয়েনারাধিত স্তদা মানুষ্যা মে মানুষ এব ভগবান্ গদাগ্রজঃ আগত্য পাণিং গৃহ্লাতু নত্বন্যো নারায়ণাদয়োঽপি দেবা মানুষা বেত্যর্থঃ। দমঘোষসুতস্য তত্রাদিত্বেনোল্লেখস্তু তদ্বিবাহস্য প্রস্তুতত্বাদেব॥ ৩২॥

আমি যদি কখন কোন জন্মে কূপ আরামাদির প্রতিষ্ঠা, অগ্নিহোত্রাদি স্মার্ত্ত কর্ম্মের অনুষ্ঠান, সৎপাত্রে হিরণ্যাদির দান, তীর্থাদিতে স্নান, চান্দ্রায়ণাদি কৃচ্ছ্র ব্রতের অনুষ্ঠান এবং দেব দ্বিজ ও গুরুর অর্চ্চনা দ্বারা পরাৎপর পরমেশের বিশেষ আরাধনা করিয়া থাকি, তবে সেই ফলে ভগবান্ শ্রীকৃষ্ণ সুপ্রসন্ন হইয়া, এই স্থানে আগমন করত আমার পাণিগ্রহণ করুন্! দমঘোষনন্দন শিশুপালাদির হস্তে যেন আমাকে নিপতিত হইতে না হয়॥ ৩২॥

আভাস।

নারায়ণের অর্চ্চনা করিয়া থাকি, তবে সেই ফলে যেন আমার ন্যায় মানুষীর পাণি মনুষ্যরূপধারী ভগবান্ আসিয়াই গ্রহণ করেন; এই মাত্র প্রার্থনা!॥ ৩২॥

হে জীবনবল্লভ! আমার পুণ্যকর্ম্মে প্রীত হইয়া যদি আপনি আমাকে গ্রহণ করিতে স্বীকার করেন, তাহা হইলে মদীয় বন্ধুবর্গ শিশুপালের হস্তে আমাকে সম্প্রদান করিবার বাসনা করিলেও তৎপ্রতীকারার্থ আমি নিজেই তাহার উপায় নির্দ্ধারণ করিতেছি; শ্রবণ করুন্! হে অজিত! আপনাকে কেহ পরাজয় করিতে পারিবে না। অতএব আগামী কল্য যখন বিবাহের দিন স্থির হইয়াছে, তখন আপনি নির্ভয়-চিত্তে সৈন্যসামন্ত না লইয়াই একাকী

শ্বো ভাবিনি ত্বমজিতোদ্বহনে বিদর্ভান্ গুপ্তঃ সমেত্য পৃতনাপতিভিঃ পরীতঃ।
নির্ম্মথ্য চৈদ্যমগধেশ বলং প্রসহ্য মাং রাক্ষসেন বিধিনোদ্বহ বীর্য্যশুল্কাং ॥ ৩৩

অন্বয়ঃ।

হে অজিত! উদ্বহনে বিবাহে, শ্বোভাবিনি সতি ত্বং প্রথমং গুপ্তঃ অলক্ষিতঃ এব বিদর্ভান্ দেশান্ সমেত্য, পশ্চাৎ পৃতনাপতিভিঃ সেনাপতিভিঃ পরীতঃ পরিবৃতঃ সন্ চৈদ্যমগধেশবলং নির্ম্মথ্য পরাভূয়, প্রসহ্য বলাৎ রাক্ষসেন বিধিনা বীর্য্যশুল্কাং (বীর্য্যং প্রভাবদর্শনং এব শুল্কং বৈবাহিকং দেয়ং যস্যাঃ তাং) মাং উদ্বহ বিবাহয়! ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

চৈদ্যায় বন্ধুভিরর্পিতায়াং ত্বয়ি কিমধুনা করণীয়মিত্যপেক্ষায়ামাহ শ্বোভাবিনীতি। হে অজিত শ্বো ভাবিনি উদ্বহনে বিবাহে প্রথমং গুপ্তঃ অলক্ষিত এব আগত্য পশ্চাৎ পৃতনাপতিভিঃ পরিবৃতঃ সন্ চৈদ্যাদি বলং নির্ম্মথ্য প্রসহ্য হঠাৎ বীর্য্যং প্রভাবদর্শনমেব শুল্কং বৈবাহিকং দেয়ং যস্যাস্তাং। মাং রাক্ষসেন বিধিনোদ্বহেতি উপদেশরহস্যং ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সত্যং কৃতৈঃ পূর্ব্বসুকৃতৈ স্ত্বমঙ্গীকার্য্যেব ময়া কিন্তু চৈদ্যায় বন্ধুভি র্দাস্যমানায়াং ত্বয়ি কিমধুনা করণীয়মিত্যপেক্ষায়াং স্বয়মেবোপায়মুপদিশতি। শ্ব ইতি হে অজিত ত্বং কৈরপি জেতুমশক্য ইত্যর্থঃ। অতো নির্ভয়ত্বাৎ শোভাবিনি উদ্বহনে বিবাহে প্রথমং স্বসৈন্যরহিত এব গুপ্তোঽলক্ষিত এবাগত্য কুণ্ডিনপুরীং প্রবিশ্য পশ্চাদেব স্বশোভাখ্যাপনার্থং পৃতনাপতিভিঃ পরীতো ভব। অন্যথৈতৎপুরপ্রবেশো ঝটিতি দুষ্করঃ। অত্রত্যৈ র্বীরৈ র্দূরাদেব ত্বয়া সহ যোদ্ধুং শ্রয়াস্যতে হবশ্যমিতি ভাবঃ। পুরপ্রবেশে তু সতি ময়া বিবাহশোভাপ্রেক্ষণার্থ-মেবাগতমিতি বদতা ত্বয়া সহ যদি বীরা যোদ্ধুং কারণাভাবাদেব ন প্রক্রংস্যন্তে তদা ত্বয়া সুখেনৈবাহং হরণীয়া। যদি চানিষ্টাশঙ্কিনো যোৎস্যন্ত এব তদা স্বশৌর্য্যমাবিষ্কার্য্য-মেবেত্যাহ নির্ম্মথ্যেতি সমুদ্রং নির্ম্মথ্য যথা লক্ষ্মী র্গৃহীতা তথৈবেতি ভাবঃ। প্রসহ্য হঠাদেব বীর্য্যং প্রভাবদর্শনমেব শুল্কং বৈবাহিকদেয়ং যস্যা স্তাং মাং ॥ ৩৩ ॥

হে অজিত! আগামী কল্যই বিবাহের দিন স্থির হইয়াছে। আপনি প্রথমত অন্যের অলক্ষিতভাবে এই বিদর্ভপুরে উপস্থিত হইবেন; পরে সৈন্যসামন্তে পরিবৃত হইয়া, শিশুপাল ও জরাসন্ধাদির সৈন্যকুলকে বিধ্বস্ত করত, রাক্ষস-বিধানে কেবল বলের পরিচয়ে আমার পাণিগ্রহণ করিবেন ॥৩৩

আভাস।

উপস্থিত হইবেন; এবং গোপনে অন্যের অলক্ষিতভাবে এই কুণ্ডিনপুরে প্রবেশ করিবেন; যেন বিবাহের উৎসব দর্শনার্থই আপনি প্রবেশ করিতেছেন। তাহা হইলে পুররক্ষিগণ সন্দেহ না করিয়া, আপনাকে পুরির মধ্যে প্রবেশের নিষেধ করিবে না। এস্থান হইতে আমাকে হরণ করত যখন প্রস্থান করিবেন, সেই সময়ে যেন আপনার সৈন্যগণ প্রস্তুত

অন্তঃপুরান্তরচরীমনিহত্য বন্ধূংস্ত্বামুদ্বহে কথমিতি প্রবদাম্যুপায়ং।
পূর্ব্বেদ্যুরস্তি মহতী কুলদেবযাত্রা যস্যাং বহির্নববধূর্গিরিশামুপেয়াৎ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

ননু তব বন্ধূন্ অনিহত্য অন্তঃপুরান্তরচরীং ত্বাং কথং উদ্বহে ইতি চেৎ তত্র উপায়ং প্রবদামি; বিবাহদিনাৎ পূর্ব্বেদ্যুঃ মহতী কুলদেবযাত্রা (কুলদেবদর্শনার্থা যাত্রা ভবতি) যস্যাং যাত্রায়াং, নববধূঃ পুরাৎ বহিঃ স্থিতাং গিরিশাং পার্ব্বতীং দ্রষ্টুং উপেয়াৎ গচ্ছেৎ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

ননু ভবতু শিশুপালাদিবলপ্রমথনং অন্তঃপুরমধ্যে গতায়া তব হরণে ত্বদ্বন্ধুবধোঽপি প্রসজ্জেত ইত্যত আহ অন্তঃপুরেতি পুরাদ্বহির্বর্ত্তমানাং গিরিশামম্বিকাং অম্বিকাগৃহাদেব মম হরণং সুকরমিতি ভাবঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু ভবতু শিশুপালাদিবলপ্রমথনং অন্তঃপুরস্থায়া তব হরণে ত্বদ্বন্ধুবধোঽপি প্রসজ্জেতেত্যত আহ। অন্তঃপুরেতি কথমিত্যনন্তরং ব্রূষে চেদিতি শেষঃ। পুরাদ্বহির্বর্ত্তমানাং গিরিশামম্বিকাং অম্বিকাগৃহাদেব মম হরণং সুকরমিতি ভাবঃ ॥ ৩৪ ॥

আমি অন্তঃপুরচারিণী! সুতরাং আমাকে হরণ করিতে হইলে, রক্ষকরূপে বিদ্যমান মদীয় আত্মীয় স্বজনকেই নিহত করিতে হইবে, এইরূপ আপনি পাছে আশঙ্কা করেন, এই নিমিত্ত তাহার উপায় বর্ণন করিতেছি, আপনি শ্রবণ করুন! বিবাহের পূর্ব্ব দিবসে কুলদেবতার দর্শনার্থ আমাদের সেখানে গমনের প্রথা আছে। এবং এই গমনোপলক্ষে নববধূ পুরের বাহিরে অবস্থিতা পার্ব্বতীকে দর্শনার্থ তথায় গমন করিয়া থাকে ॥ ৩৪ ॥

আভাস।

থাকে; রাজন্যবর্গের সহিত যুদ্ধের বিশেষ প্রয়োজন হইবে। তবে একাকী পুর-প্রবেশ কালেও যদি প্রহরিগণ সন্দেহ বশত নিবারণ করে ও সংগ্রামে প্রবৃত্ত হয়, তবে সমুদ্রমন্থন পূর্ব্বক যেমন লক্ষ্মীকে গ্রহণ করিয়াছিলেন, সেইরূপ শৌর্য্য, বীর্য্য ও প্রভাবের পরিচয়ে আমাকেও সংগ্রহ করিবেন। আমার বিবাহে বীর্য্যের প্রকাশই অনুরূপ শুল্ক; আর কোন রূপ যৌতুকের প্রয়োজন নাই ॥ ৩৩ ॥

শিশুপালাদির বলক্ষয় করা আপনার পক্ষে অন্যায্য নহে; কিন্তু অন্তঃপুর হইতে হরণ-কালে পাছে আমার বন্ধুবর্গের বিনাশ আপনার দ্বারা সাধিত হয়, এই ভয়ে যদি আপনি কুণ্ঠিত হন, তাহারও উপায় আমি অবধারণ করিতেছি। বিবাহোৎসবে আমাদের কুলপ্রথা অনুসারে পুরীর বহির্দেশস্থ অম্বিকালয়ে যখন আমি দর্শনার্থ গমন করিব, আপনি সেই স্থান হইতে আমাকে হরণ করিলে, আমার বন্ধুগণের সহিত আপনার কোন সংস্রবই ঘটিবে না ॥ ৩৪ ॥

শ্রীকৃষ্ণ পাছে বলেন যে, নিরর্থক অনর্থকর ব্যাপারে লিপ্ত হইবার প্রয়োজন কি? চৈদ্য ত

যস্যাঙ্ঘ্রিপঙ্কজরজঃস্নপনং মহান্তো বাঞ্ছন্ত্যমাপতিরিবাত্মতমোপহত্যৈ।

অন্বয়ঃ।

হে অম্বুজাক্ষ! কমললোচন! যস্য তব অঙ্ঘ্রিপঙ্কজরজঃস্নপনং (অঙ্ঘ্রিপঙ্কজরজোভিঃ স্নপনং) আত্মতমোপহত্যৈ (আত্মনঃ তমসঃ অজ্ঞানস্য অপহত্যৈ নিবৃত্ত্যর্থং) উমাপতিঃ ইব

শ্রীধরস্বামী।

নন্বু কিমনেনানর্থকারিণা নির্ব্বন্ধেন চৈদ্যোঽপি তাবৎ প্রখ্যাতগুণকর্ম্মা যোগ্যএব বর ইতি চেৎ তত্রাহ যস্যেতি। হে অম্বুজাক্ষ যস্য ভবতো অঙ্ঘ্রিপঙ্কজরজোভিঃ স্নপনং আত্মনস্তমোপহত্যৈ উমাপতিরিব মহান্তো বাঞ্ছন্তি তস্য ভবতঃ প্রসাদং যদাহং ন লভেয় ন প্রাপ্নুয়াং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদি চৈবং ব্রূষে ভো রাজপুত্রি মৎপ্রাপকপ্রাচীনসুকৃতানি ন তে সন্তি কথং মৎপ্রসাদং লিপ্স্যসে ইতি তর্হি ভাবিনি জন্মনি ত্বংপ্রাপ্ত্যর্থমেতজ্জন্মনি ব্রহ্মচারিণী সতী তপঃ করিষ্যে যদি চৈকজন্মতপসা ন পর্য্যাপ্তি স্তর্হি কোটিজন্মপর্য্যন্তমপি তপঃ করিষ্যে। মম ত্বংপ্রাপ্ত্যাগ্রহস্তু ময়া দুর্বার এব যদি চ বক্ষ্যসে। মৎপ্রাপ্তিপ্রতিবন্ধকানি বহূনি তে দুরিতানি সন্তীতি তর্হি তপসৈব লভ্যাভিস্তুচ্চরণধূলিভি স্তান্যপি ধ্বংসয়িষ্যামেবেত্যাহ যস্য ভবতোঽঙ্ঘ্রিপঙ্কজরাজোভিঃ স্নপনং আত্মনস্তমসোঽপহত্যৈ উমাপতিরিব মহান্তো বাঞ্ছন্তীত্যহমপি তপোলব্ধৈস্তৈরেব স্নাত্বা স্বদুষ্কৃতানি নাশয়িষ্যামীতি ভাবঃ। ভবদিতি ষষ্ঠ্যালুগার্ষঃ। তস্য ভবতো যর্হি যদি প্রসাদং ন লভেয়ং তদা ব্রতৈরুপবাসাদিভিঃ কৃশান্ প্রাণান্ জহ্যাং ত্যজেয়ং।

হে কমললোচন! আপনার চরণকমলের রজে স্নান করিয়া, নিজের অজ্ঞান-অন্ধকার নিবারণার্থ ত্রিলোচনের ন্যায় ব্রহ্মাদি শ্রেষ্ঠ লোকপালগণও যখন প্রার্থনা করেন, তখন আমি যদি সেই আপনার প্রসাদে বঞ্চিত হই, তবে আমার জীবন ধারণে আর প্রয়োজন নাই। আমি উপবাসাদি কৃচ্ছ্র

আভাস।

অল্পগুণবান্ ব্যক্তি নহে; তিনিও একজন বিখ্যাত ব্যক্তি; তাঁহার সহিত বিবাহও নিতান্ত অপ্রার্থনীয় নহে। তদুত্তরে রুক্মিণী বলিলেন, হে পদ্মপলাশলোচন! অন্যের পক্ষে শিশুপাল উপযুক্ত পাত্র হইতে পারে, আমার পক্ষে কোন অংশে প্রার্থনীয় নহে। আমার প্রার্থনীয় একা আপনি মাত্র। আপনার সহিত ত তাহার কোন অংশে তুলনা হয় না। কারণ আপনার চরণরজঃ ত্রিলোচনের ন্যায় ব্রহ্মাদি দেবতাগণও যখন কায়মনোবাক্যে প্রার্থনা করেন; সর্ব্বতীর্থময়ী গঙ্গা যে পাদপদ্ম হইতে নিঃসৃত হইয়া, ত্রিভুবনকে পবিত্র করেন, অদ্য সেই মানব-বিগ্রহধারী পরাৎপর ভগবানকে উপস্থিত পাইয়া, আমি অন্য বরকে কখনই প্রার্থনা করিব না। হে বাঞ্ছাকল্পতরো! আপনাকে পতিরূপে প্রাপ্ত হইতে হইলে, ঘোরতর তপস্যার অনুষ্ঠানে যদি শত জন্মও প্রাণ পরিত্যাগ করিতে হয়, তাহাও আমার পক্ষে মঙ্গল; তথাপি অন্য কাহাকেও পতিরূপে বরণে অগ্রসর হইব না। আপনার কমলবদন আমার হৃদয়ে

যদ্যম্বুজাক্ষ ন লভেয় ভবৎপ্রসাদং জহ্যামসূন্ ব্রতকৃশান্ শতজন্মভিঃ স্যাৎ ॥ ৩৫

ব্রাহ্মণ উবাচ ॥

ইত্যেতে গুহ্যসন্দেশা যদুদেব ময়া হৃতাঃ।

অন্বয়ঃ।

অন্যে অপি মহান্তঃ ব্রহ্মাদয়ঃ দেবাঃ বাঞ্ছন্তি তস্য ভবতঃ প্রসাদং যদি অহং ন লভেয় প্রাপ্নুয়াং, তর্হি ব্রতকৃশান্ (ব্রতৈঃ উপবাসাদিভিঃ কৃশান্) অসূন্ প্রাণান্ জহ্যাং ত্যজেয়ং। এবং শত-জন্মভিঃ স্যাৎ বারং বারং জহ্যাং যাবৎ তব প্রসাদঃ সাৎ ॥ ৩৫ ॥

ব্রাহ্মণঃ উবাচ। হে যদুদেব! ইতি এতে গুহ্যসন্দেশাঃ রুক্মিণ্যুক্তাঃ ময়া আহৃতাঃ

শ্রীধরস্বামী।

তর্হি ব্রতৈরুপবাসাদিভিঃ কৃশান্ অসূন্ প্রাণান্ জহ্যাং ত্যজেয়ং। ততঃ কিমিত্যত আহ শত-জন্মভিরিতি। এবমেব বারং বারং জহ্যাং যাবচ্ছতজন্মভিরপি তব প্রসাদঃ স্যাদিতি ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততঃ কিমিত্যত আহ শতজন্মভিরিতি। এবমেবং বারং বারং জহ্যাং যাবচ্ছতজন্মভিরপি তব প্রসাদঃ স্যাদিতি। হে অম্বুজাক্ষেতি তব সুন্দরনয়নাবলোকলিপ্সৈব মমৈতাদৃশকৃচ্ছ্রকরণে হেতুরিতি ভাবঃ ॥ ৩৫ ॥

গুহ্যসন্দেশা ইতি ভগবন্মম সপথো ন কাপ্যেতে প্রকাশ্যা স্তর্হি তস্যা লজ্জা ভবিষ্যতীতি ভাবঃ। যদুদেব ইত্যত্রার্থে যদুভিরপি সহ মন্ত্রণা ন কার্য্যা। যতস্তেষামপি ত্বমেব দেব ইতি স্বয়মেব স্ববুদ্ধ্যা বিমৃশ্য যৎ কর্ত্তুং কর্ত্তব্যং তৎক্রিয়তাং অনন্তরমিতি কার্য্যমিদং বিলম্বং ন সহত ইতি ভাবঃ ॥ ৩৬ ॥

ব্রতের অনুষ্ঠানে শত জন্ম জীবন পরিত্যাগ করিব, তথাপি আপনার আশা কখন পরিত্যাগ করিব না ॥ ৩৫ ॥

রুক্মিণীর উক্তি আদ্যোপান্ত পাঠ করিয়া ব্রাহ্মণ বলিলেন, হে যদুপতে! রুক্মিণীর কথিত এই রহস্য কথা সমস্তই আপনার নিকট বর্ণন করিলাম;

আভাস।

নিরন্তর জাগরূক রহিয়াছে। আপনার উদ্দেশে তপস্যার ক্লেশে বারংবার প্রাণ বিসর্জ্জন করিলেও কি চরণ প্রদানে আমাকে কৃতার্থ করিবেন না? ॥ ৩৫ ॥

ব্রাহ্মণ রুক্মিণীর কথা বর্ণন করিয়া বলিলেন, হে যদুপতে! এই সমস্ত গুহ্যবিষয় আপনার নিকট বর্ণন করিলাম। ইহা কখন অন্যের নিকট প্রকাশ করা উচিত নহে; তাহা হইলে রুক্মিণী বিশেষ লজ্জা পাইবেন, সন্দেহ নাই। তবে এতৎসম্বন্ধে আপনার যাহা কর্ত্তব্য বিবেচনা হয়, সত্বর তাহার ব্যবস্থা করুন! বিলম্ব করিবেন না। রুক্মিণী আপনার আশাপথ প্রতীক্ষা করিয়া, জীবন ধারণ করিতেছেন ॥ ৩৬ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ের আভাস সমাপ্ত ॥

বিমৃষ্য কর্ত্তুং যচ্চাত্র ক্রিয়তাং তদনন্তরং ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে রুক্মিণ্যুদ্বাহে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫২ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

বৈদর্ভ্যাঃ সতু সন্দেশং নিশম্য যদুনন্দনঃ।
প্রগৃহ্য পাণিনা পাণিং প্রহসন্নিদমব্রবীৎ ॥ ১ ॥

অন্বয়ঃ।

আনীতাঃ ; অতঃ যৎ কর্ত্তুং যোগ্যং তৎ বিমৃষ্য বিচার্য্য, অনন্তরং ত্বরিতং এব অত্র ক্রিয়তাং ॥৩৬

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। বৈদর্ভ্যাঃ রুক্মিণ্যাঃ, সন্দেশং নিশম্য শ্রুত্বা, যদুনন্দনঃ সঃ কৃষ্ণঃ পাণিনা (দ্বিজস্য) পাণিং প্রগৃহ্য প্রহসন্ দ্বিজং প্রতি ইদং অব্রবীৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

অত্র যৎকর্ত্তুং করণীয়ং তদ্বিমৃশ্য ক্রিয়তাং তচ্চানন্তরমেব ক্রিয়তাং ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি দশমে দ্বিপঞ্চাশত্তমঃ ॥ * ॥

ত্রিপঞ্চাশত্তমে গত্বা বিদর্ভানদ্ভুতেহিতঃ। রুক্মিণীমহরৎ কৃষ্ণো মিষতাং দ্বিষতাং বলাৎ ॥১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

ত্রিপঞ্চাশত্তমে কৃষ্ণো গত্বা কুণ্ডিনমর্চ্চিতঃ।
ভীষ্মকেণাহরদ্ভৈষ্মীং দেব্যর্চ্চায়ৈ বিনির্গতাং ॥ * ॥

রুক্মিণী কৃষ্ণৈকচিত্তা বহিরন্তর্ব্যাকুলৈবাস্তি স্ম। স কৃষ্ণস্তু রুক্মিণ্যেকচিত্তত্বাদন্তর্ব্যাকুলোঽপি প্রহসন্ প্রহাসেন স্বহর্ষমাবিষ্কুর্ব্বন্ ॥ ১ ॥

এক্ষণে মনোমধ্যে বিচার করত আপনার যাহা কর্ত্তব্য হয়, তাহারই অনুষ্ঠান করুন্। ৩৬ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! যদুপতি কৃষ্ণ ব্রাহ্মণমুখে বিদর্ভ-নন্দিনীর বিবাহ-বার্ত্তা প্রভৃতি শ্রবণ করিয়া, স্বীয় করকমলে ব্রাহ্মণের হস্ত ধারণ পূর্ব্বক সহাস্যবদনে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১ ॥

আভাস।

ত্রিপঞ্চাশত্তম অধ্যায়ে অদ্ভুতকর্ম্মা শ্রীকৃষ্ণ বিদর্ভনগরে গমন পূর্ব্বক, শত্রুকুলের সমক্ষেই রুক্মিণীকে হরণ করেন, ইহাই বর্ণিত হইয়াছে॥

শ্রীভগবানুবাচ ॥
তথাহমপি তচ্চিত্তো নিদ্রাঞ্চ ন লভে নিশি।
বেদাহং রুক্মিণা দ্বেষান্মমোদ্বাহো নিবারিতঃ ॥ ২ ॥
তামানয়িষ্য উন্মথ্য রাজন্যাপসদান্ মৃধে।
মৎপরামনবদ্যাঙ্গীমেধসোঽগ্নিশিখামিব ॥ ৩ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। (যথা অসৌ বৈদর্ভী) তথা অহং অপি তচ্চিত্তঃ বৈদর্ভীগতচিত্তঃ সন্ ব্যাকুলতয়া নিশি নিদ্রাং চ ন লভে; (মদ্বিষয়কাৎ) দ্বেষাৎ রুক্মিণা মম উদ্বাহঃ নিবারিতঃ ইতি অহং বেদ জানামি ॥ ২ ॥

অতঃ রাজন্যাপসদান্ (রাজন্যেষু অপসদান্ অধমান্ শিশুপালাদীন্) মৃধে যুদ্ধে, উন্মথ্য অভিভূয়, এধসঃ কাষ্ঠাৎ, অগ্নিশিখাং ইব (যথা বায়ুঃ হরতি তথা) মৎপরাং (অহং এব পরঃ ভর্ত্তৃতয়া সম্মতঃ যস্যাঃ তাং) অনবদ্যাঙ্গীং (অনবদ্যানি অনিন্দিতানি শোভনানি অঙ্গানি যস্যাঃ তাং) তাং রুক্মিণীং আনয়িষ্যে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

নিদ্রায়া অলাভে কারণান্তরং বেদেতি তয়া অকথিতমপ্যহং জানামীতি ॥ ২ ॥

আনয়িষ্যে আনেষ্যামি ॥ রাজন্যাপসদান্ রাজস্বতিহীনান্। উন্মথ্য আনয়নে দৃষ্টান্ত এধস ইতি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেদ বেদ্মি ॥ ২ ॥

এধসোঽগ্নিশিখামিবেতি। এধসি বর্ত্তমানা অগ্নিশিখা প্রকটীভূতা যথা এধ এব জ্বালয়তি তথৈব রুক্মিপ্রভৃতিদুষ্টরাজন্যকুলেনাবৃতা সৈব তৎসর্ব্বং জ্বালয়িষ্যতি অহন্তু নিমিত্তমাত্রং ভবিষ্যামীতি ভাবঃ ॥ ৩ ॥

শ্রীকৃষ্ণ বলিলেন, হে দ্বিজবর! রুক্মিণীর ন্যায় আমার চিত্তও রুক্মিণীর জন্য এত উৎকণ্ঠিত হইয়াছে যে, রাত্রিতে আমার আর তজ্জন্য নিদ্রা হয় না; আমি জানি! রুক্মী আমার অতীব বিদ্বেষী; সেই আমার বিবাহের প্রতিবন্ধক করিয়াছে ॥ ২ ॥

কিন্তু সমীরণ যেমন ইন্ধন হইতে অনল-শিখাকে হরণ করিয়া থাকে, আমিও সেইরূপ রাজন্য-বেশধারী সেই নরাধমগণকে যুদ্ধে পরাজয় করত, সেই সর্ব্বাঙ্গসুন্দরী মৎপরায়ণা কামিনীকে আনয়ন করিব, সন্দেহ নাই ॥ ৩ ॥

অনন্তর মধুসূদন শ্রীকৃষ্ণ পর দিবস রাত্রিতে রুক্মিণীর বিবাহ হইবে অবগত হইয়া, সারথিকে তৎক্ষণাৎ সম্বোধন পূর্ব্বক বলিলেন, দারুক!

উদ্বাহর্ক্ষং স বিজ্ঞায় রুক্মিণ্যা মধুসূদনঃ।
রথঃ সংযুজ্যতামাশু দারুকেত্যাহ সারথিং ॥ ৪ ॥
সচাশ্বৈঃ সৈব্য সুগ্রীব মেঘপুষ্প বলাহকৈঃ।
যুক্তং রথমুপানীয় তস্থৌ প্রাঞ্জলিরগ্রতঃ ॥
আরুহ্য স্যন্দনং শৌরির্দ্বিজমারোপ্য তূর্ণগৈঃ।
আনর্ত্তাদেকরাত্রেণ বিদর্ভানগমদ্ধয়ৈঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

ততঃ সঃ মধুসূদনঃ কৃষ্ণঃ, রুক্মিণ্যাঃ উদ্বাহর্ক্ষং (পরশ্বো রাত্রৌ বিবাহনক্ষত্রং ইতি) বিজ্ঞায় হে দারুক! আশু রথঃ সংযুজ্যতাং অশ্বৈঃ সংযুক্তঃ ক্রিয়তাং ইতি সারথিং প্রতি আহ ॥ ৪ ॥

সঃ চ দারুকঃ সৈব্যসুগ্রীবমেঘপুষ্পবলাহকৈঃ তদাখ্যৈঃ চতুর্ভিঃ অশ্বৈঃ যুক্তং রথং উপানীয় প্রাঞ্জলিঃ সন্ অগ্রতঃ তস্থৌ ॥

শৌরিঃ শ্রীকৃষ্ণঃ, দ্বিজং স্যন্দনং রথং আরোপ্য স্বয়ং চ আরুহ্য তূর্ণগৈঃ শীঘ্রগামিভিঃ, হয়ৈঃ (রথে যোজিতৈঃ অশ্বৈঃ) একরাত্রেণ আনর্ত্তাৎ তস্যাং রাত্র্যাং প্রস্থায় প্রাতর্ বিদর্ভান্ অগমৎ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

উদ্বাহর্ক্ষমিতি পরশ্বো রাত্রৌ বিবাহনক্ষত্রমিতি বিজ্ঞায় তস্যাং রাত্র্যাং প্রস্থায় প্রাতর্বিদর্ভদেশানগমৎ শ্বো ভাবিনি তমজিতোদ্বহনে বিদর্ভান্ গুপ্তঃ সমেত্যেতি রুক্মিণী-সন্দেশাৎ ॥ ৪ ॥

সৈব্য ইত্যাদীনি চত্বারি অশ্বনামানি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদ্বাহর্ক্ষমিতি পরশ্বো রাত্রৌ বিবাহনক্ষত্রমিতি বিপ্রমুখাদ্বিজ্ঞায় ॥ ৪ ॥

শৈব্যাদীনাং বর্ণো যথা পাদ্মে। শৈব্যস্তু শুকপত্রাভঃ সুগ্রীবো হেমপিঙ্গলঃ। মেঘপুষ্পস্তু মেঘাভঃ পাণ্ডুরোহি বলাহক ইতি ॥

একা চাসৌ রাত্রিশ্চেতি একরাত্রস্তেন সন্ধ্যায়াং রুক্মিণীসন্দেশান্ শ্রুত্বা তদানীমেব রথ-মারুহ্য গচ্ছন্ প্রাতঃ কুণ্ডিনং প্রাপেত্যর্থঃ ॥ ৫ ॥

দ্রুতগামী অশ্বসমূহে সংযোজিত করিয়া শীঘ্র রথ প্রস্তুত কর! ॥ ৪ ॥

অনুমতি মাত্রেই দারুক সৈব্য সুগ্রীব মেঘপুষ্প ও বলাহক নামক দ্রুতগতি অশ্বচতুষ্টয়ে যোজিত রথ সম্মুখে আনয়ন করত, কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইলেন ॥

ভগবান্ প্রথমত ব্রাহ্মণকে রথে আরোহণ করাইয়া নিজে আরোহণ করিলেন এবং অতি দ্রুতগামী সেই সকল অশ্বের সাহায্যে সেই রাত্রিতেই আনর্ত্ত হইতে যাত্রা করিয়া, পরদিন প্রাতে বিদর্ভ নগরে উপনীত হইলেন ॥৫

রাজা স কুণ্ডিনপতিঃ পুত্রস্নেহবশানুগঃ।
শিশুপালায় স্বাং কন্যাং দাস্যন্ কর্ম্মাণ্যকারয়ৎ ॥ ৬ ॥
পুরং সংমৃষ্টসংসিক্ত মার্গরথ্যা চতুষ্পথং।
চিত্রধ্বজপতাকাভিস্তোরণৈঃ সমলঙ্কৃতং ॥ ৭ ॥
স্রগ্‌গন্ধমাল্যাভরণৈ র্বিরজাম্বরভূষিতৈঃ।
জুষ্টং স্ত্রীপুরুষৈঃ শ্রীমদ্‌গৃহৈরগুরুধূপিতৈঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

পুত্রস্নেহবশানুগঃ পুত্রস্নেহবদ্ধঃ, সঃ কুণ্ডিনপতিঃ রাজা ভীষ্মকঃ স্বাং কন্যাং রুক্মিণীং শিশুপালায় দাস্যন্ দাতুং কর্ম্মাণি পিতৃদেবার্চ্চনাদীনি অকারয়ৎ ॥ ৬ ॥

পুরং সংমৃষ্টসংসিক্তমার্গরথ্যাচতুষ্পথং (সংমৃষ্টাঃ সংসিক্তাঃ মার্গাঃ সাধারণং বর্ত্ম রথ্যাঃ পণ্যবীথিকাঃ চতুষ্পথাঃ যস্মিন্ তৎ) চিত্রধ্বজ পতাকাভিঃ (চিত্রধ্বজেষু যাঃ পতাকাঃ তাভিঃ) তোরণৈঃ চ সম্যক্ অলঙ্কৃতং অকারয়ৎ ॥ ৭ ॥

স্রগ্‌গন্ধমাল্যাভরণৈঃ তথা বিরজাম্বরভূষিতৈঃ স্ত্রীপুরুষৈঃ জুষ্টং তথা অগুরুধূপিতৈঃ শ্রীমদ্ভি র্গৃহৈঃ শ্রীমদ্ভিঃ গৃহৈঃ জুষ্টং অকারয়ৎ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

পুত্রস্য রুক্মিণঃ স্নেহেন তদ্বশমনুগচ্ছতীতি তথা অনেন শিশুপালে হনভিরুচিং দর্শয়তি কর্ম্মাণি পুরালঙ্কার-পিতৃদেবার্চ্চনাদীনি ॥ ৬ ॥

তান্যেবাহ পুরমিত্যাদি চতুর্ভিঃ সংমৃষ্টাঃ সংসিক্তাশ্চ মার্গাদয়ো যস্মিন্ তৎ চিত্রা ধ্বজেষু পতাকাস্তাভিঃ সমলঙ্কৃতমকারয়ৎ ॥ ৭ ॥

স্রগ্ গন্ধ মাল্যাভরণৈরিত্যত্র মত্বর্থো দ্রষ্টব্যঃ। যদ্বা স্রগ্‌গন্ধমাল্যানি আবিভ্রতীতি তথা তৈঃ। তথা বিরজাম্বরৈ র্ভূষিতৈঃ স্ত্রীপুরুষৈ র্জুষ্টং তথা শ্রীমদ্ভি র্গৃহৈশ্চ জুষ্টং ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুত্রস্য স্নেহেন বশঃ অতএবানুগশ্চ। কর্ম্মাণি পুরালঙ্করণাদীনি ॥ ৬ ॥ ৭ ॥

পুত্রস্নেহের বশবর্ত্তী কুণ্ডিনপতি রাজা ভীষ্মক পুত্রের অভিপ্রায় অনুসারে শিশুপালের হস্তে কন্যা সম্প্রদান করিবার আয়োজনে যাবতীয় পিতৃলোক ও দেবগণের অর্চ্চনাদি শুভকর্ম্ম সম্পন্ন করাইতে লাগিলেন ॥ ৬ ।

পুর মধ্যবর্ত্তী সাধারণ পথ, হট্ট, পণ্যবিক্রয় স্থল, এবং চতুষ্পথ সমূহ সম্মার্জ্জিত ও জলসিক্ত হইল; তোরণ সমূহ বিচিত্র ধ্বজা ও পতাকাদির দ্বারা সুসজ্জিত হইল ॥ ৭ ॥

মণিময় হার, গন্ধ, মাল্য, শুভ্র বস্ত্র ও বিচিত্র আভরণে ভূষিত হইয়া, নর নারীগণ পুরের অপূর্ব্ব শোভা বর্দ্ধন করিল। অগুরু প্রভৃতি সুগন্ধ দ্রব্যে ধনৈশ্বর্য্যপূর্ণ গৃহাদি আমোদিত হইতে লাগিল ॥ ৮ ।

পিতৄন্ দেবান্ সমভ্যর্চ্চ্য বিপ্রাংশ্চ বিধিবন্নৃপ।
ভোজয়িত্বা যথান্যায়ং বাচয়ামাস মঙ্গলং ॥ ৯ ॥
সুস্নাতাং সুদতীং কন্যাং কৃতকৌতুকমঙ্গলাং।
আহতাংশুকযুগ্মেন ভূষিতাং ভূষণোত্তমৈঃ ॥ ১০ ॥
চক্রুঃ সামর্গ্‌যজুর্ম্মন্ত্রৈর্ব্বধ্বা রক্ষাং দ্বিজোত্তমাঃ।
পুরোহিতোঽথর্ব্ববিদ্বৈ জুহাব গ্রহশান্তয়ে ॥

অন্বয়ঃ।

হে নৃপ! পিতৄন্ দেবান্ বিধিবৎ সমভ্যর্চ্চ্য তথা যথান্যায়ং যথাযোগ্যং, বিপ্রান্ ভোজয়িত্বা মঙ্গলং বাচয়ামাস ॥ ৯ ॥

তথা কৃতকৌতুকমঙ্গলাং (কৃতং কৌতুকেন মঙ্গলং যস্যাঃ তাং) সুস্নাতাং সুদতীং কন্যাং আহতাংশুকযুগ্মেন (আহতয়োঃ অখণ্ডয়োঃ নবীনয়োঃ অংশুকয়োঃ বস্ত্রয়োঃ যুগ্মেন) ভূষণোত্তমৈঃ চ ভূষিতাং কন্যাং চক্রে ॥ ১০ ॥

তদা চ দ্বিজোত্তমাঃ সামর্গযজুর্ম্মন্ত্রৈঃ বধ্বাঃ কন্যায়াঃ, রক্ষাং চক্রুঃ; অথর্ব্ববিদ্ পুরোহিতঃ গ্রহশান্তয়ে প্রতিকূলগ্রহদোষ-নিবারণার্থং জুহাব ॥

শ্রীধরস্বামী।

যথান্যায়মন্যাংশ্চ কন্যাং প্রতি মঙ্গলং বাচয়ামাস ॥ ৯ ॥

কৃতং কৌতুকেন বিবাহসূত্রেণ মঙ্গলং যস্যা স্তাং আহতং নবীনং ভূষণোত্তমৈশ্চ ভূষিতাং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্রগ্‌গন্ধমাল্যানি আবিভ্রতীতি তৈঃ ॥ ৮ ॥ ৯ ॥

আহতং সদ্যো যন্ত্রনির্ম্মুক্তং যদংশুকযুগং তেন। অহতং যন্ত্রনির্ম্মুক্তমুক্তং বাসঃ স্বয়ম্ভুবা। শস্তং তন্মাঙ্গলিক্যেষু তাবন্মাত্রেণ সর্ব্বদেতি স্মৃতেঃ। আহতেতি পাঠেঽপি স এবার্থ। আহতং গুণিতেঽপিস্যাত্তাড়িতেঽপি নবেপি চেতি বিশ্বপ্রকাশাৎ। ভূষিতাঞ্চক্রুঃ রক্ষাঞ্চক্রুরিত্যাবৃত্ত্যা উভয়ত্রাপ্যন্বিতং ॥ ১০ ॥

পিতৃলোক এবং দেবলোকের সম্যক্ অর্চ্চনা করত যথাবিধি ব্রাহ্মণগণের ভোজন সমাপনান্তে কন্যার মঙ্গলবাচন করাইলেন ॥ ৯ ॥

সুদতী রুক্মিণী কৃতকৌতুকমঙ্গলা হইয়া স্নান করিলেন এবং অখণ্ড নূতন বস্ত্রদ্বয় পরিধান করত বিবিধ রত্নালঙ্কারে ভূষিতা হইলেন ॥ ১০ ॥

বেদজ্ঞ শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ ঋক্, যজুঃ ও সামমন্ত্রে রুক্মিণীর রক্ষাবন্ধন করিলেন। অথর্ব্ববেদবিদ্ পুরোহিত আথর্ব্বণ মন্ত্রের প্রয়োগে কন্যার গ্রহ-দোষ নিবারণ করিলেন ॥

হিরণ্যরূপ্যবাসাংসি তিলাংশ্চ গুড়মিশ্রিতান্।
প্রাদাদ্ধেনূশ্চ বিপ্রেভ্যো রাজা বিধিবিদাম্বরঃ ॥ ১১ ॥
এবং চেদিপতী রাজা দমঘোষঃ সুতায় বৈ।
কারয়ামাস মন্ত্রজ্ঞৈঃ সর্ব্বমভ্যুদয়োচিতং ॥ ১২ ॥
মদচ্যুদ্ভির্গজানীকৈঃ স্যন্দনৈর্হেমমালিভিঃ।
পত্ত্যশ্বসঙ্কুলৈঃ সৈন্যৈঃ পরীতঃ কুণ্ডিনং যযৌ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

বিধিবিদাম্বরঃ (বিধিবিদাং শাস্ত্রোক্তপ্রকারজ্ঞানাং মধ্যে বরঃ শ্রেষ্ঠঃ) রাজা ভীষ্মকঃ হিরণ্যরূপ্যবাসাংসি গুড়মিশ্রিতান্ তিলান্ চ ধেনূঃ চ বিপ্রেভ্যঃ প্রাদাৎ ॥ ১১ ॥

এবং চেদিপতী রাজা দমঘোষঃ অপি সুতায় শিশুপালায়, সর্ব্বং যৎ অভ্যুদয়োচিতং (অভ্যুদয়ায় উচিতং) কর্ম্ম তৎ সর্ব্বং মন্ত্রজ্ঞৈঃ দ্বিজৈঃ বৈ কারয়ামাস ॥ ১২ ॥

তথা মদচ্যুদ্ভিঃ (মদং চ্যবন্তে ইতি তৈঃ) গজানাং অনীকৈঃ হেমমালিভিঃ স্যন্দনৈঃ রথৈঃ পত্ত্যশ্বসঙ্কুলৈঃ (পদাতিভিঃ অশ্বৈঃ চ সঙ্কুলৈঃ) সৈন্যৈঃ পরীতঃ পরিবৃতঃ শিশুপালঃ কুণ্ডিনং যযৌ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

বধ্বা স্তস্যাঃ কন্যায়াঃ অথর্ব্ববিৎ আথর্ব্বণমন্ত্রবিৎ ॥ ১১ ॥

অভ্যুদয়ে উচিতং ॥ ১২ ॥

ততশ্চতুরঙ্গসৈন্যৈঃ পরিবৃতঃ কুণ্ডিনং ভীষ্মকস্য পুরং যযৌ। মদং চ্যবন্তে ইতি মদচ্যুতঃ তৈঃ। স্যন্দনৈঃ রথৈঃ। হেমরচিতা মালা বিদ্যন্তে যেষু তৈঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

অথর্ব্ববিৎ আথর্ব্বণমন্ত্রবিৎ আথর্ব্বণমন্ত্রাণাং গ্রহশান্ত্যাদিপ্রাচুর্য্যাৎ ॥ ১১ ॥

সুতায় সুতবিবাহার্থং ॥ ১২ ॥

মহাপ্রাজ্ঞ শাস্ত্রদর্শী রাজা ভীষ্মক কন্যার কল্যাণকামনায় সুবর্ণ, রৌপ্য, মহামূল্য বস্ত্র, ধেনু এবং গুড়-মিশ্রিত তিল ব্রাহ্মণগণকে প্রদান করিতে লাগিলেন ॥ ১১ ॥

এদিকে চেদিপতি রাজা দমঘোষও স্বীয় পুত্র শিশুপালের অভ্যুদয়ার্থ প্রয়োজনীয় যাবতীয় শুভকার্য্য মন্ত্রজ্ঞ ব্রাহ্মণগণের দ্বারা সম্পাদন করাইলেন ॥ ১২ ॥

অনন্তর শিশুপাল মহামূল্য হেমমালায় সুসজ্জিত মদস্রাবী হস্তী সমূহ, বহুসংখ্যক উৎকৃষ্ট রথ এবং পদাতি ও অশ্বারোহী সৈন্যে পরিবৃত হইয়া, কুণ্ডিন-নগরে উপস্থিত হইলেন ॥ ১৩ ॥

তং বৈ বিদর্ভাধিপতিঃ সমভ্যেত্যাভিবাদ্য চ ॥
নিবেশয়ামাস মুদা কল্পিতান্যনিবেশনে ॥
তত্র শাল্বো জরাসন্ধো দন্তবক্রো বিদূরথঃ।
আজগ্মুশ্চৈদ্যপক্ষীয়াঃ পৌণ্ড্রকাদ্যাঃ সহস্রশঃ ॥ ১৪ ॥
কৃষ্ণরামদ্বিষো যত্তাঃ কন্যাং চৈদ্যায় সাধিতুং।
যদ্যাগত্য হরেৎ কৃষ্ণো রামাদ্যৈর্যদুভিঃ সহ ॥
যোৎস্যামঃ সহিতাস্তেন ইতি নিশ্চিতমানসাঃ।
আজগ্মুর্ভূভুজঃ সর্ব্বে সমগ্রবলবাহনাঃ ॥

অন্বয়ঃ।

বিদর্ভাধিপতিঃ ভীষ্মকঃ বৈ মুদা যুক্তঃ তং শিশুপালং, সমভ্যেত্য অগ্রতো মিলিত্বা, অভিপূজ্য চ কল্পিতান্যনিবেশনে (কল্পিতং যৎ অন্যং বরযোগ্যং নিবেশনং বাসস্থানং তস্মিন্) নিবেশয়ামাস ॥

তত্র কুণ্ডিনপুরে শাল্বঃ জরাসন্ধঃ দন্তবক্রঃ বিদূরথঃ তথা অন্যে চৈদ্যপক্ষীয়াঃ সহস্রশঃ পৌণ্ড্রকাদ্যাঃ আজগ্মুঃ ॥ ১৪ ॥

কৃষ্ণরামদ্বিষঃ তে, রামাদ্যৈঃ যদুভিঃ সহ আগত্য কৃষ্ণঃ যদি কন্যাং রুক্মিণীং, হরেৎ তদা বয়ং সহিতাঃ মিলিতাঃ, সন্তঃ তেন সহ যোৎস্যামঃ ইতি নিশ্চিতমানসাঃ (নিশ্চিতং মানসং যেষাং তে) যত্তাঃ সাবধানাঃ, অতঃ যুদ্ধায় সমগ্রবলবাহনযুক্তাঃ শাল্বাদয়ঃ সর্ব্বে চৈদ্যায় কন্যাং সাধয়িতুং তত্র আজগ্মুঃ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥

শ্রীধরস্বামী।

কল্পিতং নির্ম্মিতং যৎ অন্যং নিবেশনং তস্মিন্ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদানাং চ্যুৎ ক্ষরণং যেষু তৈঃ ॥ ১৩ ॥ ১৪ ॥
সাধিতুং সাধয়িতুং ॥

শিশুপাল আগমন করিতেছেন শ্রবণ করিয়া, বিদর্ভাধিপতি তাঁহার অভ্যর্থনার্থ অগ্রসর হইয়া আসিলেন এবং নানাপ্রকারে তাঁহার অভিবাদন করিয়া, বরের জন্য পৃথক্‌ভাবে নির্দ্দিষ্ট গৃহে তাঁহাকে উপবেশন করাইলেন ॥

শিশুপালের অব্যবহিত পরেই চৈদ্যপক্ষীয় শাল্ব, জরাসন্ধ, দন্তবক্র, বিদূরথ এবং পৌণ্ড্রকাদি অন্যান্য সহস্র সহস্র বরপক্ষগণ ক্রমশ পুরমধ্যে প্রবেশ করিল ॥ ১৪ ॥

ইহারা সকলে শ্রীকৃষ্ণের নিতান্তই বিদ্বেষী ; সুতরাং বলরামাদি যদুগণে পরিবৃত হইয়া, যদি শ্রীকৃষ্ণ আসিয়া রুক্মিণীকে বলপূর্ব্বক হরণ করেন,

শ্রুত্বৈতদ্ভগবান্ রামো বিপক্ষীয়বলোদ্যমং।
কৃষ্ণং চৈকং গতং হর্ত্তুং কন্যাং কলহশঙ্কিতঃ॥
বলেন মহতা সার্দ্ধং ভ্রাতৃস্নেহপরিপ্লুতঃ।
ত্বরিতঃ কুণ্ডিনং প্রাগাদ্‌গজাশ্বরথপত্তিভিঃ॥ ১৫॥
ভীষ্মকন্যা বরারোহা কাঙ্ক্ষন্ত্যাগমনং হরেঃ।
প্রত্যাপত্তিমপশ্যন্তী দ্বিজস্যাচিন্তয়ত্তদা॥ ১৬॥

অন্বয়ঃ।

এতৎ বিপক্ষীয়বলোদ্যমং তথা কন্যাং হর্ত্তুং কৃষ্ণং একং একাকিনং, গতং শ্রুত্বা কলহশঙ্কিতঃ ভগবান্ বলরামঃ॥

ভ্রাতৃস্নেহপরিপ্লুতঃ (ভ্রাতরি শ্রীকৃষ্ণে যঃ স্নেহঃ তেন পরিপ্লুতঃ ব্যাপ্তঃ, সন্ গজাশ্বরথপত্তিভিঃ মহতা বলেন সৈন্যেন, সহ কুণ্ডিনং পুরং, প্রাগাৎ॥ ১৫॥

হরেঃ আগমনং কাঙ্ক্ষন্তী বরারোহা রূপলাবণ্যবতী, ভীষ্মককন্যা রুক্মিণী, তদা দ্বিজস্য প্রত্যাপত্তিং প্রত্যাগমনং, অপশ্যন্তী সতী অচিন্তয়ৎ॥ ১৬॥

শ্রীধরস্বামী।

যদি কৃষ্ণো হরেদিতি শঙ্কিতাঃ কন্যাং সাধয়িতুমিত্যর্থঃ॥ ১৫॥

সূর্য্যোদয়াৎ পূর্ব্বমেব ঔৎসুক্যেন রুক্মিণ্যচিন্তয়দিত্যাহ ভীষ্মকন্যেতি। প্রত্যাপত্তিং প্রত্যাগমনং॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জনপরম্পরয়ৈব শ্রুত্বা ভগবান্ সর্ব্বজ্ঞত্বসর্ব্বশক্তিত্বাদিযুক্তোঽপি কলহশঙ্কিতঃ অবশ্যংভাবিনি কলহে প্রাপ্তাশঙ্কঃ। তত্র হেতুঃ ভ্রাতৃস্নেহাদ্ধৌ সর্ব্বতোভাবেন মগ্নঃ অনিষ্টাশঙ্কীনি বন্ধুজনহৃদয়ানি ভবন্তীতি ন্যায়েন প্রবলিতস্য স্নেহস্য সর্ব্বজ্ঞত্বাদ্যাবরণসামর্থ্যাৎ॥ ১৫॥ ১৬॥

তাহা হইলে আমরা সকলে একত্র হইয়া শ্রীকৃষ্ণের বিপক্ষে যুদ্ধ করিব; এইরূপ পরস্পরে স্থির করত, সমগ্র সৈন্যসামন্তে পরিবৃত সেই রাজন্যগণ রুক্মিণীকে শিশুপালের হস্তে সম্প্রদান করাইবার জন্য সকলে প্রস্তুত হইয়া তথায় উপস্থিত হইলেন॥

এদিকে বলরাম বিপক্ষগণের তাদৃশ সৈন্যসংগ্রহ শ্রবণ করিয়া এবং শ্রীকৃষ্ণ একাকী রুক্মিণী-হরণার্থ গমন করিয়াছেন অবগত হইয়া, ভাবী কলহের আশঙ্কায়—॥

ভ্রাতৃস্নেহবশত গজ, অশ্ব, রথ ও পদাতি প্রভৃতি বহুবিধ সৈন্যে পরিবৃত হইয়া স্বয়ং কুণ্ডিনপুরে ত্বরায় যাত্রা করিলেন॥ ১৫॥

ভীষ্মক-রাজনন্দিনী বরারোহা রুক্মিণী প্রতিমুহূর্ত্তেই শ্রীকৃষ্ণের আগমন

অহো ত্রিযামান্তরিত উদ্বাহো মেঽল্পরাধসঃ।
নাগচ্ছত্যরবিন্দাক্ষো নাহং বেদ্ম্যত্র কারণং ॥
সোঽপি নাবর্ত্ততে হদ্যাপি মৎসন্দেশহরো দ্বিজঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

অহো! অল্পরাধসঃ মন্দভাগ্যায়াঃ, মে মম, উদ্বাহঃ বিবাহঃ, ত্রিযামান্তরিতঃ (ত্রিযামা রাত্রিঃ তাবন্মাত্র অন্তরিতঃ); অরবিন্দাক্ষঃ কৃষ্ণঃ অধুনাপি ন আগচ্ছতি অত্র অনাগমনে কারণং অহং ন বেদ্মি; সঃ চ সন্দেশহরঃ বার্ত্তাবহঃ, দ্বিজঃ চ অদ্যাপি ন আবর্ত্ততে ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ত্রিযামা রাত্রি স্তাবন্মাত্রেণান্তরিতঃ। অল্পরাধসঃ মন্দভাগ্যায়াঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূর্য্যোদয়াৎ পূর্ব্বমেবৌৎসুক্যভয়াদিতী রুক্মিণ্যচিন্তয়দিত্যাহ। ত্রিযামা অদ্যতনী রাত্রি স্তয়ৈবান্তরিতঃ শ্বস্তন্যাং রাত্রৌ তু বিবাহলগ্নমেবেতি ভাবঃ। অল্পরাধসঃ মন্দভাগ্যায়াঃ ॥ ১৭ ॥

প্রতীক্ষা করিতেছিলেন; কিন্তু দিবা অবসান-প্রায় অথচ বার্ত্তাবহ ব্রাহ্মণ তখনও প্রত্যাগমন করিতেছেন না, দেখিয়া মনে মনে অতিশয় উৎকণ্ঠিতা হইলেন ॥ ১৬ ॥

ভাবিলেন, অহো! আমার ভাগ্য নিতান্তই মন্দ! এই রাত্রিটী অবসান হইলে, কল্যই আমার বিবাহ হইবে। কিন্তু কমললোচন কৃষ্ণত এখনও আসিলেন না! ইহার কারণত আমি কিছুই স্থির করিতে পারিতেছি না! সেই সংবাদদাতা ব্রাহ্মণও ত এপর্য্যন্ত ফিরে আসিলেন না! ॥ ১৭ ॥

আভাস।

নবীন সঙ্গমরসের উল্লাসভাব প্রদর্শন করাইবার জন্য বেদব্যাস বলরামের যুদ্ধোদ্যমের মধ্যে পুনরায় রুক্মিণীর কথা উত্থাপন করিয়াছেন। শ্রীকৃষ্ণকে পত্র লিখিয়া অবধি রুক্মিণী আর নিশ্চিন্ত ছিলেন না। এই শ্লোকে "বরারোহা" বিশেষণ পদের প্রয়োগে গ্রন্থকার প্রকাশ করিয়াছেন যে, রুক্মিণীর আরোহণ-স্থল জগৎসংসার অতিক্রম করিয়া বিদ্যমান। কারণ "বরঃ" অর্থাৎ শ্রেষ্ঠঃ সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট "আরোহঃ" শ্রীকৃষ্ণ-প্রাপ্তির লোভ যাঁহার, তিনিই বরারোহা। অর্থাৎ রুক্মিণী কৃষ্ণ-লাভের লোভের উপরই নির্ভর করিয়া, জীবন ধারণ করিতেছেন; সেই জন্যই তাঁহাকে বরারোহা বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে। অথবা বরঃ শ্রেষ্ঠঃ আরোহঃ নিতম্বঃ যাঁহার, তিনিই বরারোহা। অর্থাৎ বয়ঃস্থার পরিচয়ে ভাবের আতিশয্য প্রকাশ করা হইয়াছে ॥ ১৬ ॥

পরদিন প্রত্যুষে সূর্য্যোদয়ের পূর্ব্বে শ্রীকৃষ্ণকে আগমন করিতে না দেখিয়াই, রুক্মিণী সাতিশয় ব্যাকুলা হইলেন। তিনি ভাবিলেন, অদ্যকার রাত্রি অতিবাহিত হইলেই, আমার বিবাহ-বাসর উপস্থিত হইবে; কিন্তু কৃষ্ণ ত এখনও উপস্থিত হইলেন না! যাহাই হউক,

অপি ময্যনবদ্যাত্মা মত্বা কিঞ্চিজ্জুগুপ্সিতং।
মৎপাণিগ্রহণে নূনং নায়াতিহি কৃতোদ্যমঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

নূনং নিশ্চিতং (এতৎপ্রথমং আগমনার্থং) কৃতোদ্যমঃ ততঃ প্রস্থাপনাবসরে তু ময়ি কিঞ্চিৎ জুগুপ্সিতং ধার্ষ্ট্যাদি নিন্দিতং দোষং, মত্বা বিচিন্ত্য, অনবদ্যাত্মা নির্দ্দোষপূর্ণগুণস্বরূপঃ, কৃষ্ণঃ হি নিশ্চিতং, মৎপাণিগ্রহণে তদর্থং ন আয়াতি অতঃ দ্বিজস্যাপি আগমনে বিলম্বো জাতঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

জুগুপ্সিতং ধার্ষ্ট্যাদি। অপীতি শঙ্কায়াং নায়াতিহি কৃতোদ্যম ইতি অস্যায়মর্থঃ। আদৌ কৃতোদ্যমত্বাৎ তং ন প্রস্থাপিতবান্। প্রস্থাপনাবসরে কিঞ্চিন্ময়ি জুগুপ্সিতং মত্বা প্রত্যাচষ্ট অতঃ সোঽপি দ্বিজো নূনং নায়াতীতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপীতি শঙ্কায়াং নায়াতিহি কৃতোদ্যম ইতি প্রথমমত্রাগতমুদ্যম কৃতএব অতএব বিপ্রমপি স্বসঙ্গ এবানেতুং ন প্রথমং প্রস্থাপিতবান্। প্রস্থানাবসরেতু ময়ি কিঞ্চিজ্জুগুপ্সিতং শরীরবুদ্ধ্যাদি-গতং দৃষ্ট্বা প্রত্যাচষ্ট। যতোঽনবদ্যাত্মা নির্দোষদেহান্তঃকরণাদিঃ। মম সদোষায়া স্তদ্ভার্য্যাত্বানর্হত্বমিতি ভাবঃ। অতঃ সোঽপি দ্বিজো নূনমকৃতার্থঃ মত্তনুত্যাগভয়ান্নায়াতীতি ॥ ১৮

আমার নিশ্চয়ই অনুমান হইতেছে যে, সংবাদ পাইবার পর শ্রীকৃষ্ণ আসিবার উদ্‌যোগই করিতেছিলেন; কিন্তু পরে আমার কোনরূপ দোষের প্রতি দৃষ্টি করিয়া, সেই পূর্ণগুণবান্ নির্দ্দোষচিত্ত আমার পাণিগ্রহণে অসম্মত হইয়াই, এখানে আগমনে ক্ষান্ত হইয়াছেন; সুতরাং ব্রাহ্মণেরও আসিতে বিলম্ব হইতেছে ॥ ১৮ ॥

আভাস।

যদি অনুগ্রহ করিয়া ব্রাহ্মণকেও ইতিমধ্যে প্রেরণ করিতেন, তাহা হইলে প্রাণত্যাগ করা কি প্রাণ রক্ষা করা, ইহার মধ্যে একটীর স্থির করিতে পারিতাম। আমি নিতান্তই হতভাগিনী; নতুবা পূর্ণানন্দের পরাকাষ্ঠা পাইবার উপক্রমে এরূপ ব্যাঘাত কেন উপস্থিত হইবে? এক্ষণে ব্রাহ্মণের আসিতে বিলম্ব দেখিয়া, আমার নিশ্চয়ই মনে হইতেছে যে, পত্র পাঠে প্রথমত তাঁহার আসিবার ইচ্ছা ছিল; সুতরাং একত্র আসিবেন বলিয়া ব্রাহ্মণকে বিলম্ব করাইয়াছেন। কিন্তু পরে আমার বিষয় আলোচনা করিয়া, অনেক অসঙ্গত দোষ আমার চরিত্রে দর্শন করিয়াছেন; সুতরাং তাঁহার আর আসিতে ইচ্ছা নাই। ব্রাহ্মণকে বিদায় দিয়াছেন। ব্রাহ্মণ এক্ষণে একাকী পদব্রজে দুঃখিত ভাবে আসিতেছেন; সুতরাং বিলম্ব হইতেছে। এবং কৃষ্ণ আসিবেন না, এ কথা শুনিয়া, আমি পাছে প্রাণত্যাগ করি, বোধ হয় এই ভয়ে ব্রাহ্মণ আমার নিকট উপস্থিত হইতেও পারিতেছেন না। অহো! কমললোচন সর্ব্বাঙ্গসুন্দর কৃষ্ণ কোথায়!

দুর্ভগায়া ন মে ধাতা নানুকূলো মহেশ্বরঃ।
দেবী বা বিমুখী গৌরী রুদ্রাণী গিরিজা সতী॥ ১১ ॥

অন্বয়ঃ।

দুর্ভগায়াঃ ভাগ্যহীনায়াঃ মে ধাতা বিধাতা ব্রহ্মা, মহেশ্বরঃ শিবঃ চ মে মম অনুকূলঃ কার্য্যসাধকঃ ন ভবতি। দেবী গিরিজা সতী রুদ্রাণী গৌরী চ বা মে মম বিমুখী জাতা॥ ১৯

শ্রীধরস্বামী।

যদ্বা ততো নির্গতোঽপি শ্রীকৃষ্ণো মদ্দৈববৈমুখ্যাৎ ক্বচিৎ প্রতিবন্ধো ভবেদিত্যাহ দুর্ভগায়া ইতি॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুনরপিবহুতরং সংশয়ানৈবাহ দুর্ভগায়া ইতি। ধাতা মে নানুকূল ইতি মৎপ্রতিকূলেন বিধাত্রৈব বা বর্ত্মন্যেব ক্বচিৎ স প্রতিবন্ধিতঃ। তৎপ্রাতিকূল্যে হেতুর্ন দৃশ্যত ইতি। মহেশ্বরো বা কদাচিৎ মৎপূজামপ্রাপ্য কুপিতঃ মহৈশ্বর্য্যাত্তস্য ময়ি বালিকায়াং নিকৃষ্টায়া-মজ্ঞায়াং কোপো ন যুজ্যত ইত্যহো প্রত্যহমারাধ্যমানাপি গৌরী দেবী বা বিমুখা হন্ত হন্ত ক্বমপরাধং মে সা প্রাপ্তা যন্ময়ি বৈমুখ্যং গতা। তস্যাং সাংসর্গিকোঽহং বা দোষ ইত্যাহ রুদ্রাণীতি। তৎপতিঃ সর্ব্বজনান্ রোদয়েৎ সাতু মামিতি রোদয়তু নাম। হন্ত মমৈতাব-দ্বৈরুব্যং প্রাণজিহাসাপর্য্যন্তমপি দৃষ্ট্বা কথং ন দ্রবতি। তত্র পৈতৃকং দোষং সংভাবয়ন্ত্যাহ গিরিজা পাষাণপুত্রী কথং দ্রবেদতঃ সা মদ্দেহং ত্যাজয়িষ্যত্যেবেতি নিশ্চিনোমি যতঃ সতী পূর্ব্বজন্মনি স্বয়মেব দেহং তত্যাজেতি॥ ১৯॥

আমি নাকি, নিতান্তই ভাগ্যহীনা, সেই নিমিত্ত বিশ্ববিধাতা ব্রহ্মা এবং দেবদেব ত্রিলোচনও আমায় প্রতিকূল হইয়াছেন। অহো! হিমাদ্রি-দুহিতা পতিপরায়ণা মহেশগৃহিণী গৌরীও কি আমার প্রতি বিমুখা হইলেন?॥ ১৯॥

আভাস।

আর আমার ন্যায় সম্পূর্ণ বুদ্ধিহীনা পরিণয়ের অপাত্রী কামিনীই বা কোথায়?॥ ১৮॥

মনোমধ্যে-নানাপ্রকার সন্দেহের আলোচনা করিয়া ভাবিলেন যে, তিনি এমন কোন অন্যায় কার্য্য করেন নাই, যাহার জন্য বিধাতা তাঁহার প্রতি এরূপ বাম হইয়াছেন। তিনি বলিলেন, অহো! উপযুক্ত সময়ে মহাদেবের পূজা করিতে পারি নাই; সুতরাং তাঁহার যদিও বিরক্তি হইয়াছে, তথাপি এই বালিকার প্রতি একটু কৃপাদৃষ্টি করা তাঁহার উচিত ছিল। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, নিত্য আরাধনা করিয়াও ত গৌরীর কৃপা পাইলাম না! পঞ্চতপা করিয়া কত ক্লেশে যে দুর্ল্লভ মনোমত পতি পাওয়া যায়, তাহা তিনি নিজে জানিয়াও আমার হৃদয়ে ব্যথা দিতে ত কণা মাত্র কুণ্ঠিতা হন নাই। বুঝিলাম! কঠিনপ্রাণ রুদ্রের সংসর্গে হিমাদ্রি-নন্দিনীর তরল-হৃদয়ও পাষাণে পরিণত হইয়াছে; তাঁহার পতি যেমন সংহার-মূর্ত্তিতে সকল জীবকেই ক্রন্দন করান, তখন তিনি পাষাণ-দুহিতা হইয়া, একাকী আমাকে কাঁদাইবেন, তাহাতে আর

এবং চিন্তয়তী বালা গোবিন্দহৃতমানসা।
ন্যমীলয়ত কালজ্ঞা নেত্রে চাশ্রুকলাকুলে ॥ ২০ ॥
এবং বধ্বাঃ প্রতীক্ষন্ত্যা গোবিন্দাগমনং নৃপ।
বাম উরু ভুর্জো নেত্রমস্ফুরন্ প্রিয়ভাষিণঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

গোবিন্দহৃতমানসা (গোবিন্দেন হৃতং মানসং যস্যাঃ সা) সা বালা রুক্মিণী এবং চিন্তয়তী অপি কালজ্ঞা (নাধুনাপি কৃষ্ণাগমনকালঃ ইতি মন্বানা) অশ্রুকলাকুলে (অশ্রূণাং কলাভিঃ বিন্দুভিঃ আকুলে) লোচনে ন্যমীলয়ত ॥ ২০ ॥

হে নৃপ! গোবিন্দাগমনং প্রতীক্ষন্ত্যাঃ বধ্বাঃ রুক্মিণ্যাঃ, প্রিয়ভাষিণঃ কৃষ্ণাগমনরূপপ্রিয়-সূচকাঃ, বামঃ উরুঃ ভুজঃ নেত্রং চ অস্ফুরন্ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

কালজ্ঞা নাধুনাপি গোবিন্দাগমনকাল ইতি মন্বানা কিঞ্চিদাত্মস্থচিত্তা সতী চিন্তান্তরে লোচনে ন্যমীলয়ত নিমীলিতবতীত্যর্থঃ ॥ ২০ ॥

প্রিয়ভাষিণঃ প্রিয়সূচকাঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালজ্ঞেতি ভোশ্চঞ্চলচিত্ত সংপ্রতি তনুত্যাগোপায়ং মা কুরু। যতো নাধুনাপি তস্যাগমন-কালো ব্যতীত স্তস্মাত্তনুত্যাগাৎ পূর্ব্বমধুনা ধ্যানেনৈব তন্মুখমেকবারমবলোকয়ানি নাত্র ত্বং মে প্রতিবধানেতি নেত্রে ন্যমীলয়ত মুদ্রিতবতী ॥ ২০ ॥

উর্ব্বাদয়োঽস্ফুরন্। প্রিয়ভাষিণঃ শুভসূচকাঃ। একশেষে সতি পুংস্ত্বমার্ষং ॥ ২১ ॥

কৃষ্ণৈকহৃদয়া বালা রুক্মিণী এইরূপ কাতরভাবে চিন্তা করিতেছেন, এমত সময়ে তাঁহার যখন মনে হইল যে, কৃষ্ণের আগমনের উপযুক্ত সময় তখনও উপস্থিত হয় নাই, অমনি অশ্রুপূর্ণ লোচনদ্বয় নিমীলিত করিলেন। ২০ ॥

হে রাজন্! এই প্রকারে গোবিন্দের আগমন প্রতীক্ষা করিতেছেন, এমত সময়ে শুভলক্ষণ-সূচক রুক্মিণীর বাম উরু, বাম ভুজ ও বাম নেত্র স্পন্দিত হইয়া উঠিল ॥ ২১ ॥

আভাস।

বিচিত্র কি? আমি পতির বিরহে প্রাণ পরিত্যাগ করিব জানিয়া, সেই সতীর হৃদয়ে বোধ হয় আনন্দেরই উদয় হইয়া থাকিবে। কারণ তিনিও একবার এতদুপলক্ষে দেহত্যাগ করিয়াছিলেন ॥ ১৯

যাহাই হউক্, যদি দেহত্যাগ করাই শ্রেয়ঃ হয়, তবে একবার হৃদয়পদ্মে সেই প্রাণপতির মুখকমল নিরীক্ষণ করিয়া লই! এই বলিয়া প্রাণত্যাগের অভিপ্রায়ে রুক্মিণী যখন নয়ন নিমীলিত করিলেন, অমনি শুভসূচক তাঁহার বাম অঙ্গের স্ফূর্ত্তি হইল ॥ ২০ ॥ ২১ ॥

এদিকে শ্রীকৃষ্ণ দ্রুতগামী রথে আরোহণ করিয়া, পরদিন প্রাতঃকালে কুণ্ডিনপুরে উপস্থিত

অথ কৃষ্ণবিনির্দ্দিষ্টঃ সএব দ্বিজসত্তমঃ।
অন্তঃপুরচরীং দেবীং রাজপুত্রীং দদর্শ হ ॥ ২২ ॥
সা তং প্রহৃষ্টবদনমব্যগ্রাত্মগতিং সতী।
আলক্ষ্য লক্ষণাভিজ্ঞা সমপৃচ্ছৎ শুচিস্মিতা ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

অথ কৃষ্ণবিনির্দ্দিষ্টঃ (কৃষ্ণেন বিনির্দ্দিষ্টঃ প্রস্থাপিতঃ) সঃ এব সন্দেশহরঃ দ্বিজসত্তমঃ অন্তঃপুরচরীং দেবীং দীপ্যমানাং রাজপুত্রীং রুক্মিণীং হ হর্ষেণ, দদর্শ ॥ ২২ ॥

প্রহৃষ্টবদনং (প্রহৃষ্টং বদনং যস্য তং) অব্যগ্রাত্মগতিং (ন ব্যগ্রা অবিকৃতা আত্মনঃ দেহস্য গতিঃ চেষ্টা যস্য তং) দ্বিজং আলক্ষ্য লক্ষণাভিজ্ঞা সা রুক্মিণী শুচিস্মিতা প্রহসিতবদনা, সতী তং দ্বিজং, সমপৃচ্ছৎ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

পুরোপবনং প্রাপ্তেন শ্রীকৃষ্ণেন বিনির্দ্দিষ্টঃ প্রাপ্তং মাং কথয় ইত্যাদিষ্টঃ ॥ ২২ ॥

ন ব্যগ্রা আত্মনো দেহস্য গতি র্যস্য তং দূতস্য লক্ষণং তত্তৎকার্য্যসূচকং অভিজানাতীতি তথা ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃষ্ণেন বিনির্দ্দিষ্টঃ। পুরোপবনে প্রাপ্তং মাং শীঘ্রং কথয়েত্যাদিষ্টঃ। দেবীং ধ্যানপ্রাপ্তকৃষ্ণদর্শনানন্দেন দ্যোতমানাং ধ্যানাবেশোদ্রেকাদেব কৃষ্ণপার্শ্বং গন্তুং অন্তঃপুরাচ্চরতীতি তথা তাং ॥ ২২ ॥

সুনন্দবিপ্রোঽহং। ত্বৎপ্রিয়পার্শ্বাদায়াতো মাং পশ্যেত্যুচ্চৈরুক্তবন্তং প্রাপ্তধ্যানভঙ্গা সাপি তং দদর্শেত্যাহ দ্বাভ্যাং। ন ব্যগ্রা আত্মনো মনসো গতি র্যস্মাত্তং বিপ্রস্য বদনহর্ষদর্শনেন তস্যা মনসো বৈয়গ্র্যং শান্তমভূদিত্যর্থঃ। যতো লক্ষণাভিজ্ঞা লক্ষণং কার্য্যসিদ্ধিসূচকং দূতহর্ষং স্ববামনেত্রাদিস্পন্দনং অভিজানাতীতি সা। শুচি শুদ্ধং হর্ষদ্যোতকং স্মিতং যস্যাঃ সা পূর্ব্বং তু দুঃখেঽপি ভাবগোপনার্থং কপটস্মিতৈবাসীদিতি ভাবঃ ॥ ২৩ ॥

অনন্তর কৃষ্ণ-প্রেরিত সেই বার্ত্তাবহ ব্রাহ্মণ অন্তঃপুরে প্রবেশ পূর্ব্বক তাদৃশ অলোকসামান্য রূপে দেদীপ্যমানা রাজপুত্রী রুক্মিণীর সমীপবর্ত্তী হইলেন ॥ ২২ ॥

ব্রাহ্মণের প্রফুল্লবদন এবং অবিকৃত হাব ভাব দর্শনে লক্ষণজ্ঞা রুক্মিণী অভিষ্টসিদ্ধির পরিচয়ে বিশেষ সন্তুষ্টা হইলেন এবং প্রসন্ন-বদনে ব্রাহ্মণকে সম্বোধন পূর্ব্বক বৃত্তান্ত জিজ্ঞাসা করিলেন ॥ ২৩ ॥

আভাস।

হইয়া ব্রাহ্মণকে রুক্মিণীর সমীপে প্রেরণ করিলেন এবং তিনি যে পুরোপবনে উপস্থিত হইয়াছেন, তাহা রুক্মিণীকে বলিতে আদেশ করিলেন। রুক্মিণী তখন ধ্যানস্থা থাকিয়া

তস্যা আবেদয়ং প্রাপ্তং (সরামং) শশংস যদুনন্দনং।
উক্তঞ্চ সত্যবচনমাত্মোপনয়নং প্রতি ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

তস্যৈ রুক্মিণ্যৈ, সরামং রামেণ সহিতং, যদুনন্দনং কৃষ্ণং প্রাপ্তং আগতং, আবেদয়ং শশংস, তথা আত্মোপনয়নং (আত্মনঃ রুক্মিণ্যাঃ উপনয়নং) প্রতি (ভগবতা) উক্তং সত্যবচনং চ শশংস উবাচ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

তস্যৈব প্রাপ্তং যদুনন্দনমাবেদিতবান্ তচ্চ শশংস আত্মোপনয়নং প্রতি আত্মনা স্বয়ং শ্রীকৃষ্ণস্যানয়নং প্রতি তেন দ্বিজেন সত্যবচনং চোক্তমিতি আত্মনঃ প্রাণেশ্বরস্যেতি বা যদ্বা আত্মন স্তস্যা উপনয়নং প্রতি শ্রীকৃষ্ণেন যদুক্তং সত্যবচনং তামানয়িষ্য ইত্যাদি তচ্চ শশংস অবর্ণয়দিত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাপ্তং যদুনন্দনং তস্যৈ আবেদয়ং। আত্মনঃ স্বস্য উপনয়নং সমীপপ্রাপণং প্রতি যৎ সত্যবচনমুক্তং কৃষ্ণেন তামানয়িষ্য উন্মথ্যেত্যাদি তচ্চ শশংস ॥ ২৪ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলরামসহ একত্রে কুণ্ডিনপুরে উপস্থিত হইয়াছেন; এই সংবাদ রুক্মিণীকে ব্রাহ্মণ প্রদান করিলেন এবং বিপক্ষ রাজন্যবর্গকে পরাজয় করিয়া, রুক্মিণীকে হরণ করিবেন বলিয়া, শ্রীকৃষ্ণ ব্রাহ্মণসমীপে যে সত্য-প্রতিজ্ঞা করিয়াছেন, তাহাও সরলভাবে প্রকাশ করিলেন ॥ ২৪ ॥

আভাস।

চিত্তপটে কৃষ্ণরূপ-দর্শনের পরমানন্দে এতই নিবৃতা ছিলেন যে, বাহ্যদৃষ্টিতে তাঁহার অঙ্গে কোনরূপ উৎকণ্ঠার লক্ষণই প্রতীত হয় নাই। তিনি যেন জগতের কোন সংবাদই তখন রাখেন নাই। ব্রাহ্মণ ইতিমধ্যে উপস্থিত হইয়া, রুক্মিণীকে সম্বোধন পূর্ব্বক বারংবার নিজের উপস্থিতির সংবাদ দিলেন; কিন্তু চিত্র-পুত্তলিকার ন্যায় রুক্মিণী সমান ভাবেই অবস্থান করিতে লাগিলেন। পরে ব্রাহ্মণ যখন উচ্চকণ্ঠে "রাজনন্দিনি"! বলিয়া সম্বোধন করিলেন, তখন তাঁহার ধ্যানভঙ্গ হইল। চক্ষু উন্মীলন পূর্ব্বক ব্রাহ্মণের মুখশ্রীঃ ও ভাবভঙ্গি দর্শনে রুক্মিণীর চিত্তে শুভ-সংবাদেরই বিশেষ প্রত্যয় জন্মিয়াছিল। ব্রাহ্মণের হাস্যবদন ও বিকসিত নেত্রই কৃষ্ণাগমনের সংবাদ রুক্মিণীকে প্রদান করিল। রুক্মিণী আগ্রহাতিশয়ে হৃদয়ের কথা অবগত হইবার নিমিত্ত যখন ব্রাহ্মণের মুখপানে নিরীক্ষণ করিলেন, তখন তিনি শ্রীকৃষ্ণের আগমন এবং পরিণয়ের অঙ্গিকারার্থ উক্তিসমূহ তাঁহার নিকট প্রকাশ করিলেন ॥ ২২—২৪ ॥

ব্রাহ্মণের কার্য্যে রুক্মিণীর এতই তৃপ্তি ও আনন্দ হইয়াছিল যে, তৎকালে তাহা বর্ণনাতীত। তিনি তাঁহাকে পারিতোষিক প্রদানের অভিপ্রায়ে অগ্রসর হইলেন; কিন্তু যেরূপ কার্য্য ব্রাহ্মণ সম্পাদন করিয়াছেন, তদনুরূপ পারিতোষিক কিছুই দেখিতে না পাইয়া, অবশেষে নিজে একবার প্রণাম

তমাগতং সমাজ্ঞায় বৈদর্ভী হৃষ্টমানসা।
ন পশ্যন্তী ব্রাহ্মণায় প্রিয়মন্যন্ননাম সা ॥
প্রাপ্তৌ শ্রুত্বা স্বদুহিতুরুদ্বাহপ্রেক্ষণোৎসুকৌ।
অভ্যয়াত্তূর্য্যঘোষেণ রামকৃষ্ণৌ সমর্হণৈঃ ॥
মধুপর্ক্কমুপানীয় বাসাংসি বিরজাংসি সঃ।

অন্বয়ঃ।

তং শ্রীকৃষ্ণং, আগতং সমাজ্ঞায় হৃষ্টমানসা (হৃষ্টং মানসং যস্যাঃ সা) সা বৈদর্ভী রুক্মিণী অন্যৎ (প্রদানযোগ্যং) প্রিয়ং ন পশ্যন্তী সতী ব্রাহ্মণায় কেবলং ননাম ॥

স্বদুহিতুঃ উদ্বাহপ্রেক্ষণোৎসুকৌ (উদ্বাহপ্রেক্ষণে উৎসুকৌ) রামকৃষ্ণৌ প্রাপ্তৌ আগতৌ, শ্রুত্বা ভীষ্মকঃ তূর্য্যঘোষেণ সমর্হণৈঃ পূজাসাধনৈঃ, চ সহ অভ্যয়াৎ তৎসম্মুখং আজগাম ॥

ততঃ চ সঃ ভীষ্মকঃ মধুপর্কং বিরজাংসি বাসাংসি অভীষ্টানি অভিলষিতানি, উপায়নানি

শ্রীধরস্বামী।

তং শ্রীকৃষ্ণং। অস্মিন্ কার্য্যে সর্ব্বস্বার্পণমপি অপর্য্যাপ্তমিতি তদুচিতং প্রিয়মপশ্যন্তী তদা কেবলং ননাম পশ্চাদ্বহু দদাবিত্যর্থঃ। যদ্বা মাং শ্রিয়ং যে নমন্তি তে অবৎ সর্ব্বসম্পদা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিমস্মৈ পারিতোষিকং দদামীতি বিমৃশন্তী কেবলং ননাম। যতঃ প্রণামাদন্যৎ সর্ব্বস্বার্পণমপি প্রিয়মস্মিন্নর্থে সমুচিতং ন পশ্যন্তী। প্রণত্যাত্তু স্বস্য ঋণিত্বমেব ব্যঞ্জয়ামাস।

কৃষ্ণ আগমন করিয়াছেন শ্রবণ করিয়া, রুক্মিণীর আনন্দের আর সীমা রহিল না। এই প্রিয় সংবাদ প্রদানের পুরস্কারস্বরূপ অন্য কোন উৎকৃষ্ট সামগ্রী নয়নগোচর না করিয়া, তিনি ব্রাহ্মণকে তখন কেবল প্রণাম মাত্র করিয়া বিদায় দিলেন ॥

এদিকে স্বীয় কন্যার উদ্বাহোৎসব দর্শনার্থ উৎসুকচিত্তে রামকৃষ্ণ আগমন করিয়াছেন শ্রবণ করিয়া, রাজা ভীষ্মক তূরী প্রভৃতি বাদ্যধ্বনি করত বিবিধ উপহার বস্তু আহরণে অভ্যর্থনার নিমিত্ত তাঁহাদের সমীপে সত্বর অগ্রসর হইলেন ॥

মধুপর্ক, বহুমূল্য পরিষ্কৃত পরিধেয় এবং প্রয়োজনীয় যাবতীয় উপহার

আভাস।

করিলেন। ভাবিলেন যাহারা আমাকে প্রণাম করে, তাহারা সকল সম্পদের অধিকারী হইয়া থাকে; কিন্তু এই ব্রাহ্মণ যাহা করিয়াছেন, সম্পদ্ দানে তাহার পরিশোধ হয় না; সুতরাং আমাকে ইহাঁর নিকটে ঋণী থাকিতে হইল। অতএব ইহাঁকে প্রণাম মাত্র করি! এই ভাবিয়া রুক্মিণী সম্প্রতি ব্রাহ্মণকে প্রণাম করিলেন এবং ব্রাহ্মণের গৃহ সর্ব্বৈশ্বর্য্যে পূর্ণ করিয়া, নিজেই চিরকাল বাঁধা রহিলেন ॥ ২৫ ॥

উপায়নান্যভীষ্টানি বিধিবৎসমপূজয়ৎ ॥ ২৫ ॥
তয়োর্নিবেশনং শ্রীমদুপকল্প্য মহামতিঃ।
সসৈন্যয়োঃ সানুগয়োরাতিথ্যং বিদধে যথা ॥ ২৬ ॥
এবং রাজ্ঞাং সমেতানাং যথাবীর্য্যং যথাবয়ঃ।

অন্বয়ঃ।

উপানীয় তাভ্যাং সমর্প্য বিধিবৎ সমপূজয়ৎ ॥ ২৫ ॥

মহামতিঃ পরমভাগবতঃ ভীষ্মকঃ সসৈন্যয়োঃ সেনাসহিতয়োঃ, সানুগয়োঃ তয়োঃ রাম-কৃষ্ণয়োঃ, শ্রীমৎ ভোগোপকরণাদিসমৃদ্ধিমৎ, নিবেশনং বাসগৃহং, উপকল্প্য নিবেদ্য, যথাবৎ আতিথ্যং বিদধে চক্রে ॥ ২৬ ॥

এবং অন্যেষাং অপি সমেতানাং আগতানাং রাজ্ঞাং যথাবীর্য্যং যথাবয়ঃ যথাবলং যথাবিত্তং

শ্রীধরস্বামী।

মাস্পদং ভবন্তি কিং পুনর্ম্ময়ি প্রণতায়ামিতি ততোঽধিকমন্যং প্রিয়ং ন পশ্যন্তী ননামেতি ॥ ২৫ ॥

মহামতিরিত্যনেন শ্রীকৃষ্ণো বাঢ়ং কন্যামুদ্বোঢ়ুমেবাগতঃ স্যাদিতি স্বরোচিতেন বিধিনা সমপূজয়দিতি সূচিতং। যথা যথাবৎ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ তদৈব বিপ্রস্য গৃহং সার্ব্বকালিকসর্ব্বসম্পত্তিপূর্ণং বভূব মহালক্ষ্ম্যা অপি ঋণিত্বাদিতি জ্ঞেয়ং ॥ ২৫ ॥

মহামতিরিত্যনেন কৃষ্ণো বাঢ়ং কন্যামুদ্বোঢ়ুমেবাগতঃ স্যাদিতি স্বচেতঃ প্রাপ্তাশাসো

দ্রব্য তাঁহাদিগকে প্রদান করিয়া, যথাবিধি আদর ও অভ্যর্থনা করিলেন। ২৫।

সৈন্যসামন্তে পরিবৃত হইয়া রামকৃষ্ণ ভ্রাতাদ্বয় পুরমধ্যে প্রবেশ করিলে, পরম ভাগবত ভীষ্মক সর্ব্বপ্রকার সাজ সজ্জা ও ব্যবহারোপযোগী দ্রব্য সামগ্রীতে পরিপূর্ণ নিবেশ-স্থল তাঁহাদিগকে নির্ণয় করিয়া দিলেন এবং যথা-বিধি তাঁহাদের আতিথ্য-সৎকার করিলেন ॥ ২৬ ॥

এবং অন্যান্য রাজন্যবর্গ যাঁহারা সেই স্বয়ম্বর উপলক্ষে সভায় উপস্থিত হইয়াছিলেন, রাজা ভীষ্মক তাঁহাদের সকলকেই বল, বীর্য্য, বয়ঃক্রম ও সম্পত্তি

আভাস।

এদিকে ভীষ্মক যখন শুনিলেন যে, শ্রীকৃষ্ণ নিজেই উপস্থিত হইয়াছেন, তখন তাঁহার আর আনন্দের সীমা রহিল না। কৃষ্ণ কন্যাকে বিবাহ করিতেই যে আসিয়াছেন, তাহা তিনি মনে মনে বুঝিতে পারিলেন; এবং নিজের মনোভীষ্ট পূর্ণ হইবে, এইরূপ প্রত্যাশায় স্বরোচিত বিধানে তাঁহার অভ্যর্থনাদি করিলেন ॥ ২৬ ॥ ২৭ ॥

যথাবলং যথাবিত্তং সর্ব্বৈঃ কামৈঃ সমর্হয়ৎ ॥ ২৭ ॥
কৃষ্ণমাগতমাকর্ণ্য বিদর্ভপুরবাসিনঃ।
আগত্য নেত্রাঞ্জলিভিঃ পপুস্তন্মুখপঙ্কজং ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

যথাযোগ্যং ভবতি তথা সর্ব্বৈঃ কামৈঃ, আতিথ্যং সমর্হয়ৎ ॥ ২৭ ॥

বিদর্ভপুরবাসিনঃ জনাঃ, কৃষ্ণং আগতং আকর্ণ্য শ্রুত্বা, ইতস্ততঃ আগত্য নেত্রাঞ্জলিভিঃ (নেত্ররূপৈঃ অঞ্জলিভিঃ) তস্য কৃষ্ণস্য, মুখপঙ্কজং মুখপদ্মস্য লাবণ্যং, পপুঃ দদৃশুঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

সমেতানাং রাজ্ঞাং মধ্যে বীর্য্যাদ্যনতিক্রম্য তং তং সমর্হিতবানিত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীকৃষ্ণে ভাবি কার্য্যসূচকং জনানুরাগং দর্শয়তি কৃষ্ণমাগতমিতি ত্রিভিঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বরোচিতেন বিধিনৈব সমপূজয়দিতি সূচিতং ॥ ২৬ ॥ ২৭ ॥

মুখপঙ্কজং পপুস্তত্রত্যমপারং মাধুর্য্যমেব পপু র্লক্ষণয়া পেয়প্রাচুর্য্যং তথানেককর্ত্তৃক-পানাদেকস্যৈব পঙ্কজস্যাপরিমিতমধুমত্ত্বাদদ্ভুতত্বঞ্চ ব্যঞ্জিতং ॥ ২৮ ॥

অনুসারে যথাযোগ্য দ্রব্য সামগ্রী প্রদানে উপযুক্তরূপ সম্মান প্রদর্শন করিলেন ॥ ২৭ ॥

শ্রীকৃষ্ণ আগমন করিয়াছেন শ্রবণ করিয়া, বিদর্ভপুরবাসী জনগণ সকলেই চতুর্দ্দিক হইতে তথায় উপস্থিত হইলেন এবং নেত্ররূপ অঞ্জলি পাতিয়াই যেন কৃষ্ণ-মুখকমলের অপূর্ব্ব লাবণ্য প্রচুর পরিমাণে পান করিতে লাগিলেন ॥ ২৮ ॥

আভাস।

শ্রীকৃষ্ণের অপূর্ব্ব রূপলাবণ্য নিরীক্ষণ করিয়া, তত্রত্য ব্যক্তিমাত্রেরই হৃদয়ে একটী অপূর্ব্ব ভাবের উদয় হইল। চিত্ত সত্যের পক্ষপাতী; রাজপুত্র রুক্মী দ্বেষ বশত শ্রীকৃষ্ণকে ভগ্নী সম্প্রদান না করিয়া, যদিও শিশুপালের হস্তে সম্প্রদান করিতে মনস্থ করিয়াছিলেন, কিন্তু দর্শকমাত্রেই তাহার অনুমোদন করিল না। "যদ্ যেন যুজ্যতে লোকে বুধ স্তৎ তেন যোজয়েৎ"। অর্থাৎ যে যাহার উপযুক্ত, পণ্ডিত ব্যক্তি তাহার সহিতই তাহার মিলন করিয়া থাকেন। রুক্মীর পক্ষপাত-দোষে দর্শকগণ দুঃখিত হইলেন; তাঁহারা শ্রীকৃষ্ণ ও রুক্মিণীকে দর্শন করিয়া, পরস্পরকে পরস্পরের যোগ্য বিবেচনায়, কায়মনোবাক্যে তাঁহাদেরই উভয়ের মিলন প্রার্থনা করিতে লাগিলেন। কিন্তু রাজকুমার ও মহারাজের ইচ্ছা অনুসারেই রাজার কন্যা পাত্রস্থা হইবেন; সাধারণ লোকের ইচ্ছা কখনই সে বিচারে স্থান পাইবে না; ইহা বুঝিয়া সত্যপক্ষপাতী বুদ্ধির অনুরোধে তাঁহারা ন্যায্য বিষয়ের প্রতিপাদনার্থ ভগবানের শরণাগত হইলেন। এবং অধিক কি! এরূপ প্রার্থনা করিতে লাগিলেন যে, শ্রীকৃষ্ণের সহিত রুক্মিণীর মিলন সাধিতে

অস্যৈব ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যর্হতি নাপরা।
অসাবপ্যনবদ্যাত্মা ভৈষ্ম্যাঃ সমুচিতঃ পতিঃ ॥ ২৯ ॥
কিঞ্চিৎ সুচরিতং যন্ন স্তেন তুষ্টস্ত্রিলোককৃৎ।
অনুগৃহ্ণাতু গৃহ্ণাতু বৈদর্ভ্যাঃ পাণিমচ্যুতঃ ॥

অন্বয়ঃ।

(আহুঃ চ) রুক্মিণী এব অস্য ভার্য্যা ভবিতুং অর্হতি অপরা ন; তথা অনবদ্যাত্মা (অনবদ্যঃ কামক্রোধাদিদোষরহিতঃ আত্মা যস্য সঃ) অসৌ কৃষ্ণঃ অপি ভৈষ্ম্যাঃ রুক্মিণ্যাঃ, সমুচিতঃ যোগ্যঃ, পতিঃ এব ॥ ২৯ ॥

নঃ অস্মাকং, যৎ কিঞ্চিৎ সুচরিতং পুণ্যং, অস্তি তেন তুষ্টঃ প্রীতঃ, ত্রিলোককৃৎ ভগবান্, অহি বৈদর্ভ্যাঃ পাণিং অচ্যুতঃ কৃষ্ণঃ গৃহ্ণাতু ইতি অনুগৃহ্ণাতু ॥

শ্রীধরস্বামী।

অস্যৈব রুক্মিণ্যেব অর্হত্যেব অসাবেব ভৈষ্ম্যা এব সমুচিত এবেতি ষড়বধারণানি। তত্রৈকস্মিন্ ব্যতিরেকপ্রদর্শনং উপলক্ষণার্থং নাপরেতি নচ বাক্যভেদদোষঃ অনুদ্য বিধেয়-ভেদেন ভিন্নানামেব বাক্যানাং সহপ্রয়োগাৎ গৃহং সংমার্ষ্টি ইত্যাদিবৎ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্যৈব নাপরস্য ভার্য্যৈব নতু ভোগ্যা দাসী রুক্মিণ্যেব নাপরা ভবিতুমর্হত্যেব নতু নার্হতি। অসাবেব নান্যঃ। ভৈষ্ম্যা এব নাপরস্যাঃ সম্যগেবোচিতঃ। নন্বীষদপ্যনুচিত ইতি সপ্তাবধারণানি। তত্রৈকস্মিন্ ব্যতিরেকপ্রদর্শনমুপলক্ষণার্থং নাপরেতি। অত্র বক্তৃবাহুল্যাদ্বাক্য-বাহুল্যমতঃ সপ্তানামেব বাক্যানামেকত্রযোজনমিদং জ্ঞেয়ং। অত্র চাস্যৈব ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যর্হতি নাপরস্যেত্যেকে বদন্তি স্ম। অস্যা ভার্য্যৈব ভবিতুং রুক্মিণ্যর্হতীত্যন্যে। অস্য ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যেবার্হতি নাপরেত্যপরে ॥ ২৯ ॥

এবমন্যান্যপি চত্বারি বাক্যান্যত একবাক্যত্বস্যাসম্ভবান্ন বাক্যভেদদোষো জ্ঞেয়ঃ। যদুক্তং সম্ভবত্যেকবাক্যত্বে বাক্যভেদোহি গৌরবমিতি। যৎকিঞ্চিৎ সুচরিতং সুকৃতকেদস্মাক-

---

এবং সকলেই পরস্পরে বলিতে লাগিলেন যে, এই শ্রীকৃষ্ণের উপযুক্ত পত্নী এক রুক্মিণীই হইতে পারেন এবং রুক্মিণীর পতি হইতে হইলে এই সর্ব্বাঙ্গ-সুন্দর এবং সর্ব্বদোষশূন্য শ্রীকৃষ্ণই উপযুক্ত পাত্র হইতে পারেন ॥ ২৯

অহো! আমরা যদি পূর্ব্ব পূর্ব্ব জন্মেও কিছু পুণ্যের সঞ্চয় করিয়া থাকি, তবে তাহার ফলে ত্রিলোককর্ত্তা ভগবান্ নারায়ণ প্রসন্ন হইয়া, এই অনুগ্রহ করুন্! যেন, অচ্যুত শ্রীকৃষ্ণ অদ্য বিদর্ভ-রাজনন্দিনীর পাণিগ্রহণ করেন ॥

আভাস।

যদি তাঁহাদের পূর্ব্ব-সঞ্চিত যাবতীয় পুণ্যফলে বঞ্চিত হইতে হয়, তাহাতেও তাঁহারা প্রস্তুত ছিলেন। এই প্রকার রুক্মিণীর বিবাহ শ্রীকৃষ্ণের সহিত হইবার প্রার্থনায় যখন তাঁহারা আনন্দ-

এবং প্রেমকলাবদ্ধা বদন্তিস্ম পুরৌকসঃ।
কন্যাচান্তঃপুরাৎ প্রাগাদ্ভটৈর্গুপ্তাম্বিকালয়ং ॥ ৩০ ॥
পদ্ভ্যাং বিনির্যযৌ দ্রষ্টুং ভবান্যা পাদপল্লবং।
সাচানুধ্যায়তী সম্যক্ মুকুন্দচরণাম্বুজং ॥
যতবাঙ্ মাতৃভিঃ সার্দ্ধং সখীভিঃ পরিবারিতা।
গুপ্তা রাজভটৈঃ শূরৈঃ সন্নদ্ধৈরুদ্যতায়ুধৈঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

প্রেমকলাবদ্ধাঃ (প্রেম্নঃ কলা ভাবনা তয়া বদ্ধাঃ) পুরৌকসঃ পুরবাসিনঃ জনাঃ এবং যদা বদন্তি স্ম তদা ভটৈঃ সৈন্যৈঃ, গুপ্তা রক্ষিতা, কন্যা রাজকুমারী, অন্তঃপুরাৎ অম্বিকালয়ং প্রাগাৎ ॥ ৩০ ॥

মুকুন্দচরণাম্বুজং সম্যক্ অনুধ্যায়তী চ সা রুক্মিণী ভবান্যাঃ পাদপল্লবং দ্রষ্টুং উদ্যতায়ুধৈঃ (উদ্যতানি উদ্ধৃতানি আয়ুধানি যৈঃ তৈঃ) সন্নদ্ধৈঃ বদ্ধকবচৈঃ, শূরৈঃ বীর্য্যসম্পন্নৈঃ, রাজভটৈঃ গুপ্তা (বেষ্টনেন রক্ষিতা) তদন্তঃ সখীভিঃ পরিবৃতা সতী যতবাঙ্ মাতৃভিঃ মাতৃতুল্যাভিঃ পরিচারিকাভিঃ সার্দ্ধং পদ্ভ্যাং বিনির্যযৌ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

অয়মেব চানুগ্রহ ইতি নির্দ্দিশতি গৃহ্ণাত্বিতি ॥ ৩০ ॥
তস্যা আগমনং বিশিনষ্টি দ্বয়েন পদ্ভ্যামিতি ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঋষ্টি তেন তুষ্ট ইতি। তত্তং স্বস্ব সুকৃতমস্মাভিরস্যৈ রুক্মিণৈ দত্তমিতি ভাবঃ। অতএব চ। এবং প্রেমকলয়া রুক্মিণীবিষয়কপ্রেমপ্রবুদ্ধ্যা বদ্ধা বশীভূতা ইত্যর্থঃ। কলামূলে প্রবৃদ্ধৌ স্যাচ্ছিল্লাদাবংশমাত্রকে ইতি মেদিনী। কলিহলী কামধেনূচেতি কবয়ঃ ॥ ৩০ ॥

স্বপুরান্তর্বান্যালয়পর্য্যন্তং নরযানেন সুখপালেনাগত্য আলয়াভ্যন্তরগতাংশ্চতুঃপঞ্চ-প্রকোষ্ঠান্ পদ্ভ্যামেব যযৌ। রাজভটৈ র্ভবান্যালয়াদ্বহিঃ সর্ব্বদিক্ষু স্থিতৈঃ ॥ ৩১ ॥

পুরবাসী ব্যক্তিগণ প্রেমানন্দের পরিচয়ে যখন এইরূপ কথোপকথন করিতেছিলেন, এমন সময়ে রাজকুমারী রুক্মিণী রাজসৈন্যে পরিবৃতা হইয়া, অন্তঃপুর হইতে অম্বিকালয়ে যাত্রা করিলেন ॥ ৩০ ॥

ভবানীর পাদপদ্ম দর্শন করিবার অভিপ্রায়ে তিনি নির্গতা হইলেন বটে, কিন্তু মনে মনে মুকুন্দের চরণযুগলই হৃদয়ে নিরন্তর চিন্তা করিতেছিলেন;

আভাস।

কোলাহল করিতেছিলেন, সেই সময়ে রুক্মিণী রাজ-সৈন্যগণে পরিবৃতা হইয়া, অম্বিকা-দর্শনার্থ পুর হইতে যাত্রা করিলেন ॥ ২৮—৩০ ॥

মৃদঙ্গশঙ্খপণবাস্তূর্য্যভের্য্যশ্চ জঘ্নিরে ॥ ৩২ ॥
নানোপহারবলিভির্বারমুখ্যাঃ সহস্রশঃ।
স্রগ্‌গন্ধ বস্ত্রাভরণৈর্দ্বিজপত্ন্যঃ স্বলঙ্কৃতাঃ ॥

অন্বয়ঃ।

তদা মৃদঙ্গ শঙ্খ পণবা স্তূর্য্য ভের্য্যশ্চ জঘ্নিরে বাদিতাঃ জাতাঃ ॥ ৩২ ॥
নানোপহারবলিভিঃ সহস্রশঃ বারমুখ্যাঃ, স্রগ্‌গন্ধবস্ত্রাভরণৈঃ স্বলঙ্কৃতাঃ দ্বিজপত্ন্যঃ তথা

শ্রীধরস্বামী।

অপিচ মৃদঙ্গেত্যাদি। জঘ্নিরে আহতা বাদিতা ইত্যর্থঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জঘ্নিরে আহতা বাদিতা ইত্যর্থঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥

পথে পদব্রজে গমন কালে বলবীর্য্যসম্পন্ন, যুদ্ধার্থ সম্পূর্ণ প্রস্তুত, বদ্ধকবচ রাজভটগণ উদ্যতাস্ত্র হইয়া, চতুর্দ্দিকে রক্ষা করত রাজকন্যার সহিত গমন করিতেছিল। সৈন্যগণের মধ্যে মণ্ডলাকারে সখীগণ এবং তাঁহাদের মধ্য-মণ্ডলে মাতৃতুল্যা পরিচারিকাগণ রাজপুত্র রুক্মীর আদেশ অনুসারে অনন্যমনে সকলেই রুক্মিণীকে রক্ষা করত, সঙ্গে সঙ্গে অম্বিকালয়ে গমন করিল ॥ ৩১ ॥

তাঁহাদিগের সমভিব্যাহারে মৃদঙ্গ, শঙ্খ, পণব এবং তূরী, ভেরী প্রভৃতি বাদ্যযন্ত্র সমস্বরে বাদিত হইতে লাগিল ॥ ৩২ ॥

বিবিধ উপহার-হস্তে সহস্র সহস্র বারবনিতাগণ গন্ধ, মাল্য, বস্ত্র ও আভরণে ভূষিতা দ্বিজপত্নীগণ, গায়ক, বাদক এবং গুণকীর্ত্তনকারী সূত,

আভাস।

রুক্মী শ্রীকৃষ্ণের প্রভাব বিলক্ষণ অবগত ছিলেন; পাছে শ্রীকৃষ্ণ আসিয়া রুক্মিণীকে হরণ করেন, এই ভয়ে তিনি সততই ভীত ছিলেন; সুতরাং সকল কার্য্যই অতি সাবধানে সম্পাদনের চেষ্টা করিলেন। রুক্মিণী যখন অম্বিকা-দর্শনার্থ পুর হইতে যাত্রা করিলেন, তখন কৃষ্ণের হস্ত হইতে রুক্মিণীকে রক্ষা করিবার জন্য রুক্মী যথেষ্ট আয়োজন করিয়াছিলেন। প্রথমতঃ প্রবল পরাক্রম সৈনিক পুরুষগণ অস্ত্র শস্ত্রাদি উদ্যত করত, আসন্ন যুদ্ধের জন্য প্রস্তুত হইয়া, মণ্ডলাকারে যাত্রিকগণকে পরিবেষ্টন পূর্ব্বক গমন করিতে লাগিল। এই সৈনিক-মণ্ডলের অভ্যন্তরে অতি চতুরা সহস্র সহস্র বার-বনিতাগণ মণ্ডলাকারে পরিবেষ্টন পূর্ব্বক গমন করিতে লাগিল; এবং এই মণ্ডলের অন্তরে সহস্র সহস্র ব্রাহ্মণপত্নী বস্ত্রালঙ্কারে ভূষিতা হইয়া, গমন করিতেছিলেন। ব্রাহ্মণীগণের মণ্ডল মধ্যে মাতৃতুল্যা প্রবীণা পরিচারিকাগণ এবং তন্মধ্যে রুক্মিণী নরযানে আরোহণ পূর্ব্বক গমন করিতেছিলেন। প্রহরিগণের তাদৃশ দুর্ভেদ্য আবরণের অন্তরে অবস্থান পূর্ব্বক কৃষ্ণলাভের আশা নিতান্ত দুর্ল্লভ-জ্ঞানে অতি উৎকণ্ঠা

গায়ন্তশ্চ স্তুবন্তশ্চ গায়কা বাদ্যবাদকাঃ।
পরিবার্য্য বধূং জগ্মুঃ সূতমাগধবন্দিনঃ ॥ ৩৩ ॥
আসাদ্য দেবসদনং ধৌতপাদকরাম্বুজা।
উপস্পৃশ্য শুচিঃ শান্তা প্রবিবেশাম্বিকান্তিকং ॥ ৩৪ ॥
তাং বৈ প্রবয়সো বালাং বিধিজ্ঞা বিপ্রযোষিতঃ।

অন্বয়ঃ।

গায়ন্তঃ স্তুবন্তঃ চ গায়কাঃ বাদ্যবাদকাঃ সূতমাগধবন্দিনঃ বধূং রুক্মিণীং, পরিবার্য্য জগ্মুঃ ॥ ৩৩ ॥

দেবসদনং (মহাদেব্যাঃ সদনং মন্দিরং) আসাদ্য আগত্য, তত্র ধৌতপাদকরাম্বুজা (ধৌতে প্রক্ষালিতে পাদাম্বুজে করাম্বুজে চ যস্যাঃ সা) উপস্পৃশ্য আচম্য শুচিঃ শান্তা সমাহিতচিত্তা সতী অম্বিকান্তিকং অম্বিকাগৃহং, প্রবিবেশ ॥ ৩৪ ॥

ততঃ চ প্রবয়সঃ বৃদ্ধাঃ বিধিজ্ঞাঃ পূজাদিনিয়মজ্ঞাঃ, বিপ্রযোষিতঃ পুরোহিতস্ত্রিয়ঃ, ভবান্বিতাং

শ্রীধরস্বামী।

বারমুখ্যা গণিকোত্তমাঃ ॥ ৩৩ ॥　　উপস্পৃশ্য আচম্য ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবসদনং দেব্যা মন্দিরং। বৃহদালয়ান্তর্গতং মণিমণ্ডপং কুক্কুট্যাদীনামণ্ডাদিষু পুংবদ্ভাব ইতি পুংবদ্ভং। উপস্পৃশ্য আচম্য ॥ ৩৪ ॥

প্রবয়সো বৃদ্ধাঃ বিপ্রযোষিতঃ পুরোহিতস্ত্রিয়ঃ বিধিজ্ঞাঃ শাস্ত্রবিধিজ্ঞাঃ রুক্মিণ। মনোগত-

---

মাগধ ও বন্দিগণ সকলেই সেই রাজনন্দিনীকে পরিবেষ্টন পূর্ব্বক গমন করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

অনন্তর মহাদেবীর মন্দিরের সমীপে উপনীত হইয়া, রুক্মিণী করচরণাদি ধৌত করিলেন এবং আচমন পূর্ব্বক শুচি ও সমাহিতচিত্তা হইয়া অম্বিকা-গৃহে প্রবেশ করিলেন ॥ ৩৪ ॥

পূজা-প্রণালীতে বিলক্ষণ নিপুণা পরিণত-বয়স্কা পুরোহিত-বনিতাগণ

আভাস।

সহকারে ভীষ্মকনন্দিনী সাতিশয় কাতরা হইলেন এবং কোন্ উপায়ে অদ্য কৃষ্ণকান্তা হইয়া শ্রীকৃষ্ণের বামে উপবেশন করিবেন, এই চিন্তায় অম্বিকালয়ে যাত্রার কথা আর তাঁহার মনে রহিল না। তিনি জগদম্বার চরণ বিস্মৃত হইয়া, কৃষ্ণপাদপদ্মে চিত্ত-ভ্রমরকে একান্ত নিযুক্ত রাখিয়া, শূন্যদেহে গমন করিতে লাগিলেন। পরে ক্রমশ অম্বিকালয়ে উপনীত হইয়া, রুক্মিণী নরযান হইতে অবতরণ পূর্ব্বক দেবালয়ের অভ্যন্তরে চারি পঞ্চ প্রকোষ্ঠ পর্য্যন্ত পদব্রজেই গমন করিলেন। এই সময়ে রাজ-সৈন্যগণ সকলেই অম্বিকালয়ের বাহিরে চতুর্দ্দিক পরিবেষ্টন পূর্ব্বক অবস্থান করিতে লাগিল ॥ ৩১—৩৩ ॥

ভবানীং বন্দয়াঞ্চক্রুর্ভবপত্নীং ভবান্বিতাং ॥ ৩৫ ॥
নমস্যে ত্বাম্বিকেঽভীক্ষ্ণং স্বসন্তানযুতাং শিবাং।
ভূয়াৎ পতির্মে ভগবান্ কৃষ্ণস্তদনুমোদতাং ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

ভবপত্নীং ভবানীং প্রতি তাং বালাং রুক্মিণীং বৈ বন্দয়াঞ্চক্রুঃ ॥ ৩৫ ॥

হে অম্বিকে! স্বসন্তানযুতাং গণেশাদিসহিতাং শিবাং মঙ্গলরূপাং ত্বাং অভীক্ষ্ণং পুনঃ পুনঃ নমস্যে নমস্করোমি! ভগবান্ কৃষ্ণঃ মে মম পতিঃ ভূয়াৎ ইতি যৎ তৎ ভবতী অনুমোদতাং অনুগৃহ্লাতু ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

প্রবয়সো বৃদ্ধাঃ। ভবান্বিতামিতি ভবস্যোপসর্জ্জনত্বং স্ত্রীকর্ম্মোচিতমুক্তং ॥ ৩৫ ॥

নমস্য ইতি রুক্মিণ্যা তদৈব দৃষ্টোঽয়ং মন্ত্রঃ স্বসন্তানযুতাং গণেশাদিসহিতাং। আত্মারামোঽসৌ কথং তৎপতি র্ভবেদিতি চেদত আহ তদনুমোদতামিতি ভবতী কৃষ্ণ এব বা ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকারজ্ঞাশ্চ। ভবপত্নীং ভবান্বিতামিতি। হে ভবানি ত্বং যথা ভবপত্নী ভবান্বিতা চ বিরাজসে তথৈবেমামপি কৃষ্ণপত্নীং কৃষ্ণান্বিতাং কুর্ব্বিতি তাভিরপি কৃষ্ণমালোক্য কিঞ্চিৎ সুচরিতং যন্ন ইতি প্রাক্ প্রার্থিতত্বাদিতি ভাবঃ ॥ ৩৫ ॥

বন্দনমন্ত্রমপি তা এব তাং বাচয়ামাসুঃ স যথা। নমস্যে ইতি। স্বসন্তানযুতামিতি স গণেশো মমাত্র বিঘ্নং খণ্ডয়ত্বিতি ভাবঃ। তত্তত্রভবতী অনুমোদতাং। ভবতু তে স্ব এব পতিরিতি স্বসম্মতিং দত্তামিত্যর্থঃ ॥ ৩৬ ॥

মহাকাল-সহিতা ভবপত্নী ভবানীর সমীপে রুক্মিণীকে লইয়া, বিবিধ উপচারাদির প্রয়োগে এইরূপ প্রার্থনা করাইলেন যে,— ॥ ৩৫ ॥

হে সর্ব্বমঙ্গলময়ি জগদম্বে! গণেশাদি সন্তান-সন্ততিগণে পরিবৃতা আপনাকে নিরন্তর প্রণাম করিতেছি! মা! আমার সকল অমঙ্গল দূর করুন! ভগবান্ শ্রীকৃষ্ণ যেন আমার পতি হন, আপনি আমার এই মনোবাঞ্ছা পূরণ করুন! ॥ ৩৬ ॥

আভাস।

এদিকে রুক্মিণী হস্তপদাদি ধৌত করত, অম্বিকার মন্দিরে প্রবেশ পূর্ব্বক পুরোহিত-পত্নীগণের নির্দেশ অনুসারে সংকল্প পূর্ব্বক জগদম্বার পূজা আরম্ভ করিলেন। তাঁহার সংকল্পবাক্যের কামনাই এই যে, হে ভবানি! আপনি যেমন মহাদেবকে পতিরূপে প্রাপ্ত হইয়া, নির্ব্বিবাদে ভবান্বিতা হইয়া অবস্থান করিতেছেন; কখনই ভবের সঙ্গ হইতে বিচ্যুত হন না, অদ্য আমাকে কৃষ্ণসঙ্গে মিলিতা করত, কৃষ্ণপত্নী ও কৃষ্ণান্বিতা করুন! আমাকে যেন কখন কৃষ্ণসঙ্গে বঞ্চিতা হইতে না হয় ॥ ৩৪ ॥ ৩৫ ॥

অদ্ভির্গন্ধাক্ষতৈর্ধূপৈর্বাসঃস্রঙ্ মাল্যভূষণৈঃ।
নানোপহারবলিভিঃ প্রদীপাবলিভিঃ পৃথক্ ॥
বিপ্রস্ত্রিয়ঃ পতিমতী স্তথা তৈঃ সমপূজয়ৎ।
লবণাপূপতাম্বূলকণ্ঠসূত্রফলেক্ষুভিঃ ॥ ৩৭ ॥
তস্যৈ স্ত্রিয়স্তাঃ প্রদদুঃ শেষাং যুযুজুরাশিষঃ।

অন্বয়ঃ।

অদ্ভিঃ শুদ্ধোদকৈঃ, গন্ধৈঃ চন্দনৈঃ অক্ষতৈঃ ধূপৈঃ বাসোভিঃ স্রগ্‌ভিঃ মাল্যৈঃ পুষ্পৈঃ ভূষণৈঃ শঙ্খবলয়াদিভিঃ, পৃথক্ নানোপহারবলিভিঃ প্রদীপাবলিভিঃ আরাত্রিকাদিভিঃ ॥

তথা তৈঃ লবণাপূপতাম্বূলকণ্ঠসূত্রফলেক্ষুভিঃ পতিমতীঃ বিপ্রস্ত্রিয়ঃ সমপূজয়ৎ ॥ ৩৭ ॥

ততঃ তাঃ স্ত্রিয়ঃ তস্যৈ রুক্মিণ্যৈ, শেষাং পূজোপযুক্তবিশিষ্টাং সামগ্রীং নির্ম্মাল্যসহিতাং

শ্রীধরস্বামী।

স্রগ্‌গন্ধাদিভিরম্বিকাং সমপূজয়ৎ তথা বিপ্রস্ত্রিয়োঽপি তৈ র্দ্রব্যৈর্লবণাদিভিশ্চ সমপূজয়ন্নিতি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্রক্ পৌষ্পী মালা রত্নময়ী। লবণাপূপঃ কচোরিকা ইতি কেচিৎ ॥ ৩৭ ॥

অনন্তর পবিত্র উদক, গন্ধ, অক্ষত, ধূপ, দীপ, বস্ত্র, আভরণ, পুষ্প, মাল্য ও শঙ্খ রত্নাদি বিবিধ উপহার ও দীপাবলির দ্বারা আরত্রিক প্রভৃতির আয়োজনে জগদম্বার পূজা করিলেন ॥

এবং লবণ, পূপ, তাম্বূল, কণ্ঠসূত্র, নারিকেলাদি ফল ও ইক্ষু প্রভৃতি সুভোজন দ্রব্য সামগ্রীর প্রদানে দেবীর পূজা রুক্মিণী সমাপন করিলেন। বিপ্রপত্নীগণও সকলে পৃথক্‌ভাবে উপরোক্ত উপহারাদি প্রদানে ভগবতীকে পূজা করিলেন ॥ ৩৭ ॥

পুরোহিত পত্নীগণ রুক্মিণীকে নির্ম্মাল্য প্রদানে আশীর্ব্বাদ করিলেন এবং রুক্মিণীও দেবী অম্বিকাকে প্রণাম করত আশীর্ব্বাদ গ্রহণে মাননীয়া বিপ্র

আভাস।

সংকল্পবাক্যের ন্যায় বন্দনার মন্ত্রও সেই প্রবীণা পুরোহিত-পত্নীগণ রুক্মিণীকে পাঠ করাইলেন। রুক্মীর নির্দেশানুসারে পুরোহিত পত্নীগণও প্রহরীর বেশে আসিয়াছিলেন বটে, কিন্তু শ্রীকৃষ্ণের সহিত রুক্মিণীর বিবাহার্থ তাঁহারা সকলেই উৎসুক ছিলেন ॥

রুক্মিণী প্রণাম কালে প্রার্থনা করত বলিলেন, হে জগদম্বে! তুমি জগতের জননী। কন্যা বলিয়া আমার প্রতি যেন তোমার কৃপা থাকে। হে গণেশজননী! আমার প্রণাম গ্রহণ কর! গণপতিকে সঙ্গে লইয়া, আমার সকল বিঘ্ন নিবারণ কর! ॥ ৩৬ ॥

লবণাপূপ শব্দে কেহ কেহ কচোরিকা (কচুরি) বলেন ॥ ৩৭ ॥

তাভ্যো দেব্যৈ নমশ্চক্রে হ্যাশিষং জগৃহে বধূঃ।। ৩৮ ।।
মুনিব্রতমথ ত্যক্ত্বা নিশ্চক্রামাম্বিকাগৃহাৎ।
প্রগৃহ্য পাণিনা ভৃত্যাং রত্নমুদ্রোপশোভিনা ।। ৩৯ ।।
তাং দেবমায়ামিব বীরমোহিনীং সুমধ্যমাং কুণ্ডলমণ্ডিতাননাং।
শ্যামাং নিতম্বার্পিতহেমমেখলাং ব্যঞ্জৎস্তনীং কুন্তলশঙ্কিতেক্ষণাং ।।

অন্বয়ঃ।

প্রদদুঃ আশিষঃ চ যুযুজুঃ; সা চ বধূঃ রুক্মিণী, তাভ্যঃ দেব্যৈ চ নমশ্চক্রে আশিষঃ চ জগৃহে ॥৩৮॥

অথ অনন্তরং, মুনিব্রতং মৌনং, ত্যক্ত্বা রত্নমুদ্রোপশোভিনা (রত্নমুদ্রিকাভিঃ উপশোভিনা) পাণিনা ভৃত্যাং প্রগৃহ্য অম্বিকাগৃহাৎ নিশ্চক্রাম ॥ ৩৯ ॥

সুমধ্যমাং (শোভনঃ কৃশঃ মধ্যপ্রদেশঃ যস্যাঃ তাং) কুণ্ডলমণ্ডিতাননাং (কুণ্ডলাভ্যাং মণ্ডিতং আননং যস্যাঃ তাং) শ্যামাং, নিতম্বার্পিতহেমমেখলাং (নিতম্বয়োঃ শ্রোণ্যোঃ অর্পিতা নিবদ্ধা রত্নমেখলা যস্যাঃ তাং) ব্যঞ্জৎস্তনীং (ব্যঞ্জন্তৌ ব্যক্তীভবন্তৌ যৌবনপ্রাদুর্ভাবসূচকৌ

শ্রীধরস্বামী।

শেষাং নির্ম্মাল্যং ॥ ৩৮ ॥ মুনিব্রতং মৌনং। ভৃত্যাং সখীং ॥ ৩৯ ॥

তাং বিলোক্য বীরা মুমুহুরিতি তৃতীয়েনান্বয়ঃ। শ্যামাং অজাতরজস্কাং। কুন্তলেভ্যঃ শঙ্কিতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শেষাং নির্ম্মাল্যং ॥ ৩৮ ॥ মুনিব্রতং মৌনং ॥ ৩৯ ॥

ততশ্চ তাং চিদানন্দময়ীং ভবগবচ্ছক্তিং শ্রীরুক্মিণীং ভগবদ্বিদ্বেষোঽসুরা মায়ামেব প্রতিযন্তি-স্মেত্যাহ। তামিতি সার্দ্ধৈঃ পদোনত্রিভিঃ। তাং শ্রীরুক্মিণীং দেবমায়ামেব বিলোক্য বীরা মুমুহুরিতি তৃতীয়েনান্বয়ঃ। ইবেত্যেবার্থে। মল্লানামশনিরিত্যত্রায়মশনিরেব নতু সুকুমারো বাল ইতি মল্লাঃ কৃষ্ণং যথা অমংসত। অশনিত্বঞ্চ ন তস্য স্বরূপমতোমল্লাদ্যাঃ স্ব স্ব দৃগ্ভিন্নস্যা

নারীগণকে প্রণাম করিলেন ।। ৩৮ ।।

অনন্তর মৌনব্রত পরিত্যাগ পূর্ব্বক রত্নাঙ্গুরীয়-শোভিত হস্তে দাসীর হস্ত ধারণে অম্বিকাগৃহ হইতে রুক্মিণী বাহিরে আগমন করিলেন ।। ৩৯ ।।

অত্যুজ্জ্বল কুণ্ডলদ্বয়ে শোভিত-বদনা তন্বঙ্গী তাদৃশ দেবমায়ার ন্যায় অপূর্ব্ব লাবণ্যবতী রুক্মিণীকে নয়নগোচর করিয়া, এমন কোন বীর তথায় উপস্থিত ছিলেন না, যিনি মোহিত না হইয়াছিলেন; রুক্মিণী তখন যৌবন-পদবীতে কেবল পদার্পণ করিয়াছিলেন মাত্র; অজাত-রজস্কা রুক্মিণীর বক্ষস্থলে নবোদ্গত স্তনচিহ্নে তৎকালে তাঁহার যৌবন-পদবীতে কেবল পদার্পণেরই পরিচয়

আভাস।

অহো! চিদানন্দময়ী ভগবচ্ছক্তি-স্বরূপা স্বয়ংলক্ষ্মী রুক্মিণীকে অদ্য অসুরাংশে সমুদ্ভূত বহির্দৃষ্টি জনগণ স্ব স্ব মালিন্য বশত ভিন্নরূপেই দর্শন করিতে লাগিল। কংস নিহত হইবার

শুচিস্মিতাং বিম্বফলাধরদ্যুতিং শোণায়মানদ্বিজকুন্দকুট্মলাং।
পদা চলন্তীং কলহংসগামিনীং শিঞ্জৎকলানূপুরধামশোভিনা ॥

অন্বয়ঃ।

স্তনৌ যস্যাঃ তাং) কুন্তলশঙ্কিতেক্ষণাং (কুন্তলেভ্যঃ শঙ্কিতে ইব চপলে ঈক্ষণে যস্যাঃ তাং) দেবমায়াং (দেবস্য ভগবতঃ মায়াং ইব) বীরমোহিনীং (বীরান্ মোহয়তীতি তথা তাং) তাং রুক্মিণীং ॥

তথা শুচিস্মিতাং (শুচি শুদ্ধং কামাদিবিকাররহিতং স্মিতং যস্যাঃ তাং) বিম্বফলাধর-দ্যুতি-শোণায়মান-দ্বিজকুন্দকুট্মলাং (বিম্বফলমিব অধরোষ্ঠস্য দ্যুতিভিঃ কান্তিভিঃ শোণায়-মানাঃ দ্বিজাঃ দন্তাঃ এব কুন্দানাং কুট্মলানি মুকুলানি যস্যাঃ তাং) শিঞ্জৎকলা নূপুরধাম-

শ্রীধরস্বামী।

ইব চপলে ঈক্ষণে যস্যাস্তাং। দ্বিজা এব কুন্দানাং কুট্মলানি মুকুলানি বিম্বফলবদ্যোঽধর-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বরূপমেব জগৃহুঃ কৃষ্ণনিষ্ঠং স্বরূপং স্যাদদৈত্যৈঃ সুগমং জনৈরিত্যুক্তেঃ। তথৈব দেবানামপীয়ং মায়া পরমমোহিনী কাপি সুন্দরী ন ত্বিয়ং মানুষীতি তাং মত্বেত্যর্থঃ। দেবমায়ামেব বিশিনষ্টি বীরেত্যাদিভিঃ। শ্যামাং শীতকালে ভবেদুষ্ণা উষ্ণকালেতু শীতলা। স্তনৌ সুকঠিনৌ যস্যাঃ সা শ্যামা পরিকীর্ত্তিতেত্যুক্তলক্ষণাং ব্যঞ্জয়ন্তৌ ব্যক্তীভবন্তাবেব স্তনৌ যস্যা স্তাং। কুন্তলেভ্যঃ শঙ্কিতে ইব চপলে ইব ঈক্ষণে যস্যা স্তাং। বিম্বফলাধরস্য দ্যুতিভিঃ শোণায়িমানা দ্বিজা দন্তা এব কুন্দকুট্মলানি যস্যা স্তাং শিঞ্জচ্চ তৎকলা নূপুরমতিশিল্পনির্ম্মিত-

---

হইতেছিল। গুরু নিতম্বোপরি সুবর্ণময়ী মেখলা তিনি পরিধান করিয়াছিলেন; সুনীল অলকাজালে যেন তাঁহার দর্শনের প্রতিবন্ধক করিতেছিল, তজ্জন্য চঞ্চল-দৃষ্টিতে ইতস্ততঃ অবলোকন করিতেছিলেন। বদন-কমলে সুমধুর হাস্যও বিম্ব-ফলের ন্যায় ঈষৎ রক্তাভ ওষ্ঠদ্বয়ের জ্যোতিতে কুন্দকলিকা-তুল্য দন্তপংক্তিতে কি অপূর্ব্ব হেমশোভাই পরিলক্ষিত হইয়াছিল!॥

কল-হংসের ন্যায় মৃদু-মন্দ গতির অনুকরণে অপূর্ব্ব শোভাবিশিষ্ট নূপুরের ধ্বনি করত ধীরে ধীরে পদ-সঞ্চালনে যখন অগ্রসর হইতে লাগিলেন, তখন

আভাস।

অব্যবহিত পূর্ব্বে শ্রীকৃষ্ণ যখন রঙ্গমঞ্চে উপনীত হইয়াছিলেন, তখন উপস্থিত জনগণ স্ব স্ব রুচি ও ভাব অনুসারে শ্রীকৃষ্ণের পৃথক্ পৃথক্ রূপ ও ভাবই অবলোকন করিয়াছিল। সেইরূপ সমাগত রাজন্যবর্গের মধ্যে প্রায় সকলেই রুক্মিণীকে দেবনির্ম্মিত মায়াময়ী মূর্ত্তি বলিয়াই অবলোকন করিতেছিল; কেহ তাঁহাকে চিদানন্দময়ী বলিয়া চিনিতে পারে নাই। সুতরাং মায়ার ঘোরে মোহিত হইয়া, কামশরেই জর্জ্জরিত হইল। অহো! ভগবতীও তখন অপূর্ব্ব শ্যামাস্ত্রীর মূর্ত্তি ধারণ করিয়া, জগৎকে মোহিত করিলেন। যে নারীর কলেবর শীতকালে

বিলোক্য বীরা মুমুহুঃ সমাগতা যশস্বিনস্তৎকৃতহৃচ্ছয়ার্দ্দিতাঃ ॥ ৪০ ॥
যাং বীক্ষ্য তে নৃপতয়স্তুদারহাস ব্রীড়াবলোক হৃতচেত উজ্ঝিতাস্ত্রাঃ।

অন্বয়ঃ।

শোভিনা (কলা শোভা তদ্যুক্তং নূপুরং। কলা নূপুরং; শিঞ্জং চলৎ, কলা নূপুরং চ তস্য ধাম দীপ্তিঃ তেন শোভিতুং শীলং যস্য তেন) পদা চলন্তীং কলহংসগামিনীং (কলহংসবৎ গচ্ছতীতি তাং) তাং বিলোক্য সমাগতাঃ যশস্বিনঃ বীরাঃ তৎকৃতহৃচ্ছয়ার্দ্দিতাঃ সন্তঃ মুমুহুঃ ॥৪০॥

যাত্রাচ্ছলেন গমনমিষেণ, স্বশোভাং হরয়ে শ্রীকৃষ্ণায়, অর্পয়তীং দর্শয়তীং, যাং কন্যাং বীক্ষ্য উদারহাস-ব্রীড়াবলোক হৃতচেতসঃ (উদারেণ সুখদেন হাসেন ব্রীড়াপূর্ব্বকাবলোকনেন

শ্রীধরস্বামী।

স্তস্য দ্যুতিভিঃ শোণায়মানানি তানি যস্যা স্তাং। কলা শোভা তদ্যুক্তং নূপুরং শিঞ্জচ্চলৎ কলা নূপুরঞ্চ তস্য ধাম দীপ্তিস্তেন শোভিতুং শীলং যস্য তেন পদা চলন্তীং ॥ ৪০ ॥

ন কেবলং মুমুহুঃ পেতুশ্চেত্যাহ যামিতি যাত্রামিষেণ হরয়ে স্বীয়লাবণ্যং সমর্পয়ন্তীং যাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নূপুরঞ্চ তস্য ধামভি র্দীপ্তিভিঃ শোভিনা পদা চলন্তীং তৎকৃতো মায়াপ্রতীতিজনিতো যো হৃচ্ছয়ঃ কামস্তেনার্দ্দিতাঃ। যথা গন্ধর্ব্বদত্তাগ্নিস্থালীমুর্ব্বশীমেব বিলোক্য পুরূরবাঃ কামার্দ্দিতো-ভূৎ যথৈব তস্য কাম উর্ব্বশীজ্ঞানজন্য এব নতু স্থালীপ্রতীতিজন্য স্তথৈব বীরাণাং হৃচ্ছয়ো মায়াপ্রতীতিজন্য এব নতু রুক্মিণীপ্রতীতিজন্য এবেত্যতোঽনাস্ত বিরুদ্ধোঽর্থঃ পরাহতঃ ॥ ৪০ ॥

ন কেবলং মুমুহুঃ পেতুশ্চেত্যাহ যামিতি অত্রাপি শ্লোকে দেবমায়ামিতি পদমনুবর্ত্তনীয়ং।

তাঁহাকে অবলোকন করিয়া, বিখ্যাত-বীর্য্য যে সমস্ত মহীপতি তথায় সমাগত হইয়াছিলেন, তাঁহারা যে সকলেই কামশরে নিতান্তই কাতর হইয়া মূর্চ্ছাপন্ন হইয়াছিলেন, তাহাতে আর সন্দেহ ছিল না ॥ ৪০ ॥

ভগবান্ শ্রীহরিকে স্বকীয় শোভা প্রদর্শন করাইবার জন্যই যখন লক্ষ্মী-স্বরূপা রুক্মিণী দেবদর্শন-চ্ছলেই কেবল তথায় উপনীত হইয়াছিলেন, তখন তাঁহার হাব ভাব ও প্রসন্নহাস্য-বিকাসি সলজ্জ অবলোকন দর্শনে আকৃষ্টচেতা জরাসন্ধাদি ভূপতিবৃন্দ সম্মোহিত হইবেন, তাহাতে আর সন্দেহ কি? এমন

আভাস।

উষ্ণ এবং উষ্ণকালে শীতল বলিয়া অনুভূত হয় এবং যাঁহার কুচযুগল পীন ও উন্নত হয়, তিনিই শ্যামাস্ত্রী নামে অভিহিতা। গন্ধর্ব্বদত্ত অগ্নিস্থালি হস্তে লইয়া উর্ব্বসীকে অবলোকন করত পুরূরবা কামপীড়িত হইয়াছিলেন বলিলে, উর্ব্বসীই পুরূরবার কামের কারণ; অগ্নিস্থালি কামের কারণ নহে, ইহা যেমন স্পষ্টত স্বীকার্য্য; সেইরূপ মায়া প্রতীতিই বীরগণের মোহের কারণ; স্বরূপত রুক্মিণীকে প্রতীতি করিলে, কদাচ তাঁহাদের কামোদ্রেক হইত না ॥ ৪০ ॥

পেতুঃ ক্ষিতৌ গজরথাশ্বগতা বিমূঢ়া যাত্রাচ্ছলেন হরয়েঽর্পয়তীং স্বশোভাং ॥৪১
সৈবং শনৈশ্চলয়তী চরণাব্জকোষৌ প্রাপ্তিং তদা ভগবতঃ প্রসমীক্ষমাণা।
উৎসার্য্য বামকরজৈরলকানপাঙ্গৈঃ প্রাপ্তান্ হ্রিয়ৈক্ষত নৃপান্ দদৃশেঽচ্যুতঞ্চ ॥৪২
তাং রাজকন্যাং রথমারুরুক্ষতীং জহার কৃষ্ণো দ্বিষতাং সমীক্ষতাং।

অন্বয়ঃ।

হৃতানি চেতাংসি যেষাং তে) অতএব উজ্ঝিতাস্ত্রাঃ (উজ্ঝিতানি ত্যক্তানি অস্ত্রাণি যৈঃ তে) তে নৃপতয়ঃ বিমূঢ়াঃ সন্তঃ গজরথাশ্বগতাঃ গজাদ্যারূঢ়াঃ অপি ক্ষিতৌ পেতুঃ ॥ ৪১ ॥

সা রুক্মিণী এবং তদা ভগবতঃ প্রাপ্তিং প্রসমীক্ষমাণা অতএব চরণাব্জকোষৌ পদ্মকোষতুল্যৌ চরণৌ শনৈঃ চলয়তী বামকরজৈঃ নখৈঃ, অলকান্ উৎসার্য্য অপাকৃত্য, হ্রিয়া এব প্রাপ্তান্ আগতান্ নৃপান্ ঐক্ষত তথা অচ্যুতং কৃষ্ণং, চ দদৃশে দদর্শ ॥ ৪২ ॥

তদা কৃষ্ণঃ রথং আরুরুক্ষতীং (আরোঢ়ুং ইচ্ছতীং) তাং রাজকন্যাং, দ্বিষতাং শত্রূণাং, চৈদ্যাদীনাং, সমীক্ষতাং সমীক্ষমাণানাং, সতাং জহার। তথা সুপর্ণলক্ষণং গরুড়ধ্বজং, রথং সমারোপ্য রাজন্যচক্রং (রাজন্যানাং চক্রং মণ্ডলং) পরিভূয় তুচ্ছীকৃত্য, রামপুরোগমৈঃ রামঃ

শ্রীধরস্বামী।

বীক্ষ্য ক্ষিতৌ পেতুঃ সা তান্ প্রাপ্তান্ হ্রিয়ৈবৈক্ষত। তদৈবাচ্যুতঞ্চ দদৃশে ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৪১ ॥

চলৎ পদ্মকোষতুল্যৌ চরণৌ চালয়ন্তী ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাং শ্রীরুক্মিণীং দেবমায়ামেব বীক্ষ্য তে নৃপতয়ো বিমূঢ়াঃ সন্তঃ পেতুঃ। যাং রুক্মিণীং কীদৃশীং হরয়ে স্বশোভামর্পয়ন্তীং নত্বন্যেভ্যঃ। সা রুক্মিণী শ্রীকৃষ্ণং দিদৃক্ষমাণৈব প্রাপ্তান্ তত্রাগতান্

কি? গজপৃষ্ঠে, রথের উপরে এবং অশ্বাদিতে আরোহণ করত যে যেখানে ছিলেন, এক রুক্মিণীকে অবলোকন করত তিনি সেই স্থান হইতেই মূর্চ্ছিতের ন্যায় অস্ত্র শস্ত্র পরিত্যাগে ভূমিতে নিপতিত হইতে লাগিলেন ॥ ৪১ ॥

রুক্মিণী এইপ্রকারে চরণপদ্মের বিন্যাসে গমন করত, ভগবান্ শ্রীকৃষ্ণ তথায় আগমন করিয়াছেন কি না, কেবল ইহাই দর্শন করিবার অভিলাষে স্বীয় বামকরের অঙ্গুলীর অগ্রভাগের দ্বারা অলকাজালের অপসারণে অপাঙ্গদৃষ্টি করত লজ্জাবনতমুখে উপস্থিত রাজন্যবর্গের প্রতি যেমন দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন, অমনি ভগবান্ শ্রীকৃষ্ণকে নয়নগোচর করিলেন ॥ ৪২ ॥

রাজকুমারী রথে আরোহণার্থ অভিপ্রায় প্রকাশ করিতেছেন ইহা অবগত হইয়া, শ্রীকৃষ্ণ শিশুপালাদি বিপক্ষ নরপতিগণের সমক্ষেই তাঁহাকে হরণ করিলেন এবং স্বকীয় গরুড়ধ্বজ রথে রুক্মিণীকে আরোহণ করাইয়া, রাজা-

রথং সমারোপ্য সুপর্ণলক্ষণং রাজন্যচক্রং পরিভূয় মাধবঃ ॥ ৪৩ ॥
ততো যযৌ রামপুরোগমৈঃ শনৈঃ শৃগালমধ্যাদিব ভাগহৃদ্ধরিঃ।
তং মানিনঃ স্বাভিভবং যশঃক্ষয়ং পরে জরাসন্ধমুখা ন সেহিরে ॥ ৪৪ ॥
অহো ধিগস্মান্ যশ আত্তধন্বিনাং গোপৈর্হৃতং কেশরিণাং মৃগৈরিব ॥ ৪৫ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে রুক্মিণীহরণং নাম ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫৩ ॥ * ॥

অন্বয়ঃ।

পুরোগমঃ অগ্রণী যেষাং তৈঃ) যদুভিঃ সহ মাধবঃ শৃগালমধ্যাৎ ভাগহৃৎ হরিঃ সিংহঃ, ইব শনৈঃ যযৌ ইতি সার্দ্ধান্বয়ঃ ॥ ৪৩ ॥

মানিনঃ দুরহঙ্কারিণঃ, জরাসন্ধাদয়ঃ (কন্যাহরণেন) যশঃক্ষয়ং তং স্বাভিভবং, ন সেহিরে ॥ ৪৪

অহো! অস্মান্ ধিক্! যতঃ কেশরিণাং সিংহানাং ভাগঃ যথা তুচ্ছৈঃ মৃগৈঃ হ্রিয়তে তথা আত্তধন্বিনাং ধনুর্ধরাণাং অস্মাকং যশঃ ধনং গোপৈঃ হৃতং ॥ ৪৫ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

সুপর্ণলক্ষণং গরুড়ধ্বজং ॥ ৪৩ ॥ হরিঃ সিংহঃ ॥ ৪৪ ॥

অসহমানানাং তেষাং ক্রোশনমাহ অহো ধিগস্মান্। যতো যস্মাকং যশো গোপৈর্হৃতমিতি ॥ ৪৫ ॥ ॥ * ॥ ইতি দশমে ত্রিপঞ্চাশত্তমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হ্রিয়া ঐক্ষত হ্রিয়েত্যেতেঽন্যে পুরুষা ইতি তদ্দর্শনে লজ্জাঽজনিষ্টেতি ভাবঃ। তন্মধ্য এবাচ্যুতং দদৃশে দদর্শ। যঃ খলু হৃদয়াৎ চ্যুতো ন ভবতীতি ভাবঃ ॥ ৪১—৪৪ ॥

অসহমানানাং তেষামাক্রোশমাহ। অহো ইতি যতোঽস্মাকং যশো গোপৈর্হৃতং ॥ ৪৫ ॥ ॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

গণের ব্যূহভেদ করত নির্গত হইলেন ॥ ৪৩ ॥

এবং শৃগালসমূহের মধ্যস্থল হইতে কেশরী যেমন সদর্পে স্বীয় ভাগ গ্রহণ করিয়া অপসৃত হয়, সেইরূপ শ্রীকৃষ্ণ রুক্মিণীকে হরণ করত বলরাম-চালিত যদুসৈন্যে পরিবৃত হইয়া, অকুতোভয়ে তথা হইতে প্রস্থান করিলেন। কিন্তু এই প্রকার অভিভবে আপনাদের বিলক্ষণ যশোহানি হইতেছে বিবেচনা করিয়া, অভিমানী জরাসন্ধাদি নৃপতিবৃন্দ তাদৃশ অপমান কোনমতে সহ্য করিতে পারিলেন না ॥ ৪৪ ॥

তাঁহারা পরস্পরে বলিতে লাগিলেন যে, অহো! আমাদের ন্যায় বীর

শ্রীশুক উবাচ ॥
ইতি সর্ব্বে সুসংরব্ধা বাহানারুহ্য দংশিতাঃ।
স্বৈঃ স্বৈর্বলৈঃ পরিক্রান্তা অন্বীয়ুর্ধৃতকার্ম্মুকাঃ ॥ ১ ॥
তানাপতত আলোক্য যাদবানীকযূথপাঃ।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। (অহো ধিগস্মান্) ইতি এবং ব্রুবাণাঃ সুসংরব্ধাঃ ক্রোধাবিষ্টাঃ, দংশিতাঃ বদ্ধকবচাঃ, তথা ধৃতকার্ম্মুকাঃ স্বৈঃ স্বৈঃ বলৈঃ সৈন্যৈঃ পরিক্রান্তাঃ পরিবৃতাঃ, সর্ব্বে রাজানঃ জরাসন্ধাদয়ঃ, অন্বীয়ুঃ কৃষ্ণং প্রতি অধাবন্ ॥ ১ ॥

হে রাজন্! তান্ শত্রূন্ আপততঃ আগচ্ছতঃ আলোক্য তে যাদবানীকযূথপাঃ যাদব-

শ্রীধরস্বামী।

চতুঃপঞ্চাশত্তমে তু জিত্বা রাজ্ঞো বিপক্ষগান্।
রুক্মিণঞ্চ বিরূপ্যাথ ভৈষ্ম্যাঃ পাণিং পুরেঽগ্রহীৎ ॥ * ॥

ইতীতি অহো অস্মান্ ধিগিত্যেবং বদন্তঃ সুসংরব্ধাঃ ক্রোধাবিষ্টাঃ দংশিতাঃ কৃতসন্নাহাঃ পরিক্রান্তাঃ পরিবৃতা অন্বীয়ুঃ অন্বধাবন্ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চতুঃপঞ্চাশত্তমেঽরিজয়ো রুক্মিবিরূপতা।
ভৈষ্ম্যাঃ প্রবোধ উদ্বাহো দ্বারকায়ামিতীর্য্যতে ॥ * ॥

বিস্ফূর্জ্জ্য টঙ্কারয়িত্বা ॥ ১ ॥ ২ ॥

পুরুষের ধনুর্ধারণ করিবার যশে ধিক্! সিংহ সমূহের সমক্ষ হইতে তাহাদের নির্দ্দিষ্ট ভাগ যেমন মৃগ আসিয়া হরণ করে, অদ্য আমাদের ন্যায় প্রবল-পরাক্রম তেজস্বী নরপতিগণের সম্মুখ হইতে এই গোপজাতি আসিয়া সেইরূপ রুক্মিণীকে হরণ করত নির্ব্বিবাদে প্রস্থান করিতেছে ॥ ৪৫ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব তখন রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! শ্রীকৃষ্ণ রুক্মিণীকে হরণ করত প্রস্থান করিলে, জরাসন্ধাদি রাজন্যবর্গ স্ব স্ব প্রতাপে ধিক্কার প্রদান পূর্ব্বক ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন এবং বর্ম্মাবৃত হইয়া শরাসন হস্তে স্ব স্ব সৈন্য সামন্ত সহ সকলেই শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করিবার অভিপ্রায়ে তাঁহার অভিমুখে ধাবিত হইল ॥ ১ ॥

হে রাজন্! যাদবসেনা-সমূহের অধিপতিগণ বিপক্ষ সৈন্যকুলকে যুদ্ধার্থ

আভাস।

চতুঃপঞ্চাশত্তম অধ্যায়ে শ্রীকৃষ্ণ বিপক্ষ রাজাদিগকে জয় করত রুক্মিণীকে বিরূপ করিয়া নিজ পুরীতে উপস্থিত হন এবং রুক্মিণীর পাণিগ্রহণ করেন, ইহাই বর্ণিত হইয়াছে ॥

তস্থুস্তৎসংমুখা রাজন্ বিস্ফূর্জ্জ্য স্বধনুংষি তে ॥ ২ ॥
অশ্বপৃষ্ঠে গজস্কন্ধে রথোপস্থেঽস্ত্রকোবিদাঃ।
মুমুচুঃ শরবর্ষাণি মেঘাস্তোয়ং যথাদ্রিষু ॥ ৩ ॥
পত্যুর্বলং শরাসারৈশ্ছন্নং বীক্ষ্য সুমধ্যমা।
সব্রীড়মৈক্ষত্তদ্বক্ত্রং ভয়বিহ্বললোচনা ॥ ৪ ॥

অন্বয়ঃ।

সৈন্যাধিপতয়ঃ, স্বধনুংষি বিস্ফূর্জ্জ্য টঙ্কারয়িত্বা, তেষাং সম্মুখাঃ তস্থুঃ ॥ ২ ॥

অহো! মেঘাঃ যথা অদ্রিষু পর্ব্বতেষু, তোয়ং জলানি, মুঞ্চন্তি তথা অস্ত্রকোবিদাঃ জরাসন্ধাদয়ঃ, অশ্বপৃষ্ঠে গজস্কন্ধে রথোপস্থে রথোপরিস্থিতনীড়ে শরবর্ষাণি মুমুচুঃ ॥ ৩ ॥

পত্যুঃ শ্রীকৃষ্ণস্য, বলং শরাসারৈঃ ছন্নং আচ্ছন্নং, বীক্ষ্য, ভয়বিহ্বললোচনা (ভয়েন বিহ্বলে লোচনে যস্যাঃ সা) সুমধ্যমা তন্বঙ্গী, কোমলচিত্তা রুক্মিণী, তদ্বক্ত্রং কৃষ্ণমুখং সব্রীড়ং ঐক্ষং ঐক্ষত ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

বিস্ফূর্জ্জ্য টঙ্কারয়িত্বা ॥ ২ ॥
পরেষাং শরাণাং বাহুল্যে যাদবানামচলত্বে চ দৃষ্টান্তঃ মেঘা ইতি ॥ ৩ ॥
ঐক্ষং ঐক্ষত ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদ্রিষিতি। তে শরা যদূনামকিঞ্চিৎকরা অভূবন্নিতি ভাবঃ ॥ ৩ ॥
ঐক্ষং ঐক্ষত ॥ ৪ ॥

তাঁহাদিগের পশ্চাদ্ভাগে আগমন করিতে অবলোকন করিয়া, নিজ নিজ ধনুতে টঙ্কার-ধ্বনি করত বিপক্ষগণের অভিমুখে দণ্ডায়মান হইলেন ॥ ২ ॥

অহো! বারিধর যেমন ধরাধরোপরি অবিশ্রান্তে জলধারা বিসর্জ্জন করে, কিন্তু তাহাতে পর্ব্বতের কোন অনিষ্টসাধন হয় না, সেইরূপ জরাসন্ধাদি যুদ্ধ-বিশারদ বিপক্ষ রাজন্যবর্গ অশ্বপৃষ্ঠে গজস্কন্ধে এবং রথোপরি বাণ বর্ষণ করিতে লাগিলেন, কিন্তু তাহাতে যাদবগণের কোন বিশেষ অনিষ্টপাত ঘটে নাই ॥৩॥

যাদব-সৈন্যগণ বিপক্ষগণের শরজালে তাদৃশ সমাচ্ছন্ন অবলোকন করিয়া, কোমল-হৃদয়া তন্বঙ্গী রুক্মিণী ভয়বিহ্বল-লোচনে স্বীয় পতি শ্রীকৃষ্ণের বদনাভিমুখে দৃষ্টিপাত করিলেন ॥ ৪ ॥

এতদ্দর্শনে শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্য করত তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বামলোচনে! তোমার কোনরূপ ভয় করিবার প্রয়োজন নাই! তোমার এই যাদব সৈন্যগণ অতি অল্পকালের মধ্যেই বিপক্ষের বল ধ্বংস করিবে

প্রহস্য ভগবানাহ মাস্মভৈর্বামলোচনে।
বিনঙ্ক্ষ্যত্যধুনৈবৈতত্তাবকৈঃ শাত্রবং বলং ॥ ৫ ॥
তেষাং তদ্বিক্রমং বীরা গদসঙ্কর্ষণাদয়ঃ।
অমৃষ্যমাণা নারাচৈ র্জঘ্নুর্হয়গজান্ রথান্ ॥ ৬ ॥
পেতুঃ শিরাংসি রথিনামশ্বিনাং গজিনাং ভুবি।
সকুণ্ডলকিরীটানি সোষ্ণীষাণিচ কোটিশঃ ॥ ৭ ॥
হস্তাঃ সাসিগদেষ্বাসাঃ করভা ঊরবোঽঙ্ঘ্রয়ঃ।

অন্বয়ঃ।

ভগবান্ প্রহস্য আহ, হে বামলোচনে! মাস্ম ভৈঃ ভয়ং মাকৃথাঃ, তাবকৈঃ ত্বদীয়ৈঃ, সৈনিকৈঃ এতৎ শাত্রবং বলং অধুনৈব বিনঙ্ক্ষ্যতি নাশং এষ্যতি ॥ ৫ ॥

তেষাং জরাসন্ধাদীনাং, তৎ তথাবিধং বিক্রমং অসহমানাঃ অমৃষ্যমাণাঃ, গদসঙ্কর্ষণাদয়ঃ বীরাঃ নারাচৈঃ বাণৈঃ, হয়গজান্ রথান্ চ জঘ্নুঃ ॥ ৬ ॥

তথা রথিনাং অশ্বিনাং গজিনাং তত্তদারূঢ়ানাং কুণ্ডলকিরীটানি সোষ্ণীষাণি তত্তৎ-সহিতানি কোটিশঃ শিরাংসি ভুবি পেতুঃ ॥ ৭ ॥

সাসিগদেষ্বাসাঃ হস্তাঃ, করভাঃ প্রকোষ্ঠাঃ, ঊরবঃ অঙ্ঘ্রয়ঃ চ তথা অশ্বাশ্বতরনাগোষ্ট্র-

শ্রীধরস্বামী।

মাস্মভৈঃ মা ভয়ং কুরু। হে বামলোচনে বরাঙ্গি তাবকৈ ত্বদীয়ৈঃ কৃত্বা ॥ ৫ ॥

স চাসৌ বিক্রমশ্চ তং ॥ ৬ ॥

উষ্ণীষাণি শিরোবতংসবস্ত্রাণি তৎসহিতানি শিরাংসি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাস্মভৈঃ মাভৈষীঃ। তাবকৈরস্মাভিঃ স্বেষাং ত্বদীয়ত্বনির্দ্দেশস্তস্যাং পরমপ্রণয়-ব্যঞ্জকঃ ॥ ৫ ॥

তত্তদা স চাসৌ বিক্রমশ্চ তমিতি বা ॥ ৬ ॥ ৭ ॥

সন্দেহ নাই ॥ ৫ ॥

এদিকে গদ ও সঙ্কর্ষণাদি যদুবীরগণ জরাসন্ধাদি বিপক্ষগণের তাদৃশ ধৃষ্টতায় বিরক্ত হইয়া, শাণিত বাণপ্রয়োগে তাহাদিগের অশ্ব, গজ এবং রথ-সমূহ বিনষ্ট করিতে লাগিলেন ॥ ৬ ॥

তৎকালে অশ্বারোহী, গজারোহী এবং রথীগণের কুণ্ডল, কিরীট এবং উষ্ণীষ-শোভিত কোটি কোটি মস্তক ছিন্ন বিচ্ছিন্ন হইয়া, ভূমিতে নিপতিত হইতে লাগিল ॥ ৭ ॥

কৃপাণ, গদা এবং শরাসন ধারণ করা অবস্থাতেই ছিন্ন হইয়া বীরগণের

অশ্বাশ্বতরনাগোষ্ট্রখরমর্ত্ত্যশিরাংসিচ ॥
হন্যমানবলানীকা বৃষ্ণিভি র্জয়কাঙ্ক্ষিভিঃ।
রাজানো বিমুখা জগ্মু র্জরাসন্ধপুরোগমাঃ ॥ ৮ ॥
শিশুপালং সমভ্যেত্য হৃতদারমিবাতুরং।
নষ্টত্বিষং গতোৎসাহং শুষ্যদ্বদনমব্রুবন্ ॥ ৯ ॥
ভো ভো পুরুষশার্দ্দূল দৌর্মনস্যমিদং ত্যজ।
ন প্রিয়াপ্রিয়য়ো রাজন্ নিষ্ঠা দেহিষু দৃশ্যতে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

খরমর্ত্ত্যশিরাংসি চ পেতুঃ ॥

জয়কাঙ্ক্ষিভিঃ বৃষ্ণিভিঃ হন্যমানবলানীকাঃ (হন্যমানানি বলানীকানি সৈন্যসমূহাঃ যেষাং তে) জরাসন্ধপুরোগমাঃ রাজানঃ বিমুখাঃ সন্তঃ জগ্মুঃ ॥ ৮ ॥

তথা হৃতদারং ইব আতুরং ব্যাকুলং, নষ্টত্বিষং নিস্তেজস্কং, গতোৎসাহং (গতঃ বিনষ্টঃ উৎসাহঃ যস্মাৎ তৎ) শুষ্যদ্বদনং ম্লানবদনং, শিশুপালং সমভ্যেত্য তে অব্রুবন্ ॥ ৯ ॥

ভোঃ ভোঃ পুরুষশার্দ্দূল! পুরুষশ্রেষ্ঠ! ইদং দৌর্ম্মনস্যং বিষাদং, ত্যজ! যতঃ হে রাজন্! প্রিয়াপ্রিয়য়োঃ সুখদুঃখয়োঃ, নিষ্ঠা স্থৈর্য্যং দেহিষু ন দৃশ্যতে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

করভাঃ প্রকোষ্ঠাঃ। উরু বিশেষণং বা ॥ ৮ ॥

অপ্রাপ্তদারমেব তং হৃতদারমিবাতুরং ॥ ৯ ॥ নিষ্ঠা স্থৈর্য্যং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

করভাঃ মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো বহিরিত্যমরঃ ॥ ৮ ॥ ৯ ॥

নিষ্ঠা স্থৈর্য্যং ॥ ১০ ॥

হস্তসমূহ ধরাতলে পতিত হইতে লাগিল; প্রকোষ্ঠ সকল উরুদেশ সকল এবং অঙ্ঘ্রি-সমূহ ভূপতিত হইতে লাগিল; নাগ, উষ্ট্র, খর এবং পদাতিগণের মস্তক-সমূহ সমর-প্রাঙ্গণে ইতস্ততঃ নিক্ষিপ্ত হইতে লাগিল ॥

জয়াকাঙ্ক্ষী বৃষ্ণিগণের প্রবল পরাক্রমে বিধ্বস্ত এবং হতসৈন্য জরাসন্ধাদি রাজাগণ যুদ্ধে পরাস্ত হইয়া, ক্রমশঃ প্রত্যাবর্ত্তন করিলেন ॥ ৮ ॥

এবং হৃতদারের ন্যায় নিতান্ত বিষণ্ণ ও ম্লান-বদনে অবস্থিত নষ্টপ্রভ উৎসাহ-শূন্য শিশুপালের নিকট গমন করত তাঁহারা তাহাকে সম্বোধন পূর্ব্বক প্রবোধ প্রদানে বলিলেন ॥ ৯ ॥

অহে! পুরুষশ্রেষ্ঠ! এই ব্যাপারে তোমার এতাদৃশ বিষণ্ণ হইবার কোন কারণ দেখা যায় না! তুমি মনোগ্লানি পরিত্যাগ কর! হে রাজন্! জাগ-

যথা দারুময়ী যোষিন্ নৃত্যতে কুহকেচ্ছয়া।
এবমীশ্বরতন্ত্রোঽয়মীহতে সুখদুঃখয়োঃ ॥ ১১ ॥
শৌরেঃ সপ্তদশাহং বৈ সংযুগানি পরাজিতঃ।
ত্রয়োবিংশতিভিঃ সৈন্যৈ র্জিগ্য একমহং পরং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

যথা কুহকেচ্ছয়া (কুহকস্য নর্ত্তকস্য ইচ্ছয়া এব) দারুময়ী যোষিৎ প্রতিমা, নৃত্যতে এবং ঈশ্বরতন্ত্রঃ ঈশ্বরাধীনঃ, অয়ং লোকঃ, সুখদুঃখয়োঃ ঈহতে চেষ্টতে ॥ ১১ ॥

ত্রয়োবিংশতিভিঃ অক্ষৌহিণীভিঃ সৈন্যৈঃ পরিবৃতঃ অহং বৈ সপ্তদ্রশ সংযুগানি যুদ্ধানি, কৃত্বা শৌরেঃ শ্রীকৃষ্ণাৎ পরাজিতঃ; পরং অন্তিমং, একং সংযুগং অহং জিগ্যে জিতবান্ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

কুহকো নর্ত্তয়িতা। তস্যেচ্ছয়া দুঃখেঽপীহমানত্বেন পারবশ্যং ব্যক্তং দর্শিতং ॥ ১১ ॥

তত্র অহমেব দৃষ্টান্ত ইত্যাহ জরাসন্ধঃ শৌরেরিতি। শ্রীকৃষ্ণসকাশাৎ একং সংযুগং পরং কেবলং অন্তিমং বা জিগ্যে জিতবানহং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুহকো নর্ত্তয়িতা তস্যেচ্ছয়া। এবময়ং জীবলোকঃ। কদাচিৎ সুখে কদাচিদ্দুঃখেঽপি ঈহতে চেষ্টতে প্রবর্ত্তত ইতি যাবৎ। ঈশ্বরাধীন ইতীশ্বরমমানিতবতামপি তেষাং কৃষ্ণ-বৈমুখ্যাদেবাসুরত্বং ॥ ১১ ॥

শৌরেঃ সকাশাৎ সংযুগানি বাপ্য সংযুগেষু বা পরাজিতঃ পরাভূতঃ। ত্রয়োবিংশত্য-ক্ষৌহিণীসঙ্খ্যৈঃ। একং পরং একস্মিন্নন্তিম এব সংযুগে জিগ্যে জিতবানস্মি ॥ ১২ ॥

তিক সুখ বা দুঃখের সহিত দেহধারী জীবের কখন কোন স্থিরতর সম্বন্ধ দেখা যায় না ॥ ১০ ॥

যেমন সূত্রধারী কুহকের (নর্ত্তকের) ইচ্ছার উপরই কাষ্ঠময়ী পুত্তলিকার ইতস্ততঃ বিচরণরূপ নৃত্যাদি পরিদৃষ্ট হয়; পুত্তলিকা নিজে সঞ্চরণ করিতে পারে না, সেইরূপ এই সমগ্র জীব-জগৎ ঈশ্বরের উপরই সম্পূর্ণ নির্ভর করে এবং তাঁহারই প্রেরণায় সুখ বা দুঃখের অভিমুখে গমন করিয়া থাকে ॥ ১১ ॥

এই সামান্য পরাজয়ে তোমার আর কি বিশেষ অপমান-বোধ হইয়াছে? আমি ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সেনায় পরিবৃত থাকিয়াও সপ্তদশ বার শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধে পরাস্ত হইয়াছিলাম; কেবল শেষ একবার মাত্র জয়-লাভ করিয়াছি ॥ ১২ ॥

কিন্তু তথাপি তাদৃশ পরাজয়ে আমার কোন দুঃখ বা শেষ জয়ে কোন বিশেষ আনন্দ অনুভব করি নাই! কারণ আমি জানি যে, পরমেশ্বর-প্রেরিত

তথাপাহং ন শোচামি ন প্রহৃষ্যামি কর্হিচিৎ।
কালেন দৈবযুক্তেন রাজন্ বিদ্রাবিতং জগৎ ॥ ১৩ ॥
অধুনাপি বয়ং সর্ব্বে বীরযূথপযূথপাঃ।
পরাজিতাঃ ফল্গুতন্ত্রৈর্যদুভিঃ কৃষ্ণপালিতৈঃ ॥ ১৪ ॥
রিপবো জিগ্যুরধুনা কালে আত্মানুসারিণি।
তদা বয়ং বিজেষ্যামো যদা কালঃ প্রদক্ষিণঃ ॥
এবং প্রবোধিতো মিত্রৈশ্চৈদ্যোঽগাৎ সানুগঃ পুরং।
হতশেষাঃ পুনস্তেঽপি যযুঃ স্বং স্বং পুরং নৃপাঃ ॥

অন্বয়ঃ।

তথাপি অহং ন শোচামি নাপি কর্হিচিৎ প্রহৃষ্যামি। যতঃ হে রাজন্! দৈবযুক্তেন পরমেশ্বর-নিযুক্তেন, কালেন কৃৎস্নং জগৎ বিদ্রাবিতং উপদ্রুতং, ভবতি ॥ ১৩ ॥

অধুনাপি বীরযূথপযূথপাঃ সর্ব্বে বয়ং ফল্গুতন্ত্রৈঃ স্বল্পসৈন্যযুক্তৈঃ, কৃষ্ণপালিতৈঃ যদুভিঃ পরাজিতঃ ॥ ১৪ ॥

আত্মানুসারিণি স্বানুকূলে, কালে প্রাপ্তে অধুনা রিপবঃ যদবঃ অস্মান্ জিগ্যুঃ; কিন্তু কালঃ যদা অস্মাকং প্রদক্ষিণঃ অনুকূলঃ, ভাবী তদা বয়ং তান্ বিজেষ্যামঃ ॥

মিত্রৈঃ জরাসন্ধাদিভিঃ এবং প্রবোধিতঃ সানুগঃ হতাবশিষ্টসৈন্যসহিতঃ চৈদ্যঃ শিশুপালঃ, স্বং পুরং অগাৎ তথা হতশেষাঃ তে জরাসন্ধাদয়ঃ নৃপাঃ, অপি স্বং স্বং পুরং যযুঃ ॥

শ্রীধরস্বামী।

দৈবমদৃষ্টং তদ্যুক্তেন ॥ ১৩ ॥ ফল্গুতন্ত্রৈঃ স্বল্পসৈন্যৈঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈবমদৃষ্টং তদ্যুক্তেন বিদ্রাবিতং সংক্ষোভিতং ॥ ১৩ ॥

ফল্গুতন্ত্রৈঃ তুচ্ছপরিচ্ছদৈঃ ॥ ১৪ ॥

কালের বশবর্ত্তী হইয়াই এই সমগ্র ভুবন ইতস্ততঃ পরিচালিত ও উপদ্রুত হইতেছে, সন্দেহ নাই ॥১৩॥

এই দেখ! আমাদের ন্যায় বীরচূড়ামণিগণের অগ্রগণনীয় নেতাগণও সামান্য কৃষ্ণপালিত অতি স্বল্পসংখ্যক যদুগণের দ্বারাও পরাজিত হইলাম ॥১৪

সম্প্রতি বিপক্ষ যাদবগণ অনুকূল কাল প্রাপ্ত হইয়াই আমাদিগকে পরাস্ত করিয়াছে; আবার কাল যখন আমাদের অনুকূল হইবে, তখন আমরাও তাহাদিগকে পরাজয় করিব ॥

জরাসন্ধাদি মিত্রগণের উৎসাহ-বাক্যে এই প্রকারে প্রবোধিত চেদিপতি শিশুপাল হতাবশিষ্ট অনুচরবর্গে পরিবৃত হইয়া, স্বীয় পুরে প্রস্থান

রুক্মীতু রাক্ষসোদ্বাহং কৃষ্ণদ্বিড়সহন্ স্বসুঃ।
পৃষ্ঠতোঽন্বগমৎ কৃষ্ণমক্ষৌহিণ্যা যুতো বলী ॥
রুক্ম্যমর্ষী সুসংরব্ধঃ শৃণতাং সর্ব্বভূভুজাং।
প্রতিজজ্ঞে মহাবাহু র্দংশিতঃ সশরাসনঃ ॥
অহত্বা সঙ্গরে কৃষ্ণমপ্রত্যূহ্য যবীয়সীং।
কুণ্ডিনং ন প্রবেক্ষ্যামি তথ্যমেতদ্ব্রবীম্যহং ॥

অন্বয়ঃ।

স্বসুঃ ভগিন্যাঃ, রাক্ষসোদ্বাহং হরণং, অসহমানঃ কৃষ্ণদ্বিট্ বলী রুক্মী তু অক্ষৌহিণ্যা সেনয়া যুতঃ সন্ কৃষ্ণং পৃষ্ঠতঃ অন্বগমৎ অন্বধাবত ॥

মহাবাহুঃ মহাবলী, অমর্ষী হরণং সহমানঃ, সুসংরব্ধঃ সংক্রুদ্ধঃ, দংশিতঃ বদ্ধকবচঃ, সশরাসনঃ ধনুর্দ্ধরঃ রুক্মী সর্ব্বভূভুজাং শৃণ্বতাং সতাং প্রতিজজ্ঞে প্রতিজ্ঞাং অকরোৎ ॥

সঙ্গরে সমরে, কৃষ্ণং অহত্বা, যবীয়সীং ভগিনীং, রুক্মিণীং অপ্রত্যূহ্য অনিবর্ত্ত্য, অহং কুণ্ডিনং পুরং ন প্রবেক্ষ্যামি এতৎ তথ্যং যথার্থং, এব অহং ব্রবীমি ॥

শ্রীধরস্বামী।

প্রদক্ষিণঃ অনুকূলো যদা স্যাৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রদক্ষিণঃ অনুকূলঃ ॥

অমর্ষী অসহিষ্ণুঃ। সুসংরব্ধঃ অতিক্রোধী ॥

করিল এবং অন্যান্য রাজাগণও স্ব স্ব সৈন্য লইয়া আপন আপন রাজ্যে যাত্রা করিলেন ॥

এই অবস্থা দর্শনে রুক্মী আর নিরস্ত থাকিতে পারিলেন না; সেই ব্যক্তি শ্রীকৃষ্ণের নিতান্ত বিদ্বেষী, তাহাতে আবার বলবান্; সুতরাং শ্রীকৃষ্ণ ভগিনীকে হরণ করিয়াছেন শুনিয়া, রুক্মী আর সহ্য করিতে পারিল না। সে এক অক্ষৌহিণী সেনায় পরিবৃত হইয়া, যুদ্ধ করিবার মানসে শ্রীকৃষ্ণের পশ্চাদ্ধাবন করিল ॥

ক্রোধপূর্ণ-হৃদয়ে বর্ম্মাদিতে সজ্জিত হইয়া, শরাসন হস্তে তথায় উপনীত হইল এবং যাবদীয় রাজন্যবর্গের সমক্ষেই প্রতিজ্ঞা পূর্ব্বক প্রকাশ করিয়া বলিল— ॥

ওহে বীরগণ! আপনারা সকলে শ্রবণ করুন্! আমি অদ্য শ্রীকৃষ্ণকে বিনাশ না করিয়া এবং রুক্মিণীকে পুনরুদ্ধার না করিয়া, আর কুণ্ডিনপুরে প্রত্যাগমন করিব না। আমার এই প্রতিজ্ঞা কখন বিফল হইবার নহে ॥

ইত্যুক্ত্বা রথমারুহ্য সারথিং প্রাহ সত্বরঃ।
চোদয়াশ্বান্ যতঃ কৃষ্ণস্তস্য মে সংযুগং ভবেৎ ॥ ১৫ ॥
অদ্যাহং নিশিতৈ র্বাণৈ র্গোপালস্য সুদুর্ম্মতেঃ।
নেষ্যে বীর্য্যমদং যেন স্বসা মে প্রসভং হৃতা ॥
বিকত্থমানঃ কুমতি রীশ্বরস্যাপ্রমাণবিৎ।
রথেনৈকেন গোবিন্দং তিষ্ঠতিষ্ঠেত্যথাহ্বয়ৎ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

ইতি উক্ত্বা সত্বরঃ সন্ রথং আরুহ্য যতঃ যত্র, কৃষ্ণঃ অস্তি তত্র অশ্বান্ শীঘ্রং চোদয় গময়, যতঃ তেন কৃষ্ণেন, সহ মম সংযুগং যুদ্ধং, ভবেৎ ইতি সারথিং প্রাহ ॥ ১৫ ॥

যেন শ্রীকৃষ্ণেন, মে মম, স্বসা ভগিনী, প্রসভং বলেন, হৃতা তস্য সুদুর্ম্মতেঃ গোপালস্য বীর্য্যমদং অদ্য নিশিতৈঃ তীক্ষ্ণৈঃ, বাণৈঃ অহং নেষ্যে ॥

ঈশ্বরস্য অপ্রমাণবিৎ বলবীর্য্যয়োঃ প্রমাণং ইয়ত্তাং ন বেত্তি ইতি তথা কুমতিঃ মন্দবুদ্ধিঃ, এবং বিকত্থমানঃ রুক্মী একেন রথেন অনুধাবন্ অথ তিষ্ঠ তিষ্ঠ ইতি গোবিন্দং আহ্বয়ৎ ॥ ১৬

শ্রীধরস্বামী।

গোপালস্য বেদপালকস্যেতি বাস্তবোঽর্থঃ। তথা সুদুর্ম্মতেরিতি শোভনা অনুগ্রহবতী দুষ্টেষু মতির্যস্যেতি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহত্বেতি ভারতীপক্ষে অজ্ঞাত্বা অপ্রত্যূহ্য অনিবর্ত্ত্য অনির্মোচ্যেতি বা ১৫ ॥

নেষ্যে গময়িষ্যামি হরিষ্যামীত্যর্থঃ। ভারতীপক্ষে শোভনা কৃপাবতী দুষ্টেষ্বপি মতির্যস্য তস্য নিশিতৈ র্বাণৈ বীর্য্যমদং স্বপরাক্রমগর্ব্বমহং নেষ্যে যাপয়িষ্যামি দূরীকরিষ্যামীত্যর্থঃ ॥ ১৬ ॥

এইরূপ প্রতিজ্ঞা করিয়া, রুক্মী সত্বর রথে আরোহণ পূর্ব্বক সারথিকে সম্বোধন পূর্ব্বক বলিল যে, কৃষ্ণ যে স্থানে অবস্থান করিতেছেন, তুমি সত্বর সেই দিকে অশ্বগণকে পরিচালিত কর! কারণ তাঁহার সহিত অদ্য আমার যুদ্ধ হইবে ॥ ১৫ ॥

সেই নির্ব্বোধ যেমন দর্প করিয়া আমার ভগিনীকে হরণ করিয়াছে, অদ্য সেই দর্পের সমুচিত দণ্ডবিধান করিব; এই নিশিত বাণের দ্বারা সেই নির্ব্বোধ গোপালের বীরাভিমান অদ্য বিচূর্ণ করিব ॥

রুক্মী ভগবান্ শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্যে সম্পূর্ণ অনভিজ্ঞ; সুতরাং এইপ্রকার প্রগল্‌ভতার পরিচয়ে একাকী রথে আরোহণ পূর্ব্বক যুদ্ধার্থ দণ্ডায়মান হও! পলায়ন করিও না! বলিয়া গোবিন্দকে পুনঃ পুনঃ আহ্বান করিতে

ধনুর্বিকৃষ্য সুদৃঢ়ং জঘ্নে কৃষ্ণং ত্রিভিঃ শরৈঃ।
আহ চারে ক্ষণং তিষ্ঠ যদূনাং কুলপাংসন ॥ ১৭ ॥
কুত্র যাসি স্বসারং মে মুষিত্বা ধ্বাঙ্ক্ষবদ্ধবিঃ।
হরিষ্যেঽদ্য মদং মন্দ মায়িনঃ কূটযোধিনঃ ॥
যাবন্ন মে হতো বাণৈঃ শয়ীথা মুঞ্চ দারিকাং।
স্ময়ন্ কৃষ্ণো ধনুশ্ছিত্বা ষড়্ভির্বিব্যাধ রুক্মিণং ॥

অন্বয়ঃ।

তথা সুদৃঢ়ং ধনুঃ বিকৃষ্য (তস্মিন্ শরান্ সন্ধায়) ত্রিভিঃ শরৈঃ কৃষ্ণং জঘ্নে; আহ চ অরে যদূনাং কুলপাংসন কুলদূষণ! ক্ষণং তিষ্ঠ ॥ ১৭ ॥

হে মন্দ! ধ্বাঙ্ক্ষঃ কাকঃ, যথা হবিঃ হৃত্বা পলায়তে তথা মে মম স্বসারং ভগিনীং, মুষিত্বা হৃত্বা, কুত্র যাসি? কূটযোধিনঃ (কূটং কপটং যুদ্ধং কর্ত্তুং শীলং যস্য তাদৃশস্য) মায়িনঃ তে মদং গর্ব্বং, অদ্য হরিষ্যে ॥

যাবৎ মম বাণৈঃ হতঃ সন্ ন শয়ীথাঃ ততঃ পূর্ব্বং এব দারিকাং কন্যাং, রুক্মিণীং মুঞ্চ ত্বং ত্যজ? তদা কৃষ্ণঃ স্ময়ন্ উপহসন্ তস্য ধনুঃ ছিত্বা ষড়্ভিঃ বাণৈঃ রুক্মিনং বিব্যাধ ॥

শ্রীধরস্বামী।

যদূনাং কুলপাংসন কুলদূষণ বস্তুতস্তু যদূনাং কুলস্য পতে স্বয়ঞ্চ রিপুহননচতুরঃ অংস সমাঘাতে ইত্যস্মাদ্ধাতোঃ কর্ত্তরি ল্যুট্ প্রত্যয়ো নন্দ্যাদিবিহিতঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুলস্য পাংশুকরণাৎ কুলপাংসন পক্ষে হে যদুকুলপালক হে অংসন রিপুঘাতিন্। অংস সমাঘাতে। অরেক্ষণং ভারতীপক্ষে অরং শীঘ্রমীক্ষণং যত্র তদ্যথাস্যাত্তথা তিষ্ঠ ॥ ১৭ ॥

ধ্বাঙ্ক্ষঃ কাকঃ স যথা হবির্মুষ্ণাতি তদ্বৎ। পক্ষে মে স্বসারং মহালক্ষ্মীত্বাৎ ত্বদীয়ামপি ত্বং মুষিত্বা অমুষ্মিত্বা বা কুত্র যাসি। অহং স্বসারং স্বভগিনীং হরিষ্যে ত্বত্তো মোচয়িত্বা স্বগৃহং

লাগিল ॥ ১৬ ॥

এবং সুদৃঢ় শরাসনে বাণ যোজনা করত তিনটী শরে কৃষ্ণকে বিদ্ধ করিয়া আস্ফালন পূর্ব্বক বলিতে লাগিল যে, অরে যদুকুলকলঙ্ক! ক্ষণকাল অপেক্ষা কর! ॥ ১৭ ॥

অরে দুর্ব্বুদ্ধে! কাক যেমন যজ্ঞের হবি লইয়া পলায়ন করে, তুমি সেইরূপ আমার ভগিনীকে হরণ করত কোথায় পলায়ন করিতেছ? কপট যুদ্ধে আমার নিকট ফল পাইবে না! অহে মায়াবিন্! অদ্য তোমার পরাক্রমের গর্ব্ব সমূলে বিলুপ্ত করিব, সন্দেহ নাই ॥

মদীয় শাণিত বাণে আহত হইয়া ধরাশায়ী হইবার পূর্ব্বেই রুক্মিণীকে

অষ্টভিশ্চতুরো বাহান্ দ্বাভ্যাং সূতং ধ্বজং ত্রিভিঃ।
সচান্যদ্ধনুরাদায় কৃষ্ণং বিব্যাধ পঞ্চভিঃ॥
তৈস্তাড়িতঃ শরৌঘৈস্তু চিচ্ছেদ ধনুরচ্যুতঃ।
পুনরন্যদুপাদত্ত তদপ্যচ্ছিনদচ্যুতঃ॥
পরিঘং পট্টিসং শূলং চর্ম্মাসীশক্তিতোমরান্।
যদ্‌যদায়ুধমাদদ্যাত্তৎ সর্ব্বমচ্ছিনদ্ধরিঃ॥

অন্বয়ঃ।

অষ্টভিঃ বাণৈঃ চতুরঃ বাহান্ বিব্যাধ তাড়য়ামাস; দ্বাভ্যাং শরাভ্যাং সূতং সারথিং, বিব্যাধ, ত্রিভিঃ ধ্বজং বিব্যাধ। সঃ চ রুক্মী অন্যৎ ধনুঃ আদায় পঞ্চভিঃ শরৈঃ কৃষ্ণং বিব্যাধ॥

তৈঃ রুক্মিপ্রযুক্তৈঃ শরৌঘৈঃ বাণসমূহৈঃ, তাড়িতঃ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ, তস্য ধনুঃ চিচ্ছেদ; রুক্মীতু অন্যৎ অপি ধনুঃ উপাদত্ত, তৎ অপি ধনুঃ অচ্যুতঃ অচ্ছিনৎ॥

ততঃ পরিঘং পট্টিসং, শূলং চর্ম্ম অসীশক্তিতোমরান্ যদ্ যদ্ আয়ুধং রুক্মী তদা আদদ্যাৎ হরিঃ তৎ সর্ব্বং অচ্ছিনৎ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৈলদ্রোণ্যাং প্রাস্যেতি। যস্যা ভর্ত্তা পরমেশ্বরঃ সা তদ্দ্বারা স্বতাতং কথং নাজীবয়দিতি লোকোক্ত্যৈব জগাম। নতু কৃষ্ণপ্রাতিকূল্যে সত্রাজিতি তস্যা বস্তুতঃ স্নেহঃ। কৃষ্ণায় কৃষ্ণমপি

শতধন্বা যদুবংশে জন্ম গ্রহণ করিলেও কংসাদির ন্যায় অসুরভাবাপন্ন এবং পাপমতি ছিল; প্রবল পাপ-বাসনার প্রাবল্যে তাহার জীবন স্বতই ক্ষয় হইয়া আসিল; সুতরাং কৃতবর্ম্মা ও অক্রূরের পরামর্শে তাহার মতিভ্রম উপস্থিত হইল; সে মণির লোভে নিদ্রিত সত্রাজিৎকে অনায়াসে বধ করিল ॥ ৩॥

আকস্মিক হত্যাকাণ্ড দর্শনে অন্তঃপুরস্থা সত্রাজিৎ-বনিতাগণ বিকটাকার চিৎকার করিয়া উঠিলেন এবং অনাথার ন্যায় কাতরকণ্ঠে যখন রোদন করিতে লাগিলেন, তখন পশুহন্তা যেমন নির্দ্দয়ভাবে পশুর প্রাণ বধ করে, সেইরূপ শতধন্বা সত্রাজিতের প্রাণবধ করিয়া, স্যমন্তক মণি লইয়া প্রস্থান করিল ॥

জনকের নিধন দর্শনে সত্যভামা শোকে ও দুঃখে বিহ্বল হইয়া পড়িলেন; এবং হে তাত! আমাদিগকে শোকসাগরে নিক্ষেপ করিয়া, আপনি কোথায়

তৈলদ্রোণ্যাং মৃতং প্রাস্য জগাম গজসাহ্বয়ং।
কৃষ্ণায় বিদিতার্থায় তপ্তাচখ্যৌ পিতুর্ব্বধং॥
তদাকর্ণ্যেশ্বরৌ রাজন্ননুস্মৃত্য নৃলোকতাং।
অহো নঃ পরমং কষ্টমিত্যশ্রাক্ষৌ বিলেপতুঃ॥
আগম্য ভগবাংস্তস্মাৎ সভার্য্যঃ সাগ্রজঃ পুরং।
শতধন্বানমারেভে হন্তুং হর্ত্তুং মণিং ততঃ॥

অন্বয়ঃ।

ততঃ মৃতং পিতরং তৈলদ্রোণ্যাং তৈলপূর্ণকটাহে, প্রাস্য নিধায়, গজসাহ্বয়ং (গজেন সহিতং আহ্বয়ং নাম যস্য তৎ হস্তিনাপুরং জগাম তথা বিদিতার্থায় সর্ব্বজ্ঞায়, অপি কৃষ্ণায়, তপ্তা সন্তপ্তা, সা সত্যভামা, পিতুঃ বধং আচখ্যৌ বর্ণয়ামাস॥

হে রাজন্! তৎ সত্রাজিন্মরণং আকর্ণ্য ঈশ্বরৌ অপি রামকৃষ্ণৌ নৃলোকতাং অনুস্মৃত্য নরলীলাং অভিনয়ন্তৌ, অশ্রাক্ষৌ অশ্রুপূর্ণনেত্রৌ, সন্তৌ অহো নঃ অস্মাকং, পরমং কষ্টং দুঃখং আপ্তং ইত্যেবং বিলেপতুঃ॥

সভার্য্যঃ সত্যভামাসহিতঃ, সাগ্রজঃ বলদেবসহিতঃ, চ ভগবান্ কৃষ্ণঃ ততঃ হস্তিনাপুরাৎ, দ্বারকাং আগত্য তস্মাৎ শতধন্বনঃ, মণিং হর্ত্তুং তং শতধন্বানং, হন্তুং আরেভে উদ্যতঃ বভূব॥

শ্রীধরস্বামী।

জগ্মিবান্ জগাম॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাপযুক্তী কর্ত্তুং তপ্তেতি যথাহং তপ্তা তথা ত্বমপি তাপমেবাভিনয়েতি জ্ঞাপয়ন্তীতি ভাবঃ॥

তত্তস্যা বচনং শ্রুত্বা অশ্রুপাতং বিলাপঞ্চাভিনিন্যতু লোকসমাধানার্থমিতার্থঃ॥

গমন করিলেন, ইত্যাদি বিবিধ কাতরোক্তির উল্লেখে মধ্যে মধ্যে হাহাকার ধ্বনি করিতে লাগিলেন॥

পরে কথঞ্চিৎ ধৈর্য্য অবলম্বন করিয়া, এতাদৃশ হত্যাকাণ্ডের ব্যাপার শ্রীকৃষ্ণকে অবগত করান বিশেষ প্রয়োজন মনে করত, পিতার অন্ত্যেষ্টি-ক্রিয়াদি না করিয়াই তদীয় মৃতদেহ তৈলকটাহে নিক্ষিপ্ত রাখিয়া স্বয়ং হস্তিনাপুরে গমন করিলেন এবং অতীব সন্তপ্তচিত্তে সর্ব্বজ্ঞ শ্রীকৃষ্ণের সন্নিধানে উপনীত হইয়া, পিতার মৃত্যুসংবাদ তাঁহাকে প্রদান করিলেন॥

রামকৃষ্ণ সর্ব্বজ্ঞ পরমপুরুষ হইলেও সত্যভামার মুখে তদীয় পিতার নিধন-বার্ত্তা শ্রবণ করিয়া, সাধারণ মানবতুল্য আচরণের প্রদর্শনে "অহো! আমাদের কি বিষম দুর্দ্দৈব উপস্থিত হইল"! ইত্যাদি শোকোক্তির প্রকাশে অশ্রুপূর্ণ-লোচনে উভয়েই বিলাপ করিতে লাগিলেন॥

সোঽপি কৃষ্ণোদ্যমং শ্রুত্বা ভীতঃ প্রাণপরীপ্সয়া।
সাহায্যে কৃতবর্ম্মাণমযাচত সচাব্রবীৎ ॥ ৪ ॥
নাহমীশ্বরয়োঃ কুর্য্যাং হেলনং রামকৃষ্ণয়োঃ।
কোঽন্বু ক্ষেমায় কল্পেত তয়ো র্বৃজিনমাচরন্ ॥ ৫ ॥
কংসঃ সহানুগোঽপীতো যদ্দ্বেষাত্ত্যাজিতঃ শ্রিয়া।
জরাসন্ধঃ সপ্তদশ সংযুগাদ্বিরথো গতঃ ॥

অন্বয়ঃ।

সঃ শতধন্বা অপি কৃষ্ণস্য উদ্যমং শ্রুত্বা প্রাণপরীপ্সয়া প্রাণরক্ষণেচ্ছয়া কৃতবর্ম্মাণং সাহায্যে অযাচত। সঃ চ কৃতবর্ম্মা ইদং অব্রবীৎ যৎ ॥ ৪ ॥

অহং ঈশ্বরয়োঃ রামকৃষ্ণয়োঃ, হেলনং প্রতিকূলং, ন কুর্য্যাং; তয়োঃ বৃজিনং অপরাধং, আচরন্ কুর্ব্বন্ কঃ নু পুমান্ ক্ষেমায় কল্পেত ক্ষেমং প্রাপ্নুয়াৎ ॥ ৫ ॥

যদ্দ্বেষাৎ (যস্য কৃষ্ণস্য দ্বেষাৎ) সহানুগঃ (অনুগৈঃ ভ্রাতৃভিঃ সহিতঃ) কংসঃ শ্রিয়া ত্যাজিতঃ সন্ অপীতঃ অপ্যয়ং নাশং প্রাপ্তঃ। তথা জরাসন্ধঃ অপি সপ্তদশ-সংযুগাৎ বিরথঃ শরীর-মাত্রাবশিষ্টঃ গতঃ ॥

শ্রীধরস্বামী।

হেলনং প্রতিকূলং। বৃজিনং অপরাধং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ সা আগত্য জীবয়িতুমশক্তাবেব সাস্রং বিলেপতুরিতি স্ববন্ধূন্ অবদদিতি জ্ঞেয়ং ॥ ৪ ॥

নাহমিত্যয়ং ভাবঃ। ময়া সত্রাজিদ্বধ এব ভবান্ প্রবর্ত্তিতো নতু ভগবৎপ্রাতিকূল্যে তত্ত্ব তৎ যদি শরণং ন যিযাসসি তর্হি ত্বমিব কিমহমপি তৎপ্রতিকূলো বুভূষামীতি ॥ ৫ ॥

পরে ভগবান্ শ্রীকৃষ্ণ বলদেব ও সত্যভামাকে সঙ্গে লইয়া, হস্তিনাপুর হইতে দ্বারকায় আগমন করিলেন এবং শতধন্বাকে বধ করত তাহার নিকট হইতে মণি সংগ্রহের চেষ্টা করিতে লাগিলেন ॥

এদিকে শতধন্বাও বাসুদেবের তাদৃশ অভিপ্রায় অবগত হইয়া, স্বীয় জীবন-রক্ষার বাসনায় কৃতবর্ম্মার নিকট সাহায্য প্রার্থনা করিল। কিন্তু কৃতবর্ম্মা তাহা উপেক্ষা করত বলিল যে— ॥ ৪ ॥

আমি সাক্ষাৎ জগদীশ্বর-তুল্য রামকৃষ্ণের প্রতিকূলে কখন তোমার কোন সাহায্য করিব না। কারণ তাঁহাদিগের নিকট অপরাধী হইয়া, জগতে কে মঙ্গল লাভের প্রত্যাশা করিতে পারে? ॥ ৫ ॥

দেখ! প্রবল-প্রতাপ মহারাজ কংস শ্রীকৃষ্ণের সহিত বিরুদ্ধাচরণ করিয়া,

প্রত্যাখ্যাতঃ সচাক্রূরং পাঞ্চিগ্রাহমযাচত।
সোঽপ্যাহ কো বিরুধ্যেত বিদ্বানীশ্বরয়োর্বলং ॥ ৬ ॥
য ইদং লীলয়া বিশ্বং সৃজত্যবতি হন্তি চ।
চেষ্টাং বিশ্বসৃজো যস্য ন বিদুর্মোহিতাজয়া ॥
যঃ সপ্তহায়নঃ শৈলমুৎপাট্যৈকেন পাণিনা।

অন্বয়ঃ।

এবং কৃতবর্ম্মণা প্রত্যাখ্যাতঃ শতধন্বা অক্রূরং পাঞ্চিগ্রাহং চরণধারণপূর্ব্বং, সাহায্যার্থং অযাচত। সঃ অক্রূরঃ অপি "ঈশ্বরয়োঃ বলং বিদ্বান্ জানন্, সন্ কঃ পুমান্ তাভ্যাং সহ বিরুধ্যেত ইতি" আহ ॥ ৬ ॥

যঃ লীলয়া অনায়াসেন, সংকল্পমাত্রেণৈব ইদং বিশ্বং সৃজতি অবতি রক্ষতি, হন্তি চ যস্য চেষ্টাং বিশ্বসৃজঃ ব্রহ্মাদয়ঃ, অপি অজয়া মায়য়া, মোহিতাঃ সন্তঃ ন বিদুঃ ন জানন্তি ॥

অর্ভকঃ বালঃ, যথা উচ্ছিলীন্ধ্রং ছত্রাকং, ধরতি তথা সপ্তহায়নঃ সপ্তবর্ষীয়ঃ, বালঃ এব যঃ

শ্রীধরস্বামী।

অপীতো মৃতঃ। সপ্তদশসংখ্যকাং সংযুগাং ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপীতো মৃতঃ। অপ্যর্থশব্দস্য মরণার্থকত্বাৎ শ্রিয়া ত্যাজিতস্ত্যক্তঃ। যদ্বা হত ইহ যৎ যেন দ্বেষাৎ স্ববিষয়কাক্ষেতোঃ কংসঃ শ্রিয়া ত্যাজিতঃ ॥

সপ্তদশানাং সংযুগানাং সমাহারস্তস্মাৎ ॥ এবং কৃতবর্ম্মণা প্রত্যাখ্যাতঃ ॥ ৬ ॥

রাজ্যভ্রষ্ট হইলেন এবং ভ্রাতৃগণ ও অনুচরবর্গ সহ অবশেষে নিহতও হইয়াছেন। বিপুলবিক্রম জরাসন্ধ রামকৃষ্ণের সহিত যুদ্ধ করিতে গিয়া, সপ্তদশ বার পরাস্ত হইয়াছেন; এমন কি! প্রত্যেক বার সমস্ত সৈন্যসামন্তের নিধনে কেবল একাকী প্রাণ লইয়াই পলায়ন করিয়াছেন ॥

কৃতবর্ম্মার নিকট প্রত্যাখ্যাত হইয়া, শতধন্বা অক্রূরের চরণ ধারণে সাহায্য প্রার্থনা করিল; কিন্তু অক্রূরও তাঁহার কথায় কর্ণপাত করিলেন না; বরং বলিলেন যে, রামকৃষ্ণের প্রভাব যাঁহারা পরিজ্ঞাত আছেন, তাঁহারা কখন তোমার সাহায্যার্থ তাঁহাদের বিরুদ্ধে দণ্ডায়মান হইবেন না ॥৬॥

অহো! যিনি অবলীলাক্রমে স্বীয় বৈষ্ণবী মায়ার প্রভাবে এই বিশ্ব-সংসারের সৃষ্টি, স্থিতি ও সংহার কার্য্য সাধিত করিতেছেন! অহো! যাঁহার মায়ায় মোহিত হইয়া বিশ্ববিধাতা ব্রহ্মাদিগণও যে শ্রীকৃষ্ণের উদ্যম অবগত হইতে পারেন না ॥

যিনি কেবল সপ্তমবর্ষীয় বালকাবস্থায় বিপুল গোবর্দ্ধন পর্ব্বতকে উৎপাটন

দধার লীলয়া বাল উচ্ছিলীন্ধ্রমিবার্ভকঃ ॥
নমস্তস্মৈ ভগবতে কৃষ্ণায়াদ্ভুতকর্ম্মণে।
অনন্তায়াদিভূতায় কূটস্থায়াত্মনে নমঃ ॥ ৭ ॥
প্রত্যাখ্যাতঃ স তেনাপি শতধ্বন্বা মহামণিং।
তস্মিন্ন্যস্যাশ্বমারুহ্য শতযোজনগং যযৌ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

শ্রীকৃষ্ণঃ শৈলং গোবর্দ্ধনং, উৎপাট্য লীলয়া অনায়াসেন, এব একেন পাণিনা দধার ॥

তস্মৈ অনন্তায় অপরিচ্ছিন্নায়, আদিভূতায় সদ্‌কারণায়, কূটস্থায় স্বরূপতঃ স্বভাবতশ্চ নির্ব্বিকারায়, আত্মনে সর্ব্বান্তর্যামিণে অদ্ভুতকর্ম্মণে (অদ্ভুতং দেবমনুষ্যাদিষু অসম্ভাবিতং কর্ম্ম যস্য তস্মৈ) ভগবতে ষড়ৈশ্বর্য্যপূর্ণায় কৃষ্ণায় নমো নমঃ ইতি ॥ ৭ ॥

তেন অক্রূরেণ এবং প্রত্যাখ্যাতঃ সঃ শতধন্বা মহামণিং স্যমন্তকং তস্মিন্ অক্রূরে এব ন্যস্য অক্রূরাধীনং কৃত্বা, শতযোজনগং (শতযোজনং গচ্ছতি ইতি তং) অশ্বং আরুহ্য যযৌ অপলায়ত ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তৌ রামকৃষ্ণাবেকমেব তত্ত্বমিত্যভিপ্রেত্যাহ য ইদমিতি। অজয়া মোহিতা জয়েতি সন্ধিরার্ষঃ ॥ ৭ ॥

অন্তর্যামি শ্রীকৃষ্ণনিযুক্তঃ। তস্মিন্নক্রূরে মণিং ন্যস্য যযৌ পলায়ত ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রামকৃষ্ণাবেকমেব তত্ত্বমিত্যভিপ্রেত্যাহ। য ইতি। মোহিতাজয়া ইতি সন্ধিরার্ষঃ ॥ ৭ ॥

ন্যস্য ন্যাসরূপেণ স্থাপয়িত্বেতি স্বায়ত্তোঽপি স্বধনে মমত্বাধিক্যং দর্শিতং। শতযোজনগামিত্বং তস্য স্বভাব এব, বিপৎপ্রাপ্তত্বেতু বহুশতযোজনগমনসামর্থ্যমপি জ্ঞেয়ং। অতো দ্বারকাতো মিথিলোপবনপর্য্যন্তমতিকষ্টেন গত্বা তত্রৈবাশ্বো মৃত ইতি বক্ষ্যতে ॥ ৮ ॥

করিয়া, বালক যেমন অবলীলাক্রমে ছত্রাক ধারণ করে, সেইরূপ কেবল বাম করে সপ্তাহ কাল অবলীলাক্রমে ধারণ করিয়াছিলেন ॥

তিনি অনাদি ও অনন্ত; সমগ্র সংসার তাঁহা হইতে উৎপন্ন হইয়াছে, অথচ তিনি নিত্যনিরঞ্জন ও নির্ব্বিকার। তিনি অন্তর্যামিরূপে সকলের অন্তরে নিরন্তর বিরাজ করিতেছেন; তিনি সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ। তাঁহার অনুকূল বা প্রতিকূলে আচরণ করিবার প্রত্যাশা করা দূরে থাকুক, কেবল প্রণাম মাত্র করিবার আমরা অধিকারী ॥ ৭ ॥

অক্রূর কর্ত্তৃক এই প্রকারে উপেক্ষিত হইয়া, শতধন্বা কিংকর্ত্তব্যবিমূঢ়ের ন্যায় স্যমন্তক মণি অক্রূরের নিকটই গচ্ছিত রাখিয়া, শতযোজনগামী এক

গরুড়ধ্বজমারুহ্য রথং রামজনার্দ্দনৌ।
অন্বয়াতাং মহাবেগৈরশ্বৈ রাজন্ গুরুদ্রুহং ॥ ৯ ॥
মিথিলায়া উপবনে বিসৃজ্য পতিতং হয়ং।
পদ্ভ্যামধাবৎ সংত্রস্তঃ কৃষ্ণোঽপ্যন্বদ্রবদ্রুষা ॥ ১০ ॥
পদাতে ধাবতস্তস্য পদাতিস্তিগ্মনেমিনা।
চক্রেণ শির উৎকৃত্য বাসসো ব্যচিনোন্মণিং ॥

অন্বয়ঃ।

হে রাজন্! মহাবেগৈঃ অশ্বৈঃ যুক্তং গরুড়ধ্বজং (গরুড়ঃ ধ্বজে যস্য তং) রথং আরুহ্য রামকৃষ্ণৌ তং গুরুদ্রুহং শ্বশুরহন্তারং, শতধন্বানং, অন্বয়াতাং অন্বগচ্ছতাং ॥ ৯ ॥

মিথিলায়াঃ উপবনে পতিতং মৃতং হয়ং বিসৃজ্য সন্ত্রস্তঃ শতধন্বা পদ্ভ্যাং এব অধাবৎ। কৃষ্ণঃ অপি রুষা ক্রোধেন তং অন্বদ্রবৎ অন্বধাবৎ ॥ ১০ ॥

পদাতিঃ পদ্ভ্যাং এব গচ্ছন্ ভগবান্ পদাতেঃ ধাবতঃ তস্য শতধন্বনঃ, শিরঃ তিগ্মনেমিনা তীক্ষ্ণধারেণ, চক্রেণ উৎকৃত্য ছিত্বা, বাসসঃ অন্তরে মণিং ব্যচিনোৎ অন্বেষয়ামাস ॥

শ্রীধরস্বামী।

গুরুং শ্বশুরস্তদ্ধন্তারং ॥ ৯ ॥

শতযোজনমাত্রগামিত্বাত্ততঃ পরং গন্তুমশক্তস্তত্র পতিতস্তং হয়ং বিসৃজ্য ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুরুদ্রুহং শ্বশুরহন্তারং ॥ ৯ ॥ ১০ ॥

অশ্বে আরোহণ পূর্ব্বক তথা হইতে প্রাণভয়ে পলায়ন করিল ॥ ৮ ॥

হে রাজন্! এদিকে রামকৃষ্ণ অতি দ্রুতগামী অশ্বচতুষ্টয়ে সংযোজিত গরুড়ধ্বজ রথে আরোহণ পূর্ব্বক শ্বশুরহন্তা শতধন্বার পশ্চাদ্ধাবন করিলেন ॥ ৯ ॥

প্রাণভয়ে পলায়ন করত শতধন্বা যখন মিথিলার উপবন মধ্যে প্রবেশ করিল, তখন তাহার অশ্ব নিতান্ত শ্রান্ত হইয়া ভূমিতলে পড়িয়া মরিয়া গেল। শতধন্বা তখন মৃত অশ্বকে পরিত্যাগ করিয়া, পদব্রজেই পলায়ন করিতে লাগিল। শ্রীকৃষ্ণও ক্রোধে আরক্তলোচন হইয়া, পদব্রজেই তাহার পশ্চাদ্ধাবন করিলেন ॥ ১০ ॥

এই প্রকারে পদব্রজেই উভয়ে ধাবিত হইতে হইতে শ্রীকৃষ্ণ তীক্ষ্ণধার চক্রের দ্বারা শতধন্বার মস্তক ছেদন করিলেন এবং মণি যে শতধন্বার নিকট ছিল না, তাহা শ্রীকৃষ্ণ জানিতেন; তথাপি বলরামের চিত্তবিনোদনার্থ শতধন্বার বস্ত্রান্তরে মণি অন্বেষণ করিতে লাগিলেন ॥

অলব্ধমণিরাগত্য কৃষ্ণ আহাগ্রজান্তিকং।
বৃথাহতঃ শতধনু র্মণিস্তত্র ন বিদ্যতে ॥ ১১ ॥
তত আহ বলো নূনং স মণিঃ শতধন্বনা।
কস্মিংশ্চিৎ পুরুষে ন্যস্ত স্তমন্বেষ পুরং ব্রজ ॥ ১২ ॥
অহং বৈদেহমিচ্ছামি দ্রষ্টুং প্রিয়তমং মম।
ইত্যুক্ত্বা মিথিলাং রাজন্ বিবেশ যদুনন্দনঃ ॥

অন্বয়ঃ।

ততঃ অলব্ধমণিঃ (ন লব্ধঃ মণিঃ যেন সঃ) কৃষ্ণঃ অগ্রজান্তিকং (অগ্রজস্য বলভদ্রস্য অন্তিকং সমীপং) আগত্য শতধনুঃ বৃথা হতঃ তত্র মণিঃ ন বিদ্যতে ইতি আহ ॥ ১১ ॥

ততঃ বলঃ বলদেবঃ আহ যৎ নূনং নিশ্চিতং শতধন্বনা কস্মিংশ্চিৎ পুরুষে সঃ মণিঃ ন্যস্তঃ। অতঃ তং মণিং অন্বেষ অন্বেষয়, পুরং দ্বারকাং, ব্রজ গচ্ছ ॥ ১২ ॥

অহং তু মম প্রিয়তমং বৈদেহং মিথিলাপতিং জনকং দ্রষ্টুং ইচ্ছামি ইতি শ্রীকৃষ্ণং উক্ত্বা হে রাজন্! যদুনন্দনঃ বলভদ্রঃ, মিথিলাং বিবেশ ॥

শ্রীধরস্বামী।

ব্যচিনোৎ মৃগয়ামাস। অক্রূরে মণিরস্তীতি সর্ব্বজ্ঞতয়া বিদিত্বাপি রামবঞ্চনায় তথা কৃতবানিতি ভাবঃ ॥ ১১ ॥

অন্বেষ অন্বিচ্ছ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অক্রূরে মণিরস্তীতি সর্ব্বজ্ঞতয়া জ্ঞাত্বাপি দূরাৎ পশ্যতো রামস্যৈব মোহনার্থং ব্যচিনোৎ। তন্মোহনঞ্চ স্বস্মাদ্বিযুক্তস্য তস্য স্বপ্রিয়ে বহুলাশ্বে নৃপে কৃপাভরপ্রাপণার্থমিতি জ্ঞেয়ং ॥ ১১ ॥

অন্বেষ অন্বেষয় ॥ ১২ ॥

সর্ব্বজ্ঞস্যৈবং চেষ্টিতং মদ্বঞ্চনায়ৈবেতি মত্বা তন্মোহিতত্বাদেব তং প্রতি গূঢ়মন্যুরাহ

অনন্তর মণি না পাইয়া অগ্রজ সন্নিধানে আগমন করত বলিলেন যে, শতধন্বাকে নিরর্থক বধ করা হইয়াছে; কারণ মণি ত তাহার নিকট পাইলাম না ॥ ১১ ॥

এতৎ শ্রবণে বলরাম বলিলেন যে, তাহা হইলে শতধন্বা অবশ্য অন্য কাহারও নিকট মণি রাখিয়া আসিয়াছে। দ্বারকায় গমন কর! এবং তথায় মণির অনুসন্ধান কর! ॥ ১২ ॥

আমি কিন্তু এক্ষণে আর দ্বারকায় যাইব না; আমার প্রিয়তম বিদেহপতি জনকরাজকে আমি দেখিতে যাইব। হে নরনাথ! এই বলিয়া বলভদ্র মিথিলায় গমন করিলেন ॥

তং দৃষ্ট্বা সহসোত্থায় মৈথিলঃ প্রীতমানসঃ।
অর্হয়ামাস বিধিবদর্হণীয়ং সমর্হণৈঃ ॥ ১৩ ॥
উবাস তস্যাং কতিচিন্মিথিলায়াং সমা বিভুঃ ॥ ১৪ ॥
মানিতঃ প্রীতিযুক্তেন জনকেন মহাত্মনা।
ততো হশিক্ষদ্গদাং কালে ধার্ত্তরাষ্ট্রঃ সুযোধনঃ ॥ ১৫ ॥
কেশবো দ্বারকামেত্য নিধনং শতধন্বনঃ।
অপ্রাপ্তিঞ্চ মণেঃ প্রাহ প্রিয়ায়াঃ প্রিয়কৃদ্বিভুঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

তং রামং দৃষ্ট্বা প্রীতমানসঃ মৈথিলঃ সহসা উত্থায় অর্হণীয়ং পূজার্হং তং রামং সমর্হণৈঃ পূজাসাধনৈঃ, যথাবিধি অর্হয়ামাস পূজয়ামাস ॥ ১৩ ॥

বিভুঃ বলভদ্রঃ চ তস্যাং মিথিলায়াং প্রীতিযুক্তেন মহাত্মনা জনকেন মানিতঃ সন্ কতিচিৎ সমাঃ দিবসান্ উবাচ। ততঃ বলভদ্রাৎ ধৃতরাষ্ট্রপুত্রঃ সুযোধনঃ, কালে লব্ধে অবসরে, গদাং গদাযুদ্ধং, অশিক্ষৎ ॥ ১৪ ॥ ১৫ ॥

প্রিয়ায়াঃ সত্যভামায়াঃ, প্রিয়কৃৎ বিভুঃ সর্ব্বথা সর্ব্বকরণে সমর্থঃ, কেশবঃ কৃষ্ণঃ দ্বারকাং এত্য শতধন্বনঃ নিধনং তথা মণেঃ অপ্রাপ্তিং চ প্রিয়ায়াঃ সত্যভামায়াঃ, প্রাহ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বজ্ঞস্যৈবং চেষ্টিতং মদ্বচনায়েতি মত্বা গূঢ়মন্যদাহ অহমিতি ॥ ১৩ ॥
কতিচিৎ সমাঃ সম্বৎসরান্ ॥ ১৪ ॥ প্রাসঙ্গিকমাহ তত ইতি ॥ ১৫ ॥
সত্যভামামপ্যাশ্বয়দিতি সূচয়ন্নাহ কেশব ইতি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহমিতি। ত্বদীয়দ্বারকামপ্যহং ন যাস্যামি ত্বং স্বপ্রিয়ায়ৈ মণিং স্বচ্ছন্দেনৈব দেহীতি ভাবঃ ॥ ১৩ ॥ ১৪ ॥

মানিত ইত্যস্য বিভুরিত্যনেনৈবান্বয়ঃ ॥ ১৫ ॥

প্রিয়ায়াঃ প্রিয়কৃদিতি। আয়ুরভাবাদেব ত্বৎপিতা জীবয়িতুমশক্যঃ কিন্তু ত্বৎপিতৃহন্তা ময়া স্বহস্তেন হত ইতি প্রিয়াং প্রত্যুক্তেঃ ॥ ১৬ ॥

বলরামকে আগমন করিতে অবলোকন করিয়া, মিথিলাধিপতির আর আনন্দের সীমা রহিল না; তিনি তৎক্ষণাৎ সিংহাসন হইতে গাত্রোত্থান করত পূজার্থ বিবিধ দ্রব্যসামগ্রী হস্তে লইয়া, বলরামের যথোচিত অভ্যর্থনা করিলেন ॥ ১৩ ॥

সঙ্কর্ষণও মহামনা মিথিলাপতির আদরাতিশয়ে পরিতৃপ্ত হইয়া, কিছুকাল সেইস্থানেই বাস করিলেন। এদিকে ধৃতরাষ্ট্রনন্দন সুযোধন উত্তম অবসর দেখিয়া, বলরামের নিকট এই সুযোগে গদাযুদ্ধ শিক্ষা করিলেন ॥ ১৪ ॥ ১৫ ॥

ততঃ স কারয়ামাস ক্রিয়া বন্ধো র্হতস্য বৈ।
সাকং সুহৃদ্ভি র্ভগবান্ যা যাঃ স্যুঃ সাম্পরায়িকাঃ ॥ ১৭ ॥
অক্রূরঃ কৃতবর্ম্মাচ শ্রুত্বা শতধনোর্বধং।
ব্যুষতু র্ভয়বিত্রস্তৌ দ্বারকায়াঃ প্রযোজকৌ ॥ ১৮ ॥
অক্রূরে প্রোষিতেঽরিষ্টা আসন্ বৈ দ্বারকৌকসাং।

অন্বয়ঃ।

ততঃ চ যাঃ যাঃ সাম্পরায়িকাঃ পরলোকহিতকারিণ্যঃ ক্রিয়াঃ স্যুঃ ভবন্তি তাঃ সর্ব্বাঃ হতস্য বন্ধোঃ শ্বশুরস্য সত্রাজিতস্য, ক্রিয়াঃ সঃ ভগবান্ সুহৃদ্ভিঃ সাকং কারয়ামাস ॥ ১৭ ॥

অক্রূরঃ কৃতবর্ম্মা চ দ্বৌ শতধনোঃ বধং শ্রুত্বা (আত্মনো সত্রাজিতবধে মণিহরণার্থং শতধন্বনঃ) প্রযোজকৌ প্রবর্ত্তকৌ ত্বা ভয়বিত্রস্তৌ সন্তৌ দ্বারকায়াঃ সকাশাৎ ব্যুষতু দেশান্তরং গতৌ ॥ ১৮ ॥

অক্রূরে প্রোষিতে দেশান্তরে গতে, সতি দ্বারকাবাসিনাং শারীরাঃ তাপাঃ ব্যাধয়ঃ, মানসাঃ

শ্রীধরস্বামী।

বন্ধোঃ সত্রাজিতঃ। সাম্পরায়িকীঃ পারলৌকিক্যঃ ॥ ১৭ ॥

ব্যুষতুঃ দ্বারকায়াঃ সকাশাৎ ক্বাপি পলায়িতৌ। প্রযোজকৌ মণিহরণে শতধন্বনঃ প্রবর্ত্তকৌ। তত্রাক্রূরঃ শ্রীকৃষ্ণানুমতেনৈব গতঃ। কৃতবর্ম্মাতু ভক্তপক্ষপাতপ্রাকট্যভয়াদিবোপেক্ষিত ইতি গম্যতে। কথমন্যথা সর্ব্বজ্ঞেশ্বরবঞ্চনং তয়োঃ সম্ভবতীতি ॥ ১৮ ॥

তদেবং বারাণস্যাং দানপতিসমাখ্যয়া মণিহস্তে অক্রূরে রুদ্রবেদিকৈ র্মহাধ্বরৈ র্যজমানে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বন্ধোঃ সত্রাজিতঃ ॥ ১৭ ॥

ব্যুষতু দ্বারকায়াঃ সকাশাৎ ক্বাপি পলায়িতৌ। যতঃ প্রযোজকৌ সত্রাজিদ্বধে শতধন্বনঃ প্রবর্ত্তকৌ ॥ ১৮ ॥

তদেবং ব্রজদেব্যপরাধফলমিদমক্রূরস্য যদ্বহুবর্ষপর্য্যন্তং কৃষ্ণবিচ্ছেদদুঃখানুভবঃ তদ্বিপক্ষ-

---

এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণ সত্যভামার মনোবিনোদনার্থ দ্বারকায় উপস্থিত হইয়া শতধন্বার নিধন-বার্ত্তা ও স্যমন্তক মণির অপ্রাপ্তি-সংবাদ প্রিয়তমা ভার্য্যা সত্যভামাকে প্রদান করিলেন ॥ ১৬ ॥

এবং শ্বশুর সত্রাজিতের পারলৌকিক যে সকল কার্য্য সম্পাদন করিতে অবশিষ্ট ছিল, তাঁহার জ্ঞাতি ও বন্ধুগণের দ্বারা সে সমস্ত সম্পাদন করাইলেন ॥ ১৭ ॥

কিন্তু অক্রূর ও কৃতবর্ম্মা যখন শ্রবণ করিলেন যে, শ্রীকৃষ্ণ শ্বশুরহন্তা শতধন্বার প্রাণবিনাশ করিয়াছেন, তখন তাঁহারাও আপনাদিগকে তাদৃশ কার্য্যের প্রবর্ত্তক বিবেচনায়, নিজেরা নিতান্ত ভীত হইলেন এবং ব্যাকুলহৃদয়ে দ্বারকা পরিত্যাগ করিয়া দেশান্তরে পলায়ন করিলেন ॥ ১৮ ॥

শারীরা মানসাস্তাপা মুহুর্দৈবিকভৌতিকাঃ ॥ ১৯ ॥
ইত্যঙ্গোপদিশন্ত্যেকে বিস্মৃত্য প্রাগুদাহৃতং।

অন্বয়ঃ।

আধয়ঃ, দৈবিকাঃ দেবকর্ত্তৃকাঃ অনাবৃষ্ট্যাদয়ঃ, ভৌতিকাঃ সর্পমনুষ্যাদিজন্যাঃ বিবিধাঃ অরিষ্টাঃ মুহুঃ আসন্ ॥ ১৯ ॥

হে অঙ্গ রাজন্! একে অভিজ্ঞাভিমানিনঃ পরমার্থদর্শিনোঽপি প্রাগুদাহৃতং ভগবতো বীর্য্যবিভাগং মণিসামর্থ্যং বা বিস্মৃত্য স্বয়ং ভ্রান্তাঃ সন্তঃ একদেশপর্য্যবসিতমতয়ঃ অন্যান্ উপদিশন্তি। উভয়ত্রাপি ভগবদিচ্ছা এব হেতুঃ। যতঃ মুনীনাং বাসঃ যস্মিন্ সঃ মুনিবাসঃ

শ্রীধরস্বামী।

নিবসতি পুনঃ শ্রীকৃষ্ণেনৈব প্রস্থাপিতোঽক্রূর ইতি কর্ণে কর্ণে জপতি জনে সত্যভামাদীনামপ্য-বিশ্বাসে জনসংগ্রহায়াক্রূরমাহূয় সাক্ষেপং শ্রীকৃষ্ণঃ প্রাহ ইদঞ্চ শ্রীভগবন্মতং সংগোপ্য কেচন ঋষয়োঽন্যৎকারণমক্রূরানয়নে বর্ণয়ন্তি। তদ্যথাশ্রুতং দূষয়িতুমনুবদতি অক্রূরে প্রোষিত ইতি ॥ ১৯ ॥

দূষয়তি ইতীতি অঙ্গ হে রাজন্! শ্রীকৃষ্ণমাহাত্ম্যং বিস্মৃত্যেতি। তদেবাহ মুনিবাসেতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জনসঙ্ঘট্টে কাশীপুরে বাসশ্চ। উবাস তস্যাং কতিচিন্মিথিলায়াং সমা বিভুরিত্যুক্তে যাবন্তোব বর্ষাণি মিথিলায়াং বলদেবোঽবসত্তাবন্ত্যেবাক্রূরোঽপি বরাণস্যাং তস্যাঞ্চ তস্য রুক্মবেদিক-নানাযজ্ঞান্ ব্রাহ্মণেভ্যো বহুদানখ্যাতিং চ শ্রুত্বা কৃষ্ণেনৈব প্রাস্থাপিতো হক্রূর ইতি কর্ণে কর্ণে জপতি জনে সত্যভামা রামাদীনামপ্যবিশ্বাসে সতি পুনরপ্যদ্ভুতং স্বস্মিন্ কলঙ্কং মার্ষ্টুং দ্বারকাস্থলোকদ্বারৈবাক্রূরানয়নকারণানি ভগবতৈব সৃষ্টানি নানারিষ্টানীতি তত্ত্বং তদবুদ্ধা দ্বারকায়া অরিষ্টদর্শনং কালবশাদেবোদ্ভূতমিতি বদতাং মুনীনাং মতমনূদ্য দূষয়তি অক্রূরে ইতি দ্বাভ্যাং। একে বৈসম্পায়নাদয়ঃ। প্রাক্ স্বয়মুক্তমপি বিস্মৃত্যাননুসন্ধায়েত্যর্থঃ মুনে-

---

অক্রূর দেশান্তরে গমন করিলে, দ্বারকায় নানাপ্রকারের উৎপাত আরম্ভ হইল। শারীরিক ব্যাধি, মানসিক সন্তাপ, দৈবদুর্ব্বিপাক বশত নানাবিধ অনাবৃষ্টি প্রভৃতি এবং সর্পচৌরাদিজনিত বিচিত্র অরিষ্টসমূহ বারংবার তথায় উপস্থিত হইতে লাগিল ॥ ১৯ ॥

হে রাজন্! অনেক জ্ঞানাভিমানী এবং পরমার্থদর্শী ব্যক্তিও পূর্ব্ববর্ণিত ভগবানের বীর্য্যপ্রভাব বা মণির সামর্থ্য বিস্মৃত হইয়া, একদেশদর্শী ভ্রান্তের ন্যায় অক্রূরের অনুপস্থিতিকেই অনিষ্টের কারণ বলিয়া নির্দ্দেশ করিলেন বটে, কিন্তু ভগবানের ইচ্ছাই যে সর্ব্বত্র মূল কারণ তাহা কেহই নির্ব্বাচনে সমর্থ হইল না। কারণ যাবদীয় মুনিগণের বাসমন্দির সাক্ষাৎ পরম পুরুষ

মুনিবাসনিবাসে কিং ঘটেতারিষ্টদর্শনং ॥ ২০ ॥
দেবে বর্ষতি কাশীশঃ শ্বফল্কায়াগতায় তাং।
স্বসুতাং গান্ধিনীং প্রাদাত্ততোঽবর্ষৎস্ম কাশিষু ॥
তৎসুতস্তৎপ্রভাবোঽসাবক্রূরো যত্র যত্র হি।
দেবোঽভিবর্ষতে তত্র নোপতাপা ন মারিকাঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

শ্রীকৃষ্ণঃ তস্য নিবাসে সতি অক্রূরাপগমনমাত্রেণারিষ্টদর্শনং কিং ঘটেত ? ॥ ২০ ॥

কাশিষু কাশিদেশেষু, দেবে পর্জ্জন্যে, অবর্ষতি সতি কাশীশঃ তদ্দেশাধিপতিঃ, তত্র আগতায় শ্বফল্কায় স্বসুতাং গান্ধিনীং প্রাদাৎ ততঃ কন্যাদানাৎ, অনন্তরং তদ্দেশেষু বৈ পর্জ্জন্যঃ অবর্ষৎ ॥

অসৌ তস্য শ্বফল্কস্য সুতঃ অক্রূরঃ অপি তস্য তুল্যপ্রভাবঃ অতঃ সঃ যত্র যত্র বসতি তত্র তত্র দেবঃ অভিবর্ষতি; তত্র শারীরাদ্যুপতাপাঃ মারিকাঃ অকালমৃত্যুহেতবশ্চ ন ভবন্তি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

মুনীনাং বাসো যস্মিন্ স মুনিবাসঃ শ্রীকৃষ্ণস্তস্য নিবাসে সতি অক্রূরাপগমমাত্রেণারিষ্টদর্শনং কিং ঘটতে। তদিচ্ছাং বিনা ন ঘটেতেত্যর্থঃ ॥ ২০ ॥

পুনস্তন্মতমেবানুবর্ণয়তি দেব ইতি। কাশিদেশেষু দেবে মঘবতি অবর্ষতি সতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একস্যাপি নিবাসে সতি তৎপ্রভাবাদ্গ্রামে হরিষ্টদর্শনং ন ভবেৎ মুনীনাং সর্ব্বেষামপি বাসো যত্র তস্য শ্রীকৃষ্ণস্য নিবাসে সতি কিমরিষ্টদর্শনমেকমপি ঘটেত নৈব ঘটেতেত্যর্থঃ ॥ ১৯ ॥ ২০

দেবে ইন্দ্রে হবর্ষতি সতি কাশিষু কাশীষু তৎসুতোঽক্রূর ইত্যতো মাতামহসম্বন্ধাদেবাক্রূরঃ কাশীং জগামেতি জ্ঞেয়ং ॥ ২১ ॥

ভগবান্ যে স্থানে নিত্য বিরাজ করেন, সে স্থানে কেবল এক অক্রূরের অনুপস্থিতিতে অরিষ্টদর্শন ঘটা কিরূপে সঙ্গত হইতে পারে ? ॥ ২০ ॥

এদিকে কাশীদেশে যখন অনাবৃষ্টি আরম্ভ হয়, তখন মহারাজ কাশীপতি শ্বফল্ককে স্বীয় দেশে আনয়ন করিয়া, স্বকীয় কন্যা গান্ধিনীকে তাঁহার করে সমর্পণ করেন। শ্বফল্কের সহিত স্বীয় কন্যার বিবাহ দিবার পর হইতেই সেই রাজ্যে প্রচুর বারি-বর্ষণ হইয়াছিল ॥

অক্রূর এই শ্বফল্কের পুত্র এবং তত্তুল্য প্রভাবশালী। সুতরাং যখন যে স্থানে তিনি বাস করিতেন, ভগবান্ পুরন্দর তখন সেই স্থানেই প্রচুর পরিমাণে সুবৃষ্টি প্রদান করিতেন। এবং শরীর-সম্বন্ধীয় উপতাপ বা অকালমৃত্যু প্রভৃতি কোনরূপ উৎপাত সে স্থানে কখনই উপস্থিত হইত না ॥ ২১ ॥

ইতি বৃদ্ধবচঃ শ্রুত্বা নৈতাবদিহ কারণং।
ইতি মত্বা সমানায্য প্রাহাক্রূরং জনার্দ্দনঃ ॥ ২২ ॥
পূজয়িত্বাভিভাষ্যৈনং কথয়িত্বা প্রিয়াঃ কথাঃ।
বিজ্ঞতাখিলচিত্তজ্ঞঃ স্ময়মান উবাচ হ ॥

অন্বয়ঃ।

যদ্যপি ইহ উৎপাতে এতাবৎ অক্রূরাপগমমাত্রং কারণং ন ভবতি তথাপি ইতি এবম্ভূতং অক্রূরমহিমাপ্রতিপাদকং, বৃদ্ধবচঃ বৃদ্ধাভিমানিনাং বচঃ, শ্রুত্বা সত্যমেবং ইতি মত্বা দূতৈঃ অক্রূরং সমানায্য জনার্দ্দনঃ শ্রীকৃষ্ণঃ তং প্রাহ ॥ ২২ ॥

আগতং এনং অক্রূরং পূজয়িত্বা তথা অন্যাঃ প্রিয়াঃ কথাঃ কথয়িত্বা অভিভাষ্য সম্বোধ্য, স্ময়মানঃ হসন্ এব যতঃ বিজ্ঞাতাখিলচিত্তজ্ঞঃ (বিজ্ঞাতং অখিলং যেন সঃ বিজ্ঞাতাখিলঃ স চাসৌ চিত্তং জানাতি যঃ স চিত্তজ্ঞশ্চেতি ইতি) কৃষ্ণঃ উবাচ ॥

শ্রীধরস্বামী।

ইত্যেবংভূতমক্রূরমহিমপ্রতিপাদনপরং বৃদ্ধানাং বাক্যং শ্রুত্বা সত্যমেবং তথাপ্যেতাবদেব কারণং ন ভবতি। কিন্তু মণেরপগম ইতি মত্বেত্যেতদন্তং পরমতং ॥ ২২ ॥

বিজ্ঞাতমখিলং যেন সচাসৌ অতএব চিত্তজ্ঞশ্চ। অয়ং ভাবঃ। মহাভাগবতস্যাস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি অক্রূরাগমনে প্রবর্ত্তকং বৃদ্ধানাং বচনং শ্রুত্বা ইহ এতাবদেব ন কারণং কিন্তু মমেচ্ছয়ৈবেত্যন্তং মত্বা কাশীতঃ অক্রূরং সমানায্য ॥ ২২ ॥

বিজ্ঞাতাবিজ্ঞঃ বিজ্ঞত্বাদেবাখিলচিত্তজ্ঞঃ নতু কেবলমন্তর্যামিত্বাদেবেতি ভাবঃ। অন্তর্যামীতি অখিলচিত্তানাং জ্ঞাতা কৃষ্ণ ত্বখিলান্তর্যামিণামপি জ্ঞাতা ভবতি তস্যাক্রূরচিত্তজ্ঞানং কিং চিত্রমিতি ভাবঃ। অতঃ স্ময়মান ইতি ন ত্বং সত্রাজিতি কৃতবৈরঃ নাপি মণেশ্চৌরঃ নাপি ধনলুব্ধ ত্বন্তু মৎপরমভক্ত এবেতি ত্বন্মনঃ কিমহং ন জানামি কথং মত্তস্ত্বং বিভেষীতি ভাবঃ ॥

অক্রূর দেশান্তরে গমন করাতে যদিও প্রকৃত প্রস্তাবে দ্বারকায় মারিভয় প্রভৃতি উৎপাত সমূহ উপস্থিত হয় নাই বটে, তথাপি জ্ঞানাভিমানী প্রাচীন ব্যক্তিগণের ঐ প্রকার অক্রূরের মহিমাপ্রকাশক উক্তিসমূহ শ্রবণ করিয়া, ভগবান্ জনার্দ্দন দূতের দ্বারা অক্রূরকে নিজ সমীপে আনয়ন করত— ॥ ২২ ॥

প্রথমত যথোচিত সৎকার ও অভিবাদন পূর্ব্বক অন্যান্য প্রিয় কথা অনেক বলিলেন এবং পরে সর্ব্বজ্ঞ ও সর্ব্বান্তর্যামীর ন্যায়, হাসিতে হাসিতে অক্রূরকে সম্বোধন করত বলিলেন— ॥

আভাস।

শতধন্বা অক্রূরের হস্তে স্যমন্তক মণি প্রদান পূর্ব্বক পলায়ন করে; এবং মিথিলার সমীপবর্ত্তী উপবনে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নিহত হয়। পরে অক্রূর এবং কৃতবর্ম্মা যখন শুনিলেন

ননু দানপতে ন্যস্ত ত্বয্যাস্তে শতধন্বনা।
স্যমন্তকো মণিঃ শ্রীমান্ বিদিতঃ পূর্ব্বমেব নঃ ॥ ২৩ ॥
সত্রাজিতো হনপত্যত্বাদ্ গৃহ্ণীয়ুর্দুহিতুঃ সুতাঃ।
দায়ং নিনীয়াপঃ পিণ্ডান্ বিমুচ্যর্ণঞ্চ শেষিতং ॥

অন্বয়ঃ।

হে দানপতে! ননু নিশ্চিতং এতৎ, শতধন্বনা ন্যস্তঃ স্যমন্তকঃ মণিঃ ত্বয়ি আস্তে সঃ চ শ্রীমান্ মণিঃ নঃ অস্মাকং পূর্ব্বং এব বিদিতঃ ॥ ২৩ ॥

অনপত্যত্বাৎ অপুত্রকত্বাৎ, সত্রাজিতঃ দুহিতুঃ সত্যভামায়াঃ, সুতাঃ অপঃ তিলোদকানি

শ্রীধরস্বামী।

ময়া দত্তেঽপি মণাবপেক্ষা নাস্ত্যেব। যস্মাদাহৃতো মণিনা সহৈবাগত ইতি জ্ঞাত্বেতি ॥ ২৩ ॥

ততঃ কিমত আহ সত্রাজিত ইতি। অপঃ পিণ্ডাংশ্চ নিনীয় দত্ত্বা ঋণঞ্চ বিমুচ্য অপাকৃত্য।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্রার্থে ত্বাং কিং পৃচ্ছামি জানাম্যেবেত্যাহ নন্বিতি ॥ ২৩ ॥

সত্রাজিতোঽনপত্যত্বাৎ অপুত্রত্বাৎ স্ত্রীণাঞ্চ সহমরণাৎ দুহিতুঃ সত্যভামায়া মণিনিরপেক্ষত্বাৎ তৎসুতা এব দায়ং দায়রূপং মণিং গৃহ্ণীয়ুঃ। অপঃ পিণ্ডাংশ্চ নিনীয় মাতামহায় দত্ত্বা

সম্প্রতি আপনার ন্যায় ধনদাতা আর কাহাকেও নয়নগোচর হয় না। আমার নিশ্চয়ই অনুমান হইতেছে যে, শতধন্বা পলায়ন করিবার সময় স্যমন্তক মণি আপনার নিকটই গচ্ছিত রাখিয়া গিয়াছে। উহা যে প্রতিদিন অষ্টভার সুবর্ণ নিত্য প্রসব করে, তাহা আমি বিলক্ষণ জানি। ঐ মণি সম্প্রতি আপনার নিকটেই রহিয়াছে; সুতরাং তাহারই প্রসাদে আপনার এত দান-সামর্থ্য লক্ষিত হইয়াছে ॥ ২৩ ॥

সত্রাজিতের পুত্র ছিল না; সুতরাং তাঁহার কন্যা সত্যভামার পুত্রগণই মাতামহকে জলপিণ্ড প্রদানে ও তাঁহার ঋণ পরিশোধ পূর্ব্বক যাবদীয় ধনেরই অধিকারী হইয়াছে। কিন্তু স্যমন্তক মণি তাহাদের মাতামহ-সম্পত্তি হইলেও

আভাস।

যে শ্রীকৃষ্ণ শ্বশুরহন্তা শতধন্বার প্রাণবধ করিয়াছেন, তখন তাঁহারা শতধন্বার তাদৃশ দুষ্কর্ম্মের প্রবর্ত্তক আপনাদিগকে মনে করিয়া, শ্রীকৃষ্ণ সন্নিধানে তুল্যঅপরাধী জ্ঞানে এবং অনুরূপ দণ্ডলাভের ভয়ে দ্বারকা পরিত্যাগে অন্যত্র পলায়ন করেন। প্রকৃত প্রস্তাবে তাঁহারা যে প্রাণভয়ে পলায়ন করিয়াছিলেন, তাহা নহে; শ্রীকৃষ্ণের অভিপ্রায় অনুসারেই পলায়ন করিয়াছিলেন। কারণ উভয়েই ভগবানের পরম ভক্ত; তাঁহাদের শত অপরাধও শ্রীকৃষ্ণ সমীপে মার্জ্জনীয়। কিন্তু পাছে ভক্তের উপর এরূপ পক্ষপাত দোষ কৃষ্ণচরিত্রে প্রতীত হয়,

তথাপি দুর্দ্ধরো হ্যন্যৈস্ত্বয্যাস্তাং সুব্রতে মণিঃ ॥ ২৪ ॥
কিন্তু মামগ্রজঃ সম্যঙ্ন প্রত্যেতি মণিং প্রতি।
দর্শয়স্ব মহাভাগ বন্ধূনাং শান্তিমাবহ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

পিণ্ডান্ চ নিনীয় দত্ত্বা ঋণং বিমুচ্য অপাকৃত্য, অবশেষিতং দায়ং ধনং, গৃহ্ণীয়ুঃ। তথাপি মৎ পুত্রগ্রাহ্যত্বে অপি অন্যৈঃ দুর্দ্ধরঃ মণিঃ সুব্রতে ধারণযোগ্যে ত্বয়ি আস্তাং ॥ ২৪ ॥

কিন্তু অগ্রজঃ রামঃ মণিং প্রতি মাং ন সম্যক্ প্রত্যেতি বিশ্বসিতি। অতঃ হে মহাভাগ! মণিং দর্শয়! বন্ধূনাং শান্তিং চিত্তসমাধানং, আবহ সম্পাদয়! মণিঃ নাস্তি ইতি মাবদ!

শ্রীধরস্বামী।

শেষিতমবশিষ্টং দায়ং দুহিতুঃ সত্যভামায়াঃ সুতা গৃহ্ণীয়ুরিতি শাস্ত্রং। তথাচ স্মরন্তি পত্নী দুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতর স্তথা। তৎসুতো গোত্রজো বন্ধুঃ শিষ্যঃ সব্রহ্মচারিণ ইতি ॥ ২৪

অগ্রজোঽপি ন প্রত্যেতি ন বিশ্বসিতি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শেষিতমবশিষ্টং ঋণঞ্চ বিমোচ্য সংশোধ্য। তথাচ স্মরন্তি। পত্নী দুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতর স্তথা। তৎ সুতো গোত্রজো বন্ধুঃ শিষ্যঃ সব্রহ্মচারিণ ইতি ॥ ২৪ ॥ ২৫ ॥

আমার সেই পুত্রগণ তাহা লাভ করিতে পারে নাই। আর দেখ! সাধারণ লোক কেহ ঐ মণি ধারণ করিতেও পারে না; তবে আপনি বিশেষ সত্যনিষ্ঠ ও ধার্ম্মিক; সেই নিমিত্তই তাহা ধারণে সমর্থ হইয়াছেন। এক্ষণে উহা আপনার নিকটেই থাকুক! ॥ ২৪ ॥

তবে আমার অগ্রজ বলদেব মণিসম্বন্ধীয় মদীয় কথায় বিশ্বাস করিতেছেন না। অতএব হে মহাভাগ! আপনি একবার সেই মণিটী বন্ধুগণ সমীপে প্রদর্শন করাইয়া, তাঁহাদের চিত্তে সন্তোষ প্রদান করুন্! আপনার নিকট মণি নাই বলা, নিতান্তই অসঙ্গত হইবে। কারণ সুবর্ণময় বেদিকাবিশিষ্ট অসংখ্য

আভাস।

এই ভয়েই তাঁহারা পলায়ন করেন। কিন্তু লৌকিক আচরণের কোনরূপ অনুরূপতা ভক্ত ও ভগবানের মধ্যে যে ঘটে না, তাঁহারই উজ্জ্বল দৃষ্টান্ত অদ্য অক্রূর ও শ্রীকৃষ্ণের সম্বন্ধে প্রকাশ করা হইয়াছে। অক্রূর কৃষ্ণৈকপ্রাণ হইয়া, অনন্যমনে শ্রীকৃষ্ণেরই অনুগমন করিতেন; ব্রজদেবীর কোন অপেক্ষা করিতেন না, বা তজ্জন্য কখন কুণ্ঠিতও থাকিতেন না। ইহাতে ব্রজদেবীর হৃদয়ে কিঞ্চিৎ অভিমান ছিল এবং কোন্ উপায়ে অক্রূরকে কৃষ্ণবিরহ ভোগ করাইবেন, তাহারই অনুসন্ধান করিতেছিলেন। ইত্যবসরে অক্রূর কৃষ্ণদ্বেষী সত্রাজিতের মৃত্যু হওয়া প্রয়োজন মনে করিয়া, অপর একজন কৃষ্ণদ্বেষী শতধন্বার দ্বারা সে কার্য্য সম্পন্ন

অব্যুচ্ছিন্না মথাস্তেঽদ্য বর্ত্তন্তে কুরুবেদয়ঃ ॥ ২৬ ॥
এবং সামভিরালব্ধঃ শ্বফল্কতনয়ো মণিং।
আদায় বাসসাচ্ছন্নং দদৌ সূর্য্যসমপ্রভং ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

যতঃ কুরুবেদয়ঃ অব্যুচ্ছিন্নাঃ সন্ততাঃ, মথাঃ যজ্ঞাঃ, তে অদ্য বর্ত্তন্তে অতঃ ত্বয়ি এব ইদানীং মণিঃ অস্তি ইতি অনুমিনোমি ॥ ২৫ ॥ ২৬ ॥

এবং সামভিঃ সামোক্তিভিঃ আলব্ধঃ উক্তঃ, শ্বফল্কতনয়ঃ অক্রূরঃ বাসসা আচ্ছন্নং সূর্য্য-সমপ্রভং মণিং আদায় কৃষ্ণায় দদৌ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

নাস্তীতি ন বক্তব্যং যতো অব্যুচ্ছিন্নাঃ সন্ততা মথা বর্ত্তন্ত ইতি ॥ ২৬ ॥

আলব্ধ উক্তঃ হৃদি স্পৃষ্ট ইতি বা ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয়ি মণিরস্তীত্যত্র্যাঃ সর্ব্বে এব জানন্তি তত্র লিঙ্গং অব্যুচ্ছিন্না সন্ততা মথা বর্ত্তন্ত ইতি ॥ ২৬ ॥

যজ্ঞ এযাবৎ আপনি কাহার প্রসাদে তবে নিষ্পন্ন করিতেছেন? এতাদৃশ যজ্ঞের অনুষ্ঠান দর্শনে স্পষ্টই অনুমান হইতেছে যে, মণি সম্প্রতি আপনার নিকটই রহিয়াছে ॥ ২৫ ॥ ২৬ ॥

শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই প্রকার যুক্তিযুক্ত ও নীতিপূর্ণ বাক্যে প্রবোধিত হইয়া, শ্বফল্কনন্দন অক্রূর বস্ত্রান্তর হইতে বাহির করিয়া, সেই সূর্য্যের ন্যায় প্রভা-বিশিষ্ট অমূল্য মণি কৃষ্ণকে প্রদান করিলেন ॥ ২৭ ॥

আভাস।

করাইলেন। কিন্তু ক্রূর কর্ম্ম ভক্তের দ্বারা সম্পন্ন হওয়াও দোষের কারণ, সন্দেহ নাই; সুতরাং ব্রজদেবী অবসর পাইয়া, শতধন্বা কর্ত্তৃক সংগৃহীত মণি অক্রূরের করে সমর্পণ করাইলেন। ইহাতে শ্রীকৃষ্ণেরও অভিপ্রায় ছিল যে, তাঁহার ভক্ত তাদৃশ ধন লাভে কিছু দিন স্বেচ্ছানুসারে দান ও যজ্ঞাদি করেন। সুতরাং ব্রজদেবীর সাধ আপনা হইতেই সম্পূর্ণ হইল। অক্রূর মহামণি প্রাপ্ত হইয়া, আত্মবিস্মৃত হইলেন এবং মাতামহের আলয় কাশীপুরে গমন করিয়া, বহুধন যজ্ঞের অনুষ্ঠানে প্রবৃত্ত হইলেন। ভগবান্ সঙ্কর্ষণ যতদিন মিথিলায় অবস্থিতি করিয়াছিলেন, অক্রূরও ততকাল বারাণসীতে বাস করিয়াছিলেন। এদিকে বারাণসী ধামে বিবিধ যজ্ঞের অনুষ্ঠানে অক্রূর ব্রাহ্মণগণকে যথেষ্ট ধন দান করিতেছেন, লোকপরম্পরায় শ্রবণ করিয়া, দ্বারকাবাসী অনেকেই মনে করিলেন যে, শ্রীকৃষ্ণ ইচ্ছা পূর্ব্বকই অক্রূরকে তথায় যাইয়া স্যমন্তক মণি সম্ভোগে অনুমতি দিয়াছেন। এইরূপ ব্যাপার শ্রবণে সত্যভামা ও বলরামাদি স্বজনবর্গের হৃদয়ে সেরূপ শান্তি জন্মিল না; তাঁহারা কৃষ্ণের উপর

স্যমন্তকং দর্শয়িত্বা জ্ঞাতিভ্যো রজ আত্মনঃ।
বিমৃজ্য মণিনা ভূয়স্তস্মৈ প্রত্যর্পয়দ্বিভুঃ ॥ ২৮ ॥
যস্ত্বেতদ্ভগবত ঈশ্বরস্য বিষ্ণোর্বীর্য্যাঢ্যং বৃজিনহরং সুমঙ্গলঞ্চ।

অন্বয়ঃ।

বিভুঃ স্বতন্ত্রঃ, শ্রীকৃষ্ণঃ জ্ঞাতিভ্যঃ রামাদিভ্যঃ, স্যমন্তকং দর্শয়িত্বা তেন মণিনা, আত্মনঃ রজঃ মিথ্যাপবাদং, বিমৃজ্য অপনুদ্য, ভূয়ঃ তস্মৈ অক্রূরায় মণিং প্রত্যর্পয়ং দদৌ ॥ ২৮ ॥

যঃ তু পুমান্ ভগবতঃ ঈশ্বরস্য বিষ্ণোঃ বীর্য্যাঢ্যং (বীর্য্যেণ প্রভাবেণ আঢ্যং যুক্তং) বৃজিনহরং পাপনিবারকং, সুমঙ্গলং পুণ্যজনকং, চ আখ্যানং পঠতি শৃণোতি অনুস্মরেৎ বা সঃ

শ্রীধরস্বামী।

রজঃ মিথ্যাভিশাপং সংমৃজ্য অন্যৈ দুর্দ্ধর ইত্যাদি মিষেণ প্রীত্যা ভূয়স্তস্মৈ প্রত্যর্পিতবানিতি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আলব্ধ উপালব্ধঃ স্বপাণিনা স্পৃষ্টঃ ॥ ২৭ ॥ ২৮ ॥

বিভু শ্রীকৃষ্ণ মণি লইয়া বলরামাদি জ্ঞাতিবর্গকে প্রদর্শন করত নিজের মিথ্যাপবাদ নিবারণ করিলেন এবং পুনরায় তাহা সর্ব্বসমক্ষে অক্রূরকেই প্রত্যর্পণ করিলেন ॥ ২৮ ॥

যে ব্যক্তি বিশ্বব্যাপী ভগবান্ বিষ্ণুর এই অচিন্ত্যৈশ্বর্য্যের পরিচয়-স্বরূপ পাপহর এবং পুণ্যজনক এই অপূর্ব্ব আখ্যায়িকা শ্রবণ করেন বা পাঠ করেন

আভাস।

দোষারোপ করিতে লাগিলেন। তখন শ্রীকৃষ্ণ নিজের দোষ অপনয়ন করিবার অভিপ্রায়ে যাহাতে দ্বারকাবাসিগণ নিজেরাই অক্রূরকে আনয়নে যত্নবান্ হন, তজ্জন্য নানাপ্রকার অরিষ্টের উৎপত্তি তিনি নিজেই করিলেন। প্রাজ্ঞ দ্বারকাবাসিগণ অক্রূরের উপর অভিমান পরিত্যাগ পূর্ব্বক, তাঁহার অনুপস্থিতি নিবন্ধনই যে যাবতীয় উৎপাত ও অনিষ্ট ঘটিতেছে, তাহাই তাঁহারা একবাক্যে তখন স্বীকার করিতে লাগিলেন। কিন্তু কি আশ্চর্য্য! এক জন ভগবদ্ভক্ত মুনির আশ্রমে দৈব দুর্ব্বিপাক নিবন্ধন কোনরূপ অনিষ্ট বা উৎপাত ঘটা যখন কখনই সম্ভবপর হয় না, তখন শ্রীকৃষ্ণ যে দ্বারকায় বাস করিতেছেন, সে স্থানে যাবদীয় মুনিরই অবস্থিতি স্বীকার করিতে হইবে। অতএব তাদৃশ দ্বারকায় একা অক্রূরের অনুপস্থিতি কখন দুর্দ্দশার কারণ হইতে যে পারে না, তাহা কাহারও হৃদয়ে তৎকালে উদয় হইল না। শ্রীকৃষ্ণও সাধারণের ভ্রমপূর্ণ মতের সংস্থাপনে অক্রূরকে দ্বারকায় আনাইলেন; এবং অক্রূর তাঁহার অজ্ঞাতসারে এবং বিনা অনুমতিতেই যে মণি লইয়া প্রস্থান করিয়াছিলেন, তাহাই সর্ব্বসমক্ষে প্রতিপন্ন করাইলেন। অথচ ভক্তের সাধ পূরণার্থ স্যমন্তক মণি অক্রূরকেই প্রত্যর্পণ করিলেন; নিজে তজ্জন্য কোনরূপ আকাঙ্ক্ষার প্রকাশ করিলেন না ॥ ১৯—২৮ ॥

অখ্যানং পঠতি শৃণোত্যনুস্মরেদ্বা দুষ্কীর্ত্তিং দুরিতমপোহ্য যাতি শান্তিং ॥২৯॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে স্যমন্তকোপাখ্যানং সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫৭ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

একদা পাণ্ডবান্ দ্রষ্টুং প্রতীতান্ পুরুষোত্তমঃ।

অন্বয়ঃ।

আত্মনঃ দুষ্কীর্ত্তিং তন্মূলং দুরিতং পাপং, চ অপোহ্য নিরস্য, শান্তিং যাতি জীবন্মুক্তো ভবতি ॥ ২৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীবাদরায়ণিঃ উবাচ। প্রতীতান্ (নষ্টান্ ইতি শ্রুতানপি পুনঃ দ্রুপদগেহে সর্ব্বৈঃ

শ্রীধরস্বামী।

দুষ্কীর্ত্তিং তন্মূলং দুরিতঞ্চেতি ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি দশমে সপ্তপঞ্চাশত্তমঃ ॥ * ॥

অষ্টপঞ্চাশত্তমেতু কৃষ্ণঃ পঞ্চ করে হগ্রহীৎ।
কালিন্দীং মিত্রবিন্দাঞ্চ সত্যাং ভদ্রাঞ্চ লক্ষ্মণাং।
কালিন্দীং নিজলাভায় তপঃ পরমুপেয়ুষীং।
পরিণেষ্যন্ প্রিয়াবাসমিন্দ্রপ্রস্থং জগামহ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দুষ্কীর্ত্তিং তন্মূলং দুরিতঞ্চ ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
সপ্তপঞ্চাশত্তমোঽয়ং দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥
অষ্টপঞ্চাশত্তমেতু পাণ্ডূন্ প্রেক্ষ্যাপ পঞ্চ সঃ।
কালিন্দী মিত্রবৃন্দা শ্রীসত্যা ভদ্রা সলক্ষণাঃ ॥ * ॥

এবং অন্যকে শ্রবণ করান, তিনি দুরিতমূলক দুষ্কীর্ত্তির নিবারণে ও অপার শান্তির অনুভবে জীবন্মুক্তি লাভ করেন, সন্দেহ নাই ॥ ২৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

বেদব্যাসাত্মজ শুকদেব বলিলেন, হে নরনাথ! পাণ্ডবগণ জতুগৃহে দগ্ধ হইয়া মানবলীলা সম্বরণ করিয়াছেন, এইরূপই জনরব ছিল; কিন্তু দ্রুপদ-

আভাস।

অষ্টপঞ্চাশত্তম অধ্যায়ে শ্রীকৃষ্ণ কালিন্দী, মিত্রবৃন্দা, সত্যা, ভদ্রা, তথা লক্ষণা এই পঞ্চ কন্যার পাণি গ্রহণ করেন এবং পরম তপস্বিনী কালিন্দীকে বিবাহ করিবার নিমিত্ত প্রিয়ার আবাস ইন্দ্রপ্রস্থে গমন করেন, ইহাই বর্ণিত হইয়াছে ॥

ইন্দ্রপ্রস্থং গতঃ শ্রীমান্ যুযুধানাদিভির্বৃতঃ ॥ ১ ॥
দৃষ্ট্বা তমাগতং পার্থা মুকুন্দমখিলেশ্বরং।
উত্তস্থুর্যুগপদ্বীরাঃ প্রাণা মুখ্যমিবাগতং ॥
পরিষ্বজ্যাচ্যুতং বীরা অঙ্গসঙ্গহতৈনসঃ।
সানুরাগস্মিতং বক্ত্রং বীক্ষ্য তস্য মুদং যযুঃ ॥ ২ ॥
যুধিষ্ঠিরস্য ভীমস্য কৃত্বা পাদাভিবন্দনং।

অন্বয়ঃ।

দৃষ্টান্) পাণ্ডবান্ দ্রষ্টুং যুযুধানাদিভিঃ (যুযুধানঃ সাত্যকিঃ আদিঃ যেষাং তৈঃ যদুভিঃ) বৃতঃ শ্রীমান্ পুরুষোত্তমঃ কৃষ্ণঃ একদা ইন্দ্রপ্রস্থং গতঃ ॥ ১ ॥

পার্থাঃ পৃথাপুত্রাঃ যুধিষ্ঠিরাদয়ঃ বীরাঃ অখিলেশ্বরং তং মুকুন্দং আগতং দৃষ্ট্বা মুখ্যং পঞ্চবৃত্তিকং প্রাণং আগতং দৃষ্ট্বা প্রাণাঃ ইন্দ্রিয়াণি, যথা যুগপৎ সচেষ্টানি ভবন্তি তথা, সর্ব্বে যুগপৎ উত্তস্থুঃ ॥

অচ্যুতং পরিষজ্য অঙ্গসঙ্গহতৈনসঃ (অঙ্গসঙ্গেন হতানি এনাংসি পাপানি যেষাং তে) বীরাঃ যুধিষ্ঠিরাদয়ঃ তস্য শ্রীকৃষ্ণস্য অনুরাগস্মিতং (অনুরাগেণ সহিতং স্মিতং মন্দহাসো যস্মিন্ তৎ) বক্ত্রং বীক্ষ্য মুদং হর্ষং যযুঃ প্রাপুঃ ॥ ২ ॥

কৃষ্ণঃ যুধিষ্ঠিরস্য ভীমস্য (অধিকবয়স্কত্বাৎ) পাদাভিবন্দনং কৃত্বা (তুল্যবয়স্কং) ফাল্গুনং

শ্রীধরস্বামী।

প্রতীতান্ নষ্টানপি দ্রুপদগেহে পুনঃ সর্ব্বে দৃষ্টান্। যুযুধানঃ সাত্যকিঃ ॥ ১ ॥
প্রাণা ইন্দ্রিয়াণি মুখ্যং পঞ্চবৃত্তিং প্রাণমিব ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রতীতান্নষ্টানপি দ্রুপদগেহে পুনঃ সর্ব্বেদৃষ্টান্। যুযুধানঃ সাত্যকিঃ ॥ ১ ॥
প্রাণা ইন্দ্রিয়াণি মুখ্যং পঞ্চবৃত্তিং প্রাণমিব ॥ ২ ॥

রাজের গৃহে তাঁহারা বাস করিতেছেন, মরেন নাই; এই কথা সকলে বলিলে, ভগবান্ শ্রীকৃষ্ণ যুযুধানাদি যদুগণে পরিবৃত হইয়া, তাঁহাদিগকে দেখিবার মানসে এক দিবস ইন্দ্রপ্রস্থে গমন করিলেন ॥ ১ ॥

কুন্তীনন্দন যুধিষ্ঠিরাদি বীরপুরুষগণ অখিলেশ্বর শ্রীকৃষ্ণকে আগমন করিতে দেখিয়া, জীবন-লাভে ইন্দ্রিয়বর্গের সচকিত উত্তেজনার ন্যায়, সকলে তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলেন ॥

এবং অচ্যুত ভগবানকে আলিঙ্গন করিয়া, সকলে নিষ্পাপ হইলেন; যুধিষ্ঠিরাদি বীরগণ শ্রীকৃষ্ণের অনুরাগপূর্ণ সহাস্যবদন দর্শনে অপার আনন্দ ও তৃপ্তি লাভ করিলেন ॥ ২ ॥

ফাল্গুনং পরিরভ্যাথ যমাভ্যাঞ্চাভিবন্দিতঃ ॥ ৩ ॥
পরমাসন আসীনং কৃষ্ণা কৃষ্ণমনিন্দিতা।
নবোঢ়া ব্রীড়িতা কিঞ্চিচ্ছনৈরেত্যাভ্যবন্দত ॥
তথৈব সাত্যকিঃ পার্থৈঃ পূজিতশ্চাভিনন্দিতঃ।
নিষসাদাসনেঽন্যেচ পূজিতাঃ পর্য্যুপাসিতাঃ ॥ ৪ ॥
পৃথাং সমাগম্য কৃতাভিবাদন স্তয়াতিহার্দ্দার্দ্র দৃশাভিরন্তিতঃ।

অন্বয়ঃ।

অর্জ্জুনং অথ পরিরভ্য আলিঙ্গ্য, যমাভ্যাং নকুলসহদেবাভ্যাং চ ন্যূনবয়স্কত্বাৎ অভিবন্দিতঃ বভূব ॥ ৩ ॥

অথ পরমাসনে আসীনং কৃষ্ণং শনৈঃ এত্য আগত্য, অনিন্দিতা নবোঢা নববিবাহিতা, অতঃ ব্রীড়িতা লজ্জিতা, কৃষ্ণা দ্রৌপদী কিঞ্চিৎ অভ্যবন্দত অভি অবদৎ ॥

যথা কৃষ্ণঃ তথৈব সাত্যকিঃ চ পার্থৈঃ পূজিতঃ অভিনন্দিতঃ সন্ আসনে নিষসাদ। তথা অন্যে চ যাদবাঃ পার্থৈঃ পূজিতাঃ কৃষ্ণং পরিতঃ উপাসত ॥ ৪ ॥

পৃথাং কুন্তীং সমাগম্য কৃতাভিবাদনঃ (কৃতং অভিবাদনং যেন সঃ) তথা অতিহার্দ্দার্দ্রদৃশা

শ্রীধরস্বামী।

জ্যেষ্ঠয়োঃ প্রণামং কৃত্বা সমেনালিঙ্গিতঃ কনিষ্ঠাভ্যামভিবন্দিতো বভূব ॥ ৩ ॥
কৃষ্ণা দ্রৌপদী। বহুভার্য্যা সত্যপি নিন্দারহিতা পার্থৈ র্নবমচিরং ঊঢ়া পরিণীতা ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভিবাদিতঃ কৃষ্ণস্তম্বৌ ॥ ৩ ॥
কৃষ্ণা দ্রৌপদী ॥　　পূজিতৈ র্নমস্কৃতৈঃ। অন্যে চ কৃষ্ণসঙ্গিনো নিষেদুঃ ॥ ৪ ॥
অত্রৈবাত্যৌসুক্যেন দ্রষ্টুমায়ান্তীমালক্ষ্য স্বাসনাদুত্থায় দ্রুতং তস্যাঃ সমীপমাগত্য অভি-

---

শ্রীকৃষ্ণ আপনার অপেক্ষা অধিকবয়স্ক বলিয়া যুধিষ্ঠির ও ভীমসেনের চরণবন্দন করিলেন; তুল্যবয়স্ক অর্জ্জুনকে আলিঙ্গন করিলেন এবং ন্যূনবয়স্ক যমজ ভ্রাতা নকুল ও সহদেব কর্ত্তৃক অভিবন্দিত হইলেন ॥ ৩ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ পরমাসনে আসীন হইলে, সর্ব্বসৌন্দর্য্যসম্পন্না নববধূ দ্রৌপদী লজ্জাবনত-মুখে শ্রীকৃষ্ণকে যথোচিত অভিবাদন করিলেন ॥

শ্রীকৃষ্ণের ন্যায় সাত্যকীও পার্থগণ কর্ত্তৃক যথোচিত পূজিত ও অভিবাদিত হইয়া, আসনে উপবেশন করিলেন এবং অন্যান্য যাদবগণও অভিবাদিত হইয়া, কৃষ্ণের চতুর্দ্দিকে পরিবেষ্টন পূর্ব্বক উপবেশন করিলেন ॥ ৪ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ পিতৃষসা কুন্তীর নিকট অগ্রসর হইয়া, তাঁহার চরণবন্দন করিলেন। শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া, পৃথার আনন্দের আর পরিসীমা

আপৃষ্টবাংস্তাং কুশলং সহ স্নুষাং পিতৃষ্বসারং পরিপৃষ্টবান্ধবঃ ॥ ৫ ॥
তমাহ প্রেমবৈক্লব্যরুদ্ধকণ্ঠাশ্রুলোচনা।
স্মরন্তী তান্ বহূন্ ক্লেশান্ ক্লেশাপায়াত্মদর্শনং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

(অতিহার্দ্দেন অতিস্নেহেন আর্দ্রে সজলে দৃশৌ যস্যাঃ তয়া) তয়া পৃথয়া, অভিরন্তিতঃ পরিষক্তঃ, পরিপৃষ্টবান্ধবঃ (পরিপৃষ্টাঃ কুশলপ্রশ্নবিষয়ীকৃতাঃ বান্ধবাঃ বসুদেবাদয়ঃ যস্য সঃ) কৃষ্ণঃ সহস্নুষাং পুত্রভার্য্যাসহিতাং, পিতৃষ্বসারং তাং কুন্তীং, কুশলং আপৃষ্টবান্ ॥ ৫ ॥

প্রেমবৈক্লব্যরুদ্ধকণ্ঠাশ্রুলোচনা (প্রেম্না বৈক্লব্যং ব্যাকুলত্বং তেন রুদ্ধঃ কণ্ঠঃ যস্যাঃ সা অশ্রুণি লোচনয়োঃ যস্যাঃ সা) তান্ বহূন্ ভূতপূর্ব্বান্ ক্লেশান্ স্মরন্তী কুন্তী ক্লেশাপায়াত্মদর্শনং (ক্লেশানাং অপায়ায় বিনাশায় আত্মানং দর্শয়তীতি তথাভূতং তং কৃষ্ণং) আহ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

অতিহার্দ্দেন স্নেহেন আর্দ্রে সজলে দৃশৌ নেত্রে যস্যা স্তয়া পরিষক্তঃ তয়ৈব পরিপৃষ্টা বান্ধবা যস্য সঃ ॥ ৫ ॥

প্রেম্না যদ্বৈক্লব্যং তেন রুদ্ধঃ কণ্ঠো যস্যাঃ। ক্লেশাপায়ে আত্মনি দর্শনং যস্য। ভক্তানাং ক্লেশাপায়ায় আত্মানং দর্শয়তীতি বা ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাদনঞ্চকার। অতিহার্দ্দেনাতিপ্রেম্না আর্দ্রে দৃশৌ যস্যাস্তয়া। প্রেমানাপ্রিয়তাহার্দ্দমিত্যমরঃ। অভিরন্তিতঃ কোটিপ্রাণৈস্ত্বমুখচ্ছবিং। নির্ম্মঞ্ছয়ামীত্যুক্ত্বা সমস্তকাম্রাণমালিঙ্গিতঃ। পরিপৃষ্টা বান্ধবা যস্য সঃ ॥ ৫ ॥

ক্লেশানাং অপায়ো নাশ আত্মদর্শনেনাঙ্গদর্শনেনৈব যস্য তং ॥ ৬ ॥

রহিল না; তাঁহার লোচনদ্বয় হইতে দরদরিতধারে আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল। তিনি প্রেমানন্দে শ্রীকৃষ্ণকে গাঢ় আলিঙ্গন করত, বসুদেবাদি স্বজনবর্গের কুশল বার্ত্তা জিজ্ঞাসা করিলেন এবং শ্রীকৃষ্ণও পিতৃষ্বসা পৃথা ও তদীয় পুত্রবধূ দ্রৌপদীকে কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিলেন ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া, কুন্তীর ভূতপূর্ব্ব অগণ্য দুঃখের ব্যাপার স্মৃতিপথে আরূঢ় হইতে লাগিল। তিনি প্রেমে বিহ্বল হইয়া পড়িলেন; এবং গলদশ্রুলোচনে ও গদ্‌গদস্বরে শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন যে, হে শ্রীকৃষ্ণ! দুঃখের অন্ত না হইলে, তোমাকে দেখিতে পাওয়া যায় না। জগতের দুঃখ নিবারণ করিবার জন্যই তুমি দেখা দিয়া থাক ॥ ৬ ॥

এক্ষণে আমাদের যে মঙ্গল হইবে, তাহাতে আর সন্দেহ কি? আমাদিগকে জ্ঞাতি ও বন্ধু জ্ঞানে স্মরণ করত, আমাদের অবস্থা পরিজ্ঞাত হইবার মানসে

তদৈব কুশলং নোঽভূৎ সনাথাস্তে বয়ং কৃতাঃ।
জ্ঞাতীন্নঃ স্মরতা কৃষ্ণ ভ্রাতা মে প্রেষিত ত্বয়া ॥ ৭ ॥
ন তেঽস্তি স্বপরভ্রান্তির্বিশ্বস্য সুহৃদাত্মনঃ।
তথাপি স্মরতাং শশ্বৎ ক্লেশান্ হংসি হৃদি স্থিতঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

যদা জ্ঞাতীন্ বন্ধূন্ নঃ অস্মান্, স্মরতা তে ত্বয়া (অস্মদ্ভজ্ঞানায়) মে মম ভ্রাতা অক্রূরঃ, প্রেষিতঃ তদৈব নঃ অস্মাকং কুশলং অভূৎ তথা তে ত্বয়া বয়ং সনাথাঃ কৃতাঃ ॥ ৭ ॥

বিশ্বস্য জগতঃ, সুহৃদ্ চ অসৌ আত্মা চ যঃ তস্য সুহৃদাত্মনঃ, তে তব স্বপরভ্রান্তিঃ নাস্তি। তথাপি স্মরতাং ভক্তানাং হৃদি স্থিতঃ সন্ ক্লেশান্ শশ্বৎ সর্ব্বদা হংসি নাশয়সি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

জ্ঞাতীন্ বন্ধূন্ নোঽস্মান্। যদা ভ্রাতা অক্রূরঃ প্রেষিতঃ ॥ ৭ ॥

জ্ঞাতীনিতি বচনাৎ প্রাপ্তং মোহং বারয়ন্তী স্তৌতি ন তেঽস্তীতি। তত্র হেতুঃ বিশ্বস্যেতি। সুহৃচ্চ আত্মা চ তস্য। হংসি নাশয়সি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভ্রাতা অক্রূরঃ ॥ ৭ ॥

পরমেশ্বরস্যাস্য কা বাহং বরাকীত্যৈশ্বর্য্যমনুসন্ধায়াহ নেতি। বিশ্বস্য সুহৃচ্চ আত্মা চ

যে দিবস তুমি মদীয় ভ্রাতা অক্রূরকে আমাদের নিকট প্রেরণ করিয়াছিলে, সেই দিবসই আমাদের মঙ্গল আরম্ভ হইয়াছে এবং তোমার অনুগ্রহে আমরা এক্ষণে সনাথ হইয়াছি, সন্দেহ নাই ॥ ৭ ॥

কৃষ্ণরে! তুমি সমগ্র সংসারস্থ জীবের সুহৃদ্ এবং আত্মাস্বরূপ! তোমার নিকট আত্মীয় বা পর বলিয়া কোন ভেদই নাই বটে, কিন্তু তথাপি যাহারা প্রাণের সহিত তোমাকে নিরন্তর স্মরণ করে, তাদৃশ ভক্তগণের হৃদয়মন্দিরে তুমি নিত্য বিরাজ করত সর্ব্বদা সকল দুঃখই নিবারণ করিয়া থাক, সন্দেহ নাই ॥ ৮ ॥

আভাস

কুন্তী শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া প্রেমরসে আর্দ্র হইলেন; শ্রীকৃষ্ণকে পরম পুরুষ ভগবান্ বলিয়া সম্বোধন পূর্ব্বক ভক্তির যথেষ্ট পরিচয় দিলেন এবং স্পষ্টাক্ষরে বলিলেন যে, হে শ্রীকৃষ্ণ! তুমি জীবমাত্রেরই অন্তর্যামী হইয়া অচ্যুত ভাবে সর্ব্বজীবহৃদয়ে নিত্য প্রতিষ্ঠিত থাকিলেও ভক্তের যে একমাত্র সম্বল, তাহা আমরা বিলক্ষণ অবগত হইয়াছি। যে তোমাকে ভক্তিভরে ও প্রেমের বলে নিরন্তর স্মরণ করে, তাহাদিগের পরম হিতকারী আত্মীয়রূপে তুমিই অপেক্ষা করিয়া থাক। আমরা প্রারব্ধদোষে দুঃখের সাগরে নিত্যই ভাসমান হই; কিন্তু তুমি কাণ্ডারী হইয়া, কেবল শান্তির কূলে আমাদিগকে নিত্যই আকর্ষণ করিতেছ। হে কৃষ্ণ! তুমিই ধন্য! ॥ ৭ ॥ ৮ ॥

যুধিষ্ঠির উবাচ ॥

কিং ন আচরিতং শ্রেয়ো নবেদাহমধীশ্বর।
যোগেশ্বরাণাং দুর্দ্দর্শো যন্নো দৃষ্টঃ কুমেধসাং ॥ ৯ ॥
ইতি বৈ বার্ষিকান্মাসান্ রাজ্ঞা সোঽভ্যর্থিতঃ সুখং।
জনয়ন্নয়নানন্দমিন্দ্রপ্রস্থৌকসাং প্রভুঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

যুধিষ্ঠিরঃ উবাচ। নঃ অস্মাভিঃ, কিং শ্রেয়ঃ আচরিতং পুণ্যং কৃতং ইতি হে অধীশ্বর! অহং ন বেদ; যৎ যস্মাৎ, যোগেশ্বরাণাং অপি দুর্দর্শঃ দ্রষ্টুমশক্যঃ, ভবান্ কুমেধসাং বিষয়াসক্তচেতসাং নঃ অস্মাকং দৃষ্টঃ দৃশ্যঃ জাতঃ ॥ ৯ ॥

ইতি এবং রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, অভ্যর্থিতঃ স্তুতিপূর্ব্বকং প্রার্থিতঃ, বিভুঃ স্বতন্ত্রঃ, শ্রীকৃষ্ণঃ ইন্দ্রপ্রস্থৌকসাং তৎস্থানবাসিনাং, নয়নানন্দং জনয়ন্ বার্ষিকান্ বর্ষোপলক্ষিতান্ চতুরো মাসান্ বৈ তত্র উবাস ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

কুমেধসাং বিষয়াসক্তচিত্তানাং দৃষ্টোঽসি ॥ ৯ ॥

সুখমবসদিতি শেষঃ। সুখমভ্যর্থিত ইতি বা প্রভুঃ সমর্থঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য তবায়ং বন্ধুরয়ং শত্রুরিতি স্বপরভ্রমো নাস্তি যদ্যপি তথাপি স্মরতাং স্বভক্তানাং ॥ ৮ ॥ ৯ সুখং অবসদিতিশেষঃ ॥ ১০ ॥

যুধিষ্ঠির শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন, হে সর্ব্বেশ্বর! আমরা পূর্ব্বে যে কিরূপ পুণ্যের অনুষ্ঠান করিয়াছি, এক্ষণে তাহার কিছুই নিরূপণ করিতে পারিতেছি না; কারণ যোগেশ্বরগণ বহুকাল ও আয়াস-সাধ্য যোগের অনুষ্ঠানেও যাঁহার সাক্ষাৎকার সহজে লাভ করিতে পারেন না, আমরা নিতান্ত বিষয়াসক্ত সাংসারিক জীব হইয়াও অদ্য অনায়াসে সেই আপনাকে দর্শন করিলাম ॥ ৯ ॥

এই প্রকারে রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক অভ্যর্থিত ও মিনতি এবং স্তুতি পূর্ব্বক প্রার্থিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থবাসী যাবদীয় জনগণের আনন্দ উৎপাদন পূর্ব্বক বর্ষোপলক্ষিত মাস-চতুষ্টয় সেই স্থানেই অবস্থিতি করিলেন ॥ ১০

আভাস

জননীর তাদৃশ ভক্তিপূর্ণ প্রেমের উক্তি শ্রবণ করিয়া, রাজা যুধিষ্ঠির আর নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। তিনি বিনয়াদির পরিচয়ে শ্রীকৃষ্ণের অনুগত ভক্ত বলিয়া আপনাকে মনে করত স্বকীয় দৈন্যের প্রকাশে ভগবানের দীনবাৎসল্যের উল্লেখ করিয়াছেন। অর্থাৎ হে শ্রীকৃষ্ণ! বর্ত্তমান জন্মে আমাদের এমন কোন পুণ্যানুষ্ঠানের পরিচয় পাই না, যাহার ফলে

একদা রথমারুহ্য বিজয়ো বানরধ্বজং।
গাণ্ডীবং ধনুরাদায় তূণৌ চাক্ষয়শায়কৌ॥
সাকং কৃষ্ণেন সন্নদ্ধো বিহর্ত্তুং বিপিনং মহৎ।
বহুব্যালমৃগাকীর্ণং প্রাবিশৎ পরবীরহা॥
তত্রাবিধ্যচ্ছরৈ র্ব্যাঘ্রান্ শূকরান্ মহিষান্ রুরূন্।
শরভান্ গবয়ান্ খড়্গান্ হরিণাংশ্চ সশল্লকান্॥ ১১॥

অন্বয়ঃ।

পরবীরহা শত্রুনিসূদনঃ, বিজয়ঃ অর্জ্জুনঃ, একদা বানরধ্বজং (বানরঃ হনুমৎপ্রতিকৃতিঃ ধ্বজে যস্য তং তথাভূতং) রথং আরুহ্য গাণ্ডীবং তদাখ্যং ধনুঃ তথা অক্ষয়শায়কৌ (অক্ষয্যাঃ অক্ষীণাঃ শায়কাঃ বাণাঃ যয়োঃ তৌ) তূণৌ তূণীরৌ আদায় সন্নদ্ধঃ বদ্ধকবচঃ সন্ কৃষ্ণেন সাকং বিহর্ত্তুং মৃগয়াং কর্ত্তুং বহুব্যালমৃগাকীর্ণং মহৎ বিপিনং প্রাবিশৎ॥

তত্র ব্যাঘ্রাদীন্ শরৈঃ অবিধ্যৎ॥ ১১॥

শ্রীধরস্বামী।

কালিন্দীদর্শনপ্রসঙ্গমাহ একদেতি। অক্ষয়াঃ শায়কা যয়ো স্তৌ তূণৌ ইষুধী॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একদেতি খাণ্ডবদাহাদ্যনন্তরং তদানীমেবার্জ্জুনস্য গাণ্ডীবাদিলাভাৎ॥ ১১॥

এক দিবস শত্রুনিসূদন অর্জ্জুন কবচ ধারণে ও গাণ্ডীব ধনু এবং অক্ষয় বাণবিশিষ্ট তূণীরদ্বয় হস্তে লইয়া বানরধ্বজ রথে আরোহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের সমভিব্যাহারে মৃগয়ার্থ শ্বাপদ-সমাকীর্ণ একটী বিস্তৃত বিপিনমধ্যে প্রবেশ করিলেন॥

এবং তথায় বাণের প্রহারে ব্যাঘ্র, শূকর, মহিষ, রুরু, শরভ, গবয়, খড়্গী, হরিণ ও শল্লকাদি বিচিত্র বন্য জন্তু-সমূহকে বধ করিলেন॥ ১১॥

আভাস।

অদ্য দেবদেব শ্রীহরিকে সখারূপে আমরা পাইতে পারি! এই কথা বলিলেন। অথচ দেখিতেছি! যে যোগিগণ বহুকাল তপস্যা ও ধ্যান ধারণাদির দ্বারাও আপনার সন্দর্শন লাভে সক্ষম হইতেছেন না; কিন্তু আমরা বিপদে পতিত হইয়া, বিপদ্‌হারী মধুসূদন বলিয়া ডাকিলেই, আপনাকে দেখিতে পাই। অতএব ইহা আমদের গুণ নহে; আপনার ভক্তবাৎসল্যের পরিচয় মাত্র, সন্দেহ নাই॥ ৯॥

অর্জ্জুন যখন কালিন্দীকে সম্বোধন করিয়া বলিলেন যে, হে সুশ্রোণি! তোমার ভাবভঙ্গি দর্শনে আমার স্পষ্টই প্রতীত হইতেছে যে, মনোমত পতির অন্বেষণে তুমি এই স্থলে অবস্থান করিতেছ! অতএব কোন উপযুক্ত বীরপুরুষকে পতিত্বে মনোনীত কর! ইহা শ্রবণে কালিন্দী বলিলেন, হে বীর! আমি সাধারণ বীর বা সুন্দর পুরুষের প্রার্থনা করি না। তবে যাঁহার বীরত্বে

তান্নিন্যুঃ কিঙ্করা রাজ্ঞে মেধ্যান্ পর্ব্বণ্যুপাগতে।
তৃট্‌পরীতঃ পরিশ্রান্তো বীভৎসুর্যমুনামগাৎ॥
তত্রোপস্পৃশ্য বিশদং পীত্বা বারি মহারথৌ।
কৃষ্ণৌ দদৃশতুঃ কন্যাং চরন্তীং চারুদর্শনাং॥ ১২॥

অন্বয়ঃ।

তত্র মেধ্যান্ কর্ম্মার্হান্, তান্ মৃগান্ পর্ব্বণি উপাগতে পর্ব্বযুক্তাষ্টকাশ্রাদ্ধাদিকর্ম্মণি উপস্থিতে সতি রাজ্ঞে যুধিষ্ঠিরায়, কিঙ্করাঃ নিন্যুঃ প্রাপয়ামাসুঃ। ততঃ তৃট্‌পরীতঃ (তৃষা পিপাসয়া পরীতঃ ব্যাপ্তঃ) পরিশ্রান্তঃ চ বীভৎসুঃ অর্জ্জুনঃ, যমুনাং অগাৎ॥

মহারথৌ কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, তত্র যমুনায়াং উপস্পৃশ্য স্নাত্বা বিশদং নির্ম্মলং বারি জলং, পীত্বা চ চারুদর্শনাং (চারু মনোহরং সুন্দরং দর্শনং শরীরং যস্যাঃ তাং) তত্র চরন্তীং তীরে বিচরন্তীং কন্যাং দদৃশতুঃ॥ ১২॥

শ্রীধরস্বামী।

রাজ্ঞে যুধিষ্ঠিরায়। মেধ্যান্ কর্ম্মার্হান্। বীভৎসুরর্জ্জুনঃ॥ ১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মেধ্যাংস্তেষু কর্ম্মার্হান্ রাজ্ঞে রাজানং যাজয়িতুং নিন্যুঃ। বীভৎসুরর্জ্জুনঃ॥ ১২॥

এবং তন্মধ্যে যজ্ঞের উপযুক্ত মৃগসমূহ সংগ্রহ করিয়া, পর্ব্বোপলক্ষিত অষ্টকাদি বিহিত যজ্ঞকাল উপস্থিত হওয়ায়, কিঙ্করগণের দ্বারা রাজা যুধিষ্ঠির সমীপে প্রেরণ করিলেন; এবং নিজে মৃগয়ার পরিশ্রমে শ্রান্ত ও পিপাসাতুর হইয়া, শ্রম-নিবারণার্থ যমুনাতীরে গমন করিলেন॥

এই প্রকারে শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুন যমুনাজলে অবগাহন পূর্ব্বক স্নান ও পবিত্র জল পান করিয়া যখন তীরে উঠিতেছিলেন, তখন একটী পরমা সুন্দরী কন্যাকে যমুনা-কচ্ছে বিচরণ করিতে তাঁহারা অবলোকন করিলেন॥ ১২।

আভাস।

সমগ্র সংসারের জীব মুক্তি লাভ করিয়া থাকে এবং যাঁহার সৌন্দর্য্যে কমলা ব্যাকুলা হইয়া নিরন্তর দাসী হইয়া সেবা করিতেছেন, সেই বীরত্বের আকর এবং সৌন্দর্য্যের সাগর শ্রীপতি ব্যতীত অন্য কাহাকেও পতিরূপে বরণ করিব না। আমি জানি! তিনি সর্ব্বব্যাপী ও সর্ব্বেশ্বর। তিনি ভক্তের সাধ পূরণ করিয়া থাকেন। অতএব আমি ভ্রান্তের ন্যায়, অন্য কাহাকেও প্রাণ সমর্পণ করিতে পারিব না। তিনি অনাথের নাথ। আমার ন্যায় অনাথিনীকে যেন তিনি পদপল্লবে আশ্রয় দেন, এই আপনারা আশীর্ব্বাদ করুন! অহো! যে অনাথনাথ অসুরগণকেও মুক্তি প্রদানে অতুল আনন্দ অনুভব করাইয়া থাকেন, তিনি কি এই অবলাকে সামান্য দাসী জ্ঞানেও চরণ কমলে আশ্রয় দিবেন না?॥

যমুনাই দ্বিবিধ মূর্ত্তিতে পরিচিতা। সাক্ষাৎ কালিন্দীরূপ ধারণে ভগবানের প্রেয়সী

তামাসাদ্য বরারোহাং সুদ্বিজাং রুচিরাননাং।
পপ্রচ্ছ প্রেষিতঃ সখ্যা ফাল্গুনঃ প্রমদোত্তমাং॥
কা ত্বং কস্যাসি সুশ্রোণি কুতো বা কিং চিকীর্ষসি।
মন্যে ত্বাং পতিমিচ্ছন্তীং কন্যাং কথয় শোভনে॥
কালিন্দ্যুবাচ॥
অহং দেবস্য সবিতুর্দুহিতা পতিমিচ্ছতি।
বিষ্ণুং বরেণ্যং বরদং তপঃ পরমমাস্থিতা॥ ১৩॥

অন্বয়ঃ।

বরারোহাং (বরৌ শ্রেষ্ঠৌ আরোহৌ উরু যস্যাঃ তাং) সুদ্বিজাং (শোভনাঃ দ্বিজাঃ দন্তাঃ যস্যাঃ তাং) রুচিরাননাং (রুচিরং সুন্দরং আননং যস্যাঃ তাং) প্রমদোত্তমাং প্রমদাসু শ্রেষ্ঠাং তাং আসাদ্য সখ্যা শ্রীকৃষ্ণেন, প্রেষিতঃ প্রেরিতঃ, ফল্গুনঃ অর্জ্জুনঃ, তাং পপ্রচ্ছ॥

হে সুশ্রোণি! ত্বং কা? কিং নামাসি, কস্য বংশে জাতাসি; কুতঃ বা স্থানাৎ অত্র সমাগতাসি? অত্র বা কিং কর্ত্তুং ইচ্ছসি? অহং তু ত্বাং পতিং ইচ্ছন্তীং কন্যাং ইতি মন্যে। অতঃ হে শোভনে! তৎ সর্ব্বং কথয়!॥

কালিন্দী উবাচ। অহং দেবস্য সবিতুঃ সূর্য্যস্য, দুহিতা; বরেণ্যং যোগ্যং, বরদং বিষ্ণুং এব পতিং ইচ্ছতী সতী পরমং তপঃ আস্থিতা ইতি॥ ১৩॥

শ্রীধরস্বামী।

সখ্যা শ্রীকৃষ্ণেন॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সখ্যা কৃষ্ণেন প্রেষিত ইতি কালিন্দ্যাঃ স্বস্মিন্নেব নিষ্ঠামর্জ্জুনমাবেদয়িতুং॥
বরেণ্যমিতি যোহতিসুন্দরো বিষ্ণুস্তমেব পতিং বরদং মদভীষ্টসম্পাদকং॥ ১৩॥

অপূর্ব্ব রূপলাবণ্যসম্পন্না বরারোহা সুদতী এবং সুন্দরবদনা সেই উৎকৃষ্টা কন্যাকে নয়নগোচর করিয়া, সখা শ্রীকৃষ্ণের আদেশে অর্জ্জুন তৎসমীপে আগমন পূর্ব্বক কন্যাকে সম্বোধন করত বলিলেন—॥

হে সুশ্রোণি! তুমি কে? তোমার নাম কি? তোমার পিতা কে? এবং কি নিমিত্তই বা এই নির্জ্জন স্থানে আগমন করিয়াছ? তোমাকে দেখিলে বোধ হয় যেন, পতির অন্বেষণে এই স্থানে বিচরণ করিতেছ। হে সুন্দরি! তোমার সকল কথা আনুপূর্ব্বিক বর্ণন কর!॥

আভাস।

হইয়াছিলেন এবং আভাস মূর্ত্তিতে সমুদ্রের পত্নীত্ব স্বীকার করিয়াছিলেন। সুতরাং যমুনার জলই তাহার বাসমন্দির। এবং কালিন্দীর প্রভাবই যমুনাজলরূপে প্রবাহিত হয়। মনুষ্য

নান্যং পতিং বৃণে বীর তমৃতে শ্রীনিকেতনং।
তুষ্যতাং মে স ভগবান্ মুকুন্দোঽনাথসংশ্রয়ঃ॥
কালিন্দীতি সমাখ্যাতা বসামি যমুনাজলে।
নির্ম্মিতে ভবনে পিত্রা যাবদচ্যুতদর্শনং॥ ১৪॥

অন্বয়ঃ।

হে বীর! তং শ্রীনিকেতনং (শ্রিয়ঃ লক্ষ্ম্যাঃ নিকেতনং আশ্রয়ং) বিষ্ণুং ঋতে বিনা অহং অন্যং পতিং ন বৃণে। অনাথসংশ্রয়ঃ (অনাথানাং সংশ্রয়ঃ) সঃ মুকুন্দঃ ভগবান্ মে তুষ্যতাং॥

কালিন্দীতি সমাখ্যাতা অহং যাবদচ্যুতদর্শনং (অচ্যুতস্য শ্রীকৃষ্ণস্য দর্শনং প্রাপ্তিঃ তাবৎ) যমুনাজলে তত্রাপি পিত্রা নির্ম্মিতে ভবনে বসামি॥ ১৪॥

শ্রীধরস্বামী।

অয়ং মাং কাময়েতেতি শঙ্কয়াহ নান্যমিতি॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাচ্ছঙ্কমানা স্বনিষ্ঠাং ব্যতিরেকেণাপি জ্ঞাপয়ন্ত্যাহ নান্যমিতি। অনাথসংশ্রয় ইতি স এব নাথ স্বভক্তজনরক্ষক ইতি বিশ্বাসাদেবাহমবলাপি নির্জ্জনে বসন্ত্যপি পুরুষান্তরান্ন বিভেমীতি ভাবঃ॥

সমাখ্যাতেতি সূর্য্যস্য কন্যাং মাং কো ন জানাতীতি স্বপ্রভাবঞ্চ জ্ঞাপয়তি। পিত্রা নির্ম্মিতে ভবনে ইতি পিতুঃ সূর্য্যস্যাপ্যহমিতি বাৎসল্যপাত্রীতি মৎপ্রাতিকূল্যে কোনাম প্রভবেদিতি ভাবঃ॥ ১৪॥

অর্জ্জুনের কথা শ্রবণে কালিন্দী বলিলেন, আমি ভগবান্ দিবাকরের দুহিতা; সর্ব্ববরদাতা বরণীয় বিষ্ণুকে পতিরূপে প্রাপ্ত হইবার মানসে এই স্থানে উৎকট তপস্যার অনুষ্ঠান করিতেছি॥ ১৩॥

হে বীর! সেই শ্রীনিবাস বিষ্ণু ব্যতীত অন্য কোন ব্যক্তিকে পতিত্বে বরণ করিব না। সেই অনাথনাথ ভগবান্ মুকুন্দ যেন প্রসন্ন হইয়া, আমার পাণি-গ্রহণ করেন, এই মাত্র আমার প্রার্থনা॥

আমার নাম কালিন্দী। ভগবান্ অচ্যুতের সন্দর্শন লাভ হওয়া পর্য্যন্ত আমি এই যমুনা-জলের অন্তরে পিতা ভাস্কর কর্ত্তৃক নির্ম্মিত গৃহে বাস করিতেছি॥ ১৪

আভাস।

অর্জ্জুন পাছে জলে বাস মনুষ্যের পক্ষে অসম্ভব জ্ঞানে কালিন্দীর কথায় বিশ্বাস না করেন, এই নিমিত্ত কালিন্দী বলিলেন যে, মদীয় পিতা সাক্ষাৎ সূর্য্যদেব স্বকীয় সামর্থ্যে জলমধ্যে আমার নিমিত্ত অপূর্ব্ব বাসমন্দির নির্ম্মাণ করিয়াছেন; এবং পিতার বলে তদীয় কন্যা আমিও অলোকসামান্য প্রভাবে এবং সামর্থ্যে জলের সর্ব্বত্র সঞ্চরণ করিতে পারি। সূর্য্যদেবের স্নেহবসেই সেই ভবনটী নির্ম্মিত

তথাবদদ্‌গুড়াকেশো বাসুদেবায় সোঽপি তাং।
রথমারোপ্য তদ্বিদ্বান্ ধর্ম্মরাজমুপাগমৎ ॥ ১৫ ॥
যদৈব কৃষ্ণঃ সন্দিষ্টঃ পার্থানাং পরমাদ্ভুতং।

অন্বয়ঃ।

গুড়াকা নিদ্রা তস্যাঃ ঈশঃ জিতনিদ্রঃ, অর্জ্জুনঃ তথা বাসুদেবায় অবদৎ। সঃ বাসুদেবঃ কৃষ্ণঃ অপি তদ্বিদ্বান্ (স্বপ্রাপ্ত্যর্থং কন্যায়াঃ তপসঃ আচরণং জানন্) তাং কন্যাং রথং আরোপ্য ধর্ম্মরাজং যুধিষ্ঠিরং, প্রতি হস্তিনাপুরং উপাগমৎ ॥ ১৫ ॥

পার্থৈঃ যদৈব সন্দিষ্টঃ বিজ্ঞাপিতঃ, শ্রীকৃষ্ণঃ তদৈব বিশ্বকর্ম্মণা পার্থানাং পরমাদ্ভুতং বিচিত্রং

শ্রীধরস্বামী।

আদাবেব তদ্বিদ্বান্ ॥ ১৫ ॥

প্রসঙ্গাৎ তৎকালীনং চরিতান্তরমাহ যদৈবেতি। পার্থৈ র্যদৈব সংদিষ্টো বিজ্ঞাপিতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রথমারোপ্যেতি। অয়ি সুন্দরি বরেণ্যো বিষ্ণুরহমেবেত্যতঃ স্বপিত্রুপদিষ্টমদীয়ধ্যানস্য স্বীয়শুদ্ধহৃদয়োত্থভাবস্য চ প্রামাণ্যাদেব ত্বং মাং পরিচিন্বিত্যুক্ত্বা তস্যা রথারুরুক্ষামুৎপাদ্যেবেতি ভাবঃ। তাং গৃহীত্বা রথমারুহেত্যনুক্তেঃ। তদ্বিদ্বানিত্যাদাবেব তদর্থং গত ইতি ভাবঃ ॥ ১৫ ॥

যদৈবেত্যত্রায়ং ক্রমঃ পূর্ব্বং নগররচনা। ততঃ খাণ্ডবদাহ স্ততঃ সভাহরণং ততঃ

কালিন্দীর কথা শ্রবণ করিয়া, গুড়াকেশ অর্জ্জুন শ্রীকৃষ্ণের নিকট উপস্থিত হইয়া সমস্ত আনুপূর্ব্বিক বর্ণন করিলেন এবং ভগবান্ বাসুদেবও কালিন্দীর তপস্যার কারণ অবগত হইয়া, সেই কন্যাকে স্বীয় রথে আরোহণ করাইয়া হস্তিনাপুরে রাজা যুধিষ্ঠিরের নিকট গমন করিলেন ॥ ১৫ ॥

এবং তথায় উপস্থিত হইয়া, পাণ্ডবগণের অনুরোধে বিশ্বকর্ম্মার দ্বারা তাঁহাদের জন্য একটী সর্ব্বশোভাসম্পন্ন অপূর্ব্ব নগর প্রস্তুত করাইলেন ॥ ১৬ ॥

আভাস।

এবং স্নেহের আবরণই জলে পরিণত। কিন্তু তাদৃশ স্নেহেও কালিন্দীর স্নেহ ছিল না; তিনি ভগবদুক্তি "ন মে ভক্তঃ প্রণশ্যতি" এই প্রতিজ্ঞা বাক্যের উপর নির্ভর দিয়া, তদীয় অঙ্গীকার বাক্যের সিদ্ধিকাল পর্য্যন্ত ঘোরতর তপস্যার অনুষ্ঠানে অপেক্ষা করিতেছিলেন ॥ ১২—১৪ ॥

অর্জ্জুন কৃষ্ণসমীপে প্রত্যাগত হইয়া, কালিন্দীর উক্তি আনুপূর্ব্বিক বর্ণন করিলে, ভক্ত-বাঞ্ছাকল্পতরু আর অপেক্ষা করিলেন না। তিনি কালিন্দীর নিকট উপনীত হইয়া, আত্ম-পরিচয় প্রদান করিলেন। কালিন্দী তখন স্বীয় পিতার উপদিষ্ট স্বকীয় চিত্তে অঙ্কিত বিষ্ণু-মূর্ত্তির অনুরূপ রূপ ও আকার কৃষ্ণ-কলেবরে লক্ষ্য করিয়া, প্রাণপতি বলিয়া চিনিতে পারিলেন; এবং তদীয় রথে আরোহণ করিলেন ॥ ১৫ ॥

কারয়ামাস নগরং বিচিত্রং বিশ্বকর্ম্মণা ॥ ১৬ ॥
ভগবাংস্তত্র নিবসন্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া।
অগ্নয়ে খাণ্ডবং দাতুমর্জ্জুনস্যাস সারথিঃ ॥ ১৭ ॥
সোঽগ্নিস্তুষ্টো ধনুরদাদ্ধয়ান্ শ্বেতান্ ধ্বজান্ নৃপ।
অর্জ্জুনায়াক্ষয়ৌ তূণৌ বর্ম্মচাভেদ্যমস্ত্রিভিঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

নগরং কারয়ামাস ॥ ১৬ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণঃ স্বানাং স্বভক্তানাং পাণ্ডবানাং, প্রিয়চিকীর্ষয়া প্রিয়ং কর্ত্তুং ইচ্ছয়া, তত্র হস্তিনাপুরে নিবসন্ অর্জ্জুনস্য ধনুরাদিলাভায় অগ্নয়ে খাণ্ডবং বনং দাতুং অর্জ্জুনস্য সারথিঃ আস বভূব ॥ ১৭ ॥

সঃ চ দগ্ধখাণ্ডবঃ অগ্নিঃ তুষ্টঃ সন্ হে নৃপ! অর্জ্জুনায় ধনুঃ গাণ্ডীবং, শ্বেতান্ হয়ান্ অশ্বান্, ধ্বজান্, অক্ষয়ৌ অক্ষয়সায়কৌ তূণৌ তূণীরৌ, অস্ত্রিভিঃ অস্ত্রধারিভিঃ, অভেদ্যং বর্ম্ম কবচং, চ অদাৎ দত্তবান্ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণ স্তদৈব তেষাং বিশ্বকর্ম্মণা দেবশিল্পিনা নগরং কারয়ামাস ॥ ১৬ ॥

কিঞ্চ ভগবান্ নিরতিশয়ৈশ্বর্য্যগুণবানপি অর্জ্জুনস্য ধনুরাদিলাভায় সারথিরাস। খাণ্ডবং নাম ইন্দ্রস্য বনং ॥ ১৭ ॥

অক্ষয়ৌ অক্ষয়শায়কৌ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালিন্দীলাভ ইতি সন্দিষ্টঃ পার্থৈর্যদৈব বিজ্ঞাপিত স্তদৈবেত্যর্থঃ ॥ ১৬ ॥

অর্জ্জুনস্য ধনুরাদিলাভায় সারথিরাস অভূৎ। খাণ্ডবং নামেন্দ্রস্য বনং ॥ ১৭ ॥ ১৮ ॥

ভগবান্ কৃষ্ণ স্বীয় ভক্ত পাণ্ডবগণের হিতসাধন-মানসে হস্তিনাপুরে কিছুকাল বাস করিলেন এবং অর্জ্জুনের ধনুলাভের নিমিত্ত খাণ্ডব নামক ইন্দ্রের বন হুতাশনকে সমর্পণ করিবার অভিপ্রায়ে নিজে অর্জ্জুনের সারথি হইয়াছিলেন ॥ ১৭ ॥

হে নরনাথ! হুতাশন খাণ্ডববন পরিদগ্ধ করিয়া পরিতৃপ্ত হইলে অর্জ্জুনকে গাণ্ডীব ধনুঃ, শ্বেত অশ্ব, ধ্বজা, দুইটী অক্ষয়সায়ক তূণ এবং অস্ত্রধারিগণের অভেদ্য অপূর্ব্ব কবচ প্রদান করিলেন ॥ ১৮ ॥

দৈত্যগণের শিল্পাচার্য্য ময়দানব এই খাণ্ডব-বনে বাস করিতেন; বনদাহ কালে নিরুপায় দেখিয়া উক্ত দানব প্রাণরক্ষার্থ শ্রীকৃষ্ণের শরণাগত হইল। ভগবান্ তাঁহাকে অগ্নিনির্ম্মুক্ত করিয়া, অর্জ্জুনের সহিত সখ্যতায় নিবদ্ধ

ময়শ্চ মোচিতো বহ্নেঃ সভাং সখ্যে উপাহরৎ।
যস্মিন্ দুর্য্যোধনস্যাসীজ্জলস্থলদৃশিভ্রমঃ॥
স তেন সমনুজ্ঞাতঃ সুহৃদ্ভিশ্চানুমোদিতঃ।
প্রযযৌ দ্বারকাং ভূয়ঃ সাত্যকিপ্রমুখৈর্বৃতঃ॥ ১৯॥
অথোপযেমে কালিন্দীং সুপুণ্যর্ক্ষে ঊর্জ্জিতে।
বিতন্বন্ পরমানন্দং স্বানাং পরমমঙ্গলঃ॥ ২০॥

পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে ॥" জীব যদিও চেষ্টার দ্বারা স্থূল ভোগ ত্যাগ করিতে আপাতত সমর্থ হয় বটে, কিন্তু সূক্ষ্ম সংস্াররূপে অন্তরে নিহিত বিষয়রস অন্তর হইতে কিছুতেই অন্তর্হিত করাইতে পারে না। তন্নিমিত্ত পরম গুরু ভগবানে অন্তঃকরণ সমর্পণ করা প্রয়োজন; তিনি হৃদয়ে জাগুরূক হইলে, সিংহ ভয়ে পলায়ন-পরায়ণ মৃগকুলের ন্যায়, বিষয়-রস সহজেই নিবৃত্ত হইয়া যায়। সুতরাং ভোগ করিবার অনিবার্য্য আগ্রহরূপ নরকাসুরকে ভগবান্ নিহত করিয়া, সমদর্শী সূর্য্যের ন্যায় ষোড়শসহস্র মহিষী রূপাবৃত্তি লইয়া সম্পূর্ণ নির্লিপ্ত ও অনাসঙ্গ ভাবেই বিহার করিয়াছেন॥

নরকের নিধনে ধরিত্রী কোন দুঃখের পরিচয় না দিয়া, বরং সন্তোষ সহকারে অপারমহিম ভগবানের স্তব করত নরকপুত্র ভগদত্তেরই বিভূতি প্রার্থনা করিয়াছিলেন। এবং কুন্তী দেবী যে মন্ত্রের উচ্চারণে স্তব করত চিরপ্রসিদ্ধ ভ্রাতৃপুত্রকে পরমেশ্বর জ্ঞানে অচিন্ত্য ঐশ্বর্য্যের উপলব্ধি হৃদয়কমলে প্রাপ্ত হইয়াছিলেন, সম্প্রতি ধরণীও সেই মন্ত্রের উচ্চারণে তাদৃশ জ্ঞানে অধিকারিণী হইয়াছেন॥

ধরণী স্তুতিবাক্যে প্রকাশ করিয়াছেন যে, সমগ্র ব্রহ্মাণ্ড ভগবচ্ছক্তির বিকাসে উৎপন্ন হইয়াছে এবং অন্তে তাঁহাতেই বিলীন হইবে। তিনিই সত্যস্বরূপ; আর সমস্তই মিথ্যা ও

অহং পয়োজ্যোতিরথানিলো নভো মাত্রাণি দেবা মন ইন্দ্রিয়াণিচ।
কর্ত্তা মহানিত্যখিলং চরাচরং ত্বয্যদ্বিতীয়ে ভগবন্নয়ং ভ্রমঃ॥ ২৩॥

অন্বয়ঃ।

অহং ভূমিঃ, পয়ঃ জলং, জ্যোতিঃ অগ্নিঃ, অনিলঃ পবনঃ, নভঃ আকাশঃ, মাত্রাণি শব্দস্পর্শ-রূপরসগন্ধাঃ, দেবাঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ, মনঃ চক্ষুরাদীনি ইন্দ্রিয়াণি চ কর্ত্তা অহঙ্কারঃ, মহান্ বুদ্ধিঃ চ ইতি এবং অখিলং যৎ প্রাকৃতং চরাচরং তৎ সর্ব্বং অদ্বিতীয়ে ত্বয়ি এব প্রতীয়তে। কিন্তু হে ভগবন্! অয়ং জনানাং প্রতীত্যাত্মকঃ ভ্রমঃ এব॥ ২৩॥

শ্রীধরস্বামী।

কার্য্যকারণপ্রপঞ্চস্য তদব্যতিরেকং তস্যচ সর্ব্বব্যতিরেকমুপপাদয়তি অহমিতি। অহং ভূমিঃ মাত্রাণীতি দেবা মন ইতি ইন্দ্রিয়াণীতিচ ত্রিবিধাহঙ্কারকার্য্যাণি কর্ত্তা অহঙ্কারঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু মমাপ্যয়ং দেহো ভূতাত্মক এব চক্ষুরাদীন্দ্রিয়াণ্যপি বৈকারিকাণ্যেবেত্যতো মাং মায়াশরণং ব্রহ্মেত্যাচক্ষতে কথমহমেতেভ্যঃ পর ইত্যত আহ অহং ভূমিঃ। মাত্রাণি বিষয়াঃ। কর্ত্তা অহঙ্কারঃ। মহাংশ্চিত্তমিত্যেতৎ সর্ব্বঞ্চরং মনশ্চক্ষুরাদি। অচরং ভূমিঘ্রাণাদি। ত্বয়ি ভ্রমঃ যে ত্বয্যপি ভূতেন্দ্রিয়াদিকং ব্রুবতে ভ্রান্তা এবেত্যর্থঃ। যতো হ্যদ্বিতীয়ে ন বিদ্যতে দ্বিতীয়ং যস্মিন্। ত্বয়ীদং দেহেন্দ্রিয়াদিকং সর্ব্বং ত্বদাত্মকং চিদেব নতু ত্বত্তোঽদ্বিতীয়ং মায়াদিকমিত্যর্থঃ॥ ২৩॥

আমি ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, শব্দাদি পঞ্চ তন্মাত্র, ইন্দ্রিয়গণের অধিষ্ঠাত্রী দেবতানিচয়, মন, চক্ষুরাদি দশবিধ ইন্দ্রিয়, কর্ত্তাস্বরূপ অহঙ্কার-তত্ত্ব, মহান্ শব্দবাচ্য বুদ্ধিতত্ত্ব এবং প্রকৃতিজাত এই নিখিল চরাচর সংসার অদ্বিতীয় এক আপনাতেই প্রতিভাসিত হইতেছে। কিন্তু হে ভগবন্! জনগণের এই দ্বিতীয় বস্তুর পৃথক্ অস্তিত্বের প্রতীতিও ভ্রম ব্যতীত অন্য কিছুই নহে। তাহারা ভবদীয় পরম ভাব অবলোকন না করিয়া, ভ্রমে অন্যান্য ভাব উপলব্ধি করিতেছে॥ ২৩॥

আভাস।

মায়াময়। জীবসমূহ স্বতন্ত্রভাবে অবস্থিতের ন্যায় পরিলক্ষিত হইলেও, ক্রীড়াপুত্তলিকার ন্যায়, এক পরমেশ্বরের আশ্রয়েই সম্পূর্ণ নির্ভর করে। ভগবান্‌ই সর্ব্বঘটে এবং সর্ব্বভাবে এবং সর্ব্বরূপে বিরাজ করিতেছেন। সমুদ্রে ভাসমান সমুদ্রোৎপন্ন ফেনরাশি যেমন সমুদ্র হইতে কোন অংশে পৃথক্ নহে, সেইরূপ ক্ষিত্যাদি চতুর্ব্বিংশতি তত্ত্বগ্রামও অদ্বিতীয় পরমেশ্বরের প্রকৃতিসত্তায় ভাসমান থাকিয়া, যেন পৃথক্‌রূপে আত্মপরিচয় প্রদান করিতেছে পরমার্থত কোন প্রকারে পৃথক্ নহে॥ ১৬—২৩॥

নরকপুত্র ভগদত্ত কামরূপের অধীশ্বর ছিলেন। ধরণী সেই কামরূপপতি ভগদত্তের প্রতি

তস্যাত্মজোঽয়ং তব পাদপঙ্কজং ভীতঃ প্রপন্নার্ত্তিহরোপসাদিতঃ।
তৎপালয়ৈনং কুরু হস্তপঙ্কজং শিরস্যমুষ্যাখিলকল্মষাপহং ॥ ২৪ ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি ভূম্যার্চ্চিতো বাগ্‌ভি র্ভগবান্ ভক্তিনম্রয়া।
দত্ত্বাভয়ং ভৌমগেহং প্রাবিশৎ সকলর্দ্ধিমৎ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

হে প্রপন্নার্ত্তিহর! তস্য ভৌমস্য, অয়ং ভীতঃ ভগদত্তাখ্যঃ আত্মজঃ ময়া তব পাদপঙ্কজং উপসাদিতঃ প্রাপিতঃ, তৎ তস্মাৎ এনং পালয়! (নরকপুত্রত্বাৎ অয়ং সদোষঃ অপি) অখিল-কল্মষাপহং সকলদোষনিবর্ত্তকং, স্বস্য হস্তপঙ্কজং অমুষ্য শিরসি কুরু নিধেহি ॥ ২৪ ॥

শ্রীশুকঃ উবাচ। ভক্তিনম্রয়া প্রণতয়া ভূম্যা ইতি এবং বাগ্‌ভিঃ অর্থিতঃ প্রার্থিতঃ, ভগবান্ ভগদত্তায় অভয়ং দত্ত্বা সকলর্দ্ধিমৎ (সকলাঃ ঋদ্ধয়ঃ ভোগোপকরণানি যস্মিন্ সন্তি তথাভূতং) ভৌমগেহং প্রাবিশৎ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

এবং স্তুত্বা প্রার্থয়তে অস্যেতি। হে প্রপন্নার্ত্তিহর তস্য নরকস্যাত্মজোঽয়ং ভগদত্তো-নাম ভীতঃ অতএব ময়া তব পাদপঙ্কজমুপসাদিতঃ ॥ ২৪ ॥

অভয়ং দত্ত্বা ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং স্তুত্বা প্রার্থয়তে তস্যেতি অয়ং ভগদত্তোনাম ভীতঃ। অতএব ময়া তব পাদপঙ্কজ-মুপসাদিতঃ ॥ ২৪ ॥ ২৫ ॥

হে শরণাগত জনগণের দুঃখনাশন! আপনার ভয়ে ভৌমপুত্র ভগদত্ত নিতান্তই কাতর হইয়াছে! আমি তাহাকে আপনার নিকট আনয়ন করি-য়াছি। আপনি তাহাকে প্রতিপালন করুন্! নরকাসুরের পুত্রত্ব-নিবন্ধন বিবিধ অপরাধে অপরাধী বলিয়া, তাহাকে উপেক্ষা করিবেন না! নিখিল কল্মষনাশন ভবদীয় করকমল একবার ইহার মস্তকে প্রদান করুন্! ইহার সকল দোষ নিবারণ হউক্! ॥ ২৪ ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! ভক্তি-বিনম্রমূর্ত্তী ধরিত্রী এই প্রকার

আভাস।

অনুগ্রহ করিবার জন্য শ্রীকৃষ্ণকে অনুরোধ করেন; ভগবান্ও তাঁহাকে অভয় প্রদান করিলেন। অর্থাৎ ভোগলালসা বস্তুত ত্যাজ্য হইলেও কামের স্বরূপ কখন সম্পূর্ণ ত্যাজ্য নহে। কামের বিষয়বিশেষই পরিত্যাজ্য এবং বিষয়বিশেষই গ্রাহ্য। অতএব যে কামনার দ্বারা উন্নতি ও মুক্তিকে প্রার্থনা করায়, সে কামনা জীবের পক্ষে অতীব উপাদেয়; সুতরাং নরক-পুত্র ভগদত্ত ভগবানের কৃপা প্রসাদে দিব্যমূর্ত্তি ধারণে কামরূপের আধিপত্য লাভ করিল ॥ ২৪ ॥

তত্র রাজন্যকন্যানাং ষট্‌সহস্রাধিকাযুতং।
ভৌমাহৃতানাং বিক্রম্য রাজভ্যো দদৃশে হরিঃ ॥
তং প্রবিষ্টং স্ত্রিয়ো বীক্ষ্য নরবর্য্যং বিমোহিতাঃ।
মনসা বব্রিরেঽভীষ্টং পতিং দৈবোপসাদিতং ॥
ভূয়াৎ পতিরয়ং মহ্যং ধাতা তদনুমোদতাং।
ইতি সর্ব্বাঃ পৃথক্ কৃষ্ণে ভাবেন হৃদয়ং দধুঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

তত্র ভৌমগৃহে, বিক্রম্য পরাক্রমং কৃত্বা, রাজভ্যঃ ভৌমেন হৃতানাং রাজন্যকন্যানাং ষট্‌সহস্রাধিকাযুতং (ষট্ সহস্রাণি অধিকানি যস্মিন্ তৎ অযুতং ষোড়শসহস্রাণি) হরিঃ দদৃশে (শতাধিকমিত্যপি জ্ঞাতব্যং) ॥

দৈবোপসাদিতং (দৈবেন প্রারব্ধকর্ম্মণা উপসাদিতং স্বসমীপং প্রাপিতং) ভবনং প্রবিষ্টং নরবর্য্যং তং শ্রীকৃষ্ণং বীক্ষ্য বিমোহিতাঃ তাঃ স্ত্রিয়ঃ মনসা অভীষ্টং তং পতিং বব্রিরে ॥

অয়ং মহ্যং মম, পতিঃ ভূয়াৎ ; তং এতং মম অভিমতং ধাতা পরমেশ্বরঃ, অনুমোদতাং সত্যং করোতু, ইতি সর্ব্বাঃ স্ত্রিয়ঃ পৃথক্‌ভাবেন কৃষ্ণে হৃদয়ং দধুঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

শতাধিকমিত্যপি জ্ঞাতব্যং যথাহ শ্রীপরাশরঃ। কন্যাপুরে স কন্যানাং ষোড়শাতুলবিক্রমঃ। শতাধিকানি দদৃশে সহস্রাণি মহামতে। ইতি রাজভ্য ইত্যুপলক্ষণং সিদ্ধাদিভ্যশ্চেতি জ্ঞাতব্যং তথাহি তেনৈবোক্তং। দেবসিদ্ধাসুরাদীনাং নৃপাণাঞ্চ জনার্দ্দন। হৃত্বা হি সোঽসুরঃ কন্যা রুরোধ নিজমন্দিরে ইতি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষট্ সহস্রেণাধিকমযুতং শতাধিকমপি বিষ্ণুপুরাণদৃষ্ট্যা জ্ঞেয়ং। রাজভ্য ইত্যুপলক্ষণং। সিদ্ধাদিভিশ্চ সকাশাদাহৃতানাং ॥ ২৬ ॥

বিবিধ স্তুতিবাক্যে ভগবানের স্তব করিলে, বাসুদেব প্রসন্ন হইয়া ভগদত্তকে অভয় প্রদান করিলেন এবং ভোগোপকরণাদি যাবদীয় ঐশ্বর্য্যসম্পন্ন ভৌমের গৃহে স্বয়ং প্রবেশ করিলেন ॥ ২৫ ॥

এবং বিশেষ বিক্রমের প্রকাশে অন্যান্য রাজাগণের গৃহ হইতে নরকাসুর যে সমস্ত রাজকন্যা আনয়ন করত নিজ গৃহে অবরুদ্ধ রাখিয়াছিল, সেই শতাধিক ষোড়শ সহস্র রাজকন্যাকে স্বয়ং অবলোকন করিলেন ॥

অহো ! পূর্ব্বসঞ্চিত প্রারব্ধফলে আপনাদের সমীপে লব্ধ নরশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণকে নিজেদের কারাগৃহে প্রবিষ্ট অবলোকন করিয়া, রাজনন্দিনীগণ প্রেমে হতজ্ঞান হইলেন এবং স্বীয় অভীষ্ট শ্রীকৃষ্ণকেই পতিরূপে মনে মনে বরণ করিলেন ॥

তাঃ প্রাহিণোদ্দ্বারবতীং সুমৃষ্টবিরজোঽম্বরাঃ।
নরযানৈর্মহাকোষান্রথাশ্বান্ দ্রবিণং মহৎ ॥
ঐরাবতকুলেভাংশ্চ চতুর্দ্দংষ্ট্রাংস্তরস্বিনঃ।
পাণ্ডুরাংশ্চ চতুঃষষ্টিং প্রেষয়ামাস কেশবঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

সুমৃষ্টবিরজোঽম্বরাঃ তাঃ (সুমৃষ্টাঃ স্নাপিতাঃ বিরজোঽম্বরাশ্চ তাঃ স্ত্রিয়ঃ ভগবান্ নরযানৈঃ শিবিকাভিঃ, দ্বারাবতীং প্রাহিণোৎ প্রস্থাপয়ামাস। তথা মহাকোষান্ তথা রথান্ অশ্বান্ মহৎ দ্রবিণং বিপুলং ধনং চ প্রাহিণোৎ ॥

চতুর্দ্দংষ্ট্রান্ (চত্বারঃ দন্তাঃ যেষাং তান্) তরস্বিনঃ বেগবত্তরান্, পাণ্ডুরান্ চতুঃষষ্টি-সংখ্যকান্ ঐরাবতকুলোদ্ভবান্ ইভান্ চ কেশবঃ দ্বারবতীং প্রেষয়ামাস ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

প্রাহিণোৎ প্রস্থাপয়ামাস সুমৃষ্টাঃ কমনীয়াশ্চ তাঃ বিরজোঽম্বরাশ্চ তাঃ নরযানৈঃ শিবিকাভিঃ। অপিচ মহাকোষানিতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নরযানৈঃ শিবিকাদিভিঃ। মহাকোষাদীনপি ॥ ২৭ ॥

তাঁহারা মনে মনে বলিতে লাগিলেন, ইনিই যেন আমার পতি হন এবং বিশ্ববিধাতা পরমেশ্বর যেন আমাদের সাধ পূরণ করেন; এই আমাদের প্রার্থনা! এই বলিয়া বনিতাগণ সকলেই পৃথক্‌ভাবে প্রার্থনা করত শ্রীকৃষ্ণকে হৃদয়ে চিন্তা করিতে লাগিলেন ॥ ২৬ ॥

ভগবান্ তাঁহাদিগকে কারানির্ম্মুক্ত করিয়া স্নান করাইলেন এবং দিব্য বস্ত্র ও অলঙ্কারাদিতে ভূষিত করিয়া, শিবিকারোহণে দ্বারাবতীতে প্রেরণ করিলেন ॥

চতুর্দ্দন্ত অতিবেগবান্ ঐরাবত-কুলোৎপন্ন পাণ্ডুরবর্ণ চতুঃষষ্টি সংখ্যক ইভও কেশব নিজ দ্বারকায় প্রেরণ করিলেন ॥ ২৭ ॥

আভাস।

নরক-নিকেতন অপূর্ব্ব উপকরণে উপচিত ছিল। হরিবংশে উল্লেখ আছে, "ন বৈ রাজ্ঞা কুবেরেণ ন শক্রেণ যমেন চ। রত্নসংনিচয়স্যাদৃক্ দৃষ্টপূর্ব্বো নচ শ্রুতঃ ॥ দেব গন্ধর্ব্ব রত্নানি পন্নগানাঞ্চ যদ্বসু। তানি সর্ব্বাণি সম্ভীহ নরকস্য নিবেশনে" ॥ রাজাধিরাজ ধনপতি কুবের, দেবরাজ ইন্দ্র, বা যম যে ধন সংগ্রহ করিতে সক্ষম হন নাই, একাকী নরক তাহা সমস্তই সংগ্রহ করিয়াছিলেন। অধিক কি! দেবতা, গন্ধর্ব্ব ও নাগলোকেরও ধনৈশ্বর্য্য সমস্তই নরক-গৃহে সংগৃহীত ছিল। ভগবান্ শ্রীকৃষ্ণ নরকগৃহ হইতে সেই যাবদীয় ধন লইয়া দ্বারকায়

গত্বা সুরেন্দ্রভবনং দত্ত্বাদিত্যৈ চ কুণ্ডলে।
পূজিতস্ত্রিদশেন্দ্রেণ মহেন্দ্রাণ্যা চ সপ্রিয়ঃ॥
চোদিতো ভার্য্যয়োৎপাট্য পারিজাতং গরুত্মতি।
আরোপ্য সেন্দ্রান্ বিবুধান্নির্জ্জিত্যোপানয়ৎপুরং॥ ২৮॥

অন্বয়ঃ।

সপ্রিয়ঃ শ্রীকৃষ্ণঃ সুরেন্দ্রভবনং গত্বা অদিত্যৈ চ কুণ্ডলে দত্ত্বা ত্রিদশেন্দ্রেণ মহেন্দ্রেণ, মহেন্দ্রাণ্যা চ পূজিতঃ জাতঃ॥

ততঃ ভার্য্যয়া সত্যভাময়া, চোদিতঃ নোদিতঃ সন্ তত্রত্যং পারিজাতং উৎপাট্য গরুত্মতি আরোপ্য সেন্দ্রান্ বিবুধান্ নির্জ্জিত্য পুরং দ্বারকাং প্রতি উপানয়ৎ॥ ২৮॥

শ্রীধরস্বামী।

সপ্রিয়ঃ সত্যভামাসহিতঃ॥ ২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভার্য্যয়া সত্যভাময়া প্রেরিতঃ সন্॥ ২৮॥

অনন্তর সত্যভামা সহ শ্রীকৃষ্ণ সুরেন্দ্রভবন অমরাপুরীতে প্রবেশ করিলেন এবং দেবজননী অদিতিকে কুণ্ডলদ্বয় প্রদান করিলেন এবং মহেন্দ্রাণি সহ পুরন্দর কর্ত্তৃক তথায় বিলক্ষণ পূজিত হইলেন॥

কিন্তু তথায় সত্যভামার অনুরোধে তত্রত্য পারিজাত তরুটী উৎপাটন পূর্ব্বক গরুড়ের উপরে যখন আরোপ করেন, তখন ইন্দ্রাদি দেবতাগণের সহিত তাঁহার বিষম বিবাদ উপস্থিত হয়; কিন্তু তিনি তাঁহাদের সকলকে পরাজয় করিয়া, পারিজাত তরু দ্বারকায় আনয়ন করেন॥ ২৮॥

আভাস।

প্রেরণ করিলেন এবং যে সকল ষোড়শ সহস্র রাজকন্যা নরকের সাধ-পূরণার্থ তদীয় গৃহে নিরুদ্ধ ছিল, ভগবান্ তাহাদিগকেও দ্বারকায় প্রেরণ করিলেন। এতদ্দ্বারা ভক্তকে প্রতিবোধিত করা হইল যে, ভগবানের প্রসাদে চিত্তস্থ অবিদ্যার অভিনিবেশ যদি নিরস্ত হয়, তাহা হইলে একাদশ ইন্দ্রিয় ও পঞ্চতন্মাত্র সম্বন্ধীয় সহস্র প্রকারের বৃত্তি বিষয় হইতে বিরত হইয়া, ভগবদনুধ্যানেই অগ্রসর হয়। এতদ্দ্বারা অনিত্য বিষয়ের নিরন্তর চিন্তন-জনিত দুঃখের উপশম হইবার সঙ্গে সঙ্গে নিত্য সুখময় শুচি আত্মচিন্তাতেই জীব নিরাময় শান্তির উপভোগ করিতে পারে॥ ২৭॥

শ্রীকৃষ্ণ নরকের গৃহ হইতে কুণ্ডল ও ছত্রাদি লইয়া যখন অমরালয়ে অদিতি প্রভৃতিকে প্রদান করিতে যাইলেন, সেই সময়ে সত্যভামা তাঁহার সঙ্গেই ছিলেন। তিনি স্বর্গোদ্যানে অপূর্ব্ব সৌরভবিশিষ্ট পারিজাত কুসুম দর্শনে শচীর পরম সৌভাগ্যে ঈর্ষান্বিতা হইলেন এবং তাদৃশ তাম্রবর্ণ কিশলয়বিশিষ্ট পারিজাত বৃক্ষ নিজের উদ্যানে রোপিত করিবার

স্থাপিতঃ সত্যভামায়া গৃহোদ্যানোপশোভনঃ।
অন্বগন্ ভ্রমরাঃ স্বর্গাৎ যদ্গন্ধাসবলম্পটাঃ ॥ ২৯ ॥
যযাচ আনম্য কিরীটকোটিভিঃ পাদৌ স্পৃশন্নচ্যুতমর্থসাধনং।

অন্বয়ঃ।

তথা সত্যভামায়াঃ গৃহোদ্যোনোপশোভনঃ (গৃহোদ্যানং যথা উপশোভয়তীতি তথা) শ্রীকৃষ্ণেন স্থাপিতঃ। অহো! যস্য পারিজাতস্য গন্ধে আসবে মধৌ চ লম্পটাঃ আসক্তাঃ ভ্রমরাঃ স্বর্গাৎ অন্বগন্ অনুযযুঃ ॥ ২৯ ॥

ইন্দ্রঃ (প্রথমং মূর্দ্ধানং) আনম্য কিরীটকোটিভিঃ ভগবতঃ পাদৌ স্পৃশন্ অর্থসাধনং শরণাগত-মনোরথ-নিষ্পাদকং অচ্যুতং অক্ষীণ-বল-পরাক্রমং, যং যযাচে ভৌমবধাদিকং

শ্রীধরস্বামী।

গৃহোদ্যানং নিষ্কুটমুপশোভয়তি যঃ ॥ ২৯ ॥

সেন্দ্রান্ বিবুধান্ নির্জিত্যেতি ইন্দ্রশ্রীকৃষ্ণয়োঃ সংগ্রাম উক্তঃ। ননু কথং সংসাধিত-মনোরথেন শ্রীকৃষ্ণেন সহ ইন্দ্রস্য সংগ্রাম ইত্যাশঙ্ক্যাহ যযাচ ইতি। অচ্যুতং অর্থসাধনমিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থাপিতঃ পারিজাতবৃক্ষঃ। গৃহান্তিকস্থিতমুদ্যানমুপশোভয়তীতি সঃ ॥ ২৯ ॥

সেন্দ্রান্ বিবুধান্নির্জিত্যেত্যুক্তং তত্র স্বার্থসাধকেনাপি স্বেষ্টদেবেনাপি কৃষ্ণেন সহেন্দ্রস্য যুদ্ধং শ্রুত্বাতিবিস্মিতং রাজানং প্রতীন্দ্রদৌরাত্ম্যমাহ। যযাচে ইতি। অর্থসাধনং সার্থ-

---

এবং সত্যভামার গৃহোদ্যানের শোভা যাহাতে সম্যক্ পরিবর্দ্ধিত হয়, এইরূপভাবে তদীয় উদ্যানের মধ্যেই সেই পারিজাত বৃক্ষ স্থাপিত করিলেন। অহো! পারিজাত পুষ্পের এতই উৎকর্ষ যে, তাহার গন্ধে ও মধুলোভে আত্মহারা হইয়া, ভ্রমরকুল স্বর্গ হইতে তাহার পশ্চাৎ পশ্চাৎ দ্বারকায় আগমন করিল ॥ ২৯ ॥

অহো! স্বার্থসিদ্ধির অভিপ্রায়ে স্বয়ং পুরন্দর অবনত-মস্তকে কিরীটের অগ্রভাগ দ্বারা যে অতুলবিক্রম অচ্যুতের চরণদ্বয় স্পর্শ করিয়া প্রথমত এরূপ

আভাস।

অভিপ্রায়ে শ্রীকৃষ্ণকে অনুরোধ করিলেন। দর্পহারী কৃষ্ণও আপাতত দেবেন্দ্রগণের দর্প খর্ব্ব করিয়া, সত্যভামাকে প্রশ্রয় দিলেন; এবং পারিজাত লইয়া সত্যভামার গৃহ-সন্নিধানে রোপণ করিলেন ॥ ২৮ ॥

নরকাসুরের নিধন যে সর্ব্বতোভাবে আবশ্যক, তাহা ইন্দ্রের আচরণে স্পষ্টত পরিচয় দিয়াছেন। অর্থাৎ নরক যেমন নিজের অবস্থা বা অধিকারের উপর লক্ষ্য না করিয়াই কেবল ভোগের প্রত্যাশায় দুষ্প্রাপ্য সামগ্রী বরুণছত্র এবং অদিতির কুণ্ডল পর্য্যন্ত অধিকার করিয়াছিলেন, সেইরূপ জীব ও সাধারণত ভোগের লোভে তাদৃশ আচরণই করিয়া থাকে।

সিদ্ধার্থ এতেন বিগৃহ্য তে মহানহো সুরাণাঞ্চ তমোধিগাঢ্যতাং ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

প্রার্থিতবান্ পশ্চাৎ সিদ্ধার্থঃ নিষ্পন্নভৌমবধাদিপ্রয়োজনঃ সন্ মহান্ অপি এতেন দুঃসাধ্য-কার্য্যসাধকেন স্বামিনা সহ (বৃক্ষনিমিত্তে) বিগৃহ্যতে বিরোধং কৃতবান্। অহো আশ্চর্য্যং! সুরাণাং চ তমঃ অজ্ঞানং ; আঢ্যতাং ধনিকতা, ধিক্ ইতি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

চ কর্ম্মদ্বয়ং যাচতেস্মিতি ধাতোঃ বিগৃহ্যতে বিগ্রহং করোতি মহানপি ইন্দ্রঃ। তমঃ ক্রোধঃ। আঢ্যতাং ধনিকতাং ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাধকং কৃষ্ণং যযাচে নরকং হত্বা কুণ্ডলাদীন্যানীয় দেহীতি প্রার্থয়তে স্ম। সিদ্ধার্থঃ প্রাপ্ত-কুণ্ডলাদিকঃ সন্ এতেন কৃষ্ণেন সহ বিগৃহ্যতে ইত্যার্ষং বিগৃহ্ণতি। বিগ্রহং করোতি তত্রাপি। মহান্ সুরেশঃ সন্নপি। অহো আশ্চর্য্যং সুরাণামপি তমঃ ক্রোধঃ। সাত্ত্বিকানাং তেষামিদমত্যসম্ভবমিতি ভাবঃ। তত্রাপি সুরেশস্য তস্য। তস্মাদাঢ্যতাং ধনিকত্বং ধিক্ আঢ্যতাহি কং কমসম্ভবমপ্যনর্থং নোৎপাদয়তীতি ভাবঃ ॥ ৩০ ॥

প্রার্থনা করিয়াছিলেন, পরে তাদৃশ ভীষণ শত্রু ভৌমের নিধনে নিজের ইষ্ট-লাভের পরক্ষণেই সর্ব্বশ্রেষ্ঠ তাদৃশ স্বীয় প্রভুর সহিত একটী সামান্য পারি-জাত বৃক্ষ লইয়া আবার বিবাদ করা তাঁহার পক্ষে কতদূর সঙ্গত, তাহা বলা দুঃসাধ্য। ইহাতে দেবতাগণেরও তমোগুণের পরিচয় হইল! অহো! ঐশ্বর্য্য মদে ধিক্ ॥ ৩০ ॥

আভাস।

অধিক কি! অমরনাথ ইন্দ্রও যে ভোগানুরোধে কৃতঘ্নতার পরিচয় দিয়াছেলেন, দৃষ্টান্তস্বরূপে এস্থলে শুকদেব তাহারই পরিচয় দিয়াছেন। কারণ ভোগী হইলে, অধিকারীর আর কোন বিশেষ পার্থক্য থাকে না। সত্ত্বগুণাবলম্বী দেবতাও যে ভোগের অনুরোধে অন্ধ হইয়া রজঃ ও তমোগুণাক্রান্ত রাক্ষস ও পিশাচের ন্যায় কার্য্য করেন, তাহা দেবেন্দ্রের চরিত্রে বিলক্ষণ প্রতীত হইয়াছিল। প্রচুর পুণ্য ও সত্ত্বগুণের উৎকর্ষ না হইলে, ইন্দ্রত্ব-লাভে সত্ত্বপ্রধান দেবতাগণের উপর আধিপত্য করা অসম্ভব। কিন্তু স্বার্থের হানি হওয়ায়, সেই ইন্দ্র অতি কাতরভাবে যে শ্রীকৃষ্ণের সাহায্য প্রার্থনা করেন এবং যাঁহার আনুকূল্যে কুণ্ডল ও ছত্র পুনঃ প্রাপ্ত হন, একটী সামান্য পারিজাত-বৃক্ষের উপলক্ষে সেই শ্রীকৃষ্ণের সহিত আবার তিনিই বিগ্রহ করিয়াছিলেন। অতএব এস্থলে সত্ত্বগুণের বা মহেন্দ্রের দোষ বা গুণ নাই ; ভোগ-লিপ্সারই দোষ। অতএব উচ্চ বংশে জন্ম বা যোগী বলিয়া নিশ্চিন্ত থাকা কাহারও উচিত নহে ; সৃষ্ট সংসারে জন্ম গ্রহণ করিয়া, উৎকট ভোগলালসার কুহক হইতে সর্ব্বদা আপনাকে রক্ষা করা প্রয়োজন ॥ ৩০ ॥

অথো মুহূর্ত্ত একস্মিন্ নানাগারেষু তাঃ স্ত্রিয়ঃ।
যথোপযেমে ভগবাংস্তাবদ্রূপধরোঽব্যয়ঃ ॥ ৩১ ॥
গৃহেষু তাসামনপায্যতর্ক্যকৃন্নিরস্তসাম্যাতিশয়েষ্ববস্থিতঃ।

অন্বয়ঃ।

অথ দ্বারকাগমনানন্তরং একস্মিন্ এব মুহূর্ত্তে তাঃ শতাধিক-ষোড়শ-সহস্রসংখ্যকাঃ স্ত্রিয়ঃ স্ত্রীঃ, নানাগারেষু (যাবত্যঃ স্ত্রিয়ঃ তাবৎসু গৃহেষু স্বয়ং অপি) তাবদ্রূপধরঃ, অব্যয়ঃ ভগবান্ (তাবদ্রূপধারণেন) যথা যথোচিতং উপযেমে বিবাহিতবান্ ॥ ৩১ ॥

তাসাং পত্নীনাং নিরস্তসাম্যাতিশয়েষু সাম্যাভ্যধিকরহিতেষু গৃহেষু অনপায়ী বিশ্লেষ-

শ্রীধরস্বামী।

যথা যথাবৎ অনেন দেবক্যাদি বন্ধুজনসমাগমোঽপি প্রতিগৃহং যৌগপদ্যেন সূচিতঃ অব্যয়ঃ সর্ব্বত্র সংপূর্ণ এব ॥ ৩১ ॥

অহো ভাগ্যং নারীণামিত্যাহ ত্রিভিঃ। গৃহেষ্বিতি অতর্ক্যাণি কর্ম্মাণি করোতীতি তথা সঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথো দ্বারকামাগত্য একস্মিন্মুহূর্ত্তে ইতি তস্যৈব বৈবাহিকলগ্নস্য তদানীং সর্ব্বতোভদ্রত্বেন মৌহূর্ত্তিকলোকৈরুক্তত্বাৎ। যাবত্যঃ স্ত্রিয় স্তাবদ্রূপধরঃ। রূপাণ্যত্র একস্যৈব বপুষঃ প্রকাশ-ভেদা এব তানি ধরতীতি সঃ নতু তাবদ্বপুর্ধর ইতি কায়ব্যূহো ব্যাখ্যেয়ঃ। চিত্রং বতৈত-দেকেন বপুষা যুগপৎ পৃথক্। গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদারহদিত্যগ্রিমোক্তেঃ। যথা যথাবদিত্যনেন দেবক্যাদি বন্ধুজন-সমাগমোঽপি প্রতিগৃহং যৌগপদ্যেন সূচিত ইতি শ্রীস্বামি-চরণাঃ। তেষামপি প্রকাশভেদোঽচিন্ত্যশক্ত্যৈব কারিতো জ্ঞেয়ঃ। অব্যয়ঃ সর্ব্বত্রাপি পূর্ণএব নত্বংশেন বর্ত্তমানঃ। প্রকাশস্তু ভেদেষু গণ্যতে সহি নো পৃথগিতি ভাগবতা-মৃতোক্তেঃ ॥ ৩১ ॥

তাসাং গৃহেষ্বনপায়ী প্রকাশভেদৈঃ সর্ব্বেষ্বেব স্থিত ইত্যর্থঃ। অতর্ক্যকৃদিতি তথা তর্ক্যং কর্ম্ম করোতি যথা সর্ব্বত্রাপি সঞ্চারিত দাসী সখী কা অপি তাঃ প্রত্যেকমহমেব সংযোগিনী

অনন্তর শ্রীকৃষ্ণ দ্বারকায় আগমন করিয়া এক সময়ে সেই শতাধিক ষোড়শ সহস্র নারীর পাণিগ্রহণ করিলেন। প্রত্যেক স্ত্রী যেমন পৃথক্ পৃথক্ গৃহে অবস্থান করিতেছিলেন, শ্রীকৃষ্ণও ততসংখ্যক পৃথক্ পৃথক্ বিগ্রহ ধারণে স্বয়ং তাঁহাদের সকলের গৃহেই এক সময়ে উপস্থিত হইয়া, যথাবিধানে সকলকেই বিবাহ করিলেন ॥ ৩১ ॥

প্রত্যেক বনিতার গৃহই অতুল সৌন্দর্য্যে পরিশোভিত ছিল; এবং বাসু-

আভাস।

ভৌমগৃহ হইতে নির্ম্মুক্ত রাজকন্যাগণের পরিণয় হইবে; কিন্তু সকলের বর একা শ্রীকৃষ্ণ এবং বিবাহ লগ্নও একটী মাত্র। সকলেই শুভক্ষণে শুভদৃষ্টি করিবার প্রত্যাশা করিতে-

রেমে রমাভির্নিজকামসংপ্লুতো যথেতরো গার্হমেধিকাংশ্চরন্॥ ৩২ ॥

অন্বয়ঃ।

রহিতঃ এব অবস্থিতঃ সন্ অতর্ক্যকৃৎ ইচ্ছামাত্রেণ অচিন্ত্যং জগৎ যঃ হি করোতি, নিজকাম-সংপ্লুতঃ (নিজানাং স্বভক্তানাং তাসাং কামেন মনোরথেন সংপ্লুতঃ বশীকৃতঃ) কৃষ্ণঃ যথা ইতরঃ প্রাকৃতজনবৎ গার্হমেধিকান্ গৃহস্থধর্ম্মান্, চরন্ অনুতিষ্ঠন্, তাভিঃ রমাভিঃ লক্ষ্ম্যংশভূতাভিঃ সহ রেমে॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

নিরস্তং সাম্যমতিশয়শ্চ অন্যেষাং যৈঃ স্তেষু গৃহেষু অনপায়ী অবস্থিতঃ রমাভির্লক্ষ্ম্যংশভূতাভিঃ নিজকামসংপ্লুতঃ নিজানন্দপরিপূর্ণঃ গার্হমেধিকান্ গৃহস্থধর্ম্মান্॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যাস্তু বিরহিণ্য এবেতি জানন্তীতি ভাবঃ। নিরস্তং সাম্যমতিশয়শ্চ যেভ্য ইতি তাদৃশা গৃহা অপি বৈকুণ্ঠেঽপি ন সন্তি কিমুত তাদৃশরমণাদি সুখানীত্যর্থঃ। নিজেন স্বরূপভূতেনৈব কন্দর্পেণৈব সংপ্লুতো নিমগ্নঃ রমাভী রেমে ইতি বৈকুণ্ঠাদপি দ্বারকায়া ঐশ্বর্য্যেণাধিক্যং। গার্হমেধিকান্ ধর্ম্মাং শ্চরন্নিতি মাধুর্য্যেণাপ্যাধিক্যং জ্ঞাপিতং। তাসাং রমাত্বেন স্বরূপশক্তিত্বং স্কান্দে প্রভাসখণ্ডেঽপি যথা ষোড়শৈব সহস্রাণি গোপাস্তত্র সমাগতাঃ। হংস এব মতঃ কৃষ্ণঃ পরমাত্মা জনার্দ্দনঃ। তস্যৈতাঃ শক্তয়ো দেবি ষোড়শৈব প্রকীর্ত্তিতাঃ। চন্দ্ররূপী মতঃ কৃষ্ণঃ কলারূপাস্তু তাঃ স্মৃতাঃ। সম্পূর্ণমণ্ডলা তাসাং মালিনী ষোড়শী কলা। ষোড়শৈব কলা যাস্তু গোপীরূপা বরাননে। একৈকশস্তাঃ সংভিন্নাঃ সহস্রেণ পৃথক্ পৃথগিতি। পাদ্মে কার্ত্তিকমহাত্ম্যে চ। কৈশোরে গোপকন্যাস্তা যৌবনে রাজকন্যকা ইতি অতঃ পূর্ণতমস্য শ্রীবৃন্দাবন-নাথস্য যথা দ্বারকানাথঃ পূর্ণপ্রকাশস্তথৈব পূর্ণতমানাং তদীয়হ্লাদিনীশক্তীনাং গোপীনাং পূর্ণপ্রকাশরূপা পট্টমহিষ্য ইতি॥ ৩২ ॥

দেব প্রত্যেকের গৃহেই অবিচ্ছেদে বসতি করিতে লাগিলেন। অহো! যিনি ইচ্ছামাত্রেই এই অচিন্ত্য রচনাবিশিষ্ট জগতের সৃষ্টি করিতেছেন, তাঁহার নিজের আর ভোগ-ব্যাপার কোথায়? তবে স্বকীয় ভক্ত তাদৃশ কামিনীগণের প্রার্থনায় বশীভূত হইয়াই প্রাকৃত জনসাধারণের ন্যায়, গৃহস্থধর্ম্মের অনুশীলনে কমলার অংশসম্ভূতা তাদৃশ কামিনীগণের সহিত বিহার করিয়াছিলেন॥ ৩২ ॥

আভাস।

ছিলেন; সুতরাং ভগবান্ সকল ভক্তের সাধ একত্রই পূর্ণ করিলেন। তিনি কায়ব্যূহ-রচনার দ্বারা আপনাকে শতাধিক ষোড়শ সহস্র সংখ্যক দেহ ধারণে প্রত্যেকের গৃহে স্বতন্ত্রভাবে উপস্থিত হইলেন। এবং অচিন্ত্য শক্তির প্রভাবে দেবকী প্রভৃতি বন্ধুজনের সমাগমও প্রত্যেক গৃহে সমান ভাবে পৃথক্ পৃথক্ সাধিত করিয়াছিলেন। এবং নিজে প্রত্যেক বনিতার গৃহে এরূপ আচরণ করিয়াছিলেন যে, সকলেই মনে করিয়াছিলেন যে, তিনিই কেবল কৃষ্ণ-

ইত্থং রমাপতিমবাপ্য পতিং স্ত্রিয়স্তা ব্রহ্মাদয়োঽপি ন বিদুঃ পদবীং যদীয়াং।
ভেজুর্মুদাবিরতমেধিতয়ানুরাগহাসাবলোক-নবসঙ্গমজল্পলজ্জাঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মাদয়ঃ অপি যদীয়াং পদবীং যৎপ্রাপ্তিমার্গং, ন বিদুঃ তং রমাপতিং কৃষ্ণং ইত্থং উক্ত-বিবাহ-প্রকারেণ, পতিং অবাপ্য অনুরাগহাসাবলোকনবসঙ্গম-জল্পলজ্জাঃ (অনুরাগসহিতঃ হাসঃ তৎপূর্ব্বকঃ অবলোকঃ নবসঙ্গমশ্চ তত্র জল্পাঃ নর্ম্মবচনানি তেষু লজ্জাঃ চ যাসাং তাঃ) স্ত্রিয়ঃ অবিরতং নিরন্তরং, এধিতয়া বর্দ্ধিতয়া, মুদা তং কৃষ্ণং এব ভেজুঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

অনুরাগহাসসহিতমবলোকঞ্চ তৎপূর্ব্বকং নবসঙ্গমঞ্চ তদ্গতং জল্পঞ্চ তস্মিন্ লজ্জাঞ্চ ভেজুঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রমায়াঃ পূর্ণলক্ষ্মীরূপায়াঃ পতিং শ্রীকৃষ্ণমবাপ্য ব্রহ্মাদয়োঽপি কিং পুনরন্যে পদবীমপি কিং পুনস্তং ন বিদুরপি কিং পুনর্লভেরন্নিত্যর্থং। অবিরতমেব এধিতয়া প্রবৃদ্ধয়া মুদা অনুরাগসহিতং হাসাবলোকং তৎপূর্ব্বকং নবসঙ্গমঞ্চ তত্র তদুচিতং জল্পঞ্চ তৎ প্রতিজল্পে প্রাপ্তে সতি লজ্জাঞ্চ ভেজুঃ প্রাপুঃ ॥ ৩৩ ॥

অহো! ব্রহ্মাদি লোকপালগণও যাঁহাকে পাইবার উপায় অবধারণ করিতে সক্ষম হন না, সেই শ্রীপতি জনার্দ্দনকে পূর্ব্বোক্ত বিবাহ-প্রণালীর দ্বারা পতিরূপে প্রাপ্ত হইয়া, ললনাগণ অনুরাগপূর্ণ মৃদু-মন্দ হাস্যের বিকাশে অপাঙ্গ-দৃষ্টি এবং নবীন সঙ্গমজনিত উপহাসাদি বাক্যের উল্লেখে লজ্জিত হইয়া, নিরন্তর পরমানন্দের উত্তরোত্তর বর্দ্ধনে সেই গোবিন্দকেই একান্তচিত্তে ভজনা করিয়াছিলেন ॥ ৩৩ ॥

আভাস।

সোহাগিনী; অন্যে তাদৃশ সংসর্গে বঞ্চিত হইয়া, বিরহ ভোগ করিতেছেন। নারীগণের গৃহ সকল একেত অতুল সম্পদে পরিপূর্ণ, তাহাতে আবার কন্দর্পের জন্মদাতা স্বয়ং কৃষ্ণসহ বিহার, সুতরাং তাঁহাদের প্রেমানুভূতি নিত্য নূতন ভাব ধারণ করিত। তাঁহারা সকলেই কমলার অংশে আবির্ভূতা; সুতরাং বৈকুণ্ঠে একা লক্ষ্মীসহ নারায়ণ বিহার করেন; কিন্তু দ্বারকায় ষোড়শ সহস্র লক্ষ্মীসহ নারায়ণ ষোড়শ সহস্র বেশে যখন বিহার করিতেছিলেন, তখন বৈকুণ্ঠ অপেক্ষা দ্বারকার শোভা যেন অধিক পরিমাণে পরিলক্ষিত হইয়াছিল। অহো! ভক্তের হৃদয়ও দ্বারকা অপেক্ষা কোন অংশে ন্যূন নহে। ভক্তহৃদয়ে ইন্দ্রিয়াদি ষোড়শ বিকারের সহস্র প্রকারের বৃত্তি যখন অনুলোম প্রবৃত্তি পরিহারে প্রতিলোম গমনের দ্বারা পরাৎপর পুরুষের অধীনতা স্বীকার করত সহধর্ম্মিণীরূপে কার্য্য করে, তখনই তাঁহার হৃদয় শ্রীনিবাস-সহ দ্বারকা; তিনি সমগ্র ব্রহ্মাণ্ড জয় করিয়া, জগৎপতিকে হৃদয়ে রুদ্ধ করিতে সমর্থ

প্রত্যুদ্গমাদরবরাসন-পাদশৌচ-তাম্বূল-বিশ্রমণ-বীজন-গন্ধমাল্যৈঃ।
কেশপ্রসারশয়নস্নপনোপহার্য্যৈ র্দাসীশতা অপি বিভোর্বিদুধুঃ স্ম দাস্যং ॥ ৩৪
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দশমস্কন্ধে পারিজাতহরণ-নরক-বধো নবপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ *॥ ৫৯ ॥ *॥

অন্বয়ঃ।

দাসীশতাঃ (দাসীনাং শতানি বিদ্যন্তে যাসাং তাঃ তথাভূতাঃ অপি তাঃ স্ত্রিয়ঃ) প্রত্যুদ্গমাদর-বরাসন-পাদশৌচ-তাম্বূল-বিশ্রমণ-বীজন-গন্ধমাল্যৈঃ (প্রত্যুদ্গমঃ আগচ্ছন্তং দৃষ্ট্বা তদগ্রতো গমনং, আসনং আসনদানং, বরার্হণং অর্ঘ্যদানাদি সংকারঃ; পাদয়োঃ শৌচং প্রক্ষালনং তাম্বূলদানং, বিশ্রমণং পাদসম্বাহনাদিনা শ্রমাপহরণং, বীজনং চামরাদিনা; গন্ধস্য মাল্যস্য পুষ্পাদেঃ সমর্পণং তথা কেশপ্রসারঃ কেশপ্রসাধনং, শয়নং শয্যায়াঃ আস্তরণং, স্নপনং উপহার্য্যাঃ ভোক্ষ্যভোজ্যাদয়ঃ তৈঃ) বিভোঃ দাস্যং স্ম বিদধুঃ চক্রুঃ ॥ ৩৪ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে নবপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

বিশ্রমণং সংবাহনং। কেশপ্রসারঃ কেশপ্রসাধনং। দাসীনাং শতানি বিদ্যন্তে যাসাং তথাভূতা অপি স্বয়ং বিভোর্দাস্যং বিদধুরিতি ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি দশমে একোনষষ্টিতমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশ্রমণং সংবাহনং। কেশানাং প্রসারঃ প্রসাধনং। দাসীনাং শতানি বিদ্যন্তে যাসাং তথাভূতা অপি স্বয়ং বিভো র্দাস্যং বিদধুরিতি ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

প্রত্যেক বনিতার গৃহেই শত শত দাসী পরিচর্য্যা কার্য্যে নিযুক্ত থাকিলেও বনিতাগণ সকলে নিজেরাই ভগবানের সেবায় নিযুক্ত থাকিতেন। তাঁহারা দাসীর উপর নির্ভর না দিয়া, নিজেরাই শ্রীকৃষ্ণের অভিবাদন, প্রত্যুদ্গমন, আসন-প্রদান, চরণ-প্রক্ষালন, তাম্বূল-দান, পাদ-সম্বাহন, চামর-ব্যজন, গন্ধ-লেপন, মাল্য ও পুষ্পাদির দ্বারা সজ্জিত করা, কেশ-সংস্কার, শয্যা-সংস্কার, নিদ্রিত করান এবং ভোক্ষ্য ভোজ্যাদি প্রদানে দাসীর সকল কার্য্যই তাঁহারা নিজেরা সমাধা করিতেন ॥ ৩৪ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

হইয়াছেন। মর্ত্তে বাস করিয়াও বৈকুণ্ঠবাসী হইয়াছেন ॥ ৩১—৩৩ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবপঞ্চাশত্তমাধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

কর্হিচিৎসুখমাসীনং স্বতল্পস্থং জগদ্গুরুং।
পতিং পর্য্যচরৎ ভৈষ্মী ব্যজনেন সখীজনৈঃ ॥ ১ ॥
যস্ত্বেতল্লীলয়া বিশ্বং সৃজত্যত্ত্যবতীশ্বরঃ।

অন্বয়ঃ।

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। স্বতল্পস্থং সুখং আসীনং জগদ্গুরুং পরমেশ্বরং স্বস্য পতিং শ্রীকৃষ্ণং সখীজনৈঃ সহ ভৈষ্মী রুক্মিণী, ব্যজনেন চামরেণ, পর্য্যচরৎ সেবিতবতী ॥ ১ ॥

যঃ তু ঈশ্বরঃ লীলয়া অনায়াসেন এব এতৎ বিশ্বং সৃজতি অবতি পালয়তি, অত্তি সংহরতি,

শ্রীধরস্বামী।

অথ ষষ্টিতমে কৃষ্ণঃ পরিহাসেন রুক্মিণীং।
কোপয়িত্বা ততঃ প্রেমকলহে তামসান্ত্বয়ৎ ॥
রামারামজনানন্দমহোদয়বিড়ম্বনৈঃ।
রুক্মিণ্যাঃ প্রেমকলহচ্ছদ্মনৈশ্বর্য্যমীর্য্যতে ॥ * ॥

স্বতল্পস্থং স্বপর্য্যঙ্কস্থং ॥ ১ ॥

বক্ষ্যমাণং রুক্মিণ্যাঃ (স্ত্রিয়াঃ) শ্রীকৃষ্ণে পরমং প্রেম সংভাবয়িতুং তস্যোক্তমেব তত্ত্বমনু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

কৃষ্ণবাক্পেষণীপিষ্টহৃৎ কর্পূরাত্র রুক্মিণী।
সংমোহ্যাশ্বাসিতা তং প্রত্যুচে ষষ্টিতরে স্ফুটং ॥ * ॥

জগদ্গুরুং পতিমিতি চ পরিচরণে হেতুঃ ॥ ১ ॥

বক্ষ্যমাণে রুক্মিণ্যা প্রেমসেবারসভঙ্গনে তস্য কেবলং বিনোদ এব হেতু র্ন তু তস্য নান্য ইতি নিদর্শনার্থং বিশ্বসৃষ্ট্যাদেরপি বিনোদহেতুকত্বমভিব্যঞ্জয়তি যস্ত্বেতদিতি। স্বসেতূনাং

বাদরায়ণি বলিলেন, হে নরনাথ! ভগবান্ শ্রীকৃষ্ণ এক দিবস রুক্মিণীর গৃহে জগদ্গুরু পরাৎপর শ্রীকৃষ্ণ পালঙ্কোপরি সুখে শয়ান ছিলেন; দেবী রুক্মিণী সখিজনে পরিবৃতা হইয়া, চামর-হস্তে বীজন করত স্বামীর সেবা করিতে লাগিলেন ॥ ১ ॥

অহো! যিনি অবলীলাক্রমে এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও সংহার-কার্য্য করিয়া থাকেন, যিনি স্বয়ং জন্মাদির অতীত হইলেও স্বকৃত ধর্ম্ম-মর্য্যাদার পালনার্থ যদুকুলে জন্মপরিগ্রহ করিয়াছেন, সেই দিবস রুক্মিণী

আভাস।

ষষ্টিতমাধ্যায়ে শ্রীকৃষ্ণ পরিহাসোক্তির প্রয়োগে রুক্মিণীর কোপোদ্রেক করত প্রেম-কলহে পুনরায় তাঁহার সান্ত্বনা করেন; এই প্রেম-কলহের ঐশ্বর্য্যই এস্থলে বর্ণিত হইয়াছে ॥

স হি জাতঃ স্বসেতূনাং গোপীথায় যদুষ্বজঃ ॥ ২ ॥
তস্মিন্নন্তর্গৃহে ভ্রাজন্মুক্তাদামবিলম্বিনা।
বিরাজিতে বিতানেন দীপৈর্মণিময়ৈরপি ॥ ৩ ।
মল্লিকাদামভিঃ পুষ্পৈর্দ্বিরেফকুলনাদিতে ॥ ৪ ॥
জালরন্ধ্রপ্রবিষ্টৈশ্চ গোভিশ্চন্দ্রমসোঽরুণৈঃ।
পারিজাতবনামোদবায়ুনোদ্যানশালিনা ॥

অন্বয়ঃ।

চ সঃ হি অজঃ জন্মরহিতঃ, অপি স্বসেতূনাং স্বকৃতধর্ম্মমর্য্যাদানাং, গোপীথায় পরিরক্ষণায়, যদুষু জাতঃ ॥ ২ ॥

ভ্রাজন্মুক্তাদাম-বিলম্বিনা (ভ্রাজন্তি যানি মুক্তাদামানি তেষাং বিলম্বা যস্মিন্ তেন) বিতানেন চন্দ্রাতপেন তথা মণিময়ৈঃ দীপৈঃ অপি বিরাজিতে তথা মল্লিকাদামভিঃ পুষ্পৈঃ চ বিরাজিতে, দ্বিরেফাণাং ভ্রমরাণাং, কুলেন সমূহেন নাদিতে তস্মিন্ অন্তর্গৃহে ॥ ৩ ॥ ৪ ॥

জালরন্ধ্রপ্রবিষ্টৈঃ (জালরন্ধ্রাণি গবাক্ষছিদ্রাণি তন্মার্গৈঃ অন্তঃপ্রবিষ্টৈঃ অমলৈঃ শুদ্ধৈঃ অরুণৈঃ

শ্রীধরস্বামী।

স্মারয়তি যস্ত্বিতি ॥ ২ ॥

আদৌ ত্রিভিঃ শ্লোকৈর্মন্দিরমনুবর্ণয়তি তস্মিন্নিতি। তচ্ছন্দেনাতিপ্রসিদ্ধিমাহ। ভ্রাজন্তি মুক্তাদামানি তেষাং বিলম্বাঃ সন্তি যস্মিন্ তেন বিতানেন বিরাজিতে। তৃতীয়াস্থানাং বিরাজিতং পদেনান্বয়ঃ ॥ ৩ ॥

সুগন্ধিতয়া দ্বিরেফকুলৈর্নাদিতে ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মাদিমর্য্যাদানাং গোপীথায় পালনায়েতি স্বপ্রিয়জনপ্রেমমর্য্যাদায়া স্তোটনং ন তস্যাভীপ্সিতং কিন্তু তেন তদ্দৃঢ়ীকরণমেবেতি ভাবঃ ॥ ২ ॥

তস্যাঃ প্রেমসেবাসুখস্য সর্ব্বাণ্যুপকরণানি পূর্ণানীতি দর্শয়িতুং মন্দিরং বর্ণয়তি তস্মিন্নিতি ত্রিভিঃ। ভ্রাজন্মুক্তাদাম্নাং বিলম্বাঃ লম্বমানগুচ্ছাঃ সন্তি যস্মিংস্তেন বিতানেন চন্দ্রা-

---

তাদৃশ ভগবানের সেবায় নিরতা ছিলেন ॥ ২ ॥

রুক্মিণীর গৃহসৌন্দর্য্য বর্ণনার অতীত! তাঁহার গৃহের অভ্যন্তরে মুক্তাদাম-বিলম্বিত চন্দ্রাতপ, মণিময় দীপশ্রেণি, মল্লিকা কুসুমের মালা এবং সেই মালার গন্ধে আকৃষ্ট ঝঙ্কারকারী ভ্রমরসমূহের সমাগমে কি মনোহর সৌন্দর্য্যেরই আবির্ভাব হইয়াছিল! ॥ ৩ ॥ ৪ ॥

গবাক্ষদ্বার দিয়া গৃহমধ্যে প্রবিষ্ট শশধরের বিমল উদয়-জ্যোতি, পারিজাত-বন হইতে আমোদিত উদ্যান-বায়ুর মৃদুমন্দ সঞ্চালন এবং গৃহ-গবাক্ষ হইতে

ধূপৈরাগুরুজৈ রাজন্ জালরন্ধ্রবিনির্গতৈঃ ॥ ৫ ॥
পয়ঃফেণনিভে শুভ্রে পর্য্যঙ্কে কশিপূত্তমে।
উপতস্থে সুখাসীনং জগতামীশ্বরং পতিং ॥ ৬ ॥
বালব্যজনমাদায় রত্নদণ্ডং সখীকরাৎ।
তেন বীজয়তি দেবী উপাসাঞ্চক্র ঈশ্বরং ॥ ৭ ॥

অন্বয়ঃ।

যা চন্দ্রমসঃ গোভিঃ কিরণৈঃ, চ বিরাজিতে, উদ্যানশালিনা উদ্যানশোভিনা পারিজাত-বনামোদবায়ুনা জালরন্ধ্রবিনির্গতৈঃ অগুরুজৈঃ ধূপৈঃ চ বিরাজিতে তস্মিন গৃহে ॥ ৫ ॥

পয়ঃফেণনিভে মৃদুলে, শুভ্রে ধবলে, কশিপূত্তমে উত্তমশয্যায়াং, সুখং যথা স্যাৎ তথা আসীনং জগতাং ঈশ্বরং পতিং, শ্রীকৃষ্ণং উপতস্থে অসেবত ॥ ৬ ॥

সখীকরাৎ সখ্যাঃ করাৎ স্বয়ং রত্নদণ্ডং বালব্যজনং চামরং, আদায় তেন চামরেণ, বীজয়তী দেবী রুক্মিণী ঈশ্বরং উপাসাং চক্রে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

প্রবিশদ্ভিশ্চন্দ্ররশ্মিভি র্নির্গচ্ছদ্ভিরগুরুসম্ভবধূপৈশ্চেত্যতিমনোহরত্বং দর্শিতং ॥ ৫ ॥

পয়সঃ ক্ষীরস্য ফেণ ইব মৃদুনি পর্য্যঙ্কস্থে কশিপূত্তমে হংসতুলিকায়াং উপতস্থে অসেবত ॥ ৬ ॥

তদেবাভিনয়তি বালব্যজনমিতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

তপেন বিরাজিতে। তৃতীয়ান্তানাং বিরাজিতে ইত্যনেনান্বয়ঃ। অরুণৈ গোভিরিতি চন্দ্রমস উদয়রাগময়ৈঃ কিরণৈঃ প্রবিশদ্ভিঃ। আগুরবৈ ধূপৈশ্চ নির্গচ্ছদ্ভিঃ কশিপূত্তমে শয়নীয়েষু শ্রেষ্ঠে ॥ ৩—৭ ॥

বিনির্গত ধূপ ও অগুরু গন্ধে গৃহের অতি মনোহর ভাবেরই পরিচয় হইয়াছিল ॥ ৫ ॥

এইরূপ অপূর্ব্ব শোভাবিশিষ্ট অন্তঃপুর-মধ্যে পর্য্যঙ্কোপরি দুগ্ধফেন-সদৃশ অতি উত্তম শুভ্র শয্যায় সুখে শয়ান দেবদেব শ্রীপতিকে রুক্মিণী স্বয়ং সেবা করিতেছিলেন ॥ ৬ ॥

সখীর হস্ত হইতে রত্নদণ্ড চামর নিজে গ্রহণ করত, তদ্দ্বারা বীজনে দেবী রুক্মিণী জগদীশ্বরের শুশ্রূষা করিতে লাগিলেন ॥ ৭ ॥

অঙ্গুরীয় ও বলয়হস্তে রুক্মিণী যখন বীজন করিতেছিলেন, তখন শ্রীকৃষ্ণ সমীপে তাঁহার কিরূপ শোভার যে বৃদ্ধি হইয়াছিল, তাহা বর্ণনাতীত। কারণ বীজনোপলক্ষে তাঁহার সকল দেহাবয়বের কম্পনে মণিময় নূপুরাদি অঙ্গভূষণের

সোপাচ্যুতং রণয়তী মণিনূপুরাভ্যাং রেজেঽঙ্গুরীয়বলয়ব্যজনাগ্রহস্তা।
বস্ত্রান্তগূঢ়কুচকুঙ্কুমশোণহারভাসা নিতম্বধৃতয়াচ পরার্দ্ধকাঞ্চ্যা ॥ ৮ ॥
তাং রূপিণীং শ্রিয়মনন্যগতিং নিরীক্ষ্য যা লীলয়া ধৃততনোরনুরূপরূপা।

অন্বয়ঃ।

অঙ্গুরীয়-বলয়ব্যজনাগ্রহস্তা (অঙ্গুরীয়-বলয়ব্যজনানি অগ্রহস্তে হস্তাগ্রে যস্যাঃ সা অতএব) রণয়তী (ব্যজন-চালন-বেগেন সর্ব্বাঙ্গপ্রকম্পনাৎ ভূষণধ্বনিমুৎপাদয়ন্তী উপ অচ্যুতং অচ্যুত-সমীপে, স্থিতা সা রুক্মিণী মণিনূপুরাভ্যাং বস্ত্রান্তেন সাটিকাঞ্চলেন, গূঢ়য়োঃ গুপ্তীকৃতয়োঃ, কুচয়োঃ কুঙ্কুমেন শোনো যো মুক্তাহারঃ তস্য ভাসা দীপ্ত্যা, তথা নিতম্বয়োঃ ধৃতয়া পরার্দ্ধয়া অনর্ঘ্যয়া, কাঞ্চ্যা চ রেজে ॥ ৮ ॥

লীলয়া নিমিত্তভূতয়া ধৃততনোঃ স্বীকৃতমনুষ্যরূপস্য ভগবতঃ অনুরূপরূপা (অনুরূপং রূপং যস্যাঃ সা) যা রুক্মিণী তাং স্বীকৃতমনুষ্যরূপধারিণীং অতএব অলকৈঃ কুণ্ডলাভ্যাং তথা

শ্রীধরস্বামী।

উপাচ্যুতং অচ্যুতস্য সমীপে সা মণিনূপুরাভ্যাং রেজে রণয়তী মণিময়ৌ নূপুরৌ কূজয়ন্তী তথাঙ্গুরীয়বলয়ব্যজনানি অগ্রহস্তে হস্তাগ্রে যস্যা সা। বস্ত্রান্তেন গূঢ়ৌ স্থগিতৌ কুচৌ তয়োঃ কঙ্কুমং তেন শোণো হারস্যস্য ভাসা। নিতম্বে ধৃতয়া পরার্দ্ধ্যা অমূল্যকাঞ্চ্যা তয়াচ রেজে ॥ ৮ ॥

তাং নিরীক্ষ্য প্রীতঃ সন্ স্ময়ন্ স্ময়মানো হরি রাবভাষে। কথংভূতাং যা লীলয়া ধৃততনোঃ শ্রীকৃষ্ণস্যানুরূপরূপা অনুরূপং রূপং যস্যাস্তাং তথোক্তং শ্রীপরাশরেণ। দেবত্বে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপাচ্যুতং অচ্যুতস্য সমীপে সা মণিনূপুরাভ্যাং রেজে। রণয়ন্তী অর্থান্মণিনূপুরৌ কাঞ্চী চ অত্যায়তব্যজনচালনেন সর্ব্বাঙ্গস্পন্দনাৎ স্বনয়ন্তীত্যর্থঃ। অঙ্গুলীয়-বলয়-ব্যজনানি অগ্রহস্তে যস্যাঃ সা। বস্ত্রান্তেন শাটিকাঞ্চলেন গূঢ়ৌ গুপ্তীকৃতৌ সকঞ্চুকৌ যৌ কুচৌ তয়োঃ কুঙ্কুমেন শোণস্য হারস্য ভাসা পরার্দ্ধ্যা পরার্দ্ধমূল্যয়া কাঞ্চ্যা চ রেজে ॥ ৮ ॥

তাং নিরীক্ষ্য হরিরাবভাষে ইত্যন্বয়ঃ। রূপিণীং শ্রিয়ং বৈকুণ্ঠস্থায়াঃ শ্রিয়ঃ সকাশাদপি বহুসৌন্দর্য্যবতীং। ভূম্নি মত্বর্থীয়ঃ। তত্র হেতুঃ বেতি দেবত্বে দেবরূপা সা মানুষত্বে চ মানুষী। বিষ্ণো র্দেহানুরূপাং বৈ করোত্যেষাত্মনস্তনুমিতি। পরাশরোক্তে বৈকুণ্ঠনাথ-

---

রণধ্বনি হইতে লাগিল। বস্ত্রাঞ্চলে আবৃত কুঙ্কুমরাগরঞ্জিত কুচযুগল তদুপরি নির্ম্মল মুক্তাহার এবং গুরুনিতম্বোপরি পরিবেষ্টিত স্বর্ণ-কাঞ্চীতে যেন ললনাজনের ললামভূতারূপে তিনি পরিলক্ষিত হইলেন। ৮ ॥

অহো! পরাৎপর পরমেশ্বর যেমন কার্য্য-সাধনার্থ মনুষ্য-বিগ্রহে আবির্ভূত হইয়াছিলেন, সাক্ষাৎ কমলাও তদনুরূপ মানবীরূপে তৎসন্নিধানে উপস্থিত ছিলেন। অলকা, কুণ্ডল, কণ্ঠে পদক এবং সুধাবিনিন্দিত সুমধুর হাস্য-

প্রীতঃ স্ময়ন্নলককুণ্ডলনিষ্ককণ্ঠবক্ত্রোল্লসৎস্মিতসুধাং হরিরাবভাষে ॥ ৯ ॥

শ্রীভগবানুবাচ ॥

রাজপুত্রীপ্সিতা ভূপৈর্লোকপালবিভূতিভিঃ।

অন্বয়ঃ।

নিষ্কাখ্যভূষণালঙ্কৃতেন কণ্ঠেন চ শোভিতে বক্ত্রে উল্লসন্তী স্মিতরূপা সৈব সুধা যস্যাঃ তাং; অনন্যগতিং (ন বিদ্যতে অন্যা গতিঃ আশ্রয়ঃ যস্যাঃ তাং) শ্রিয়ং লক্ষ্মীং নিরীক্ষ্য প্রীতঃ হরিঃ স্ময়ন্ ঈষদ্‌হসন্ আবভাষে উক্তবান্ ॥ ৯ ॥

শ্রীভগবান্ উবাচ। হে রাজপুত্রি! লোকপালবিভূতিভিঃ (লোকপালানাং ইন্দ্রাদীনাং

শ্রীধরস্বামী।

দেবদেহোঽয়ং মানুষত্বে চ মানুষী। বিক্রোর্দেহানুরূপাং বৈ করোত্যেষাত্মনস্তনুমিতি। কিঞ্চ অলকৈঃ কুণ্ডলাভ্যাং নিষ্কেণ পদকেনালঙ্কৃতকণ্ঠেন চতুর্দ্দিক্ষু শোভিতে বক্ত্রে উল্লসন্তী স্মিতসুধা যস্যাস্তাং ॥ ৯ ॥

সর্ব্বগুণযুক্তানাং অপি তব বুদ্ধির্মদ্দৈত্যাশয়েনাহ রাজপুত্রীত্যেকাদশভিঃ। হে রাজপুত্রি!

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দপ্যধিকসৌন্দর্য্যবতঃ কৃষ্ণস্য কান্তা সাপি তত্রত্যশ্রিয়োঽপ্যধিকসৌন্দর্য্যবতীত্যর্থঃ। স্ময়ন্ স্ময়মান ইতি সর্ব্বপ্রকারেণ মদনুরূপায়া অপ্যস্যাঃ স্বস্যানুরূপত্বং যুক্ত্যা পরিহসামি তত ইয়ং কিং বদেত্তদহমদ্য শৃণ্বানীতি ভাবঃ। অলকৈঃ কুণ্ডলাভ্যাং নিষ্কালঙ্কৃতকণ্ঠেন চ চতুর্দিক্ষু শোভিতে বক্ত্রে উল্লসন্তী স্মিতসুধা যস্যা স্তাং ॥ ৯ ॥

অত্রায়ং ভগবতোঽভিপ্রেতবাক্যদৃষ্ট্যা ভাবোঽধিগম্যতে। একেনৈব দ্যুতরুকুসুমেনাস্যৈ দত্তেন সত্যভামা তাদৃশমানকোপোক্তিরসবর্ষিণী অভূৎ যথা ময়া পাদপতনাদিভিরপ্যুপশমমিতুমশক্যদত্তেন তদ্বৃক্ষেণৈব প্রসাদিতা। ইয়ং রুক্মিণী তু তদ্বৃক্ষদানদর্শনেনাপি ন কোপং ব্যঞ্জয়ামাস। তদস্যা অসম্ভাবিতমানায়াঃ পরমগভীরায়াঃ প্রিয়ম্বদায়াঃ রোষোক্তিমাধ্বীকং কথমহং

বিকসিত অধরকমলের প্রকাশে কৃষ্ণান্তঃপ্রাণা স্বয়ং লক্ষ্মী রুক্মিণী যখন কৃষ্ণসমীপে উপস্থিত ছিলেন, তখন তাঁহাকে নয়নগোচর করিয়া ভগবান্ প্রসন্নচিত্তে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৯ ॥

শ্রীকৃষ্ণ বলিলেন, হে রাজনন্দিনী! ইন্দ্রাদি লোকপাল-সদৃশ বিভূতিবিশিষ্ট

আভাস।

বৈকুণ্ঠস্থা শ্রীর অপেক্ষা অদ্য রুক্মিণীর সৌন্দর্য্য অনেকাংশে অধিক বলিয়াই অনুভূত হইয়াছিল। কারণ দেবরূপার মনুষ্যত্বরূপের প্রকটন মনুষ্যের নিকট অধিক প্রিয়তম হইবে, তাহাতে আর সন্দেহ কি? ভগবান্ মানবগণের উদ্ধারার্থ যেমন মনুষ্যবিগ্রহ ধারণ করিয়াছিলেন, লক্ষ্মীও সেইরূপ বিষ্ণুর অনুরূপ বিগ্রহ ধারণ করিয়াছেন। ভগবান্ রুক্মিণীকে অবলোকন করিয়া ভাবিলেন যে, রুক্মিণী অদ্য যথার্থই লক্ষ্মীর কার্য্য করিয়াছেন;

মহানুভাবৈঃ শ্রীমদ্ভিরূপৌদার্য্যবলোর্জ্জিতৈঃ ॥ ১০ ॥
তান্ প্রাপ্তানর্থিনো হিত্বা চৈদ্যাদীন্ স্মরদুর্ম্মদান্।
দত্ত্বা ভ্রাত্রা সপিত্রাচ কস্মান্নো বব্রুষেঽসমান্। ১১ ॥

অন্বয়ঃ।

ইব বিভূতিঃ ঐশ্বর্য্যং যেষাং তৈঃ) মহানুভাবৈঃ শ্রীমদ্ভিঃ ধনাঢ্যৈঃ, রূপৌদার্য্যবলোর্জ্জিতৈঃ (রূপং সৌন্দর্য্যং, ঔদার্য্যং মুক্তহস্ততা, বলং শত্রুনিগ্রহসামর্থ্যং, তৈঃ ঊর্জ্জিতৈ উৎকৃষ্টৈঃ) ভূপৈঃ ত্বং অভীষ্টা ॥ ১০ ॥

অতঃ ভ্রাত্রা স্বপিত্রা চ তেভ্যঃ দত্তা অপি ত্বং অর্থিনঃ যাচমানান্, প্রাপ্তান্ উপস্থিতান্, তান্ স্মরদুর্ম্মদান্ (স্মরেণ কামেন দুষ্টঃ মদঃ যেষাং তান্) চৈদ্যাদীন্ হিত্বা অসমান্ ত্বদননুরূপান্ নঃ অস্মান্, কস্মাৎ বব্রুষে বৃতবতী ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

লোকপালানামিব বিভূতিরৈশ্বর্য্যং যেষাং তৈঃ। তথা মহাপ্রভাবৈ রাঢ্যৈঃ রূপাদভি রূজি তৈঃ পূর্ব্বমীপ্সিতাসি ॥ ১০ ॥

তান্ হিত্বা নো হস্মান্ অসমানান্ কস্মাদ্বব্রুষে বৃতবতী ত্বং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লভেয়েতি বিমৃশ্য খল্বেবমুক্তিরেবাস্যাঃ কোপমুৎপাদয়িষ্যতীতি নিরচৈষীদ্ভগবানিতি কেচিদাহুরন্যে তু নায়কেন প্রেমবৃক্ষস্যোন্মূলনে কৃতে সতি প্রেমবতী নায়িকা কীদৃশী ভবেদিতি দিদৃক্ষৈব ভগবত আসীদিতি তত্ত্বমিত্যাহুঃ। ততশ্চ। প্রিয়ে ত্বমাত্মনঃ পরমবুদ্ধিমত্ত্বং মন্যসে বস্তুতস্তু সম্পূর্ণসাদ্গুণ্যবত্যা অপি স্বার্থানভিজ্ঞায়া স্তব বুদ্ধিরেবৈকাত্যল্পীয়সী ভবতি কথমিতি

রূপবান্, ধনবান্, বলবান্ এবং অতুল ঐশ্বর্য্যের আকর-স্থানীয় অনেক মহানুভব নরপতি তোমাকে পাইবার জন্য প্রার্থিত ছিলেন ॥ ১০ ॥

তোমার ভ্রাতা এবং জনকও তাঁহাদের হস্তে তোমাকে সমর্পণ করিতে প্রস্তুত ছিলেন; কিন্তু তুমি তাদৃশ কন্দর্পশরমর্দ্দিত প্রার্থী উপস্থিত রাজাগণকে উপেক্ষা করিয়া, আমার ন্যায় অনুপযুক্ত ব্যক্তিকে কি অভিপ্রায়ে বরণ করিলে? ॥ ১১ ॥

আভাস।

অতএব ইহাঁর সহিত পরিহাস করিয়া দেখি, ইনি কি উত্তর দেন? কারণ একটী পারিজাত পুষ্পমাত্র ইহাঁকে দেওয়াতেই, সত্যভামার আর অভিমানের সীমা ছিল না; কত প্রকারে যে তিনি কোপোক্তির বর্ষণ করিয়াছিলেন, তাহা বর্ণাতীত; আমি চরণে পতিত হইয়াও, তাঁহার ক্রোধ উপশমিত করিতে সক্ষম হই নাই; পরে পারিজাত বৃক্ষ স্বর্গ হইতে আনয়নপূর্ব্বক তাঁহাকে প্রদান করিয়া, সন্তুষ্ট করি। তবে সত্যভামাকে যে আমি বৃক্ষ প্রদান করিলাম, তাহা স্পষ্টত দর্শন করিয়াও, রুক্মিণীর কিন্তু কোন প্রকার কোপের ভাব অনুভব করি নাই। ইনি

রাজভ্যো বিভ্যতঃ সুভ্রু সমুদ্রং শরণং গতান্।
বলবদ্ভিঃ কৃতদ্বেষান্ প্রায়স্ত্যক্তনৃপাসনান্॥ ১২॥

অন্বয়ঃ।

কীদৃশান্ অস্মান্ তদুপপাদয়তি; হে সুভ্রু! রাজভ্যঃ বিভ্যতঃ ভয়ং প্রাপ্নুবতঃ, সমুদ্রং শরণং গতান্ সমুদ্রান্তর্দ্বীপং আশ্রিতান্, যতঃ বলবদ্ভিঃ কৃতদ্বেষান্ (কৃতঃ দ্বেষঃ যৈঃ তান্) প্রায়ঃ ত্যক্তনৃপাসনান্॥ ১২॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। প্রায়শো রাজভ্যো জরাসন্ধাদিভ্যো বিভ্যতঃ ভয়ং প্রাপ্নুবতঃ॥ ১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চেৎ শ্রূয়তামিত্যাদ্যৈকাদশভিঃ। হে রাজপুত্রি ইতি ত্বং রাজ্ঞঃ পুত্রী অহঞ্চ বসুদেবস্যাকিঞ্চনস্য পুত্রঃ অতঃ কথমাদস্মান্নাং ববৃষে বৃতবত্যসি সবিশেষণস্য বহুত্বমার্ষং। নচ গত্যন্তরাভাবাত্ত্বামহং বৃতবত্যস্মীতি বাচ্যং ভূপৈরৌপ্সিতাপি নচ তে ভূপা মত্তো বিভূতিরূপগুণাদিভির্ন্যূনা ইত্যাহ লোকপালেত্যাদি শ্রীমদ্ভিরিতি নতু রন্তিদেবাদ্যৈরিব ধনসমৃদ্ধিভোগসমৃদ্ধিরহিতৈরিত্যর্থঃ। নচ তে তদানীং দূরে স্থিতা ইত্যাহ। প্রাপ্তানিতি। নচ বন্ধূনাং তত্রাসম্মতিরিত্যাহ ভ্রাত্রা পিত্রাপি দত্তা বাগ্দত্তেবেত্যর্থঃ। কিঞ্চ ক্ষত্রিয়জাতে মর্ম্ম ভীরুত্বলক্ষণং মহাদোষমপি ত্বং নাদ্রাক্ষীরিত্যাহ রাজভ্য ইতি। নচ ভীতত্বেঽপি মম শিষ্টত্বমস্তীত্যাহ বলবদ্ভিরিতি। প্রায়োগ্রহণাদ্দ্বিত্রৈরেবার্জ্জুনাদিভির্মৈত্র্যং নতু বহুভিঃ। কিঞ্চ যাদবত্বান্ন্যায়তো রাজত্বাভাবেঽপি কংসবধাৎ যৎ প্রাপ্তং রাজত্বং তদপ্যুগ্রসেনায় দত্ত্বা ত্যক্তমিত্যাহ ত্যক্তেতি॥ ১০—১২॥

দেখ! প্রবলপরাক্রম জরাসন্ধাদি নৃপতিগণের ভয়ে ভীত হইয়া, আমি দেশ পরিত্যাগে সমুদ্রের মধ্যস্থ দ্বীপে বাস করিতেছি। যাবতীয় বলবান্ ব্যক্তিগণের সহিত এরূপ কলহ করিয়াছি যে, তজ্জন্য রাজাসন হইতে প্রায় পরিচ্যুত হইয়াই চিরকাল অতিবাহিত করিলাম। ১২।

আভাস।

অতীব গম্ভীরা, প্রিয়বাদিনী ও স্থিরপ্রকৃতি; ইহাঁর মুখ হইতে রোষোক্তির প্রবাহে বোধ হয়, বিশেষ প্রীতিলাভ করিব। অতএব কোন্ উপায়ে ইহাঁকে কুপিত করিবেন, এইরূপ চিন্তা করিয়া, নিম্নলিখিত ভাবের প্রয়োগে শ্রীকৃষ্ণ রুক্মিণীকে পরিহাস করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ বলিলেন, দেখ! রুক্মিণী! তুমি রাজনন্দিনী হইয়া কোন্ সাহসে আমার ন্যায় দরিদ্র বসুদেবপুত্রকে যে বরণ করিলে, তাহার ভাব আমি কিছুমাত্র অবধারণ করিতে পারিতেছি না। কোন উপায় ছিল না বলিয়া, অগত্যা বরণ করিয়াছ, একথা সঙ্গত নহে; কারণ প্রকৃত ধনবান্ বলবান্ এবং রূপ ও গুণে তোমার অনুরূপ বর তোমাকে প্রার্থনা করিয়া অনেকেই উপস্থিত ছিলেন। তাঁহাদিগের কাহাকেও বরণ না করিয়া, তুমি একজন অগণ্য অধন্য ব্যক্তিকে বরণ

অস্পষ্টবর্ত্মনাং পুংসামলোকপথমীয়ুষাং।
আস্থিতাঃ পদবীং সুভ্রু প্রায়ঃ সীদন্তি যোষিতঃ ॥ ১৩ ॥
নিষ্কিঞ্চনা বয়ং শশ্বন্নিষ্কিঞ্চনজনপ্রিয়াঃ।
তস্মাৎ প্রায়েণ ন হ্যাঢ্যা মাং ভজন্তি সুমধ্যমে ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

অস্পষ্টবর্ত্মনাং অলোকপথং (অলোকং লোকাতীতং পথং) ঈয়ুষাং গচ্ছতাং, পুংসাং ভূতানাং, পদবীং আশ্রিতাঃ অনুবর্ত্তমানাঃ, যোষিতঃ হে সুভ্রু! প্রায়ঃ সীদন্তি ক্লিশ্যন্তি ॥ ১৩ ॥

বয়ং নিষ্কিঞ্চনাঃ ধনসম্পত্তিরহিতাঃ, তথা শশ্বৎ নিষ্কিঞ্চনজনপ্রিয়াঃ (নিষ্কিঞ্চনাঃ জনাঃ প্রিয়াঃ যেষাং তথাভূতাঃ) অতঃ হে সুমধ্যমে! তস্মাৎ প্রায়েণ হি আঢ্যাঃ ধনিনঃ, মাং ন ভজন্তি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

অস্পষ্টবর্ত্মনাং অবিজ্ঞাতাচারাণাং। অলোকপথং অস্ত্রীপারতন্ত্র্যং। পদবীং মার্গমাস্থিতাঃ অনুসৃতাঃ ॥ ১৩ ॥ কিঞ্চ নিষ্কিঞ্চনা ইতি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্পষ্টবর্ত্মনাং কদাচিৎ পরদারগ্রহণেন কদাচিদ্বৈদিকাচারত্বেন চ বয়মধার্ম্মিকা বেত্যস্পষ্টবর্ত্মনাং ভার্য্যায়া অপ্যগ্রতস্তদ্ভ্রাতুরবমাননান্ন লোকপথমপি ঈয়ুষামস্মদ্বিধজনানাং পদবীং আস্থিতা অনুসৃতাঃ সীদন্তি। প্রায়োগ্রহণাৎ কাশ্চিদ্যত্ন সীদন্তি তত্তাসামেব গুণ ইতি ভাবঃ ॥ ১৩ ॥

নিষ্কিঞ্চনা ইতি বস্তুমাত্রেহপ্যাসক্ত্যভাবাদিতি ভাবঃ ॥ ১৪ ॥

হে সুভ্রু! আমাদের ন্যায় আচার, ব্যবহার ও লোকানুশাসনে সম্পূর্ণ অনভিজ্ঞ ব্যক্তিগণের অনুসরণ যাহারা করে, তাহারা পরিণামে প্রায় ক্লেশভাগী হয়, সন্দেহ নাই ॥ ১৩ ॥

তাহাতে আবার আমাদের কোন ধনসম্পত্তি নাই এবং ধনবান্ সম্পত্তিশালী লোকের সহিত সৌহার্দ্দও নাই; প্রায় নিঃস্ব ব্যক্তিগণই আমাদের সহিত সম্পর্ক রাখে; ধনবানের সহিত কোন সংস্রবই নাই ॥ ১৪ ॥

আভাস।

করিয়াছ; ইহাতে কি তুমি কখন সুখী হইবে? এদিকে আমি এতই দুর্ব্বল অথচ দুর্ব্বিনীত যে, অন্যান্য রাজাগণের ভয়ে ভীত হইয়া সমুদ্রগর্ভে দ্বীপে পলায়ন করিয়া বাস করিতেছি; তথাপি শত্রুর অভাব নাই। অতএব এরূপ কার্য্য করা আমার বিবেচনায় তোমার পক্ষে ভাল হয় নাই ॥ ১০ ॥ ১২ ॥

দেখ! ললনাজনের উপযুক্ত পতি হইবার পাত্র আমি কখনই নহি। কারণ আমার কোন নির্দ্দিষ্ট আচার নাই। কখন ব্যভিচার দোষে বিলক্ষণ অগ্রসর, কখনও বা বৈদিক আচারে

যয়োরাত্মসমং বিত্তং জন্মৈশ্বর্য্যাকৃতির্ভবঃ।
তয়োর্বিবাহো মৈত্রী চ নোত্তমাধময়োঃ ক্বচিৎ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

(বিবাহশ্চ তথা মৈত্রী সময়োরেব শোভতে ইতি ন্যায়াবিরোধাদসময়োরপি আবয়োঃ সম্বন্ধো ন যুক্ত ইত্যভিপ্রায়েণাহ) যয়োঃ আত্মসমং পরস্পরানুরূপং, বিত্তং জন্মৈশ্বর্য্যাকৃতিঃ (জন্মৈশ্বর্য্যাভ্যাং সহিতা আকৃতিঃ সৌন্দর্য্যং) ভবঃ জাতকনির্নীতং উত্তরফলং, ভবেৎ তয়োঃ এব বিবাহঃ যুক্তঃ মৈত্রী চ যুক্তা। উত্তমাধময়োঃ তু বিবাহঃ ন যুক্তঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

আত্মসমং পরস্পরমনুরূপং। জন্মৈশ্বর্য্যাভ্যাং সহিতা আকৃতী রূপং জাতির্বা সমা। ভবঃ আয়তিঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ। তব মদ্ভার্য্যাত্বং নোপপদ্যত ইত্যত্র নীতিশাস্ত্রবাক্যং শৃণ্বিত্যাহ যয়োরিতি। তব পিতৃপৈতামহবহুধনবত্ত্বাৎ বহূনি বিত্তানি মম তু পিতুর্বসুদেবস্য বিত্তাভাবান্মদুপাজ্জিতমেবেদং যৎ কিঞ্চিদ্বিত্তং। জন্মেতি ত্বং মহাকুলপ্রসূতা। অয়ন্তু যাদবত্বাদকুলীনঃ। ঐশ্বর্য্যমিতি তব বিদর্ভদেশস্থস্য কুণ্ডিনাদিবহুনগরেষ্বধিকারঃ। মম ত্বানর্ত্তদেশস্থায়ামেকস্যাং দ্বারকানগর্য্যামেব। আকৃতিরিতি ত্বং গৌরী অহং তু কালঃ। ঐশ্বর্য্যেণ সহাকৃতিরৈশ্বর্য্যাকৃতিঃ। ভব ইতি ভবঃ ক্ষেমেশ-সংসারে ইত্যভিধানাৎ। ত্বং সদা কল্যাণ্যেব মম তু কল্যাণবত্ত্বং বহুশত্রুকত্ত্বাৎ সন্দিগ্ধমেবেতি ॥ ১৫ ॥

বিবাহের সম্বন্ধ বা মিত্রতার সংস্থাপন উভয় সমকক্ষের মধ্যেই প্রকৃত শোভা পাইয়া থাকে; কিন্তু ইহার বৈপরীত্যে আমাদের পরস্পরের মধ্যে এরূপ বিবাহ-সম্বন্ধ তাদৃশ যুক্তিযুক্ত হয় নাই। যাহাদের ধন তুল্যরূপ এবং বংশমর্য্যাদা, ঐশ্বর্য্য, সৌন্দর্য্য এবং জীবনের ভাবি ফল প্রায় একরূপ থাকে, তাহাদের মধ্যেই পরস্পরের বিবাহ বা মিত্রতা স্থাপনের বিশেষ ফল হইয়া থাকে। কিন্তু বিবাহসূত্রে বা মিত্রতার অনুরোধে একজন অধমের সহিত উত্তমের সম্বন্ধ ঘটিলে, কখন পরস্পরের প্রীতিলাভ হয় না ॥ ১৫ ॥

আভাস।

যথেষ্ট নৈপুণ্যের পরিচয় দিয়া থাকি; সুতরাং আমি নাস্তিক কি আস্তিক? তাহার নিরূপণ করা অন্যের পক্ষে অতীব দুঃসাধ্য। কখন যজ্ঞাদির অনুষ্ঠানার্থ স্বয়ং মৃগয়া করিয়াছি; আবার মুচুকুন্দের সমীপে উপস্থিত হইয়া, পশুবধজনিত বৈদিক যজ্ঞাদি ধর্ম্মকর্ম্মের নিন্দা করিয়াছি। অতএব প্রবৃত্তি বা নিবৃত্তিমার্গের মধ্যে কোন্‌টী যে আমার অবলম্বনীয় পথ, তাহা অবধারণ করা সাধারণের পক্ষে অতীব দুরূহ। স্ত্রীপুত্রাদির মুখপ্রতীক্ষা করিয়া, আমি কখন কার্য্য করি; না নতুবা তোমার সমক্ষে তোমার অগ্রজ রুক্মীর অবমাননা করা আমার পক্ষে কখনই

বৈদর্ভ্যেতদবিজ্ঞায় ত্বয়াঽদীর্ঘসমীক্ষয়া।
বৃতা বয়ং গুণৈ র্হীনা ভিক্ষুভিঃ শ্লাঘিতা মুধা॥ ১৬॥
অথাত্মনোঽনুরূপং বৈ ভজস্ব ক্ষত্রিয়র্ষভং।
যেন ত্বমাশিষঃ সত্যা ইহামুত্র চ লপ্স্যসে॥ ১৭॥

অন্বয়ঃ।

হে বৈদর্ভী! এতৎ পূর্ব্বোক্তং আবয়োঃ অননুরূপ্যং, অবিজ্ঞায় গুণৈঃ হীনাঃ কেবলং ভিক্ষুভিঃ নারদাদিভিঃ, মুধা বৃথা, এব শ্লাঘিতাঃ বয়ং অদীর্ঘসমীক্ষয়া (অদীর্ঘা অদূরা সমীক্ষা বিচারঃ যস্যাঃ তয়া) ত্বয়া বৃথৈব বৃতাঃ॥ ১৬॥

অথ তস্মাৎ অধুনাপি আত্মনঃ অনুরূপং ক্ষত্রিয়র্ষভং বৈ ভজস্ব! যেন ভজনেন ত্বং ইহ অমুত্র চ সত্যাঃ সতীঃ, আশিষঃ কামান্, লপ্স্যসে॥ ১৭॥

শ্রীধরস্বামী।

ন দীর্ঘা সমীক্ষা বিচারো যস্যাস্তয়া॥ ১৬॥ অথ ইদানীমপি॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন দীর্ঘা সমীক্ষা বিচারো যস্যাস্তয়া॥ ১৬॥

কিঞ্চ যদভূত্তদভূদেব তব স্থিরযৌবনত্বাদধুনাপি কাচিৎ ক্ষতি র্নাভূদতো বিবেকং কুর্ব্বিত্যাহ অথ ইদানীমপি॥ ১৭॥

হে বিদর্ভ-রাজনন্দিনি! তুমি আমাদের পরস্পরের মধ্যে এতাদৃশ বৈসাদৃশ্যের প্রতি লক্ষ্য না করিয়াই সম্পূর্ণ অদীর্ঘদর্শন পুরঃসরই আমার ন্যায় গুণহীন ব্যক্তিকে নিরর্থক পতিত্বে বরণ করিয়াছ। দেখ! যাহারা নিতান্ত নিঃস্ব, তাদৃশ নারদাদি ভিক্ষুকগণ ব্যতীত জগতে অন্য কেহ আমাদের মর্য্যাদা কখন করে না॥ ১৬॥

অতএব আমার বিবেচনায় তোমার পক্ষে ইত্যবসরে নিজের অনুরূপ কোন শ্রেষ্ঠ ক্ষত্রিয়কে পতিরূপে গ্রহণ করাই সর্ব্বতোভাবে কর্ত্তব্য। তাহা হইলে, তুমি ইহ জগতে এবং পর জীবনে যে অভীষ্টলাভে সুখী হইবে, তাহাতে আর সন্দেহ নাই॥ ১৭॥

আভাস।

সঙ্গত হয় নাই। অতএব যে সকল নারী আমাদের ন্যায় পুরুষকে পতিরূপে প্রাপ্ত হইয়া সুখী হইবেন মনে করেন, তাঁহারা নিজেরাই প্রকৃত গুণবতী; সন্দেহ নাই। বিশেষত আমাদের ধনৈশ্বর্য্য কিছুই না থাকায়, বাস্তবিকই উদাসীন হইয়াছি। নিঃস্ব গরীব লোকই আমাদের আত্মীয় ও প্রিয়পাত্র; তোমার ন্যায় রাজপুত্রীর সহিত আমার সৌহার্দ্দ স্থাপন করা সম্পূর্ণ অবিধেয়॥ ১৩ ১৪

চৈদ্য-শাল্ব-জরাসন্ধ-দন্তবক্রাদয়ো নৃপাঃ।
মম দ্বিষন্তি বামোরু রুক্মী চাপি তবাগ্রজঃ॥ ১৮॥
তেষাং বীর্য্যমদান্ধানাং দৃপ্তানাং স্ময়নুত্তয়ে।
আনীতাসি ময়া ভদ্রে তেজোঽপহরতাঽসতাং॥ ১৯॥

অন্বয়ঃ।

হে বামোরু! চৈদ্যাদয়ঃ নৃপাঃ তথা তব অগ্রজঃ রুক্মী অপি মম মাং দ্বিষন্তি॥ ১৮॥

অতঃ বীর্য্যমদেন অন্ধানাং বিবেকশূন্যানাং, দৃপ্তানাং গর্ব্বিতানাং, তেষাং শিশুপালাদীনাং, স্ময়নুত্তয়ে গর্ব্ববিনাশায়, অসতাং দুষ্টানাং, তেজঃ অপহরতা ময়া হে ভদ্রে! ত্বং আনীতাসি॥ ১৯॥

শ্রীধরস্বামী।

তর্হি কিমিত্যানীতাহমিতি চেদিত্যাশঙ্ক্যাহ চৈদ্যেতি। মম মাং দ্বিষন্তি॥ ১৮॥
স্ময়নুত্তয়ে গর্ব্বাপনয়নায়॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি কিমিত্যানীতাহমিত্যাশঙ্ক্যাহ চৈদ্যেতি। মম মাং॥ ১৮॥
স্ময়নুত্তয়ে গর্ব্বাপনোদনায়॥ ১৯॥

তবে আমি যে তোমাকে সর্ব্বসমক্ষে হরণ করিয়া আনিয়াছি, তাহার কারণ এই যে, চৈদ্য, শাল্ব, জরাসন্ধ এবং দন্তবক্রাদি নৃপতিবৃন্দ এমন কি তোমার অগ্রজ ভ্রাতা রুক্মী পর্য্যন্ত আমার বিলক্ষণ বিদ্রোহাচরণ করিয়া থাকেন॥ ১৮॥

সুতরাং বীর্য্যমদে একান্ত অন্ধপ্রায় তাদৃশ গর্ব্বিতগণের অভিমান চূর্ণ করিবার অভিপ্রায়েই আমি, হে ভদ্রে! তোমাকে তথা হইতে হরণ করিয়া আনিয়াছি; কারণ আমি দুষ্টের অসঙ্গত তেজঃ কখনই সহ্য করিতে পারি না॥ ১৯॥

আভাস।

একথা কেবল আমি বলিতেছি না, নীতিশাস্ত্রও এই অনুসারেই মীমাংসা করিয়াছেন। তোমার পিতা পিতামহগণের যে ঐশ্বর্য্য ছিল; সুতরাং তোমারও প্রচুর ধন আছে; আমার পিতা বসুদেব নিতান্তই নিঃস্ব; আমি নিজে যে কিছু ধন সংগ্রহ করিয়াছি মাত্র। তুমি মহাকুল হইতে সমুৎপন্ন হইয়াছ! আমি অতি সামান্য অকুলীন যদুবংশে জন্ম পরিগ্রহ করিয়াছি। তোমার পিতৃরাজ্যের সীমা নাই; কুণ্ডিনাদি কত নগর তাহার অধিকারভুক্ত! এবং আমার বাসস্থান অতি ক্ষুদ্র আনর্ত্তদেশের অন্তর্গত একটী দ্বারকানাম্নী ক্ষুদ্র নগরী। অহো! তোমার গৌরবর্ণের যেমন তুলনা নাই, আমার সেইরূপ অতুলনীয় কাল বর্ণ। তুমি একটী সুখের পুত্তলী; আর আমি অনন্ত শত্রুকুলের মধ্যে কেবল দুঃখভোগ করিতেই জন্মগ্রহণ করিয়াছি। আমার যেন মনে হইতেছে যে, তুমি অবিবেচনা পূর্ব্বকই আমাকে

উদাসীনা বয়ং নূনং ন স্ত্র্যপত্যার্থকামুকাঃ।
আত্মলব্ধ্যাস্মহে পূর্ণা গেহয়োর্জ্যোতিরক্রিয়াঃ ॥ ২০ ॥
শ্রীশুক উবাচ ॥
এতাবদুক্ত্বা ভগবানাত্মানং বল্লভামিব।

অন্বয়ঃ।

নিত্যং সর্ব্বদা বয়ং উদাসীনাঃ সর্ব্বত্রাসক্তিরহিতাঃ। অতএব গেহয়োঃ দেহগেহয়োঃ অপি জ্যোতিঃ অক্রিয়াঃ জ্যোতিঃ প্রদীপাদিবৎ সাক্ষিমাত্রতয়া সর্ব্ববিক্রিয়ারহিতাঃ ইব বয়ং আস্মহে বর্ত্তামহে। অতো নূনং নিশ্চয়েন ন বয়ং স্ত্র্যপত্যার্থকামুকাঃ স্ত্রীপুত্রধনেচ্ছারহিতাঃ ॥ ২০ ॥

শ্রীশুকঃ উবাচ। অবিশ্লেষাৎ হেতোঃ আত্মানং বল্লভাং ইব ইতরপত্ন্যপেক্ষয়া ভগবতঃ

শ্রীধরস্বামী।

স্ত্রীণামতিদুঃসহমৌদাসীন্যমকামত্বঞ্চাহ উদাসীনা ইতি। গেহয়ো র্দেহগেহয়োরুদাসীনাঃ। অতএব জ্যোতিরক্রিয়াঃ জ্যোতিঃ প্রদীপাদি তদ্বৎ সাক্ষিমাত্রতয়া ক্রিয়ারহিতাঃ। আস্মহে বর্ত্তামহ ইতি ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচান্যভজনে মদ্দুঃখমাশঙ্কিষ্ঠা ইত্যাহ উদাসীনা ইতি। গেহয়ো র্দেহগেহয়োরুদাসীনাঃ। অতএব জ্যোতিরক্রিয়া জ্যোতিঃ প্রদীপাদি তদ্বৎ সাক্ষিমাত্রতয়া ক্রিয়ারহিতা আস্মহে ॥ ২০ ॥

ভোগসম্বন্ধে আমরা চিরকালই উদাসীন; স্ত্রী পুত্রাদির জন্য আমাদের কখন কোন কামনার উদয় হয় না; গৃহাভ্যন্তরস্থ নির্লিপ্ত দীপশিখার ন্যায়, আমরা অন্তরস্থ আত্মস্বরূপের সাক্ষাৎকারেই নিরন্তর পূর্ণানন্দে অবস্থান করিয়া থাকি। নারী লাভের কামনায় তোমাকে আমি আনয়ন করি নাই ।২০।

আভাস।

পতিত্বে বরণ করায় নিরর্থক বিবিধ ক্লেশ ভোগ করিবে। সময় থাকিতে ইহার প্রতীকার যদি করিতে পার, তাহা হইলে পরিণামে আর পরিতাপ করিতে হইবে না। বিশেষত তুমি যদি এখনও সেরূপ অভিপ্রায় প্রকাশ কর, তাহা হইলে তোমাকে ভার্য্যারূপে গ্রহণ করিবার জন্য অনেক বীর্য্যবান, ধনবান্ ও সম্ভ্রমশালী লোক উপস্থিত আছেন; তুমি অন্যপূর্ব্বা হইলেও আমার সহিত তাঁহাদের অত্যন্ত বিরোধ থাকায়, তাঁহারা এক্ষণে বিনা আপত্তিতে তোমাকে গ্রহণ করিবেন। এতদ্ব্যতীত তুমি যে আশায় আমাকে স্বীকার করিয়াছ, সে আদরও আমার নিকট হইতে পাইবার প্রত্যাশা করিও না! কারণ আমি প্রকৃত স্ত্রৈণ নহি; কেবল আমার শত্রুকুল শিশুপালাদির দর্প খর্ব্ব করিবার অভিলাষেই তোমাকে তাঁহাদের সমক্ষ হইতে হরণ করিয়াছি মাত্র। কামিনী প্রভৃতি কোন ভোগ্য বস্তুরই আদর আমাদের নিকট নাই। আমরা নিজের আনন্দেই নিরন্তর মগ্ন থাকি ॥১৫॥২০॥

মন্যমানামবিশ্লেষাত্তদ্দর্পঘ্ন উপারমৎ ॥

ইতি ত্রিলোকেশপতেস্তদাত্মনঃ প্রিয়স্য দেব্যশ্রুতপূর্ব্বমপ্রিয়ং।

আশ্রুত্য ভীতা হৃদি জাতবেপথুশ্চিন্তাং দুরন্তাং রুদতী জগাম হ ॥ ২১ ।

পদা সুজাতেন নখারুণশ্রিয়া ভুবং লিখন্ত্যশ্রুভিরঞ্জনাসিতৈঃ।

অন্বয়ঃ।

নিরতিশয়প্রীতিবিষয়াং, মন্যমানাং অতএব গর্বিতাং রুক্মিণীং এতাবৎ উক্ত্বা তদ্দর্পঘ্নঃ (তস্যাঃ দর্পং গর্বং অপনেতুকামঃ) ভগবান্ উপারমৎ তূষ্ণীং বভূব ॥

ত্রিলোকেশপতেঃ (ত্রিলোকেশাঃ ব্রহ্মাদয়ঃ তেষাং পত্যুঃ পালকস্য) আত্মনঃ প্রিয়স্য ভর্ত্তুঃ ইতি এবম্ভূতং, অশ্রুতপূর্ব্বং তৎ অপ্রিয়ং বচনং আশ্রুত্য (ত্যাগসম্ভাবনয়া) ভীতা অতঃ জাতবেপথুঃ কম্পিতকলেবরা রুদতী সতী হৃদি দুরন্তাং চিন্তাং জগাম হ ॥ ২১ ॥

নখারুণশ্রিয়া (নখৈঃ অরুণা শ্রীঃ কান্তিঃ যস্য তেন) সুজাতেন সুকোমলেন, পদা বাম-পদাঙ্গুষ্ঠেন ভুবং লিখন্তী তথা অঞ্জনাসিতৈঃ (অঞ্জনেন অসিতৈঃ শ্যামৈঃ অশ্রুভিঃ কুঙ্কুমরূষিতৈ

শ্রীধরস্বামী।

অবিশ্লেষাদ্বেতোঃ। আত্মানমেবেত্যেবার্থে ইব শব্দঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বল্লভামিবেতি সর্ব্ববল্লভাসু শ্রেষ্ঠামপি তাং পরমানুরাগোত্থ-স্বযোগ্যত্ব-মননেনৈব আত্মানং বল্লভামিব মন্যমানামেতাবদুক্ত্বা অবিশ্লেষাদ্ধেতোরিতি ভার্য্যাত্বাযোগ্যামপি মামযং স্বগুণেনৈব সুভগাং ভার্য্যাং করোতি তদহমেতাবদদ্ভুত-গুণার্ণবভর্ত্তৃকৈবাস্মীতি যো দর্পস্তং হন্তীতি সঃ। বল্লভাশব্দস্য পরমপ্রিয়ভার্য্যাবাচিত্বেনোদ্দেশ্যবিধেয়ভাবেনান্বয়াৎ ন পুংস্ত্বং ॥ ২১ ॥

ব্যাসনন্দন শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! রুক্মিণী কৃষ্ণসঙ্গলাভে কিছু অভিমানিনী হইয়াছিলেন; অন্যান্য বনিতা অপেক্ষা আপনাকেই শ্রীকৃষ্ণের একান্ত প্রিয়পাত্রী বলিয়া যে মনে করিয়াছিলেন, ভগবান্ তাঁহার সেই অভিমানকে চূর্ণ করিবার অভিপ্রায়ে এই প্রকার পরিহাসোক্তি বলিয়া ক্ষান্ত হইলেন ॥

ব্রহ্মাদি লোকপালগণের অধীশ্বর প্রাণপ্রিয় ভগবান্ শ্রীকৃষ্ণের তাদৃশ অশ্রুতপূর্ব্ব অপ্রিয় বাণী শ্রবণ করিয়া, দেবী রুক্মিণী মনে মনে অত্যন্ত ব্যথিতা হইলেন; বিচ্ছেদভয়ে তাঁহার হৃদয় কম্পিত হইয়া উঠিল; তিনি গভীর দুশ্চিন্তায় নিমগ্ন হইয়া, রোদন করিতে লাগিলেন ॥ ২১ ॥

এবং সুচারু নখর-সমূহের অরুণ জ্যোতিতে অপূর্ব্ব শোভাসম্পন্ন সুকোমল বাম পদকমলের বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রভাগের দ্বারা যেন ধরণীপৃষ্ঠে কিয়ৎক্ষণ কি লিখিতে লাগিলেন; কজ্জল-রঞ্জিত লোচনদ্বয়কে প্লাবিত করত, অঞ্জনরঞ্জিত

আসিঞ্চতী কুঙ্কুমরূষিতৌ স্তনৌ তস্থাবধোমুখ্যতিদুঃখরুদ্ধবাক্ ॥ ২২ ॥
তস্যাঃ সুদুঃখভয়শোকবিনষ্টবুদ্ধের্হস্তাৎ শ্লথদ্বলয়তো ব্যজনং পপাত।

অন্বয়ঃ।

স্তনৌ আসিঞ্চতী অতিদুঃখরুদ্ধবাক্ (অতিদুঃখেন রুদ্ধা বাক্ যস্যাঃ সা) রুক্মিণী অধোমুখী সতী তস্থৌ ॥ ২২ ॥

সুদুঃখভয়শোকবিনষ্টবুদ্ধেঃ (সুদুঃখং ত্যাগসম্ভাবনাজনিতং দুঃখং ভয়ং শোকঃ চ তৈঃ বিনষ্টা বুদ্ধিঃ যস্যাঃ) তস্যাঃ রুক্মিণ্যাঃ, শ্লথদ্বলয়তঃ (শ্লথন্তি তাৎকালিক-দুঃখভয়কার্শ্যেন

শ্রীধরস্বামী।

চিন্তালক্ষণমাহ পদেতি। নখৈররুণা শ্রীঃ কান্তির্যস্য তেন সুজাতেন সুকোমলেন পদা ॥ ২২ ॥

সুদুঃখং অপ্রিয়শ্রবণাৎ। ভয়ং ত্যাগশঙ্কয়া শোকঃ অনুতাপঃ তৈ র্বিনষ্টা বুদ্ধি র্যস্যা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিন্তালক্ষণমাহ পদেতি। নখৈররুণা শ্রীঃ কান্তি র্যস্য তেন সুজাতেন সুকোমলেন ॥ ২২ ॥

সুদুঃখমপ্রিয়শ্রবণাদ্ভয়ং ত্যাগশঙ্কয়া শোকস্তাভ্যাং মনস্তাপঃ তৈ র্বিনষ্টা বুদ্ধি র্যস্যাঃ অতঃ পরিহাসোঽয়মিতি বিচারো নোদভূদিতি ভাবঃ। শ্লথন্তি বলয়ানি যস্মাত্তস্মাদ্ধস্তাদিতি সহসৈব বিরহপীড়োত্থাদতিকার্শ্যাদ্বলয়ান্যপি পেতুরিতি গম্যতে। তদনন্তরং দেহশ্চ পপাত। তত্র হেতুর্বিক্লবধিয় ইতি। বুদ্ধের্নাশস্যাপি প্রাগুক্তে র্বিনষ্টচেতনায়া ইত্যর্থঃ।

অশ্রুধারা অবিরলধারে বিগলিত হইয়া তদীয় বক্ষোপরি কুঙ্কুমরঞ্জিত স্তন-যুগলকে নিরন্তর অভিষিক্ত করিতে লাগিল। দুঃখের আবেগে রুক্মিণীর কণ্ঠ রুদ্ধ হইয়া গেল; তিনি অধোমুখে ক্ষণকাল কেবল দণ্ডায়মানাই রহিলেন ॥২২

কিন্তু অপ্রিয় ভাষণের দারুণ দুঃখ, বিচ্ছেদের আশঙ্কা এবং অনুতাপ রুক্মিণীর হৃদয়কে এতই প্রবলবেগে আক্রমণ করিয়াছিল যে, তাঁহার বুদ্ধি একান্ত বিহ্বল হইয়া পড়িল; অঙ্গাবয়ব এতই দুর্ব্বল ও ক্ষীণ হইয়া পড়িল যে, তাঁহার হস্তের মণিবন্ধ বিগলিত হইয়া রত্নবলয় ভূমিতে পড়িয়া গেল; শীর্ণতা-নিবন্ধন শিথিল করকমল হইতে ব্যজন নিম্নে পতিত হইয়া গেল। তাঁহার চৈতন্য ক্রমশঃ বিলুপ্ত হইয়া আসিল; তখন বাত্যাহত রম্ভাতরুর

আভাস।

শ্রীকৃষ্ণের তাদৃশ উক্তি রুক্মিণীর হৃদয়ে পরিহাসরূপে স্থান পাইল না; তিনি তাহাকে যেন মর্ম্মের কথা বলিয়াই মনে করিলেন। শোক ও দুঃখে তাঁহার সমস্ত অঙ্গাবয়ব যেন শীর্ণ হইয়া গেল; বিচার বুদ্ধি বিলুপ্ত হইল; দশম দশা প্রাপ্তের ন্যায় চৈতন্যহারা হইয়া ধরণী পৃষ্ঠে মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥ ২৩ ॥

দেহশ্চ বিক্লবধিয়ঃ সহসৈব মুহ্যন্ত্যেব বাতবিহতা প্রবিকীর্য্য কেশান্ ॥ ২৩ ॥
তদ্দৃষ্ট্বা ভগবান্ কৃষ্ণঃ প্রিয়ায়াঃ প্রেমবন্ধনং।
হাস্যপ্রৌঢ়িমজানন্ত্যাঃ করুণঃ সোঽন্বকম্পত ॥ ২৪ ॥
পর্য্যঙ্কাদবরুহ্যাশু তামুত্থাপ্য চতুর্ভুজঃ।

অন্বয়ঃ।

ভ্রশ্যন্তি বলয়ানি যস্মাৎ তস্মাৎ) হস্তাৎ ব্যজনং চামরং পপাত তথা বিক্লবধিয়ঃ (বিক্লবা ব্যাকুলা ধীঃ যস্যাঃ তস্যাঃ) দেহশ্চ মুহ্যন্ বাতবিহতা (বাতেন প্রচণ্ডমারুতেন বিহতা) রম্ভা কদলীবৃক্ষঃ, ইব কেশান্ প্রবিকীর্য্য সহসা এব ধরাপৃষ্ঠে পপাত ॥ ২৩ ॥

তদা সঃ ভগবান্ কৃষ্ণঃ হাস্যপ্রৌঢ়িং চাতুর্য্যং অজানন্ত্যাঃ প্রিয়ায়াঃ তৎ প্রেমবন্ধনং প্রেমপাশং চ দৃষ্ট্বা করুণঃ এব অন্বকম্পত কৃপাং কৃতবান্ ॥ ২৪ ॥

চতুর্ভুজঃ (উত্থাপনাশ্লেষণবক্ত্রপরিমার্জ্জনাদ্যর্থমাবিষ্কৃতচতুর্ভুজঃ সন্) শ্রীকৃষ্ণঃ আশু পর্য্যঙ্কাৎ অবরুহ্য পতিতাং তাং রুক্মিণীং উত্থাপ্য তস্যাঃ কেশান্ সমূহ্য নিবন্ধ্য পদ্মপাণিনা

শ্রীধরস্বামী।

স্তস্যাঃ। শ্লথন্তি পতন্তি বলয়ানি যস্মাত্তস্মাদ্ধস্তাৎ। দেহশ্চ পপাত। বিক্লবা অবশা ধীর্যস্যাস্তস্যাঃ ॥ ২৩ ॥

হাস্যস্য প্রৌঢ়িং গাম্ভীর্য্যং ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ মুহ্যন্নিতি সহসৈব নবম্যপি দশান্তঃ পপাতেতি স্তম্ভাদ্যন্তিমঃ প্রলয়শ্চ সাত্ত্বিকোঽভূদিতি ভাবঃ ॥ ২৩ ॥

যথা সাংসারিকজীবানাং অবিদ্যয়া বন্ধনং তথা তস্যাঃ প্রেম্না বন্ধনং যতো হাস্যস্য প্রৌঢ়িং প্রৌঢত্বং অজানন্ত্যা ইতি প্রেমপরিণামোঽনুরাগো হি স্বাশ্রয়স্য প্রতিক্ষণং দৈন্যমেবোৎপাদয়তি ততশ্চ নাহমেতদ্‌যোগ্যেত্যতোঽনেন ত্যক্তৈবাহমিত ভ্রান্তচিত্তায়া ইত্যর্থঃ ॥ ২৪ ॥

ন্যায় রুক্মিণীর সুকোমল দেহতরু প্রবল দুঃখের প্রতিঘাতে বিমোহিত হইয়া কেশজাল বিকীরণ পূর্ব্বক ধরণীপৃষ্ঠে অকস্মাৎ নিপতিত হইল ॥ ২৩ ॥

প্রণয়িনীর তাদৃশ প্রেমবন্ধন ও হাস্য কৌতুকাদির গভীর তত্ত্বে তাঁহার সম্পূর্ণ অনভিজ্ঞতার পরিচয় প্রাপ্ত হইয়া, পরম কারুণিক কমললোচন ভগবান্ শ্রীকৃষ্ণ রুক্মিণীর প্রতি বিশেষ অনুগ্রহেরই প্রকাশ করিলেন ॥ ২৪ ॥

তখন যেন ভুজচতুষ্টয়ের প্রকাশে শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ পর্য্যঙ্ক হইতে অবরোহণ করত রুক্মিণীকে উত্তোলন করিলেন এবং প্রকীর্ণ কেশজালকে বন্ধন করত করকমলের দ্বারা তাঁহার বদন মার্জ্জিত করিলেন ॥ ২৫ ॥

কেশান্ সমুহ্য তদ্বক্ত্রং প্রামৃজৎ পদ্মপাণিনা ॥ ২৫ ॥
প্রমৃজ্যাশ্রুকলে নেত্রে স্তনৌ চোপহতৌ শুচা।
আশ্লিষ্য বাহুনা রাজন্ননন্যবিষয়াং সতীং ॥ ২৬ ॥
সান্ত্বয়ামাস সান্ত্বজ্ঞঃ কৃপয়া কৃপণাং প্রভুঃ।
হাস্যপ্রৌঢ়িভ্রমচ্চিত্তামতদর্হাং সতাং গতিঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

(দ্রুবং কোমলেন করতলেন) তস্যাঃ বক্ত্রং প্রামৃজৎ ॥ ২৫ ॥

হে রাজন্! সান্ত্বজ্ঞঃ সন্ত্বনোপায়জ্ঞঃ, সতাং ভক্তানাং, গতিঃ প্রভুঃ শ্রীকৃষ্ণঃ অশ্রুকলে অশ্রুণাং কলাঃ বিন্দবঃ যয়োঃ তে) নেত্রে তথা শুচা শোকাশ্রুণা উপহতৌ আর্দ্রীকৃতৌ, স্তনৌ চ প্রমৃজ্য বাহুনা আশ্লিষ্য কৃপণাং হাস্যপ্রৌঢ়িভ্রমচ্চিত্তাং (হাস্যপ্রৌঢ্যা ভ্রমৎ চিত্তং যস্যাঃ তাং) অতদর্হাং দৈন্যাযোগ্যাং, অনন্যবিষয়াং (ন বিদ্যতে ভগবতঃ অন্যঃ বিষয়ঃ আশ্রয়ঃ যস্য অভিপ্রেতঃ যস্যাঃ তাং) সতীং পতিব্রতাং, রুক্মিণীং কৃপয়া সান্ত্বয়ামাস ॥ ২৬ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

চতুর্ভুজ ইত্যুত্থাপনাশ্লেষণবক্ত্রপরিমার্জ্জনাদ্যর্থমাবিষ্কৃতচতুর্ভুজ ইত্যর্থঃ। সমুহ্য নিবধ্য ॥ ২৫ ॥

অশ্রুকলে অশ্রুভিঃ শোভিতে। শুচা শোকাশ্রুভিঃ ॥ ২৬ ॥

সান্ত্বয়ামাস অনুনীতবান্ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চতুর্ভুজ ইতি উত্থাপনাশ্লেষণবক্ত্রপরিমার্জ্জনার্থমাবিষ্কৃতভুজচতুষ্টয় ইত্যর্থঃ। সমুহ্য নিবধ্য ॥ ২৫ ॥

অশ্রুকলে অশ্রুধরে। শুচা শোকাশ্রুণা ॥ ২৬ ॥ ২৭ ॥

বাষ্পাকুলিত লোচনদ্বয় এবং কুচযুগল মার্জ্জিত করিয়া, হে রাজন্! সেই পতিপ্রাণা সতীকে তিনি বাহুদ্বয়ে গাঢ় আলিঙ্গন করিলেন ॥ ২৬ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ প্রকৃত শরণাগতা একনিষ্ঠা কামিনীর চিত্তবিনোদনে বিলক্ষণ পারদর্শী ছিলেন; সুতরাং উপহাসের গভীর তত্ত্বে একান্ত অনভিজ্ঞা বিহ্বল-হৃদয়া রুক্মিণীকে বিবিধ প্রণয়বাক্যে পরিসান্ত্বিত করিলেন ॥ ২৭ ॥

আভাস।

সাত্ত্বিক হৃদয়ে পরিহাস যে সহ্য করে না, তাহা শ্রীকৃষ্ণ বিশেষরূপে অবধারণ করিলেন; কিন্তু পাছে শ্রীকৃষ্ণের আদরে তিনি অভিমানিনী হন, এই নিমিত্তই তাঁহার হৃদয়ে কিঞ্চিৎ আসনভাবের প্রদানার্থই ওরূপ পরিহাসোক্তির প্রয়োগ করিয়াছিলেন মাত্র। এক্ষণে তাঁহাকে পুনরায় প্রেমবচনে পরিতুষ্ট করিলেন ॥ ২৭ ॥

শ্রীকৃষ্ণ রুক্মিণীর নেত্রনীর নির্ম্মুক্ত করত প্রগাঢ় প্রেমালিঙ্গনে উত্তোলন পূর্ব্বক বাম

শ্রীভগবানুবাচ।

মা মা বৈদর্ভ্যসূয়েথা জানে ত্বাং মৎপরায়ণাং।
ত্বদ্বচঃ শ্রোতুকামেন ক্ষেল্যাচরিতমঙ্গনে॥ ২৮॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে বৈদর্ভি! মা মাং, মা ন (দোষারোপেণ) অসূয়েথাঃ; যতঃ মৎপরায়ণাং (অহং এব পরং অয়নং আশ্রয়ঃ যস্যাঃ তথাভূতাং) ত্বাং অহং জানে; হে অঙ্গনে! (মদ্বচনেন ক্রুদ্ধা সতী কিং বদিষ্যসি ইতি) তব বচঃ শ্রোতুকামেন শ্রোতুমিচ্ছতা এব ময়া, ক্ষেল্যা পরিহাসেন এবং আচরিতং উক্তং ইতি॥ ২৮॥

শ্রীধরস্বামী।

মা মাং। ত্বদ্বচঃ কিং নু বদিষ্যসীতি শ্রোতুকামেন শ্রোতুমিচ্ছতা। ক্ষেল্যা নর্ম্মণা। এবমাচরিতমুক্তং ন তত্ত্বতঃ। হে অঙ্গনে হে সুন্দরি!॥ ২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু ত্বয়া চেদিদং শরীরং ত্যক্তং তর্হি কথমেষ মহাভাবো ময়া বোঢ়ব্য ইত্যতো ময়াপ্যেতত্ত্যজ্যতে তত্রাশ্লেষাশ্রুমার্জনাদিনা কপটপ্রেমাণং প্রকটীকৃত্য যৎ প্রত্যুহং বিধৎসে তৎ কিমতোঽপ্যতিদুঃখদিৎসা পুনরপি তে বর্ত্তত ইতি স্বস্মিন্ দোষারোপণমাশঙ্ক্যাহ মেতি। হে বৈদর্ভি মা মাং মা অসূয়েথাঃ। ননু চ হন্ত হন্ত পরমকারুণিকে ত্বয়ি মম মেয়মসূয়া কিন্তু তৎপার্শ্বে স্থিত্বা দুঃখমেব প্রাপ্নুবতা মম হিতার্থমেব সুখময়ীমন্যাং গতিং যদুপদিষ্টবানসি তদাকর্ণিতবত্যা মমেয়মানন্দমূর্চ্ছেবাভূত্তদঙ্গঞ্চ ত্বং কিমকার্ষীঃ সা যদি ক্ষণমপরমপ্যস্থাস্যত্তদা মম তব চ পরমৈব নির্বৃতিরভবিষ্যদিতি তস্যাঃ সপ্রেমবক্রোক্তিমাশঙ্ক্যাহ ত্বাং মৎপরায়ণাং মদনন্যগতিমহং জানে তর্হি কথমেবং দুর্ব্বাক্যমবোচস্তত্রাহ ত্বদ্বচঃ কাং কাং বক্রোক্তিং বদিষ্যসীতি শ্রোতুকামেন ময়া ক্ষেল্যা নর্ম্মণৈব আচরিতমেবমুক্তং নতু তত্ত্বতঃ। হে অঙ্গনে সুন্দরি॥ ২৮॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে বৈদর্ভি! তুমি আমার উপর দোষারোপ করত বিরক্ত হইও না! আমি যে তোমার একমাত্র অবলম্বন, তাহা আমি বিলক্ষণ অবগত আছি; তুমি আমার পরিহাসের পাত্রী; আমার বাক্যে ক্রুদ্ধা হইয়া কিরূপ বল, তাহাই শুনিবার জন্য আমি পরিহাস করতই এইরূপ বলিয়াছি। ২৮॥

আভাস।

উরূপরি উপবেশন করাইয়া বলিলেন, প্রিয়তমে! প্রণয়িনী যদি প্রণয়ীর প্রেমরসে নিমগ্ন হইয়া প্রাণ পরিত্যাগ করে, তবে প্রণয়ীর দশা কি হইবে? একাকী মহাভাব ভোগ করা অপেক্ষা প্রণয়ী জনকে সঙ্গে লইয়া যাও! আমি কোনরূপ কপট প্রেমের পরিচয়ে তোমার চিত্ত বিনোদনে ত চেষ্টা করিতেছি না! আমাকে কুটিল প্রেমিক বলিয়া দোষ প্রদান করিও না

মুখঞ্চ প্রেমসংরম্ভস্ফুরিতাধরমীক্ষিতুং।

অন্বয়ঃ।

প্রেমসংরম্ভস্ফুরিতাধরং (প্রেমসংরম্ভেণ প্রণয়কোপেন স্ফুরিতঃ প্রকম্পিতঃ অধরঃ যস্মিন্ তৎ) কটাক্ষেপারুণাপাঙ্গং (কটাক্ষেপাঃ বক্রদৃষ্টয়ঃ তৎসহিতং অরুণং অপাঙ্গং নেত্রান্তং

শ্রীধরস্বামী।

প্রেমসংরম্ভেণ প্রণয়কোপেন স্ফুরিতঃ কম্পিতোঽধরো যস্মিন্ তৎ। কটাশব্দেন কটাক্ষা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নর্ম্মোক্তৌ প্রয়োজনান্তরঞ্চাহ প্রেমসংরম্ভেণ প্রণয়কোপেন স্ফুরিতঃ কম্পিতোঽধরো যত্র তৎ কটাশব্দেন কটাক্ষান্তৈরাক্ষেপে অরুণাবপাঙ্গৌ যস্মিন্নতএব সুন্দরং কুটিলং ভ্রুকুটীতটং যস্মিন্ তচ্চ তচ্চ তৎ মুখং ঈক্ষিতুঞ্চ ননু যদি সত্যকামস্য ভগবতস্তথাভূতেবেচ্ছা আসীত্তদা তদানীমেব রুক্মিণী সকোপকুটিলকটাক্ষা কথং নাভূদিতি চেৎ। ইচ্ছাশক্তির্হি ভগবত এবাধীনা প্রেমাতু তং ভগবন্তমপ্যধীনাকরোতীতি প্রেম্নাগ্রেণ তস্যাঃ কাপি প্রভবিষ্ণুতা প্রেমাহি আনন্দরূপমপি ভগবন্তমতিশয়েনানন্দয়িতুং তদিচ্ছামপি কদাচিদন্যথা করোতি। ইদমত্র তত্ত্বং। আসাং রুক্মিণ্যাদীনাং মধুরপ্রেমরসবতীনাং রতিপ্রেমস্নেহপ্রণয়মানরাগানুরাগেষু

প্রণয়-কোপে প্রকম্পিত অধররবিশিষ্ট ও কটাক্ষ-বিক্ষেপে আরক্ত লোচন-প্রান্ত-বিশিষ্ট ভ্রুকুটী দ্বারা কুটিল তোমার বদনকমলের যে কিরূপ শোভা

আভাস।

আমি তোমার হৃদয়-ব্যথা দ্বিগুণিত করিতে উদ্‌যোগী নহি! রুক্মিণী পাছে মনে মনে বলেন যে, আপনি পরম কারুণিক; আপনার উপর দোষারোপ করা কি আমার পক্ষে কখন সঙ্গত হয়? তবে আপনার পার্শ্বে অবস্থান করিয়া নিরন্তর দুঃখানুভব করা অপেক্ষা, আমার হিতার্থ অপর কোন ক্ষত্রিয় রাজাকে পরিণয় করিবার জন্য আপনি আমাকে যে সদুপদেশ দিয়াছেন, তাহাই শ্রবণে আমার এরূপ আনন্দমূর্চ্ছা হইয়াছিল। অহো! আপনি প্রেমিক হইয়া, আমার সেই আনন্দ-মূর্চ্ছার ভঙ্গ করিলেন! আহা! যদি আর ক্ষণকাল সেই মূর্চ্ছায় আমাকে অবস্থান করিতে দিতেন, তাহা হইলে আমিও চির জীবনের জন্য নির্বৃতি পাইতাম; আপনিও আমার দায় হইতে অব্যাহতি পাইতেন! শ্রীকৃষ্ণ রুক্মিণীর ঈদৃশী বক্রোক্তির আশঙ্কা করিয়া বলিলেন, জীবনবল্লভে! তুমি যে আমি ব্যতীত অন্য কাহাকেও কখন হৃদয়ে স্থান দাও না, তাহা আমি বিলক্ষণ অবগত আছি। তবে তাদৃশ পরিহাস বাক্য শ্রবণে কোপোজ্জিত তোমার অন্তর হইতে কিরূপ বক্রোক্তির প্রকাশ পায়, তাহাই শুনিবার মানসে আমি ওরূপ দুর্ব্বাক্য তোমার প্রতি পরিহাসচ্ছলে প্রয়োগ করিয়াছি। হে সুন্দরি! আমার মনের ভাব কিন্তু প্রকৃত প্রস্তাবে ওরূপ নহে ॥ ২৮ ॥

তোমার প্রেমপূর্ণ মৃদুমন্দ হাস্য-বিকশিত সুকোমল বদনকমল নিরীক্ষণ করিয়া, আমি পরম পরিতোষ লাভ করিয়া থাকি বটে, কিন্তু প্রণয়কোপে বিজৃম্ভিত কৌটিল্যবিশিষ্ট আরক্ত

কটাক্ষেপারুণাপাঙ্গং সুন্দরভ্রুকুটীতটং ॥ ২৯ ॥
অয়ং হি পরমো লাভো গৃহেষু গৃহমেধিনাং।
যন্নর্ম্মৈর্নীয়তে যামঃ প্রিয়য়া ভীরুভামিনি ॥

অন্বয়ঃ।

যস্মিন্ তৎ) অতএব সুন্দরভ্রুকুটীতটং (সুন্দরং ভ্রুকুটীতটং যস্মিন্ তৎ) এবম্ভূতং মুখং চ ঈক্ষিতুং এব তদা এবং আচরিতং ॥ ২৯ ॥

(ত্বং তু পরিহাসবচনমপি ন সহসে ভীরুত্বাদিতি) হে ভীরুভামিনি! যৎ প্রিয়য়া সহ নর্ম্মৈঃ নর্ম্মভিঃ পরিহাসবচনৈঃ যামঃ কালঃ নীয়তে তৎ অয়ং এব গৃহেষু দুঃখপ্রধানেষু বর্ত্তমানানাং গৃহমেধিনাং গৃহস্থানাং, পরমঃ লাভঃ সুখরূপফলং এব ॥

শ্রীধরস্বামী।

স্তৈরাক্ষেপৈ বরুণাবপাঙ্গৌ যস্মিন্ তৎ ; অতএব সুন্দরং কুটিলং ভ্রুকুটীতটং যস্মিন্ তৎ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপ্তসু স্থায়িভাবেষু মধ্যে কদাচিৎ কশ্চিৎ স্বাবসরং প্রাপ্যোদয়ত ইত্যতস্তদানীং ব্যজনসেবা-সময়ে অনুরাগঃ স্থায়িভাব এবোদগাত্তস্য চ দৈন্যসঞ্চারিপ্রাবল্যাত্তস্যাঃ খেদচিন্তা মোহ এবাভূন্নতু তস্মিন্ প্রণয়কোপকটাক্ষাদয়ঃ তে চোপরিষ্টান্মানস্থায়িভাবোদয়ক্ষণেষু ভবিষ্যন্ত্যেব। কিঞ্চ ঘৃতস্নেহবত্যা রুক্মিণ্যা মানকৌটিল্যাতিশয়ঃ প্রায়ো ন উদয়তে। মধুস্নেহবত্যাঃ সত্য-ভামায়াস্তু অনুরাগোঽপি মানগর্ভ এবেতি সংরম্ভসকম্পাধরকুটিলকটাক্ষাদিমুখং কৃষ্ণস্য তত্রৈ-বাভিসম্পদ্যত ইতি ॥ ২৯ ॥

ননু মৎকৃতয়া ব্যজনাদিপরিচর্য্যয়া দুঃখং লভসে কিন্তু তাং পরিত্যক্তবত্যা মম কঠোর-

---

পরিদৃষ্ট হয়, তাহাই অবলোকন করিবার জন্যই আমি তোমার সহিত এরূপ আলাপ করিয়াছি ॥ ২৯ ॥

কিন্তু তুমি এতই ভীরু যে, পরিহাস বাক্যও সহ্য করিতে পার না। কিন্তু হে ভামিনি! প্রেয়সী সহ প্রেমালাপপূর্ণ পরিহাস-বাক্যে কালাতিপাত করা গৃহস্থের পক্ষে অতীব প্রীতিপ্রদ ; সন্দেহ নাই ॥

আভাস।

লোচনপ্রান্ত ও কম্পিতাধর বদনমণ্ডলের অনির্ব্বচনীয় শোভা ত কখন অবলোকন করা হয় নাই! সুতরাং অনুরাগগূঢ় প্রণয়কোপব্যক্ত তোমার অসূয়াভাব দর্শন করিবার মানসেই তাদৃশ বক্রোক্তির প্রয়োগে ত্বদীয় প্রণয়কোপের উদ্দীপন করিয়াছি। প্রকৃত প্রস্তাবে মধুর প্রেম-রসবতী রুক্মিণী প্রভৃতি কৃষ্ণপ্রেমিকাগণের হৃদয়ে রতি, প্রেম, স্নেহ, প্রণয়, মান, রাগ ও অনুরাগ নামক সপ্ত স্থায়ীভাবই নিরন্তর বিরাজ করিয়া থাকে; কোপভাবের উদয় হওয়া একান্ত অসম্ভব। এস্থলে স্থায়ী অনুরাগই দৈন্যে পরিণত হইয়া, মোহ ও কোপে যেন পরিণত হইয়াছিল মাত্র ॥ ২৯ ॥

শ্রীশুক উবাচ।।

সৈবং ভগবতা রাজন্ বৈদর্ভী পরিসান্ত্বিতা।
জ্ঞাত্বা তৎপরিহাসোক্তিং প্রিয়ত্যাগভয়ং জহৌ ॥ ৩০ ॥
বভাষে ঋষভং পুংসাং বীক্ষতী ভগবন্মুখং।
সব্রীড়হাসরুচিরস্নিগ্ধাপাঙ্গেন ভারত ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সা বৈদর্ভী রুক্মিণী, ভগবতা এবং পরিসান্ত্বিতা অতএব তস্য পরিহাসোক্তিং পরিহাসার্থং এবং উক্তং ন তাত্ত্বিকং ইতি জ্ঞাত্বা প্রিয়ত্যাগভয়ং প্রিয়-কর্ত্তৃকত্যাগভয়ং জহৌ ॥ ৩০ ॥

হে ভারত! সব্রীড়হাসরুচিরস্নিগ্ধাপাঙ্গেন (সব্রীড়ঃ যঃ হাসঃ তেন রুচিরঃ স্নিগ্ধঃ স্নেহযুক্তঃ অপাঙ্গঃ কটাক্ষঃ তেন) ভগবন্মুখং বীক্ষতী বিশেষেণ নিমেষরহিতেন ঈক্ষমাণা রুক্মিণী পুংসাং ঋষভং পুরুষোত্তমং, শ্রীকৃষ্ণং প্রতি বভাষে (তস্য স্বনিন্দাপরাণি যানি বচনানি তানি তদুৎকর্ষপরতয়া ব্যাখ্যাতবতী ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ননু কলহে কিং কৌতুকং সুখং বা অত আহ অয়ং হীতি। নর্ম্মৈ র্নর্ম্মভিঃ। যামঃ কালঃ ॥ ৩০ ॥

ভগবত স্তস্য ঐশ্বর্য্যযুক্তং মুখং সব্রীড়হাসেন রুচিরেণ স্নিগ্ধেনাপাঙ্গেন বীক্ষমাণা ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কোপোক্ত্যৈব সুখং লব্ধসে। অপরঞ্চ প্রিয়ায়া মম হর্ষসোৎফুল্লং মুখং ত্বন্নয়নাভ্যাং ন রোচতে কিন্ত্বতিদুঃখকরুক্ষং কোপবিবর্ণীকৃতং রসপ্রতিকুলং ভ্রুকুটীভীষণং মুখমেব রোচত ইতি কোঽয়ং তে স্বভাব স্তত্রাহ অয়মিতি ॥ ৩০ ॥ ৩১ ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! বিদর্ভরাজনন্দিনী রুক্মিণী যখন ভগবান্ শ্রীকৃষ্ণের প্রিয় বচনে এই প্রকারে পরিসান্ত্বিত হইলেন, তখন তিনি কৃষ্ণ-কথিত পূর্ব্বোক্ত বাণীকে পরিহাসোক্তি বলিয়াই অবধারণ করিলেন এবং প্রাণপ্রিয় শ্রীকৃষ্ণ কর্ত্তৃক তাঁহাকে পরিত্যাগের ভয় তাঁহার হৃদয় হইতে অন্তর্হিত হইল ॥ ৩০ ॥

হে ভরতবংশাবতংস রাজন্ পরীক্ষিৎ! রুক্মিণী তখন সলজ্জ হাস্য-বিশিষ্ট মৃদু মধুর কটাক্ষপাতে ও অনিমিষ-লোচনে শ্রীকৃষ্ণের প্রতি নিরীক্ষণ

আভাস।

রুক্মিণী বলিলেন, হে মদনমোহন! চামরাদির বীজনে তোমার পরিচর্য্যা করায় কি কিছু ক্লেশানুভব হইতেছিল? সেইজন্যই কি তাদৃশ কর্ম্ম হইতে আমাকে নিরস্ত করাইয়া, আমার মুখ হইতে কঠোর কোপোক্তির শ্রবণে সুখানুভব করিতেছেন? প্রেয়সীর আনন্দোৎফুল্ল মুখখানি

রুক্মিণ্যুবাচ।

নন্বেবমেতদরবিন্দবিলোচনাহ যদ্বৈ ভবান্ ভগবতোঽসদৃশী বিভূম্নঃ।

অন্বয়ঃ।

রুক্মিণী উবাচ। হে অরবিন্দবিলোচন! বিভূম্নঃ ব্যাপকস্য, ভগবতঃ ঐশ্বর্য্যাদিগুণপরিপূর্ণস্য, ভগবতঃ অহং অসদৃশী অসমানা, ইতি যৎ ভবান আহ নন্বু তৎ এতৎ ভবদ্বচনং বৈ যথার্থমেব। যত স্বমহিম্নি নিজানন্দস্বরূপে অভিরতঃ ভগবান্ বৈরাগ্যাদিগুণপূর্ণঃ, ত্র্যধীশঃ

শ্রীধরস্বামী।

অসমত্বং ভয়ং দুর্গাশ্রয়ণং প্রবলৈঃ কলিঃ। অরাজত্বমবিজ্ঞতা লৌকিকেহাবসাদনং। নিষ্কিঞ্চনত্বং তৎপ্রীতিরাঢ্যানাদরণীয়তা। অনৌচিত্যং নির্গুণত্বং বৃথা শ্লাঘাচ ভিক্ষুভিঃ। ঔদাসীন্যমকামত্বং স্বদোষান ষোড়শাসতঃ। অজ্ঞত্বাদীর্ঘদর্শিত্বে ভৈষ্ম্যা রাজ্ঞাং বহূন্ গুণান্। কৃষ্ণো নর্ম্মোদিতান্ ভৈষ্মী ন্যষেধত্তদ্ গুণস্তবৈঃ। ভগবতঃ স্বনিন্দাপরাণীব যানি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবতা যেন যেন বাক্যেন স্বস্যাপকর্ষঃ রুক্মিণ্যা উৎকর্ষশ্চোক্তস্তদেব বাক্যমনুবদন্তী রুক্মিণী তদ্বিপর্য্যয়ং ব্যাচষ্টে। তত্র যদুক্তং। কস্মান্নো বরুষেঽসমানিতি তত্রাসাম্যং সত্যমেবেত্যাহ হে অরবিন্দলোচন যদ্ভবানাহ কস্মান্নো বরুষেঽসমানিতি তৎ। নন্বু নিশ্চিতমেব মে তৎসত্যমেবেত্যর্থঃ। স্বে স্বীয়ে মহিম্নি ষড়ৈশ্বর্য্যলক্ষণে অভিরতো ভগবান্ ত্র্যধীশঃ।

করত, পূর্ব্বে শ্রীকৃষ্ণ স্বীয় নিন্দার পরিচয়ার্থ যে সকল উক্তির প্রয়োগ করিয়াছিলেন, এক্ষণে রুক্মিণী তদ্বিপরীতে শ্রীকৃষ্ণের উৎকর্ষ স্থাপন পূর্ব্বক সেই সকল উক্তির প্রকৃত তাৎপর্য্য ব্যাখ্যা করত শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিতে লাগিলেন ॥ ৩১ ॥

'রুক্মিণী বলিলেন, হে পদ্মপলাশলোচন! আপনি সর্ব্বব্যাপক ও সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ। আপনি বলিয়াছেন যে, আমি আপনার সহিত কোন অংশে তুলনীয়া নহি, তাহা প্রকৃতই বটে; কারণ নিজানন্দ-স্বরূপ স্বীয় অপার মহিমায়

আভাস।

কি তোমার নয়নদ্বয়ের তৃপ্তিসাধন করে না বলিয়া, গভীর দুঃখরাশিতে একান্ত রুক্ষ, কোপে বিবর্ণপ্রায় রসপ্রতিকূল ভ্রুকুটীভীষণ মুখই কি এত ভাল বলিয়া বোধ হয়? কি আশ্চর্য্য! আপনার এ কি বিপরীত স্বভাব, দেখিতেছি! শ্রীকৃষ্ণ তদুত্তরে বলিলেন, হে প্রণয়-রস-রসিকে! সংসারপ্রেমে গৃহস্থের যে কত প্রকার দুঃখ নিরন্তর উপস্থিত থাকে, তাহা বর্ণন করা সুকঠিন। কিন্তু তাহার সকল ক্লেশকে এক প্রণয়িনীর মুখপানে নিরীক্ষণ করিয়া, নিবারণ করিতে হইবে। সুতরাং বিচিত্র দুঃখ ত এক মধুর ভাব অবলোকনে কখন শান্ত হয় না; অতএব মধুরের সঙ্গে সঙ্গে রৌদ্রভাবও আবশ্যক। সেই হেতুই তোমার কোপকষায়িত লোচনবিশিষ্ট কুটিল বদন দর্শনে আমি অভিপ্রায় করিয়াছি ॥ ৩০ ॥ ৩১ ॥

ক্ব স্বে মহিম্ন্যভিরতো ভগবাংস্ত্র্যধীশঃ ক্বাহং গুণপ্রকৃতিরজ্ঞগৃহীতপাদা ॥ ৩২

অন্বয়ঃ।

(ত্রয়াণাং রজঃসত্ত্বতমসাং অধীশঃ নিয়ন্তা ভবান্ ক্ব? গুণপ্রকৃতিঃ গুণকার্য্যবিষয়াবিষ্টচিত্তা অজ্ঞগৃহীতপাদা (অজ্ঞৈঃ এব গৃহীতৌ পাদৌ যস্যাঃ তথাভূতা) অহং চ ক্ব? মহদ্বৈষম্যমিত্যর্থঃ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

বচনানি তানি সর্ব্বোৎকর্ষপরতয়া ব্যাচক্ষাণা প্রতিভাষতে। তত্র যদুক্তং কস্মান্নো ববৃধেঽসমানিতি তত্রাসাম্যং সত্যমেবেত্যাহ নন্বেবমিতি। হে অরবিন্দলোচন। ত্র্যধীশঃ ত্রয়াণাং ব্রহ্মাদীনামপ্যধীশো নিয়ন্তা ত্বং ক্ব। ক্বচাহং গুণপ্রকৃতিঃ ত্রিগুণস্বভাবা প্রকৃতীগুণময়ী প্রকৃতির্ব্বা নন্বু ত্বমেবাধীশ্বরী শ্রীঃ সৈবরূপাস্যত্বা দত্যত আহ অজ্ঞৈঃ সকামৈর্গৃহীতৌ পাদৌ যস্যাঃ সা ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিগুণনিয়ন্তা ভগবান্ ক্ব? অহং গুণপ্রকৃতির্জড়া নিয়ম্যা বা কেতি ত্বত্তোঽতিনিকৃষ্টায়া মম কুতস্ত্বৎসাম্যসম্ভাবনাপীতিভাবঃ গুণপ্রকৃতি র্বহিরঙ্গা শক্তি স্তস্যাঃ স্বাংশত্বাৎ স্বস্য তৎস্বরূপত্বমননমতিদৈন্যাদেব ॥ ৩২ ॥

অবস্থান পূর্ব্বক বৈরাগ্যাদি অশেষ গুণের পরিচয় আপনিই দিতেছেন! অতএব সত্ত্ব, রজঃ ও তমো নামক গুণত্রয়ের সাক্ষাৎ নিয়ন্তা এবং ব্রহ্মাদি লোকপালগণের প্রেরয়িতা আপনি কোথায়! এবং গুণত্রয়ের কার্য্যসমূহে আবিষ্টচিত্তা এবং অজ্ঞানী মূঢ় জনগণ কর্ত্তৃক কেবল প্রগৃহীত-চরণা আমিই বা কোথায়! অতএব আপনার সহিত আমার যে যথেষ্ট বৈষম্য আছে, সে বিষয়ে আর সন্দেহ নাই। ৩২ ॥

আভাস।

ভগবান্ শ্রীকৃষ্ণ রুক্মিণী সন্নিধানে নিজের অযোগ্যত্ব, ভীতি বশত দীপে আশ্রয় করা, প্রবলগণের সহিত বিচ্ছেদ, রাজসিংহাসনে অনধিকার, অবিজ্ঞতা, লৌকিক আচরণে অনভিজ্ঞতা, নিষ্কিঞ্চনতা, নিঃস্ব জনগণের সহিতই আলাপ, ধনবান্ কর্ত্তৃক অনাদর, অনুচিত আচরণ, গুণহীনতা, কেবল ভিক্ষুকগণ কর্ত্তৃক নিরর্থক গৌরবান্বিত হওয়া, সম্ভোগে উদাসীনতা এবং ভোগ্য বিষয়ে অকামতাদি নিজের ষোড়শ প্রকার দোষের কীর্ত্তন করিয়াছিলেন; তৎসঙ্গে রুক্মিণীরও অনভিজ্ঞতা এবং অদূরদর্শিতা এই দুইটী দোষের উল্লেখ করত তত্রত্য রাজসভায় উপস্থিত শাল্বাদি রাজাগণের বিবিধ গুণগ্রামেরও পরিচয় দিয়াছেন। এক্ষণে ভগবান্ যে যে উক্তির প্রয়োগে নিজের অপকর্ষ এবং রুক্মিণীর উৎকর্ষ স্থাপন করিয়াছিলেন, রুক্মিণী সেই সেই উক্তির উল্লেখে তাহারই বিপরীত ভাবের পরিচয় দিয়াছেন। কৃষ্ণ বলিয়াছেন, হে রুক্মিণী! আমার ন্যায় অসম ব্যক্তিকে তুমি অনর্থক বরণ করিয়াছ! রুক্মিণী তদুত্তরে বলিলেন, হে শ্রীকৃষ্ণ!

সত্যং ভয়াদিব গুণেভ্য উরুক্রমাস্তঃ শেতে সমুদ্র উপলম্ভনমাত্র আত্মা।

অন্বয়ঃ।

(যদুক্তং রাজভ্যো বিভ্যতঃ সুভ্রু সমুদ্রং শরণং গতানিতি তত্রাহ সত্যমিতি) হে উরুক্রম! গুণেভ্যঃ (গুণকার্য্যভূতাঃ শব্দাদয়ঃ এব রাজন্তে ইতি রাজানঃ তেভ্যঃ) ভয়াৎ ইব সমুদ্রে ইব অগাধে অন্তঃকরণে উপলম্ভণমাত্রঃ চৈতন্যঘনঃ আত্মা ভবান্ শেতে নিশ্চলতয়া তিষ্ঠতি ইতি সত্যং এব। (বলবদ্ভিঃ কৃতদ্বেষানিতি যদুক্তং তদপি সত্যমেব ইত্যাহ) কদিন্দ্রিয়গণৈঃ

শ্রীধরস্বামী।

যদুক্তং রাজভ্যো বিভ্যতঃ সুভ্রু সমুদ্রং শরণং গতানিতি তত্রাহ সত্যমিতি। হে উরুক্রমেতি ভয়াভাবং দর্শয়তি। গুণাঃ শব্দাদয় এব রাজন্তে ইতি রাজান স্তেভ্যো ভয়াদিবেতি। অতো-হন্তর্হৃদয়ে সমুদ্রে তদ্বদগাধে বিষয়াকারৈরপরিচ্ছিন্ন ইত্যর্থঃ। শেতে নিশ্চলতয়া প্রকাশতে। উপলম্ভনমাত্র চৈতন্যঘনঃ আত্মা ভবানিতি। বলবদ্ভিঃ কৃতদ্বেষানিতি যদুক্তং তদপি সত্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুক্তং রাজভ্যো বিভ্যতঃ সুভ্রু সমুদ্রং শরণং গতানিতি তত্রাহ সত্যমিতি হে উরুক্রম মহাশক্তে ইতি ভয়াভাবং দর্শয়তি ক্রমঃ শক্তৌ পরিপাট্যামিতি বিশ্বঃ। গুণাঃ শব্দাদয়স্তেভ্যঃ রাজন্ত ইতি রাজান স্তেভ্যো ভক্তানাং যদ্ভয়ং তদেব ভক্তাধীনস্য তথাপি ভয়মিবেতি অত স্তদ্ভয়াদিব অন্তঃ সমুদ্রে সমুদ্রবদগাধে স্বভক্তহৃদয় এব শেতে। অতঃ শরণং গতানিতি। শরণশব্দস্য গৃহমিত্যর্থঃ কৃতঃ। তত্র মমাস্তিত্বে কিং প্রমাণমিতি চেন্নাপৈষি নাথ হৃদয়াম্বুরুহাৎ স্বপুংসামিতি প্রণয়রসনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্ম ইতি ব্রহ্মাদিবাক্যাদুপলম্ভনং মাত্রাণাং রূপরসগন্ধা-দীনাং যস্য সঃ। ভক্তৈ র্ধ্যানোপলভ্যমানসৌন্দর্য্যাদিরিত্যর্থঃ। আত্মা পরমাত্মা ভগবানেবেত্যর্থঃ।

রাজন্যগণের ভয়ে ভীত হইয়া আপনি সমুদ্রগর্ভে বাস করিতেছেন, এই রূপ যে পূর্ব্বে বলিয়াছেন, তাহা যথার্থই বটে; কারণ যাঁহার চরণত্রয়ের আক্রমণে স্বর্গ, মর্ত্ত ও পাতাল আচ্ছন্ন হইয়াছিল, তাঁহার আবার দেবতা বা মানব রাজাগণের সন্নিধান হইতে ভয় হইবে এ কথাই সম্পূর্ণ অসম্ভব। তবে গুণগ্রাম হইতে সমুদ্ভূত শব্দাদি কার্য্যবর্গ বিবিধভাবে বিরাজ করে বলিয়া, রাজা নামে অভিহিত; সেই সকল রাজার ভয়ে ভীত হইয়াই যেন আপনি অগাধ সমুদ্রসদৃশ অন্তঃকরণের গভীর স্তরে অবগাহন পূর্ব্বক উপলব্ধিস্বরূপ

আভাস।

আপনি যে আমার সমতুল্য নহেন বলিয়াছেন, তাহা প্রকৃতই সত্য বটে। কারণ ব্রহ্মাদি লোকপালগণের নিয়ন্তা হইয়া আপনি গুণকার্য্যের বিভাগ করত স্বীয় পরমানন্দরসে নিরন্তর বিরাজ করিতেছেন; আর আমি সামান্য জড়া প্রকৃতি হইয়া আপনার ঈক্ষণে মাত্র ঐশ্বর্য্য-স্বরূপে প্রতীয়মানা থাকিয়া, ভোগী মূঢ় জনগণের মাত্র পূজার পাত্রী হইতেছি। অতএব আমি যে কোন অংশে আপনার সহিত তুলনীয় নহি, তাহাতে আর সন্দেহ নাই॥ ৩২॥

নিত্যং কদিন্দ্রিয়গণৈঃ কৃতবিগ্রহস্ত্বং ত্বৎসেবকৈর্নৃপপদং বিধুতং তমোঽন্ধং ॥৩৩

অন্বয়ঃ।

(কুৎসিতঃ বিষয়োন্মুখঃ ইন্দ্রিয়গণঃ যেষাং তৈঃ) ত্বং নিত্যং কৃতবিগ্রহঃ (পরস্পরসেব্যসেবক-ভাবাদর্শনাৎ) (যদুক্তং ত্যক্তনৃপাসনানিতি তদপি যুক্তমেব যতঃ) নৃপপদং (নৃপাণাং পদং আসনং) অন্ধং তমঃ ইতি মত্বা ত্বৎসেবকৈঃ (প্রিয়ব্রতাদিভিঃ) অপি ত্যক্তং অতঃ রাজাসনং ত্বয়া ত্যক্তং ইতি পুনঃ কিং বক্তব্যং ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

নিত্যাহ নিত্যমিতি। কদিন্দ্রিয়গণৈঃ কুৎসিতৈর্বহির্মুখৈরিন্দ্রিয়গণৈঃ। বৃত্ত্যভিপ্রায়েণ বহু-বচনং। কুৎসিত ইন্দ্রিয়গণো যেষামিতি বা। তৈস্ত্বং নিত্যং কৃতবিগ্রহঃ। তেষু তবাপ্রতীতেঃ। যদুক্তং প্রায়স্ত্যক্তনৃপাসনানিতি তদ্যুক্তমেবেত্যাহ ত্বৎসেবকৈরিতি। নৃপাণাং পদমাসনং অন্ধং গাঢ়ং তমঃ তৎ। অবিবেকবহুত্বাৎ ত্বৎসেবকৈরেব ত্যক্তং কিং পুনর্বক্তব্যং ত্বয়া ত্যক্তমিতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মা পরমাত্মা ভগবানেবেত্যর্থঃ। যদুক্তং। বলবদ্ভিঃ কৃতদ্বেষানিতি তত্রাহ নিত্যমিতি কদিন্দ্রিয়গণৈঃ স্বভক্তস্য বিষয়গ্রাহিভিরিন্দ্রিয়ৈঃ সহ কৃতযুদ্ধঃ। গণৈরিতি বৃত্ত্যভিপ্রায়েণ বহুত্বং ভক্তস্য সংসারদুঃখত্রাণার্থমিতি ভাবঃ। অয়মর্থঃ। সাধকভক্তানাং প্রথমতো ধ্যানগম্যং যৎকিঞ্চিন্মাধুর্য্য এব ত্বং ভবসি নতু প্রত্যক্ষীভবসি যৎ তন্মন্যে বিষয়েভ্যো ভয়াদিব তদন্তঃকরণে

চৈতন্যঘনরূপে শয়ন করেন বটে; বলবান্ ব্যক্তিগণের সহিত আপনার নিরন্তর কলহ হয় যে বলিয়াছেন, তাহাও সত্য বটে; বিষয়োন্মুখ কুৎসিত ইন্দ্রিয়বর্গই সেই বলবান্ বিদ্বেষী। অতএব যাহারা বিষয়-সেবায় সতত তৎপর, আপনি প্রভু সেব্য এবং জীবনিচয় আপনার সেবক এই ভাব যাহারা ধারণা করিতে সম্পূর্ণ অক্ষম, তাহাদের সহিতই আপনার নিত্য বিরোধ ঘটিয়া

আভাস।

অত্যাচারী রাজাগণের ভয়ে ভীত হইয়া শ্রীকৃষ্ণ সমুদ্রগর্ভে দ্বীপে যাইয়া প্রচ্ছন্নভাবে অবস্থান করেন, তাহা প্রকৃতই বটে; কিন্তু সে রাজা কেবল জরাসন্ধাদি নৃপতি মাত্র নহেন; শব্দাদি গুণময় পদার্থই প্রকৃত রাজার ন্যায় বিরাজ করত রাজানামে অভিহিত হইতেছে। কারণ সূত্রগ্রথিত মণিময় হার যেমন সূত্রকে নিজেদের অভ্যন্তরেই লুক্কায়িত রাখে, সেইরূপ গুণকার্য্য অনন্ত ব্রহ্মাণ্ড স্বকীয় ব্রহ্মশক্তির আশ্রয়ে আপনারাই প্রতীত হইতেছে। ব্রহ্মাণ্ডের কোন স্থানে তাঁহার সাক্ষাৎকার লাভ হয় না; কেবল "সর্ব্বতো-বৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং" সমুদ্রের অভ্যন্তরস্থ দ্বীপে অবস্থান করিবার ন্যায়, ভগবান্ জীবের অন্তঃকরণে অবস্থান করিয়া থাকেন। ভক্তহৃদয় ভোগে ভীত বলিয়াই যেন গুণময় ভাব ও পদার্থের সংস্রবে ভগবান্ও ভীত হইয়া, ভক্তের হৃদয়মন্দিরে বিরাজ করিয়া থাকেন।

ত্বৎপাদপদ্মমকরন্দজুষাং মুনীনাং বর্ত্মাস্ফুটং নৃপশুভির্নু দুর্ব্বিভাব্যং।

অন্বয়ঃ।

ত্বৎপাদপদ্মমকরন্দজুষাং (তব পাদপদ্ময়োঃ যঃ মকরন্দঃ পরমানন্দাত্মকঃ রসবিশেষঃ তজ্জুষাং তং সেবমানানাং তদনুভবং কুর্ব্বতাং) মুনীনাং মননশীলানাং বিবেকিনাং তথা ভবন্তং যে অনুবর্ত্তন্তে যেষাং এব তাবৎ বর্ত্ম মার্গঃ অস্ফুটং ঈহিতং চ অলৌকিকং ইব

শ্রীধরস্বামী।

অস্পষ্টবর্ত্মনাং পুংসামলোকপথমীয়ুষামিতি যদুক্তং তদপি তথৈবেত্যাহ ত্বৎপাদেতি নৃপশুভির্নরাকারৈঃ পশুভিঃ। কিং পুনর্বক্তব্যং তব বর্ত্মাস্ফুটমিতি। কিঞ্চ যস্মাদ্ যে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

প্রবিশ্য স্বপিষ্যেব যতো ভক্তিবৃদ্ধ্যা কদিন্দ্রিয়েষু বিজিতেষু সৎসু বিষয়নিবৃত্তৌ সত্যাং স্বাপাদুত্থিত ইব সাক্ষাদেব প্রত্যক্ষীভূয় স্বীয়ানেকমাধুর্য্যাণি স্বভক্তান্ গ্রাহয়সীতি যদুক্তং ত্যক্তনৃপাসনানিতি তদপি যুক্তমেবেত্যাহ ত্বৎসেবকৈরপি নৃপপদং নৃপাসনং অবিবেকবহুলত্বাদন্ধং তম ইব বিধুতং ত্যক্তং কিং পুনর্বক্তব্যং ত্বয়া ত্যক্তমিতি অত্র সেবকৈরিতি পদদৃষ্ট্যা পূর্ব্বত্রোভয়ত্রাপি ভক্তসম্বন্ধো ব্যাখ্যাতঃ ॥ ৩৩ ॥

অস্পষ্টবর্ত্মনামিতি যদুক্তং তদপি তথেত্যাহ ত্বদিতি নম্বিতি নিশ্চয়ে অলোকপথমীয়ুষা-

---

থাকে। রাজসিংহাসন আপনি ত্যাগ করিয়াছেন বলায়, কিছু অত্যুক্তি হয় নাই। কারণ যাহারা আপনার প্রিয় সেবক, সেই প্রিয়ব্রতাদি ভক্তগণই যখন ঘোর অজ্ঞানের আস্পদ বলিয়া রাজসিংহাসনকে পরিত্যাগ করিয়াছেন, তখন আপনি স্বয়ং তাহা ত্যাগ করিবেন, তাহাতে আর বিচিত্র কি ? ॥ ৩৩ ॥

ভবদীয় পাদপদ্মরূপ পরমানন্দরসে যাহারা একবার নিমগ্ন হয়, তাদৃশ

আভাস

সুতরাং আপনাকে অবধারণ করিতে হইলে, গুণময় ব্রহ্মাণ্ডকে পরিত্যাগ করিয়া চিত্তসরোবরেই অন্বেষণ করা সর্ব্বতোভাবে বিধেয়। যাহারা কেবল পুরুষকারে প্রবৃত্ত হইয়া কেবল ইন্দ্রিয়-চরিতার্থের জন্যই অগ্রসর হয়, তাহারাই প্রকৃত বলবান্ বিদ্বেষী। তাহারা নিরন্তর আপনাকে উপেক্ষা করে বটে; কিন্তু আপনি জগতের জীবন পরমাত্মা। নৃপাসন পরিত্যাগ করাতে আপনার পক্ষে কোন নিন্দাবাদ হইতে পারে না; কারণ ভবদীয় ভক্ত অনুচরগণ যখন হেয় ও অভিমানের আকর বলিয়া, অবলীলাক্রমে রাজত্ব পরিত্যাগে প্রব্রজ্যায় গমন করেন, তখন আপ্তকাম আপনি কোন্ সাধের পুরাণার্থ রাজৈশ্বর্য্যে আসক্ত হইবেন? আপনি রাজার রাজা, পতির পতি এবং দেবতাগণেরও পরম দেবতা! নিত্য নিরতিশয় ঐশ্বর্য্যে অবস্থান করিয়া, সামান্য লৌকিক রাজত্বের প্রয়াস আপনাতে কখন সম্ভবপর হইতে পারে না ॥ ৩৩ ॥

হে হৃষীকেশ! আপনার কার্য্যকলাপ বিচিত্র; আপনার পথ অনুসরণে ও আপনার আচার

যন্মাদলৌকিকমিবেহিতমীশ্বরস্য ভূমংস্তবেহিতমথো অনু যে ভবন্তং ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

অতএব উভয়মপি নৃপশুভিঃ পশুতুল্যৈঃ অবিবেকিভিঃ, নন্থ দুর্বিভাব্যং অবিতর্ক্যং এব। অথ তস্মাৎ হে ভূমন্! তব ঈশ্বরস্য বস্তু অস্ফুটং ঈহিতং চ অলৌকিকং দুর্বিভাব্যং চ, ইতি কিং বক্তব্যং ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

ভবন্তমনুবর্ত্তন্তে তেষামপীহিতমলৌকিকমিব। অথো কিং বক্তব্যং তবেশ্বরস্যেহিতমলৌকিকমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিতি যদুক্তং তদপি সত্যমেবেত্যাহ যন্মাদলৌকিকং লোকাতীতমেব তবেহিতং। অথো অতএব ভবন্তমনুবর্ত্তন্তে যে তেষামপীহিতমলৌকিকমেব ॥ ৩৪ ॥

মননশীল বিবেকী মুনিগণ এবং ভবদীয় ভক্তগণের আচরণ ও চেষ্টা যখন অলৌকিক এবং পশুতুল্য অবিবেকী মানব যখন তাঁহাদেরও কার্য্যকলাপ ও আচরণ অবধারণ করিতে পারে না, তখন হে সর্ব্বস্বামিন্! সর্ব্বাধিপতি ভবদীয় কার্য্যকলাপ এবং অস্পষ্ট চেষ্টা যে অলৌকিক এবং ভাবনার অতীত হইবে, তাহাতে আর আশ্চর্য্য কি! ॥ ৩৪ ॥

আভাস।

দর্শনে কেহ আপনাকে চিনিতে পারে না বলিয়া যে দোষ নিজের উপর আরোপ করিয়াছেন, সে দোষ দোষ নহে; আপনার অনুপম গুণেরই পরিচয়! আপনাকে জানা বা চেনা সাধারণ লোকের সামর্থ্যে ঘটে না। তাহারাত সকলেই প্রকৃত মনুষ্য নহে; এইবার প্রথম তির্য্যগাদি কোন পশুযোনি হইতে মনুষ্য-কলেবর ধারণে মনুষ্যের ন্যায় পরিচিত হইতেছে মাত্র; পশুবৃত্তি এখনও তাহাদের অন্তর হইতে হ্রাস হয় নাই; তাহারা ভোগেই একান্ত নিরত; ভোগের সাধ তাহাদের এখনও পূর্ণ হয় নাই। সুতরাং মনুষ্যদেহেও তাহারা প্রচ্ছন্ন পশুবৃত্তি অবলম্বনে বিচরণ করায়, আপনাকে কিরূপে অবগত হইবে? কিন্তু যাহারা প্রকৃত মানব, তাহারা মানববৃত্তি লইয়াই অগ্রসর হইয়া থাকে; তাহারা ভোগের জন্য বিব্রত না হইয়া, নিরন্তর ভোগদাতার অন্বেষণ করিয়া থাকে; সুতরাং তাঁহাদের নিকট আপনার পথ বা আচার কিছুই অপরিচিত বা অজ্ঞাত থাকে না। অধিক কি! যাঁহারা আপনার আচরণ বিশেষরূপে অবগত হইতে পারেন, তাঁহাদের আচারও সাধারণ নররূপধারী মানব কখন অবধারণ করিতে পারে না ॥ ৩৪ ॥

আপনার আশ্রিতা কামিনী নিরন্তর অবসন্না হয়; আপনি অতি নিষ্কিঞ্চন ব্যক্তি এবং একান্ত নিঃস্ব নিষ্কিঞ্চন ব্যক্তিই আপনার সম্ভ্রম করিয়া থাকেন এবং ধনী ব্যক্তি আপনাকে কখন প্রেম করে না বলিয়া যে নিজের উপর দোষারোপ করিলেন, তাহাও অসঙ্গত। কারণ

নিষ্কিঞ্চনো নন্বু ভবান্ন যতোঽস্তি কিঞ্চিদ্
যস্মৈ বলিং বলিভুজোঽপি হরন্ত্যজাদ্যাঃ।

অন্বয়ঃ।

নন্বু হে প্রভো! যতঃ সকাশাৎ কিঞ্চিৎ অপি দুর্ল্লভং নাস্তি তথাভূতঃ নিষ্কিঞ্চনঃ ভবান্। অজাদ্যাঃ ব্রহ্মাদয়ঃ, বলিভুজঃ (বলিং পূজাং ভুঞ্জতে স্বীকুর্ব্বন্তি ইতি বলিভুজঃ) অপি যস্মৈ তুভ্যং বলিং পূজাং, হরন্তি সমর্পয়ন্তি, তস্য সর্ব্বেশ্বরস্য তব দরিদ্রতাং কথং স্যাৎ। (নিষ্কিঞ্চনজনপ্রিয় ইত্যত্রাহ) বলিভুজাং লোকেশ্বরাণাং ব্রহ্মাদীনাং অপি ভবান্ প্রেষ্ঠঃ;

শ্রীধরস্বামী।

আস্থিতাঃ পদবীং সুভ্রু প্রায়ঃ সীদন্তি যোষিত ইতি যদুক্তং অস্য পরিহারং বক্ষ্যতি যদ্বাঞ্ছয়েতি। নিষ্কিঞ্চনা বয়ং শশ্বন্নিষ্কিঞ্চনজনপ্রিয়াঃ। তস্মাৎ প্রায়েণ ন হ্যাঢ্যা মাং ভজন্তি সুমধ্যমে ইত্যেতৎ শ্লোকোক্তং দোষত্রয়ং পরিহরতি নিষ্কিঞ্চন ইতি। দরিদ্রতালক্ষণং নিষ্কিনত্বং। এতত্তু তব ন ঘটত ইত্যাহ যস্মা ইতি। অন্যতো বলিভুজঃ পূজ্যা অপি ব্রহ্মাদয়ো যস্মৈ ভবতে বলিং হরন্তি তস্য সর্ব্বেশ্বরস্য ভবতো দরিদ্রতা ন ঘটত ইত্যর্থঃ। নিষ্কিঞ্চনজনপ্রিয়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিষ্কিঞ্চনা বয়ং শশ্বদিতি যদুক্তং তত্রাহ। নিষ্কিঞ্চন ইতি নিরিতি নিষেধে নাস্ত্যধিকং কিমপি বস্তু যস্মাৎ স নিষ্কিঞ্চনস্ত্বং। যদ্বা। সর্ব্ববিভক্তিকস্তসিঃ। ন বিদ্যতে কিঞ্চন ঐশ্বর্য্যমাধুর্য্যযশোবলজ্ঞানবৈরাগ্যাদিকং কিন্তু সর্ব্বাংশিত্বাৎ সম্পূর্ণমেব যস্য সঃ। দরিদ্রত্বান্ন বিদ্যতে কিঞ্চনাপি যস্য স ইত্যর্থস্তু ত্বয়ি ন ঘটত ইত্যাহ যস্মৈ ইতি তস্মাৎ প্রায়েণ ন হ্যাঢ্যা মাং ভজন্তীতি যদুক্তং তত্রাহ নেতি আঢ্যতয়া অন্ধা অতএবাসুতৃপঃ স্বপ্রাণতর্পকা বহির্মুখাস্ত্বামন্তকং দণ্ডকর্ত্তারং নৈব বিদন্তি কুতো ভজিষ্যন্তীত্যর্থঃ। নিষ্কিঞ্চনজনপ্রিয়া ইতি যদুক্তং

হে প্রভো! আপনি যে নিষ্কিঞ্চনতার পরিচয় দিয়াছেন, তাহা যথার্থই বটে; তবে আপনার যে কিছুই নাই বলিয়া আপনি নিষ্কিঞ্চন, তাহা নহে; বস্তুত আপনার কোন অভাবই নাই, বলিয়াই আপনি নিষ্কিঞ্চন; কারণ পূজার্হ ব্রহ্মাদি লোকপালগণ সকলেই আপনাকে বলি প্রদান করিয়া থাকেন। অতএব সর্ব্বেশ্বর হইয়া দারিদ্র্য দোষ আপনাতে কিরূপে সম্ভবপর হইতে পারে? দরিদ্রগণই আপনাকে প্রেম করে, এ কথাও অসঙ্গত। কারণ বলি-

আভাস।

আপনার রচিতই এই বিশ্ব সংসার; বিশ্বপালকগণও আপনার! তখন আপনার কিছু নাই, একথা ত সম্পূর্ণ অসঙ্গত। নিষ্কিঞ্চন শব্দের নিরিতি নিষেধ অর্থে গ্রহণ করিতে পারিলে, বরং অর্থের সামঞ্জস্য হয়। অর্থাৎ আপনি ব্যতীত জগতে কোন বস্তুই নাই। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম"; সমস্তই আপনি! কিম্বা ঐশ্বর্য্য মাধুর্য্য যশঃ বল জ্ঞান ও বৈরাগ্যাদি যাবদীয় শক্তিই আপনাতে যে কিঞ্চন অর্থাৎ আংশিকভাবে আছে, তাহা নহে; পূর্ণমাত্রাতে আপনাতেই অবস্থান করিয়া

ন ত্বাং বিদন্ত্যসুতৃপোঽন্তকমাঢ্যতান্ধাঃ
প্রেষ্ঠো ভবান্ বলিভুজামপি তেঽপি তুভ্যং ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

তে ব্রহ্মাদয়ঃ, অপি তুভ্যং তব, প্রেষ্ঠাঃ। (আঢ্যাঃ মাং ন ভজন্তে ইত্যত্রাহ) আঢ্যতান্ধাঃ (আঢ্যতয়া ধনাভিজনাদিভিঃ আঢ্যত্বাভিমানেন, অন্ধাঃ বিবেকশূন্যাঃ) অতএব অসুতৃপঃ (অসূন্ ইন্দ্রিয়াণি, এব তর্পয়ন্তি ইতি তথাভূতাঃ তে) অন্তকং আয়ুর্হরন্তং কালরূপং, অপি ত্বাং ন বিদন্তি ন জানন্তি অতো ন ভজন্তি ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

ইত্যত্র তৎপুরুষেণ বহুব্রীহিণা বা নিন্দা স্যাদিতি স্বয়মুভয়থা স্তৌতি প্রেষ্ঠো ভবানিতি। বলিভুজাং ব্রহ্মাদীনাং লোকেশ্বরাণাং ত্বং প্রেষ্ঠঃ। তেঽপি তুভ্যং তবেতি। তস্মাৎ প্রায়েণ ন হ্যাঢ্যা মাং ভজন্তি সুমধ্যম ইত্যন্যোত্তরং ন ত্বাং বিদন্তীতি আঢ্যতয়া অন্ধাঃ ত্বা ত্বামন্তকং ন বিদন্তি। যতস্তে অসুতৃপঃ অসূনেব তর্পয়ন্তি ন ত্বাং ভজন্তীত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র তৎপুরুষসমাশ্রিত্য কৈমুত্যেনাহ প্রেষ্ঠ ইতি। ভবান্ বলিভুজামপি সকামানামপি ব্রহ্মাদীনাং প্রেষ্ঠ কিমুত নিষ্কিঞ্চনানাং নিষ্কামভক্তানাং প্রেষ্ঠ ইতি বহুব্রীহিমাশ্রিত্যাহ। তেঽপি সকামভক্তা অপি তুভ্যং তব প্রিয়াঃ কিমুত নিষ্কামভক্তা নিষ্কিঞ্চনজনাঃ। ন যেষাং ভজনাদন্যচ্চিকীর্ষিতমভীপ্সিতং জিজ্ঞাসিতঞ্চ কিঞ্চিত্তে জ্ঞেয়া নিষ্কিঞ্চনা বুধৈরিতি পৌরাণিকোক্তের্ভক্তবাচিত্বে নিষ্কিঞ্চনশব্দো ব্যাখ্যাতঃ ॥ ৩৫ ॥

ভুক্ত ব্রহ্মাদি লোকেশ্বরগণ যখন আপনাকে প্রেম করেন এবং আপনি তাঁহাদিগকে প্রেম করেন, তখন অন্য শ্রেষ্ঠতমের আর কথা কি! তবে যাহারা ধন, মান ও আভিজাত্যাদিতে অভিমানী, তাহারা আপনাকে প্রেম করে না বটে; কারণ তাহারা ঐশ্বর্য্যমদে সম্পূর্ণ অন্ধ ও জ্ঞানহীন। ইন্দ্রিয়-চরিতার্থ করাই তাহাদের একমাত্র লক্ষ্য; সুতরাং কালস্বরূপে কেশাগ্র ধারণ করিয়া, আপনি যে তাহাদের অগ্রভাগে দণ্ডায়মান, তাহাও তাহারা অবিবেকিতা বশতই কেবল আপনাকে দর্শন করিতে পায় না ।। ৩৫।।

আভাস।

থাকে। দরিদ্র বলিয়া আপনাকে কেহ ভজনা করে না, বলাও অসঙ্গত, কারণ ব্রহ্মাদি লোকপালগণ যখন মস্তকে করিয়া আপনার আজ্ঞা নিত্য প্রতিপালন করেন এবং ভৃত্যবৎ কার্য্য করেন, তখন আর অন্য কোন ব্যক্তিকে ত তাঁহাদের অপেক্ষা ধনী বা মানী দেখিতে পাই না। ধন থাকিলেই যে ধনী হয়, তাহা নহে; তন্মধ্যে কেহ ধনের দাস এবং কেহ ধনকে দাসবৎ ব্যবহার করে। এই উভয়ের মধ্যে ধনের দাসভূত ধনী তোমাকে অবশ্য অবধারণ করিতে পারে না। কারণ তাহারা ভোগলালসায় সম্পূর্ণ অন্ধ; বহির্দৃষ্টিতেই সর্ব্বদা বিব্রত; সুতরাং অন্তরের

ত্বং বৈ সমস্ত পুরুষার্থময়ঃ ফলাত্মা
যদ্বাঞ্ছয়া সুমতয়ো বিসৃজন্তি কৃৎস্নং।
তেষাং বিভো সমুচিতো ভবতঃ সমাজঃ
পুংসঃ স্ত্রিয়াশ্চ রতয়োঃ সুখদুঃখিনো নঃ॥ ৩৬॥

অন্বয়ঃ।

ত্বং বৈ সমস্তপুরুষার্থময়ঃ ধর্ম্মার্থকামমোক্ষচতুর্ব্বিধপুরুষার্থপ্রদঃ, ফলাত্মা পরমানন্দস্বরূপঃ, যদ্বাঞ্ছয়া (যস্য ফলরূপস্য তব বাঞ্ছয়া প্রাপ্তীচ্ছয়া, সুমতয়ঃ কৃৎস্নং সর্ব্বমপি, ব্যবহারং বিসৃজন্তি ত্যজন্তি। হে বিভো! তেষাং বিবেকিনাং, ভবতঃ সমাজঃ সেব্যসেবকভাবলক্ষণঃ সম্বন্ধঃ, সমুচিতঃ এব। রতয়োঃ পরস্পরানুরাগযুক্তয়োঃ, অতএব সুখদুঃখিনোঃ পুংসঃ স্ত্রিয়াঃ চ সমাজঃ গোষ্ঠী স্তেষাং ন উচিতঃ॥ ৩৬॥

শ্রীধরস্বামী।

বলিভুজামপি ভবান্ প্রেষ্ঠ ইত্যত্র হেতুং বদন্তী যয়োরাত্মসমং বিত্তমিত্যনেনোক্তমনৌচিত্যং পরিহরতি ত্বং বা ইতি। ফলাত্মা পরমাত্মরূপঃ। এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তীতি শ্রুতেঃ। সমাজঃ সেব্যসেবকলক্ষণঃ সম্বন্ধঃ। নতু পুংসঃ স্ত্রিয়াশ্চ মিথো রতয়োঃ। অতএব তৎকৃতসুখদুঃখিনোঃ। তদাকুলয়োরিত্যর্থঃ॥ ৩৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যয়োরেব সমং বিত্তমিত্যাদি যদুক্তং তত্তু ত্বত্তোঽন্যত্রৈব; নতু ত্বয়ি সন্তবেদিত্যাহ ত্বমিতি। ফলাত্মা ফলস্বরূপঃ। সমাজঃ সেব্যসেবকলক্ষণসম্বন্ধঃ। স তু নারায়ণলক্ষ্মোরপি ত্বদস্মদাদ্যোরপি। নতু প্রাকৃতস্য পুংসঃ স্ত্রিয়াশ্চ মিথো রতয়োঃ॥ ৩৬॥

আপনি জীবকে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বিধ পুরুষার্থই প্রদান করিয়া থাকেন; আপনি পরমানন্দস্বরূপ পরমাত্মা! আপনাকে দর্শন করিবার অভিপ্রায়ে মতিমান্ বিবেকিগণ সাংসারিক সমস্ত ব্যবহারই পরিত্যাগ করিয়া থাকেন। আপনার সহিত সেব্য-সেবক-ভাব সম্বন্ধ রক্ষা করাই তাঁহাদের জীবনের এক মাত্র কার্য্য এবং পরস্পরের অনুরাগের বিনিময়-লাভই এক মাত্র লক্ষ্য। অতএব সংসার সম্বন্ধে একান্ত দুঃখী নরনারীর পক্ষে প্রাকৃতিক সম্বন্ধকে উপেক্ষা করিয়া, এই পরমার্থ সম্বন্ধের জন্য যত্নশীল হওয়াই সর্ব্বতোভাবে বিধেয়॥ ৩৬॥

আভাস।

ধনের প্রতি তাঁহাদের দৃষ্টি কখনই নাই। যাঁহাদের বিষয়-দর্শন সমাপ্ত হইয়াছে; ভোগে দুঃখ ব্যতীত যাঁহারা সুখের লেশ মাত্র বিশেষ বিচারবলেও অবধারণ করিতে পারেন না, তাঁহারাই কেবল পরম শান্তির প্রত্যাশায় আপনার অভিমুখে অগ্রসর হইয়া থাকেন॥ ৩৫॥

ত্বং ন্যস্তদণ্ডমুনিভি র্গদিতানুভাব আত্মাত্মদশ্চ জগতামিতি মে বৃতোঽসি।

অন্বয়ঃ।

(ভিক্ষুভিঃ শ্লাঘিতা মুধা ইত্যাহ) ত্বং ন্যস্তদণ্ডমুনিভিঃ (ন্যস্তঃ ত্যক্তঃ দণ্ডঃ প্রাণিপীড়া যৈঃ তে চ মুনয়ঃ তৈঃ) গদিতানুভাবঃ (গদিতঃ শ্লাঘিতঃ অনুভাবঃ যস্য তথাভূতঃ) জগতাং আত্মাত্মদঃ (আত্মনাং স্বভক্তানাং আত্মদঃ) চ ত্বং ইতি জ্ঞাত্বা ভবদ্ভ্রুবঃ (ভবতঃ ভ্রুবঃ সকাশাৎ উদীরিতঃ যঃ কালঃ তস্য বেগেন ধ্বস্তাঃ খণ্ডিতাঃ আশিষঃ ভোগাঃ যেষাং তান্ অজভবনাক-

শ্রীধরস্বামী।

ভিক্ষুভিঃ শ্লাঘিতা মুধেত্যস্য পরিহারস্ত্বমিত্যাদি ভিক্ষুপদব্যাখ্যানং। ন্যস্তদণ্ডৈর্মুনিভিরিতি মুধেত্যস্য পরিহার আত্মেতি। যদর্থং সর্ব্বং প্রিয়ং তস্য জগতামাত্মন স্তব বর্ণনং ন মুধেত্যর্থঃ। কিঞ্চ আত্মদ ইতি। বৈদর্ভ্যেতদবিজ্ঞায় ত্বয়া দীর্ঘসমীক্ষয়েত্যত্র স্বস্মিন্নুক্তং দোষদ্বয়ং পরি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভিক্ষুভিঃ শ্লাঘিতা মুধেতি যদুক্তং তত্র ভিক্ষুশব্দার্থং ব্যাচক্ষাণা ভিক্ষুশ্লাঘৈব সর্ব্বোৎকর্ষ ইত্যাহ ত্বমিতি। ন্যস্তদণ্ডেতি ত এব ভিক্ষব উচ্যন্ত ইতি ভাবঃ। গদিতানুভাবঃ শ্লাঘিতপ্রভাবঃ। আত্মা পরমাত্মেতি যদর্থং সর্ব্বং প্রিয়ং জাতং তেষামাত্মনস্তব শ্লাঘা ন মুধেত্যতো মুধেতি ত্বদুক্তি-রেব মুধেতি ভাবঃ। জগতামাত্মদ ইতি জগদ্বর্ত্তিজনেভ্যোঽপি ভজন্ত্যা স্বমাত্মানমপি দদাসীতি জ্ঞাত্বৈব মে ময়া ত্বং বৃতোঽসি। তদপি যদুক্তং ত্বয়া, বৈদর্ভ্যেতদবিজ্ঞায় ইতি তন্মমেদং

ভিক্ষুকগণ নিরর্থক আপনাকে প্রেম করেন না! তাঁহারা হিংসাবৃত্তিকে সম্পূর্ণ পরিহার করত, আপনার ঐশ্বর্য্যের বর্ণন করিয়া থাকেন। আপনি স্বীয় ভক্তগণকেই আত্মস্বরূপ প্রদান করিয়া থাকেন, ইহাই অবধারণ করিয়া, আমি আপনাতে আত্মসমর্পণ করিয়াছি। কারণ আপনার ঈষৎ কটাক্ষে আভাস।

প্রাকৃতিক মানব-সম্বন্ধীয় সৌহার্দ্দের ন্যায়, পরমপুরুষ আপনাতে আমার সৌহার্দ্দ কি সঙ্গত হয়? আপনি প্রভু, আমি আপনার পরিচারিকা; আপনি মোক্ষাদি চতুর্ব্বিধ পুরুষার্থ প্রদান করিয়া থাকেন; আমরা তাহারই প্রত্যাশায় আপনার আশ্রয় প্রার্থনা করিতেছি মাত্র। শ্রুতি বলিয়াছেন, ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত ভূতনিচয় আপনার কণামাত্র আনন্দ লাভ করিয়া, জগতে আনন্দময়ত্বের পরিচয় দিয়া থাকে। আপনার পরমানন্দভাব অনুভব করিতে পারিলে, আর অতৃপ্তি থাকে না। আপনার সহিত সেব্যসেবক লক্ষণ সম্বন্ধ স্থাপন করিতে পারিলে, জাগতিক দুঃখের আর মুখাবলোকন করিতে হয় না॥ ৩৬॥

যাহারা আপনাতে আত্মসমর্পণ করে, তাহাদিগকেই আপনি আত্মস্বরূপ প্রদান করিয়া থাকেন। আপনাকে প্রাপ্ত হইলে, আর কোন বিষয় প্রাপ্ত হইবার প্রয়াস থাকে না; সুতরাং আমি আপনাতে আত্মসমর্পণ করিয়াছি। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "স পূর্ব্বে-ষামপি গুরুঃ কালেনানবচ্ছেদাৎ" ভগবান্ পরম পুরুষ নিত্য সত্যস্বরূপ; কাল তাঁহার উপর

হিত্বা ভবদ্ভ্রুবউদীরিতকালবেগধ্বস্তাশিষোঽব্জভবনাকপতীন্ কুতোঽন্যে।৩৭॥
জাড্যং বচস্তব গদাগ্রজ যস্তু ভূপান্ বিদ্রাব্য শার্ঙ্গনিনদেন জহর্থ মাৎ ত্বং।

অন্বয়ঃ।

পতীন্ (অব্জভবঃ ব্রহ্মা, নাকপতয়ঃ ইন্দ্রাদয়ঃ স্বর্গপতয়ঃ তান্) হিত্বা উপেক্ষ্য, মে ময়া, বৃতঃ অসি। অতঃ অন্যে চৈদ্যাদয়ঃ কুতঃ বরণযোগ্যাঃ ইতি ॥ ৩৭ ॥

হে গদাগ্রজ! সিংহঃ যথা পশূন্ মহিষাদীন্, বিদ্রাব্য স্ববলিং স্বভাগং, হরতি তথা যঃ

শ্রীধরস্বামী।

হরতি ইতীতি। ইতি জ্ঞাত্বৈব মে ময়া বৃতোঽসীত্যজ্ঞানপরিহারঃ। হিত্বেত্যদীর্ঘসমীক্ষা পরিহারঃ। ভবতো ভ্রুবঃ সকাশাদুদীরিতো যঃ কাল স্তস্য বেগ স্তেন ধ্বস্তা আশিষো যেষাং তান্ ব্রহ্মাদীনপি বিহায়। কুতোঽন্যে বরাকা ইত্যর্থঃ ॥ ৩৭ ॥

স্বাজ্ঞানং পরিহৃত্য পুরুষান্তরগুণবর্ণনপ্রদীপ্তকোপসংরম্ভেণ তস্মিন্নেবাজ্ঞানমাপাদয়তি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিলক্ষণং জ্ঞানমজ্ঞাত্বৈবেতি ভাবঃ। ভবতো ভ্রুবঃ সকাশাদুদীরিতো যঃ কালস্তস্য বেগেন ধ্বস্তা আশিষো যেষাং তান্ ব্রহ্মাদীনপি বিহায় ত্বং বৃতোঽসি কুতোঽন্যে বরাকা স্তদপি যদুক্তং ত্বয়া অদীর্ঘসমীক্ষয়েতি তন্মম দীর্ঘসমীক্ষামপ্যবিজ্ঞায়ৈবোক্তমিতি ভাবঃ ॥ ৩৭ ॥

তদেবমকস্মান্মানাথ্যস্থায়িভাবোদয়-রতি-স্বজ্ঞানসমীক্ষয়োরজ্ঞানং তস্মিন্নেব ব্যঞ্জনয়া বৃত্ত্যা উক্ত্বাপি পুনঃ পুরুষান্তরগুণবর্ণনপ্রদীপ্তকোপেনাভিধয়াপি তস্মিন্নজ্ঞানং সসংরম্ভ-ভ্রুকুটি-

---

যে প্রচণ্ড কালের উদয় হয়, তাহার বেগ ইন্দ্রাদি লোকপালগণ, এমন কি! কমলাসন ব্রহ্মা পর্য্যন্ত ধারণ করিতে পারেন না। কাল-স্রোতে তাঁহারাও ভোগে বঞ্চিত ও বিধ্বস্ত হইয়া পড়েন। অতএব আমি যখন তাদৃশ অমরেশ্বর ইন্দ্র বা প্রজাপতি ব্রহ্মাকে পর্য্যন্ত উপেক্ষা করিয়া সাক্ষাৎ কালকর্ত্তা আপনাকে পতিত্বে বরণ করিয়াছি, তখন চৈদ্যাদি নরপালগণ যে আমার সন্নিধানে নিতান্তই অকিঞ্চিৎকর, তাহাতে আর বক্তব্য কি! ॥ ৩৭ ॥

হে গদাগ্রজ! পশুরাজ কেশরী যেমন মহিষাদি পশুকুলকে বিদূরিত

আভাস।

কোনরূপ আধিপত্য স্থাপনে সক্ষম হয় না; তিনি কালেরও কর্ত্তা। ব্রহ্মাদি যাবতীয় লোকপালগণ কালের অধীন; তাঁহাদেরও উৎপত্তি এবং লয় কালক্রমে হইয়া থাকে। অতএব অনিত্য মায়াময় অন্য কাহারও আশ্রয় গ্রহণ না করিয়া, আপনার শরণ লইলে কালের হস্ত হইতে নিশ্চয় অব্যাহতি পাইব; এই প্রত্যাশায় শরণ লইয়াছি! আমাকে উপেক্ষা করিবেন না! ॥ ৩৭ ॥

সিংহ সমীপে অন্যান্য পশুকুলের বল-প্রশংসা যেমন শোভা পায় না, সূর্য্যের সন্নিধানে

সিংহো যথা স্ববলিমীশ পশূন্ স্বভাগং তেভ্যো ভয়াদ্যদুদধিং শরণং প্রপন্নঃ॥ ৩৮
যদ্বাঞ্ছয়া নৃপশিখামণয়োঽঙ্গ-বৈণ্য-জায়ন্ত-নাহুষ-গয়াদয় ঐকপত্যং।

অন্বয়ঃ।

ত্বং শার্ঙ্গ-ধনু-র্নিনদেন এব ভূপান্ জরাসন্ধাদীন, বিদ্রাব্য পলায়নং কারয়িত্বা, মাং জহর্থ হৃতবান্ অসি; হে ঈশ! তস্য তব তেভ্যঃ রাজভ্যো, ভয়াৎ উদধিং সমুদ্রং, শরণং প্রপন্নঃ ইতি যৎ বচঃ ভাষণং তৎ জাড্যং অনন্বিতং, এব ইত্যর্থঃ॥ ৩৮॥

হে অম্বুজাক্ষ! যস্য তব, বাঞ্ছয়া প্রাপ্তীচ্ছয়া, নৃপশিখামণয়ঃ রাজোত্তমাঃ, অঙ্গাদয়ঃ ঐকপত্যং (একঃ স্বয়ং অধিপতিঃ যস্মিন্ এতাদৃশং অপি রাজ্যং বিসৃজ্য ত্যক্ত্বা (ত্বদ্ভজনার্থং

শ্রীধরস্বামী।

জাড্যমিতি। সিংহো যথা পশূন্ বিদ্রাব্য স্ববলিং হরতি তথা শার্ঙ্গধনুর্নিনদেন জরাসন্ধাদীন্ বিদ্রাব্য স্বভাগং শ্রিয়ং যত্ত্বং হৃতবানসি তস্য তব রাজভ্যো ভয়াদুদধিং প্রপন্ন ইতি যদ্বচো ভাষণং তজ্জাড্যং মন্দ্যং; ন ঘটত ইত্যর্থঃ॥ ৩৮॥

যচ্চান্যৎ অস্পষ্টবর্ত্মনামিত্যাদিনা অর্থাৎ ত্বাং ভজন্তঃ সীদন্তীত্যবসাদনং শ্রমাবহত্বমুক্তং তদপি মন্দমেবেত্যাহ যদ্বাঞ্ছয়েতি। যস্য তব ভজনবাঞ্ছয়া নৃপোত্তমাঃ। অঙ্গো বেণস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুটিলকটাক্ষং স্পষ্টয়ন্ত্যেবাহ জাড্যমিতি জাড্যময়মিত্যর্থঃ। যস্ত ত্বং ভূপান্ বিদ্রাব্য স্বভাগং মাং শ্রিয়ং জহর্থ তেভ্যো ভয়াদুদধিং শরণং প্রপন্ন স্ত্বমিতি যত্তব বচো ভাষণং তত্তব জাড্যং অজ্ঞানজ্ঞাপকমিত্যর্থঃ। নন্থ চ পূর্ব্বমকোপনয়া ত্বয়া সত্যং ভয়াদিব গুণেভ্য উরুক্রমান্তঃ শেতে সমুদ্র ইত্যনেন তদ্বচঃ সত্যমেব সমাহিতমিতি চেৎ সত্যং তন্মামপি জাড্যমিতি জ্ঞেয়ং॥ ৩৮॥

যত্ত্বয়োক্তং অস্মৎপদবীমাস্থিতাঃ প্রায়ঃ সীদন্তি যোষিত ইতি তদপি জাড্যমিত্যাহ

করত স্বীয় ভাগ বল পূর্ব্বকই গ্রহণ করিয়া থাকে, সেইরূপ আপনিও স্বীয় শার্ঙ্গধনুর নিনদের দ্বারাই জরাসন্ধাদি নরপতিকুলকে পলায়ন-পরায়ণ করিয়া, আমাকে হরণ করিয়াছেন। হে পরমেশ! তাদৃশ রাজন্যগণের ভয়ে ভীত হইয়া আপনি সমুদ্রে বাস করিতেছেন বলা, কি নিতান্ত অসঙ্গত ও অসম্বদ্ধ উক্তির প্রয়োগ করা হয় নাই?॥ ৩৮॥

হে পদ্মপলাশলোচন! ভবদীয় সাক্ষাৎকারের প্রার্থনায় অঙ্গ, পৃথু, ভরত, যযাতি এবং গয়াদি রাজচক্রবর্ত্তী নৃপতিগণ স্ব স্ব রাজত্ব পরিত্যাগ

আভাস।

খদ্যোতের আভা যেমন স্থান পায় না, আপনার মুখে চৈদ্যাদি নরপতিগণের প্রশংসাও সেইরূপ প্রতিষ্ঠা পাইতেছে না। পশুকুল সিংহভয়ে ভীত হইয়া, পাছে অবসন্ন হইয়া

রাজ্যং বিসৃজ্য বিবিশুর্বনমম্বুজাক্ষ
সীদন্তি তে নু পদবীং ত ইহাস্থিতাঃ কিং ॥ ৩৯ ॥
ক্ষান্যং শ্রয়েত তব পাদসরোজগন্ধমাঘ্রায় সন্মুখরিতং জনতাপবর্গং ।

অন্বয়ঃ।

ত্বৎপ্রাপ্তিসাধনং) বনং বিবিশুঃ; তথা তে তব, পদবীং মার্গং, আস্থিতাঃ কিং ইহ সংসারে সীদন্তি ইতরবৎ ক্লিশ্যন্তি ॥ ৩৯ ॥

সম্মুখরিতং (সদ্ভিঃ বিবেকিভিঃ মুখরিতং কথিতং) জনতাপবর্গং (জনতায়াঃ জনসমূহস্য শ্রবণকীর্ত্তনাদিপরস্য, অপবর্গং মোক্ষসাধকং) লক্ষ্ম্যালয়ং (লক্ষ্ম্যাঃ অপি আলয়ং আশ্রয়ং

শ্রীধরস্বামী।

পিতা। বৈণ্যঃ পৃথুঃ। জায়ন্তো ভরতঃ। নাহুষো যযাতিঃ। গয়শ্চাদি যেষাং তে যে এতে তে তব অনুপদবীং মার্গমাশ্রিতাঃ তে কিং সীদন্তি ন সীদন্ত্যেব অপিতু ত্বৎপদং প্রাপ্তা ইত্যর্থঃ। এবঞ্চ কোপাবেশেনাবসাদনস্য পরিহারাদস্পষ্টবর্ত্মনামিত্যেতদানন্তর্য্যং বিহায়াত্রোৎকর্ষঃ ॥৩৯

যচ্চোক্তমথাত্মনোঽনুরূপমিতি তত্রাহ কান্যমিতি শ্লোকদ্বয়েন। গুণানামালয়স্য তব পাদসরোজগন্ধং জনতায়া অপবর্গং মোক্ষরূপং লক্ষ্ম্যা আলয়ং তৎসেব্যং সদ্ভির্মুখরিতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদ্বাঞ্ছয়েতি। জায়ন্তো ভরতঃ। তে তব পদবীং আশ্রিতাস্তে রাজানঃ কিং সীদন্তি কিং তে নির্বুদ্ধয়ঃ। যতো বয়ং রাজকন্যাঃ নির্বুদ্ধয়ঃ সীদাম ইতি ত্বয়োচ্যতে ॥ ৩৯ ॥

যচ্চোক্তং অথাত্মনোঽনুরূপং বৈ ভজস্বেতি তত্রাহ। কান্যমিতি ত্বান্ত্যাং আশ্রায়েতি বা ত্বদীয়ং যশো ন শ্রুতবতী সা অন্যং শ্রয়তু নামেতি ভাবঃ। সদ্ভি র্ভ্রমরৈরিব মুখরিতং স্তুতং জনতায়া জনমাত্রস্যাপি শ্রবণাদিভিরপবর্গসাধকং। অবিগণয্য অবজ্ঞায় মর্ত্ত্যা মানুষীতি

পূর্ব্বক আপনার ভজনার্থ বনে গমন করিয়াছেন এবং তথায় সাধনের অনুসরণে আপনাকে প্রাপ্তও হইয়াছেন। তাঁহারা কি আর সাধারণ ভোগী জীবের ন্যায়, এই ঘোর সংসারে পুনরায় অবসন্ন হইতে প্রার্থনা করেন ? ॥ ৩৯ ॥

হে ভগবন্। যাঁহারা ভবদীয় গুণগ্রামের শ্রবণ ও কীর্ত্তনাদি ব্যাপারে নিমগ্ন থাকেন, তাঁহারা অন্তে মুক্তিলাভ করেন; তাহাতে আর সন্দেহ নাই। কারণ আপনার চরণের মহিমা অনন্ত ও অপার। স্বয়ং কমলাও ঐ চরণে

আভাস।

পড়ে, এই নিমিত্তই কেবল কেশরী যেমন গুহায় প্রবেশ করে, সেইরূপ পাছে অজ্ঞানী জীব সর্ব্বসাক্ষী বিশ্বব্যাপক ও সকলের দণ্ডদাতা আপনার নিরন্তর সাক্ষাৎকারে অবসাদ-গ্রস্ত হইয়া ভোগের দ্বারা বিষয়-বিচারে বিমুখ হইয়া পড়ে, এই নিমিত্তই আপনি বিরাট-ব্যাপারে লোকলোচন পরিহারার্থ সমুদ্র-গর্ভে ও ব্যষ্টিসংসারে হৃদয়-কন্দরে প্রবেশ পূর্ব্বক অবস্থান করিতেছেন। ভ্রমর যেমন গুন্ গুন্ ধ্বনির দ্বারা পুষ্পে মধুর পরিচয় প্রদান

লক্ষ্ম্যালয়ং ত্বদ্বিগণয্য গুণালয়স্য মর্ত্যা সদোরুভয়মর্থবিবিক্তদৃষ্টিঃ ॥ ৪০ ॥
তৎ ত্বানুরূপমভজং জগতামধীশমাত্মানমত্র চ পরত্র চ কামপূরং।

অন্বয়ঃ।

সেব্যং) গুণালয়স্য তব পাদসরোজগন্ধং আঘ্রায় ত্বং অবিগণয্য অর্থবিবিক্তদৃষ্টিঃ কা মর্ত্যা স্ত্রীঃ, সদোরুভয়ং (সদা উরুভয়ং যস্য তং) অন্যং শ্রয়েত সেবেত ॥ ৪০ ॥

অতঃ জগতাং অধীশং সর্ব্বস্য আত্মানং, অত্র অস্মিন্ লোকে পরত্র পরলোকে চ কামপূরং (কামান্ বিষয়ান্ পূরয়তি প্রাপয়তি ইতি তথা তং) তং উক্তপ্রভাবং অনুরূপং যোগ্যং এব ত্বা ত্বাং অহং অভজম্। যঃ বৈ ভজন্তং উপযাতি (অনায়াসেন স্বয়মেব প্রাপ্তঃ ভবতি) সঃ

শ্রীধরস্বামী।

বর্ণিতমাত্রায় তমবিগণয্য মর্ত্যা মরণধর্ম্মিকা সদা উরুভয়ং যস্য তমন্যং কা স্ত্রীঃ শ্রয়েত সেবেত। অর্থে বিবিক্তা দৃষ্টি র্যস্যাঃ সা। গুণালয়স্যেত্যনেনৈব গুণৈর্হীনা ইতি যদুক্তং তদপাস্তং ॥৪০॥

অতস্ত্বামেবাহমভজমিত্যাহ তং ত্বেতি প্রার্থয়তে স্যাদিতি। অরণং শরণং। স্মৃতিভির্দেবতির্য্যগাদিজন্মভিঃ। শ্রুতিভিরিতি পাঠে হর্ষবাদবহুলকর্ম্মশ্রবণৈরিত্যর্থঃ। কথম্ভূতস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাক্ষসপ্রেতাদিকন্যা ত্বন্যমাশ্রয়তামিতি ভাবঃ। অন্যং কীদৃশং সদোরুভয়ং অর্থবিবিক্তদৃষ্টিরিত্যবিচারান্ধা তু শ্রয়াত্বিতি ভাবঃ গুণালয়স্যেত্যনেন গুণৈর্হীনা ইতি যদুক্তং তদপি পরাহতং ॥ ৪০ ॥

অহন্তু শ্রুতচরত্বদ্গুণা মনুষ্যকন্যা বিচারবতীত্যত স্ত্বামেবাভজমিত্যাহ। তমিতি অনুরূপং যত আত্মানং পরমাত্মনস্তব ভজনমুচিতমেবেত্যর্থঃ। স্বস্য লীলা মানুষীত্বমেবাকস্মাদতিদৈন্যোদয়েন কর্ম্ম মানুষীত্বং মত্বা তদ্ভজনং প্রার্থয়তে স্যাদিতি। স্মৃতিভির্বিধজন্মতি-

---

আশ্রয় লাভ করিয়াই ঐশ্বর্য্যস্বরূপে অভিব্যক্তা হইয়াছেন। বিবেকী সাধু পুরুষগণই আপনার মহিমার পরিচয় দিয়া থাকেন। অতএব সর্ব্বগুণাধার ভবদীয় চরণ-কমলের সৌরভ একবার আঘ্রাণ করিয়া কোন্ বিবেকবতী ললনা আবার আপনাকে উপেক্ষা করত নিরন্তর সংসার-ভয়ে ভীত চৈদ্যাদির ন্যায় অতি তুচ্ছ ভোগীর আশ্রয়ে ভোগ প্রার্থনা করে? ॥ ৪০ ॥

অতএব হে শ্রীকৃষ্ণ! জগতের অধীশ্বর সর্ব্বান্তর্যামী যে পরাৎপর পরম

আভাস।

করে, ঋষিগণ সেইরূপ শাস্ত্র ও যুক্তির উল্লেখে ভবদীয় চরণপদ্মের অনুপম আনন্দমকরন্দের পরিচয় জগতে প্রদান করিয়া থাকেন। অতএব তাদৃশ ধ্বনি স্পষ্টত শ্রবণ করিয়া প্রকৃত ধনাকাঙ্ক্ষী নর বা নারী কোন্ প্রাণী আর অন্য ধনের প্রত্যাশা করে? আপনি গুণের আকর এবং ঐশ্বর্য্যের সাগর। যাহারা প্রকৃত বিবেকী তাহারা ভবদীয় পরমানন্দ রস একবার অনুভব করিলে, অন্য তুচ্ছ রসের কামনা আর কেন করিবে? ॥ ৩৮—৪০ ॥

স্যান্মে তবাঙ্ঘ্রিররণং স্মৃতিভির্ভ্রমন্ত্যা যো বৈ ভজন্তমুপযাত্যনৃতাপবর্গঃ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

অনৃতাপবর্গঃ (অনৃতস্য দেহাদৌ অহংমমাভিমানপূর্ব্বকঃ নানাবিধদুঃখস্য অপবর্গঃ নিবৃত্তিঃ যস্মাৎ তথাভূতঃ) তব অঙ্ঘ্রিঃ স্মৃতিভিঃ দেবতির্য্যগাদিজন্মভিঃ, ভ্রমন্ত্যাঃ মে মম, অরণং সেব্যতয়া আশ্রয়ঃ, স্যাৎ ইতি অনুগৃহাণ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

তব যস্ত্বমনৃতস্য সংসারস্য অপবর্গো নাশো যস্মাৎ স ভজন্তমুপযাতি আত্মসাৎকরোতি তস্য তবাঙ্ঘ্রিরিতি ভীতস্য হি শরণমেবানুরূপং ভজনযোগ্যং। অতস্ত্বামহমভজমিত্যর্থঃ ॥ ৪১

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভ্রমন্ত্যা অপি মে। শ্রুতিভিরিতি পাঠে তবান্যত্রাবতারে সীতাদীনাং ত্যাগস্য শ্রবণৈরত্র চ গোপীনাং তথাদ্যৈরেতাদৃশবচনশ্রবণৈশ্চ ভ্রমন্ত্যা বিবিধশঙ্কাময়ং ভ্রমং প্রাপ্নুবত্যা অপি ম স্তবাঙ্ঘ্রিঃ ভজন্তমুপযাতি কৃপয়া তৎসমীপং স্বয়মেবায়াতি। অনৃতস্য বিবিধভ্রমস্যাপবর্গো নাশো যস্মাৎ সঃ তেন তবাঙ্ঘ্রিপদ্মমেবাস্মদাদীনাং সুখদং সমরসঞ্চ শরণং ভূয়ান্নতু মুখপদ্মং যৎ খলু বিষয়রসমেব কদাচিন্মারকং বিষমপ্যুদ্গিরতি কদাচিৎ সঞ্জীবকমমৃতমপীতি দ্যোতিতং ॥ ৪১ ॥

পুরুষের কণামাত্র কৃপালাভে সংসারস্থ সকল জীবের সকল প্রার্থনারই পূরণ হইয়া থাকে, অনুপম প্রভাবশালী আপনার ন্যায় তাদৃশ উপযুক্ত পতিকেই আমি বরণ করিয়াছি। এক্ষণে যাঁহার উপাসনা করিলে, তিনি নিজে উপাসকের সমীপবর্ত্তী হন এবং তদুপলক্ষে দেহাভিমান ও বিষয়াভিমান-নিবন্ধন বিবিধ দুঃখের নিবৃত্তি হইয়া থাকে, আপনার তাদৃশ অভয়পদ আমার ন্যায় দেবতির্য্যগাদি বিচিত্র যোনিতে নিরন্তর জন্ম ধারণ পূর্ব্বক সংসারপথে ভ্রাম্যমাণ জীবের পক্ষে সেবা করিবার পরম আশ্রয়রূপে যেন নিরন্তর প্রতীত হয়, এই অনুগ্রহ আপনি আমার প্রতি প্রকাশ করুন্! ॥ ৪১ ॥

আভাস।

হে ভক্তবাঞ্ছাকল্পতরো! আমি অতি তুচ্ছা সামান্য মানবী! মানব-প্রকৃতির আশ্রয়েই সকল কর্ম্ম করিয়া থাকি! মানব-মুখে শ্রবণ করিয়াই কর্ত্তব্যাকর্ত্তব্যের বিচার করিয়া থাকি! আপনাকে প্রাকৃতিক পতিবোধে প্রেম করি নাই! আপনি জগতের স্বামী এবং অখিল লোকের কর্ত্তা ও সাক্ষাৎ পরমপুরুষ পরমাত্মা! সুতরাং মনুষ্যদেহ ধারণে ও মানবাচরণে জগতে উপস্থিত হইয়া, জন্ম-মরণ-রূপ সংসার-প্রবাহ হইতে আমাকে উদ্ধার করিতে আপনি যে সমর্থ, তাহা আমি বিলক্ষণ অবগত আছি। অতএব এ ক্ষেত্রে আপনার চরণ-চিন্তনই যে সংসার-নিকৃন্তনের এক মাত্র উপায়, তাহা আমি বিশেষরূপে অবধারণ করিয়াছি। আমি ত্যাগের ভয় করি না! শ্রীরামাবতারে পতিব্রতা জনকনন্দিনী সীতাকে আপনি পরিত্যাগ

তস্যাঃ স্যুরচ্যুত নৃপা ভবতোপদিষ্টাঃ স্ত্রীণাং গৃহেষু খর-গো-শ্ব-বিড়াল-ভৃত্যাঃ।
যৎ কর্ণমূলমরিকর্ষণ নোপযায়াদ্‌যুষ্মৎকথা মৃড়বিরিঞ্চিসভাসু গীতা। ৪২॥

অন্বয়ঃ।

হে অরিকর্ষণ শত্রুনিসূদন! মৃড়বিরিঞ্চিসভাসু গীতা কীর্ত্তিতা, যুষ্মৎকথা যৎকর্ণমূলং ন উপযাযাৎ উপগচ্ছেৎ, তস্যাঃ নার্য্যাঃ, এব হে অচ্যুত! ভবতা উপদিষ্টাঃ স্ত্রীণাং গৃহেষু খর-গো-শ্ব-বিড়াল-ভৃত্যাঃ (খরাঃ ভারবাহাঃ। গাবঃ বলীবর্দ্দাঃ ইব নিত্যং ব্যাপারক্লিষ্টাঃ। শ্বানঃ ইব অবমতাঃ, বিড়ালাঃ ইব কৃপণা হিংস্রাশ্চ; ভৃত্যাঃ ইব আজ্ঞানুসারিণঃ) নৃপাঃ এব পতয়ঃ স্যুঃ। ন মম পতিরিতি॥ ৪২॥

শ্রীধরস্বামী।

যে চোক্তা রাজ্ঞাং বহবো গুণাঃ রাজপুত্রীপ্সিতা ভূপৈর্লোকপালবিভূতিভি রিত্যাদিনা তত্র সের্ষ্যং সশাপং সাঙ্গুলিভঙ্গঞ্চাহ দ্বাভ্যাং তস্যাঃ স্যুরিতি। খরা ইব কেবলং ভারবাহাঃ। গাবো বলীবর্দ্দা ইব নিত্যং ব্যাপারক্লিষ্টাঃ। শ্বান ইবাবমতাঃ। বিড়ালা ইব কৃপণা হিংস্রাশ্চ। ভৃত্যা ইব কিঙ্করাঃ এবম্ভূতা নৃপাস্তস্যাঃ দুর্ভগায়াঃ পতয়ঃ স্যুঃ। যস্যাঃ কর্ণপথং ত্বৎকথা ন প্রাপ্নুয়াদিতি॥ ৪২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যে চোক্তা রাজ্ঞাং বহবো গুণাঃ রাজপুত্রীপ্সিতা ভূপৈ র্লোকপালবিভূতিভিরিত্যাদিনা তত্র সের্ষ্যং সশাপং সাঙ্গুলিস্ফোটং চাহ। তস্যা ইতি দ্বাভ্যাং খরা গর্দ্দভা ইব তৎপাদ-তাড়িতাঃ। গাবো বলীবর্দ্দা ইব ভারবহনাদিব্যাপারক্লিষ্টাঃ। শ্বান ইব তদ্গৃহপালনার্থং তদন্যেষু বৈরকারিণঃ। বিড়ালা ইব তদুচ্ছিষ্টভোজিনঃ। ভৃত্যা ইব তদ্দাস্যকারিণো নৃপা স্তস্যা অধমায়াঃ পতয়ঃ স্যুঃ যস্যাঃ কর্ণপথং ত্বৎকথা ন প্রাপ্নুয়াৎ। অরিকর্ষণ মমারীন্ শিশুপালাদীন্ অন্তকনগরীং প্রতি কর্ষসি ত্বমিত্যর্থঃ॥ ৪২॥

হে শত্রুনিসূদন! শিব বিরিঞ্চি প্রভৃতির সভামণ্ডপে পবিত্র বোধে পরিকীর্ত্তিত ভবদীয় গুণকথা যে কামিনীর কর্ণকুহরে কখন প্রবিষ্ট হয় নাই,

আভাস।

করিয়াছিলেন, তাহা আপ্তবচনে শুনিয়াছি এবং বর্ত্তমান অবতারে প্রেম-প্রার্থিনী গোপললনা-গণকেও অবলীলাক্রমে পরিত্যাগ করিয়াছেন, তাহাও স্পষ্টত দেখিতে পাইতেছি। আপনি আমাকে পরিত্যাগ করুন! তাহাতে খেদ নাই। তবে যাহারা কায়মনোবাক্যে আপনার চরণ-সেবা করে, তাহাদের সমীপে আপনি নিজে গমন করিয়া থাকেন, ইহা আমি শাস্ত্রাচার্য্য মুখে বিলক্ষণ অবগত আছি। আপনার মুখকমলের শুশ্রূষায় আমার প্রয়োজন নাই; ইহাতে অনেক বিষয়রস পাইবার প্রত্যাশা আছে। অনেক প্রকার প্রেমোদ্দীপনের সম্ভাবনা আছে। অতএব অধর-সুধায় বঞ্চিত করিলেও, যেন চরণসেবায় প্রত্যাখ্যাত করিবেন না! চরণে আশ্রয় পাইলে, আমি এই ভব-জলধিকে অনায়াসে অতিক্রম করিব, সন্দেহ নাই॥৪১॥

ত্বক্-শ্মশ্রু-রোম-নখ-কেশ-পিনদ্ধমন্তর্মাংসাস্থি-রক্ত-কৃমি-বিট্-কফ-পিত্ত-বাতং।
জীবচ্ছবং ভজতি কান্তমতি র্বিমূঢ়া যা তে পদাব্জমকরন্দমজিঘ্রতী স্ত্রীঃ ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

যা স্ত্রীঃ তে তব পদাব্জমকরন্দং অজিঘ্রতি চরণ-মাহাত্ম্যং ন শ্রুতবতী, সা কান্তঃ কমনীয়ঃ অয়ং ইতি মতিঃ যস্যাঃ তথাভূতা অতঃ বিমূঢ়া বিশেষেণ মোহিতচিত্তা, বহিঃ ত্বক্-শ্মশ্রু-রোম-নখ-কেশ-পিনদ্ধং তৈঃ ছন্নং (অন্তঃ) চ মাংসাস্থি-রক্ত-কৃমি-বিট্-কফ-পিত্ত-বাতং এতে যস্মিন্ তং অতঃ জীবৎ অপি শবতুল্যং পুরুষং ভজতি ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

তথাহি তে পদাব্জমকরন্দমজিঘ্রতী সতী। যা স্ত্রী বিমূঢ়া সা কান্তোঽয়মিতি মতির্যস্যাঃ। জীবচ্ছবং ভজতি। ত্বগাদিভির্বহিঃ পিনদ্ধং আচ্ছাদিতং অন্তর্মাংসাদিময়মিতি ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স বৈ পতিঃ স্যাদকুতোভয়ঃ স্বয়মিত্যাদি প্রমাণতো বস্তুতস্তু স্ত্রীণাং সার্ব্বকালিকীনামপি ত্বমেব পতিস্তদপি যা তদন্যং পতিং ভজতি সা প্রেতমেব রময়ন্তী ভজতীত্যাহ ত্বগিতি ত্বগাদিভি র্বহিঃ পিনদ্ধমন্যথা দৌর্গন্ধ্যাদ্যাকৃষ্টমক্ষিকাদিকীটকোটিভি র্ব্যাপ্তঃ স্যাদিতি ভাবঃ। অন্তর্মাংসাদিময়ং জীবং তমেব শবং কান্তোঽয়মিতি মতি র্যস্যাঃ সৈব মূঢ়া ভজতি। মৌঢ্যমেবাহ তে সচ্চিদানন্দবিগ্রহত্বেন প্রসিদ্ধস্য তব পাদাব্জস্য মকরন্দং মাধুর্য্যং পৌরাণিকজনপ্রভঞ্জনৈঃ সর্ব্বত্রৈব প্রসারিতমপ্যজিঘ্রতী ॥ ৪৩ ॥

হে অচ্যুত! সেই কামিনীই আপনার উপদিষ্ট গর্দ্দভ, বৃষ, কুক্কুর, বিড়াল এবং ভৃত্যের অনুকরণে গৃহস্থাশ্রমে নারীসেবী নৃপতিগণকে পতিরূপে প্রাপ্ত হউক! আমার কিন্তু তাদৃশ স্ত্রৈণ পতিতে প্রয়োজন নাই ॥ ৪২ ॥

হে হৃষীকেশ! যে নারী কখন ভবদীয় চরণকমলের অপূর্ব্ব মাহাত্ম্য কখন শ্রবণ করে নাই এবং কমনীয় কান্ত বিবেচনায় সামান্য মানবকেই পতিজ্ঞানে আসক্ত হয়, সেই কামিনীই প্রকৃত ভ্রান্ত ও বিমুগ্ধচিত্তা, সন্দেহ নাই। কারণ বহির্দৃষ্টিতে ত্বক্, শ্মশ্রু, রোম, নখ ও কেশাদিতে ব্যাপ্ত এবং অভ্যন্তরে মাংস, অস্থি, রক্ত, কৃমি, বিষ্ঠা, কফ, পিত্ত ও বাতাদিতে পরিপূর্ণ জীবদ্দশাতেও শবতুল্য পুরুষদেহকে ভজনা করিয়া থাকে, সন্দেহ নাই ॥ ৪৩ ॥

আভাস।

রাজপুত্রীর ধন বহুগুণ-সম্পন্ন রাজপুত্র পতি হয়, হউক্! কিন্তু আমার ন্যায় বিবেকমার্গে মুক্তি-কাঙ্গালিনীর পক্ষে মোক্ষদাতা পরম পুরুষই প্রার্থনীয় পরম রত্ন। প্রাকৃতিক প্রেমিক পুরুষগণকে আমি পশু অপেক্ষা কোন অংশে শ্রেষ্ঠ দেখি না! গর্দ্দভীর পাদতাড়ন অবাধে সহ্য করিয়াও গর্দ্দভ যেমন তাহার প্রণয়িনীতে আসক্ত হয়, বলীবর্দ্দ যেমন অসীম ভার অবলীলা-

অস্ত্বম্বুজাক্ষ মম তে চরণানুরাগ আত্মন্-রতস্য ময়ি চানতিরিক্তদৃষ্টেঃ।

অন্বয়ঃ।

হে অম্বুজাক্ষ কমললোচন! ময়ি অনতিরিক্তদৃষ্টেঃ (অনতিরিক্তা অনতিশয়বতী অনাসক্তা দৃষ্টিঃ যস্য তস্য) যতঃ আত্মন্রতস্য (আত্মনি নিজস্বরূপানন্দে রতস্য তে তব চরণানুরাগঃ মম অস্তু এবং যর্হি অস্য বিশ্বস্য বৃদ্ধয়ে উপাত্তরজোঽতিমাত্রঃ (উপাত্তা অঙ্গীকৃতা

শ্রীধরস্বামী।

যদুক্তং উদাসীনা বয়মিত্যাদি তত্রাহ অস্ত্বিতি। যদ্যপি ত্বং নিরপেক্ষস্তথাপি মম তে চরণানুরাগোঽস্তু ময়িচ মযাপি ন অতিরিক্তা অতিশয়বতী দৃষ্টির্যস্য তস্য তে। আত্মন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুক্তমুদাসীনা বয়মিতি তত্রাতিদৈন্যসমুদ্রে নিমজ্জন্ত্যোবাহ অস্ত্বিতি। যদ্যপি ত্বং নিরপেক্ষস্তদপি মম তে চরণানুরাগোঽস্তু ময়ি তবৌদাসীন্যমুচিতমেবেত্যাহ আত্মন্রতস্যাত্মারামস্য অতএব যথা তে জগত্যস্মিন্নুদাসীনা দৃষ্টিস্তথৈব ময়ি চ অনতিরিক্তা অতো নাধিকা দৃষ্টির্যস্য তস্য। কিঞ্চ। যর্হি অস্য বিশ্বস্য বৃদ্ধয়ে উপাত্তা রজসোঽতিমাত্রা ঔৎকট্যং যেন সঃ। তথাভূতঃ সন্ মাং ঈক্ষসে। উ এবার্থে। হ হর্ষে। তদেব নঃ পরমানুকম্পা। তদেবাহং

হে অরবিন্দলোচন! আপনি যখন পরমানন্দস্বরূপ স্বীয় পরম রসে নিরন্তর বিরাজ করেন, তখন আমাতে আপনার চিত্ত আসক্ত হইবার কোন কারণ নাই! কিন্তু আমার চিত্ত ভবদীয় চরণকমলে নিত্য অনুরক্ত থাকে। এই অনন্ত বিশ্ব-সংসারের শ্রীবৃদ্ধির কামনায় আপনি রজোগুণের আতি-

আভাস।

ক্রমে বহন করত প্রভুর অন্নের অপেক্ষা করে, কুক্কুর যেমন স্বীয় প্রভুর গৃহরক্ষার্থ অন্যের সহিত নিরর্থক কলহ করে, বিড়াল যেমন গৃহস্থের উচ্ছিষ্ট ভোজনেই আপনাকে কৃতার্থ জ্ঞান করে এবং ভৃত্য যেমন দাসত্ব স্বীকারে প্রভু-সন্নিধানে বেতন গ্রহণ করে, কামুক পতিও গৃহস্থাশ্রমে অবস্থান পূর্ব্বক সেইরূপ ভার্য্যার সমীপে পশুবৎ উক্ত সকল প্রকারের ব্যবহার সমাধা করত, ইন্দ্রিয়-চরিতার্থের জন্য ব্যাকুল হয়। তাহারা প্রকৃত পতি নহে; অধম ভোগের দাস মাত্র। যাহারা কখন আপনার ন্যায় জগৎস্বামীর লীলাকথা শ্রবণ করে নাই, তাহারাই তাদৃশ পতিতে আসক্ত হউক্! আমি কিন্তু রত নহি। তাদৃশ ব্যক্তিগণ কেবল রমণকালে পতি, অন্যথা ভৃত্য অপেক্ষাও নিকৃষ্ট। আমি পতি প্রার্থনা করিয়া, সকল সময়ের পতিরূপে আপনাকেই প্রাপ্ত হইয়াছি; আপনাকে পরিত্যাগ করিয়া যাহার দিকেই দৃষ্টিপাত করি, তাহাকেই পুয়, শোণিত, কৃমি ও বিষ্ঠার সম্মিলনে গঠিত ত্বগাদিতে আচ্ছাদিত প্রেতদেহের অপেক্ষা অধিক কিছু বলিয়া মনে করি না! আহা! নরনারীগণ সংসার-মায়ার এতই ভ্রান্ত যে, সচ্চিদানন্দ পরম পুরুষকে বিস্মৃত হইয়া, তদীয় চরণ-মকরন্দের অনির্ব্বচনীয় প্রেমরসে বঞ্চিত হইয়া, একটী জীবত

যহ্যস্য বৃদ্ধয় উপাত্তরজোঽতিমাত্রো মামীক্ষসে তদু হ নঃ পরমানুকম্পা ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

রজোগুণস্য অতিমাত্রা ঔৎকট্যং যেন তথাভূতঃ সন্) ত্বং মাং ঈক্ষসে তৎ ঈক্ষণং এব নঃ অস্মাকং, সর্ব্বাসাং শক্তীনাং পরমা নিরতিশয়া, তব অনুকম্পা কৃপা। হ ইতি হর্ষং সূচয়তি ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

আত্মন্যেব রতস্য। তর্হি তব তেন কো লাভঃ ত্বচ্চরণানুরাগ এব মহাঁল্লাভঃ। কিঞ্চ যর্হি অস্য বিশ্বস্য বৃদ্ধয়ে উপাত্তা রজসোঽতিমাত্রা ঔৎকট্যং যেন স তথাভূতঃ সন্ মামীক্ষসে। উ এবার্থে। হ হর্ষে। তদেব নঃ পরমানুকম্পা অত্যনুগ্রহ ইতি ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরমং স্বসৌভাগ্যমভিমন্যে ইতি ভাবঃ। অয়মর্থঃ। তথাহমপি ত্বচ্চিত্তো নিদ্রাং চ ন লভে নিশীতি ত্বদ্বচনাময়ি তবাসক্তিঃ। উদাসীনা বয়মিতিবচনাদৌদাসীন্যঞ্চ দৃশ্যতে তন্মাময়ি ভবানাসজ্জতে চেদহং তে পরমান্তরঙ্গা স্বরূপশক্তিরেবাতএবাত্মারামোঽপি ময্যাত্মভূতায়াং রমত এব ময়্যুদাস্তে চেদহং তে বহিরঙ্গা শক্তি র্গুণপ্রকৃতিরেবেত্যতো ময়ি তবোভয়ত্বমিব ত্বয্যপি মমোভয়ত্বমিতি ॥ ৪৪ ॥

শয্যাকে স্বয়ং স্বীকার করত যখন আমার প্রতি দৃষ্টিনিক্ষেপ করিয়া থাকেন, তখনই আমার প্রতি ও অন্যান্য সকল শক্তির প্রতিই আপনার নিরতিশয় অনুগ্রহের পরিচয় দেওয়া হয়, সন্দেহ নাই ॥ ৪৪ ॥

আভাস।

শবকে আলিঙ্গন করত সচ্চিদানন্দের প্রেম-সুধার সাধ মিটাইতে বাসনা করিতেছে! কিন্তু হায়! তাহারা যদি একবার প্রাণের আকুলতার সহিত সচ্চিদানন্দের অনুসন্ধান করে, তাহা হইলে পৌরাণিক জনরূপ গন্ধবহের মৃদুমন্দ হিল্লোলে সমানীত ভগবচ্চরণের পবিত্র মকরন্দ সর্ব্বত্রই পরিব্যাপ্ত অবধারণ করিতে পারে ॥ ৪২ ॥ ৪৩ ॥

হে দীনবন্ধো! আপনি সকল ভোগেই উদাসীন, তথাপি আমার তাহাতে ক্ষতি কি? কারণ আপনি আমার নিকট কিছুরই প্রত্যাশা না করিলেও, আমার প্রত্যাশা পূরণে ত কখন পরাঙ্মুখ নহেন। কারণ আপনি আপ্তকাম এবং পূর্ণানন্দ। আপনার আনন্দাংশ-লাভেই সমগ্র জগৎ আনন্দানুভব করিতেছে কিন্তু আপনি যখন সৃষ্টির বাসনায় আমার প্রতি ঈক্ষণ করেন, তখন আমার অপেক্ষা সংসারে আর কাহাকে শ্রেষ্ঠ ও অপূর্ব্ব বলিয়া জ্ঞান করিব? অতএব এক্ষণে পরিত্যাগ করিবেন বলিলেই, পরিত্যাগ করা হইবে না; এক দিন ত গ্রহণ করিতে হইবে; অতএব যাহাতে আমি চিরকাল আপনার গ্রাহ্য থাকিতে পারি, সেইরূপ পবিত্রকারক কৃপা এই সময় হইতেই বিতরণ করুন! ॥ ৪৪ ॥

রুক্মিণী ভগবানের অন্তরঙ্গা শক্তি প্রকৃতি; পরস্পরের মধ্যে নিরন্তর মিলন বা ঈক্ষণ না

শ্যালা রুক্মীর বধ দর্শনে শ্রীকৃষ্ণ ভাল মন্দ কিছুই বলিলেন না; কারণ ভাল বলিলে, রুক্মিণীর দুঃখ এবং অন্যায় হইয়াছে বলিলে, বলরামের মনোমালিন্য পাছে জন্মে, এই নিমিত্ত তিনি নির্ব্বাক্ হইয়াই রহিলেন ॥ ২৫ ॥

ভগবান্ মধুসূদনের আশ্রয়ে যাদবগণের মনোরথ পূর্ণ হইয়াছিল। এ দিকে অনিরুদ্ধের বিবাহ অথচ ভীষণ শত্রু রুক্মীরও বধ, এই দুইটীই তাঁহাদের

রাজোবাচ ॥
বাণস্য তনয়ামুষামুপযেমে যদূত্তমঃ।
তত্র যুদ্ধমভূদ্‌ঘোরং হরিশঙ্করয়োর্মহৎ।
এতৎ সর্ব্বং মহাযোগিন্ সমাখ্যাতুং ত্বমর্হসি ॥
শ্রীশুক উবাচ ॥
বাণঃ পুত্রশতজ্যেষ্ঠো বলেরাসীন্মহাত্মনঃ।
যেন বামনরূপায় হরয়েঽদায়ি মেদিনী ॥

অন্বয়ঃ।

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! যদূত্তমঃ অনিরুদ্ধঃ, বাণস্য তনয়াং ঊষাং, উপযেমে, তত্র হরিশঙ্করয়োঃ মহদ্‌যুদ্ধং অভূৎ। হে মহাযোগিন্! এতৎ সর্ব্বং সমাখ্যাতুং ত্বং অর্হসি ॥
শ্রীশুকঃ উবাচ। যেন বলিনা, বামনরূপায় হরয়ে মেদিনী ভূমিঃ, অদায়ি দত্তা, তস্য মহাত্মনঃ উদারস্য, বলেঃ পুত্রাণাং শতস্য জ্যেষ্ঠঃ পুত্রঃ বাণঃ আসীৎ ॥

শ্রীধরস্বামী।

যদূত্তমোঽনিরুদ্ধঃ ॥
পুত্রশতমধ্যে জ্যেষ্ঠঃ। যেন বলিনা অদায়ি দত্তা ॥
ঔরসঃ মুখ্যঃ। বদান্যো দানশৌণ্ডঃ ॥

অভিপ্রেত ব্যাপার সিদ্ধ হইলে, রামাদি সকলে নববধূ চারুমতী সহ অনিরুদ্ধকে একটী অপূর্ব্ব রথে আরোহণ করাইয়া, ভোজকটপুর হইতে দ্বারকাভিমুখে যাত্রা করিলেম ॥ ২৬ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ব্রহ্মন্! যদুকুলতিলক অনিরুদ্ধ বাণরাজার কন্যা ঊষাকে বিবাহ করেন এবং তদুপলক্ষে হরিহরে তুমুল সংগ্রাম হয় শ্রবণ করিয়াছি! হে মহাযোগিন্! এই সমস্ত বৃত্তান্ত আপনি আনুপূর্ব্বিক আমার নিকট কীর্ত্তন করুন! ॥

শুকদেব বলিলেন, যে মহামনা বলিরাজ বামনরূপধারী বামনদেবকে ত্রিপাদ ভূমিদান করিয়াছিলেন, সেই উদারচেতা বলিরাজের একশত পুত্র জন্মে; তন্মধ্যে বাণই সর্ব্বজ্যেষ্ঠ ॥

উক্ত বলির ঔরসজাত জ্যেষ্ঠপুত্র বাণ মহাদেবের একজন পরম ভক্ত, মান্য

আভাস।

দ্বিষষ্টিতম অধ্যায়ে ঊষার সহিত রমমাণ অনিরুদ্ধের বিবাহোপলক্ষে বাণযাদবযুদ্ধে শ্রীকৃষ্ণ শঙ্করকে জয় করিয়া, বাণরাজার বাহু সকল ছেদন করেন।

তস্যৌরসঃ সুতো বাণঃ শিবভক্তিরতঃ সদা।
মান্যো বদান্যো ধীমাংশ্চ সত্যসন্ধো জিতেন্দ্রিয়ঃ (ধৃতব্রতঃ) ॥
শোণিতাখ্যে পুরে রম্যে স রাজ্যমকরোৎপুরা।
তস্য শম্ভোঃ প্রসাদেন কিঙ্করা ইব তেঽমরাঃ ॥
সহস্রবাহুর্বাদ্যেন তাণ্ডবে তোষয়ন্মৃড়ং ॥ ১ ॥
ভগবান্ সর্ব্বভূতেশঃ শরণ্যো ভক্তবৎসলঃ।
বরেণ চ্ছন্দয়ামাস স তং বব্রে পুরাধিপং ॥

অন্বয়ঃ।

তস্য বলেঃ ঔরসঃ মুখ্যঃ, সুতঃ বাণঃ সদা শিবভক্তিরতঃ মান্যঃ বদান্যঃ লোকে সম্মানযোগ্যঃ ধীমান্ নিপুণবুদ্ধিঃ সত্যসন্ধঃ (সত্যে সন্ধা মতিঃ যস্য সঃ) জিতেন্দ্রিয়ঃ দৃঢ়ব্রতশ্চ ॥

সঃ শোণিতপুরে রাজ্যং অকরোৎ। তস্য শম্ভোঃ প্রসাদেন দেবাঃ কিঙ্করাঃ ইব আসন্। সঃ সহস্রবাহুঃ সন্ তাণ্ডবে নৃত্যবিশেষে মৃড়ে কুর্ব্বতি সতি সহস্রবাহুভিঃ বহূনি বাদ্যানি বাদয়ন্ মৃড়ং শিবং, অতোষয়ৎ ॥ ১ ॥

সর্ব্বভূতেশঃ (সর্ব্বভূতানাং ঈশঃ) শরণ্যঃ ভক্তবৎসলঃ ভগবান্ শিবঃ বরেণ চ্ছন্দয়ামাস বরং বৃণীষ ইত্যুক্তবান্। সঃ চ বাণঃ তং রুদ্রং পুরাধিপং বব্রে মৎপুরীং পালয়ন্ তিষ্ঠ ইতি বৃতবান্ ॥

শ্রীধরস্বামী।

প্রতিকূলা অপ্যমরাঃ কিঙ্করা ইবানুকূলা আসন্ ॥

দ্বিষষ্টিতমে প্রোক্তমনিরুদ্ধস্য রোধনং। কন্যায়া রমমাণস্য বাণেন বহুবাহুনা। অনিরুদ্ধোদ্বহেদন্যস্মিন্ বাণষাদবসংযুগে। শ্রীকৃষ্ণঃ শ্রীহরং জিত্বা বাণবাহূনথাচ্ছিনৎ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিষষ্টিতম উষায়া অনিরুদ্ধেন সঙ্গমঃ। চিত্রলেখাহৃতেনৈতৎ বাণোঽবধ্বাদিতীর্য্যতে ॥ ১ ॥

বদান্য, বিশেষ বুদ্ধিমান্ ও সত্যপরায়ণ ছিলেন। তিনি ইন্দ্রিয়গণের পরাজয়ে একজন ব্রতধারী বলিয়াই সর্ব্বত্র পরিগণিত ॥

তিনি শোণিতপুরে স্বীয় রাজ্য স্থাপন করিয়া, এরূপ মহাদেবের আরাধনা করিয়াছিলেন যে, ত্রিলোচনের প্রসাদে অমরগণও তৎসমীপে কিঙ্করের ন্যায় অবস্থান করিতেন। ভগবান্ উমাপতি যখন তাণ্ডব নৃত্য করিতেন, তখন বাণ বাহু সহস্রের প্রয়োগে অপূর্ব্ব বাদ্যধ্বনি করিয়া, মহাদেবের সন্তোষোৎপাদন করিয়াছিলেন ॥ ১ ॥

সর্ব্বভূতেশ শরণদাতা ভক্তবৎসল ভগবান্ ত্রিলোচন পরিতুষ্ট হইয়া, বাণকে বরগ্রহণার্থ যখন আহ্বান করিলেন, তখন বাণরাজা তাঁহাকে নিজের

স একদাহ গিরিশং পার্শ্বস্থং বীর্য্যদুর্ম্মদঃ।
কিরীটেনার্কবর্ণেন সংস্পৃশং স্তৎপদাম্বুজং ॥ ২ ॥
নমস্যে ত্বাং মহাদেব লোকানাং গুরুমীশ্বরং।
পুংসামপূর্ণকামানাং কামপুরামরাঙ্ঘ্রিপং ॥
দোঃসহস্রং ত্বয়া দত্তং পরং ভারায় মেঽভবৎ।
ত্রিলোক্যাং প্রতিযোদ্ধারং ন লভে ত্বদৃতে সমং ॥ ৩ ॥

অন্বয়ঃ।

একদা বীর্য্যদুর্ম্মদঃ (বীর্য্যেণ দুষ্টঃ মদঃ যস্য সঃ) বাণঃ অর্কবর্ণেন কিরীটেন তৎপদাম্বুজং সংস্পৃশন্ পার্শ্বস্থং গিরিশং আহ ॥ ২ ॥

হে মহাদেব! অপূর্ণকামানাং (ন পূর্ণঃ কামঃ মনোরথঃ যেষাং তেষাং) পুংসাং কামপুরামরাঙ্ঘ্রিপং (কামান্ পূরয়তি তথা চ অসৌ অমরাঙ্ঘ্রিপঃ কল্পতরুঃ চ তং) লোকানাং গুরুং ঈশ্বরং চ ত্বাং নমস্যে ॥

ত্বয়া বরতয়া যৎ দোঃসহস্রং ভুজসহস্রং মহ্যং দত্তং তৎ মে মম পরং কেবলং, ভারায় অভবৎ। পরং তু ত্রিলোক্যাং ত্বদৃতে মম সমং প্রতিযোদ্ধারং অহং ন লভে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

পুরাধিপং পুরপালকং ॥ ২ ॥

কামান্ পূরয়তীতি কামপুরং সচাসাবমরাঙ্ঘ্রিপঃ কল্পতরুশ্চ তং ত্বাং ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ছন্দয়ামাস বশয়ামাস দিৎসিতেন রণেন তং বশীচকারেত্যর্থঃ। অভিপ্রায়বশৌ ছন্দাবিত্যমরঃ। স বাণ স্তং পুরাধিপং স্বপুরপালকং বব্রে ॥ ২ ॥

কামপূরকো যোঽমরাঙ্ঘ্রিপঃ কল্পতরুস্তত্তুল্যঃ। তস্মান্মমেদং দুঃখমুপশময়িতবানিত্যাহ দোরিতি। ত্বদৃতে ত্বাং বিনা ইতি যদি কৃপয়া স্বয়ং ত্বমেব মে প্রতিযোদ্ধা ভবেস্তদৈব মে রণকণ্ডূয়াদুঃখান্নিস্তার ইতি ধ্বনিঃ। ততশ্চ ত্বাং বিজিত্য এব সর্ব্বদিগ্বিজয়েন সম্পূর্ণেন সম্পূর্ণযশা অহং ভবেয়মিত্যনুধ্বনিঃ ॥ ৩ ॥

পুরপালক হইয়া অবস্থান করিতে অনুরোধ করিলেন ॥

বাণরাজা নিজের বীর্য্যমদে একান্ত প্রমত্ত হইয়া উঠিলেন। এক দিবস তিনি ত্র্যম্বক সন্নিধানে উপনীত হইয়া, সূর্য্যের ন্যায় তেজঃসম্পন্ন কিরীট অবনত করত মহাদেবের চরণ স্পর্শে প্রণাম করিলেন, এবং তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ২ ॥

হে মহাদেব! আপনি অল্পেই সন্তুষ্ট হইয়া, সকল লোকেরই কামনা পূরণ করিয়া থাকেন; আপনি কল্পতরুর ন্যায় মনোহর সিদ্ধিদাতা, জগৎ সংসারের ঈশ্বর এবং গুরু; আপনাকে প্রণাম করি! ॥

কণ্ডূত্যা নিভৃতৈর্দোর্ভির্যুযুৎসুর্দিগ্গজানহং।
আদ্যায়াং চূর্ণয়ন্নদ্রীন্ ভীতাস্তেঽপি প্রদুদ্রুবুঃ॥
তচ্ছ্রুত্বা ভগবান্ ক্রুদ্ধঃ কেতুস্তে ভজ্যতে যদা।

অন্বয়ঃ।

হে আদ্য! অহং কণ্ডূত্যা নিভৃতৈঃ ভরিতৈঃ পূর্ণৈঃ, ভুজৈঃ অদ্রীন্ চূর্ণয়ন্ যুযুৎসুঃ যোদ্ধুং ইচ্ছুঃ, সন্ দিগ্গজান্ অয়াং অগচ্ছম্; তদা তে ভীতাঃ সন্তঃ প্রদুদ্রুবুঃ পলায়িতাঃ॥

তং বাণবচনং শ্রুত্বা ভগবান্ রুদ্রঃ ক্রুদ্ধঃ সন্ আহ হে মূঢ়! যদা তে তব কেতুঃ ধ্বজঃ

শ্রীধরস্বামী।

হে আদ্য নিভৃতৈ র্ভরিতৈ র্দোর্ভিরদ্রীংশ্চূর্ণয়ন্ অয়াং অগচ্ছং॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কণ্ডূত্যা রণকণ্ডূয়য়া নিতরাং ভৃতৈঃ পরিপূর্ণৈ র্দোর্ভি র্যুযুৎসুরহং দিগ্গজান্ প্রতি হে আদ্য! অয়াং অগচ্ছং। ঐশানীদিশং বিনা সর্ব্বা এবান্যা দিশো ময়া জিতা এব পরন্তু অষ্টৌ দিগ্গজান্ জিত্বা মমাষ্টদিগ্বিজয়োঽস্ত্বিত্যভিপ্রায়েণাহং গতবানিতি ভাবঃ। কিং কুর্ব্বন্ ভুজবলকণ্ডূয়ানিবর্ত্তনার্থমদ্রীংশ্চূর্ণয়ন্। তে দিগ্গজা অপি ভীতাঃ। অতঃ কথয় ত্বয়া সহ যুদ্ধং বিনা মম রণকণ্ডূয়া কথমুপশাম্যতু। তস্যা উপশমং বিনা চ মম কথং ধৈর্য্যং ভবেদিতি ময়ি দোষো ন দেয় ইতি ভাবঃ॥

ক্রুদ্ধ ইতি প্রথমং তর্জ্জিষ্যা সা শিবমনস্যাদভূদিতি ভাবঃ। ততশ্চ স্বহস্তেনৈব স্বসেবকে বধোঽনুচিতঃ পরন্তু মৎপ্রসাদলব্ধং মহাবলবদ্ভুজসহস্রং যদায়ং দুর্ম্মদো ভারং মন্যতে তর্হি ভারাবতারণকর্ত্তা মৎপ্রভুরেব খল্বিমমপি ভারমপনেষ্যতীতি পরামৃশ্যাহ কেতুর্ময়ূরধ্বজঃ

হে দেবদেব! আপনার প্রসাদে আমার যে ভুজ-সহস্রের লাভ হইয়াছে, ইহা এক্ষণে আমার পক্ষে কেবল ক্লেশাবহ ভারেরই কারণ দেখিতেছি। কারণ যে যুদ্ধসাধ মিটাইবার উদ্দেশে এই বাহু সহস্রের কামনা, সে সাধ আমার পূর্ণ হইতেছে না। এই ত্রিলোক মধ্যে আমার সহিত সংগ্রাম করে, এরূপ ব্যক্তি আপনাকে ব্যতীত অন্য কাহাকেও নয়নগোচর করি না॥ ৩॥

বল ও বীর্য্যের প্রভাবে আমার হস্তসহস্র একান্ত উত্তেজিত হইয়াছে। আমি পর্ব্বত পর্য্যন্ত উত্তোলন পূর্ব্বক চূর্ণ বিচূর্ণ করিয়াছি! পরে যুদ্ধ করিবার অভিপ্রায়ে দিগ্গজগণের অভিমুখে আমি ধাবিত হইলে, তাহারাও ভয়ে ইতস্ততঃ পলায়ন করিয়াছে। অতএব আপনি যদি অনুগ্রহ করিয়া আমার সহিত সংগ্রামে প্রবৃত্ত হন, তবেই আমার বলোদ্দীপনের কথঞ্চিৎ হ্রাস হইতে পারে॥

বাণের তাদৃশ গর্ব্বোক্তি শ্রবণে ত্রিলোচন ক্রুদ্ধ হইলেন এবং তাঁহাকে

ত্বদ্দর্পঘ্নং ভবেন্মূঢ় সংযুগং মৎসমেন তে ॥ ৪ ॥
ইত্যুক্তঃ কুমতি র্হৃষ্টঃ স্বগৃহং প্রাবিশন্নৃপ।
প্রতীক্ষন্ গিরিশাদেশং স্ববীর্য্যনশনং কুধীঃ ॥ ৫ ॥
তস্যোষা নাম দুহিতা স্বপ্নে প্রাদ্যুম্নিনা রতিং।

অন্বয়ঃ।

ভজ্যতে তদা মৎসমেন সহ তে তব দর্পঘ্নং গর্ব্বনাশকং সংযুগং ভবেৎ ॥ ৪ ॥

হে নৃপ! ইতি এবং রুদ্রেণ উক্তঃ সঃ কুমতিঃ বাণঃ হৃষ্টঃ সন্ স্বগৃহং প্রাবিশৎ তত্র চ কুধীঃ মূঢ়ঃ সঃ স্ববীর্য্যনশনং স্ববীর্য্যনাশসূচকং, গিরিশাদেশং রুদ্রোক্তং, প্রতীক্ষন্ আস্তে স্ম ॥৫

তস্য বাণস্য উষা নাম দুহিতা আসীৎ; সা চ কন্যা বিবাহরহিতা এব প্রাগদৃষ্টে

শ্রীধরস্বামী।

স্ববীর্য্যস্য নশনং নাশং কেতুভঙ্গং প্রতীক্ষমাণঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভজ্যতে স্বয়মেব যদা বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানত্বং মৎসমেনেতি তং প্রীণয়িতুমুক্তং বস্তুতস্তু মা শোভা তয়া সহ বর্ত্তমানঃ সমঃ অহং সমঃ সশোভা যতস্তেনাত্র ক্রুদ্ধ ইত্যনন্তরমনুবাচেতি শেষঃ ॥ ৪ ॥

কুমতিরিতি যদয়ং মূঢ়েতি মাং সংবোধ্য ত্বদ্দর্পঘ্নং সংযুগং ভবেদিতি ব্রুতে তদয়মেব মূঢ়ঃ মদ্দর্পঘ্নস্য সংযুগস্যাসম্ভবাদেবেতি কুৎসিতং মননং বিচারো যস্য সঃ। পরন্তুতাদৃশবাক্যেনানুমীয়তে মদীয়রণকণ্ডূয়োপশমকঃ কশ্চিদ্বলিষ্ঠো যোদ্ধুমেষ্যতীতি মত্বা হৃষ্টঃ। স্ববীর্য্যস্য নশনং নাশো যস্মাত্তং গিরিশাদেশং তদাদিষ্টং কেতুভঙ্গং প্রতীক্ষমাণঃ কদা মে কেতুভঙ্গো ভবিষ্যতীত্যলক্ষণসোৎকণ্ঠ্যাৎ কুধীঃ ॥ ৫ ॥

মহেশাদিষ্টসংযুগ-প্রসঙ্গমাহ তস্যেতি। প্রাদ্যুম্নিনা অনিরুদ্ধেন স্বপ্ন ইতি তৎকারণং বিষ্ণুপুরাণে যথা। উষা বাণসুতা বিপ্র পার্ব্বতীং শম্ভুনা সহ। ক্রীড়ন্তীমুপলক্ষ্যোচ্চৈঃ

সম্বোধন পূর্ব্বক বলিলেন, রে মূঢ়! যে দিবস তোমার এই ময়ূরধ্বজ কেতু ভগ্ন হইবে, সেই দিবস নিশ্চয় জানিও! আমার তুল্যব্যক্তির সহিত তোমার দর্পবিনাশন সংগ্রাম উপস্থিত হইবে ॥ ৪ ॥

হে রাজন্! ভগবান্ রুদ্রের তাদৃশ বাণী শ্রবণে নির্ব্বোধ বাণ মনে মনে সন্তুষ্ট হইয়া, নিজ ভবনে প্রবেশ করিলেন; এবং নিজের প্রমাদ নিবন্ধন স্বীয় বীর্য্য-বিনাশন ত্রিলোচনোক্ত কেতুভঙ্গ-কালের অপেক্ষায় কালাতিপাত করিতে লাগিলেন ॥ ৫ ॥

এদিকে বাণের একটী কন্যা ছিল; তাঁহার নাম উষা। ঐ কন্যা বিবাহের পূর্ব্বেই অজ্ঞাতকুলশীল ও সম্পূর্ণ অপরিচিতরূপ কমনীয় প্রদ্যুম্ন

কন্যালভত কান্তেন প্রাগদৃষ্টশ্রুতেন সা ॥ ৬ ॥
সা তত্র তমপশ্যন্তী ক্বাসি কান্তেতি বাদিনী।
সখীনাং মধ্য উত্তস্থৌ বিহ্বলা ব্রীড়িতা ভৃশং ॥ ৭ ॥
বাণস্য মন্ত্রী কুম্ভাণ্ড শ্চিত্রলেখা চ তৎসুতা।

অন্বয়ঃ।

শ্রুতেন কান্তেন কমনীয়েন, প্রাদ্যুম্নিনা অনিরুদ্ধেন, সহ স্বপ্নে রতিং অলভত ॥ ৬ ॥

ততঃ চ সা ঊষা তত্র স্বপ্নে তং অনিরুদ্ধং, অপশ্যন্তী বিহ্বলা সতী হে কান্ত! ত্বং ক্বাসি ক্ব গতঃ অসি ইতি বাদিনী সখীনাং মধ্যে উত্তস্থৌ জাগরণং প্রাপ্তা; ততঃ চ ভৃশং অত্যন্তং, ব্রীড়িতা জাতা ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

শ্রীমহেশাদিষ্টসংগ্রামস্য প্রসঙ্গমাহ তস্যোষেতি। প্রাদ্যুম্নিনা অনিরুদ্ধেন ॥ ৬ ॥

তত্রাপি স্বপ্নে তং কান্তং ন পশ্যন্তী সা উত্তস্থৌ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্পৃহাঞ্চক্রে তদাশ্রয়াং। ততঃ সকলচিত্তজ্ঞা গৌরী তামাহ ভাবিনীং। অলমত্যর্থতাপেন ভর্ত্তা ত্বমপি রংস্যসে। ইত্যুক্তা সা তদা চক্রে কদেতি মতিমাত্মনঃ। কোবা ভর্ত্তা মমেত্যেনাং পুনরপ্যাহ পার্ব্বতী। বৈশাখশুক্লদ্বাদশ্যাং স্বপ্নে যোঽভিভবং তব। করিষ্যতি স তে ভর্ত্তা রাজপুত্রি ভবিষ্যতীতি ॥ ৬ ॥ ৭ ॥

নন্দন অনিরুদ্ধের সহিত এক দিবস স্বপ্নে রতিলাভ করিলেন ॥ ৬ ॥

পরে স্বপ্নমধ্যেই যখন সেই অনিরুদ্ধকে আর দেখিতে পাইলেন না, তখনই "হে প্রাণকান্ত! তুমি কোথায় গেলে" বলিয়া উচ্চকণ্ঠে চিৎকার করত সখীগণের মধ্যেই জাগিয়া উঠিলেন। এবং নিদ্রাভঙ্গে প্রকাশ্য নিজ উক্তির দ্বারা আন্তরিক ভাব ব্যক্ত হওয়াও একান্ত লজ্জিতাও হইলেন ॥৭॥

বাণ-রাজার মন্ত্রী কুম্ভাণ্ডের কন্যা চিত্রলেখা ঊষার সমীপে সখিত্বে নিযুক্তা ছিলেন। তিনি ঊষার তাদৃশ স্বপ্নকালীন বাণী শ্রবণে কৌতূহলাক্রান্ত হইয়া,

আভাস।

বিষ্ণুপুরাণে উক্ত আছে যে, বাণনন্দিনী ঊষা এক দিবস ভগবতী পার্ব্বতীকে শঙ্কর সহ ক্রীড়া করিতে অবলোকন করিয়া, একাগ্রচিত্তে তাঁহার শরণাগতা হইলেন। সর্ব্বজ্ঞা পার্ব্বতী ঊষার তাদৃশ আশ্রিতভাব দর্শনে পরিতুষ্টা হইলেন এবং তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, ঊষে! আর তোমাকে দুঃখ করিতে হইবে না! তুমিও অভিমত পতি লাভ করিবে, সন্দেহ নাই। তদুত্তরে, কবে পতি পাইব? বলিয়া ঊষা জিজ্ঞাসা করিলে, দেবী বলিলেন, বৈশাখ মাসে শুক্লা দ্বাদশীর নিশিতে স্বপ্নে যে পুরুষের সন্দর্শনে তুমি ব্যাকুলা হইবে, সেই পুরুষই তোমার পতি হইবেন ॥ ৬ ॥

সখ্যপৃচ্ছৎ সখীমূষাং কৌতুহলসমন্বিতা ॥ ৮ ॥
কং ত্বং মৃগয়সে সুভ্রু কীদৃশস্তে মনোরথঃ।
হস্তগ্রাহং ন তেঽদ্যাপি রাজপুত্র্যুপলক্ষয়ে ॥
ঊষোবাচ ॥
দৃষ্টঃ কশ্চিন্নরঃ স্বপ্নে শ্যামঃ কমললোচনঃ।
পীতবাসা বৃহদ্বাহুর্যোষিতাং হৃদয়ঙ্গমঃ ॥
তমহং মৃগয়ে কান্তং পায়য়িত্বাধরং মধু।

অন্বয়ঃ।

কুম্ভাণ্ডঃ নাম বাণস্য মন্ত্রী; তস্য সুতা চিত্রলেখা ঊষায়াঃ সখী, কৌতূহলেন সমন্বিতা সতী সখীং ঊষাং, অপৃচ্ছৎ ॥ ৮ ॥

হে সুভ্রু রাজপুত্রি! তে তব হস্তগ্রাহং ভর্ত্তারং, অদ্যাপি ন উপলক্ষয়ে ন পশ্যামি (অতঃ ক্বাসি কান্তেতি বচনাৎ) ত্বং কং মৃগয়সে? তব মনোরথঃ চ কীদৃশঃ? তদ্বদ ইতি ॥

ঊষা উবাচ। স্বপ্নে যোষিতাং হৃদয়ঙ্গমঃ মনোহরঃ পীতবাসা বৃহদ্বাহুঃ শ্যামঃ কমললোচনঃ কশ্চিৎ নরঃ দৃষ্টঃ ॥

হে সখি! সঃ মাং অধরমধু পায়য়িত্বা স্পৃহয়তীং কাঙ্ক্ষন্তীং মাং বৃজিনার্ণবে ধিরহদুঃখ-

শ্রীধরস্বামী।

ততঃ কিং বৃত্তং তদাহ বাণস্যেতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হস্তগ্রাহং ভর্ত্তারং বিবাহাভাবান্ন লক্ষয়ে ॥ ৮ ॥

ঊষাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ৮ ॥

হে সখি রাজনন্দিনি! তুমি যৌবনপদবীতে আরোহণ করিয়াছ, সত্য! কিন্তু তোমার বিবাহ না হওয়ায়, তোমার প্রাণকান্ত যে কে? তাহা ত আমি লক্ষ্য করিতেই পারিতেছি না! অতএব, "হে কান্ত কোথায় গেলে" বলিয়া তুমি স্বপ্নে কাহার অন্বেষণ করিতেছিলে? তুমি মনোগত ভাব স্পষ্ট করিয়া ব্যক্ত কর! ॥

এইরূপ শ্রবণে ঊষা তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, সখি রে! স্বপ্নকালে এক অপূর্ব্ব মনোহর রূপধারী, নারীগণের হৃদয়রঞ্জন, আজানুলম্বিতবাহু পীতাম্বর-পরিহিত কমললোচন শ্যামকলেবর পুরুষকে আমি অদ্য অবলোকন করিয়াছি ॥

হে সখি! সেই নবীন পুরুষ আমাকে অধরসুধা পান করাইয়া, আমার আশা পূরণ হইবার পূর্ব্বেই দারুণ দুঃখসাগরে আমাকে নিক্ষিপ্ত করত

ক্বাপি যাতঃ স্পৃহয়তীং ক্ষিপ্ত্বা মাং বৃজিনার্ণবে॥
চিত্রলেখোবাচ॥
ব্যসনং তেঽপকর্ষামি ত্রিলোক্যাং যদি ভাব্যতে।
তমানেষ্যে বরং যস্তে মনোহর্ত্তা তমাদিশ॥ ৯॥
ইত্যুক্ত্বা দেব-গন্ধর্ব্ব-সিদ্ধ-চারণ-পন্নগান্।
দৈত্য-বিদ্যাধরান্ যক্ষান্ মনুজাংশ্চ যথালিখৎ॥ ১০॥

অন্বয়ঃ।

সমুদ্রে ক্ষিপ্ত্বা ক্বাপি যাতঃ; তং কান্তং অহং মৃগয়ে বিচিনোমি॥

চিত্রলেখা উবাচ। তে তব ব্যসনং অপকর্ষামি। যঃ তে মনোহর্ত্তা সঃ যদি ত্রিলোক্যাং ক্বাপি অস্তি তদা তং বরং পুরুষং অহং ইহ আনেষ্যে; ময়া তাবৎ সর্ব্বঃ অস্মিন্ ভাব্যতে চিত্রে লিখ্যতে; তত্র তং বরং আদিশ নির্ণয়॥ ৯॥

ইতি উক্ত্বা দেবগন্ধর্ব্ব-সিদ্ধ-চারণ-পন্নগান্ দৈত্যবিদ্যাধরান্ যক্ষান্ মনুজান্ চ যথা যথাবৎ, অলিখৎ॥ ১০॥

শ্রীধরস্বামী।

হস্তগ্রাহং ভর্ত্তারং॥ ৯॥

ত্বয়া দৃষ্টঃ এতেষাং মধ্যে কোবা ভবেদিতি দেবাদীন্ যথা যথাবৎ পটেঽলিখৎ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাব্যতে প্রাপ্যতে॥ ৯॥

এতেষাং মধ্যে তব পুরুষঃ ক ইতি পৃষ্টা উষা প্রদ্যুম্নং বীক্ষ্য শ্বশুরোঽয়মিতি বুদ্ধ্বা লজ্জিতা। তৎপুত্রমনিরুদ্ধং বীক্ষ্য সোঽসাবসাবিতি দ্বিরুক্তিরতিবিস্ময়হর্ষোদয়াৎ।

অকস্মাৎ কোথায় গমন করিলেন! আমি তাঁহারই অন্বেষণ করিতেছিলাম॥

চিত্রলেখা বলিলেন, সখি! চিন্তা করিও না! আমি তোমার দুঃখ নিবারণ করিতেছি! যিনি তোমার মনকে হরণ করিয়াছেন, তিনি যদি ত্রিলোকের মধ্যে কোথাও অবস্থান করিয়া থাকেন, তাহা হইলে আমি তাঁহাকে এই স্থানেই আনয়ন করিব। এই চিত্রে আমি সকলের মূর্ত্তি চিত্রিত করিব! তুমি তন্মধ্যে আপন বর চিনিয়া লও!॥ ৯॥

এইরূপ বলিয়া চিত্রলেখা দেবতা, গন্ধর্ব্ব, সিদ্ধ, চারণ, পন্নগ, দৈত্য, বিদ্যাধর, যক্ষ ও শ্রেষ্ঠ মানবগণের প্রতিকৃতি চিত্রপটে অঙ্কিত করিতে আরম্ভ করিলেন॥ ১০॥

আভাস।

চিত্রলেখা বলিলেন, রাজনন্দিনী! চিন্তা করিও না! তুমি স্বপ্নে যাঁহাকে অবলোকন করিয়াছ, তিনি যদি এই ত্রিভুবন মধ্যে কোথায়ও থাকেন, তাহা হইলে আমি তাঁহাকে

মনুজেষু চ সা বৃষ্ণীঞ্ছূরমানকদুন্দুভিং।
ব্যলিখদ্রামকৃষ্ণৌ চ প্রদ্যুম্নং বীক্ষ্য লজ্জিতা॥
অনিরুদ্ধং বিলিখিতং বীক্ষ্যোষাবাঙ্মুখী হ্রিয়া।
সোঽসাবসাবিতি প্রাহ স্ময়মানা মহীপতে॥
চিত্রলেখা তমাজ্ঞায় পৌত্রং কৃষ্ণস্য যোগিনী।
যযৌ বিহায়সা রাজন্ দ্বারকাং কৃষ্ণপালিতাং॥ ১১॥

অন্বয়ঃ।

সা মনুজেষু চ বৃষ্ণীন্ শূরং আনকদুন্দুভিং তথা রামকৃষ্ণৌ প্রদ্যুম্নং চ অলিখৎ। তত্র (অনিরুদ্ধতুল্যরূপং) প্রদ্যুম্নং বীক্ষ্য (শ্বশুরোঽয়মিতি মত্বা) লজ্জিতা জাতা॥

ততঃ অনিরুদ্ধং বিলিখিতং বীক্ষ্য হে মহীপতে! উষা হ্রিয়া লজ্জয়া, অধোমুখী তথা স্ময়মানা হর্ষেণ প্রহসিতবদনা, সতী যঃ ময়া দৃষ্টঃ সঃ অসৌ অসৌ ইতি প্রাহ॥

হে রাজন্ যোগিনী চিত্রলেখা তু (উষানির্দ্দিষ্টং) তং কৃষ্ণস্য পৌত্রং অনিরুদ্ধং আজ্ঞায় বিহায়সা আকাশপথেন, কৃষ্ণপালিতাং দ্বারকাং যযৌ॥ ১১॥

শ্রীধরস্বামী।

প্রদ্যুম্নং লিখিতং বীক্ষ্য শ্বশুরোঽয়মিতি লজ্জিতা॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতস্তত্র চিত্রপটে অয়মস্য পুত্রোঽয়মস্য নপ্তেতি প্রতিলেখ্যপ্রতিমোপরিতয়াক্ষরাণ্যপি লিখিতানীতি বুদ্ধ্যতে॥ ১০॥ ১১॥

মনুষ্যের মধ্যে বৃষ্ণিবংশ, শূর, বসুদেব, রাম, কৃষ্ণ ও প্রদ্যুম্নের প্রতিকৃতি উপযুক্তরূপে চিত্রিত করিলেন; কিন্তু প্রদ্যুম্নের প্রতিকৃতি অবলোকনে উষা শ্বশুর-জ্ঞানে লজ্জিতা হইলেন॥

অনন্তর অনিরুদ্ধের প্রতিকৃতি চিত্রপটে সুস্পষ্ট লিখিত সন্দর্শন করিয়া, উষার আর আনন্দের সীমা রহিল না; আনন্দের উচ্ছ্বাসে তাঁহার বদন-মণ্ডল বিকসিত হইয়া উঠিল। তিনি লজ্জায় অধোবদনা হইয়া, "আমি স্বপ্নে যাঁহাকে দর্শন করিয়াছি, তিনি এই! তিনি এই!" এই কথা সকলের সমক্ষেই বলিয়া উঠিলেন॥

তখন উষার নির্দ্দিষ্ট পুরুষকে কৃষ্ণপৌত্র অনিরুদ্ধ বলিয়া অবগত হইয়া

আভাস।

নিশ্চয়ই আনয়ন করিব। ত্রিভুবনস্থ যাবতীয় ব্যক্তির প্রতিকৃতি আমি এই চিত্রে অঙ্কিত করিতেছি; তুমি তন্মধ্যে অনুসন্ধান করত পূর্ব্বদৃষ্ট ব্যক্তিকে নির্ব্বাচন কর! এই বলিয়া চিত্রলেখা স্বর্গ, মর্ত্ত ও পাতালস্থ যাবতীয় পুরুষের মূর্ত্তি অঙ্কিত করিতে আরম্ভ করিলেন। প্রত্যেক প্রতিকৃতির নাম ও পরস্পরের সহিত সম্বন্ধও লিখিতে আরম্ভ করিলেন। পরিশেষে

তত্র সুপ্তং সুপর্য্যঙ্কে প্রাদ্যুম্নিং যোগমাস্থিতা।
গৃহীত্বা শোণিতপুরং সখ্যৈ প্রিয়মদর্শয়ৎ ॥ ১২ ॥
সাচ তং সুন্দরবরং বিলোক্য মুদিতাননা।
দুষ্প্রেক্ষ্যে স্বগৃহে পুংভী রেমে প্রাদ্যুম্নিনা সমং ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

তত্র দ্বারকায়াং শোভনে পর্য্যঙ্কে সুপ্তং প্রাদ্যুম্নিং গৃহীত্বা পুনঃ যোগং আস্থিতা এব শোণিতপুরং আগত্য সখ্যৈ উষায়ৈ প্রিয়ং বল্লভং তং অদর্শয়ৎ ॥ ১২ ॥

সা চ উষা সুন্দরবরং তং বিলোক্য মুদিতাননা (মুদিতং প্রফুল্লং আননং যস্যাঃ সা তথাবিধা) সতী পুংভিঃ দুষ্প্রেক্ষে স্বগৃহে প্রাদ্যুম্নিনা অনিরুদ্ধেন, সমং রেমে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী

শোণিতপুরং নীত্বা সখ্যৈ প্রিয়মদর্শয়ৎ ॥১২॥ পুংভির্দুষ্প্রেক্ষ্যে প্রেক্ষিতুমশক্যে ॥১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শোণিতপুরমিত্যনন্তরং গত্বেতি শেষঃ। যোগমাশ্রিতেতি দ্বারকায়াং প্রবেষ্টুমশক্নুবত্যাস্যৈ শ্রীনারদেন যোগবিদ্যোপদেশো হরিবংশাদৌ দৃষ্টঃ। চিত্রলেখাপি যোগমায়াংশভূতেতি কেচিদাহুঃ ॥ ১২ ॥

পুংভির্দুষ্প্রেক্ষ্যে পুরুষান্তরপ্রবেশাশক্য ইত্যর্থঃ ॥ ১৩ ॥

চিত্রলেখা যোগবলের আশ্রয়ে আকাশপথে আরোহণ করিলেন এবং হে নরনাথ! অবলীলাক্রমে সেস্থান হইতে গমন করত, কৃষ্ণপালিত দ্বারকাপুরে উপনীত হইলেন ॥ ১১ ॥

এবং তথায় অতি অপূর্ব্ব পর্য্যঙ্কের উপর গাঢ় নিদ্রায় নিদ্রিত অনিরুদ্ধকে অবলোকন করিয়া, চিত্রলেখা হৃষ্টান্তঃকরণে তাঁহাকে গ্রহণ করিলেন এবং পূর্ব্ববৎ যোগবলের আশ্রয়ে তাঁহাকে লইয়া, শোণিতপুরে আগমন পূর্ব্বক প্রিয়সখী উষাকে প্রদর্শন করাইলেন ॥ ১২ ॥

রাজনন্দিনী উষা অকস্মাৎ সেই সুন্দর বরকে অবলোকন করিয়া, আনন্দে প্রফুল্লবদনা হইলেন এবং অন্য পুরুষের অলক্ষিত স্বকীয় গৃহে তাঁহাকে প্রচ্ছন্নভাবে রক্ষা করত, তৎসহ রমণানন্দ অনুভব করিতে লাগিলেন ॥ ১৩ ॥

আভাস।

শ্রীকৃষ্ণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধের প্রতিকৃতি ও পরস্পরের সম্বন্ধ বর্ণন করিলে, উষা চমৎকৃত হইলেন এবং অনিরুদ্ধকে তাঁহার স্বপ্নদৃষ্ট পুরুষ বলিয়া নির্দ্দেশ করিলেন ॥ ১০ ॥

চিত্রলেখা তখন যোগবিদ্যাকে আশ্রয় করিয়া, অনিরুদ্ধকে আনয়নার্থ অগ্রসর হন। শ্রীহরিবংশে উক্ত আছে যে, দেবর্ষি নারদের অনুকম্পায় চিত্রলেখা ঐ প্রকার তামসী বিদ্যা লাভে সকল লোকের মোহ উৎপাদন করিতে পারিতেন। সর্ব্বত্র কিন্তু শ্রীকৃষ্ণেরই মাহাত্ম্য স্বীকার

পরার্দ্ধ্যবাসঃ স্রগ্‌গন্ধধূপদীপাসনাদিভিঃ।
পানভোজনভক্ষ্যৈশ্চ বাক্যৈঃ শুশ্রূষণার্চ্চিতঃ॥
গূঢ়ঃ কন্যাপুরে শশ্বৎ প্রবৃদ্ধস্নেহয়া তয়া।
নাহর্গণান্ স বুবুধে ঊষয়াপহৃতেন্দ্রিয়ঃ॥ ১৪॥
তাং তথা যদুবীরেণ ভুজ্যমানাং হতব্রতাং।

অন্বয়ঃ।

সঃ চ অনিরুদ্ধঃ কন্যাপুরে গূঢ়ঃ সন্ শশ্বৎ নিত্যং প্রবৃদ্ধস্নেহয়া (প্রবৃদ্ধঃ স্নেহঃ যস্যাঃ সা তয়া) ঊষয়া পরার্দ্ধ্যৈঃ অমূল্যৈঃ বাসঃপ্রভৃতিভিঃ পানভোজনভক্ষ্যৈঃ (ভোজ্যভোক্ষ্যয়ো শর্ব্ব্য-ত্বাচর্ব্ব্যত্বাদিনা ভেদঃ) বাক্যৈঃ মধুরালাপৈঃ, শুশ্রূষয়া চ অর্চ্চিতঃ বহুমতঃ, অতএব অপ-হৃতেন্দ্রিয়ঃ (অপহৃতং ইন্দ্রিয়ং মনঃ যস্য সঃ) সঃ অনিরুদ্ধঃ গচ্ছতঃ অহর্গণান্ ন বুবুধে ন জ্ঞাতবান্ ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ১৪॥

তাং ঊষাং যদুবীরেণ তথা নিগূঢ়তয়া ভুজ্যমানাং অতঃ আপ্রীতাং অতিহৃষ্টাং, দুরবচ্ছদৈঃ

শ্রীধরস্বামী।

স চ অনিরুদ্ধঃ পরার্দ্ধ্যৈরমূল্যৈ র্বাসঃস্রগাদিভিঃ শুশ্রূষণপূর্ব্বকমর্চ্চিতঃ সন্ তয়াঽপহৃতে-ন্দ্রিয়োঽহর্গণান্ দিনসমূহান্, ন বুবুধে॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতে র্যৎ শুশ্রূষণং তেনার্চ্চিতঃ সংমানিতঃ॥ ১৪॥

হেতুভিশ্চিহ্নৈঃ। দুরবচ্ছদৈশ্ছাদয়িতুমশক্যৈঃ। আপ্রীতামত্যানন্দবতীমিতি মুখ্যং

এদিকে অনিরুদ্ধও সেই কন্যাপুরে প্রচ্ছন্নভাবে অবস্থান করত, ঊষার উত্তরোত্তর পরিবর্দ্ধিত প্রেমে ক্রমশ আবদ্ধ হইতে লাগিলেন। বহুমূল্য বস্ত্র, মাল্য, ধূপ, দীপ, আসন, পানীয় দ্রব্য, পেয় চর্ব্ব্যাদি বিবিধ ভোজন সামগ্রী এবং মধুর আলাপের দ্বারা ঊষা তাঁহার এতই শুশ্রূষা করিতে লাগিলেন যে, অনিরুদ্ধের চিত্ত সম্পূর্ণরূপে ঊষার প্রতিই নিপাতিত হইল; অধিক কি! এইপ্রকার আনন্দানুভবে কত দিবা-রজনী যে অতিবাহিত হইয়া গেল, অনিরুদ্ধ তাহার কিছুই জানিতে পারিলেন না॥ ১৪॥

এই প্রকারে অতি প্রচ্ছন্নভাবে যদুবীর অনিরুদ্ধ কর্ত্তৃক ভুজ্যমানা এবং সর্ব্বদাই হৃষ্টচিত্তা ঊষাকে এক দিবস অবলোকন করিয়া, অন্তঃপুর-রক্ষিগণ

আভাস।

করিতে হইবে! নতুবা কৃষ্ণপালিত দ্বারকায় চিত্রলেখার তাদৃশ প্রবেশ কখনই সহজসাধ্য হইত না॥ ১১॥

পেয় ভোজ্য এবং ভোক্ষ্য চর্ব্ব্য বলিয়া উভয়ের ভেদ অবধারণীয়॥ ১৪॥

হেতুভির্লক্ষয়াঞ্চক্রুরাপ্রীতাং দুরবচ্ছদৈঃ ॥ ১৫ ॥
ভটা আবেদয়াঞ্চক্রুরাজংস্তে দুহিতুর্বয়ং।
বিচেষ্টিতং লক্ষয়ামঃ কন্যায়াঃ কুলদূষণং ॥ ১৬ ।
অনপায়িভিরস্মাভি গুপ্তায়াশ্চ গৃহে প্রভো।
কন্যায়া দূষণং পুংভির্দুষ্প্রেক্ষ্যায়া ন বিদ্মহে ॥

অন্বয়ঃ।

ছাদয়িতুং অশক্যৈঃ, গর্ভধারণাদিভিঃ হেতুভিঃ চিহ্নৈঃ, হতব্রতাং স্খলিতকন্যাদিনিয়মাং, (ইতি দ্বারপালাঃ) লক্ষয়াঞ্চক্রুঃ ॥ ১৫ ॥

তে ভটাঃ রাজ্ঞে বাণায় আবেদয়াঞ্চক্রুঃ যথা হে রাজন্! তে দুহিতুঃ কন্যায়াঃ, বিবাহ-রহিতায়াঃ, কুলদূষণং (কুলং দূষয়তীতি তথাভূতং) বিচেষ্টিতং পরপুরুষসম্বন্ধলক্ষণং বয়ং লক্ষয়ামঃ ॥ ১৬ ॥

হে প্রভো! অনপায়িভিঃ অনপসর্পদ্ভিঃ সাবধানৈঃ অস্মাভিঃ গৃহে গুপ্তায়াঃ অতএব পুংভিঃ দুষ্প্রেক্ষায়াঃ কন্যায়াঃ তৈঃ দূষণং কথং জাতং তৎ বয়ং ন বিদ্মহে ॥

শ্রীধরস্বামী।

আপ্রীতাং অতিহৃষ্টাং। দুরবচ্ছদৈ শ্ছাদয়িতুমশক্যৈঃ ॥ ১৫ ॥
বিচেষ্টিতং বিরুদ্ধাচরণং ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রতিচিহ্নং। পুরপালকভটাস্ত্রিয় ইতি শেষঃ ॥ ১৫ ॥

ভটাঃ প্রকারান্তরেণ জানন্ বাণঃ নঃ শান্তিং করিষ্যতীতি প্রাপ্তা শঙ্কা জ্ঞাপয়ামাসুঃ। কন্যায়া অপরিণীতায়া অপি ॥ ১৬ ॥

কিছু চিন্তিত হইল। নারীগণের গর্ভধারণাদির যে সকল লক্ষণ গোপন থাকে না, সেই সকল লক্ষণ ঊষাতে লক্ষ্য করিয়া, তিনি যে কন্যাব্রত ভঙ্গ করিয়াছেন, তাহা তাহারা সুস্পষ্ট অনুমান করিল। ১৫ ॥

এবং ভীতান্তঃকরণে রাজসমীপে উপস্থিত হইয়া, তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিল, হে নরনাথ! আপনার কন্যা ঊষাকে অদ্য অবলোকন করিয়া, আমাদের এরূপ প্রতীতি হইতেছে যে, বিবাহ হইবার পূর্ব্বেই পরপুরুষের

আভাস।

সৈনিক পুরুষের বনিতাগণই ঊষাগৃহে প্রহরীর কার্য্য করিত। তাহারা সকলে ঊষার একান্ত হৃষ্ট ও পরিতৃপ্ত ভাব দর্শনে মনে মনে সন্দেহবিশিষ্টা হইল এবং যৌবনপদবীতে আরূঢ়া অবিবাহিতা ঊষা যে পুরুষসঙ্গরসায়নে অনভিজ্ঞা বলিয়া তাহারা আর মনে করিল না। কারণ তাঁহার একান্ত প্রহৃষ্ট ভাবই আন্তরিক অবস্থাবিশেষের পরিচয় প্রদান করিয়া ছিল ॥ ১৫ ॥

ততঃ প্রব্যথিতো বাণো দুহিতুঃ শ্রুতদূষণঃ।
ত্বরিতঃ কন্যকাগারং প্রাপ্তোঽদ্রাক্ষীদ্‌যদূদ্বহং ॥ ১৭ ॥
কামাত্মজং তং ভুবনৈকসুন্দরং শ্যামং পিশঙ্গাম্বরমম্বুজেক্ষণং।
বৃহদ্ভুজং কুন্তলকুণ্ডলত্বিষা স্মিতাবলোকেনচ মণ্ডিতাননং। ১৮ ॥

অন্বয়ঃ।

দুহিতুঃ শ্রুতদূষণঃ (শ্রুতং দূষণং যেন সঃ) অতএব প্রব্যথিতঃ বাণঃ ততঃ স্থানাৎ, ত্বরিতং শীঘ্রং, কন্যাগারং প্রাপ্ত সন্ তত্র যদূদ্বহং অনিরুদ্ধং, অদ্রাক্ষীৎ ॥ ১৭ ॥

শ্যামং ভুবনৈকসুন্দরং কামাত্মজং (কামস্য তদবতারস্য প্রদ্যুম্নস্য আত্মনঃ দেহাৎ জাতং) পিশঙ্গাম্বরং (পিশঙ্গং পীতং অম্বরং যস্য তং) অম্বুজেক্ষণং (অম্বুজে ইব ঈক্ষণে যস্য তং) বৃহদ্ভুজং (বৃহন্তৌ ভুজৌ যস্য তং) কুন্তলকুণ্ডলত্বিষা (কুন্তলানাং কুণ্ডলয়োঃ চ ত্বিষা দীপ্ত্যা) স্মিতাবলোকেন চ মণ্ডিতাননং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অনপায়িভিঃ অপায়ঃ অপসর্পণং প্রমাদো বা তদ্রহিতৈঃ। দুষ্প্রেষ্যা ইতি পাঠান্তরে দুষ্টা প্রেষ্যা সখী যস্যা স্তস্যাঃ পুংভি র্দূষণং কুতো বেতি ন বিদ্ম ন জানীম ইতি ॥ ১৭ ॥

কামস্যাত্মনো দেহাজ্জাতং ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনপায়িভিঃ অপায়ঃ অপসর্পণং প্রমাদো বা তদ্রহিতৈঃ। দুষ্প্রেষ্যা বা ইতি পাঠে দুষ্টা যা বহ্বচনং ॥ ১৭ ॥ ১৮ ॥

সম্বন্ধজনিত কুলদূষিত ভাবসমূহ তাঁহাতে বিলক্ষণ লক্ষিত হইতেছে ॥ ১৬ ॥

হে প্রভো! আমরা অতি সতর্কতার সহিত কন্যার গৃহ রক্ষা করিয়া থাকি। কোন পুরুষের সম্পর্ক সেখানে ঘটিবার কোন সম্ভাবনাই দেখি না; তথাপি এরূপ কলঙ্কের লক্ষণসমূহ কেন যে লক্ষিত হইতেছে, তাহা আমরা কিছুতেই অবধারণ করিতে পারিতেছি না! ॥

দুহিতার তাদৃশ দোষের বার্ত্তা শ্রবণ করিয়া, মহারাজ বাণ একান্ত উদ্বিগ্ন হইয়া উঠিলেন এবং তৎক্ষণাৎ রাজসভা পরিত্যাগ করিয়া, স্বকীয় কন্যা ঊষার ভবনে প্রবেশ পূর্ব্বক যদুশ্রেষ্ঠ অনিরুদ্ধকে তথায় নয়নগোচর করিলেন ॥ ১৭ ॥

শ্যামসুন্দর পীতাম্বরধারী পদ্মপলাশলোচন, প্রদ্যুম্নমূর্ত্তিতে অবতীর্ণ সাক্ষাৎ মন্মথের দেহোৎপন্ন ভুবনৈকমোহন, কুন্তল ও কুণ্ডলদ্বয়ের অপূর্ব্ব জ্যোতিতে বিরাজমান সহাস্য বদন-মণ্ডল-বিশিষ্ট আজানুলম্বিতবাহু অনিরুদ্ধ তৎকালে যেন গৃহকে আলোকিত করত উপবিষ্ট হইয়া— ॥ ১৮ ॥

সর্ব্বলক্ষণ-সংযুতা প্রিয়ার সহিত অক্ষক্রীড়া করিতেছিলেন; কান্তার

দীব্যন্তমক্ষৈঃ প্রিয়য়াভিনৃম্নয়া তদঙ্গসঙ্গস্তনকুঙ্কুমস্রজং।
বাহ্বোর্দধানং মধুমল্লিকাশ্রিতাং তস্যাগ্র আসীনমবেক্ষ্য বিস্মিতঃ ॥ ১৯ ॥
স তং প্রবিষ্টং বৃতমাততায়িভির্ভটৈরনেকৈরবলোক্য মাধবঃ।
উদ্যম্য মৌর্ব্বং পরিঘং ব্যবস্থিতো যথান্তকো দণ্ডধরো জিঘাংসয়া ।

অন্বয়ঃ।

অভিনৃম্নয়া সর্ব্বতঃ কৃতমণ্ডলতয়া প্রকাশমানয়া, প্রিয়য়া সহ অক্ষৈঃ দীব্যন্তং ক্রীড়ন্তং, মধুমল্লিকাশ্রিতাং (মধুমল্লিকা বসন্তভবা মল্লিকাঃ তাভিঃ আশ্রিতাং গ্রথিতাং) তস্যাঃ অঙ্গসঙ্গেন স্তনগতং কুঙ্কুমং যস্যাং তাং স্রজং) বাহ্বোঃ মধ্যে দধানং তস্যাঃ ঊষায়াঃ অগ্রে আসীনং অবেক্ষ্য বিস্মিতঃ বভূব ॥ ১৯ ॥

সঃ মাধবঃ মধুবংশপ্রভবঃ অনিরুদ্ধঃ অনেকৈঃ আততায়িভিঃ উদ্যতাস্ত্রৈঃ ভটৈঃ পরিবৃতং তং বাণং প্রবিষ্টং অবলোক্য মৌর্ব্বং (মুরুঃ লৌহবিশেষঃ তন্নির্ম্মিতং) পরিঘং দণ্ডবিশেষং, উদ্যম্য গৃহীত্বা, জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া, দণ্ডধরঃ অন্তকঃ যমঃ, যথা তথা তদগ্রতঃ ব্যবস্থিতঃ ॥

শ্রীধরস্বামী।

অভিনৃম্নয়া সর্ব্বমঙ্গলয়া তস্যা অঙ্গসঙ্গেন স্তনকুঙ্কুমং যস্যাং স্রজি তাং স্রজং বাহ্বোর্মধ্যে বক্ষসি দধানং। মধুমল্লিকা বসন্তভবা মল্লিকা তদাশ্রিতাং। তস্যাগ্র ইত্যার্ষঃ সন্ধিঃ তস্যা অগ্র ইত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভিনৃম্নয়া পরমমঙ্গলয়া তস্যা অঙ্গসঙ্গেন স্তনকুঙ্কুমং যস্যাং তাং স্রজং। অৎস্যাত্যাং সকাশাৎ স্খলিতাং বাহ্বোর্দধানং। যদ্বা বাহ্বোর্বাহুশিরসোঃ স্কন্ধয়োরিত্যর্থঃ। মধুমল্লিকা বসন্তভবা মল্লিকা তদাশ্রিতাং তস্যা ঊষায়া অগ্রে সন্ধিরার্ষঃ। অহো মহাসাহসিনোঽস্যৈতাবদপি ধাষ্ট্যমিতি বিস্মিতঃ ॥ ১৯ ॥

অঙ্গ-সম্মীলনে তদীয় কুচগত কুঙ্কুমের স্পর্শে শোণায়িত বসন্তকালীন মল্লিকা কুসুমের মালা তদীয় বাহুযুগলের মধ্যে দোদুল্যমান হইতেছিল। ঊষার পুরোভাগে তাদৃশ অনিরুদ্ধকে অবলোকন করিয়া, মহারাজ বাণ তাঁহাকে একান্ত সাহসী জ্ঞানে বিস্মিত হইলেন ॥ ১৯ ॥

উদ্যতাস্ত্র সৈন্যগণে পরিবৃত বাণ-রাজাকে গৃহমধ্যে প্রবেশ করিতে অবলোকন করিয়া, মধুবংশ-প্রসূত কৃষ্ণপৌত্র অনিরুদ্ধ দৃঢ় লৌহ-নির্ম্মিত পরিঘাস্ত্র উত্তোলন পূর্ব্বক তাহাদিগের নিধন বাসনায় দণ্ডধারী কৃতান্তের ন্যায় সম্মুখে দণ্ডায়মান হইলেন ॥

তৎকালে সশস্ত্র সৈন্যগণ তাঁহাকে আক্রমণ করিবার অভিপ্রায়ে চতুর্দ্দিক হইতে তাঁহাকে বেষ্টন করিলে, শূকর-যূথপতি যেমন অবলীলা ক্রমে কুক্কুর-

জিঘৃক্ষয়া তান্ পরিতঃ প্রসর্পতঃ শুনো যথা শূকরযূথপোঽহনৎ।
তে হন্যমানা ভবনাদ্বিনির্গতা নির্ভিন্নমূর্দ্ধোরুভুজাঃ প্রদুদ্রুবুঃ॥ ২০॥
তং নাগপাশৈর্বলিনন্দনো বলী ঘ্নন্তং স্বসৈন্যং রুষিতো ববন্ধ হ।

অন্বয়ঃ।

জিঘৃক্ষয়া গ্রহীতুমিচ্ছয়া, পরিতঃ সর্ব্বতঃ, প্রসর্পতঃ আগচ্ছতঃ, তান্ আততায়িনঃ, শূকর-যূথপঃ যথা শুনঃ তথা তান্ অহনৎ জঘান। হন্যমানাঃ অতএব নির্ভিন্নমূর্দ্ধোরুভুজাঃ তে আততায়িনঃ, ভবনাৎ বিনির্গতাঃ সন্তঃ প্রদুদ্রুবুঃ পলায়িতাঃ॥ ২০॥

রুষিতঃ বলিনন্দনঃ বলীঃ বাণঃ, স্বসৈন্যং ঘ্নন্তং তং অনিরুদ্ধং, নাগপাশৈঃ ববন্ধ। তথা তং

শ্রীধরস্বামী।

আততায়িভিঃ উদ্যতাস্ত্রৈঃ। মাধবোঽনিরুদ্ধঃ। মৌর্ব্বং মুরুলৌহবিশেষঃ তেন নির্ম্মিতং॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাধবোঽনিরুদ্ধঃ। মূর্ব্বা লোহবিশেষ স্তন্নির্ম্মিতং॥ ২০॥

অশ্রুধরে অক্ষিণী যস্যাঃ সা কলিবলী কামধেনু। অরৌৎসীদিত্যার্ষং অরৌদীদিত্যর্থঃ।

গণকে নিহত করে, সেইরূপ তিনি সেই আততায়ী সৈন্যকুলকে আহত করিতে আরম্ভ করিলেন। অনিরুদ্ধের প্রহারে সৈন্যগণের মস্তক, উরুদেশ এবং ভুজযুগল একান্ত মর্ম্ম-পীড়িত হওয়ায়, তাহারা সকলে সেই ভবন হইতে দ্রুতপদে বিনির্গত হইয়া, ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল॥ ২০॥

এদিকে বলিনন্দন মহাবল বাণ স্বীয় সৈন্যগণকে নিহত অবলোকন করিয়া, নাগপাশের দ্বারা অনিরুদ্ধকে বন্ধন করিলেন। তৎকালে অনিরুদ্ধের তাদৃশ বন্ধনাবস্থা দর্শনে, উষার আর দুঃখের সীমা রহিল না; তিনি শোকে ও

আভাস।

বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ একত্রে চতুর্ব্যূহ বলিয়া যেমন অন্যত্র ব্যাখ্যাত আছেন, গোপালোত্তর-তাপনীতেও এতদ্দ্বারা প্রণবার্থ সূচিত হইয়াছে। "রোহিণীতনয়ো য়ামঃ অকারাক্ষরসম্ভবঃ। তৈজসাত্মকঃ প্রদ্যুম্নঃ উকারাক্ষরসম্ভবঃ॥ প্রজ্ঞাত্মকোঽনিরুদ্ধো বৈ মকারাক্ষরসম্ভবঃ। অর্দ্ধমাত্রাত্মকঃ কৃষ্ণো যস্মিন্ বিশ্বং প্রতিষ্ঠিতমিতি"॥ অর্থাৎ অকার হইতে সঙ্কর্ষণ, তৈজসমূর্ত্তি প্রদ্যুম্ন উকাররূপে এবং প্রজ্ঞারূপ অনিরুদ্ধ মকাররূপ অক্ষর হইতে সমুৎপন্ন হইয়াছেন। ইহাতে অর্দ্ধমাত্রাস্বরূপই শ্রীকৃষ্ণ, যাঁহাতে এই বিশ্ব ব্রহ্মাণ্ড রচিত এবং অবস্থিত হইতেছে। অতএব অনিরুদ্ধের সহিত বলিনন্দন বাণের সম্মুখ-সংগ্রাম কখনই সম্ভবপর নহে। বিষ্ণুপুরাণে উল্লেখ আছে যে, "যুধ্যমানো যথাশক্তি যদা বীরেণ নির্জ্জিতঃ। মায়য়া যুযুধে তেন স তদা মন্ত্রিচোদিতঃ"॥ শ্রীহরিবংশে উক্ত আছে যে, সাক্ষাৎ অনিরুদ্ধের সহিত যুদ্ধ করিতে অসমর্থ হইয়া, মহারাজ বাণ তদীয় মন্ত্রী কুম্ভাণ্ডের উপদেশ

ঊষা ভৃশং শোক-বিষাদ-বিহ্বলা বদ্ধং নিশাম্যাশ্রুকলাক্ষ্যরৌৎসীৎ ॥ ২১ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দশমস্কন্ধে বাণযুদ্ধে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬২ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অপশ্যতাং চানিরুদ্ধং তদ্বদ্ধূনাঞ্চ ভারত।

অন্বয়ঃ।

বদ্ধং নিশাম্য দৃষ্ট্বা, শোকবিষাদাভ্যাং বিহ্বলা ঊষা অশ্রুকলাক্ষী (অশ্রুণাং কলা বিন্দবঃ ষয়োঃ তে অক্ষিণী যস্যাঃ সা তথাভূতা সতী) ভৃশং অত্যন্তং, অরৌৎসীৎ ॥ ২১ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। হে ভারত! অনিরুদ্ধং অপশ্যতাং চকারাৎ তদ্গমনপ্রকারঞ্চ অজানতাং

শ্রীধরস্বামী।

শোকবিষাদাভ্যাং বিহ্বলা অবশা। অশ্রুণাং কলা বিন্দবো ষয়ো স্তে অক্ষিণী যস্যাঃ সা ॥ ২১ ॥

॥ * ॥ ইতি দশমে দ্বিষষ্টিতমঃ ॥ * ॥

কামাসক্তমতের্দুঃখং স্ত্রীসঙ্গেন ভবেদ্ধ্রুবং।
ইতি খ্যাপয়িতুং লোকে পৌত্রাহরণমুচ্যতে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যষ্টীনামন্তরাত্মানং শ্বেতদ্বীপেশমংশতঃ। বাণোঽবধ্যাং প্রভো র্লীলাশক্তিরেবাত্র কারণং ॥ ২১
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বিষষ্টিতম এতস্মিন্ দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥
জিতাভ্যাং জররুদ্রাভ্যাং সংস্তুতো বাণবাহুভিঃ।
সনপ্তৃকঃ পুরীং প্রাগাৎ ত্রিযুক্ষষ্টিতমে হরিঃ ॥ * ॥

বিষাদে বিহ্বলা হইয়া অবিরল-ধারে অশ্রুবারি বিসর্জ্জন পূর্ব্বক অত্যন্ত ক্রন্দন করিতে লাগিলেন ॥ ২১ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

অনুসারে মায়ার প্রয়োগে নাগাস্ত্রের দ্বারা অনিরুদ্ধকে তিনি বন্ধন করিয়াছিলেন। কন্যা-গৃহের বাহিরে যুদ্ধ হওয়ায় "নিশম্য" অর্থাৎ শ্রুত্বা শ্রবণ করিয়া পদটীই সঙ্গত স্বীকার করিতে হইবে ॥ ২১ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিষষ্টিতম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

ত্রিষষ্টিতম অধ্যায়ে বাণ-যাদবযুদ্ধে মাহেশ-জ্বর এবং রুদ্র কর্ত্তৃক বাণবাহুচ্ছেত্তা শ্রীহরির স্তুতি বর্ণিত হইয়াছে ॥

চত্বারো বার্ষিকা মাসা ব্যতীয়ুরনুশোচতাং ॥ ১ ॥
নারদাত্তদুপাকর্ণ্য বার্ত্তাং বন্ধস্য কর্ম্মচ।
প্রযযুঃ শোণিতপুরং বৃষ্ণয়ঃ কৃষ্ণদেবতাঃ ॥ ২ ॥
প্রদ্যুম্নো যুযুধানশ্চ গদঃ সাম্বোঽথ সারণঃ।
নন্দোপনন্দ-ভদ্রাদ্যা রামকৃষ্ণানুবর্ত্তিনঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

অতঃ অনুশোচতাং সতাং তদ্বন্ধূনাং (তস্য অনিরুদ্ধস্য বন্ধূনাং) বার্ষিকাঃ বর্ষোপলক্ষিতাঃ, আষাঢ়াদ্যাশ্বিনান্তাঃ চত্বারঃ মাসাঃ ব্যতীয়ুঃ অতিক্রান্তাঃ (বর্ষাহি প্রতিবন্ধিকা ইতি তাবৎ অন্বেষণপ্রযত্নোঽপি ন কৃতেত্যর্থঃ) ॥ ১ ॥

অথ বন্ধস্য অনিরুদ্ধস্য বার্ত্তাং বন্ধনবার্ত্তাং, চিত্রলেখাহরণোষারমণরূপাং, কর্ম্ম যুদ্ধাদি রূপং, চ নারদাৎ উপাকর্ণ্য শ্রুত্বা, কৃষ্ণদেবতাঃ (কৃষ্ণঃ এব দেবতা রক্ষকঃ যেষাং তে) রাম-কৃষ্ণানুবর্ত্তিনঃ বৃষ্ণয়ঃ প্রদ্যুম্নাদয়ঃ শোণিতপুরং প্রযযুঃ ॥ ২ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ত্রিযুক্ষষ্টিতমে চাথ বাণযাদবসঙ্গরে। স্তুতিভির্হরেণ রুদ্রেণ বাণবাহুভিদোহরেঃ ॥ ১ ॥
কর্ম্ম চ যুদ্ধাদিকং ॥ ২ ॥
রামকৃষ্ণানুবর্ত্তিন ইতি তৌ পুরতো নির্গতাবিত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্যৈষ্ঠাদিষণ্মাসেষপি ব্যতীতেষু চত্বারো বার্ষিকা ইতি বার্ষিকা অপীত্যর্থঃ ॥ ১ ॥

শুকদেব বলিলেন, হে ভারত! অনিরুদ্ধের অদর্শনে শোকসন্তপ্তচিত্ত তদীয় আত্মীয় ও স্বজনবর্গ বর্ষোপলক্ষিত জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ ও ভাদ্র এই মাস চতুষ্টয় অনিরুদ্ধের অন্বেষণে বিরত হইয়া, গৃহেই অতিবাহিত করিলেন ॥১

পরে দেবর্ষি নারদের মুখে যখন শ্রবণ করিলেন যে, চিত্রলেখা কর্ত্তৃক তিনি শোণিতপুরে অপহৃত হইয়াছেন এবং তথায় মহারাজ বাণ কর্ত্তৃক তদীয় সৈন্যবধ নিবন্ধন নাগপাশে আবদ্ধ হইয়াছেন, তখন তাঁহারা সকলে শোণিত-পুরে যুদ্ধার্থ যাত্রা করিলেন ॥ ২ ॥

প্রদ্যুম্ন, যুযুধান, গদ, সাম্ব, সারণ, নন্দ, উপনন্দ এবং ভদ্রাদি কৃষ্ণানুবর্ত্তী বৃষ্ণিগণ রামকৃষ্ণকে পুরোবর্ত্তী করিয়া এবং দ্বাদশ অক্ষৌহিণীতে পরিবৃত হইয়া সৈন্যসামন্তে দিক্‌বিদিক্ সমাচ্ছাদিত করত শোণিতপুরে প্রবেশ করিলেন এবং বাণনগরীকে সর্ব্বতোভাবে নিরুদ্ধ করিলেন ॥ ৩ ॥ ৪ ॥

সাত্বতশ্রেষ্ঠ যোদ্ধাগণ কর্ত্তৃক স্বীয় ভবন, উদ্যান, প্রাচীর, অট্টালিকা ও গোপুর সমূহ ভগ্নপ্রায় অবলোকন করিয়া, বাণ ক্রোধে পরিপূর্ণ হইলেন এবং

অক্ষৌহিণীভির্দ্বাদশভিঃ সমেতাঃ সর্ব্বতো দিশং।
রুরুধুর্বাণনগরং সমন্তাৎ সাত্বতর্ষভাঃ ॥ ৪ ॥
ভজ্যমান-পুরোদ্যান-প্রাকারাট্টালগোপুরং।
প্রেক্ষমাণো রুষাবিষ্ট স্তুল্যসৈন্যোঽভিনির্যযৌ ॥ ৫ ॥
বাণার্থং ভগবান্ রুদ্রঃ সসুতঃ প্রমথৈর্বৃতঃ।
আরুহ্য নন্দিবৃষভং যুযুধে রামকৃষ্ণয়োঃ ॥
আসীৎ সুতুমুলং যুদ্ধমদ্ভুতং লোমহর্ষণং।
কৃষ্ণশঙ্করয়ো রাজন্ প্রদ্যুম্নগুহয়োরপি ॥

অন্বয়ঃ।

অক্ষৌহিণীভিঃ দ্বাদশভিঃ সমেতাঃ মিলিতাঃ তে সাত্বতর্ষভাঃ যাদবশ্রেষ্ঠাঃ বহিঃ সর্ব্বতঃ দিশং অন্তঃ সমন্তাৎ সর্ব্বতঃ বাণনগরং রুরুধুঃ ॥ ৪ ॥

ভজ্যমান-পুরোদ্যান-প্রাকারাট্টাল-গোপুরং (ভজ্যমানানি পুরোদ্যানাদীনি যস্মিন্ তথাভূতং স্বনগরং) প্রেক্ষমাণঃ এব বাণঃ রুষা ক্রোধেন, আবিষ্টঃ সন্ তুল্যসৈন্যঃ দ্বাদশাক্ষৌহিণী-সেনাযুক্তঃ এব (যোদ্ধুং পুরাৎ) অভিনির্যযৌ ॥ ৫ ॥

প্রমথৈঃ স্বগণৈঃ, বৃতঃ সসুতঃ স্কন্দাদিসহিতঃ, ভগবান্ রুদ্রঃ নন্দিবৃষভং নন্দিনামানং বৃষভং, আরুহ্য বাণার্থং বাণস্য সহায়ার্থং, রামকৃষ্ণয়োঃ রামকৃষ্ণাভ্যাং, যুযুধে ॥

হে রাজন্! ইত্থং কৃষ্ণশঙ্করয়োঃ তথা প্রদ্যুম্নগুহয়োঃ অপি সুতুমুলং সঙ্কুলং, নিরন্তর-শস্ত্রপাতলক্ষণং, লোমহর্ষণং (শৃণ্বতাং পশ্যতাং চ জনানাং রোমোদ্গমকারণং) অদ্ভুতং যুদ্ধং আসীৎ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বতোদিশমিত্যুকরেণাবয়ঃ ॥ ৪ ॥

ভজ্যমানানি পুরোদ্যানাদীনি। দ্বন্দ্বৈকবদ্ভাবঃ। অট্টালাঃ প্রাকারোপরিতনাল্পান্নত-স্থানানি অভিনির্যযৌ বাণঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তস্যানিরুদ্ধস্য কর্ম্ম চ যুদ্ধাদিকং ॥ ২—৫ ॥

বিপক্ষের তুল্যবল দ্বাদশ অক্ষৌহিণী সেনায় স্বয়ং পরিবৃত হইয়া, যুদ্ধার্থ পুর হইতে বাহিরে বহির্গত হইলেন ॥ ৫ ॥

এদিকে বাণের সাহায্যার্থ স্কন্দ-সমভিব্যাহারী ভগবান্ রুদ্রদেব প্রমথগণে পরিবৃত হইয়া রামকৃষ্ণের সহিত যুদ্ধ করিবার জন্য নন্দিনামক বৃষভে আরোহণ পূর্ব্বক সেই সমর-স্থলে উপনীত হইলেন ॥

তাদৃশ তুমুল যুদ্ধ দর্শনে উপস্থিত ব্যক্তিমাত্রেরই রোমাঞ্চ হইয়াছিল। হে রাজন্! শ্রীকৃষ্ণের সহিত ভগবান্ রুদ্রের, কার্ত্তিকেয় সহ প্রদ্যুম্নের,

কুম্ভাণ্ডকূপকর্ণাভ্যাং বলেন সহ সংযুগং।
সাম্বস্য বাণপুত্রেণ বাণেন সহ সাত্যকেঃ॥
ব্রহ্মাদয়ঃ সুরাধীশা মুনয়ঃ সিদ্ধচারণাঃ।
গন্ধর্ব্বাপ্সরসো যক্ষা বিমানৈর্দ্রষ্টুমাগমন্॥
শঙ্করানুচরাঞ্ছৌরি ভূত-প্রমথ-গুহ্যকান্।
ডাকিনীর্যাতুধানাংশ্চ বেতালান্ সবিনায়কান্॥
ভূত-মাতৃ-পিশাচাংশ্চ কুম্ভাণ্ডান্ ব্রহ্মরাক্ষসান্।
দ্রাবয়ামাস তীক্ষ্ণাগ্রৈঃ শরৈঃ শার্ঙ্গধনুশ্চ্যুতৈঃ॥

অন্বয়ঃ।

তথা কুম্ভাণ্ডকূপকর্ণাভ্যাং সহ বলেন তথা বাণপুত্রেণ সহ সাম্বস্য, বাণেন সহ সাত্যকেঃ সংযুগং আসীৎ॥

ব্রহ্মাদয়ঃ সুরাধীশাঃ মুনয়ঃ সিদ্ধচারণাঃ গন্ধর্ব্বাপ্সরসঃ যক্ষাঃ চ যুদ্ধং দ্রষ্টুং বিমানৈঃ তত্র আগমন্॥

শৌরিঃ কৃষ্ণঃ, শার্ঙ্গধনুশ্চ্যুতৈঃ (শার্ঙ্গাখ্যধনুষঃ চ্যুতৈঃ) তীক্ষ্ণাগ্রৈঃ শরৈঃ ভূতাদীন্ শঙ্করানুচরান্ শঙ্করকিঙ্করান্, দ্রাবয়ামাস ইতি দ্বয়োরন্বয়ঃ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাণার্থমিতি দুঃখসঙ্গদোষব্যঞ্জনার্থমিতি ভাবঃ। ভগবানিতি সর্ব্বজ্ঞোঽপি স্বপরাভবেন বাণমন্যাংশ্চ তন্মহিমানং দর্শয়িতুমিতি ভাব ইতি প্রাঞ্চঃ। ভগবতো যুদ্ধোৎসাহমখ-সম্পাদনার্থং নরলীলত্বেঽপি রামাদ্যবতারবতো বৈলক্ষণ্যেন সর্ব্বোৎকর্ষখ্যাপনার্থঞ্চ লীলাশক্তি-প্রেরিতা যোগমায়ৈব ব্রহ্মাণমিব তমপি তদীয়ানপি বিশেষতো মোহয়ামাসৈব অতএবোক্তং

কুম্ভাণ্ড ও কূপবর্ণের সহিত বলরামের, বাণপুত্রের সহিত সাম্বের এবং সাত্যকির সহিত স্বয়ং বাণরাজের পরস্পর ভয়ানক যুদ্ধ আরম্ভ হইল॥

তাদৃশ অদ্ভুত যুদ্ধ দর্শন করিবার অভিপ্রায়ে ব্রহ্মাদি সুরপতিগণ, মুনিগণ, সিদ্ধ ও চারণগণ, গন্ধর্ব্ব, অপ্সরা ও যক্ষগণ সকলেই বিমানারোহণে তথায় উপস্থিত হইলেন॥

ভূত, প্রমথ, গুহ্যক, ডাকিনী, যাতুধান, বিনায়ক সহ বেতালগণ, ভূত মাতৃগণ, পিশাচসমূহ, কুম্ভাণ্ড এবং ব্রহ্মরাক্ষসাদি রুদ্র-পক্ষীয় সেনাগণকে ভগবান্ শ্রীকৃষ্ণ শার্ঙ্গধনু নিক্ষিপ্ত তীক্ষ্ণধার শরের সন্ধানে এরূপ পীড়িত করিয়াছিলেন যে, তাহারা সকলে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল॥

পিনাকী মহাদেবও শার্ঙ্গধন্বা শ্রীকৃষ্ণের প্রতি পৃথক্ পৃথক্ বিচিত্র দিব্য অস্ত্র সমূহ প্রয়োগ করিতে আরম্ভ করিলেন। শার্ঙ্গপাণিও তাঁহার বিপক্ষে

পৃথক্ দিব্যানি প্রাযুঙ্ক্ত পিণাক্যস্ত্রাণি শার্ঙ্গিণে।
প্রত্যস্ত্রৈঃ শময়ামাস শার্ঙ্গপাণিরবিস্মিতঃ ॥ ৬ ॥
ব্রহ্মাস্ত্রস্যচ ব্রহ্মাস্ত্রং বায়ব্যস্যচ পার্ব্বতং।
আগ্নেয়স্যচ পার্জন্যং নৈজং পাশুপতস্য চ ॥
মোহয়িত্বাথ গিরিশং জৃম্ভণাস্ত্রেণ জৃম্ভিতং।
বাণস্য পৃতনাং শৌরির্জঘানাসিগদেষুভিঃ ॥ ৭ ॥
স্কন্দঃ প্রদ্যুম্নবাণৌঘৈরর্দ্যমানঃ সমন্ততঃ।

অন্বয়ঃ।

পিনাকী রুদ্রঃ, শার্ঙ্গিণে কৃষ্ণায়, পৃথগ্ বিধানি নানাপ্রকারাণি অস্ত্রাণি প্রাযুঙ্ক্ত প্রযুক্তবান্; শার্ঙ্গপাণিঃ কৃষ্ণঃ, অবিস্মিতঃ ভয়গর্ব্বাদিরহিতঃ, এব তানি প্রত্যস্ত্রৈঃ শময়ামাস ॥ ৬ ॥

ব্রহ্মাস্ত্রস্য ব্রহ্মাস্ত্রং, বায়ব্যস্য চ পার্ব্বতং, আগ্নেয়স্য চ পার্জ্জন্যং, পাশুপতস্য চ নৈজং নারায়ণাস্ত্রং; জৃম্ভণাস্ত্রেণ যথা জৃম্ভিতং স্যাৎ তথা গিরিশং মোহয়িত্বা শৌরিঃ বাণস্য পৃতনাং অসিগদেষুভিঃ জঘান ॥ ৭ ॥

স্কন্দঃ কার্ত্তিকেয়ঃ, প্রদ্যুম্নবাণৌঘৈঃ (প্রদ্যুম্নস্য বাণৌঘৈঃ বাণসমূহৈঃ) সমন্ততঃ সর্ব্বতঃ,

শ্রীধরস্বামী।

সুতঃ স্কন্দস্তৎসহিতঃ। প্রমথৈর্গণৈঃ রামকৃষ্ণাভ্যাং যুযুধে ॥ ৬ ॥
প্রত্যস্ত্রাণ্যেবাহ ব্রহ্মাস্ত্রস্যেতি। নৈজং নারায়ণাস্ত্রং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিরসামৃতসিন্ধৌ ব্রহ্মরুদ্রাদিমোহনমিতি নবীনাশ্চাহুঃ ॥ ৬ ॥
প্রত্যস্ত্রান্যেবাহ। ব্রহ্মাস্ত্রস্য শমনার্থং ব্রহ্মাস্ত্রং প্রাযুঙ্ক্তেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। নৈজং নারায়ণাস্ত্রং ॥

বিপরীত অস্ত্র সমূহের দ্বারা অবলীলাক্রমে সেই সকল অস্ত্রকে ছেদন করিতে লাগিলেন ॥ ৬ ॥

ব্রহ্মাস্ত্রের বিরুদ্ধে ব্রহ্মাস্ত্র, বায়ব্যাস্ত্রের বিপক্ষে পার্ব্বতাস্ত্র, আগ্নেয়াস্ত্রের প্রতিকূলে পার্জ্জন্যাস্ত্র এবং পাশুপতাস্ত্রের প্রতিকূলে স্বীয় নারায়ণাস্ত্র নিক্ষেপ করিয়া রুদ্রনিক্ষিপ্ত অস্ত্র সমূহের নিবারণ করিলেন; এবং জৃম্ভনাস্ত্রের প্রয়োগে ভগবান্ ত্রিশূলপাণিকে সম্পূর্ণ বিমুগ্ধ করিয়া ফেলিলেন; এদিকে অসি, গদা ও বাণের নিক্ষেপে বাণরাজের সৈন্যকুলকে প্রায় নিঃশেষে সংহার করিয়া ফেলিলেন ॥ ৭ ॥

প্রদ্যুম্নের শরবর্ষণে কার্ত্তিকেয় সম্পূর্ণ অভিভূত হইয়া পড়িলেন; তাঁহার অঙ্গ প্রত্যঙ্গ ক্ষতবিক্ষত হইয়াছিল এবং অবিরল রুধিরধারা বিগলিত হইতে

অস্থ্যমুঞ্চন্ গাত্রেভ্যঃ শিখিনা প্রাদ্রবদ্রণাৎ ॥ ৮ ॥
কুম্ভাণ্ডঃ কূপকর্ণশ্চ পেততুর্মুষলার্দ্দিতৌ।
দুদ্রুবুস্তদনীকানি হতনাথানি সর্ব্বশঃ ॥
বিশীর্য্যমাণং স্ববলং দৃষ্ট্বা বাণোঽত্যমর্ষিতঃ।
কৃষ্ণমভ্যদ্রবৎ সংখ্যে রথী হিত্বৈব সাত্যকিং ॥
ধনুংষ্যাকৃষ্য যুগপদ্বাণঃ পঞ্চশতানি বৈ।
একৈকস্মিন্ শরৌ দ্বৌ দ্বৌ সন্দধে রণদুর্ম্মদঃ ॥

অন্বয়ঃ।

অর্দ্দ্যমানঃ তাড্যমানঃ, অতঃ গাত্রেভ্যঃ অসৃক্ রুধিরং বিমুঞ্চন্ শিখিনা ময়ূরেণ, বাহনেন রণাৎ যুদ্ধক্ষেত্রাৎ, প্রাদ্রবৎ পলায়িতঃ ॥ ৮ ॥

(বলভদ্র-প্রমুক্তমুষলেন) অর্দ্দিতৌ তাড়িতৌ, কুম্ভাণ্ডঃ কূপকর্ণঃ চ পেততুঃ এবং হতনাথানি (হতৌ নাথৌ যেষাং তানি) তদনীকানি তয়োঃ অনীকানি সর্ব্বশঃ দুদ্রুবুঃ ॥

স্ববলং বিশীর্য্যমাণং সর্ব্বতঃ পলায়িতং, দৃষ্ট্বা অতি অতিশয়েন, অমর্ষিতঃ রথী রথস্থঃ, বাণঃ (স্বপ্রতিযোদ্ধারং) সাত্যকিং হিত্বা সংখ্যে যুদ্ধে, কৃষ্ণং অভ্যদ্রবৎ ॥

রণদুর্ম্মদঃ (রণে দুর্ম্মদঃ অতিগর্ব্বিতঃ) বাণঃ যুগপৎ একদৈব সহস্রবাহুত্বাৎ পঞ্চশতভুজৈঃ পঞ্চশতানি ধনুংষি আকৃষ্য গৃহীত্বা পঞ্চশতভুজৈঃ একৈকস্মিন্ ধনুষি দ্বৌ দ্বৌ শরৌ সন্দধে ॥

শ্রীধরস্বামী।

শিখিনা ময়ূরেণ বাহনেন ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্কন্দঃ কার্ত্তিকেয়ঃ। শিখিনা ময়ূরেণ সহ ॥ ৭ ॥ ৮ ॥

লাগিল; তিনি একান্ত ব্যাকুল হইয়া, স্বীয় বাহন ময়ূরোপরি আরোহণ পূর্ব্বক রণস্থল হইতে পলায়ন করিলেন ॥ ৮ ॥

এদিকে বলভদ্র কর্ত্তৃক নিক্ষিপ্ত মুষলের আঘাতে বিষম আহত হইয়া, বাণমন্ত্রী কুম্ভাণ্ড ও কূপকর্ণ ধরাশায়ী হইলেন। পূর্ব্বোক্ত সেনাপতিদ্বয়ের বিনাশে সৈনিক পুরুষগণ বিশৃঙ্খল হইয়া, রণে ভঙ্গ দিয়া ইতস্ততঃ পলায়ন করিল ॥

স্বকীয় সৈন্যসামন্তগণ অবসন্নপ্রায় হইয়া রণপ্রাঙ্গণ হইতে পলায়ন করিলে, মহারাজ বাণ একান্ত ক্রুদ্ধ হইয়া স্বীয় প্রতিযোদ্ধা সাত্যকিকে উপেক্ষা করত, রথারোহণে শ্রীকৃষ্ণের অভিমুখেই যুদ্ধার্থ ধাবিত হইলেন ॥

রণগর্ব্বিত বাণ পঞ্চ শত ধনু এক সময় পঞ্চ শত হস্তে ধারণ করিয়া, অপর পঞ্চশত হস্তের দ্বারা এককালে প্রত্যেক ধনুতে দুই দুইটী করিয়া বাণ সন্ধান করিলেন ॥

তানি চিচ্ছেদ ভগবান্ ধনুংসি যুগপদ্ধরিঃ।
সারথিং রথমশ্বাংশ্চ হত্বা শঙ্খমপূরয়ৎ ॥
তন্মাতা কোটরীনাম নগ্না মুক্তশিরোরুহা।
পুরোঽবতস্থে কৃষ্ণস্য পুত্রপ্রাণরিরক্ষয়া ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ভগবান্ হরিঃ (সন্ধানাৎ পূর্ব্বমেব বাণস্য) তানি ধনুংষি যুগপৎ এব চিচ্ছেদ তথা সারথিং রথং অশ্বান্ চ হত্বা শঙ্খং অপূরয়ৎ অবাদয়ৎ ॥

তদা চ কোটরী নাম তস্য বাণস্য, মাতা তস্য পুত্রস্য বাণস্য, প্রাণান্ রক্ষিতুমিচ্ছয়া মুক্তশিরোরুহা (মুক্তাঃ শিরোরুহাঃ কেশাঃ যস্যাঃ সা) নগ্না সতী কৃষ্ণস্য পুরতঃ অবতস্থে ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তয়োরনীকানি হতৌ নার্থৌ যেষাং তানি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কোটরা পার্ব্বত্যা এব মূর্ত্তিঃ। দৈত্যোপাস্যা কোটরীতি চান্যত্রাস্যাঃ সংজ্ঞা। রিরক্ষয়া রিরক্ষিষয়া ॥ ৯ ॥

ভগবান্ শ্রীহরি কিন্তু তাদৃশ শরজাল নিক্ষিপ্ত হইবার পূর্ব্বেই অপূর্ব্ব ক্ষিপ্রহস্ততার পরিচয়ে বাণরাজের পঞ্চশত ধনু একত্র ছেদন করিয়া ফেলিলেন এবং বাণের সারথি, রথ ও অশ্বগণকে নিহত ও চূর্ণ বিচূর্ণ করত সিংহনাদচ্ছলে পাঞ্চজন্য শঙ্খের ধ্বনি করিলেন ॥

ইতিমধ্যে বাণ-জননী কোটরী পুত্রের প্রাণশঙ্কট অবস্থা অবলোকনে একান্ত ভীতা হইলেন এবং তনয়ের প্রাণভিক্ষার প্রার্থনায় আলুলায়িতকেশা ও বিবসনা অবস্থাতেই দ্রুতবেগে শ্রীকৃষ্ণের সম্মুখে উপস্থিত হইলেন ॥ ৯ ॥

আভাস।

শ্রীহরিবংশের উক্তি অনুসারে প্রকাশ যে, বাণ বিশেষ তপস্যার ফলে পার্ব্বতীর গর্ভে মহাদেবের ঔরসে জন্মিয়াছিলেন। অর্থাৎ সাক্ষাৎ সম্বন্ধে পার্ব্বতীর গর্ভজাত না হইলেও, কোটরা নাম্নী পার্ব্বতীর মূর্ত্তি-বিশেষ হইতেই তিনি সমুৎপন্ন হন। হরিবংশের কোন স্থানে মহাদেব পার্ব্বতীকে বলিয়াছেন যে, "হে লম্বে! তুমি বাণকে রক্ষা কর!" এস্থলে লম্বে বলিয়া, মহাদেব পার্ব্বতীকেই সম্বোধন করিয়াছিলেন। সেই সময়ে লম্বা দেবী অন্যের অজ্ঞাতসারে কেবল শ্রীকৃষ্ণকে দর্শন দিয়াই তৎপার্শ্বে দণ্ডায়মানা হন; তৎকালে বিজয়াও সখীরূপে উক্ত কার্য্যে লম্বার সহায়তা করেন। পরে অন্তর্ধান কালে লম্বা আবরণ বস্ত্র পরিত্যাগে, কোটরী মূর্ত্তি ধারণ করেন। বিষ্ণুপুরাণেও কথিত আছে যে, মন্ত্রময়ী দৈত্যকুলদেবতার নামই কোটরী। কৃষ্ণের সমীপে আগমন করায়, দৈত্যের বিদ্যা আবরণশূন্যই হইয়াছিল; ইহাই তাঁহার দিগ্বাসত্বের পরিচয় ॥ ৯ ॥

ততস্তির্য্যঙ্মুখো নগ্নামনিরীক্ষন্ গদাগ্রজঃ।
বাণশ্চ তাবদ্বিরথশ্ছিন্নধন্বাবিশৎপুরং ॥ ১০ ॥
বিদ্রাবিতে ভূতগণে জ্বরস্তু ত্রিশিরাস্ত্রিপাৎ।
অভ্যধাবত দশার্হং দহন্নিব দিশো দশ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

তদা চ গদাগ্রজঃ কৃষ্ণঃ নগ্নাং তাং কোটরীং অনিরীক্ষন্ অনিরীক্ষমাণঃ, তির্য্যঙ্মুখঃ বভূব; তাবৎ তদন্তরং, লব্ধ্বা বিরথঃ ছিন্নধন্বা বাণঃ পুরং অবিশৎ ॥ ১০ ॥

এবং ভূতগণে (ভগবতা) বিদ্রাবিতে সতি (রুদ্রেণ প্রযুক্তঃ অতঃ) দশ দিশঃ দহন্ ইব (প্রকাশমানঃ) ত্রিশিরাঃ ত্রিপাৎ জ্বরঃ তু যোদ্ধুং দাশার্হং কৃষ্ণং, অভ্যধাবত অভ্যাজগাম ॥১১॥

শ্রীধরস্বামী।

অনিরীক্ষন্ অনিরীক্ষমাণস্তির্য্যঙ্মুখো বভূবেতি। বাণস্তু পুরমবিশদিতি ॥ ১০ ॥

জ্বরস্তু যোদ্ধুমভ্যধাবদিতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনিরীক্ষমাণ স্তির্য্যঙ্মুখো বভূব ॥ ১০ ॥

জ্বরস্তু যোদ্ধুমভ্যধাবদিতি শেষঃ। জ্বরস্ত্রিপাদস্ত্রিশিরাঃ ষড়্ভুজো নবলোচনঃ। তস্ম-প্রহরণো রৌদ্রঃ কালান্তকযমোপম ইতি ॥ ১১ ॥

গদাগ্রজ বাসুদের কিন্তু কোটরীর তাদৃশ বিবসনা অবস্থা যাহাতে অবলোকন করিতে না হয়, তজ্জন্য সেই দিক্ হইতে তিনি যেমন মুখ ফিরাইলেন, অমনি সামান্য অবসর লাভে বাণ তাদৃশ ছিন্নধনু ও বিরথ অবস্থাতেই স্বকীয় পুরীর মধ্যে পলায়ন করিলেন ॥ ১০ ॥

এই প্রকারে বাণের সৈন্য সামন্ত ও মহাদেবের ভূত-প্রেত প্রমথগণ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক বিতাড়িত হইলে, মহাদেব একান্ত ক্রুদ্ধ হইয়া, রুদ্র-জ্বরের উৎপাদন করিলেন। তখন সেই ত্রিশিরা ও ত্রিপাদ রুদ্রজ্বর তেজে দশ দিক্ আলোকিত করত যুদ্ধের জন্য শ্রীকৃষ্ণের অভিমুখে ধাবিত হইল ॥ ১১ ॥

আভাস।

মহাদেবের সহিত শ্রীকৃষ্ণের যুদ্ধ আরম্ভ হইবার পূর্ব্বে প্রমথগণের যখন পরাজয় হইয়াছিল, তখনই ধূর্জটী জ্বরের সৃষ্টি করিয়াছিলেন। হরিবংশে জ্বরের রূপ বর্ণিত আছে যথা; "জ্বর স্ত্রিপাদ স্ত্রিশিরাঃ ষড়্ভুজো নবলোচনঃ। ভস্মপ্রহরণো রৌদ্রঃ কালান্তকযমোপমঃ ॥ নদন্মেঘ-সহস্রস্য তুল্যনির্ঘাতনিস্বনঃ। নিশ্বসন্ জৃম্ভমাণশ্চ নিদ্রান্বিত তনু র্ভৃশমিতি" ॥ জ্বরের তিনটী পাদ ও তিনটী মস্তক, ছয় হস্ত এবং নয়টী লোচন; ভস্মের দ্বারা কলেবর আবৃত এবং কালান্তক যমের ন্যায় আকৃতি অতি কঠোর; যুগপৎ সহস্র বজ্রধ্বনির ন্যায় ধ্বনি

অথো নারায়ণো দেব স্তং দৃষ্ট্বা ব্যসৃজজ্জ্বরং।
মাহেশ্বরো বৈষ্ণবশ্চ যুযুধাতে জ্বরাবুভৌ ॥ ১২ ॥
মাহেশ্বরঃ সমাক্রন্দন্ বৈষ্ণবেন বলার্দ্দিতঃ।
অলব্ধা ভয়মন্যত্র ভীতো মাহেশ্বরো জ্বরঃ ॥
শরণার্থী হৃষীকেশং তুষ্টাব প্রণতাঞ্জলিঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

অথ দেবঃ নারায়ণঃ তং জ্বরং দৃষ্ট্বা (স্বকীয়ং) শীতজ্বরং ব্যসৃজৎ; তদা চ মাহেশ্বরঃ বৈষ্ণবঃ চ উভৌ জ্বরৌ পরস্পরং যুযুধাতে ॥ ১২ ॥

ততঃ বৈষ্ণবেন জ্বরেণ বলার্দ্দিতঃ (বলেন অর্দ্দিতঃ পীড়িতঃ) মাহেশ্বরঃ জ্বরঃ সমাক্রন্দন্ রুদন্ অভূৎ। তদা চ অন্যত্র অভয়ং অলব্ধা ভীতঃ মাহেশ্বরঃ জ্বরঃ শরণার্থী (শরণং রক্ষিতারং অর্থয়তে ইতি) প্রণতাঞ্জলিঃ সন্ হৃষীকেশং সর্ব্বেন্দ্রিয়নিয়ন্তারং শ্রীকৃষ্ণং তুষ্টাব ॥ ১৩

শ্রীধরস্বামী।

নারায়ণশ্চ শীতজ্বরং ব্যসৃজৎ ॥ ২২ ॥ মাহেশ্বরং সমাক্রন্দন্ যুযুধে ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্বরমসৃজৎ ॥ ১২ ॥

সমাক্রন্দন্ রুদন্নভূৎ ॥

অন্যত্রাভয়মলব্ধা ইতি স্বস্বামিনঃ শম্ভোরপি পার্শ্বং গত্বা তস্য চ স্বরক্ষণার্থং সামর্থ্যং জ্ঞাত্বৈব প্রথতো ভক্ত্যা ভূমিষ্ঠোঽঞ্জলি র্যস্য সঃ ॥ ১৩ ॥

সেই রুদ্রজ্বরকে যুদ্ধক্ষেত্রে অবলোকন করিয়া দেবদেব নারায়ণ শ্রীকৃষ্ণ বিষ্ণুজ্বরকে উৎপাদন করত যুদ্ধার্থ নিয়োজিত করিলেন। তখন উভয় মাহেশ্বর জ্বর ও বিষ্ণুজ্বরে তুমুল সংগ্রাম উপস্থিত হইল ॥ ১২ ॥

বৈষ্ণব-জ্বরের ভীষণ বিক্রমে মাহেশ্বর জ্বর নিতান্ত সন্তপ্ত হইয়া ক্রন্দন করিতে লাগিল এবং অন্যত্র অভয় লাভে বঞ্চিত হইয়া, কৃতাঞ্জলিপুটে ভগবানের শরণাগত হইল এবং হৃষীকেশ শ্রীকৃষ্ণকে স্তব করিতে আরম্ভ করিল ॥ ১৩ ॥

আভাস।

করত, ভীষণ বেগে শ্বাসবায়ুর গ্রহণ ও পরিত্যাগের পরিচয় দিতেছিল। নিরন্তর জৃম্ভণ করিয়া থাকে, অথচ সর্ব্বদাই নিদ্রান্বিত-কলেবর ॥ ১১ ॥

মাহেশ্বর জ্বরের দমনার্থ ভগবান্ শ্রীকৃষ্ণ বৈষ্ণব জ্বরের উৎপাদন করিলেন; তখন উভয় জ্বরে তুমুল সংগ্রাম আরম্ভ হইল। কিন্তু বিষ্ণুজ্বরের প্রবল প্রতাপে মাহেশ্বর জ্বর অভিভূত হইয়া পড়িল এবং ভীত হইয়া পলায়ন-পরায়ণ হইলেও, বৈষ্ণব জ্বরের হস্ত হইতে অব্যাহতি পাইবার কোন উপায় দেখিল না। যে স্থানেই পলায়ন করেন, দুর্ব্বাসার অনুবর্ত্তী সুদর্শনের

জ্বর উবাচ ॥

নমামি ত্বানন্তশক্তিং পরেশং সর্ব্বাত্মানং কেবলং জ্ঞপ্তিমাত্রং।

অন্বয়ঃ।

জ্বরঃ উবাচ। পরেশং (পরেষাং ব্রহ্মাদীনাং অপি ঈশং নিয়ন্তারং) বিশ্বোৎপত্তিস্থান-সংরোধহেতুং সর্ব্বাত্মানং প্রশান্তং জ্ঞপ্তিমাত্রং চৈতন্যৈকরূপং, কেবলং বিকারবর্জ্জিতং,

শ্রীধরস্বামী।

আত্মানং পরমশক্তিমন্তং মন্যমানঃ শ্রীকৃষ্ণং তাপয়িতুং প্রবৃত্তঃ স্বয়মেব তপ্তঃ সন্ তং পরমেশ্বরং জ্ঞাত্বা স্তবন্নমস্করোতি নমামীতি। ত্বা ত্বাং অনন্তশক্তিং নমামি। কুতঃ পরেষাং ব্রহ্মাদীনামীশং। তত্র হেতুঃ সর্ব্বাত্মানং সর্ব্বস্য চেতয়িতারং। কুতঃ কেবলং শুদ্ধং জ্ঞপ্তি-মাত্রং চৈতন্যঘনং। তদেবং সর্ব্বচেতয়িতৃত্বেন পরমেশ্বরত্বমুক্তং। কিঞ্চ বিশ্বসৃষ্ট্যাদি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনন্তশক্তিমিতি মৎস্বামিনঃ শম্ভোঃ সকাশাদপি তব শক্তিরধিকানুভূতেতি ভাবঃ। তত্র হেতুঃ পরেশং। স ঈশ ত্বন্তু পরমেশ ইত্যর্থঃ। সর্ব্বাত্মানমিতি ত্বং সর্ব্বেষাং পরমাত্মা ভবন্নেব সর্ব্বস্য শম্ভোরপ্যাত্মা ভবসীত্যর্থঃ। দন্ত্যাদি সর্ব্বশব্দোঽপি শম্ভুবাচী দৃষ্টঃ। জ্ঞপ্তিমাত্র-

---

জ্বর বলিল, হে পরমেশ! আপনি ব্রহ্মাদি লোকপালগণেরও নিয়ন্তা এবং এই বিশ্ব সংসারের উৎপত্তি, স্থিতি ও সংহারকর্ত্তা! আপনি জীব-মাত্রেরই অন্তরাত্মা হইয়া, বিশুদ্ধ চৈতন্য-বিগ্রহে ও প্রশান্ত মূর্ত্তিতে অবস্থান

আভাস।

ন্যায়, বৈষ্ণব জ্বরকে নিরন্তর পশ্চাদ্বর্ত্তী অবলোকন করিয়া, একান্ত ক্লান্ত হইল এবং যাহারই শরণাগত হইল, সকলকেই তদনুরূপ ভীত ও আশ্রয়দানে অসম্মত নিরীক্ষণ করিয়া, সর্ব্ব-শরণদাতা বাসুদেবের শরণাগত হওয়াই বিধেয় জ্ঞানে কৃতাঞ্জলিপুটে তাঁহার সমীপেই উপস্থিত হইয়া, শরণ প্রার্থনায় স্তব করিতে লাগিল ॥ ১৩ ॥

এই শ্লোকের দ্বারা শ্রীকৃষ্ণই প্রকৃত প্রস্তাবে শরণদাতা এবং স্তবের উপযুক্ত পাত্র, বলিয়া বর্ণিত হইয়াছেন। নিশানাথ চন্দ্র যেমন সূর্য্য-সন্নিধানে স্থান পান না, বরং অভিভূত ও তুচ্ছ হইয়া পড়েন, সেইরূপ রুদ্রজ্বর আপনাকে পরমশক্তিমান্ মনে করিয়া, যখন শ্রীকৃষ্ণকেও পরিতাপিত করিতে অগ্রসর হইল, তখন শ্রীকৃষ্ণের তেজে স্বয়ং একান্ত হীনবল ও বিমর্ষ-প্রায় হইয়া, কৃষ্ণ যে পরম পুরুষ পরমাত্মা তাহা সম্পূর্ণরূপে অবগত হইয়াছিল। তখন তাঁহাকে প্রণতি পূর্ব্বক স্তবচ্ছলে বলিল যে, হে সর্ব্বশক্তিমন্! আপনাকে প্রণাম করি! কারণ আমি কোন্ তুচ্ছ ও অসার পদার্থ, ব্রহ্মাদি লোকপালগণও আপনার বলে বলী য়ান্ হইয়া, এই বিশ্ব সংসারের সৃষ্টি-মর্য্যাদা রক্ষা করিতেছেন! আপনি দেহধারী মানব নহেন! আপনি জীবমাত্রেরই অন্তরাত্মা, বিশুদ্ধ চৈতন্যঘন এবং জড়েরও চেতয়িতা। যাঁহার চৈতন্যভাবের সংস্রব ব্যতীত জড় জগতেও কোন ক্রিয়া ঘটে না, সেই বিশুদ্ধ কেবল চৈতন্য-

বিশ্বোৎপত্তিস্থানসংরোধহেতুং যত্তদ্ব্রহ্ম ব্রহ্মলিঙ্গং প্রশান্তং ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

অনন্তশক্তিং সর্ব্বকারণকারণং, ব্রহ্মলিঙ্গং (ব্রহ্মণা বেদেন লিঙ্গ্যতে দ্যোত্যতে ইতি তথা তং) ত্বা ত্বাং নমামি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

হেতুত্বাদপীত্যাহ বিশ্বোৎপত্তীতি। নন্বেবংভূতং ব্রহ্ম প্রসিদ্ধং নাহমিতি তত্রাহ যত্তদ্ব্রহ্মেতি। যদ্ব্রহ্ম তদেব ত্বমিত্যর্থঃ। কিং তৎ ব্রহ্ম ইত্যত আহ ব্রহ্মলিঙ্গং। ব্রহ্মণা বেদেন লিঙ্গ্যতে দ্যোত্যতে ইতি। তৎ কুতঃ প্রশান্তং সর্ব্বক্রিয়ারহিতত্বান্ন সাক্ষাদ্বাচ্যমিতি ভাবঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিতি শুদ্ধচিন্ময় ত্বং কেবলমিতি মায়াশারণ্যং নিরস্তং। মৎস্বামী শম্ভুস্তু মায়াশরণ এবেতি ভাবঃ। বিশ্বোৎপত্তীতি ত্বং সৃষ্টি-স্থিতি-সংহারকর্ত্তা স তু কেবলং সংহারকর্ত্তেতি ভাবঃ। ব্রহ্মণা বেদেন লিঙ্গ্যতে দ্যোত্যতে ইতি ব্রহ্মলিঙ্গং যদ্ব্রহ্ম প্রশান্তং তদেব ত্বং স তু উগ্রং ব্রহ্মেতি ভাবঃ ॥ ১৪ ॥

করিতেছেন। আপনাতে কোন পরিণাম ঘটে না এবং কোন বিকারেরও স্পর্শ হয় না। আপনার শক্তি অনন্ত! সমগ্র বেদ একবাক্যে কেবল আপনারই পরিচয় প্রদান করিতেছেন; আমি আপনাকে প্রণাম করি!॥ ১৪

আভাস।

স্বরূপই আপনি! চিত্তরূপ অধিষ্ঠানে বিম্বভূত চেতনই জীব নামে অভিহিত; কিন্তু তাদৃশ সকল অধিষ্ঠানই এক আপনার আশ্রয়ে আত্মবিকাশ করিতে পারে; অন্যথা অকিঞ্চিৎকর জড়ের ন্যায়ই পতিত থাকে। হে সর্ব্বস্বামিন্! আপনি সর্ব্বব্যাপী থাকিয়া, বায়ু প্রভৃতি মহাভূতেরও গতিশক্তি প্রভৃতি প্রদান করিয়া থাকেন। এতদর্থে শ্রুতিও স্পষ্টাক্ষরে সাক্ষ্য দিয়াছেন যে, তোমার ভয়ে ভীত হইয়া ইন্দ্র, চন্দ্র, বায়ু, বরুণ, সূর্য্য, হুতাশন এবং এমন কি! সাক্ষাৎ কৃতান্তও কৃতদাসের ন্যায়, বিনা আপত্তিতে আপনার আজ্ঞা বহনে কার্য্য করিতেছেন। আপনি অনন্তশক্তি! শ্রেষ্ঠ ব্রহ্মাদি বিশ্বপালগণের নিয়ন্তা হইয়া যেমন সর্ব্বাধিপত্যের পরিচয় দিতেছেন, পুনরায় ব্যষ্টিসংসারে বিশ্বরূপ ধারণে ব্রহ্মাদিগণেরও নিযোজ্য হইয়া, আত্মবিকাশ করিতেছেন। আপনার মহিমা আপনি ব্যতীত অন্য কেহই অবগত হইতে পারে না। আপনিই পূর্ণ ব্রহ্ম! সমগ্র বেদ একবাক্যে এক আপনারই পরিচয় দিতেছেন! অথচ সাক্ষাৎ সম্বন্ধে কেহই আপনার স্বরূপের নিরূপণ করিতে পারেন না। কারণ আপনি বাক্য ও মনের অগোচর। বিকারসমূহই সকলের প্রতীত হইয়া থাকে। কারণ তাহারা অনুভূতির বিষয়। আপনি কিন্তু সেরূপ অনুভূতির বিষয় নহেন; অর্থাৎ অনুভূত পদার্থের সহিত সমজাতি নহেন! অনুভব ক্রিয়ায় একটী কর্ত্তা ও তদপেক্ষা পৃথক্ তাহার অনুভবের বিষয় বলিয়া একটী কর্ম্ম থাকে। সেরূপ কর্ত্তা কর্ম্মের

কালো দৈবং কর্ম্ম জীবঃ স্বভাবো দ্রব্যং ক্ষেত্রং প্রাণ আত্মা বিকারঃ।

অন্বয়ঃ।

কালঃ গুণক্ষোভকঃ, দৈবং গ্রহাদি জ্যোতিঃশাস্ত্রসিদ্ধং, কর্ম্ম প্রাণিকৃত-শুভাশুভ-ক্রিয়া-জন্যং অদৃষ্টং পুণ্যপাপাত্মকং, জীবঃ সুখদুঃখাদিফলভোক্তা, স্বভাবঃ তত্তৎপরিণামহেতুঃ সংস্কারবিশেষঃ, দ্রব্যং শব্দাদি ভূতসূক্ষ্মাণি, ক্ষেত্রং মহদাদ্যুৎপত্তিভূমিঃ প্রকৃতিঃ, প্রাণঃ পঞ্চবৃত্তিকঃ, আত্মা অহঙ্কারঃ, বিকারঃ পঞ্চমহাভূতানি একাদশেন্দ্রিয়াণি চ ইতি ষোড়শকঃ, তৎসংঘাতঃ (তেষাং পৃথিব্যাদীনাং সংঘাতঃ) দেহঃ, বীজরোহপ্রবাহঃ (এতস্য বীজরোহবৎ

শ্রীধরস্বামী।

কিঞ্চ যাবৎ সবিশেষং বস্তু তত্র বয়ং প্রভবামঃ। ত্বয়ি তু সর্ব্ববিশেষাতীতে ন কস্যাপি প্রভুত্বং। কিন্তু ত্বমেব সর্ব্বপ্রভুরিতি জ্ঞপ্তিমাত্রত্বং বিবৃণ্বন্ স্তৌতি কাল ইতি। কালঃ ক্ষোভকঃ। কর্ম্ম নিমিত্তং। তদেব ফলাভিমুখমভিব্যক্তং দৈবং। স্বভাব স্তৎসংস্কারঃ। জীবস্তদ্বান্। দ্রব্যং ভূতসূক্ষ্মাণি। ক্ষেত্রং প্রকৃতিঃ। প্রাণঃ সূত্রং। আত্মা অহঙ্কারঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেবলং জ্ঞপ্তিমাত্রত্বং বিবৃণ্বন্ প্রথমং কেবলপদেন ব্যাবৃত্তানি বস্তূনি গণয়তি কালঃ ইতি। কালঃ ক্ষোভকঃ। কর্ম্ম নিমিত্তং। তদেব ফলাভিমুখমভিব্যক্তং দৈবং। স্বভাব স্তৎসংস্কারঃ। জীবস্তদ্বান্। দ্রব্যং ভূতসূক্ষ্মাণি। ক্ষেত্রং প্রকৃতিঃ। প্রাণঃ সূত্রং। আত্মা অহঙ্কারঃ। বিকার একাদশেন্দ্রিয়াণি মহাভূতানি চেতি ষোড়শকঃ। তৎসংঘাতো দেহঃ। বীজং দেহাজ্জায়মানং

গুণক্ষোভক কাল, জ্যোতিঃ-শাস্ত্র-প্রসিদ্ধ গ্রহাদি দেবতা, প্রাণিকৃত শুভাশুভ ক্রিয়া-জনিত পুণ্য ও পাপাদি অদৃষ্টোৎপাদক কর্ম্ম, সুখ দুঃখাদি ফলের ভোক্তাস্বরূপ জীব, এই সমস্ত পরিণামের হেতুভূত সংস্কার বিশেষ স্বভাব, শব্দাদি সূক্ষ্মভূতরূপ দ্রব্য, মহত্তত্ত্বাদির উৎপত্তির আশ্রয়ভূত প্রকৃতিরূপ ক্ষেত্র, পঞ্চবৃত্তিক প্রাণ, অহঙ্কার নামক আত্মা, পঞ্চমহাভূত ও একাদশ ইন্দ্রিয়, এই ষোড়শ প্রকার বিকার, এই সকল বিকারের সম্মিলনে উৎপন্ন দেহ, দেহ হইতে উৎপন্ন বীজভূত কর্ম্ম এবং কর্ম্ম হইতে অঙ্কুররূপ দেহ

আভাস।

পার্থক্য আপনার অনুভূতিতে জীবের থাকিতে পারে না। তবে অনুভব কর্ত্তা জীব যখন অন্য কোন প্রতীতির বিষয়কে অবলম্বন না করিয়া, প্রতীতিকারীর অনুসরণে ব্যষ্টি প্রতীতিকর্ত্তাকে প্রত্যেক স্থাবর জঙ্গমাত্মক পদার্থে নিরন্তর অন্বেষণ পূর্ব্বক যখন স্বীয় প্রতীতি-স্বরূপের ন্যায় সমষ্টি ব্রহ্মাণ্ডে সমষ্টি প্রতীতি-কর্ত্তাকে প্রতীতি করে, তখনই ভবদীয় ভাবকে তাহারা গ্রহণ করে; এইরূপ স্বীকার করা যায়। প্রকৃত প্রস্তাবে আপনি জ্ঞানেরও অবিষয়; আপনি সমষ্টি জ্ঞাতা। জীব ভবদীয় চৈতন্যকণার ন্যায়, আপনাতেই ভাসমান রহিয়াছে। প্রশান্ত শব্দের দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, সকল ক্রিয়া আপনাতে পরিসমাপ্ত হইয়াছে; আপনি অবাচ্য ॥১৪॥

তৎসংঘাতো বীজরোহপ্রবাহস্তন্মায়ৈষা তন্নিষেধং প্রপদ্যে ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

(এতস্য বীজরোহবৎ প্রবাহঃ রোহঃ অঙ্কুরঃ দেহাৎ বীজরূপং কর্ম্ম ততো হঙ্কুররূপঃ দেহঃ ততঃ পুনঃ এবং ইতি প্রবাহঃ); এষা ভেদপ্রতীতিরূপা ত্বদীয় মায়া; তন্নিষেধং (তস্যাঃ নিষেধঃ অপোহঃ) যস্মিন্ ত্বয়ি জ্ঞাতে সতি ভবতি তং ত্বাং অহং প্রপদ্যে শরণং আগতোঽস্মি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

বিকার একাদশেন্দ্রিয়াণি মহাভূতানি চেতি ষোড়শকঃ। তৎসংঘাতো দেহঃ। এতস্য বীজরোহবৎ প্রবাহঃ। রোহোঽঙ্কুরো দেহাদ্বীজরূপং কর্ম্ম ততোঽঙ্কুররূপো দেহঃ। ততঃ পুনরেবমিতি প্রবাহ এব। ত্বন্মায়া তস্য নিষেধঃ অপোহো যস্মিন্ তং ত্বাং নিষেধাবধিভূতং প্রপদ্যে ভজে ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্ম রোহস্তস্মাজ্জনিষ্যমাণোঽন্যো দেহ স্তয়োঃ প্রবাহঃ পৌনঃপুন্যং পরম্পরা এষা ত্বন্মায়া। তত্র জীবস্য মায়াভিন্নত্বেঽপি মায়াগ্রস্তত্বান্মায়াত্বং তন্নিষেধং তস্যা মায়ায়া নিষেধো যত্র তং ত্বদ্দেহেন্দ্রিয়াদীনি ত্বন্ময়ান্যেব ন মায়া ইত্যর্থঃ ॥ ১৫ ॥

এবং পুনঃ কর্ম্ম পুনঃ দেহ ; এইরূপ বীজাঙ্কুরবৎ উৎপাদ্য ও উৎপাদক সম্বন্ধ-বিশিষ্ট দেহ-কর্ম্মের অনির্ব্বচনীয় সম্বন্ধ-স্রোত প্রভৃতি ভেদভাব এক আপনার মায়া-প্রভাবেই ঘটিয়া থাকে। জীব যদবধি আপনাকে পরিজ্ঞাত হইতে না পারে, তদবধি এই ভেদ-প্রতিপাদনী মায়ার হস্ত হইতে কিছুতেই অব্যাহতি পায় না ; আপনাকে অবগত হইতে পারিলে, যাবদীয় ভেদজ্ঞান ও ভেদভাব বিনিবৃত্ত হইয়া যায় ! অতএব আমি আপনার শরণাগত হইলাম ॥ ১৫ ॥

আভাস।

যে যে ভাবে বিশেষত্বের পরিচয় হয়, সেই সেই ভাবই আমাদের জ্ঞেয় ও বিচার্য্য বিষয়, সন্দেহ নাই ! আমরা তাহাকে ত্যাগ, গ্রহণ বা উপেক্ষা করিতে পারি। কিন্তু যাবতীয় বিশেষ ভাবের উপর এক আপনারই প্রভুত্ব অবধারণ করিতেছি, বলিয়া জর শ্রীকৃষ্ণের জ্ঞপ্তি-মাত্রত্বের পরিচয়ে স্তব করিয়াছেন। পরিবর্ত্তনকারী কাল, নিমিত্তকারণ কর্ম্ম, ফল প্রদানে অভিমুখ কর্ম্মভাবই দৈব নামে অভিহিত। কর্ম্ম-সংস্কারই স্বভাব ; এবং সেই স্বভাববিশিষ্টই জীব। সূক্ষ্মভূতগ্রামই দ্রব্যনামে অভিহিত। পদার্থ মাত্রেরই উৎপত্তি স্থান একা প্রকৃতি ; প্রাণবর্গই সৃষ্টি-প্রকরণে সূত্রস্থানীয়। অহঙ্কারতত্ত্বরূপ আত্মা, ষোড়শ প্রকার বিকার, এবং এই সকলের মিলনে সমুৎপন্ন কলেবর, এতদ্ব্যতীত একটী অপূর্ব্ব নিয়ম, যাহার প্রভাবে বীজাঙ্কুর-ন্যায়ের অনুসারে দেহ হইতে বীজরূপ কর্ম্ম এবং পুনরায় কর্ম্মবীজ হইতে দেহের উৎপত্তি পর্য্যায়ক্রমে সাধিত হইতেছে, সে নিয়মও এক সর্ব্বদ্রষ্টা আপনার মায়াতেই

নানাভাবৈর্লীলয়ৈবোপপন্নৈর্দেবান্ সাধূল্লোকসেতূন্ বিভর্ষি।
হংস্যুন্মার্গান্ হিংসয়া বর্ত্তমানান্ জন্মৈতত্তে ভারহারায় ভূমেঃ॥ ১৬॥

অন্বয়ঃ।

লীলয়া অনায়াসেন, এব উপপন্নৈঃ স্বীকৃতৈঃ, নানাভাবৈঃ বিবিধপ্রকারকৈঃ, মৎস্যাদ্যবতারৈঃ দেবান্ সাধূন্ লোকসেতূন্ বর্ণাশ্রমাদিধর্ম্মমর্য্যদাঃ ত্বং বিভর্ষি পুষ্ণাসি; হিংসয়া বর্ত্তমানান্ উন্মার্গান্ হংসি; তে তব এতৎ জন্ম ভূমেঃ ভারহারায় ভারাবতরণায় এব (ত্বং তু ন কস্যাপি পুত্রঃ নাপি পিতা)॥ ১৬॥

শ্রীধরস্বামী।

নন্বু দেবকীতনয়স্য মে কথমেবংভূতত্বং তত্রাহ নানাভাবৈরিতি সর্ব্বোপাধিবিনির্ম্মুক্ত এব ত্বং যথা লীলয়া স্বীকৃতৈ র্মৎস্যাদ্যবতারৈ র্দেবান্ বিভর্ষি পালয়সি। তদর্থং লোকসেতূন্ বর্ণাশ্রমধর্ম্মান্ তদর্থঞ্চ-তদনুষ্ঠাতৃন্ সাধূন্ তদঙ্গত্বেন উন্মার্গান্ দৈত্যাদীন্ হংসি। এবমেতদপি তব জন্ম ভূমের্ভারহরণায় লীলাবতারোঽয়ং। ন কস্যাপি ত্বং তনয় ইত্যর্থঃ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবম্ভূতশ্চেদহং তর্হ্যনুগ্রহ-নিগ্রহ-জ্ঞাপিতৌ রাগদ্বেষৌ মায়িকধর্ম্মৌ কিং ময়ি দৃশ্যেতে তত্রাহ নানেতি। এতান্ মদ্ভক্তানুকূলান্ বিভরাণি এতাংস্তৎপ্রতিকূলান্ হনানীত্যেবং ভক্তবৎসলস্য তব যে নানা ভাবা অভিপ্রায়াস্তৈ র্লীলয়া অনয়া বাণযুদ্ধাদিকয়ৈব উপপন্নৈর্দেবানিন্দ্রাদীন্ সাধূন্ মুন্যাদীংশ্চ বিভর্ষি। উভয়েষামপি বিশেষণং লোকসেতূন্ লোকাশ্রয়ভূতানিতি তথা উন্মার্গান্ হংসি। তেন ভক্তবাৎসল্যগুণাঙ্গভূতৌ রাগদ্বেষৌ তেন ন মায়িকাবিতি ভাবঃ। অতো ময়েদমবগতমিত্যাহ এতত্তে জন্ম ভূমেঃ স্বভক্তায়া ভারহারায়॥ ১৬॥

অপনি অবলীলাক্রমে বিবিধ ভাবের প্রকাশক মৎস্যাদি বিচিত্র বেশে অবতীর্ণ হইয়া দেবলোক, সাধু ভক্তগণ ও বর্ণাশ্রমাদি ধর্ম্মের মর্য্যাদা প্রতিপালনে জগৎসংসারকে পুষ্ট রাখিতেছেন; এবং উৎপথগামী বিদ্বেষিগণের সংহার করিতেছেন; কেবল পৃথিবীর ভার অপানোদন করিবার অভিপ্রায়েই আপনি যাবদীয় অবতার স্বীকার করিয়াছেন। প্রকৃত প্রস্তাবে আপনি কাহারও পুত্র বা পিতা নহেন॥ ১৬॥

আভাস।

ঘটিয়া থাকে। আপনি স্বয়ং মায়ার অতীত! কোন বিক্রিয়া আপনার স্বরূপে স্থান পায় না। অতএব যাঁহার সমীপে সকল কুহকের বিনিবৃত্তি ঘটে, অদ্য আমি তাঁহারই আশ্রয় লইয়াছি; তখন আমার বিপদ্ আর কেন থাকিবে?॥ ১৫॥

আপনি দেবকীতনয়রূপে আত্মপরিচয় প্রদান করিলেও, আপনি যে পূর্ণব্রহ্ম, তাহা আমি বিশেষরূপে অবধারণ করিয়াছি। আপনি জীবের ন্যায় পূর্ব্বসঞ্চিত কর্ম্ম বা সংস্কারের

তপ্তোঽহন্তে তেজসা দুঃসহেন শান্তোগ্রেণাত্যুল্বণেন জ্বরেণ।
তাবত্তাপো দেহিনাং তেঽঙ্ঘ্রিমূলং নো সেবেরন্ যাবদাশানুবদ্ধাঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

শান্তোগ্রেণ (প্রথমং শান্তঃ শীতঃ ততঃ উগ্রদাহকঃ তেন) অতএব অত্যুল্বণেন ভয়ঙ্করেণ, দুঃসহেন তে তব তেজসা শক্তিরূপেণ জ্বরেণ, অহং তপ্তঃ অস্মি; (অতঃ শরণাগতং মাং রক্ষ) যাবৎ আশানুবদ্ধাঃ (আশয়া কামবাসনয়া অনুবদ্ধাঃ) জীবাঃ তে তব অঙ্ঘ্রিমূলং ন সেবেরন্ তাবৎ তেষাং দেহিনাং তাপঃ যুক্তঃ এব। (শরণাগতস্য মম তু ন যুক্ত ইত্যর্থঃ) ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

অতোঽজ্ঞানত স্তদভিভবে প্রবৃত্তং মাং তপ্তং রক্ষেত্যাশয়েনাহ তপ্তোঽহমিতি। তে তেজসা ত্বৎসৃষ্টেন জ্বরেণ। শান্তোগ্রেণ শীতজ্বরেণ। পরসন্তাপকস্য যুক্তএব তাপ ইতি চেদত আহ তাবদিতি। সেবায়াং প্রবৃত্তানামনুচিত ইতি ভাবঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতঃপরং ত্বাং স্তোতুমপ্যহং ন শক্নোমীত্যাহ তপ্তোঽহমিতি। তে তেজসা ত্বৎসৃষ্টজ্বরেণ শান্তঃ শীতশ্চাসাবুগ্রো দাহকশ্চ তেন। পরস্বরূপস্য তে সন্তাপো যুক্ত এবেতি চেদত আহ তাবদিতি। অধুনা ত্বহং তে ভক্ত এবাভূদিতি ভাবঃ ॥ ১৭ ॥

প্রথমত শীতস্পর্শ, কিন্তু পরিণামে উগ্রদাব-দাহস্বরূপ ভবদীয় ভয়ঙ্কর দুর্ব্বিষহ শক্তিরূপ জ্বরের প্রভাবে আমি একান্ত অভিভূত হইয়াছি। এই শরণাগত জনকে আপনি রক্ষা করুন্! যদবধি কামবাসনায় আবদ্ধ হইয়া জীব ভবদীয় চরণকমলের অনুসরণ না করে, তদবধিই দেহীর দুঃখের আর সীমা থাকে না! আমি কিন্তু আপনার একান্ত শরণাগত! আমার পক্ষে তাদৃশ তাপের বিড়ম্বনা থাকা, নিতান্তই অসঙ্গত ॥ ১৭ ॥

আভাস।

অনুরোধে জন্ম পরিগ্রহ করেন নাই। দেবতা, সাধু এবং বেদবিহিত বর্ণাশ্রমপ্রোক্ত সদাচারনিষ্ঠ ব্যক্তিগণের মঙ্গল-বিধানার্থ প্রয়োজনারূপ মৎস্যাদি বিচিত্র অবতার গ্রহণে অবতীর্ণ হইয়া, আপনি জগতের কেবল উপকার-সাধনই করিয়া থাকেন। সুতরাং সাধুর অনুরোধে অসতেরও বিনাশ ঘটে। ভূভার-হরণার্থ আপনি অবতীর্ণ; পুত্র হইবার জন্য জগতে এরূপ সুপ্রতীকভাবে আগমন করেন নাই ॥ ১৬ ॥

হে সর্ব্বস্বামিন্! অজ্ঞানতানিবন্ধনই আপনার বিপক্ষে বিক্রম প্রকাশ করত কি অন্যায় কার্য্যই করিয়াছি! এক্ষণে ভবদীয় শক্তিতে অভিভূত হওয়ায়, আমার এমন সামর্থ্য নাই যে, আপনার স্তব করিয়াও হৃদয়ের সাধ পূর্ণ করি। কিন্তু হে দয়াময়! আমার সামর্থ্য না থাকিলেও, যখন সেবায় প্রবৃত্ত হইয়াছি, তখন সেবার ফল প্রদানের পূর্ব্বে সেবায় আমার যোগ্যতা প্রদান করুন্! আপনার সেবায় যদি জীবন যায়, সেও মঙ্গল; তথাপি যেন নিরর্থক

শ্রীভগবানুবাচ ॥

ত্রিশিরস্তে প্রসন্নোঽহং ব্যেতু তে মজ্জ্বরাদ্ভয়ং।
যো নৌ স্মরতি সম্বাদং তস্য ত্বন্নো ভবেদ্ভয়ং ॥
ইত্যুক্তোঽচ্যুতমানম্য গতো মাহেশ্বরো জ্বরঃ।
বাণস্তু রথমারূঢ়ঃ প্রাগাদ্ যোৎস্যন্ জনার্দ্দনং ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে ত্রিশিরঃ! তে তুভ্যং, অহং প্রসন্নঃ অতঃ মজ্জ্বরাৎ তে তব ভয়ং ব্যেতু অপগচ্ছতু! যঃ পুমান্, নৌ আবয়োঃ, সংবাদং স্তুতিপ্রসাদরূপং, স্মরতি স্মরেৎ, তস্য ত্বং ত্বত্তঃ, ভয়ং ন ভবেৎ (ত্বয়া ভয়ং ন উৎপাদনীয়মিতি) ॥

ইতি এবং ভগবতা উক্তঃ মাহেশ্বরঃ জ্বরঃ অচ্যুতং শ্রীকৃষ্ণং, আনম্য নমস্কৃত্য, ততঃ গতঃ। বাণঃ তু রথং আরূঢ়ঃ সন্ যোৎস্যন্ যোদ্ধুং, জনার্দ্দনং কৃষ্ণং, প্রতি প্রাগাৎ ॥

শ্রীধরস্বামী।

হে ত্রিশিরঃ ব্যেতু অপযাতু। মদাজ্ঞাপালকঃ সন্ সুখং বিচর। কাসাবাজ্ঞা তামাহ য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নৌ তব মমচ ত্বত্তঃ সকাশাত্তস্য ভয়ং ন ভবেদিত্যেব ভগবতোক্তং নতু তং ত্বং মাস্পৃশেত্যুক্ত-মত এতৎসম্বাদশ্রোতুরপি ক্বচিৎ জ্বরো যত্তিষ্ঠতি তদ্ভয়ানুৎপাদক এবাকিঞ্চিৎকর এবেতি জ্ঞেয়ং॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে ত্রিশির! আমি তোমার প্রতি বিশেষ পরিতুষ্ট হইয়াছি! আমার বিষ্ণু-জ্বর হইতে আর তোমার কোন ভয়ের আশঙ্কা নাই। অধিক কি! যে ব্যক্তি তৎকৃত স্তব ও আমার তজ্জন্য প্রসন্ন হইবার প্রসঙ্গ স্মরণ মাত্র করিবে, তাহার আর জ্বর হইতে ভয় থাকিবে না। সংহারকারী জ্বর আর তাহাকে আক্রমণ করিতে পারিবে না ॥

শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া, মাহেশ্বর জ্বর ভগবানকে প্রণাম করত তথা হইতে প্রস্থান করিল। এদিকে মহারাজ বাণও যুদ্ধ করিবার অভিপ্রায়ে রথে আরোহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের অভিমুখে অগ্রসর হইল ॥

আভাস।

সময় অতিবাহিত করা না হয় ॥ ১৭ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ পাশুপত জ্বরের স্তবে সন্তুষ্ট হইয়া তাহাকে বলিলেন, হে জ্বর! তুমি আমার আজ্ঞা পালনে সুখে বিচরণ কর! যাঁহারা আমাদের এই সংবাদ শ্রবণ বা কীর্ত্তন করিবেন, তুমি আর তাঁহাদিগকে জ্বরজীর্ণ করিতে পারিবে না; জ্বরের ভয়ে তাঁহারা কখন আর ভীত হইবে না!

এদিকে নির্বুদ্ধিতার পূর্ণমূর্ত্তি ক্রোধপরতন্ত্র বাণ তখন বিবিধ অস্ত্রশস্ত্র ধারণে অচ্যুত

ততো বাহুসহস্রেণ নানায়ুধধরো নৃপঃ।
মুমোচ পরমক্রুদ্ধো বাণাংশ্চক্রায়ুধে মৃধে॥
তস্যাস্যতোঽস্ত্রাণ্যসকৃচ্চক্রেণ ক্ষুরনেমিনা।
চিচ্ছেদ ভগবান্ বাহুঞ্শাখা ইব বনস্পতেঃ॥

অন্বয়ঃ।

ততঃ হে নৃপ! বাহুসহস্রেণ নানায়ুধধরঃ (নানাবিধানি আয়ুধানি ধরতীতি তথা সঃ) পরমক্রুদ্ধঃ বাণঃ মৃধে যুদ্ধক্ষেত্রে, চক্রায়ুধে শ্রীকৃষ্ণে, বাণান্ মুমোচ॥

অসকৃৎ পুনঃ পুনঃ, অস্ত্রাণি অস্যতঃ প্রযুঞ্জানস্য, তস্য বাণস্য, বাহূন্ বনস্পতেঃ বৃক্ষস্য শাখাঃ ইব ভগবান্ ক্ষুরনেমিনা তীক্ষ্ণধারেণ, চক্রেণ চিচ্ছেদ॥

শ্রীধরস্বামী।

ইতি। নৌ আবয়োরিমং সম্বাদং যঃ স্মরেৎ তস্য ত্বং ত্বত্তো ভয়ং ন ভবেৎ ত্বয়া ভয়ং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোৎস্যন্ যোৎস্যমানঃ॥ তস্য বাণস্য অস্যতঃ ক্ষিপতঃ॥

অনন্তর হে নরেন্দ্র! রাজা বাণ বাহুসহস্রে বিবিধ অস্ত্র শস্ত্র ধারণ পূর্ব্বক ক্রোধ সহকারে সমরক্ষেত্রে উপস্থিত হইয়া চক্রপাণির উপর অসংখ্য বাণ নিক্ষেপ করিতে আরম্ভ করিল॥

বাণ বারম্বার অস্ত্র নিক্ষেপ করায়, ভগবান্ শ্রীকৃষ্ণ আর সহ্য করিলেন না; তিনি তীক্ষ্ণধার সুদর্শনের প্রহারে বৃক্ষশাখার ন্যায় বাণের বাহু সহস্র ছেদন করিয়া ফেলিলেন॥

আভাস।

শ্রীকৃষ্ণের বিরুদ্ধে যুদ্ধ করিবার জন্য অগ্রসর হইল। ক্রোধান্ধ বাণ বিচারশূন্য হইয়া প্রথমত দূর হইতে সেই চক্রায়ুধের অঙ্গে বাণ ক্ষেপণ করিতেছিল; কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে, ভগবান্ শ্রীকৃষ্ণ সুদর্শন চক্রের প্রহারে নিমেষমধ্যে তাহার সহস্র বাহু ছেদন করিয়া ফেলিলেন। হরিবংশে উক্ত আছে, বিষ্ণু কর্ত্তৃক নিক্ষিপ্ত সুদর্শনচক্র তূর্ণবেগে অলাত-চক্রবৎ ঘূর্ণায়মাণ হইয়া এরূপ দ্রুতগতিতে সেই রণস্থলে উপস্থিত হইল যে, বাণ রাজা বিশেষ প্রযত্ন সহকারেও আত্মরক্ষা করিতে পারিলেন না। তিনি প্রতিকারে অসমর্থ হইয়া, পাদপবৎ স্তম্ভিতভাবে দণ্ডায়মান থাকিলে, চক্র পর্য্যায়ক্রমে তাঁহার সহস্র বাহুই ছেদন করিয়া ফেলিল। রুদ্রদেব স্বীয় ভক্ত বাণের প্রতি বাৎসল্য ভাবের পরিচয়ে এবং শ্রীকৃষ্ণের মহিমার প্রকাশার্থ এতাবৎকাল যুদ্ধ করিতেছিলেন বটে, কিন্তু বাণের বাহুসহস্র ছেদন করিয়াও ভগবান্ ক্ষান্ত হন নাই, চক্রহস্তে তৎপরক্ষণেও সংগ্রামস্থলে অপেক্ষা করিতেছেন অবলোকন করিয়া, বাণের মস্তক ছেদন করাই যেন ভগবানের অভিপ্রায় এইরূপ মনে মনে অবধারণ করিলেন। সুতরাং বাণকে রক্ষা করিতে হইলে, তৎকৃত অপরাধের ক্ষমা করাণ একান্ত প্রয়োজন বলিয়া

বাহুষু ছিদ্যমানেষু বাণস্য ভগবান্ ভবঃ।
ভক্তানুকম্প্যুপব্রজ্য চক্রায়ুধমভাষত ॥ ১৮ ॥
শ্রীরুদ্র উবাচ ॥
ত্বং হি ব্রহ্ম পরংজ্যোতির্গূঢ়ং ব্রহ্মণি বাঙ্ময়ে।

অন্বয়ঃ।

বাণস্য বাহুষু ছিদ্যমানেষু সৎসু (শ্রীকৃষ্ণঃ চক্রং গৃহীত্বা তিষ্ঠতি অতঃ শিরশ্ছেদং অপি কুর্য্যাদিতি জ্ঞাত্বা) ভক্তানুকম্পী ভগবান্ ভবঃ উপব্রজ্য নিকটং গত্বা, চক্রায়ুধং, কৃষ্ণং অভাষত, তুষ্টাব ॥ ১৮ ॥

শ্রীরুদ্রঃ উবাচ। ত্বং বাঙ্ময়ে ব্রহ্মণি বেদে, গূঢ়ং মনোগ্রাহ্যতয়া প্রতিপাদিতং, পরং-

শ্রীধরস্বামী।

নোৎপাদনীয়মিত্যর্থঃ ॥ ১৮ ॥

ভক্তরক্ষার্থং শ্রীরুদ্রো ভগবন্তং স্তৌতি ত্বমিতি। অয়মর্থঃ। ত্বামজ্ঞাত্বা অয়ং যুধ্যত ইতি ন চিত্রং যতস্ত্বং বাঙ্ময়ে ব্রহ্মণ্যপি গূঢ়ং ব্রহ্ম অভিধায়া অবিষয়ত্বাৎ। কুতঃ পরং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু যদৈব যেন সহাযুদ্ধ্যত তদৈব তমুপব্রজ্য তুষ্টাব ইতি ভবস্য লজ্জাপি নাভূত্তত্রাহ ভগবান্ সর্ব্বজ্ঞঃ। স্বস্য পরস্য ব্রহ্মাদেরপি তন্মায়ামোহিতত্বং ন চিত্রমিতি জানাত্যেবাত-স্তস্মিন্ স্বপ্রভৌ স্বয়ং ভগবতি কা লজ্জেতি ভাবঃ ॥ ১৮ ॥

ত্বং পরং ব্রহ্মৈব জ্যোতিরপ্রাকৃতজ্যোতিঃস্বরূপং। তৎ পরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ। মমৈব তদ্ধ্বনং তেজো জ্ঞাতুমর্হসি ভারতেত্যর্জ্জুনং প্রতি হরিবংশে ভগবদুক্তেঃ।

বাণের বাহুসহস্র এই প্রকারে ছেদন করিয়াও শ্রীকৃষ্ণ যখন চক্রহস্তে সমর-প্রাঙ্গণে বাণকে অন্বেষণ করিতেছেন দেখিয়া, ত্রিশূলপাণি বাণের মস্তক-চ্ছেদনই তাঁহার অন্তিম কার্য্য বিবেচনা করিয়া, আর নিস্তব্ধ থাকিতে পারিলেন না; তিনি ভক্ত বাণের প্রতি কৃপা বিতরণে স্বয়ং কৃষ্ণ-সমীপে উপনীত হইয়া, তাঁহার ক্রোধ সম্বরণার্থ মিনতি পূর্ব্বক স্তব আরম্ভ করিলেন ॥ ১৮ ॥

রুদ্র বলিলেন, হে শ্রীকৃষ্ণ! আপনি পরাৎপর এবং সারাৎসার স্বপ্রকাশ জ্যোতিঃস্বরূপ পূর্ণব্রহ্ম! আপনি শব্দময় বেদে অতি গূঢ়ভাবে অবস্থান

আভাস।

স্থির করিলেন বটে, কিন্তু তৎপূর্ব্বে নিজকৃত দোষের ক্ষালনার্থ নিম্নলিখিত কয়েকটী শ্লোকের দ্বারা শ্রীকৃষ্ণের স্তব করিয়াছিলেন ॥ ১৮ ॥

রুদ্রের স্তবে শ্রীকৃষ্ণের পূর্ণব্রহ্মত্বেরই পরিচয় হইয়াছে। অর্থাৎ শ্রীকৃষ্ণ মনুষ্যের বিগ্রহ ধারণে দেবকীর পুত্ররূপে জন্মগ্রহণ করিয়াছিলেন বটে, কিন্তু রুদ্রের উক্তিতে তিনি

যৎ পশ্যন্ত্যমলাত্মান আকাশমিব কেবলং ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

জ্যোতিঃ স্বপ্রকাশং, জ্ঞানরূপং পরং ব্রহ্ম হি এব। যৎ পূর্ণস্বরূপং অমলাত্মানঃ বিশুদ্ধ-মনসঃ ভক্তাঃ যোগিনঃ এব আকাশং ইব ব্যাপ্তং, কেবলং সর্ব্বদোষ-সংশ্লেষ-রহিতং, ত্বাং পশ্যন্তি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

জ্যোতিঃ জ্যোতিষামপি প্রকাশকত্বাদবিষয় ইত্যর্থঃ। কথং তর্হি প্রতীতিরত আহ যমিতি। অমলাত্মনাং স্বতঃ প্রকাশ ইত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবংজ্ঞানাসি তদা ময়া সহ বিগ্রহং কথমকরোস্তত্রাহ বাঙ্ময়ে ব্রহ্মণি বেদেঽপি গূঢ়ং ব্রহ্ম সাক্ষাদেব ত্বং কথং জ্ঞেয়ঃ স্যা ইতি ভাবঃ। তর্হি কিমহমজ্ঞেয় এব তত্রাহ যমিতি অমলাত্মানো মায়ামালিন্যরহিতা এব। অহন্তু তমোময়ঃ কথং পশ্যেয়মিতি ভাবঃ। আকাশ-মিবেতি মায়াশ্রয়ত্বেঽপি তব ন তল্লেপঃ ॥ ১৯ ॥

করিতেছেন! তথায় কেবল বুদ্ধিগ্রাহ্য এবং অতদ্ভাবের নিরসন পূর্ব্বক অপরোক্ষভাবে সিদ্ধ বলিয়াই আপনি প্রতিপাদিত হইয়াছেন। যাঁহাদের চিত্ত সম্পূর্ণ নির্ম্মল হইয়াছে, তাঁহারাই কেবল ভবদীয় মহাকাশ সদৃশ সর্ব্বব্যাপী নির্লিপ্ত কেবল স্বরূপের অবধারণ করিয়া থাকেন ॥ ১৯ ॥

আভাস।

বেদপ্রতিপাদিত পরাৎপর সারাৎসার অখণ্ড একরস স্বয়ংজ্যোতিঃ পরমানন্দস্বরূপ পরমাত্মা। বিশ্বসংসারকে আকার ও নামাদি প্রদানে যখন সৃজন করিতে সমর্থ হইয়াছেন, তখন স্বয়ং পরিচ্ছিন্নের ন্যায় প্রতীত হইয়া ভক্তের গোচরীভূত হইবেন, তাহাতে আর বিচিত্র কি? জ্ঞান ও অজ্ঞান উভয়বিধ ভাব প্রদানে এই জীব-জগৎকে যিনি অবলীলাক্রমে আন্দোলিত করিতে যখন সমর্থ, তখন স্বীয় পরমার্থ স্বরূপের প্রকাশ করিয়া অধিকারী এবং অনধিকারী ভেদে দ্বিবিধ মানবের নিকট তদ্বিষয়িণী প্রতীতি ও অপ্রতীতির উদয় করিবেন, তাহাতে আর আশ্চর্য্য কি? বেদই কেবল অতন্নিরসন-মুখে তাঁহার প্রতিপাদন করিয়াছেন; সামান্য-বুদ্ধি বাণ কি প্রকারে তাঁহার তত্ত্ব অবধারণে যুদ্ধের বিরুদ্ধে আরাধনা করিবে? যেমন সূর্য্যের জ্যোতিতে লোচন সমূহ জ্যোতি-বিশিষ্ট হইয়াই দ্রষ্টব্য পদার্থকে অবধারণ করে, জগৎ সংসারও সেইরূপ কেবল তাঁহার প্রভাবে প্রভাবিশিষ্ট হইয়া, বস্তু বা ব্যক্তি নামে পরিচিত হইতেছে। যাবদীয় পদার্থই তিনি সৃজন করিয়াছেন; সুতরাং সৃষ্ট বস্তুর দ্বারা সৃজনকারী অনুমিত হন মাত্র; প্রত্যক্ষত পরিদৃষ্ট হন না। সৃষ্ট বস্তু স্রষ্টাকে কখন নিরূপণ করিতে পারে না। অতএব যে তত্ত্ব সৃষ্টমধ্যে গণনীয় নহে, সেই কেবল সমজাতি বলিয়া, নিজস্বরূপের অবধারণ করিবার দ্বারা, ব্রহ্মস্বরূপের অবধারণ করিতে পারে। চতু-

নাভির্ভোগিমুখমম্বুরেতো দ্যৌঃ শীর্ষমাশাঃ শ্রুতিরঙ্ঘ্রিরুর্ব্বী।
চন্দ্রো মনো যস্য দৃগর্ক আত্মা অহং সমুদ্রো জঠরং ভূজেন্দ্রঃ॥ ২০॥

অন্বয়ঃ।

যস্য নাভিঃ নভঃ, অগ্নিঃ মুখং, অম্বু রেতঃ, দ্যৌঃ শীর্ষং, আশাঃ দিশঃ শ্রুতিঃ শ্রবণেন্দ্রিয়ং, উর্ব্বী ভূমিঃ অঙ্ঘ্রিঃ, চন্দ্রঃ মনঃ, অর্কঃ দৃক্ চক্ষুঃ, অহং রুদ্রঃ আত্মা অহঙ্কারঃ, সমুদ্রঃ জঠরং ইন্দ্রাদয়ঃ ভুজাঃ বাহবঃ॥ ২০॥

শ্রীধরস্বামী।

আস্তাং তাবন্নির্গুণস্য তব জ্ঞানং লীলয়াধিষ্ঠিতত্বয়া যোঽয়ং বিরাড়্বিগ্রহঃ সোঽপি ন জ্ঞায়তে উড়ুম্বরফলান্তর্বর্ত্তি মশকৈরিব। উড়ুম্বরফলমিত্যাশয়েন বিরাট্‌রূপেণ স্তৌতি নাভিরিতি দ্বাভ্যাং। যস্য নভ আদয়ো নাভ্যাদ্যবয়বাঃ স ভবান্লোককল্পঃ পুরুষ ইত্যুত্তরেণান্বয়ঃ। নভো যস্য নাভিঃ। অগ্নির্মুখং। অম্বুরেতঃ। দ্যৌঃ শীর্ষং। আশা দিশঃ। শ্রুতিঃ শ্রবণেন্দ্রিয়ং। উর্ব্বী অঙ্ঘ্রিঃ। চন্দ্রো মনঃ। অর্কো দৃক্। অহং শিব আত্মা অহঙ্কারঃ। সমুদ্রো জঠরং। ইন্দ্রশ্চ ভুজা বাহুঃ। ইন্দ্রাদয়ো লোকপালা বাহব ইত্যর্থঃ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বং সাক্ষাদ্ব্রহ্মৈব জগদিদমন্বাদাত্মকং তু তব বিভূতিরেবেত্যাহ। নভো যস্য তব নাভিঃ উর্ব্বী তব অঙ্ঘ্রিঃ। অর্কো দৃক্। অহং শিব আত্মা অহঙ্কারঃ। ইন্দ্রো ভুজাঃ। ওষধয়ো রোমাণি। ধিষণা বুদ্ধিঃ। বিসর্গ উপস্থঃ। ধর্ম্মো হৃদয়ং। যচ্ছন্দাবৃত্তিং স্পষ্টার্থা। নভ আদয়ো যেঽমী দৃশ্যন্তে তে সর্ব্বে সচ্চিদানন্দশরীরস্য তব নাভ্যাদীনি ইতি বিভূতয় ইত্যর্থঃ॥ ২০॥

এই বিশ্ব সংসারে আপনিই বিরাট্ মূর্ত্তিতে অবস্থান করিতেছেন; নভোমণ্ডল আপনার নাভিদেশ; হুতাশন আপনার মুখ, অম্বু রেতঃ, স্বর্গ আপনার শীর্ষদেশ, দিক্ সকল আপনার শ্রোত্র; পৃথিবী পাদদেশ, নিশানাথ মন, দিবাকর আপনার লোচন; রুদ্ররূপী আমিই আপনার অহঙ্কারতত্ত্ব, সমুদ্র উদর এবং ইন্দ্র প্রভৃতি লোকপালগণ আপনার বাহু॥ ২০॥

আভাস

র্ব্বিংশতি তত্ত্বই স্পষ্ট বস্তু; সুতরাং তাহারা কেহই তাঁহাকে নিরূপণ করিতে সক্ষম নহে; ইহারা সকলেই স্ব স্ব স্বজাতীয় তত্ত্বের সহিত মিলিত হয় এবং তাহাকে নিরূপণ করে। জীবের পরম তত্ত্ব আত্মা নিত্য সিদ্ধ শুদ্ধ বুদ্ধ ও চৈতন্যস্বরূপ; সুতরাং সেই তত্ত্বই পরমাত্মতত্ত্বের সাক্ষাৎকারে বা মিলনে সমর্থ। অতএব যদবধি চতুর্ব্বিংশতি তত্ত্বের সংস্রবে জীবের পরমতত্ত্বের উদ্ভাসন না হয়, তদবধি ব্রহ্ম-সাক্ষাৎকারে জীব অধিকারী হয় না। আত্মস্বরূপের নৈর্ম্মল্য সাধিত হইলে, স্বচ্ছ দর্পণে মহাকাশের প্রতিবিম্বের ন্যায়, ক্ষুদ্র জীবস্বরূপেও বৃহৎ ব্রহ্মস্বরূপের প্রতীতি ঘটিয়া থাকে॥ ১৯॥

রোমাণি যস্যৌষধয়োঽম্বুবাহাঃ কেশা বিরিঞ্চো ধিষণা বিসর্গঃ।
প্রজাপতির্হৃদয়ং যস্য ধর্ম্মঃ স বৈ ভবান্ পুরুষো লোককল্পঃ॥ ২১॥
তবাবতারোঽয়মকুণ্ঠধামন্ ধর্ম্মস্য গুপ্ত্যৈ জগতো ভবায়।

অন্বয়ঃ।

ওষধয়ঃ রোমাণি, অম্বুবাহাঃ মেঘাঃ, এব কেশাঃ; বিরিঞ্চঃ ধিষণা বুদ্ধিঃ, প্রজাপতিঃ ব্রহ্মা এব বিসর্গঃ মেঢ্রং, ধর্ম্মঃ হৃদয়ং যস্য সঃ ভবান্ লোককল্পঃ (লোকৈঃ কল্প্যতে অবয়বিত্বেন প্রতিপাদ্যতে ইতি) পুরুষঃ এব॥ ২১॥

হে অকুণ্ঠধামন্ অপ্রচ্যুতস্বরূপ! তব অয়ং অবতারঃ ধর্ম্মস্য গুপ্ত্যৈ রক্ষার্থং, জগতঃ

শ্রীধরস্বামী।

ওষধয়ো রোমাণি। যচ্ছন্দাবৃত্তিঃ স্পষ্টার্থা। অম্বুবাহাঃ কেশাঃ। বিরিঞ্চো ধিষণা বুদ্ধিঃ। প্রজাপতি র্বিসর্গো মেঢ্রং। ধর্ম্মো হৃদয়ং। লোকৈঃ কল্প্যতে ইতি লোককল্পঃ॥ ২১॥

নন্থ প্রাদেশিকশরীরস্য কথং নভোনাভিত্বাদীত্যত আহ তবেতি। হে অকুণ্ঠধামন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকান্ কল্পয়সি স্বনাভিমুখাদিভি-শ্চিন্ময়ে নভোঽগ্র্যাদীন্ প্রাকৃতান্ সৃজসীত্যর্থঃ॥ ২১॥

সাক্ষাদ্ব্রহ্মস্বরূপত্বাদদৃশ্যস্যাপি তব যৎ প্রাপঞ্চিকলোকৈ র্দৃশ্যত্বং তদতর্ক্যশক্তে স্তব পরমকৃপানিবন্ধনমিত্যাহ তবেতি। অকুণ্ঠধামন্ পরব্রহ্মণোঽপি যদ্দৃশ্যত্বং তস্মাত্তর্কৈ স্তব

ওষধি সমূহ আপনার রোম, জলদগণই ভবদীয় শিরোরুহ, ব্রহ্মা আপনার বুদ্ধি, প্রজাপতি আপনার উৎপাদন শক্তি মেঢ্র এবং ধর্ম্মই আপনার হৃদয়; আপনিই এই বিভিন্ন অবয়ব সমূহের অবয়বীরূপে প্রতিপাদিত পুরুষ-শ্রেষ্ঠ ভগবান্; লোকসমূহ পটে কল্পিত চিত্র পুত্তলিকার ন্যায়, এক ভবদীয় স্বরূপেই কল্পিত হইয়াছে মাত্র॥ ২১॥

হে অপ্রচ্যুত-স্বরূপ! সনাতন ধর্ম্মের সংরক্ষণার্থ এবং প্রপন্ন জনসমূহের

আভাস।

সূক্ষ্ম জীবতত্ত্ব যেমন স্থূল অঙ্গ প্রত্যঙ্গবিশিষ্ট দেহের দ্বারা পরিচিত হয়, সেইরূপ সূক্ষ্ম জ্ঞানের অবিষয় পরমাত্মতত্ত্বকে স্থূল নভ আদি বিরাট্ ভাবে পরিদর্শন করা প্রয়োজন। অর্থাৎ অঙ্গ প্রত্যঙ্গাদির ক্রিয়া ও পরিণতির দ্বারা যেমন অদৃশ্য ও অগ্রাহ্য মূল অঙ্গী নিরূপিত হয়, সেইরূপ এই বিশ্ব ব্রহ্মাণ্ডরূপ দেহে জল, অগ্নি, আকাশ, ভূমি, দিক্, চন্দ্র, সূর্য্য ও দেবতাদি অঙ্গ প্রত্যঙ্গের ক্রিয়া ও পরিণামের দ্বারা মূল অঙ্গীভূত পরমাত্মাকে অবধারণ করা বিধেয়। জীব যেমন অঙ্গ প্রত্যঙ্গরূপে পরিণতের ন্যায় অবস্থান পূর্ব্বক আত্মপরিচয় প্রদান করিয়া থাকেন, ভগবানও সেইরূপ বিরাট্ রূপে স্বরূপের প্রকাশ করেন মাত্র॥ ২০॥ ২১॥

শ্রীকৃষ্ণ সাক্ষাৎ পূর্ণ ব্রহ্ম; সুতরাং তিনি বাক্য ও মনের অগোচর হইয়াও যে সাধারণ জনগণের ইন্দ্রিয়গোচর হইয়াছেন, সে কেবল তাঁহার অনির্ব্বচনীয় অনুগ্রহের প্রকাশে এবং

বয়ঞ্চ সর্ব্বে ভবতানুভাবিতা বিভাবয়ামো ভুবনানি সপ্ত ॥ ২২ ॥
ত্বমেক আদ্যঃ পুরুষোঽদ্বিতীয়স্তুর্য্যঃ সদৃগ্‌হেতুরহেতুরীশঃ।

অন্বয়ঃ।

প্রপন্নজন-সমূহস্য ভবায় ধর্ম্মাদিপুরুষার্থসিদ্ধয়ে; ভবতা অনুভাবিতাঃ সামর্থ্যবিশিষ্টাঃ, এব বয়ং সর্ব্বে সপ্ত ভুবনানি বিভাবয়ামঃ পালয়ামঃ ॥ ২২ ॥

ঈশঃ স্বতন্ত্রঃ তু একঃ অদ্বিতীয়ঃ, যতঃ হেতুঃ সর্ব্বকারণং, যতঃ আদ্যঃ আদিভূতঃ, স্বয়ং তু অহেতুঃ স্বহেতুরহিতঃ, অদ্বিতীয়ঃ তুর্য্যঃ জীববৎ জাগ্রৎস্বপ্নসুষুপ্তিরূপাবস্থাত্রয়াতীতঃ,

শ্রীধরস্বামী।

অপ্রচ্যুতস্বরূপ! ভবায় অভ্যুদয়ায় ন কেবলমেতাবৎ কিন্তু অস্মদনুগ্রহার্থমপীত্যাহ বয়ঞ্চেতি। সর্ব্বে লোকপালা ত্বয়া পালিতাঃ সপ্তাপি ভুবনানি পালয়ামঃ ॥ ২২ ॥

ননু যদি বিভাবয়িতারো যূয়ং বিভাব্যানি চ ভুবনানি সন্তি তর্হি কথমুক্তং ত্বং ব্রহ্মেতি। নহি ব্রহ্মত্বে ময়ি সজাতীয়-বিজাতীয়ভেদঃ সম্ভবতীত্যত আহ ত্বমেক ইতি। একঃ সজাতীয়-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রভাবঃ কুণ্ঠীকর্ত্তুমশক্য ইত্যর্থঃ। ধর্ম্মস্য স্বভক্তিলক্ষণস্য গুপ্ত্যৈ তৎ প্রতিপক্ষমতনিরসন-পূর্ব্বক-রক্ষণায়। জগতঃ কর্ম্মিজ্ঞানিমূঢ়দুরাচারবহির্মুখপর্য্যন্তস্যাপি অভবায় মোক্ষায়। নচ সামান্য-জগৎপালনায়েত্যাহ। বয়মিতি সর্ব্বে দশদিক্‌পালাঃ ভবতা অনুভাবিতাঃ পালিতাঃ সন্তঃ পালয়াম এব তন্মাত্রার্থং তবাবির্ভাবে কি প্রয়োজনমিতি ভাবঃ ॥ ২২ ॥

মদ্বিভূতয়ো যূয়মপি মদভিন্না এবেতি তত্র নহি নহীত্যাহ ত্বমেকঃ সজাতীয়ভেদরহিতঃ। ঈশ্বরান্তরাভাবাৎ। ত্বৎস্বরূপভূতানাং মৎস্যাদ্যবতারাণামপি মধ্যে ত্বমাদ্যঃ সচ ত্বং মনুষ্যা-

---

ধর্ম্মাদি পুরুষার্থের সম্যক্ রক্ষার নিমিত্তই আপনি এই অবতার গ্রহণে অবতীর্ণ হইয়াছেন। আমরা সকলেও আপনারই অনন্ত শক্তির সাহায্যে সামর্থ্যবান্ হইয়া, এই সপ্ত ভুবন প্রতিপালন করিতেছি ॥ ২২ ॥

আপনি স্বতন্ত্র এবং স্বজাতীয়-ভেদশূন্য, সমগ্র ব্রহ্মাণ্ডে অদ্বিতীয় কারণীভূত আদি দেব; আপনার উৎপত্তির আর পৃথক্ হেতু নাই। আপনি

আভাস।

অভাবনীয় শক্তির পরিচয়ে মাত্র, সন্দেহ নাই। তিনি অকুণ্ঠধামা; বিচারবলে মানব তাঁহার অনুপম শক্তির নিরূপণ করিতে কোন মতে সমর্থ হয় না। ভগবদ্ভক্তিলক্ষণ ধর্ম্মের সংরক্ষণার্থ এবং তৎপ্রতিপক্ষ মতের নিরসনার্থ ইচ্ছাধীন বিগ্রহ ধারণে তিনি আবির্ভূত হন। জগতের কর্ম্মী, জ্ঞানী, মূঢ় এবং উৎপথগামী দুরাচারী ব্যক্তিগণেরও মঙ্গল এতদ্দ্বারা সাধিত হইয়া থাকে, সন্দেহ নাই। কেবল জগতের উপকার তাঁহার দ্বারা সাধিত হয়, এরূপ নহে; দিক্‌পাল ব্রহ্মরুদ্রাদি দেবতাগণও তাঁহারই প্রভাবে সামর্থ্যবিশিষ্ট হইয়া, এই সপ্ত ভুবনকে পালন করিতেছেন ॥ ২২ ॥

প্রতীয়সেঽথাপি যথাবিকারং স্বমায়য়া সর্ব্বগুণপ্রসিদ্ধ্যৈ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

স্বদৃক্ স্বপ্রকাশজ্ঞানরূপঃ পুরুষঃ সর্ব্বান্তর্যামী ত্বং এব সর্ব্বগুণপ্রসিদ্ধ্যৈ সর্ব্ববিষয়-প্রকাশনায়, অথ স্বমায়য়া যথাবিকারং প্রতীয়সে ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

রহিতঃ। কুতঃ আদ্যঃ পুরুষঃ। পুরুষাণামবস্থাত্রয়বতামাদ্যঃ প্রকৃতিভূতঃ পুরুষঃ। কুত স্তুরীয়ঃ শুদ্ধ ইত্যর্থঃ। তদপি কুতঃ স্বদৃক্ স্বপ্রকাশজ্ঞানরূপঃ। শুদ্ধাদেবহ্যুপাধিযোগাজ্জীবা জায়ন্তে। যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাস্মাদাত্মনঃ সর্ব্ব এবাত্মানো ব্যুচ্চরন্তীতি শ্রুতেঃ। অতঃ সজাতীয়রহিতঃ। কিঞ্চ। অদ্বিতীয়শ্চ বিজাতীয়রহিতোঽপি কুতঃ হেতুঃ সর্ব্বস্য। তথা স্বয়ং হেতুরহিতশ্চ। কথং তর্হি প্রতিশরীরং জীবভেদঃ প্রতীয়তে ইত্যত আহ প্রতীয়স ইতি। সর্ব্বগুণপ্রসিদ্ধ্যৈ সর্ব্ববিষয়প্রকাশনায় ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃতিরিবেত্যাহ পুরুষঃ। ত্বংস্বরূপাদ্ভিন্না জীবশক্তি র্মায়াশক্তিরপীত্যাহ অদ্বিতীয়ঃ বিজাতীয়-ভেদরহিতঃ। কিঞ্চ পুরুষাকারাণাং মুখ্যানাং স্বরূপভূতানাঞ্চতুর্ণাং ব্যূহানামপি মধ্যে ত্বং তুর্য্যঃ বাসুদেবস্বরূপ ইত্যর্থঃ। নন্বু ত্বামন্যঃ কোঽপি দর্শয়িতুং শক্নোতীত্যাহ। স্বদৃক্ স্বেনৈব দৃগ্দর্শনং যস্য সঃ। অতঃ সর্ব্বশ্রেষ্ঠত্বাত্ত্বমেব হেতুঃ সর্ব্বকারণং। অহেতু স্তব তু কারণং নাস্তীত্যর্থঃ। অতএব ঈশঃ মুখ্যমৈশ্বর্য্যং তবৈবেতি ভাবঃ। এতাদৃগৈশ্বর্য্যবানপি ত্বমতি-তুচ্ছানাং মায়িকগুণানামপ্যুপকারং করোষীত্যাহ প্রতীয়স ইতি। অথাপি তদপি যথা-বিকারং প্রতিশরীরং স্বমায়য়া কৃত্বা যে সর্ব্বে গুণা বুদ্ধীন্দ্রিয়াদয়স্তেষাং প্রকৃষ্টসিদ্ধ্যর্থং প্রতীয়সে। অন্তর্যামিরূপেণানুভূয়সে। তত্র তত্রান্তর্যামিত্বং যদি ত্বং ন স্বীকুরুষে তদা মায়াগুণানাং প্রকাশনাভাবাত্তে ব্যর্থা এব ভবেয়ুরিতি ভাবঃ ॥ ২৩ ॥

অদ্বিতীয় এবং জীবের জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তিরূপ অবস্থাত্রয়ের অতীত তুরীয়-স্বরূপ পরম ভাব এবং স্বপ্রকাশ জ্ঞানস্বরূপও আপনি। অন্তর্যামিরূপে জীব-মাত্রেরই হৃদয়ে আপনি বাস করিতেছেন এবং যাবদীয় গুণকার্য্যের বিভাসনার্থ স্বকীয় মায়ার প্রভাবে আপান নির্ব্বিকার এবং নিরঞ্জন হইলেও প্রত্যেক বিকাররূপে সর্ব্বত্র বিভাসিত হইতেছেন ॥ ২৩ ॥

আভাস।

পূর্ণব্রহ্মে স্বগত, স্বজাতীয় ও বিজাতীয় ভেদ নাই। পত্র পুষ্প ফল ও স্কন্ধাদির পরিচয়ে যেমন একটী বৃক্ষে স্বগত অর্থাৎ স্বনিষ্ঠ ভেদ প্রতীত হইয়া থাকে, পূর্ণব্রহ্মে সেরূপ মস্তক শীর্ষাদি বিশেষে কোন ভেদ নাই। তাঁহার সর্ব্বত্রই ব্রহ্মময় এবং বিশুদ্ধ স্বপ্রকাশ জ্ঞানস্বরূপ। বৃক্ষান্তরের সহিত বৃক্ষের সজাতীয় ভেদ আছে, কিন্তু ব্রহ্মাদি সৃষ্টিসংহারকারী অন্যান্য দেবতা বিদ্যমান থাকিলেও তাঁহার অদ্বিতীয়ত্ব চির বিদ্যমান। কারণ হুতাশন যেমন

যথৈব সূর্য্যঃ পিহিতঃ স্বচ্ছায়য়া ছায়াঞ্চ রূপাণি চ সঞ্চকাস্তি।

অন্বয়ঃ।

হে ভূমন্! যথা স্বচ্ছায়য়া স্বকার্য্যমেঘবর্ষাদিরূপয়া অপিহিতঃ অনাচ্ছাদিতঃ অপি সূর্য্যঃ

শ্রীধরস্বামী।

তর্হি কিমহং সংসারীত্যুচ্যতে নহি নহীতি সদৃষ্টান্তমাহ যথৈবেতি। হে ভূমন্ স্বচ্ছায়য়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদৃষ্টস্যাপ্যন্তর্যামিণো মায়াগুণপ্রকাশনে দৃষ্টান্তমাহ। যথৈব সূর্য্যঃ স্বচ্ছায়য়া মেঘলক্ষণয়া

হে ভূমন্! দিবাকর যেমন স্বস্বরূপ হইতে সমুৎপন্ন মেঘ ও বর্ষাদিরূপ আভাস।

বিভিন্ন বর্ণবিশিষ্ট পৃথক্ পৃথক্ কাচের আবরণে আবৃত থাকিয়া, উপাধিবর্ণে বিভিন্নরূপে প্রতীত হয়, কিন্তু বহ্নিত্বসামান্যত্ব সর্ব্বত্র এক ও অদ্বিতীয়, সেইরূপ পরমাত্মা বিচিত্রপুরে অবস্থিত থাকিয়া, পুরবৈচিত্রে পুরুষনামে অভিহিত হন মাত্র। প্রকৃত প্রস্তাবে দেহধারী পুরুষের জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তিরূপ অবস্থাত্রয়েরও অতীত তুরীয়স্বরূপে তিনি বিরাজ করিয়া থাকেন। যেমন বীজ হইতে অসংখ্য শাখা পল্লবাদিতে সুশোভিত বৃক্ষ অনির্ব্বচনীয় শক্তি প্রভাবে অভিব্যক্ত হয়, সেইরূপ আদিভূত সনাতন পুরুষোত্তম হইতেই এই অনন্ত সংসার রচিত হইয়াছে। সৃজন করিয়াও তিনি ক্ষান্ত নাই; আপাতত দৃষ্টিতে বীজত্বের ধ্বংসানন্তরই অঙ্কুরোৎপত্তি ও বৃক্ষভাবের প্রতীতি ঘটিলেও, বৃক্ষের অবস্থিতি কালাবধি বীজস্বরূপের নাশ হয় না; বীজভাব বৃক্ষের মর্ম্মে মর্ম্মে অবস্থান করে; বীজই বৃক্ষত্বে পরিণত হয়; বৃক্ষ বীজের আদর্শ হইয়া অভিব্যক্ত হয়; বীজ সঙ্কোচ ভাবের পরিত্যাগে রসের আশ্রয়ে প্রশস্ত ভাব অবলম্বন পূর্ব্বক কেবল বৃক্ষরূপে পরিণত হয় মাত্র, সেইরূপ পরম পুরুষ পরমাত্মা স্বকীয় বৈষ্ণবী শক্তি মহামায়া প্রকৃতির আশ্রয়ে পরিণত হইবার ন্যায় বিরাট্ রূপে প্রতীত হন মাত্র। বৃক্ষ বীজ হইতে উৎপন্ন হইয়া, বীজভাবাতিরিক্ত সম্পূর্ণ বিসদৃশ ভাবে ও বিচিত্র রূপে আত্মপরিচয় প্রদান করে বটে, কিন্তু তাহার অনন্ত পল্লবাদিতে ফল-রূপে স্বকীয় মূলীভূত বীজেরই পরিচয় দেয়, সেইরূপ পূর্ণব্রহ্ম হইতে এই অনন্ত ব্রহ্মাণ্ডের রচনা হইলেও বিচিত্র সংসারের প্রত্যেক স্তরে জ্ঞানক্রিয়াদির পরিচয়ে সেই মূলীভূত পূর্ণ চৈতন্যেরই অবভাসন হইতে থাকে। আদিতে বীজ, অন্তে বীজ, মধ্যদশায় কেবল যেমন বৃক্ষ অবস্থান করে, সেইরূপ সৃষ্টির অগ্রে ও অন্তে পরম ব্রহ্ম, মধ্য দশায় কেবল পূর্ণত্বের অপলোপে বিশ্বত্বের পরিচয় থাকে মাত্র। বীজই যেমন রসের আশ্রয়ে ফল, পুষ্প, পত্র, ত্বক্, শাখা ও পল্লবাদিতে আত্মপরিচয় প্রদান করে; রস ব্যতীত বীজস্বরূপের পরিচয়ের কোন সুবিধা ঘটে না, সেইরূপ প্রকৃতির আশ্রয়ে পরাৎপর পরমাত্মা প্রত্যেক স্তরে স্তরে আত্মপরিচয় প্রদান করেন; তিনি ব্যতীত প্রকৃতিতে কোনরূপ বিচিত্রতার সম্ভাবনা হয় না। উত্তাপ যেমন পনসাদি ফলের অন্তরস্থ থাকিয়া, ফলকে সুপক্ব করত তদন্তরস্থ সকল ভাবের পূর্ণ মাত্রায় অভিব্যক্তি করে, সেইরূপ সকল বিষয়ের প্রকাশের দ্বারা পরমাত্মাই

এবং গুণেনাপিহিতো গুণাংস্ত্বমাত্মপ্রদীপো গুণিনশ্চ ভূমন্ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

তাং ছায়াং রূপাণি চ সঞ্চকাস্তি প্রকাশয়তি এবং গুণেন স্বকার্য্যেণ দেহাহঙ্কারাদিসঙ্ঘাতেন আচ্ছাদিতঃ অপি আত্মপ্রদীপঃ স্বপ্রকাশঃ, এব ত্বং তান্ গুণান্ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদীন্ গুণিনঃ তদুপহিতান্ জীবান্, চ প্রকাশয়সি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

মেঘলক্ষণয়া পরদৃষ্ট্যা পিহিতঃ ছাদিতোঽপি সূর্য্যশ্ছায়াং মেঘরূপাণি চ মেঘান্তরিতান্ ঘটাদীনপি সঞ্চকাস্তি প্রকাশয়তি এবং গুণেনাহঙ্কারেণ স্বকার্য্যেণ তদ্দৃষ্ট্যা পিহিতোঽপি গুণান্ সত্ত্বাদীনুপাধীন্ গুণিনশ্চ উপহিতান্ জীবানপি চকাস্সি। আত্মপ্রদীপঃ স্বপ্রকাশঃ। অতঃ সর্ব্বসাক্ষিণ স্তব ন সংসার ইত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিহিতঃ। লোকদৃষ্ট্যা আচ্ছাদিতোঽপি ছায়াং মেঘং রূপাণি মেঘান্তরিতান্ লোকাংশ্চ ঘটাদীনপি সঞ্চকাস্তি প্রকাশয়তি এবং গুণেনাহঙ্কারেণ স্বকার্য্যেণ জীবাবরকেণ তদ্দৃষ্ট্যা পিহিতোঽপি গুণান্ বুদ্ধীন্দ্রিয়বিষয়াদীন্ গুণিনো জীবানপি চকাস্সি প্রকাশয়সি। আত্মা পরমাত্মা চাসৌ প্রদীপঃ প্রকাশকশ্চেতি সঃ ॥ ২৪ ॥

স্বকীয় আবরণে আবৃত হইয়াও, সেই আবরণ ছায়া এবং রূপসমূহকে প্রকাশ করিয়া থাকেন, সেইরূপ স্বকীয় কার্য্যভূত দেহ ও অহঙ্কারাদির সমবায়ে সমুৎপন্ন উপাধির আবরণে আপনি আবৃতের ন্যায় থাকিয়া, স্বকীয় স্বপ্রকাশ গুণের পরিচয়ে সেই সকল দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণাদি গুণগ্রামকে এবং অন্তঃকরণাদিতে উপহিত জীবসমূহকেও প্রকাশ করিতেছেন ॥ ২৪ ॥

আভাস।

বিরাজ করিতেছেন। সুতরাং স্বকীয় বৈষ্ণবী শক্তি ব্যতীত অন্য পদার্থেরই অস্তিত্ব নাই। অতএব বিজাতীয় ভেদও ব্রহ্মস্বরূপে নিরস্ত হইল ॥ ২৩ ॥

অতএব পূর্ণ ব্রহ্মই যদি প্রতি দেহে জীবরূপে বিরাজ করেন স্বীকার করা হয়, তাহা হইলে, সংসার ও তন্নিষ্ঠ সুখ দুঃখাদি তাঁহাকেই স্পর্শ করে, অবশ্য বলিতে হইবে। এতদুত্তরে এই শ্লোকে সূর্য্য-দৃষ্টান্তের দ্বারা সে আশঙ্কার নিরাকরণ করা হইয়াছে। অর্থাৎ দিবাকর জলদের উৎপাদন করিয়া, স্বয়ং যেমন সেই জলদের আবরণে আবৃত হইয়া পড়েন; কিন্তু প্রকৃত প্রস্তাবে মেঘ কখন সূর্য্যকে আবৃত করিতে সমর্থ হয় না; তবে দর্শকের দৃষ্টিকে আবৃত করাতেই, অবলোকনকারী মেঘের অন্তরালে সূর্য্যকে আবৃত বলিয়া অনুমান করে মাত্র; বস্তুত সূর্য্যদেব স্বীয় আবরণ-স্থানীয় মেঘাদিকেও প্রকাশমান করিয়া যেমন স্বয়ং স্বপ্রকাশ ভাবে বিরাজ করেন, পরমাত্মা সেইরূপ ব্রহ্মাণ্ডাদি জীবদেহের রচনা করিয়া, জীবের আবরক গুণকার্য্য অহঙ্কারাদির অন্তরালে অন্তর্নিহিতের ন্যায় সাধারণ-দৃষ্টিতে অবস্থান

যন্মায়ামোহিতধিয়ঃ পুত্র-দার-গৃহাদিষু।
উন্মজ্জন্তি নিমজ্জন্তি প্রসক্তা বৃজিনার্ণবে ॥ ২৫ ॥
দেবদত্তমিমং লব্ধ্বা নৃলোকমজিতেন্দ্রিয়।
যো নাদ্রিয়েত ত্বৎপাদৌ স শোচ্যো হ্যাত্মবঞ্চকঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

যস্য মায়য়া মোহিতধিয়ঃ অতঃ পুত্রদারগৃহাদিষু প্রসক্তাঃ জীবাঃ বৃজিনার্ণবে দুঃখসংসারে উন্মজ্জন্তি নিমজ্জন্তি চ সঃ ত্বমেব ॥ ২৫ ॥

দেবদত্তং (দেবেন কর্ম্মাধ্যক্ষেণ ত্বয়া দত্তং) ইমং নৃলোকং মনুষ্যদেহং, লব্ধ্বা অপি যঃ অজিতেন্দ্রিয়ঃ ত্বৎপাদৌ ন আদ্রিয়েত ন সেবেত, আত্মবঞ্চকঃ সঃ শোচ্যঃ এব ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ মায়াশ্রয়স্যান্যান্ বিমোহয়ত তব কুতঃ সংস্থতিরিত্যাশয়েনাহ যন্মায়েতি। পুত্রাদিষু প্রসক্তাঃ বৃজিনার্ণবে দুঃখসাগরে উন্মজ্জন্তি দেবাদিযোনিষু; নিমজ্জন্তি স্থাবরাদিষু। তদুক্তং বায়বীয়ে। বিপর্য্যয়শ্চ ভবতি ব্রহ্মত্বস্থাবরত্বয়োরিতি ॥ ২৫ ॥

এবং জীবেশ্বরব্যবস্থাং নিরূপ্য ইদানীমভজন্তং নিন্দতি দ্বাভ্যাং দেবেতি। দেবেন ত্বয়া কর্ম্মাধ্যক্ষেণ দত্তং লোকং ইমং নৃদেহং লব্ধ্বাপীতি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বমেব কৃপয়াবতীর্য্য জীবানুদ্ধরসি। জীবাস্তু সংসারসিন্ধৌ পতিতা এবেত্যাহ যন্মায়েতি ॥ ২৫ ॥

অভজন্তং নিন্দতি। দেবেন ত্বয়ৈব দত্তং নৃদেহং ॥ ২৬ ॥

যাঁহার মহামায়ায় বিমোহিত হইয়া, পুত্র দারা ও গৃহাদিতে আসক্তচিত্ত জীবনিচয় এই ভীষণ দুঃখসাগরে অনবরত নিমজ্জিত ও উন্মজ্জিত হইতেছে, সেই মহাপুরুষই আপনি ? ॥ ২৫ ॥

প্রারব্ধকর্ম্মের ফলে আপনার প্রদত্ত এই অপূর্ব্ব মানবদেহ প্রাপ্ত হইয়াও যে ব্যক্তি কেবল ইন্দ্রিয়চরিতার্থের অনুরোধে আপনার চরণ-চিন্তনে পরাঙ্মুখ হয়, এই সংসারে সেই ব্যক্তিই প্রকৃত বঞ্চিত হইল এবং সর্ব্বসমক্ষে অনুতাপের পাত্র সন্দেহ নাই ॥ ২৬ ॥

আভাস।

করিয়াও চিত্তাদি জীবের উপাধি এবং উপহিত জীবকেও প্রকাশমান করিতেছেন ॥ ২৪ ॥

মাহামায়া প্রকৃতি ভগবানের আশ্রয়ে অবস্থান করিয়াই জগৎকে প্রসব করেন; অতএব পরম পুরুষ পরমাত্মা মায়ার প্রভাবে অন্যান্য জীবগণকেই মোহিত করেন; মায়ার আবরণে তাঁহার নিজের মোহ কি রূপে সঙ্গত হইতে পারে ? যাহারা সংসারকে প্রেম করে, তাহারাই বদ্ধ হয়; কিন্তু ভগবান্ প্রতিপদে পুত্র দারাদির অনিত্যতার প্রতিপাদন করিয়া, তাৎকালিক

যস্ত্বাং বিসৃজতে মর্ত্ত্য আত্মানং প্রিয়মীশ্বরং।
বিপর্য্যয়েন্দ্রিয়ার্থার্থং বিষমত্যমৃতং ত্যজেৎ ॥ ২৭ ॥
অহং ব্রহ্মাথ বিবুধা মুনয়শ্চামলাশয়াঃ।
সর্ব্বাত্মনা প্রপন্নাস্ত্বামাত্মানং প্রেষ্ঠমীশ্বরং ॥ ২৮ ।

অন্বয়ঃ।

যঃ মর্ত্ত্যঃ মরণধর্ম্মশীলঃ প্রিয়ং আত্মানং ঈশ্বরং লোকগুরুং ত্বাং বিপর্য্যয়েন্দ্রিয়ার্থার্থং (বিপর্য্যয়াঃ ত্বত্তো বিপরীতাঃ অনাত্মানঃ অপ্রিয়াঃ অনীশ্বরাঃ যে ইন্দ্রিয়ার্থাঃ পুত্রাদয়ঃ শব্দাদয়শ্চ তদর্থং) বিসৃজতে সঃ অমৃতং ত্যজন্ বিষং অত্তি ॥ ২৭ ॥

(যতস্ত্বদ্ভজনাদেব কৃতার্থতা ন অন্যথা) অথ অতঃ, অমলাশয়াঃ বিশুদ্ধান্তঃকরণাঃ, বিবুধাঃ মুনয়ঃ অহং শিবঃ, ব্রহ্মা চ সর্ব্বাত্মনা পূর্ণপ্রেম্না আত্মানং প্রেষ্ঠং ঈশ্বরং ত্বামেব প্রপন্নাঃ শরণং গতাঃ স্ম ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

শোচ্যত্বে হেতুঃ যস্ত্বামিতি। বিপর্য্যয়া বিপরীতা অনাত্মা অপ্রিয়াঃ অনীশ্বরা যে ইন্দ্রিয়ার্থাঃ পুত্রাদয়স্তদর্থং ॥ ২৭ ॥

অহমন্যে চ শুদ্ধমনস স্ত্বামেব ভক্তা ইত্যাহ অহমিতি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিসৃজতে ত্যজতি কিমর্থং বিপর্য্যয়াঃ ত্বদ্বিপরীতা অনাত্মানোঽপ্রিয়া অনীশ্বরাশ্চ যে ইন্দ্রিয়ার্থাঃ পুত্রাদয়স্তদর্থং ॥ ২৭ ॥

যত্তয়া কৃতং তন্ময়া ক্ষান্তং সম্প্রতি ত্বয়া ত্বৎসঙ্গিভিরন্যৈশ্চ দেবৈঃ কিং ব্যবসিতমিতি চেত্তত্রাহ অহমিতি আত্মানং প্রেষ্ঠমীশ্বরমিতি বিশেষণত্রয়েণ অনাত্মনঃ অপ্রিয়স্য অনীশ্বরস্য বাণস্য কৃতে যত্ত্বয়া সহ বিগ্রহমকরবং তদহমেবামৃতং ত্যক্ত্বা বিষং ভুক্তবানস্মীতি পূর্ব্বশ্লোকেন মামেবাহমনিন্দমিতি ভগবন্তং জ্ঞাপয়ামাস ॥ ২৮ ॥

জন্ম-মরণ-রূপ সংসার-প্রবাহে নিরন্তর পতিত থাকিয়া, যে মানব পরম তত্ত্বের বিস্মারক অনিত্য দুঃখপ্রদ ও তুচ্ছ পুত্রাদি স্বজন এবং শব্দাদি বিষয়-সম্ভোগের উপলক্ষে প্রাণপ্রিয় লোকগুরু এবং প্রকৃত হিতকারী আপনাকে বিস্মৃত হয়, সেই ব্যক্তি অমৃত পরিহারে বিষপান করে, সন্দেহ নাই ॥ ২৭ ॥

আপনার উপাসনা ব্যতীত কৃতার্থ হইবার উপায়ান্তর নাই; সুতরাং

আভাস।

বৈরাগ্যের উৎপাদনে জীবহৃদয়ে উন্নতির সোপানও প্রদর্শন করিয়াছেন। কিন্তু মানব যদি উন্নতি-মার্গের প্রতি লক্ষ্য না করিয়া, নিরন্তর পুত্র দারাদির প্রেমে একান্ত আসক্ত থাকিয়া বিষয়মার্গেরই পথিক হয়, তাহা হইলে তদপেক্ষা দুঃখের বিষয় আর কি হইতে

তং ত্বাং জগৎস্থিত্যুদয়ান্তহেতুং সমং প্রশান্তং সুহৃদাত্মদৈবং।

অন্বয়ঃ।

হে দেব! ভবাপবর্গায় (ভবস্য সংসারস্য অপবর্গায় মোক্ষায়) জগৎস্থিত্যুদয়ান্তহেতুং (জগতঃ স্থিত্যাদীনাং হেতুং) সুহৃদাত্মদৈবং (সুহৃৎ হিতচিন্তকঃ আত্মা চাসৌ দৈবং আরাধ্যঃ ফলদশ্চ তং) প্রশান্তং রাগলোভাদিবিকাররহিতং, সমং জগদাত্মকেতং (জগতঃ আত্মনাং

শ্রীধরস্বামী।

ভগবতো ভজনীয়ত্বে হেতূন্ বদন্ তদ্ভক্তিং প্রার্থয়তে তং ত্বেতি। সমত্বে হেতুঃ প্রশান্তমিতি। সুসেব্যত্বমাহ সুহৃদাত্মদৈবং। সুহৃদ্বুদ্ধিপ্রবর্ত্তকত্বাৎ আত্মা চ সর্ব্বাত্মকত্বাৎ। এবং-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাৎ স্বভক্তিং স্বয়মেব দেহীতি প্রার্থয়তে তমিতি। হে দেব ভবাপবর্গায় ভবে ভবে জন্মনি জন্মনি অপবর্গায় পঞ্চমস্কন্ধোক্তলক্ষণ-ভক্তিযোগায় ত্বামেব ভজাম। প্রার্থনায়াং লোট্। ত্বদন্যো ভজনীয়ো ন ভবতীত্যভিপ্রায়েণ বিশিনষ্টি ঈশ্বরত্বাৎ জগৎস্থিত্যুদয়ান্তহেতুমিত্যন্য-ত্বনীশ্বরঃ। সমমিত্যন্যো বিষমঃ। প্রশান্তমিত্যন্যঃ প্রকর্ষেণ শান্তো ন ভবতি। সুহৃদিত্যন্যো হিত-কৃন্ন ভবতি। আত্মদৈবমিতি অন্যঃ পরমাত্মা ন ভবত্যতো দ্যোতমানশ্চ ন ভবতীত্যর্থঃ।

বিশুদ্ধচেতা মুনিগণ, দেবতা সকল এবং স্বয়ং ব্রহ্মা ও আমি রুদ্রও সর্ব্বান্তঃ-করণে পরমপ্রিয় সর্ব্বহিতকারী আত্মস্বরূপ আপনারই শরণাগত হইলাম! আপনি আমাদিগকে প্রতিপালন করুন্॥ ২৮॥

হে দেব! আপনিই এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও লয় করিয়া থাকেন! আপনিই জীবসমূহের প্রকৃত হিতচিন্তক, পরমাত্মীয় এবং সর্ব্ব-ফলদাতা। রাগ-লোভাদি কোন প্রকার বিকার আপনাকে স্পর্শ করে না;

আভাস।

পারে? অন্যান্য যোনির মধ্যে এক মানবকেই ভগবান্ উভয় পক্ষ দর্শন করিবার উপযুক্ত-রূপ যোগ্যতা প্রদান করিয়াছেন। অতএব অবসর এবং সুযোগ লাভেও যদি উভয় পক্ষ দর্শনে বঞ্চিত হইতে হয়, তদপেক্ষা দুঃখের এবং শোকের বিষয় আর কি হইতে পারে? দুর্ল্লভ মানব যোনি লাভ করিয়া, ভগবচ্চরণে আত্মসমর্পণ করাই মানবের এক মাত্র কর্ত্তব্য কর্ম্ম। মানবের কথা দূরে থাকুক্, ব্রহ্মাদি দেবতাগণও সর্ব্বান্তঃকরণে তাঁহার পাদপদ্মে আত্মসমর্পণ করিয়া কৃতার্থ হন॥ ২৫—২৮॥

রুদ্র বলিলেন, হে দেবদেব বিশ্বম্ভর! আমাদের যোগ্যতানুসারে আপনাকে স্তব করিতেছি বটে, কিন্তু ভগবদ্ভক্তি প্রদানের সামর্থ্য এক আপনাতেই নিহিত আছে; আমরা ইচ্ছা করিলেই ভক্তি গ্রহণে সমর্থ হইব না। জন্ম জন্মান্তরে ভগবদ্ভক্তির প্রগাঢ়তায় আমরা যাহাতে মুক্তিলাভ করিতে পারি, তজ্জন্যই আপনার নিকট এরূপ প্রার্থনা করিতেছি। আপনি ব্যতীত এই সংসারে এমন কেহ নাই, যাঁহার প্রসাদে আমাদের মনোরথ পূর্ণ হইতে

অনন্যমেকং জগদাত্মকেতং ভবাপবর্গায় ভজাম দেবং ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

জীবানাং চ কেতং আশ্রয়ভূতং) অনন্যং সর্ব্বাভিন্নং, একং অদ্বিতীয়ং, তং দেবং ত্বাং বয়ং ভজাম ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

ভূতং দৈবং ঈশ্বরং ত্বাং। ন চান্যো ভজনীয়োঽস্তীত্যাহ। অনন্যমেকং সমানাসমান-জাতীয়ভেদরহিতং। তৎকুতঃ জগতামাত্মনাঞ্চ কেতমধিষ্ঠানং ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনন্যমিত্যনন্যো ন ভবতি কিন্ত্বন্য এব। ত্বন্ত স্বভক্তস্যানন্য এব। সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহমিতি ত্বদুক্তেঃ। একমিত্যন্যোঽনেকঃ। জগতামাত্মনশ্চ কেতমাশ্রয়মিত্যন্য-ত্বনাশ্রয়ঃ ॥ ২৯ ॥

জগতের এবং জীবনিচয়ের আপনিই প্রকৃত আশ্রয়দাতা। শান্তস্বরূপ ধারণে আপনিই সকলের অন্তরে বিদ্যমান আছেন; অথচ অদ্বিতীয় পরম পুরুষরূপে আপনিই বিরাজ করিতেছেন! আপনাকে আমরা প্রণাম করিতেছি ॥ ২৯ ॥

এই বাণ আমার এক জন অনুগত সেবক, প্রিয় পাত্র ও আদরেরই ব্যক্তি সন্দেহ নাই। হে দেব! সুতরাং আমি ইহাকে অভয় দান করিয়াছি! অতএব আপনি যখন দৈত্যরাজ প্রহ্লাদের প্রতি প্রসন্ন হইয়াছিলেন, তখন

আভাস

পারে। কারণ সকলেই সংসারের অধীন! আপনি কিন্তু এই সংসারের সৃষ্টি, পালন ও সংহার করিয়া থাকেন; সুতরাং আপনি ব্যতীত অন্য কেহ ঈশ্বর নহেন; সকলেই আপনার পরতন্ত্র। সকলেরই স্বার্থের প্রতি লক্ষ্য আছে: অতএব কেহ সহজে প্রসন্ন হন না। আপনার কোন স্বার্থ নাই; নিজের আনন্দে নিজে নিরন্তরই পরিপূর্ণ ও প্রশান্ত। সুতরাং অন্যের ভজনের কোন অপেক্ষা করেন না। আপনিই প্রকৃত সুহৃদ্; কোন প্রত্যাশা না করিয়া, জগতের উপকার করিয়া থাকেন। মানব যদি দেহবর্গের মধ্যে যাবতীয় অসার ও অনিত্য অংশের উপেক্ষায় সার পদার্থ অন্বেষণ করে, তাহা হইলে পরমানন্দের পরম পাত্রবোধে হৃদয়াকাশে এক আপনাকেই নিরীক্ষণ করিতে পায়! আপনিই অন্তর্যামি-রূপে জীবমাত্রেরই অন্তরে অবস্থান পূর্ব্বক তাহাদিগকে কার্য্যে প্রবর্ত্তিত করেন এবং তাহাদের সদসৎ সকল কর্ম্মকে লক্ষ্য করেন। আপনি জীবের পর নহেন; যেমন গৃহের গৃহী, দেহের প্রাণ, সেইরূপ জীবমাত্রেরই আপনি অনন্য পরমাত্মা। যেমন দর্পণ ও তত্রস্থ প্রতিবিম্বের একত্ব প্রতিপাদিত হইয়া থাকে, চিত্রস্থ বস্ত্রে যেমন চিত্রিত মনুষ্যের বস্ত্র ও পর্ব্বতাদি তুল্যরূপে চিত্রিত থাকে, সেইরূপ স্থাবর-জঙ্গমাত্মক সমগ্র সংসার এক আপনার উপরই নির্ভর করিতেছে ॥ ২৯ ॥

অয়ং মমেষ্টো দয়িতোঽনুবর্ত্তী ময়াভয়ং দত্তমমুষ্য দেব।
সম্পাদ্যতাং তদ্ভবতঃ প্রসাদো যথা হি তে দৈত্যপতৌ প্রসাদঃ॥

শ্রীভগবানুবাচ॥

যদাত্থ ভগবংস্তন্নঃ করবাম প্রিয়ং তব।
ভবতা যদ্ব্যবসিতং তন্মে সাধ্বনুমোদিতং॥ ৩০॥
অবধ্যোঽয়ং মমাপ্যেষ বৈরোচনসুতোঽসুরঃ।
প্রহ্লাদায় বরো দত্তো ন বধ্যো মে তবান্বয়ঃ॥ ৩১॥

অন্বয়ঃ।

অয়ং বাণঃ মম অনুবর্ত্তী সেবকঃ, দয়িতঃ প্রিয়ঃ, ইষ্টশ্চ ইচ্ছাবিষয়শ্চ। অতএব হে দেব! ময়া অমুষ্য অভয়ং দত্তং; তৎ তস্মাৎ যথাহি দৈত্যপতৌ প্রহ্লাদে, তে ত্বয়া, প্রসাদঃ কৃতঃ তথা অস্মিন্ অপি ভবতঃ প্রসাদঃ সম্পাদ্যতাং মদ্দত্তং অভয়ং সত্যং ক্রিয়তাং ইতি॥

শ্রীভগবান্ উবাচ। ত্বয়া যৎ কৃতং তৎ ময়ৈব কৃতং; হে ভগবন্! নঃ অস্মান্, প্রতি ত্বং যৎ যথা, আত্থ প্রার্থিতবান্, তৎ তথৈব তব প্রিয়ং অস্য অভয়ং করবাম। ভবতা যৎ ব্যবসিতং তৎ তথৈব মে ময়া সাধু সাধুতয়া অনুমোদিতং॥ ৩০॥

যতো হি "তব অন্বয়ঃ বংশজঃ, মে ময়া, ন বধ্যঃ" ইতি বরঃ প্রহ্লাদায় পূর্ব্বমেব ময়া দত্তঃ অতঃ অয়ং বৈরোচনসুতঃ (বিরোচনপুত্রঃ বলিঃ তস্য পুত্রত্বাৎ) এষঃ বাণঃ অসুরঃ অপি মম অবধ্যঃ॥ ৩১॥

শ্রীধরস্বামী।

স্বয়ং ভক্তিমাশাস্য স্বভক্তস্যাভীষ্টমাশাস্তে অয়মিতি। দৈত্যপতৌ প্রহ্লাদে॥ ৩০॥

বৈরোচনো বলির্ভক্ত স্তৎসুতত্বাদবধ্যস্তাবৎ। কিঞ্চ প্রহ্লাদায়েতি। অন্বয়ো বংশঃ॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভোঃ শম্ভো প্রসন্নোঽস্মি; বরং বৃণিত্যুক্তে সতি হে প্রভো দুষ্টেঽপ্যনুবর্ত্তিনি বাণাসুরে

ইহার উপরও প্রসন্ন হওয়া উচিত! আপনি প্রসন্ন হইলে, আমার প্রদত্ত অভয় বরও সত্য করা হয়॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে ভগবন্! আপনি যেরূপ অনুমতি করিতেছেন, আমি সেইরূপই সম্পাদন করিব। বাণকে অভয় প্রদানে আপনার প্রিয়সাধনই করিব। আপনি যেরূপ অভিপ্রায় করিয়াছিলেন, আমি তদনুরূপই অনুষ্ঠান করিয়াছি॥ ৩০॥

কারণ পূর্ব্বে প্রহ্লাদকে এই বলিয়া আমি বর প্রদান করিয়াছিলাম যে, তাহার বংশধরকে আমি কখন বিনষ্ট করিব না। অতএব এই বলিনন্দন বাণ অসুর হইলেও, কোনমতে আমার বধ্য নহে॥ ৩১॥

দর্পোপশমনায়াস্য প্রকৃত্তা বাহবো ময়া।
সূদিতঞ্চ বলং ভূরি যচ্চ ভারায়িতং ভুবঃ ॥ ৩২ ॥
চত্বারোঽস্য ভুজাঃ শিষ্টা ভবিষ্যন্ত্যজরামরাঃ।
পার্ষদমুখ্যো ভবতো ন কুতশ্চিদ্ভয়োঽসুরঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

দর্পোপশমনায় এব অস্য বাহবঃ ময়া প্রবৃক্ণাঃ প্রকৃত্তা ছিন্নাঃ, যৎ চ ভুবঃ ভারায়িতং অস্য ভূরি বলং সৈন্যং, তচ্চ সূদিতং বিনাশিতং, এব ॥ ৩২ ॥

শিষ্টাঃ অবশিষ্টাঃ চত্বারঃ অস্য ভুজাঃ অজরাঃ শ্রমরহিতাঃ, অমরাঃ অচ্ছেদ্যাঃ, চ ভবিষ্যন্তি। তথা অয়ং অসুরঃ যতঃ ভবতঃ পার্ষদমুখ্যঃ অতঃ ন কুতশ্চিদ্ভয়ঃ নির্ভয়ঃ চ ভবিষ্যতি ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

তর্হি কিমিত্যেবং কৃতং তত্রাহ দর্পোপশমনায়েতি ॥ ৩২ ॥
অনুগৃহ্ণাতি চত্বার ইতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মমতাং ত্যক্তুং ন শক্নোমি কিং করোমি তস্মাদস্মিন্নপি ত্বৎপ্রসাদোঽস্ত্বিত্যেষ এব মে বর ইত্যাহ অয়মিতি। তৎ অভয়ং সম্পাদ্যতাং। নন্বত্র কো হেতু স্তত্রাহ ভবতঃ প্রসাদ এব নন্বেতন্নিষ্ঠং কিমপি সুলক্ষণমস্তীতি ভাবঃ। ননু কীদৃশঃ প্রসাদঃ কর্ত্তব্য স্তত্রাহ যথেতি দৈত্যপতৌ প্রহ্লাদে ॥ ৩০—৩৩ ॥

কেবল ইহার দর্পোপশমনার্থই আমি ইহার বাহু সকল ছেদন করিয়াছি এবং ধরণীর ভার নিবারণার্থই ইহার সৈন্য সামন্ত বিনষ্ট করিয়াছি ॥ ৩২ ॥

সম্প্রতি ইহার যে চারিভুজ আমি ছেদন করি নাই, তাহা অজর ও অমর হইয়া থাকিবে। এবং বাণ অসুর হইলেও, যখন আপনার পার্ষদশ্রেষ্ঠ, তখন ইহার আর কোন ভয় নাই; অদ্য হইতে বাণ নিঃশঙ্কচিত্তে বিচরণ করিবে, সন্দেহ নাই ॥ ৩৩ ॥

আভাস।

শ্রীকৃষ্ণ শম্ভুর স্তবে পরিতুষ্ট হইয়া তাঁহাকে বরদানে উদ্যোগী হইলে, ত্রিলোচন শরণাগত ব্যক্তি দুষ্ট হইলেও তদুপকারার্থ বিবেচনা করিয়া বলিলেন, হে প্রভো! বাণ অসুর হইলেও, আমার প্রিয়পাত্র; আমি তাহার প্রতি মমতা পরিত্যাগ করিতে পারিতেছি না। অতএব আপনিও তাহার প্রতি মমতা করেন, এই মাত্র আমার প্রার্থিত বর। তাহাকে অভয় প্রদান করিলেই আমি কৃতার্থ। অর্থাৎ দৈত্যপতি প্রহ্লাদের প্রতি যেরূপ অনুগ্রহ প্রকাশ করিয়াছেন, তাহার বংশজাত বাণের প্রতিও তাদৃশ অনুগ্রহ প্রকাশ করেন, এই মাত্র আমার প্রার্থনা ॥ ৩০—৩৩ ॥

ইতি লব্ধাভয়ং কৃষ্ণং প্রণম্য শিরসাসুরঃ।
প্রাদ্যুম্নিং রথমারোপ্য স বধ্বা সমুপানয়ৎ ॥ ৩৪ ॥
অক্ষৌহিণ্যা পরিবৃতং সুবাসসমলঙ্কৃতং।
সপত্নীকং পুরস্কৃত্য যযৌ রুদ্রানুমোদিতঃ ॥ ৩৫ ॥
স রাজধানীং সমলঙ্কৃতাং ধ্বজৈর্মনোরমৈর্ভূষিতমার্গচত্বরাং।
বিবেশ শঙ্খানকদুন্দুভিস্বনৈরভ্যুদ্যতঃ পৌরসুহৃদ্দ্বিজাতিভিঃ ॥

অন্বয়ঃ।

ইতি এবং অভয়ং লব্ধা অসুরঃ বাণঃ শিরসা কৃষ্ণং প্রণম্য বধ্বা ঊষয়া, সহ প্রাদ্যুম্নিং অনিরুদ্ধং, রথং আরোপ্য সম্ সম্যগাদরেণ, উপানয়ৎ ॥ ৩৪ ॥

এবং রুদ্রানুমোদিতঃ (রুদ্রেণ অনুমোদিতঃ বাচা সৎকৃতঃ শ্রীকৃষ্ণঃ) অক্ষৌহিণ্যা পরিবৃতং সুবাসসং অলঙ্কৃতং সপত্নীকং অনিরুদ্ধং পুরস্কৃত্য দ্বারকাং যযৌ ॥ ৩৫ ॥

ততঃ পৌরসুহৃদ্দ্বিজাতিভিঃ শঙ্খানকদুন্দুভিস্বনৈঃ অভ্যুদ্যতঃ অভিমুখং আগত্য সৎকৃতঃ, সঃ শ্রীকৃষ্ণঃ, মনোরমৈঃ ধ্বজৈঃ সমলঙ্কৃতাং উক্ষিতমার্গচত্বরাং (উক্ষিতাঃ সিক্তাঃ মার্গাঃ চত্বরাণিচ যস্যাং তাং) রাজধানীং বিবেশ ॥

শ্রীধরস্বামী।

সহ বধ্বা ঊষয়া ॥ ৩৪ ॥

রুদ্রানুমোদিত ইতি তদভিপ্রেতস্যৈব বাণভুজভঙ্গস্য কৃতত্বাৎ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

স বাণাসুরঃ বধ্বা ঊষয়া সহ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

বাণ ভগবদ্বাক্যে অভয় লাভ করিয়া, অবনত মস্তকে তাহাকে প্রণাম করিল এবং নববধূ ঊষাসহ অনিরুদ্ধকে রথে আরোহণ করাইয়া কৃষ্ণ সমীপে আনয়ন করিল ॥ ৩৪ ॥

এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণ রুদ্রদেবের অনুমতি অনুসারে এক অক্ষৌহিণী সেনায় পরিবৃত মহামূল্য বস্ত্র ও আভরণাদিতে বিভূষিত পত্নীসহ অনিরুদ্ধকে অগ্রে করিয়া দ্বারকাপুরে যাত্রা করিলেন ॥ ৩৫ ॥

শ্রীকৃষ্ণ আগমন করিতেছেন শ্রবণ করিয়া, দ্বারকাস্থ পুরবাসী সুহৃদ্বর্গ এবং দ্বিজাতিগণ সকলে তাঁহার অভিবাদনার্থ শঙ্খ, আনক এবং দুন্দুভির ধ্বনি করিতে করিতে অগ্রসর হইয়া আসিলেন। শ্রীকৃষ্ণ তাঁহাদের সহিত মিলিত হইয়া, বিচিত্র ধ্বজাপতাকাদিতে সুশোভিত সংসিক্ত-রাজমার্গ ও চত্বরাদি-বিশিষ্ট রাজধানীতে প্রবেশ করিলেন ॥

যে ব্যক্তি বাণযুদ্ধে শ্রীকৃষ্ণের জয় এবং তদুপলক্ষে শঙ্করের সহিত তাঁহার

য এতৎ কৃষ্ণবিজয়ং শঙ্করেণচ সংযুগং।
সংস্মরেৎ প্রাতরুত্থায় ন তস্য স্যাৎ পরাজয়ঃ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে বাণাসুরসংগ্রামে শ্রীকৃষ্ণবিজয় স্ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬৩ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥
একদোপবনং রাজন্ জগ্মুর্যদুকুমারকাঃ।
বিহর্ত্তুং সাম্ব প্রদ্যুম্ন চারুভানু গদাদয়ঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

যঃ জনঃ এতং কৃষ্ণবিজয়ং শঙ্করেণ চ সংযুগং যুদ্ধং প্রাতর্ উত্থায় সংস্মরেৎ তস্য পরাজয়ঃ ন স্যাৎ ॥ ৩৬ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীবাদরায়ণিঃ উবাচ। হে রাজন্! একদা সাম্ব-প্রদ্যুম্ন-চারুভানু-গদাদয়ঃ যদুকুমারকাঃ বিহর্ত্তুং ক্রিড়ার্থং উপবনং জগ্মুঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

পৌরাদিভিরভ্যুদ্যতঃ অভিমুখমাগত্য সংকৃতঃ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি দশমে ত্রিষষ্টিতমঃ ॥ * ॥

চতুঃষষ্টিতমে কৃষ্ণো নৃগং শাপাদমোচয়ং। ব্রহ্মস্বহারিদোষোক্ত্যা রাজ্ঞো দৃপ্তানশিক্ষয়ং। বিভূতিভাগ্যভোগাদিমদোন্নদ্ধমনোরথান্। অন্বশাসদ্যদূন্ কৃষ্ণো নৃগোদ্ধারপ্রসঙ্গতঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স কৃষ্ণঃ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রিষষ্টিতম এতস্মিন্ দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥
চতুঃষষ্টিতমে কূপোদ্ধৃতাং শ্রুত্বা নৃগাদ্ধরিঃ।
দানং স্বান্ শিক্ষয়ামাস বিপ্রভক্তিং সুশঙ্কিতান্ ॥ * ॥

সংগ্রাম-বৃত্তান্ত প্রাতঃকালে গাত্রোত্থান করত ভক্তিসহকারে শ্রবণ করেন, তাঁহার আর কোন প্রকারে পরাজয় হয় না। কি শত্রুকুল, কি ইন্দ্রিয়গ্রাম? সকলের উপরই তিনি প্রতিপত্তি স্থাপনে সক্ষম হন, সন্দেহ নাই ॥ ৩৬ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রিষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

চতুঃষষ্টিতম অধ্যায়ে শ্রীকৃষ্ণ নৃগ-রাজাকে শাপ হইতে মোচন করেন ও ব্রহ্মস্বাপহরণ-জনিত দোষের উক্তি দ্বারা রাজাগণকে এবং বিভূতিমদে উন্মত্ত যদুগণকে নৃগোদ্ধার প্রসঙ্গে সূক্ষ্ম ধর্ম্মপথে অনুশাসিত করেন ॥

ক্রীড়িত্বা সুচিরং তত্র বিচিন্বন্তঃ পিপাসিতাঃ।
জলং নিরুদকে কূপে দদৃশুঃ সত্ত্বমদ্ভুতং ॥ ২ ॥
কৃকলাসং গিরিনিভং বীক্ষ্য বিস্মিতচেতসঃ।
তস্য চোদ্ধরণে যত্নং চক্রুস্তে কৃপয়ান্বিতাঃ ॥ ৩ ॥
চর্ম্মভিস্তান্তবৈঃ পাশৈর্বদ্ধা পতিতমর্ভকাঃ।
নাশকুবংস্তমুদ্ধর্ত্তুং কৃষ্ণায়াচখ্যুরুৎসুকাঃ ॥

অন্বয়ঃ।

তত্র উপবনে সুচিরং বহুকালং, ক্রীড়িত্বা পিপাসিতাঃ অতঃ জলং বিচিন্বন্তঃ অন্বেষন্তঃ ক্বচিৎ নিরুদকে কূপে অদ্ভুতং সত্ত্বং জন্তুং, দদৃশুঃ ॥ ২ ॥

তং গিরিনিভং পর্ব্বততুল্যং, কৃকলাসং বীক্ষ্য বিস্মিতচেতসঃ (বিস্মিতং চেতঃ মানসং যেষাং তে) অতঃ কৃপয়া অন্বিতাঃ যুক্তাঃ সন্তঃ তস্য উদ্ধরণে তে যত্নং চক্রুঃ ॥ ৩ ॥

তে অর্ভকাঃ (কূপে পতিতং তং কৃকলাসং, চর্ম্মভিঃ চর্ম্মময়ৈঃ, তান্তবৈঃ তন্তুময়ৈঃ, চ পাশৈঃ বদ্ধা তং উদ্ধর্ত্তুং ন অশকুবন্ ; ততঃ উৎসুকাঃ সন্তঃ কৃষ্ণায় আচখ্যুঃ কথিতবন্তঃ ॥

শ্রীধরস্বামী।

পিপাসিতা তৃষিতা জলং বিচিন্বন্তঃ। সত্ত্বং জীবং ॥ ২ ॥
তঞ্চ কৃকলাসং বীক্ষ্য ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তং সত্ত্বং কৃকলাসং বীক্ষ্য ॥ ১—৩ ॥

শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করত বলিলেন, হে রাজন্! এক দিবস সাম্ব, প্রদ্যুম্ন, চারুভানু ও গদাদি যদুবংশীয় বালকগণ ক্রীড়া করিতে করিতে এক উপবনের মধ্যে প্রবেশ করিল ॥ ১ ॥

তথায় তাহারা বহুক্ষণ ক্রীড়া করায় শ্রান্ত ও পিপাসাতুর হইয়া জলের অন্বেষণে ইতস্তত পর্য্যটন করিতে করিতে একটী জলশূন্য কূপমধ্যে এক বৃহৎকলেবর অদ্ভুত জন্তু নয়নগোচর করিল ॥ ২ ॥

পরে বিশেষ অনুসন্ধানের পর সেই পর্ব্বতশৃঙ্গ-সদৃশ প্রকাণ্ডদেহ জন্তুকে কৃকলাস বলিয়া অবধারণ করত, তাহারা বিস্মিত হইল ; এবং কৃপাপূর্ণ হইয়া কূপ হইতে তাহাকে উত্তোলন করিবার জন্য যথেষ্ট চেষ্টা করিতে লাগিল ॥৩॥

বালকগণ কূপে পতিত সেই কৃকলাসকে চর্ম্মময় ও তন্তুময় পাশের দ্বারা উত্তমরূপ বন্ধন করত উপরে উত্তোলনার্থ যথেষ্ট যত্ন করিলেও, কোন মতে কৃতকার্য্য হইল না ; পরে একান্ত উৎসুকচিত্তে কৃষ্ণসমীপে উপস্থিত হইয়া, সেই সকল বৃত্তান্ত বর্ণন করিল ॥

তত্রাগত্যারবিন্দাক্ষো ভগবান্ বিশ্বভাবনঃ।
বীক্ষ্যোজ্জহার বামেন তং করেণ স লীলয়া ॥ ৪ ॥
স উত্তমঃশ্লোককরাভিমৃষ্টো বিহায় সদ্যঃ কৃকলাসরূপং।
সন্তপ্তচামীকরচারুবর্ণঃ স্বর্গ্যদ্ভুতালঙ্করণাম্বরস্রক্ ॥
পপ্রচ্ছবিদ্বানপি তন্নিদানং জনেষু বিখ্যাপয়িতুং মুকুন্দঃ।
কস্ত্বং মহাভাগ বরেণ্যরূপো দেবোত্তমং ত্বাং গণয়াম নূনং ॥ ॥

অন্বয়ঃ।

বিশ্বভাবনঃ অরবিন্দাক্ষঃ সঃ ভগবান্ কৃষ্ণঃ তত্র আগত্য বামেন করেণ লীলয়া অনায়াসেন, এব তং কৃকলাসং বীক্ষ্য উজ্জহার কূপাৎ বহিঃ নিষ্কাসিতবান ॥ ৪ ॥

উত্তমঃশ্লোককরাভিমৃষ্টঃ (উত্তমশ্লোকস্য করেণ অভিমৃষ্টঃ স্পৃষ্টঃ) সঃ কৃকলাসঃ সদ্যঃ কৃকলাসরূপং বিহায় সন্তপ্তং যৎ চামীকরং সুবর্ণং তদ্বৎ চারু সুন্দরঃ বর্ণঃ যস্য সঃ তথা অদ্ভুতাঃ অলঙ্করণাদয়ঃ যস্য সঃ তথা স্বর্গী দেবঃ বভূব ॥

তন্নিদানং (তস্য কৃকলাসজন্মনঃ নিদানং কারণং) বিদ্বান্ জানন্, অপি মুকুন্দঃ জনেষু তৎ বিখ্যাপয়িতুং প্রসিদ্ধীকর্ত্তুং পপ্রচ্ছ ; হে মহাভাগ! বরেণ্যরূপঃ (বরেণ্যং অভীষ্টং রূপং যস্য সঃ) ত্বং কঃ ? নূনং নিশ্চিতং, অহং ত্বাং দেবোত্তমং এব গণয়ামি মন্যে ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

চর্ম্মভিশ্চর্ম্মময়ৈঃ পাশৈঃ। তান্তবৈ সুত্তমময়ৈঃ সূত্রময়ৈশ্চ ॥ ৪ ॥

সন্তপ্তং চামীকরং সুবর্ণং তদ্বদ্বর্ণো যস্য সঃ। অদ্ভুতা অলঙ্কারাম্বরস্রজো যস্য সঃ। স্বর্গী দেবো বভূবেতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চর্ম্মভিশ্চর্ম্মময়ৈঃ পাশৈঃ। তান্তবৈঃ সূত্রময়ৈশ্চ ॥ ৪ ॥　　স্বর্গী দেবো বভূব ॥ ৫ ॥

বিশ্বভাবন কমললোচন ভগবান্ শ্রীকৃষ্ণ বালকগণের মুখে তাদৃশ সংবাদ শ্রবণ করিয়া, কূপসমীপে উপস্থিত হইলেন এবং কৃকলাসকে অবলোকন করিয়া অবলীলাক্রমে কেবল বাম বাহুর দ্বারাই তাহাকে কূপমধ্য হইতে উপরে উত্তোলন করিলেন ॥ ৪ ॥

উত্তমশ্লোক শ্রীকৃষ্ণের করস্পর্শেই কৃকলাসের পূর্ব্বারব্ধ পাপভোগের নিবৃত্তি হইয়া গেল ; সে কৃকলাস মূর্ত্তি পরিহারে তৎক্ষণাৎ সুতপ্ত সুবর্ণ-সদৃশ মনোহর রূপ ধারণে ও অদ্ভুত অলঙ্কারাদিতে বিভূষিত হইয়া, ত্রিদিববাসী দেবতার রূপ ধারণ করিল ॥

শ্রীকৃষ্ণ তাহার কৃকলাস-মূর্ত্তি পরিগ্রহের কারণ সম্পূর্ণ অবগত থাকিলেও, জনসমাজে তাদৃশ কর্ম্মের ফল প্রচার করিবার মানসে, উপস্থিত সেই দেবমূর্ত্তিকে

দশামিমাং বা কতরেণ কর্ম্মণা সংপ্রাপিতো হ্যতদর্হঃ সুভদ্র।
আত্মানমাখ্যাহি বিবিৎসতাং নো যদ্যন্যসে নঃ ক্ষমমত্র বক্তুং।
শ্রীবাদরায়ণিরুবাচ॥
ইতিস্ম রাজা সংপৃষ্টঃ কৃষ্ণেনানন্দমূর্ত্তিনা।
মাধবং প্রণিপত্যাহ কিরীটেনার্কবর্চ্চসা॥ ৬॥
নৃগ উবাচ॥
নৃগোনাম নরেন্দ্রোঽহমিক্ষ্বাকুতনয়ঃ প্রভো।

অন্বয়ঃ।

হে সুভদ্র! মঙ্গলমূর্ত্তে! অতদর্হঃ এতদ্দশাপ্রাপ্ত্যযোগ্যঃ অপি তং ইমাং দশাং যোনিং, কতরেণ কর্ম্মণা বা সংপ্রাপিতঃ তথা আত্মানং স্বপ্রাক্তনরূপং চ বিবিৎসতাং ত্বমুখাৎ বেদিতুমিচ্ছতাং, নঃ অস্মাকং, অত্র অগ্রে বক্তুং ক্ষমং যৎ যদি, মন্যসে তর্হি আখ্যাহি কথয়॥

শ্রীবাদরায়ণিঃ উবাচ। আনন্দমূর্ত্তিনা কৃষ্ণেন ইতি এবং, সংপৃষ্টঃ রাজা নৃগঃ, অর্কবর্চ্চসা (অর্কস্য ইব বর্চ্চঃ যস্য তেন) কিরীটেন কিরীটযুক্তমস্তকেন, মাধবং প্রণিপত্য আহ স্ম॥ ৬॥

নৃগঃ উবাচ। হে প্রভো! অহং নৃগঃ নাম ইক্ষ্বাকুতনয়ঃ নরেন্দ্রঃ। দানিষু বা দাতৃষু

শ্রীধরস্বামী।

যৎ যদি ক্ষমং যোগ্যং॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিবিৎসতাং বিবিদিষতাং। কর্ম্মণি ষষ্ঠী আর্ষী যদি ক্ষমং যোগ্যং॥ ৬॥

সম্বোধন করত বলিলেন, হে মহাভাগ! তুমি কে? তোমার এই নয়নানন্দপ্রদ রূপ দর্শনে, তোমাকে একজন শ্রেষ্ঠ দেবতা বলিয়াই আমার বোধ হইতেছে॥৫

হে মঙ্গলমূর্ত্তে! তুমি কখন কৃকলাস যোনি লাভের উপযুক্ত পাত্র নহ! তথাপি কোন্ দুষ্কর্ম্মের বশবর্ত্তী হইয়া যে, তোমাকে ঈদৃশ যোনিতে গমন করিতে হইয়াছিল এবং তৎপূর্ব্বে তুমি যে কে ছিলে, তাহা তোমার মুখ হইতে শ্রবণের জন্য আমাদের একান্ত কৌতূহল জন্মিয়াছে; যদি আমাদের নিকট প্রকাশ করিতে কোন প্রতিবন্ধক না থাকে, তাহা হইলে আনুপূর্ব্বিক বর্ণন কর!॥

শুকদেব বলিলেন, আনন্দমূর্ত্তি শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে জিজ্ঞাসিত হইয়া, সেই মোহন মূর্ত্তিধারী পুরুষ দিবাকরের ন্যায় সমুজ্জ্বল কিরীটযুক্ত মস্তক অবনত করত শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া বলিলেন—॥ ৬॥

হে প্রভো! আমি ইক্ষ্বাকুকুলনন্দন রাজা নৃগ! দাতাগণের নামোল্লেখের

দাতৃষ্বাখ্যায়মানেষু যদি তে কর্ণমস্পৃশৎ ॥ ৭ ॥
কিং নু তে বিদিতং নাথ সর্ব্বভূতাত্মসাক্ষিণঃ।
কালেনাব্যাহতদৃশো বক্ষ্যেঽথাপি তবাজ্ঞয়া ॥
যাবত্যঃ সিকতা ভূমের্যাবত্যো দিবি তারকাঃ।
যাবত্যো বর্ষধারাশ্চ তাবতীরদদং স্ম গাঃ ॥

অন্বয়ঃ।

দানশীলেষু আখ্যায়মানেষু প্রশস্যমানেষু সৎসু যদি তে কর্ণং অস্পৃশৎ; নূনং তব কর্ণপথং অহং প্রাপ্তঃ স্যাম্ ॥ ৭ ॥

হে নাথ! কালেন অব্যাহতদৃশঃ (ন ব্যাহতং ন বিলুপ্তং দৃক্ জ্ঞানং যস্য তস্য সর্ব্ব-ভূতাত্মসাক্ষিণঃ) সর্ব্বভূতানাং আত্মনঃ বুদ্ধেঃ সাক্ষিণঃ সাক্ষাদ্দ্রষ্টুঃ তে তব কিং নু অবিদিতং ন কিঞ্চিৎ ইত্যর্থঃ; অথাপি তব আজ্ঞয়া অহং সর্ব্বং বক্ষ্যে ॥

ভূমেঃ যাবত্যঃ সিকতাঃ, দিবি যাবত্যঃ তারকাঃ, যাবত্যঃ বর্ষধারাঃ চ তাবতীঃ গাঃ অহং অদদং স্ম দত্তবান্ অস্মি ॥

শ্রীধরস্বামী।

যদি তে কর্ণমস্পৃশমিত্যসন্দেহে সন্দেহবচনং। যদি বেদাঃ প্রমাণং স্যুরিতিবৎ। কর্ণপথং নূনং প্রাপ্তঃ স্যামিত্যর্থঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদীত্যসন্দেহেঽপি। যদি বেদাঃ প্রমাণমিতিবৎ দাতৃষ্বাখ্যায়মানেষু দাতৃজনানাং গণন-প্রসঙ্গে সতি অহং তব কর্ণমস্পৃশং কর্ণপথমগমমেবেত্যর্থঃ ॥ ৭ ॥

কিং নু তব অবিদিতং অপি তু সর্ব্বমেব বিদিতমিত্যর্থঃ ॥

সিকতা ইত্যাদিকমগণ্যতামাত্রতাৎপর্য্যকমিতি প্রাঞ্চঃ। কুরুক্ষেত্রাদি দেশেষু সূর্য্য-গ্রহণাদিকালেষ্বেকস্যা অপি গোঃ কোট্যর্বুদগুণীভূতত্বাৎ তত্র তত্র দেশকালেষু প্রতিদিনঞ্চ কোট্যর্বুদসংখ্যানাং গবাং দাতুস্তস্য তাবৎ সংখ্যাকত্বমপি নানুপপন্নমিত্যন্যে ॥

সময় বোধ হয়, আমার নাম ভবদীয় কর্ণকুহরে স্থান প্রাপ্ত হইয়া থাকিবে ॥ ৭ ॥

হে নাথ! আপনি জীবমাত্রেরই অন্তরে অন্তর্যামিরূপে বিদ্যমান থাকিয়া তাহাদের বুদ্ধিরও সাক্ষিরূপে বিরাজ করিয়া থাকেন; সুতরাং কিছুই আপনার অবিদিত নাই; প্রচণ্ড কালের প্রবাহে আপনার জ্ঞান কখন বিলুপ্ত হয় না; আপনি সমস্তই অবগত আছেন; তথাপি যখন অনুমতি করিতেছেন তখন অবশ্যই বর্ণন করিতেছি, শ্রবণ করুন্! ॥

ধরণীতে যত বালুকাকণা আছে, নভোমণ্ডলে যত সংখ্যক তারকা আছে এবং বর্ষার ধারা যেরূপ অগণ্য হইয়া থাকে, আমিও সেইরূপ অসংখ্য গাভী সৎপাত্রে দান করিয়াছিলাম ॥

পয়স্বিনীস্তরুণীঃ শীলরূপগুণোপপন্নাঃ কপিলা হেমশৃঙ্গীঃ।
ন্যায়ার্জিতা রূপ্যখুরাঃ সবৎসা দুকূলমালাভরণা দদাবহং ॥ ৮ ॥
স্বলঙ্কৃতেভ্যো গুণশীলবদ্ভ্যঃ সীদৎকুটুম্বেভ্য ঋতব্রতেভ্যঃ।
তপঃশ্রুতব্রহ্মবদান্যসদ্ভ্যঃ প্রাদাং যুবভ্যো দ্বিজপুঙ্গবেভ্যঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

পয়স্বিনীঃ দুগ্ধবতীঃ, তরুণীঃ প্রথমপ্রসূতাঃ, শীলরূপগুণোপপন্নাঃ (শীলং শান্তস্বভাবঃ, রূপং সৌন্দর্য্যং, গুণাঃ সদপত্যত্বং তৈঃ উপপন্নাঃ যুক্তাঃ) কপিলাঃ সর্ব্বতঃ শ্বেতবর্ণাঃ, হেমশৃঙ্গীঃ সুবর্ণশৃঙ্গযুক্তাঃ, ন্যায়ার্জ্জিতাঃ স্বধর্ম্মেণ সম্পাদিতাঃ, রূপ্যখুরাঃ বৎসৈঃ সহিতাঃ, দুকূলমালাভরণাঃ গাঃ অহং দদৌ ॥ ৮ ॥

গুণশীলবদ্ভ্যঃ সীদৎকুটুম্বেভ্যঃ (সীদৎ ক্লিশ্যৎ কুটুম্বং যেষাং তেভ্যঃ) ঋতব্রতেভ্যঃ (ঋতং সত্যং ব্রতং আচারঃ সংকল্পঃ বা যেষাং তেভ্যঃ) তপঃশ্রুতব্রহ্মবদান্যসদ্ভ্যঃ (তপসা শ্রুতাঃ প্রখ্যাতাঃ তে ব্রহ্মণি বদান্যাঃ অত্যুদারাঃ বেদাধ্যয়নশীলাঃ তে সন্তঃ সমচিত্তাঃ চ তেভ্যঃ) স্বলঙ্কৃতেভ্যঃ যুবভ্যঃ দ্বিজপুঙ্গবেভ্যঃ অহং তাঃ প্রাদাং ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ কিন্নুতে ইতি। সর্ব্বেষাং ভূতানামাত্মনো বুদ্ধেঃ সাক্ষিণস্তেঽবিদিতং কিং নু ন কিঞ্চিৎ ॥ ৮ ॥

ঋতব্রতেভ্যঃ অদম্ভাচারেভ্যঃ। তপসা শ্রুতাঃ প্রখ্যাতাশ্চ তে ব্রহ্মণি বদান্যা অতি উদারা অধ্যাপনশীলাশ্চ তে সন্তশ্চ তেভ্যঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেয়বৈশিষ্ট্যমাহ পয়স্বিনীরিতি ॥ ৮ ॥

সম্প্রদানবৈশিষ্ট্যমাহ। স্বলঙ্কৃতেভ্য ইতি। তপসা শ্রুতাঃ খ্যাতাশ্চ ব্রহ্মণি বেদশাস্ত্রে অধ্যাপনপরত্বাদত্যুদারাশ্চ তেভ্যঃ ॥ ৯ ॥

আমার দত্ত গাভীগুলিও দুগ্ধবতী এবং তরুণী ছিল। এই প্রকার শান্তস্বভাব সুন্দর এবং সদপত্যবিশিষ্ট শুভ্রবর্ণা কপিলা গাভী সকলকে সুবর্ণের দ্বারা তাহাদের শৃঙ্গদ্বয় সজ্জিত এবং রৌপ্যের দ্বারা খুর চতুষ্টয় ভূষিত করিয়া আমি প্রদান করিয়াছি। ধর্ম্মত অর্জ্জিত এবং বস্ত্র মাল্য ও অলঙ্কারাদিতে ভূষিত সেই সবৎসা গাভীগণকে আমি উপযুক্ত পাত্রেই প্রদান করিয়াছিলাম ॥ ৮ ॥

ঔদার্য্যাদি গুণ এবং শীলসম্পন্ন এবং সত্যনিষ্ঠ ব্যক্তিগণ যাঁহাদের কুটুম্ববর্গ ধনাদির অভাবে প্রকৃতই দুঃখভোগ করিতেছিল, তাদৃশ তপোনিষ্ঠ বেদাধ্যয়নসম্পন্ন সমচিত্ত যুবা জ্ঞানবিশিষ্ট ব্রাহ্মণগণকে বস্ত্রালঙ্কারাদিতে ভূষিত করত আমি তাঁহাদের করে গাভীগুলি দান করিয়াছি ॥ ৯ ॥

গোভূহিরণ্যায়তনাশ্বহস্তিনঃ কন্যাঃ সদাসীস্তিলরূপ্যশয্যাঃ।
বাসাংসি রত্নানি পরিচ্ছদান্ রথানিষ্টঞ্চ যজ্ঞৈশ্চরিতঞ্চ পূর্ত্তং ॥ ১০ ॥
কস্যচিদ্দ্বিজমুখ্যস্য ভ্রষ্টা গৌর্মম গোধনে।
সংপৃক্তাবিদুষা সাচ ময়া দত্তা দ্বিজাতয়ে ॥
তাং নীয়মানাং তৎস্বামী দৃষ্ট্বোবাচ মমেতি তৎ।

অন্বয়ঃ।

তথা গোভূহিরণ্যায়তনাশ্বহস্তিনঃ (আয়তনানি গৃহান্) সদাসীঃ কন্যাঃ, তিলরূপ্যশয্যাঃ বাসাংসি রত্নানি পরিচ্ছদান্ গৃহোপকরণানি, রথান্ চ প্রাদাৎ, যজ্ঞৈঃ অগ্নিষ্টোমাদিভিঃ, ইষ্টং পূর্ত্তং বাপী-কূপ-তটাক-দেবতায়তনারামাদিনির্ম্মাণান্নপ্রদানাদি চ ময়া চরিতং কৃতং ॥ ১০ ॥

কস্যচিৎ দ্বিজমুখ্যস্য প্রতিগ্রহরহিতস্য, ভ্রষ্টা স্ববন্ধনাৎ বিমুক্তা গৌঃ মম গোধনে সংপৃক্তা মিলিতা; সা চ অবিদুষা অজানতা, ময়া অন্যস্মৈ দ্বিজাতয়ে ব্রাহ্মণায়, দত্তা ॥

তাং দত্তাং প্রতিগ্রাহিণা নীয়মানাং দৃষ্ট্বা তৎস্বামী (তস্যাঃ গোঃ স্বামী) ইয়ং গৌঃ, মম

শ্রীধরস্বামী।

পূর্ত্তং বাপীকূপাদি। চরিতং কৃতং ॥ ১০ ॥

এবং বর্ত্তমানস্য মম সঙ্কটং কিঞ্চিদাপন্নং শৃণু ইত্যাহ কস্যচিদিতি। দ্বিজমুখ্যস্য প্রতি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেয়ান্তরাণ্যপ্যাহ। গোভূ ইতি প্রাদামিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। চরিতং কৃতং ॥ ১০ ॥

ননু কৃকলাসত্বপ্রাপকং কিং পাপং তদ্ধ্রহীত্যত আহ কস্যচিদিতি। ভ্রষ্টা বিচ্যুতা গৌ-

---

এতদ্ব্যতীত অন্যান্য গাভী, ভূমি, হিরণ্য, অট্টালিকা, অশ্ব, হস্তী, সদাসী কন্যা, তিল, রৌপ্য, শয্যা, বস্ত্র, অপূর্ব্ব রত্নসমূহ, গৃহোপকরণ পরিচ্ছদ এবং মণিময় রথসমূহও ভূরি-পরিমাণে প্রদান করিয়াছি। অগ্নিষ্টোমাদি বিবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছি এবং বাপী, কূপ, তড়াগ, দেবমন্দির এবং দীন-জনকে অন্নপ্রদানাদির ব্যবস্থায় আরামাদিরও প্রতিষ্ঠা করিয়াছি ॥ ১০ ॥

দুঃখের মধ্যে প্রতিগ্রহাদিশূন্য নিষ্কলঙ্ক শুদ্ধচেতা একজন ব্রাহ্মণের একটী গাভী বন্ধনমুক্ত হইয়া, ইতিমধ্যে অন্যের অজ্ঞাতসারে মদীয় গাভীকুলের মধ্যে আসিয়া মিলিত হয়। আমি কিন্তু সেটী অন্যের গাভী বলিয়া জানিতাম না; সুতরাং আমার পশুর সহিত সে গাভীটীকেও আমি একজন অন্য ব্রাহ্মণকে দান করিয়াছিলাম ॥

পরে প্রতিগ্রাহী-ব্রাহ্মণ যখন সেই গাভীটী লইয়া যাইতেছিলেন, সেই সময় গাভীর প্রকৃত স্বামী পূর্ব্বোক্ত ব্রাহ্মণ গাভী দেখিয়া তাঁহাকে বলিলেন যে, সে গাভী তাঁহার। তৎশ্রবণে প্রতিগ্রাহী ব্রাহ্মণ বলিলেন যে, এই "গাভী

মমেতি প্রতিগ্রাহ্যাহ নৃগো মে দত্তবানিতি ॥ ১১ ॥
বিপ্রৌ বিবদমানৌ মামূচতুঃ স্বার্থসাধকৌ।
ভবান্দাতাপহর্ত্তেতি তচ্ছ্রুত্বা মেঽভবদ্ভ্রমঃ ॥ ১২ ॥
অনুনীতাবুভৌ বিপ্রৌ ধর্ম্মকৃচ্ছ্রগতেন বৈ।
গবাং লক্ষং প্রকৃষ্টানাং দাস্যাম্যেষা প্রদীয়তাং ॥

অন্বয়ঃ।

মদীয়া ইতি উবাচ। প্রতিগ্রাহী চ ইয়ং মম ইতি যতঃ রাজা নৃগঃ অধুনৈব মে মহ্যং, দত্তবান্ ইতি তং পূর্ব্বস্বামিনং আহ ॥ ১১ ॥

এবং পরস্পরং বিবদমানৌ তৌ স্বার্থসাধকৌ বিপ্রৌ মৎসমীপং আগত্য, ভবান্ দাতা অপহর্ত্তা চ ইতি মাং ঊচতুঃ; তৎ শ্রুত্বা মে মম ভ্রমঃ অভবৎ ॥ ১২ ॥

(ইয়ং গৌরন্যস্যৈব, অন্যস্মৈ যদি তস্যাঃ দানং ক্রিয়তে তদা তৎস্বামিতঃ অপহারঃ কৃতঃ স্যাৎ; যদি তু তৎস্বামিনে সাচ দীয়তে তদা দানস্য কৃতত্বাৎ প্রতিগ্রাহ্যপহারঃ কৃতঃ স্যাৎ তদাপি স এব দোষঃ স্যাৎ ইত্যেবং) ধর্ম্মকৃচ্ছ্রগতেন (ধর্ম্মবিচারে উভয়থাপি কৃচ্ছ্রং সংকটং গতেন প্রাপ্তেন ময়া) উভৌ বিপ্রৌ অনুনীতৌ প্রার্থিতৌ, যথা প্রকৃষ্টানাং শ্রেষ্ঠানাং, গবাং লক্ষং (যুবয়োঃ অন্যতরস্মৈ দাস্যামি তেন অন্যতরেণ এষা গৌঃ অন্যতরস্মৈ প্রদীয়তাং ॥

শ্রীধরস্বামী।

গ্রহনিবৃত্তস্য। সংপৃক্তা মিলিতা। অবিদুষা ব্রাহ্মণস্যেয়মিত্যজানতা ॥ ১১ ॥

প্রতিগ্রাহিণোক্তং দাতেতি। স্বামিনোক্তং অপহর্ত্তেতি। অভবদ্ভ্রমঃ ব্যাকুলোঽহমভবমিত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রেকৈব মম গোকুলে সংপৃক্তা মিলিতা। অবিদুষা ব্রাহ্মণস্যেয়মিত্যজানতা ॥ ১১ ॥

প্রতিগ্রাহী বিপ্র উবাচ ভবান্ দাতেতি। গোস্বামী উবাচ ভবানপহর্ত্তেতি। ভ্রমঃ অতি-

---

যখন মহারাজ নৃগ আমাকে দান করিয়াছেন, তখন এক্ষণে ইহাতে আমারই অধিকার; আপনি কখন ইহাতে সত্ত্ব স্থাপনে সমর্থ নহেন" ॥ ১১ ॥

এই প্রকারে সেই ব্রাহ্মণদ্বয় পরস্পরে বিবাদ করিতে করিতে আমার নিকট উপস্থিত হইলেন এবং আমাকে সম্বোধন পূর্ব্বক প্রতিগ্রাহী বলিলেন, হে রাজন্! আপনি এই গাভী আমাকে দান করিয়াছেন এবং গোস্বামী ব্রাহ্মণ বলিলেন, আপনি আমার এই গাভী অপহরণ করিয়াছেন। এতৎশ্রবণে আমার হৃদয়ে একটী মহান্ সন্দেহ উপস্থিত হইল; আমি বিহ্বল হইয়া পড়িলাম ॥ ১২ ॥

এই গাভীটী যখন অন্যের, তখন আমি অন্যের হস্তে ইহাকে দান করিলে ইহার প্রকৃত স্বামীর নিকট হইতে আমার অপহরণ করা হয়; এদিকে যদি এক্ষণে পুনঃ প্রকৃত স্বামীকেই প্রত্যর্পণ করি, তাহা হইলেও যখন একবার দান

ভবন্তাবনুগৃহ্ণীতাং কিঙ্করস্যাবিজানতঃ।
সমুদ্ধরতং মাং কৃচ্ছ্রাৎ পতন্তং নিরয়েঽশুচৌ ॥ ১৩ ॥
নাহং প্রতীচ্ছে বৈ (রাজ্ঞামি) রাজন্নিত্যুক্ত্বা স্বাম্যপাক্রমৎ।

অন্বয়ঃ।

ভবন্তৌ অবিজানতঃ (ইয়ং গৌঃ অন্যস্য ইতি অজানতঃ) কিঙ্করস্য মম অনুগৃহ্ণীতাং; অনেন দোষেণ অশুচৌ নিরয়ে, পতন্তং মাং কৃচ্ছ্রাৎ সংকটাৎ, সমুদ্ধরতং ॥ ১৩ ॥

একা গৌর্ন প্রতিগ্রাহ্যা দ্বিতীয়া ন কদাচন। সা চেদ্বিক্রয়মাপন্না রৌরবং নরকং নয়েৎ। ইতি গোবিক্রয়নিষেধাৎ হে রাজন্! ত্বং দাতুং সমর্থোঽপি এনাং স্বকীয়াং গাং বিহায় নিষ্কৃতিত্বেন ত্বয়া দীয়মানং গবাংলক্ষং অহং ন প্রতীচ্ছে ন প্রতিগৃহ্ণামি ইতি উক্ত্বা স্বাং

শ্রীধরস্বামী।

তদা উভাবপি প্রত্যেকমনুনীতৌ প্রার্থিতৌ কথং তদাহ গবামিতি সার্দ্ধেন ॥ ১৩ ॥

অপরঃ প্রতিগ্রাহী দুরাগ্রহঃ যল্লক্ষং ত্বয়োক্তং অন্যদপি গবাময়ুতং যদি তদপীমাং বিহায়

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈয়গ্র্যমিত্যর্থঃ ॥ ১২ ॥ ১৩ ॥

রাজ্ঞাং ন প্রতীচ্ছে রাজপ্রতিগ্রহং ন করোমীত্যুক্ত্বা অপাক্রমৎ স্বীয়াং গাং বিহায়ৈব

করিয়াছি, তখন প্রতিগৃহীতার নিকট হইতে আমার প্রত্যাহরণ করা হয়; তাহাতেও বিলক্ষণ দোষ। তখন আমি ধর্ম্মবিচারে উভয়-সঙ্কটে নিপতিত হইয়া কিংকর্ত্তব্যবিমূঢ়ের ন্যায় সেই সমাগত উভয় ব্রাহ্মণকেই অনুরোধ করিয়া বলিলাম যে, এতদপেক্ষা উৎকৃষ্ট লক্ষ গাভী আপনাদের মধ্যে একজনকে প্রদান করিতেছি; তিনি তাহার পরিবর্ত্তে এই গাভীটী অপরকে প্রদান করুন্! ॥

আমি আরও বলিলাম, হে ব্রাহ্মণদ্বয়! এই গাভীটী যে আমার নহে, তাহা আমি না জানিয়াই এরূপ দান করিয়াছি! আমি আপনাদের একান্ত শরণাগত ভৃত্য! আমার প্রতি আপনারা অনুগ্রহ প্রকাশ করুন্! নতুবা এই ব্রহ্মস্বাপহরণ-জনিত ভীষণ অনর্থে নিমগ্ন হইয়া, ঘোর নরক-সাগরে পতিত হইব! আপনারা আমাকে এই বিষম সঙ্কট হইতে উদ্ধার করুন্! ॥ ১৩ ॥

ব্রাহ্মণদ্বয় ভাবিলেন যে, গোদান গ্রহণ করাই অবিধেয়; তাহাতে আবার তাহার পরিবর্ত্তে অপর গাভী গ্রহণে অধিকতর দোষস্পর্শ হয়। কারণ বিক্রীত গাভী বিক্রয়কারীকে রৌরব নরকে নিপাতিত করে, সন্দেহ নাই। অতএব হে রাজন্! গো-বিক্রয়-জনিত ভীষণ পাপের উল্লেখ যখন সর্ব্বত্র আছে, তখন আপনি রাজা! দানের সামর্থ্য আপনাতে থাকিলেও, আমার নিজের গাভীর বিনিময়ে আপনার প্রদত্ত লক্ষ গাভীও আমি গ্রহণে ইচ্ছা করি

নান্যদ্গবামপ্যযুতমিচ্ছামীত্যপরো যযৌ ॥ ১৪ ॥
এতস্মিন্নন্তরে যাম্যৈর্দূতৈর্নীতো যমক্ষয়ং।
যমেন পৃষ্টস্তত্রাহং দেবদেব জগৎপতে ॥ ১৫ ॥
পূর্ব্বং ত্বমশুভং ভুঙ্ক্ষ্ব উতাহো নৃপতে শুভং।

অন্বয়ঃ।

গাং গৃহীত্বা স্বামী অপাক্রমৎ প্রযযৌ। অপরঃ প্রতিগ্রাহী চ অহমপি যৎ ত্বয়া গবাং লক্ষং প্রতিশ্রুতং ততোঽন্যৎ অধিকং অপি গবাং নিযুতং অপি যদি ত্বং দদাসি তদপি এনাং বিহায় গ্রহীতুং ন ইচ্ছামি ইতি উক্ত্বা যযৌ ॥ ১৪ ॥

এতস্মিন্ অন্তরে যাম্যৈঃ দূতৈঃ অহং যমক্ষয়ং যমালয়ং, প্রতি নীতঃ প্রাপিতঃ; তত্র যমসদনে হে দেবদেব জগৎপতে! যমেন চ অহং পৃষ্টঃ ॥ ১৫ ॥

হে নৃপতে! পূর্ব্বং প্রথমতঃ ত্বং কিং অশুভং পাপফলং ভুঙ্ক্ষ্ব ভোক্ষ্যসে, উতাহো

শ্রীধরস্বামী।

নেচ্ছামীত্যুক্ত্বা গাং ত্যক্ত্বা যযাবিত্যর্থঃ ॥ ১৪ ॥

এতস্মিন্নন্তর ইতঃ পূর্ব্বং পাপাভাবান্নেতুমসর্থৈরিতি ভাবঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যযৌ। অপরঃ প্রতিগ্রাহী দুরাগ্রহঃ। যল্লক্ষং ত্বয়োক্তং অন্যদপ্যযুতমপি যদি দদাসি তদপীমাং বিহায় নেচ্ছামীত্যুক্ত্বা যযৌ ॥ ১৪ ॥

মরণানন্তরমিতি শেষঃ যমক্ষয়ং সংযমনীং ॥ ১৫ ॥

অশুভং অজানতাং যদ্বিপ্রস্য গৌরপহৃতা তজ্জন্যং পাপফলং। উতাহো কিং বা শুভং

না! এই বলিয়া গো-স্বামী স্বীয় গাভী লইয়া তথা হইতে প্রস্থান করিল। অপর প্রতিগ্রাহী ব্রাহ্মণও বলিলেন, হে রাজন্! লক্ষ গাভীর কথা দূরে থাকুক্! আপনি যে গাভী আমাকে দান করিয়াছেন, সেই গাভীর পরিবর্ত্তে যদি আপনি আমাকে নিযুত গাভীও প্রদান করেন, তথাপি গোবিক্রয়ের পাপ আমাকে নিশ্চয়ই স্পর্শ করিবে। অতএব আমি দানে প্রাপ্ত গভীর বিনিময়ে আপনার প্রদত্ত লক্ষ গাভীও লইতে ইচ্ছা করি না; এই বলিয়া দ্বিতীয় ব্রাহ্মণও গাভী পরিত্যাগে চলিয়া গেলেন ॥ ১৪ ॥

ইতিমধ্যে আমার পাপের ফলে মৃত্যুকাল উপস্থিত হইল; যমদূতগণ আমাকে যমসদনেই লইয়া গেল। সমন-সমীপে আমি উপস্থিত হইলে, হে দেবদেব জগৎপতে! যমরাজ আমাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১৫ ॥

হে নৃপরাজ! পাপ ও পুণ্য ফলের মধ্যে কোন্‌টী তুমি প্রথম ভোগ করিতে ইচ্ছা কর! তোমার পাপ অতি সামান্য; কিন্তু তোমার পুণ্যের ইয়ত্তা

নান্তং ধর্ম্মস্য দানস্য পশ্যে লোকস্য ভাস্বতঃ॥ ১৬॥
পূর্ব্বং দেবাশুভং ভুঙ্ক্তে ইতি প্রাহ পতেতি সঃ।
তাবদদ্রাক্ষমাত্মানং কৃকলাসং পতন্ প্রভো॥
ব্রহ্মণ্যস্য বদান্যস্য তব দাসস্য কেশব।

অন্বয়ঃ।

অথবা, শুভং পুণ্যকর্ম্মফলং ভোক্ষ্যসে? অপিতু ত্বৎকৃতস্য দানস্য তজ্জন্যস্য ধর্ম্মস্য পুণ্যস্য তথা ভাস্বতঃ প্রকাশমানস্য, স্বর্গাদিলোকস্য পুণ্যফলস্য, অন্তং অবধিং, ন পশ্যামি॥ ১৬॥

তদা অহং যমং প্রযুক্তবান্ হে দেব! যম! অহং পূর্ব্বং অশুভং এব ভুঙ্ক্তে ইতি। তদা সঃ যমঃ প্রাহ পত! অপকৃষ্টাং যোনিং ত্বং গচ্ছ ইতি। তদা হে প্রভো! পতন্ নীচাং যোনিং গচ্ছন্, অহং তাবৎ আত্মানং কৃকলাসং অদ্রাক্ষং॥

হে কেশব! ব্রহ্মণ্যস্য ব্রাহ্মণভক্তস্য, বদান্যস্য দানশূরস্য, তব দাসস্য ভবৎসন্দর্শনার্থিনঃ

শ্রীধরস্বামী।

উতাহো ইত্যেকং পদং অথবা পূর্ব্বং শুভমিতি। নান্তমিতি যমস্য স্বস্য বা বাক্যং পশ্যে পশ্যামি॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুণ্যফলং? তব দানস্য অন্তং ন পশ্যামি তৎফলস্য ভাস্বতো লোকস্য স্বর্গস্যাপি অন্তং ন পশ্যামি॥ ১৬॥

হে দেব যম পূর্ব্বমহমশুভং ভুঙ্ক্তে ইতি ময়োক্তঃ। স যমঃ পতেতি প্রাহ॥

নৃগস্য ভক্তিমিশ্রকর্ম্মিত্বাদ্গুণভূতৈব যা ভক্তিরাসীত্তামাশ্রিত্যৈব ভগবদগ্রে দাসস্যেতি বিনয়ব্যঞ্জিকোক্তিরিয়ং জ্ঞেয়া ভবৎসন্দর্শনার্থিন ইতি কদাচিৎ কস্যচিদতিসুন্দর শ্রীবিগ্রহ-তন্মন্দিরাদি শ্রীগীতা শ্রীভাগবতাদি শাস্ত্র প্রাপ্ত্যুৎকণ্ঠস্য মহাভাগবতস্যাপেক্ষণীয়ং। নৃগেণ

নাই; যেরূপ প্রচুর দান, ধর্ম্ম ও পুণ্যের অনুষ্ঠান তুমি করিয়াছ, তাহাতে তোমার ভোক্তব্য জাজ্বল্যমান স্বর্গাদিলোক এবং পুণ্যফলেরও অবধি আমি অনুমান করিতেও পারিতেছি না!॥ ১৬॥

এতৎশ্রবণে সেই ধর্ম্মরাজ যমকে আমি সসম্ভ্রমে বলিলাম, হে দেব যমরাজ! আমি পূর্ব্বে অশুভই ভোগ করিব। তখন যম বলিলেন, তবে তুমি এক্ষণে নিকৃষ্ট যোনিতে পতিত হও! হে প্রভো! তৎক্ষণাৎ আমি পতিত হইয়া, নিকৃষ্ট যোনিতে গমন পূর্ব্বক আপনাকে কৃকলাস মূর্ত্তিতে পরিণত অবলোকন করিলাম॥

হে কেশব! আপনি ব্রাহ্মণসেবী ও দানবীর। আমি আপনার কিঙ্কর! আপনার সন্দর্শন প্রার্থনায় এতকাল আমি এই কূপমধ্যে পতিত ছিলাম!

স্মৃতি র্নাদ্যাপি বিধ্বস্তা ভবৎসন্দর্শনার্থিনঃ ॥ ১৭ ॥

স ত্বং কথং মম বিভোঽক্ষপথঃ পরাত্মা যোগেশ্বরৈঃ শ্রুতিদৃশাঽমলহৃদ্বিভাব্যঃ।
সাক্ষাদধোক্ষজ উরুব্যসনান্ধবুদ্ধেঃ স্যান্মেঽনুদৃশ্য ইহ যস্য ভবাপবর্গঃ ॥

অন্বয়ঃ।

(ভবতঃ সন্দর্শনং এব অর্থঃ যস্য তস্য) মে স্মৃতিঃ অদ্যাপি ন বিধ্বস্তা ন বিনষ্টা ॥ ১৭ ॥

হে বিভো! যঃ যোগেশ্বরৈঃ অপি শ্রুতিদৃশা উপনিষচ্চক্ষুষা অমলহৃদ্বিভাব্যঃ (অমলে হৃদি বিভাব্যঃ চিন্তনীয়ঃ ন তু দর্শনযোগ্যঃ) অধোক্ষজঃ (অধঃ অক্ষজং জ্ঞানং যস্মাৎ সঃ) ইহ সংসারে যস্য পুরুষস্য ভবাপবর্গঃ (ভবস্য সংসারস্য অপবর্গঃ সমাপ্তিঃ স্যাৎ তস্য অনুদৃশ্যঃ পরাত্মা সঃ এবম্ভূতঃ ত্বং উরুব্যসনান্ধবুদ্ধেঃ (উরুণা ব্যসনেন অন্ধা বিবেকহীনা বুদ্ধিঃ যস্য তথাবিধস্য) মম সাক্ষাৎ অক্ষপথঃ দর্শনবিষয়ঃ কথং জাতঃ ॥

শ্রীধরস্বামী।

হে দেব যম পূর্ব্বমশুভং ভুঙ্ক্ষে ইতি ময়োক্তঃ। স যমঃ প্রাহ পতেতি ॥ ১৭ ॥

দুর্ঘটেন শ্রীকৃষ্ণদর্শনেন বিস্মিতঃ সন্ আত্মনো ভাগ্যমভিনন্দতি স ত্বমিতি। হে বিভো! স ত্বং মমাক্ষপথঃ লোচনগোচরঃ সন্ কথং সাক্ষাৎ প্রত্যক্ষোঽসীত্যর্থঃ। ননু কিমত্রাশ্চর্য্যং তদাহ পরমাত্মা। অতএব যোগেশ্বরৈরপি শ্রুতিদৃশা উপনিষচ্চক্ষুষাঽমলে হৃদি বিভাব্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহাদাতৃত্বাৎ সম্যক্ সম্পাদিতং। ততশ্চ তেন সন্তুষ্যতা ভো রাজংস্তব ভগবদ্দর্শনং ভূয়াদিতি যদৈবাশীর্দত্তা তদারভ্যৈব নৃগস্য ভগবদ্দিদৃক্ষা ভূয়াদিতি গম্যতে ॥ ১৭ ॥

দুর্ঘটেন কৃষ্ণদর্শনেন বিস্মিতঃ সন্নাত্মনো ভাগ্যমভিনন্দতি। স এব ত্বং মম কথমক্ষপথোঽভূঃ যঃ খলু যোগেশ্বরৈঃ সনকাদ্যৈরপি শ্রুতিদৃষ্ট্যা নির্ম্মলে হৃদি বিভাব্যো ধ্যেয় এব। তত্রাপি ত্বং সাক্ষাদধোক্ষজঃ শকটাসুরভঞ্জনঃ স্বয়ং ভগবানেব তত্রাপি উরুব্যসনান্ধবুদ্ধে র্মদ্বিধস্যাধমস্যাপি। কিঞ্চ। যস্য জনস্য ভবাপবর্গঃ সংসারনাশো ভবেত্তস্যাপি মে মম কিং ভবান্ দৃশ্যঃ স্যাৎ কিন্তু মহাভাগবতস্য কস্যচিদাশীর্ব্বাদাদেব স্যাদিতি ভাবঃ ॥

কিন্তু সৌভাগ্যের বিষয় এই যে, ইতিমধ্যে কখনও আমার পূর্ব্বস্মৃতি বিলুপ্ত হয় নাই ॥ ১৭ ।

হে বিভো! যম নিয়মাদি যোগমার্গের সম্পূর্ণ অনুষ্ঠানে লব্ধপ্রতিষ্ঠ যোগাচার্য্যগণ উপনিষদ্রূপ চক্ষুর সাহায্যে অবাঙ্মনসগোচর পরাৎপর পরমাত্মা যে আপনকে কেবল নির্ম্মল হৃদয়মন্দিরে চিন্তা করিয়া থাকেন মাত্র, কখন সাক্ষাৎ দর্শন করিতে পান না, এই সংসারে যে পুরুষের প্রকৃত মুক্তিকাল উপস্থিত হয়, তাঁহার সমীপেই যিনি কেবল অনুভূত হয়েন মাত্র, সেই দেবদেব বিশ্বম্ভর অদ্য আমার ন্যায় বিবিধ সংসারতাপে সম্পূর্ণ

দেব দেব জগন্নাথ গোবিন্দ পুরুষোত্তম।
নারায়ণ হৃষীকেশ পুণ্যশ্লোকাচ্যুতাব্যয় ॥ ১৮ ॥
অনুজানীহি মাং কৃষ্ণ যান্তং দেবগতিং বিভো।
যত্র ক্বাপি সতশ্চেতো ভূয়ান্মে ত্বৎপদাস্পদং ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

হে দেবদেব! হে জগন্নাথ! হে পুরুষোত্তম! হে গোবিন্দ! হে হৃষীকেশ (হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং ঈশ!) হে পুণ্যশ্লোক! হে অচ্যুত! হে অব্যয় নারায়ণ! ॥ ১৮ ॥

হে বিভো কৃষ্ণ! দেবগতিং স্বর্গলোকং, যান্তং মাং অনুজানীহি আজ্ঞাপয়! (কর্ম্মবশাৎ) যত্র ক্বাপি সতঃ বর্ত্তমানস্য, অপি মম চেতঃ ত্বৎপদাস্পদং (ত্বৎপদমেব আস্পদং স্মরণীয়ং যস্য তথাভূতং) ভূয়াৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

শিচন্ত্যঃ। যতোঽধোক্ষজঃ। অক্ষজং ঐন্দ্রিয়কং জ্ঞানং তদেব অধঃ অর্ব্বাগেব যস্মাৎ সঃ। যস্য হি ভবাপবর্গো ভবেৎ তস্য ভবানুদৃশ্যঃ স্যাৎ। উরুব্যসনান্ধবুদ্ধেঃ উরুব্যসনেন কৃকলাসভবদুঃখেন অন্ধবুদ্ধেস্তু মমৈতচ্চিত্রমিত্যর্থঃ ॥ ১৮ ॥

উদ্রিক্তভক্ত্যা বহুধা সম্বোধয়ন্ননুজ্ঞাপয়তি অনুজানীহীতি। দেবলোকেঽপি বর্ত্তমানস্যাত্মনো মনসা সন্নিধিং প্রার্থয়তে যত্র ক্বাপীতি। ত্বৎপদমাস্পদং বিষয়ো যস্য তথাভূতং ভূয়াদিতি ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সহসোৎপন্নয়া শ্রদ্ধয়া ভগবৎকৃপয়ালব্ধদাস্যো নামান্যেবানুকীর্ত্তয়ন্ননুজ্ঞাং প্রার্থয়তে দেবদেবেতি। দেবানাং দেবোঽপি ত্বং জগতামপি নাথস্ত্বান্নাথো ভব। গোবিন্দ গবা কৃপাদৃষ্ট্যা মাং বিন্দস্ব। অত্র হেতুঃ পুরুষেষু বিষ্ণ্বাদিষ্বপ্যুত্তমঃ। নারায়ণ নারা জীবা অয়নমধিষ্ঠানং যস্যেতি মাং দুর্জীবমপ্যধিতিষ্ঠ। হৃষীকেশ মদিন্দ্রিয়াণ্যাত্মসাৎ কুরু। পুণ্যশ্লোক তবৈষা নৃগমোচনী কীর্ত্তিরভূদেব। অচ্যুত মদন্তঃকরণাদ্বিচ্যুতো মা ভব। অব্যয় অত্র ন তে কোঽপ্যপচয় ইতি ধ্বনয়ঃ। ত্বৎপদমেব আস্পদং বিষয়ো যস্য তথাভূতং মচ্চেতো ভূয়াৎ ॥ ১৮ ॥ ১৯ ॥

বিবেকশূন্য ব্যক্তির সমীপে যে কি প্রকারে প্রত্যক্ষীভূত হইলেন, তজ্জন্যই আমি বিস্মিত হইতেছি ॥

আপনি দেবতাগণের দেবতা, জগতের স্বামী এবং পুরুষোত্তম! আপনি অন্তরের অন্তর এবং ইন্দ্রিয়বর্গেরও নেতা! আপনার গুণই সর্ব্বত্র পরিকীর্ত্তিত হইতেছে। আপনার ঐশ্বর্য্যের কখন হ্রাস হয় না এবং স্বরূপেরও কখন ক্ষয় হয় না! আপনিই জীবের আশ্রয়দাতা সাক্ষাৎ নারায়ণ! ॥ ১৮ ॥

হে বিভো শ্রীকৃষ্ণ! আমি সম্প্রতি দেবলোকে গমন করিব; আপনি

নমস্তে সর্ব্বভাবায় ব্রহ্মণেঽনন্তশক্তয়ে।
কৃষ্ণায় বাসুদেবায় যোগানাং পতয়ে নমঃ॥
ইত্যুক্ত্বা তং পরিক্রম্য পাদৌ স্পৃষ্ট্বা স্বমৌলিনা।
অনুজ্ঞাতো বিমানাগ্র্যমারুহৎ পশ্যতাং নৃণাং॥

অন্বয়ঃ।

সর্ব্বভাবায় (সর্ব্বেষাং ভাবঃ জন্ম যতঃ তস্মৈ) ব্রহ্মণে অনন্তশক্তয়ে (অনন্তা শক্তিঃ যস্য তস্মৈ) বাসুদেবায় বসুদেবনন্দনায়, যোগানাং পতয়ে যোগফলদাত্রে কৃষ্ণায় আনন্দমূর্ত্তয়ে, তে তুভ্যং, নমঃ॥

ইতি এবং উক্ত্বা তং শ্রীকৃষ্ণং, পরিক্রম্য স্বমৌলিনা তস্য পাদৌ স্পৃষ্ট্বা তেন চ অনুজ্ঞাতঃ নৃণাং পশ্যতাং এব সতাং বিমানাগ্র্যং আরুহৎ॥

শ্রীধরস্বামী।

যাস্যন্নমস্যতি নম ইতি। সর্ব্বভাবায় সর্ব্বেষাং ভাবো জন্ম যেন তস্মৈ। ব্রহ্মণে কর্ত্তৃত্বেঽপ্যবিকারায়। কুতঃ অনন্তশক্তয়ে অনন্তা মায়াখ্যা শক্তির্যস্য তস্মৈ। বাসুদেবায় সর্ব্বভূতাশ্রয়ায়ত্যুপাদানত্বমুক্তং। কৃষ্ণায় সদানন্দরূপায়েতি পুরুষার্থত্বমুক্তং। কৃষি র্ভূবাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতিবাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে। ইতি স্মৃতেঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মম ত্বয়ি দাস্যভাব এবাস্তু ত্বক্ত সর্ব্বভাববিষয়ীভূত এবাসীত্যাহ নম ইতি। সর্ব্বেঽপি ভাবা যস্মিংস্তস্মৈ। তত্র শান্তভাবস্য বিষয়ালম্বনমাহ ব্রহ্মণে মূর্ত্তব্রহ্মস্বরূপায়। দাস্যভাবস্যাহ অনন্তশক্তয়ে মহামহৈশ্বর্য্যায়। সখ্যভাবস্যাহ কৃষ্ণায়। কৃষ্ণস্যার্জ্জুনস্য নামরূপগুণাদিভিঃ সাম্যাদেব সদানন্দদাত্রে। কৃষির্ভূবাচকঃ শব্দো নশ্চ নির্বৃতিবাচকঃ ইতি স্মৃতেঃ। বাৎসল্যভাবস্যাহ বাসুদেবায় বসুদেবপুত্রায়। উজ্জ্বলভাবস্যাহ যোগানাং ভক্তিযোগময়ীনাং শ্রীরুক্মিণ্যাদীনাং পতয়ে ভর্ত্রে॥

আমাকে অনুমতি প্রদান করুন্! কিন্তু আপনার নিকট করযোড়ে প্রার্থনা করি যে, কর্ম্মবশে যখন যে কোন যোনিতেই আমি গমন করিব, আমার চিত্ত ভবদীয় চরণ-কমলের চিন্তনে যেন কখন বিরত না হয়॥ ১৯॥

আপনি সর্ব্ব-সৃষ্টিকারী অনন্তশক্তিসম্পন্ন পূর্ণব্রহ্ম; এই বিশ্ব সংসার আপনাতেই অধিষ্ঠিত রহিয়াছে; যোগের ফল আপনিই প্রদান করেন! আপনার আনন্দরসময় কৃষ্ণ-মূর্ত্তিকে আমি প্রণাম করি॥

এইরূপ স্তব করিয়া, নৃগ নৃপতি শ্রীকৃষ্ণকে প্রদক্ষিণ পূর্ব্বক অবনত-কিরীটে চরণ স্পর্শে প্রণাম করিলেন এবং শ্রীকৃষ্ণের অনুমতি গ্রহণে অন্যান্য সকলের সমক্ষেই বিমানারোহণে স্বর্গধামে গমন করিলেন॥

কৃষ্ণঃ পরিজনং প্রাহ ভগবান্ দেবকীসুতঃ।
ব্রহ্মণ্যদেবো ধর্ম্মাত্মা রাজন্যাননুশিক্ষয়ন্ ॥ ২০ ॥
দুর্জ্জরং বত ব্রহ্মস্বং ভুক্তমগ্নে র্মনাগপি।
তেজীয়সোঽপি কিমুত রাজ্ঞামীশ্বরমানিনাং ॥
নাহং হালাহলং মন্যে বিষং যস্য প্রতিক্রিয়া।
ব্রহ্মস্বং হি বিষং প্রোক্তং নাস্য প্রতিবিধি র্ভুবি ॥ ২১ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মণ্যদেবঃ (ব্রহ্মণা সাধকঃ ব্রহ্মণ্যঃ সচাসৌ দেবশ্চ ইতি সর্ব্বারাধ্যঃ) ধর্ম্মাত্মা ভগবান্ দেবকীসুতঃ কৃষ্ণঃ, রাজন্যান্ ক্ষত্রিয়ান্, অনুশিক্ষয়ন্ পরিজনং (পরিতো বিদ্যমানং জনং) প্রাহ ॥ ২০ ॥

মনাক্ ঈষদ্, অপি ভুক্তং ব্রহ্মস্বং বত আশ্চর্য্যে অগ্নেঃ অগ্নিসদৃশস্যাপি, তেজীয়সঃ জনস্য দুর্জ্জরং দুঃখেন কেনাপি উপায়েন যদা ন জীর্য্যতি তদা ঈশ্বরমানিনাং সমর্থাঃ বয়ং ইত্যভিমানবতাং, রাজ্ঞাং তৎ দুর্জ্জরং ভবতি ইতি কিমু বক্তব্যং ॥

অহং হালাহলং বিষং ন মন্যে ; যতঃ লোকে যস্য প্রতিক্রিয়া প্রতিকারঃ, অস্তি ; ব্রহ্মস্বং হি বিষং প্রোক্তং ভুবি অস্য প্রতিবিধিঃ প্রতিকারঃ, ন ভবতি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ যোগানাং ইষ্টাপূর্ত্তাদিকর্ম্মণাং পতয়ে ফলদাত্রে। অয়ং ভাবঃ। এবম্ভূতং ত্বাং বিহায় গন্তুমনিচ্ছুরপি গমিষ্যামি তদ্দত্তকর্ম্মফলভোগায়েতি ॥ ২০ ॥

মনাক্ ঈষদপি ভুক্তং সৎ অগ্নেঃ অগ্নিসদৃশস্য তেজীয়সঃ অতিতেজস্বিনোঽপি দুর্জ্জরং ॥ ২১

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুজ্ঞাতঃ ভোগান্তে মাং প্রাপ্স্যসীত্যাদিষ্টঃ ! ২০ ॥

ব্রহ্মস্বং মনাক্ ঈষদপি চৌর্য্যাদিনা ভুক্তং সৎ অগ্নেঃ সকাশাদপি যস্তেজীয়ান্ তপোযোগাদিযুক্তস্তস্যাপি দুর্জ্জরং ॥

কিং দুর্জ্জরমন্নমিব ন বিষাদপ্যতিতীব্রমিত্যাহ নেতি। হালাহলং হি শম্ভুর্জারয়ামাসৈব। অস্য প্রতিবিধিঃ প্রতিক্রিয়া ॥ ২১ ॥

তখন ধর্ম্মাত্মা ব্রহ্মণ্যদেব ভগবান্ দেবকীনন্দন শ্রীকৃষ্ণ রাজন্য ক্ষত্রিয়বর্গকে উপদেশ প্রদান পূর্ব্বক উপস্থিত পরিজনগণকে বলিলেন— ॥ ২০ ॥

দেখ ! ব্রহ্মস্ব হরণ করা অতীব গর্হিত কর্ম্ম ; অতি সামান্য পরিমাণে ব্রহ্মস্ব গ্রহণ করিলেও, সহ্য করা যায় না ; অধিক কি ! হুতাশন-সদৃশ তেজস্বী ব্যক্তিরও ব্রহ্মস্ব কখন জীর্ণ হয় না, অতএব সামর্থবান্ জ্ঞানে বৃথা অভিমানী ব্যক্তির যে তাহা সহ্য হইবে না, সে বিষয়ে আর সন্দেহ কি ? ॥

আমি প্রকৃত হালাহলকেও তাদৃশ বিষ বলিয়া মনে করি না ; কারণ তাহার

হিনস্তি বিষমত্তারং বহ্নিরত্তিঃ প্রশাম্যতি।
কুলং সমূলং দহতি ব্রহ্মস্বারণিপাবকঃ ॥ ২২ ॥
ব্রহ্মস্বং দুরনুজ্ঞাতং ভুঙ্‌ক্তে হন্তি ত্রিপুরুষং।
প্রসহ্য তু বলাদ্ভুক্তং দশ পূর্ব্বান্ দশাপরান্। ২৩ ॥

অন্বয়ঃ।

বিষং অত্তারং ভক্ষিতারং, এব হিনস্তি হন্তি, বহ্নিঃ তু অত্তিঃ প্রশাম্যতি; ব্রহ্মস্বারণি-পাবকঃ (ব্রহ্মস্বলক্ষণারণিজঃ পাবকঃ) তু সমূলং কুলং দহতি ॥ ২২ ॥

ব্রহ্মস্বং তু দুরনুজ্ঞাতং (সম্যক্ অননুজ্ঞাতং সৎ ভুঙ্‌ক্তে) ত্রিপুরুষং (স্বং পুত্রং পৌত্রং চ ইতি) ত্রিপুরুষরূপং কুলং হন্তি প্রসহ্য বলাৎ, রাজাদ্যাশ্রয়ণাৎ ভুক্তং তু ব্রহ্মস্বং দশপূর্ব্বান্ পিতৃপিতামহাদীন্ দশ অপরান্ পুত্রপৌত্রাদীন্ ভোক্তারং চ হন্তি নরকে পাতয়তি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ বিষাদপি ঘোরমিত্যাহ হিনস্তীতি। সংসর্গেণ মারকত্বাৎ অগ্নেস্তুল্যতা স্যাত্তদপি নেত্যাহ বহ্নিরিতি অপিচ কুলং সমূলমিতি বহ্নির্মূলান্যবশেষয়তি ব্রহ্মস্বলক্ষণোঽরণিজঃ পাবকঃ কুলং তদপি সমূলমিতি ॥ ২২ ॥

দুরনুজ্ঞাতং যথাবদনুজ্ঞাতং ত্রিপুরুষং কুলং স্বং পুত্রং পৌত্রঞ্চ। প্রসহ্য হঠাৎ বলাৎ রাজাদ্যাশ্রয়তঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ-চক্রবর্ত্তী।

তাদৃশং বিষমপি বরং ভোক্তব্যং নতু ব্রহ্মস্বমিত্যাহ হিনস্তীতি। বিষং কর্ত্তৃ। অত্তারং ভোক্তারং। সংসর্গি সংসর্গিতামপি মারকত্বাদিদমগ্নিতুল্যমিতি চেন্নেত্যাহ বহ্নিরিতি। বহ্নির্হি মূলান্যবশেষয়তি ব্রহ্মস্বারণিপাবকো হি দুরুপশমত্বাদ্বহ্নিবিশেষঃ স চ পুরাতনতরু-কোটরমধ্যন্যস্তঃ বহ্নি র্যথাকালেনাস্তঃপ্রবৃদ্ধো বহুবার্ষিকজলৈরপি ন নির্ব্বাতি কিন্তু মূর্দ্ধান্ত-র্গতমূলপর্য্যন্তমপি তরুং দহতি তথা কুলং তদপি সমূলং ॥ ২২ ॥

দুরনুজ্ঞাতমিতি দুঃশব্দেন যথাবদননুজ্ঞাতমিত্যর্থঃ। অয়ং মে বন্ধুরুপকারী মদ্ধনং ময়া খন্বদত্তমপি ভুঙ্‌ক্তে চেদ্ভুঙ্‌ক্তামিত্যেবমনুজ্ঞাতমিত্যর্থঃ। ত্রিপুরুষং স্বং পুত্রং পৌত্রঞ্চ। প্রসহ্য হঠাৎ বলাদ্রাজাদ্যাশ্রয়তশ্চ ॥ ২৩ ॥

প্রতিকার হইতে পারে। ব্রহ্মস্বই প্রকৃত বিষ; কারণ ইহা প্রবেশ করিলে, জগতে আর তাহার প্রতিকারের উপায় হয় না ॥ ২১ ॥

বহ্নির প্রাবল্য জলের সাহায্যে উপশমিত হয়; বিষ কেবল পানকারির প্রাণ হরণ করে মাত্র; কিন্তু ব্রহ্মস্বাপহরণ হইতে সমুত্থিত ভীষণ অনল হরণ-কারীকে সবংশে নিধন করে, সন্দেহ নাই ॥ ২২ ॥

যদি নিতান্ত অনিচ্ছা পূর্ব্বকও ব্রহ্মস্ব হরণ করা হয়, তবে সেই হরণকারীর তিন পুরুষ অধঃপতিত হয়। কিন্তু যদি কোনরূপ প্রতাপবান্ রাজার আশ্রয়ে

রাজানো রাজকুল্যাশ্চ (রাজলক্ষ্ম্যান্ধা) নাত্মপাতং বিচক্ষতে।
নিরয়ং যেঽভিমন্যন্তে ব্রহ্মস্বং সাধুবালিশাঃ ॥ ২৪ ॥
গৃহ্ণন্তি যাবতঃ পাংশূন্ রুদতামশ্রুবিন্দবঃ।
বিপ্রাণাং হৃতবৃত্তীনাং বদান্যানাং কুটুম্বিনাং ॥
রাজানো রাজকুল্যাশ্চ তাবদব্দান্নিরঙ্কুশাঃ।
কুম্ভীপাকেষু পচ্যন্তে ব্রহ্মদায়াপহারিণঃ ॥

অন্বয়ঃ।

রাজলক্ষ্ম্যান্ধাঃ (রাজলক্ষ্ম্যা অন্ধাঃ বিবেকরহিতাঃ) বালিশাঃ অজ্ঞাঃ, যে রাজানঃ রাজকুল্যাঃ (রাজ্ঞাং পুত্রাদয়ঃ ভৃত্যাদয়শ্চ) ব্রহ্মস্বং সাধু সমীচীনং, অভিমন্যন্তে আকাঙ্ক্ষন্তে ভুঞ্জন্তে চ তে আত্মপাতং (আত্মনঃ পাতং নরকে পতনং) ন বিচক্ষতে ন পশ্যন্তি তে নিরয়ং এব অভিমন্যন্তে ॥ ২৪ ॥

বদান্যানাং উদারচিত্তানাং ত্যক্তব্যাপারাণাং অধ্যাপনাদিনিষ্ঠানাং, কুটুম্বিনাং পরিবারবিশিষ্টানাং, হৃতবৃত্তীনাং অতএব রুদতাং ক্রন্দতাং, বিপ্রাণাং অশ্রুবিন্দবঃ ভুবঃ যাবতঃ পাংশূন্ রেণূন্, গৃহ্ণন্তি আদ্রীকুর্ব্বন্তি, তাবতঃ অব্দান্ সংবৎসরান্, নিরঙ্কুশাঃ শাস্ত্রাজ্ঞোল্লঙ্ঘিনঃ, ব্রহ্মদায়াপহারিণঃ রাজানঃ রাজকুল্যাঃ রাজকুলোদ্ভবাঃ অমাত্যভৃত্যাদয়শ্চ, কুম্ভীপাকেষু নরকবিশেষেষু, পচ্যন্তে ক্লিশ্যন্তি ইতি দ্বয়োরন্বয়ঃ ॥

শ্রীধরস্বামী।

যে ব্রহ্মস্বমভিমন্যন্তে ইচ্ছন্তি তে নিরয়মেবাভিমন্যন্তে অতো বালিশা অজ্ঞা আত্মপাতং ন বিচক্ষতে ইতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজকুল্যাঃ রাজকুলপ্রসূতাঃ! যে ব্রহ্মস্বমভিমন্যন্তে তে নিরয়ং নরকমেবাভিমন্যন্তে

অবস্থান করত বলপূর্ব্বক কেহ ব্রহ্মস্ব হরণ করে, তাহা হইলে তাহার পিতৃ-পিতামহাদি ঊর্দ্ধতন দশ পুরুষ এবং পুত্রপৌত্রাদি অধস্তন দশ পুরুষ সহ হরণকারীকে নরকে নিপতিত হইতে হয়, সন্দেহ নাই ॥ ২৩ ॥

রাজৈশ্বর্য্যে একান্ত অন্ধদৃষ্টি বিচারহীন যে সমস্ত রাজা, রাজপুত্র ও রাজভৃত্যেরা ব্রহ্মস্ব হরণ করাকেই উত্তম কার্য্য বিবেচনায় তৎপ্রতিই অগ্রসর হন, তাঁহারা নিজেদের বিষম অনিষ্ট অবলোকন না করিয়া, নরক-গমনেরই আয়োজন করিয়া থাকেন ॥ ২৪ ॥

যে সমস্ত ব্রাহ্মণ বিলাসিতা বিসর্জ্জন পূর্ব্বক পরিমিতাচরণে শিষ্যগণের অধ্যাপনা ও পরিবারবর্গের ভরণপোষণাদি ব্যাপারে যত্নবান্ থাকিয়া কালাতিপাত করেন, তাঁহাদের জীবিকা হরণ করায় বিশেষ পাপেরই অনুষ্ঠান করা

স্বদত্তাং পরদত্তাং বা ব্রহ্মবৃত্তিং হরেত্তু যঃ।
ষষ্টিবর্ষসহস্রাণি বিষ্ঠায়াং জায়তে কৃমিঃ ॥ ২৫ ॥
ন মে ব্রহ্মধনং ভূয়াদ্ যদ্ গৃদ্ধাল্পায়ুষো নরাঃ।
পরাজিতাশ্চ্যুতা রাজ্যাদ্ভবন্ত্যুদ্বেজিনোঽহয়ঃ ॥
বিপ্রং কৃতাগসমপি নৈব দ্রুহ্যত মামকাঃ।

অন্বয়ঃ।

যঃ পুমান্ স্বদত্তাং (স্বেন দত্তাং) পরেণ দত্তাং বা ব্রহ্মবৃত্তিং ব্রাহ্মণস্য জীবিকাং হরেৎ সঃ ষষ্টিবর্ষসহস্রাণি বিষ্ঠায়াং কৃমিঃ ভূত্বা জায়তে ॥ ২৫ ॥

মে মম ব্রহ্মধনং ন ভূয়াৎ ; যৎ ব্রহ্মধনং গৃদ্ধা অভিকাঙ্ক্ষ্য, নরাঃ অল্পায়ুষঃ (অল্পং আয়ুঃ যেষাং তে) শক্রভ্যঃ পরাজিতাঃ রাজ্যাৎ ঐশ্বর্য্যাৎ, চ্যুতাঃ ভ্রষ্টাঃ, ভবন্তি তথা জন্মান্তরে পরেষাং উদ্বেজিনঃ অহয়ঃ সর্পাঃ, ভবন্তি ॥

হে মামকাঃ। কৃতাগসং কৃতাপরাধং, অপি বিপ্রং নৈব দ্রুহ্যত! ঘ্নন্তং বহু শপন্তং বা

শ্রীধরস্বামী।

অপিচ গৃহ্নন্তীতি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতো বালিশা অজ্ঞা আত্মপাতং ন চক্ষতে ॥ ২৪ ॥ ২৫ ॥

যদ্গৃদ্ধা অভিকাঙ্ক্ষ্যাপি কিমুত হৃত্বেত্যর্থঃ ॥

ননু বিপ্র এবাস্মাকং যদি ধনং হরেৎ বিনৈবাপরাধং দ্বিষ্যাদ্বা তদা কিং কার্য্যমিত্যপেক্ষায়ামাহ বিপ্রমিতি দ্বাভ্যাং। হে মামকা ইতি যে কেচন মদীয়া ভবন্তি তানপি প্রত্যাদি-

---

হয় ; বৃত্তিহরণ জনিত জীবিকার অভাবে সেই সকল ব্রাহ্মণ ক্রন্দন করত অশ্রুবারি বিসর্জ্জন করিলে, ভূমির যত সংখ্যক রেণু সেই জলে আদ্র হয়, তত সংখ্যক সম্বৎসর সেই শাস্ত্রাজ্ঞার উল্লঙ্ঘনকারী ব্রহ্মস্বাপহারী রাজা ও রাজবংশীয় ব্যক্তি বা রাজভৃত্যগণকে ঘোর কুম্ভীপাক নামক নরকে ক্লেশ পাইতে হয়, সন্দেহ নাই ॥

যে ব্যক্তি নিজের প্রদত্ত বা অপরের প্রদত্ত ব্রহ্মবৃত্তি হরণ করে, সে ষষ্টি সহস্র বৎসর বিষ্ঠার কৃমি হইয়া বাস করে ॥ ২৫ ॥

ব্রাহ্মণের ধন যেন আমার কখন না হয়! ব্রাহ্মণের ধন আকাঙ্ক্ষা মাত্র করিলেও মানব অল্পায়ুঃ, হীনবল ও শ্রীভ্রষ্ট হইয়া পরজন্মে পরের উদ্বেগকারী সর্প হইয়া জন্মগ্রহণ করে ॥

আমার সকলকেই আমি সম্বোধন করিয়া বলিতেছি যে, দেখ! তোমরা যেন কখনও ব্রাহ্মণের অনিষ্ট করিও না! ব্রাহ্মণ যদি কখন কোন অন্যায়

ঘ্নন্তং বহু শপন্তং বা নমস্কুরুত নিত্যশঃ ॥ ২৬ ॥
যথাহং প্রণমে বিপ্রাননুকালং সমাহিতঃ।
তথা নমত যূয়ঞ্চ যোঽন্যথা মে স দণ্ডভাক্ ॥ ২৭ ॥
ব্রাহ্মণার্থো হ্যপহৃতো হর্ত্তারং পাতয়ত্যধঃ।
অজানন্তমপি হ্যেনং নৃগং ব্রাহ্মণগৌরিব ॥
এবং বিশ্রাব্য ভগবান্ মুকুন্দো দ্বারকাপ্রজাঃ।

অন্বয়ঃ।

নিত্যশঃ নমস্কুরুত ॥ ২৬ ॥

অতঃ যথা সমাহিতঃ সাবধানঃ, সন্ অহং অনুকালং ত্রিকালং, বিপ্রান্ প্রণমে তথা যূয়ং চ নমত! যঃ অন্যথা আচরেৎ সঃ মে দণ্ডভাক্ ভবেৎ ॥ ২৭ ॥

অপহৃতঃ হি ব্রাহ্মণার্থঃ হর্ত্তারং অধঃ পাতয়তি; যথা অজানন্তং অপি হি এনং নৃগং, ব্রাহ্মণগৌঃ অধঃ নীচযোনৌ অপাতয়ৎ তদ্বৎ ॥

সর্ব্বলোকানাং পাবনঃ ভগবান্ মুকুন্দঃ দ্বারকাপ্রজাঃ দ্বারকৌকসঃ, প্রতি এবং বিশ্রাব্য

শ্রীধরস্বামী।

গৃহ্ণা অভিকাঙ্ক্ষ্য ॥ ২৬ ॥ প্রণমে নমামি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্যামি ন কেবলং যুষ্মানেবেতি; অন্যথাতু তেষু ময়া মামকত্বাভিমানস্ত্যক্তব্য ইতি ভাবঃ ॥ ২৬ ॥

প্রণমে প্রণমামি ॥ ২৭ ॥

ন কেবলমর্থবাদবিভীষিকেয়ং কিন্ত্বয়মর্থঃ প্রত্যক্ষ এবেত্যাহ ব্রাহ্মণার্থ ইতি ॥ ২৮ ॥

আচরণও করেন, তোমরা তাহা উপেক্ষা করিবে। অধিক কি! যদি তাঁহারা অভিসম্পাত প্রদানে তিরস্কার বা বিনাশ করিতেও অগ্রসর হন, দূর হইতে নিরন্তর প্রণামই করিবে ॥ ২৬ ॥

আমি যেমন অতি সতর্কতার সহিত ত্রিকাল সন্ধ্যা ব্রাহ্মণগণকে প্রণাম করিয়া থাকি, তোমরাও সেইরূপ তাঁহাদিগকে প্রণাম করিবে! যিনি ইহার অন্যথা করিবেন, তিনি আমার নিকট দণ্ডিত হইবেন, সন্দেহ নাই ॥ ২৭ ॥

অপহৃত ব্রহ্মস্ব অপহরণকারীকে অধঃপাতিত করে। নৃগরাজ অজ্ঞাতসারে ব্রাহ্মণের গাভী আত্মসাৎ করায়, যখন নিকৃষ্ট কৃকলাস যোনিতে পতিত হইয়াছিলেন, তখন জানিয়া শুনিয়া ব্রহ্মস্ব হরণ করিলে, ঘোর নিরয়ে যে পতিত হইতে হইবে সে বিষয়ে আর সন্দেহ নাই ॥

সর্ব্বলোকপাবন ভগবান্ মুকুন্দ দ্বারকাবাসী জনগণকে এই প্রকার উপদেশ

পাবনঃ সর্ব্বলোকানাং বিবেশ নিজমন্দিরং ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে নৃগোপাখ্যানে চতুষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬৪ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

বলভদ্রঃ কুরুশ্রেষ্ঠ ভগবান্ রথমাস্থিতঃ।
সুহৃদ্দিদৃক্ষুরুৎকণ্ঠঃ প্রযযৌ নন্দগোকুলং ॥ ১ ॥

অন্বয়ঃ।

নিজমন্দিরং বিবেশ ॥ ২৮ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃতান্বয়ে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। হে কুরুশ্রেষ্ঠ! সুহৃদ্দিদৃক্ষুঃ (সুহৃদঃ নন্দাদীন্ দ্রষ্টুমিচ্ছুঃ) উৎকণ্ঠঃ ভগবান্ বলভদ্রঃ রথং আস্থিতঃ আরূঢ়ঃ সন্ নন্দগোকুলং প্রযযৌ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ন কেবলমর্থবাদবিভীষিকেয়ং কিন্তু প্রত্যক্ষমিত্যাহ ব্রাহ্মণার্থ ইতি ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি দশমে চতুঃষষ্টিতমঃ ॥ * ॥

পঞ্চষষ্টিতমে রামশ্চক্রে গোকুলমাগতঃ। রমমাণস্তু গোপীভিঃ কালিন্দ্যাকর্ষণং মদাৎ। রামস্য চরিতং চিত্রং কালিন্দ্যাকর্ষণাদি যৎ। পৌণ্ড্রকাস্তাদি কৃষ্ণস্য পৃথগুক্তমতঃ পরং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুঃষষ্টিতমোঽধ্যায়ো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥
পঞ্চষষ্টিতমে রামো গোষ্ঠং গত্বা স্ববন্ধুভিঃ।
মিলিতঃ স্বীয়গোপীভীরেমে কৃষ্ণাং চকর্ষ চ ॥ * ॥

বলভদ্র ইতি। ননু প্রেমমহোদধিঃ কৃষ্ণঃ কথং ব্রজং ন যযাবিতি চেদুচ্যতে। প্রেয়সীঃ প্রেমবিখ্যাতাঃ পিতরাবতিবৎসলৌ। প্রেমবশ্যশ্চ কৃষ্ণস্তাংস্ত্যক্ত্বা নঃ কথমেষ্যতি। ইতি মত্বৈব যদবঃ প্রত্যবধ্নন্ হরের্গতৌ। ব্রজপ্রেমপ্রবর্দ্ধিস্বলীলাধীনত্বমীয়ুষঃ। ননু তর্হি বলদেবোঽপি স্বপ্রাণপ্রেষ্ঠভ্রাতরং কৃষ্ণং ত্যক্ত্বা একাকী এব গন্তুং নার্হতি! তত্রাহ উৎকণ্ঠঃ।

প্রদান করিয়া স্বীয় মন্দিরে প্রবেশ করিলেন ॥ ২৮ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

ব্যাসাত্মজ শুকদেব রাজা পরীক্ষিৎকে বলিলেন, অনন্তর ভগবান্ বলরাম

আভাস।

পঞ্চষষ্টিতম অধ্যায়ে বলদেবের গোকুলে গমন, গোপীগণের সহিত রমণ এবং মত্ততাবশত কালিন্দী যমুনাকে আকর্ষণ করিবার ব্যাপার বর্ণিত হইয়াছে ॥

পরিষ্বক্তশ্চিরোৎকণ্ঠৈ র্গোপৈর্গোপীভিরেব চ।
রামোঽভিবাদ্য পিতরাবাশীর্ভিরভিনন্দিতঃ ॥ ২ ॥
চিরং নঃ পাহি দাশার্হ সানুজো জগদীশ্বরঃ।
ইত্যারোপ্যাঙ্কমালিঙ্গ্য নেত্রৈঃ সিষিচতু র্জলৈঃ ॥ ৩ ॥
গোপবৃদ্ধাংশ্চ বিধিবৎ যবিষ্ঠৈরভিবন্দিতঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

চিরোৎকণ্ঠৈঃ (বহুকালং দর্শনাদীচ্ছাযুক্তৈঃ) গোপৈঃ গোপীভিঃ চ পরিষ্বক্তঃ আলিঙ্গিতঃ রামঃ পিতরৌ যশোদানন্দৌ অভিবাদ্য প্রণম্য, তাভ্যাং আশীর্ভিঃ অভিনন্দিতঃ জাতঃ ॥ ২ ॥

হে দাশার্হ! সানুজঃ অনুজেন কৃষ্ণেন, সহিতঃ জগদীশ্বরঃ ত্বং নঃ অস্মান্, চিরং বহুকালং, পাহি পালয়! ইতি উক্ত্বা তং আলিঙ্গ্য অঙ্কং আরোপ্য নেত্রৈঃ জলৈঃ সিষিচতুঃ ॥ ৩ ॥

ততঃ গোপবৃদ্ধান্ চ বিধিবৎ অভিবন্দ্য যবিষ্ঠৈঃ ন্যূনবয়স্কৈঃ অভিবন্দিতঃ বভূব ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

আশীর্ভিরভিনন্দিতো বভূব ॥ ২ ॥ তদাহ চিরমিতি ॥ ৩ ॥
গোপবৃদ্ধ্যাংশ্চ বিধিবদভিবন্দ্য যবিষ্ঠৈরভিবন্দিতো বভূব ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্যুৎকণ্ঠাচুলুকিতধৈর্য্যবিবেকাদিরিত্যর্থঃ। নিত্যানন্দস্বরূপোঽপি প্রেমতপ্তো ব্রজৌকসাং। যযৌ কৃষ্ণমপি ত্যক্ত্বা যন্তং রামং মুহুস্তমঃ ॥ ১ ॥

গোপীভি র্মাতৃবয়স্যাভিঃ। পিতরাবিতি তস্য তয়োশ্চ ভাবানুসারেণোক্তং। অভিনন্দিতো বভূব ॥ ২ ॥

সানুজোঽপি ত্বং জগদীশ্বর ইতি সর্ব্বত্র শ্রূয়সে। তদপি বৃদ্ধৌ স্বমাতাপিতরাবাবাং ন পালয়সি কথমিত্যুক্ত্বা প্রথমং নন্দস্ততো যশোদা চ বলাদঙ্কমারোপ্য সচুম্বনমালিঙ্গ্য নেত্রৈঃ নেত্রজৈঃ ॥ ৩ ॥ গোপবৃদ্ধানভিবাদ্য যবিষ্ঠৈরভিবন্দিতো বভূবেত্যন্বয়ঃ ॥ ৪ ॥

নন্দাদি আত্মীয় সুহৃদ্‌বর্গকে দেখিবার অভিপ্রায়ে রথারোহণে একান্ত উৎকণ্ঠিত হৃদয়ে নন্দগোকুলে গমন করিলেন ॥ ১ ॥

তথায় বহুকাল হইতে দর্শন করিবার নিমিত্ত একান্ত উৎকণ্ঠিতচিত্ত গোপ ও গোপিকাগণ তাঁহাকে প্রাপ্ত হইয়া প্রেমে মুগ্ধ হইলেন এবং বলরামকে আলিঙ্গন করিলেন; বলরামও নন্দ যশোদাকে অভিবাদন পূর্ব্বক প্রণাম করিলেন এবং তাঁহারাও আশীর্ব্বাদাদির দ্বারা তাঁহাকে আদর করিলেন ॥ ২ ॥

এবং বলিলেন, হে দাশার্হ! তোমরা জগতের জীবন! এক্ষণে অনুজ কৃষ্ণ সহ চিরকাল আমাদিগকে পালন কর! এই বলিয়া বলরামকে আলিঙ্গন পূর্ব্বক ক্রোড়ে বসাইলেন এবং নেত্রনীরে তাঁহাকে অভিষিক্ত করিলেন ॥ ৩ ॥

যথাবয়ো যথাসখ্যং যথাসম্বন্ধমাত্মনঃ।
সমুপেত্যাথ গোপালান্ হাস্যহস্তগ্রহাদিভিঃ॥
বিশ্রান্তং সুখমাসীনং পপ্রচ্ছুঃ পর্য্যুপাগতাঃ।
পৃষ্টাশ্চানাময়ং স্বেষু প্রেমগদ্গদয়া গিরা॥
কৃষ্ণে কমলপত্রাক্ষে সংন্যস্তাখিলরাধসঃ।
কচ্চিন্নো বান্ধবা রাম সর্ব্বে কুশলমাসতে॥

অন্বয়ঃ।

ততঃ হাস্যাদিভিঃ আত্মনঃ স্বস্য বয়ঃ সখ্যং সম্বন্ধানুরূপং গোপালান্ সমুপেত্য উপবিবেশ॥

ততশ্চ বিশ্রান্তং গতশ্রমং, সুখং আসীনং রামং পরিতঃ উপগতাঃ তে অনাময়ং পৃষ্টাঃ গোপাঃ প্রেমগদ্গদয়া গিরা স্বেষু যাদবেষু অনাময়ং পপ্রচ্ছুঃ॥

হে রাম! কমলপত্রাক্ষে কৃষ্ণে সংন্যস্তাখিলরাধসঃ (কৃষ্ণপ্রাপ্ত্যর্থং সংন্যস্তাঃ পরিত্যক্তাঃ অখিলরাধসঃ সর্ব্ববিষয়াঃ যৈঃ তে) নঃ অস্মাকং সর্ব্বে বান্ধবাঃ কচ্চিৎ কুশলং আসতে?॥

শ্রীধরস্বামী।

অপিচ যথা বয় ইতি। তে গোপাঃ স্বেষুচ সর্ব্বেষু যাদবেষু তং রামং অনাময়মারোগ্যং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাবয় ইতি বয়আদ্যনুরূপং গোপালান্ হাস্যহস্তগ্রহালিঙ্গনাদিভিঃ সমুপেত্য তৎসমীপ-গমনাদিনা মিলিত্বা বিশ্রান্তং ভোজনানন্তরং কৃতশয়নং পুনশ্চ সুখমাসীনং তং অনাময়ং কুশলং পপ্রচ্ছুঃ। তেন রামেণাপি স্বেষু গোপেষু যা প্রেম্না গদ্গদা গীস্তয়া তে গোপাঃ কুশলং পৃষ্টাঃ॥

তে গোপাশ্চ কৃষ্ণে সম্যক্ প্রকারেণ ন্যস্তান্যর্পিতান্যখিলস্য দেহাদিব্যবহারস্য রাধাংসি সিদ্ধয়ো যৈস্তে। কৃষ্ণগমনদিনমারভ্য তেষাং স্বাভাবিক্যোঽপি শয়নভোজনাদিক্রিয়া নৈব সিদ্ধ্যন্তীত্যর্থঃ॥

অনন্তর বলরাম বৃদ্ধ গোপগণকে যথাবিধি অভিবাদন করিলেন এবং ন্যূনবয়স্কগণ কর্ত্তৃক অভিবাদিত হইলেন॥ ৪॥

হাস্য ও হস্তধারণাদির দ্বারা বয়ঃক্রম, সম্বন্ধ ও সখ্যতা অনুসারে অন্যান্য গোপগণের নিকট উপস্থিত হইয়া অভিবাদনাদি করত, তিনি উপবেশন করিলেন॥

অনন্তর বিশ্রাম লাভের পর যখন সকলে একত্রে উপবিষ্ট ছিলেন, এমন সময়ে সমবেত গোপগণ বলরাম সমীপে স্ব স্ব আত্মীয় যাদবগণের মঙ্গলামঙ্গল প্রশ্ন জিজ্ঞাসা করিয়া বলিলেন॥

হে রাম! কমললোচন শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইবার নিমিত্ত, যাঁহারা সর্ব্বস্ব

কচ্চিৎ স্মরথ নো রাম যূয়ং দারসুতান্বিতাঃ।
দিষ্ট্যা কংসো হতঃ পাপো দিষ্ট্যা মুক্তাঃ সুহৃজ্জনাঃ॥
নিহত্য নির্জিত্য রিপূন্ দিষ্ট্যা দুর্গং সমাশ্রিতাঃ॥ ৫॥
গোপ্যো হসন্ত্যঃ পপ্রচ্ছু রামসন্দর্শনাদৃতাঃ।
কচ্চিদাস্তে সুখং কৃষ্ণঃ পুরস্ত্রীজনবল্লভঃ॥

অন্বয়ঃ।

হে রাম! দারসুতান্বিতাঃ (দারৈঃ সুতৈঃ চ অন্বিতাঃ মিলিতাঃ) যূয়ং নঃ অস্মান্, কচ্চিৎ স্মরথ? পাপঃ পাপাচারঃ, কংসঃ দিষ্ট্যা এব হতঃ; সুহৃজ্জনাঃ বসুদেবাদয়ঃ, চ তৎকৃতোপদ্রবাৎ মুক্তাঃ; নিহত্য নির্জ্জিত্য চ রিপূন্ যবন-জরাসন্ধাদীন্, দিষ্ট্যা এব দুর্গং দ্বারকাং, সমাশ্রিতাঃ যূয়ং তত্র কৃতনিবাসাঃ॥ ৫॥

রামসন্দর্শনাদৃতাঃ (রামস্য সন্দর্শনেন আদৃতাঃ প্রাপ্তাদরাঃ অতএব হসন্ত্যঃ গোপ্যঃ অপি তং পপ্রচ্ছুঃ হে রামঃ! পুরস্ত্রীজনবল্লভঃ কৃষ্ণঃ সুখং আস্তে কচ্চিৎ?॥

শ্রীধরস্বামী।

পপ্রচ্ছুঃ। তেন রামেণ চ তে পৃষ্টা ইতি। কৃষ্ণে কৃষ্ণপ্রাপ্ত্যর্থং সংন্যস্তাখিলরাধস স্ত্যক্ত-সর্ব্ববিষয়াঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র বৃদ্ধাঃ পৃচ্ছন্তি কচ্চিন্নোঽস্মাকমিতি। সমানবয়সঃ পৃচ্ছন্তি কচ্চিৎ স্মরথ নোঽস্মা-নিতি॥ ৫॥

গোপ্যঃ শ্রীকৃষ্ণপ্রেয়স্যঃ। হসন্ত্য ইত্যুন্মাদবোধকং। তাদৃশমহাবিরহদুঃখে শ্রীবলদেব-স্যাগ্রে তাদৃশপরমলজ্জাবতীনাং কথমন্যথাহাসঃ সম্ভবেদিতি রামোঽপি তন্মহাভাবলক্ষণমধি-গম্যৈব তাঃ সংমানয়ামাসৈব নত্ববহেলয়ামাসেত্যাহ। রামেণ কর্ত্রা সন্দর্শনেন স্বানুজ-

---

ত্যাগ করিয়া বসিয়া আছেন, সেই সমস্ত আমাদের বান্ধবগণ মঙ্গলে আছেন ত?॥

হে বলরাম! তোমরা এক্ষণে পুত্রকলত্রাদিতে পরিবৃত হইয়া, মধুপুরে সুখেই বাস করিতেছ! এখন কি আমাদের কথা তোমাদের আর মনে পড়ে? পরিণত-বয়স্কা কেহ বলিলেন, অহো! অনেক দুঃখে পাপিষ্ঠ কংস নিহত হইয়াছে! তোমাদের সুহৃদ্‌বর্গ বসুদেবাদির সকল ক্লেশ এক্ষণে দূর হইয়াছে; তাঁহারা সম্প্রতি বিলক্ষণ সুখেই বাস করিতেছেন! তোমরাও কালযবন ও জরাসন্ধাদি শত্রুকুলের নিধন করিয়া, সৌভাগ্যক্রমে দ্বারকায় দুর্গ নির্ম্মাণ পূর্ব্বক পরমানন্দেই বাস করিতেছ॥ ৫॥

বলভদ্রের শুভ সন্দর্শনে লব্ধাদরা গোপিকাগণ আনন্দে হাস্য করত

কচ্চিৎ স্মরতি বা বন্ধূন্ পিতরং মাতরঞ্চ সঃ।
অপি বা স্মরতে ঽস্মাকমনুসেবাং মহাভুজঃ॥
মাতরং পিতরং ভ্রাতৃন্ পতীন্ পুত্রান্ স্বসৃরপি।
যদর্থে জহিম দাশার্হ দুস্ত্যজান্ স্বজনান্ প্রভো॥

অন্বয়ঃ।

সঃ বাসুদেবঃ বন্ধূন্ গোপান্, পিতরং নন্দং, মাতরং যশোদাং, বা স্মরতি কচ্চিৎ? সঃ মহাভুজঃ কৃষ্ণঃ অস্মাকং অনুসেবাং অপি বা স্মরতে কিং?

হে দাশার্হ! হে প্রভো! যদর্থে যস্য প্রীত্যর্থং, বয়ং মাতরং, পিতরং, ভ্রাতৃন্, পতীন্ পুত্রান্ স্বসৃঃ অপি জহিম ত্যক্তবত্যঃ তেন কৃষ্ণেন অস্মৎস্মরণং আবশ্যকং এব॥

শ্রীধরস্বামী।

রামস্য সন্দর্শনে আদৃতাঃ সাদরাঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রেমবৎ প্রেয়সীবুদ্ধ্যা স্বকর্ত্তৃকেণ সবাৎসল্যদর্শনেন কারণেন আদৃতাঃ। কচ্চিৎ কৃষ্ণস্তত্র সুখমাস্তে। ননু যুষ্মদ্বিরহে তত্র তস্য কুতঃ সুখং তত্রাহুঃ পুরেতি। নাগরীঃ সুন্দরীঃ স্ত্রীঃ প্রাপ্তস্য তস্য কুতোঽস্মাকং গ্রাম্যাণাং বিরহদুঃখং সম্ভবেৎ অতঃ সুখং ঘটেতৈবেতি ভাবঃ॥

অস্মান্ মা স্মরতু নাম। বন্ধূন্ পিতৃব্যমাতুলাদীন্ পিতরং নন্দং মাতরং যশোদাঞ্চ কিং স্মরতি ন বা শৃঙ্গাররসবিলাসেনাস্মত্তস্তাঃ পুরস্ত্রিয়োঽধিকান্তমধিকং সুখয়ন্তীতি জানীম এব কিন্তু বনমালাবিরচন-স্থাসকসম্পাদন-কুসুমপল্লবময়ব্যজন-শয্যোল্লাচাদিনির্ম্মাণাদিষু বয়ং তস্য স্মৃতিপথমবশ্যং যাম এবেত্যভিপ্রায়েণ পৃচ্ছন্তি অপি বেতি। স্মরতে স্মরতি। মহাভুজ ইতি তস্য পীনভুজয়ো র্ভক্তিচ্ছেদরীত্যা কুঙ্কুমরসচর্চ্চা ন জানে সাম্প্রতং কীদৃশী ভবতীতি ভাবঃ॥

ননু ভোঃ কৃষ্ণপ্রিয়াঃ স প্রেমবান্ কৃষ্ণঃ সদা বঃ স্মরত্যেব ইতি চেন্ন। অনন্যগতীনাম-স্মাকং পরিত্যাগেন তৎপ্রেমণি ন বিশ্বসিমঃ ইত্যাহুঃ। মাতরমিতি সার্দ্ধেন তাস্তথাভূতা

বলদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাম! পুর-ললনাগণের হৃদয়বল্লভ সেই শ্রীকৃষ্ণ এক্ষণে কুশলে আছেন ত?॥

সম্প্রতি বসুদেবের পুত্র হইয়া, তিনি আর বয়স্য গোপগণ, পূর্ব্ব পিতা নন্দ এবং জননী যশোদাকে কি এক্ষণে আর স্মরণ করেন? অহো! সেই মহাভুজ! আমাদের কৃত সেবা শুশ্রূষা কি আর কখন মনে করেন?॥

হে প্রভো দাশার্হ! যাঁহাকে পরিতৃপ্ত করিবার প্রত্যাশায়, আমরা পিতা মাতা, ভ্রাতা ভগ্নী এবং পতি পুত্রও পরিত্যাগ করিয়া, কেবল তাঁহারই অনু-সরণ করিতাম, এক্ষণে আমাদের বিষয় স্মরণ করা তাঁহার অবশ্য কর্ত্তব্য ছিল॥

কিন্তু তিনি যখন আমাদিগের ন্যায় একান্ত অনুগতজনকেও অকস্মাৎ

তা নঃ সদ্যঃ পরিত্যজ্য গতঃ সংছিন্নসৌহৃদঃ ॥ ৬ ॥
কথং নু তাদৃশং স্ত্রীভির্ন শ্রদ্ধীয়েত ভাষিতং ॥ ৭ ॥

অন্বয়ঃ।

তথাপি তাঃ নঃ অস্মান্ সদ্যঃ পরিত্যজ্য সংচ্ছিন্নসৌহৃদঃ এব সঃ যতঃ গতঃ (অতঃ অস্মান্ স্মরতি ন বা ইতি সন্দেহো ভবতি) ॥ ৬ ॥

ন পারয়েঽহমনবদ্যসংযুজামিত্যাদি তস্য তাদৃশং ভাষিতং উক্তিং। নু ভোঃ স্ত্রীভিঃ কথং ন শ্রদ্ধীয়েত ন বিশ্বস্যেত (তদ্বচনবিশ্বাসাদেব বয়ং বঞ্চিতাঃ) ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তর্হি তদগমনে যুষ্মাভিঃ প্রতিবন্ধঃ কিং ন কৃতঃ? তদ্বাক্যবিশ্বাসাদিতি চেৎ ননু বিশ্বাসঃ কিমিতি তত্র কৃত স্তত্রাহুঃ কথং ত্বিতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপি অস্মান্ সদ্যঃ পরিত্যজ্য গতঃ। ননু তর্হি তদ্গমনে যুষ্মাভিঃ প্রতিবন্ধঃ কিং ন কৃতঃ তেন সার্দ্ধমেব বা কথং ন গতং তত্রাহুঃ তৃণপত্রবৎ সংছিন্নং সৌহৃদং প্রেমশৃঙ্খলা যেন সঃ। অতঃ কথয় কিং বয়ং কুর্ম্ম ইতি ভাবঃ ॥ ৬ ।

ননু তর্হি তেন বিনা প্রাণধারণাৎ যুষ্মাভিরপি তস্মিন্ প্রেম ছিন্নমেবেতি চেন্মৈবং। আয়াস্যে ইতি দূতদ্বারা মুহুরুক্ত্যা ছিন্নায়া অপি প্রেমশৃঙ্খলায়াঃ পুনর্গ্রন্থনাৎ নির্গচ্ছন্তোঽপ্যস্মাকং প্রাণাঃ পুনর্বদ্ধা তেনৈব স্থাপিতা ইতি। ননু তর্হি স আয়াস্যত্যেব কথমধীরাঃ স্থেতি চেন্মৈবং অদ্যাপ্যনাগমনাত্তেন তদা তন্মৃষৈব ভাষিতমিত্যধুনা বিমৃশামঃ। কথং তর্হি তদ্ভাষিতে তদা বিশ্বস্তং তত্রাহুঃ কথং ত্বিতি। স্ত্রীভিরবক্রবুদ্ধিভিরবুধাভি রস্মাভি স্তাদৃশং ভাষিতং কথং ন শ্রদ্ধীয়েত ॥ ৭ ॥

পরিত্যাগ করিয়া তাদৃশ সৌহার্দ্দের মূলচ্ছেদনে গমন করিয়াছেন, তখন আর আমাদের কথা স্মরণ করা সম্বন্ধে বিলক্ষণ সন্দেহই জন্মিয়াছে ॥ ৬ ॥

এরূপ ক্ষেত্রে, আমাদের পক্ষেও তাঁহার বিষয় বিস্মৃত হওয়াই কর্ত্তব্য বটে; কিন্তু গমনকালে তিনি যেরূপ আশ্বাস প্রদান করিয়াছিলেন, তাহাতে তাঁহার তাদৃশ উক্তিতে কি প্রকারে অবিশ্বাস করি? অহো! তাঁহার কথায় বিশ্বাস করিয়াই আমরা এক্ষণে বঞ্চিত হইলাম ॥ ৭ ॥

অপরা কামিনী কহিলেন যে, আমরা না হয়, গ্রামবাসিনী বুদ্ধিহীনা নারী; সুতরাং তাঁহার কৌটিল্যের গভীর তত্ত্বে অবগাহন করিতে না পারিলেও তাদৃশ দোষের কথা হয় না; কিন্তু পুরবাসিনী বিশেষ বুদ্ধিমতী কামিনীগণ তাদৃশ অনবস্থিতচেতা ক্ষণপ্রেমিক কৃতঘ্নের কথায় কি প্রকারে বিশ্বাস স্থাপনে নিশ্চিন্ত আছে? এতদুত্তরে অন্যা কামিনী কহিলেন যে, পুরবনিতাগণও

কথং নু গৃহ্ণন্ত্যনবস্থিতাত্মনো বচঃ কৃতঘ্নস্য বুধাঃ পুরস্ত্রিয়ঃ।
গৃহ্ণন্তি বৈচিত্রকথস্য সুন্দরস্মিতাবলোকোচ্ছ্বসিতস্মরাতুরাঃ ॥ ৮ ॥
কিং নস্তৎকথয়া গোপ্যঃ কথাঃ কথয়তাপরাঃ।
যাত্যস্মাভির্বিনা কালো যদি তস্য তথৈব নঃ ॥

অন্বয়ঃ।

অহো! গ্রাম্যাঃ অবিদগ্ধাঃ বয়মিব বুধাঃ বিচক্ষণাঃ পুরস্ত্রিয়ঃ অপি অনবস্থিতাত্মনঃ চলসৌহৃদস্য, কৃতঘ্নস্য বচঃ কথং নু গৃহ্ণন্তি বিশ্বসন্তি; তত্র অন্যাঃ আহুঃ, তাঃ পুরস্ত্রিয়ঃ বৈচিত্রকথস্য (চিত্রাঃ নানাবিধাঃ কথাঃ যস্য তস্য বিচিত্রকথাশ্রবণেন বিমোহিতাঃ তথা) সুন্দরস্মিতাবলোকোচ্ছ্বসিতস্মরাতুরাঃ (সুন্দরং স্মিতং যস্মিন্ তেন অবলোকনেন উচ্ছ্বসিতঃ উদ্দীপিতঃ যঃ স্মরঃ কামঃ তেন আতুরাঃ বিবশাঃ সত্যঃ) তদ্বচঃ গৃহ্ণন্তি ॥ ৮ ॥

অপরাঃ উচুঃ। হে গোপ্যঃ! নঃ অস্মাকং, তস্য কৃষ্ণস্য, কথয়া কিং? অপরাঃ কথাঃ কথয়ত; যদি অস্মাভিঃ বিনা তস্য কালঃ যাতি তদা তেন বিনা নঃ অস্মাকং অপি কালঃ তথৈব গচ্ছেৎ ॥

শ্রীধরস্বামী।

বক্তৃবহুলত্বান্নানাবিধানি বাক্যানি তত্রান্যা উচুঃ কথং নু গৃহ্ণন্তীতি। অন্যা উচুর্গৃহ্ণন্তি বা ইতি। চিত্রকথস্য চিত্রা কথা যস্য। কথনকোবিদস্য। কিঞ্চ সুন্দরং স্মিতং যস্মিন্ তেনাবলোকেন উচ্ছ্বসিতঃ ক্ষুভিতো যঃ স্মরস্তেনাতুরাঃ ॥ ৮ ॥

অপরা উচুঃ কি ন ইতি। কালস্তাবত্তস্য আস্মাকঞ্চ যাত্যেব কিন্তু তস্য সুখেন অস্মাকন্তু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ বন্যাঃ স্ত্রিয়ো বয়ং নির্বুদ্ধয় এব স্ম। নাগর্য্যস্তাঃ অতিসুধিয়ঃ স্ত্রিয়স্তদ্ভাষিতে কথং বিশ্বসন্তীত্যাহুঃ। কথং স্বিতি। তাঃ প্রত্যন্যাঃ সমাদধত্য আহুঃ। চিত্রকথস্য মিথ্যাকথাপি তন্মুখে বিস্ময়রসময়ী পরমস্বাদী ভবতীতি কথারসাস্বাদত্যাগাসামর্থ্যাদেব শৃণ্বন্তীত্যর্থঃ। হেত্বন্তরমপ্যন্তীত্যাহুঃ। সুন্দরস্মিতপূর্ব্বাবলোকেন উচ্ছ্বসিত উদ্ভূয় প্রবৃদ্ধো যঃ স্মরস্তেনাতুরাঃ ॥ ৮ ॥

তাঃ সর্ব্বাঃ প্রত্যন্যা অত্যসূয়াপ্রেমসংরম্ভবত্য আহুঃ কিং ন ইতি। কালস্তাবত্তস্য চাস্মাকঞ্চ যাত্যেব কিন্তু তস্য সুখেনাস্মাকং দুঃখেনেত্যেতাবান্ তস্মাদ্বিশেষঃ। সংযুক্তা জীবন্তি বিযুক্তা ম্রিয়ন্তে। বয়ন্তু ন জীবামো নাপি ম্রিয়ামহে ইত্যন্যস্ত্রীভ্যশ্চ বিশেষো বিধাত্রৈবাস্মাকং ললাটে লিখিত স্তত্র কঃ প্রতীকার ইতি ভাবঃ ॥

শ্রীকৃষ্ণের বিচিত্র কথায় বিমোহিত হইয়া এবং মধুর হাস্যবিকসিত অবলোকন দ্বারা উদ্দীপিত কামশরে প্রপীড়িত হইয়াই বিশ্বাস করিতে বাধ্য হইয়াছেন ॥৮

অন্য কামিনী বলিলেন, হে গোপিকাগণ; আমাদের আর কৃষ্ণকথায় প্রয়োজন কি? অন্য বিষয়ের আলোচনা কর! আমাদের বিষয় স্মরণ না

ইতি প্রহসিতং শৌরের্জল্পিতং চারুবীক্ষিতং।
গতিং প্রেমপরিষ্বঙ্গং স্মরন্ত্যো রুরুদুঃ স্ত্রিয়ঃ ॥ ৯ ॥
সঙ্কর্ষণস্তাঃ কৃষ্ণস্য সন্দেশৈর্হৃদয়ঙ্গমৈঃ।
সান্ত্বয়ামাস ভগবান্ নানানুনয়কোবিদঃ ॥ ১০ ॥
দ্বৌ মাসৌ তত্র চাবাৎসীৎ মধুং মাধবমেবচ।

অন্বয়ঃ।

ইতি এবং বদন্ত্যঃ শৌরেঃ কৃষ্ণস্য, প্রহসিতং জল্পিতং চারুবীক্ষিতং গতিং প্রেমপরিষ্বঙ্গং চ স্মরন্ত্যঃ সর্ব্বাঃ স্ত্রিয়ঃ রুরুদুঃ ॥ ৯ ॥

নানানুনয়কোবিদঃ (নানাবিধেষু অনুনয়েষু সান্ত্বনেষু কোবিদঃ নিপুণঃ) ভগবান্ সঙ্কর্ষণঃ হৃদয়ঙ্গমৈঃ মনোহরৈঃ বিশ্বাসজনকৈঃ, সন্দেশৈঃ তাঃ গোপ্যঃ সান্ত্বয়ামাস ॥ ১০ ॥

তথা ক্ষপাস্তু রাত্রিষু, গোপীনাং রতিং আবহন্ প্রীতিং কুর্ব্বন্, ভগবান্ রামঃ মধুং চৈত্রং,

শ্রীধরস্বামী।

দুঃখেন ইত্যেতাবানেব বিশেষ ইতি ধ্বনিতং ॥ ৯ ॥

নানাবিধেষু অনুনয়েষু কোবিদঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতীতি স্বীয়সুধারসময়প্রহসিতাদিশল্যপঞ্চকেন তাসাং হৃদয়ং বিদ্ধা কৃষ্ণচন্দ্রেণ গতং অতস্তাঃ কথং জীবন্ত কথং বা ম্রিয়ন্তামিতি শ্রীবলদেবাগ্রেঽপি বিহ্বলীভূয় রুরুদুরেব ॥ ৯ ॥

কৃষ্ণস্য সন্দেশৈরিতি উদ্ধবস্য দাস্যভাবঃ সঙ্কর্ষণস্য বাৎসল্যভাবশ্চ কৃষ্ণেন ন গণিতঃ। কিন্তুভয়োরনয়োঃ সখ্যভাব এব সন্দেশপ্রেষণহেতুরভূদিতি জ্ঞেয়ং। বহুবচনেন কশ্চিৎ সন্দেশো জ্ঞানগর্ভঃ কশ্চিদনুনয়গর্ভঃ কশ্চিৎ প্রভাবগর্ভ ইত্যেবং বহব এব সন্দেশাঃ। হৃদয়ঙ্গমৈরিতি রহস্যত্বাৎ সর্ব্বত্রপ্রকাশয়িতুমনর্হৈরিতি ভাবঃ। নানানুনয়কোবিদ ইতি ভো বৎসাঃ সমাশ্বসিত সাম্প্রতমহমেব দ্বারবতীং গত্বা বলাদেব তমিহানেষ্যামি নাহমুদ্ধব ইব তদধীন এব কেবলমিতি স্বপ্রৌঢ়িজ্ঞাপক ইত্যর্থঃ ॥ ১০ ॥

করিয়া তাঁহার দিবস যদি সুখে অতিবাহিত হয়, তাহা হইলে তাঁহার সম্বন্ধ বিস্মৃত হইয়া, আমাদের দিবসও না হয় দুঃখে অতিবাহিত হইবে! দিবস অতিবাহিত হইবার পক্ষে কোন সন্দেহ নাই ॥

এই প্রকারে পরস্পরে আলোচনা করিতে করিতে গোপবনিতাগণ শ্রীকৃষ্ণের মধুর হাস্য, গুহ্যভাষণ, মোহন দৃষ্টি, গতি ও প্রেমালিঙ্গনাদি স্মরণ করত রোদন করিতে লাগিলেন ॥ ৯ ॥

নানাপ্রকারে সান্ত্বনা বাক্যের প্রয়োগ কার্য্যে বিলক্ষণ পারদর্শী ভগবান্ সঙ্কর্ষণ বিশ্বাসজনক বিবিধ হৃদয়ঙ্গম সংবাদের উল্লেখে সেই গোপললনাগণকে যথেষ্ট সন্তুষ্ট করিলেন ॥ ১০ ॥

রামঃ ক্ষপাসু ভগবান্ গোপীনাং রতিমাবহন্ ॥ ১১ ॥
পূর্ণচন্দ্রকলামৃষ্টে কৌমুদীগন্ধবায়ুনা।
যমুনোপবনে রেমে সেবিতে স্ত্রীগণৈর্বৃতঃ ॥ ১২ ॥
বরুণপ্রেষিতা দেবী বারুণী বৃক্ষকোটরাৎ।
পতন্তী তদ্বনং সর্ব্বং সুগন্ধেনাধ্যবাসয়ৎ ॥

অন্বয়ঃ।

মাধবং বৈশাখং চ ইতি এতৌ দ্বৌ মাসৌ তত্র ব্রজে অবাৎসীৎ ॥ ১১ ॥

পূর্ণচন্দ্রকলামৃষ্টে (পূর্ণচন্দ্রস্য কলাভিঃ মরীচিভিঃ আমৃষ্টে উজ্জ্বলে) কৌমুদীগন্ধবায়ুনা (কৌমুদীশব্দেন তদ্বিকসিতানি কুমুদানি কুমুদগন্ধবায়ুনা) সেবিতে যমুনায়াঃ উপবনে স্ত্রীগণৈঃ (কৃষ্ণক্রীড়াসময়ে অতিবালাভিঃ অনুৎপন্নাভিঃ সহ) বৃতঃ সন্ রামঃ রেমে ॥ ১২ ॥

বরুণপ্রেষিতা (বরুণেন প্রেষিতা) তস্য কন্যা দেবী বারুণী মদিরাধিষ্ঠাত্রী দেবতা, বৃক্ষকোটরাৎ পতন্তী অধঃস্রবন্তী স্বগন্ধেন সর্ব্বং এব তদ্বনং অধ্যবাসয়ৎ সুগন্ধীচকার ॥

শ্রীধরস্বামী।

মধুং চৈত্রং। মাধবং বৈশাখং। গোপীনাং রতিমিতি শ্রীকৃষ্ণক্রীড়াসময়েঽনুৎপন্নানাং অতিবালানাঞ্চান্যাসামিত্যভিযুক্তপ্রসিদ্ধিঃ ॥ ১১ ॥

পূর্ণচন্দ্রস্য কলাভির্মরীচিভি রামৃষ্টে উজ্জ্বলে। কৌমুদীগন্ধবায়ুনা কুমুদ্বতীনাং গন্ধবাতেন সেবিতে। যদ্বা। কৌমুদীশব্দেন তদ্বিকসিতানি কুমুদানি লক্ষ্যন্তে কুমুদগন্ধবায়ুনেত্যর্থঃ ॥ ১২

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মধুং চৈত্রং মাধবং বৈশাখং। গোপীনাং রতিমিতি শ্রীকৃষ্ণক্রীড়াসময়েঽনুৎপন্নানামতিবালানাঞ্চান্যাসামিত্যভিযুক্তপ্রসিদ্ধিরিতি শ্রীস্বামিচরণাঃ। শঙ্খচূড়বধসময়হোরিকাক্রীড়ায়াং যাঃ কৃষ্ণপ্রেয়সীসংবলিততয়া রামপ্রেয়স্যোঽপি নির্দ্দিষ্টাস্তাসামেবেতাস্মৎপ্রভুচরণাঃ ॥ ১১ ।

পূর্ণচন্দ্রস্য কলাভিঃ কৌমুদীভিরামৃষ্টে উজ্জ্বলে। কৌমুদীনাং কৌমুদীবিকসিতত্বাৎ কুমুদ্বতীনাং গন্ধবদ্বায়ুনা সেবিতে যমুনোপবনে শ্রীরামষট্টতয়া প্রসিদ্ধে স্থলে কিন্তু যত্র শ্রীকৃষ্ণেন রাসক্রীড়া কৃতা তৎস্থলমপি রামেণ দূরতঃ পরিহৃতং ॥ ১২ ॥

এবং রাত্রিকালে গোপীগণের প্রীতিবর্দ্ধন পূর্ব্বক মধু ও মাধব অর্থাৎ চৈত্র ও বৈশাখ নামক মাসদ্বয় সেই ব্রজপুরেই অতিবাহিত করিলেন ॥ ১১ ॥

পূর্ণ-শশধরের পবিত্র জ্যোৎস্নাতে আলোকিত এবং প্রফুল্ল কুমুদের মধুর সৌরভে আমোদিত যমুনার মনোহর উপবনে প্রবেশ করিয়া, বলরাম তৎকালে লব্ধযৌবনা ব্রজবনিতাগণে পরিবৃত হইয়া রমণ করিয়াছিলেন ॥ ১২ ॥

ইত্যবসরে বরুণদেবও স্বীয় কন্যা বারুণী দেবীকে তথায় প্রেরণ করিলেন। মদিরাধিষ্ঠাত্রী উক্ত দেবী বারুণী বলরামের প্রীতি-বর্দ্ধনার্থ মদিরারূপে

তং গন্ধং মধুধারায়া বায়ুনোপহৃতং বলঃ।
আঘ্রায়োপাগতস্তত্র ললনাভিঃ সমং পপৌ ॥ ১৩ ॥
উপগীয়মানচরিতো বনিতাভির্হলায়ুধঃ।
বনেষু ব্যচরৎ ক্ষীবো মদবিহ্বললোচনঃ ॥ ১৪ ॥
স্রগ্ব্যেককুণ্ডলো মত্তো বৈজয়ন্ত্যা চ মালয়া।
বিভ্রৎ স্মিতমুখাম্ভোজং স্বেদপ্রালেয়ভূষিতং।

অন্বয়ঃ।

বায়ুনা উপহৃতং স্বঘ্রাণং প্রতি আনীতং, তং মধুধারায়াঃ গন্ধং, আঘ্রায় তত্র আগতঃ বলঃ বলরামঃ, ললনাভিঃ স্ত্রীভিঃ, সমং সহ, তাং বারুণীং, মদিরাং, পপৌ ॥ ১৩ ॥

(দেবগন্ধর্ব্বাদিভিঃ) উপগীয়মানচরিতঃ (উপগীয়মানং চরিতং যস্য সঃ) ক্ষীবঃ উন্মত্তঃ, মদেন বিহ্বলে লোচনে যস্য সঃ হলায়ুধঃ বলভদ্রঃ, বনিতাভিঃ সহ বনেষু ব্যচরৎ ॥ ১৪ ॥

স্রগ্বী পুষ্পমালাপরিবীতাঙ্গঃ, এককুণ্ডলঃ (একং এব কুণ্ডলং যস্য সঃ) মত্তঃ স্বভাবতঃ মত্তসদৃশঃ, বৈজয়ন্ত্যা নবরত্নখচিতয়া আপাদলম্বিন্যা, মালয়া (অলঙ্কৃতঃ) স্বেদপ্রালেয়-

শ্রীধরস্বামী।

বারুণী সুধয়া সহোৎপন্না মদিরা ॥ ১৩ ॥　　ক্ষীবো মত্তঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবী তন্মদিরাধিষ্ঠাত্রী বারুণী বরুণকন্যা সৈব বৃক্ষকোটরাৎ কদম্বকুহরান্ধারারূপেণ পতন্তী। তথাচ হরিবংশে তং প্রতি তস্যা বাক্যং। সমীপং প্রেষিতা পিত্রা বরুণেন তবানঘেতি। বারুণীয়ং সুধয়া সহোৎপন্না মদিরেতি শ্রীস্বামিচরণাঃ। অধ্যবাসয়ৎ সর্ব্বতোঽপ্যধিকং সুগন্ধীচকার ॥ ১৩ ॥ ১৪ ॥

বৃক্ষের কোটর হইতে ক্ষরিত হইয়া, মধুর গন্ধে সমস্ত উপবন আমোদিত করিলেন ॥

গন্ধবহ মদিরাগন্ধ বহনে বলদেবের সমীপবর্ত্তী হইলে, হলধর গন্ধের অনুসরণে বৃক্ষের সন্নিধানে গমন করিলেন এবং রমণীগণ সহ সেই মদিরা পর্য্যাপ্ত পরিমাণে পান করিলেন ॥ ১৩ ॥

বলরাম মদিরা পানে মত্ত ও মদ-বিহ্বল-লোচন হইয়া, বনিতাগণ সহ উপবনে বিহার করিতে লাগিলেন ; এতদ্দর্শনে দেবতা ও গন্ধর্ব্বগণ ভগবান্ বলদেবের মহিমা কীর্ত্তন করিয়াছিলেন ॥ ১৪ ॥

গলদেশে পুষ্পমালা ধারণ করত এককুণ্ডলধারী স্বভাবত মত্তের ন্যায় পরিদৃশ্যমান ভগবান্ বলরাম মণিরত্ন-খচিত আপাদলম্বিনী মালা ধারণে ও হিম-শিকরের ন্যায় স্বেদকণা-ভূষিত সহাস্য-মুখপদ্মের প্রদর্শনে জলক্রীড়ার

স আজুহাব যমুনাং জলক্রীড়ার্থমীশ্বরঃ ॥ ১৫ ॥
নিজং বাক্যমনাদৃত্য মত্ত ইত্যাপগাং বলঃ।
অনাগতাং হলাগ্রেণ কুপিতো বিচকর্ষ হ ॥ ১৬ ॥
পাপে ত্বংমামনাদৃত্য যন্নায়াসি ময়াহুতা।
নেষ্যে ত্বাং লাঙ্গলাগ্রেণ শতধা কামচারিণীং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

ভূষিতং (স্বেদঃ এব প্রালেয়ং হিমং তেন ভূষিতং যুক্তং স্মিতমুখাম্ভোজং বিভ্রাণঃ এব সঃ ঈশ্বরঃ বলরামঃ জলক্রীড়ার্থং যমুনাং আজুহাব ॥ ১৫ ॥

তদা চ মত্তঃ অয়ং ইতি মত্বা নিজং বাক্যং অনাদৃত্য অনাগতাং তাং আপগাং নদীং, কুপিতঃ সন্ বলঃ বলরামঃ হলাগ্রেণ বিচকর্ষ উবাচ চ ॥ ১৬ ॥

হে পাপে! যৎ যস্মাৎ ত্বং ময়া আহুতা আহূতা, অপি মাং অনাদৃত্য অবজ্ঞায়, ন আয়াসি অতঃ কামচারিণীং ইচ্ছাচারিণীং, ত্বাং লাঙ্গলাগ্রেণ শতধা নেষ্যে শতকুল্যাবতীং করিষ্যে, ইতি ভৎর্সিতবান্ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

স্বেদ এব প্রালেয়ং হিমং তেন ভূষিতং ॥ ১৫ ॥
মত্তোঽয়মিত্যনাদৃত্যানাগতাং আপগাং নদীং ॥ ১৬ ॥
আহুতা আহূতা। যদ্‌যস্মান্নায়াসি নাগচ্ছসি। নেষ্যে আনয়িষ্যামি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বেদ এব প্রালেয়ং হিমং তেন ভূষিতং ॥ ১৫ ॥
মত্ত ইতি মত্তস্য বচনং ন প্রমাণং যতো নদীমপি মামাহ্বয়তে মদীয়জলে বিজিহীর্ষা চেৎ স্বয়মায়াতু ইত্যনাদৃত্যানাগতাং ॥ ১৬ ॥
আহুতা আহূতা। যমুনা বাচমুবাচেতি যমুনেয়ং নদীরূপা সমুদ্রভার্য্যা কালিন্দ্যা বিভূতি-

---

নিমিত্ত যমুনাকে আপন সমীপে আহ্বান করিলেন ॥ ১৫ ॥

যমুনা কিন্তু বলরামকে মত্ত মনে করিয়া, তাঁহার সম্বোধনে কর্ণপাত করিলেন না। অনুমতি মাত্রে যমুনাকে আত্মসমীপে আগমন করিতে না দেখিয়া, হলায়ুধ ক্রোধে কম্পিত-কলেবর হইলেন এবং তৎক্ষণাৎ হলাগ্রের দ্বারা যমুনাকে আকর্ষণ করত বলিলেন ॥ ১৬ ॥

রে পাপিয়সি! আমি তোমাকে সাদরে মৎসমীপে আহ্বান করিলেও যখন তুমি আমার বাক্যকে উপেক্ষা করিয়া আমার নিকটে উপস্থিত হও নাই, স্বীয় ইচ্ছানুসারে অবস্থান করিতেছ, তখন এই লাঙ্গলের আকর্ষণে অদ্য তোমাকে শতধা বিদীর্ণ করত, শত-স্রোতে বিভক্ত করিব। এই প্রকার তিরস্কার

এবং নির্ভৎসিতা ভীতা যমুনা যদুনন্দনং।
উবাচ চকিতা বাচং পতিতা পাদয়োর্নৃপ ॥ ১৮ ॥
রাম রাম মহাবাহো ন জানে তব বিক্রমং।
যস্যৈকাংশেন বিধৃতা জগতী জগতঃ পতে ॥
পরং ভাবং ভগবতো ভগবন্মামজানতীং।
মোক্তুমর্হসি বিশ্বাত্মন্ প্রপন্নাং ভক্তবৎসল ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

ইতি এবং নির্ভৎসিতা অতঃ ভীতা চকিতা প্রকম্পিতা, যমুনা বলরামস্য পাদয়োঃ পতিতা সতী হে নৃপ! যদুনন্দনং উবাচ ॥ ১৮ ॥

হে রাম! হে মহাবাহো রাম! যস্য তব একাংশেন জগতী পৃথ্বী, বিধৃতা হে জগতঃ পতে! তস্য তব বিক্রমং অহং ন জানে ॥

হে ভক্তবৎসল ভগবন্! হে বিশ্বাত্মন্! ভগবতঃ তব পরং ভাবং অজানতীং অধুনা প্রপন্নাং মাং মোক্তুং অর্হসি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

চকিতা কম্পিতা ॥ ১৮ ॥ একাংশেন শেষাখ্যেন ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞেয়া নতু সা। তথাচ হরিবংশে। প্রত্যুবাচার্ণববধূমিতি ॥ ১৭ ॥ ১৮ ॥

বাক্যে বলরাম যমুনাকে আকর্ষণ করিলে ॥ ১৭ ॥

যমুনা ভয়ে কম্পিত-কলেবরা হইলেন এবং হে নরনাথ! তৎক্ষণাৎ বলরামের চরণোপান্তে নিপতিতা হইয়া, বলরামকে কাতরকণ্ঠে বলিলেন ॥ ১৮

হে মহাবাহো বলরাম! পূর্ব্বে আমি আপনার প্রভাব কিছুই অবধারণ করিতে পারি নাই! আপনি যে জগৎপালক প্রভু পরমেশ্বর এবং আপনার এক পাদেই যে এই বিশ্ব ব্রহ্মাণ্ড রচিত হইয়াছে এবং তিন পাদে আপনি স্বরূপে অবস্থান করিতেছেন, এক্ষণে তাহা বিশেষরূপে অবগত হইলাম ॥

আপনি বিশ্বব্যাপী অন্তরাত্মা! হৃদয়ের ভাব সকলই অবগত আছেন। আমি মূর্খা! অনভিজ্ঞতা-নিবন্ধনই এইরূপ আপনার আজ্ঞার উল্লঙ্ঘনে অন্যথা-চরণ করিয়াছি! অতএব ক্ষমা প্রদর্শনে আমাকে এক্ষণে পরিত্যাগ করুন্! আমি আপনার একান্ত শরণাগত! ভক্তের দুঃখ বিমোচন করাই আপনার প্রধান ব্রত; আমাকে রক্ষা করুন্ ॥ ১৯ ॥

যমুনার কাতর প্রার্থনায় ভগবান্ বলভদ্র শান্ত হইয়া তাঁহাকে পরিত্যাগ করিলেন এবং হস্তিনীগণে পরিবৃত মত্ত গজরাজ যেমন ক্রীড়া করে, ভগবান্

ততো ব্যমুঞ্চদ্‌যমুনাং যাচিতো ভগবান্ বলঃ।
বিজগাহ জলং স্ত্রীভিঃ করেণুভিরিবেভরাট্ ॥ ২০ ॥
কামং বিহৃত্য সলিলাদুত্তীর্ণায়াসিতাম্বরে।
ভূষণানি মহার্হাণি দদৌ কান্তিঃ শুভাং স্রজং ॥ ২১ ॥
বসিত্বা বাসসী নীলে মালামামুচ্য কাঞ্চনীং।
রেজে স্বলঙ্কৃতো লিপ্তো মাহেন্দ্র ইব বারণঃ ॥

অন্বয়ঃ।

এবং যাচিতঃ প্রার্থিতঃ, ভগবান্ বলঃ যমুনাং ব্যমুঞ্চৎ; ততঃ করেণুভিঃ সার্দ্ধং ইভরাট্ মত্তো গজঃ, ইব স্ত্রীভিঃ সার্দ্ধং জলং বিজগাহ প্রবিশ্য চিক্রীড়ে ॥ ২০ ॥

কামং যথেচ্ছং, বিহৃত্য সলিলাৎ জলাৎ উত্তীর্ণায় বহিঃ নির্গতায়, রামায় কান্তিঃ লক্ষ্মীঃ, অসিতাম্বরে (অসিতে নীলে অম্বরে) মহার্হাণি অনর্ঘ্যাণি, ভূষণানি, শুভাং স্রজং অম্লানশ্রিয়ং মালাং, চ দদৌ ॥ ২১ ॥

নীলে বাসসী বসিত্বা পরিধায়, তথা কাঞ্চনীং স্বর্ণময়ীং, মালাং আমুচ্য কণ্ঠে নিধায়, তথা অন্যৈঃ ভূষণৈঃ স্বলঙ্কৃতঃ (চন্দনাদিনা) লিপ্তঃ রামঃ মাহেন্দ্রঃ বারণঃ ঐরাবতঃ, ইব বনে রেমে ইতি ॥

শ্রীধরস্বামী।

বিজগাহ অবগাহং কৃতবান্ ॥ ২০ ॥

উত্তীর্ণায় নির্গতায় অসিতাম্বরাদীনি কান্তির্দদৌ। কান্তির্লক্ষ্মীঃ। যথোক্তং বৈষ্ণবে। বরুণপ্রহিতাং চাস্মৈ মালামম্লানপঙ্কজাং। সমুদ্রজে তথা বস্ত্রে নীলে লক্ষ্মীরযচ্ছতেতি। হরিবংশেচ। বলং প্রতি লক্ষ্মীবাক্যং। জাতরূপময়ঞ্চৈকং কুণ্ডলং বজ্রভূষণং। আদিপদ্মঞ্চ পদ্মাখ্যং দিব্যং শ্রবণভূষণং। দেবেমাং প্রতিগৃহ্নীষ পৌরাণীং ভূষণক্রিয়ামিত্যাদি ॥ ২১

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একাংশেন শেষাখ্যেন। পরং ভাবং মহাসঙ্কর্ষণত্বস্বরূপং ত্বৎস্বরূপং ॥ ১৯ ॥ ২০ ॥

কান্তির্লক্ষ্ম্যা মূর্ত্তিবিশেষঃ। যদুক্তং বৈষ্ণবে। বরুণপ্রেষিতাকাঞ্চাস্মৈ মালামম্লানপঙ্কজাং। সমুদ্রজে তথা বস্ত্রে নীলে লক্ষ্মীরযচ্ছতেতি। ইয়মেব দ্বিতীয়ব্যূহস্য সঙ্কর্ষণস্য স্ত্রীতি প্রাহুঃ ॥ ২১ ॥

বসিত্বা পরিধায়। আমুচ্য কণ্ঠে নিধায়। লিপ্তশ্চন্দনেন। বারণ ঐরাবতঃ ॥

বলরামও ললনাগণে পরিবৃত হইয়া, সেইরূপ জলাবগাহন পূর্ব্বক জলক্রীড়া আরম্ভ করিলেন ॥ ২০ ॥

এই প্রকারে যথেচ্ছ বিহার করিবার পর, তিনি সলিল হইতে তীরে উঠিলেন; তখন কমলা অতি আদর সহকারে বলরামকে নীল বসন দ্বয়, মহামূল্য আভরণ এবং অম্লানশ্রীঃ মালা প্রদান করিলেন ॥ ২১ ॥

অদ্যাপি দৃশ্যতে রাজন্ যমুনাকৃষ্টবর্ত্মনা।
বলস্যানন্তবীর্য্যস্য বীর্য্যং সূচয়তীব হি ॥ ২২ ॥
এবং সর্ব্বা নিশা যাতা একেব রমতো ব্রজে।
রামাস্যাক্ষিপ্তচিত্তস্য মাধুর্য্যৈ র্ব্রজযোষিতাং ॥ ২৩ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে বলদেববিজয়ে যমুনাকর্ষণং পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬৫ ॥ * ॥

অন্বয়ঃ।

হে রাজন্! অনন্তবীর্য্যস্য (অনন্তং বীর্য্যং যস্য তস্য) বলস্য বীর্য্যং সূচয়তী এব হি আকৃষ্টবর্ত্মনা হলাকৃষ্টমার্গেন, স্পন্দমানা যমুনা অদ্যাপি দৃশ্যতে ॥ ২২ ॥

ব্রজযোষিতাং মাধুর্য্যৈঃ বিলাসৈঃ, আক্ষিপ্তং চিত্তং যস্য তস্য এবং ব্রজে রমতঃ রামস্য সর্ব্বাঃ নিশাঃ একা ইব যাতাঃ অতীতাঃ বভূবুঃ ॥ ২৩ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চ ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

ধৃত্বা পরিধায়। আমুচ্য কণ্ঠে নিধায়। চন্দনাদিভিরালিপ্তঃ ॥ ২২ ॥

একেব একা নিশা যথা। মাধুর্য্যৈর্বিলাসৈঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি দশম পঞ্চষষ্টিতমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আকৃষ্টবর্ত্মনা উপলক্ষিতা ॥ ২২ ॥

একেবেতি প্রতিরজনি নবনবায়মানানুভবাৎ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চষষ্টিতমোঽধ্যায়ো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

নীলবর্ণ পরিধেয় বস্ত্র ও উত্তরীয় গ্রহণ পূর্ব্বক স্বর্ণময়ী মালা কণ্ঠে ধারণ করিলেন; এবং অন্যান্য আভরণ ধারণে ও চন্দনাদি সুগন্ধ দ্রব্য লেপনে মহামনা বলরাম বাসবের ঐরাবতের ন্যায়, সেই বনমধ্যে বিহার করিতে লাগিলেন।

হে রাজন্! অনন্তবীর্য্য বলরামের তাদৃশ বীর্য্যের পরিচয়ার্থ যমুনা অদ্যাবধি সেই লাঙ্গলাকৃষ্ট-মার্গে বিভক্ত স্রোতস্বতীরূপে পরিলক্ষিত হইতেছে ॥ ২২ ॥

ব্রজনারীগণের হাব ভাব ও বিলাস-বশে আকৃষ্টচিত্ত ভগবান্ বলরাম এরূপ নিবিষ্ট-হৃদয়ে সেই স্থানে বিহার করিয়াছিলেন যে, দুই মাসের রজনীও নিত্য অভিনব বেশে তাঁহার নিকট একা রাত্রীর ন্যায় অতিবাহিত হইয়াছিল ॥ ২৩ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শ্রীশুক উবাচ ॥

নন্দব্রজং গতে রামে করূষাধিপতির্নৃপ।
বাসুদেবোঽহমিত্যজ্ঞো দূতং কৃষ্ণায় প্রাহিণোৎ ॥ ১ ॥
ত্বং বাসুদেবো ভগবানবতীর্ণো জগৎপতিঃ।
ইতি প্রস্তোভিতো বালৈর্মেনে আত্মানমচ্যুতং ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! রামে নন্দব্রজং গতে সতি অজ্ঞঃ মূর্খঃ করূষাধিপতিঃ করূষদেশাধিপতিঃ পৌণ্ড্রকঃ, অহং বাসুদেবঃ ইতি মত্বা কৃষ্ণায় দূতং প্রাহিণোৎ প্রেরিতবান্ ॥ ১ ॥

জগৎপতিঃ ভগবান্ বাসুদেবঃ এব ত্বং অবতীর্ণঃ ইতি বালৈঃ প্রস্তোভিতঃ স্তুত্যা মুধৈব প্রোৎসাহিতঃ, সঃ করূষাধিপতিঃ আত্মানং অচ্যুতং ইতি মেনে ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ষড়্যুক্ ষষ্টিতমে কাশীং গত্বাহন্ পৌণ্ড্রকং হরিঃ। তন্মিত্রঞ্চ ততো বৃত্তং সুদক্ষিণবধাদিকং ॥ ১ ॥

প্রস্তোভিতঃ স্তুত্যা প্রোৎসাহিতঃ। বালৈরজ্ঞৈঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষট্ষষ্টিতম ঐশ্বর্য্যং পৌণ্ড্রকস্যাদাদীশ্বরঃ।
তত্তন্মিত্রঞ্চ তৎপুত্রঃ কাশ্যদহত চারিণা ॥ * ॥

নন্দব্রজং গতে সতি রাম ইতি কৃষ্ণমেকাকিনং মত্বেতি ভাব। বাসুদেবোঽহমিতি মত্বেতি শেষঃ ॥ ১ ॥

প্রস্তোভিতঃ স্তুত্যা প্রোৎসাহিতঃ। দূতঞ্চ প্রাহিণোদিতি তস্যাতিনির্বুদ্ধিত্বেন বিস্ময়াৎ পুনরুক্তিঃ। বালকৃতঃ ক্রীড়ায়াং বালৈর্নৃপত্বেন কল্পিতঃ। কশ্চিদ্বালো যথা ॥ ২ ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! বলরাম ক্রীড়ার্থ নন্দব্রজে গমন করিলে, করূষদেশের অধিপতি রাজা পৌণ্ড্রক আপনাকে সাক্ষাৎ বাসুদেব মনে করত শ্রীকৃষ্ণের সন্নিধানে একজন দূত প্রেরণ করিয়াছিল ॥ ১ ॥

কারণ তত্রত্য বালকগণ কৌতুক করত বৃথা উৎসাহ বাক্যের প্রয়োগে তাহাকে বলিত যে, আপনিই জগৎপতি ভগবান্ বাসুদেবের মূর্ত্তিতে অবতীর্ণ হইয়াছেন। ঐ নির্ব্বোধ পৌণ্ড্রকও বালকগণের কল্পিত উৎসাহ-বাক্যে এতই উত্তেজিত হইয়াছিল যে, সে প্রকৃত প্রস্তাবেই আপনাকে অচ্যুত বলিয়া জ্ঞান করিতে লাগিল ॥ ২ ॥

আভাস।

ষট্ষষ্টিতম অধ্যায়ে শ্রীকৃষ্ণ কাশীতে গমন করিয়া পৌণ্ড্রককে এবং তাহার মিত্র কাশীরাজকে বধ করত তদীয় পুত্র সুদক্ষিণকে বধ করেন, এইরূপ বর্ণিত আছে ॥

দূতঞ্চ প্রাহিণোন্মন্দঃ কৃষ্ণায়াব্যক্তবর্ত্মনে।
দ্বারকায়াং যথা বালো নৃপো বালকৃতোঽবুধঃ॥
দূতস্তু দ্বারকামেত্য সভায়ামাস্থিতং প্রভুং।
কৃষ্ণং কমলপত্রাক্ষং রাজসন্দেশমব্রবীৎ॥
বাসুদেবোঽবতীর্ণোঽহমেক এব নচাপরঃ।
ভূতানামনুকম্পার্থং ত্বন্তু মিথ্যাভিধাং ত্যজ॥

অন্বয়ঃ।

যথা অবুধঃ বালঃ ক্রীড়ায়াং (বালৈঃ এব কৃতঃ) বালকৃতঃ, নৃপঃ (নৃপত্বেন কল্পিতঃ আত্মানং নৃপং মন্যতে তথা) সঃ মন্দঃ মন্দবুদ্ধিঃ, বাসুদেবোঽহমিতি মত্বা দ্বারকায়াং বিদ্যমানায় অব্যক্তবর্ত্মনে (অব্যক্তং বর্ত্ম যস্য তস্মৈ) কৃষ্ণায় দূতং চ প্রাহিণোৎ প্রেরয়ামাস॥

দূতঃ তু দ্বারকাং এত্য সভায়াং সুধর্ম্মায়াং আস্থিতং কমলপত্রাক্ষং প্রভুং কৃষ্ণং রাজসন্দেশং (রাজ্ঞঃ পৌণ্ড্রকস্য সন্দেশং কথনীয়াং বার্ত্তাং) অব্রবীৎ॥

ভূতানাং প্রাণিনাং, অনুকম্পার্থং অনুগ্রহার্থং অহং এব একঃ বাসুদেবঃ বাসুদেবত্বেন অবতীর্ণঃ; ত্বং তু মিথ্যা এব অভিধাং ধৎসে অতঃ তাং ত্যজ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্লোকদ্বয়স্য সরস্বত্যা অভিমতো বাস্তবার্থো যথা। অবতীর্ণ ইতি ভাগুরিমতেঽকারলোপে সতি পুনর্নঞোঽকারঃ। বাসুদেবোঽহং নাবতীর্ণঃ কিন্তু ভূতানামনুকম্পার্থং ত্বমেক এব বাসুদেবো নান্যঃ। অতঃ শুক্তৌ রজতস্যেব ময়ি যা মিথ্যাভিধা তাং ত্যজ ত্যাজয়েত্যর্থঃ। অতএব ভগবতা প্রতি বক্ষ্যতে ত্যাজয়িষ্যেঽভিধানমিতি॥

অবোধ বালকগণ ক্রীড়াকালে আপনাদের মধ্যে কোন বালককে রাজা সাজাইয়া যেমন ক্রীড়া করে এবং সেই কল্পিত রাজা বালকও যেমন তৎকালে আপনাকে রাজা মনে করিয়া, তদনুসারে বয়স্যগণের সহিত আচরণ করে, সেইরূপ এই মূর্খ পৌণ্ড্রকও বালকগণের উৎসাহে প্রকৃত প্রস্তাবে আপনাকে অচ্যুত মনে করিয়া, অব্যক্তপ্রভাব ভগবান্ শ্রীকৃষ্ণের নিকট দ্বারকায় দূত প্রেরণ করিল॥

দূত ও দ্বারকায় উপনীত হইয়া, সুধর্ম্মানাম্নী শ্রীকৃষ্ণের সভায় প্রবেশ করিল এবং তথায় সমাসীন কমললোচন কৃষ্ণের সন্নিধানে স্বীয় প্রভুর কথা নিবেদন করিয়া বলিল যে, মহারাজ পৌণ্ড্রক আপনাকে বলিয়াছেন যে॥—

"জগতে জীবগণের প্রতি বিশেষ অনুগ্রহের প্রকাশে আমি বাসুদেব রূপে অবতীর্ণ হইয়াছি। তুমি কেবল নিরর্থক আমার বাসুদেব নাম ধারণ কর মাত্র! অতএব অদ্য হইতে ঐ নাম তুমি পরিত্যাগ কর!"॥

যানি ত্বমস্মচ্চিহ্নানি মৌঢ্যাদ্বিভর্ষি সাত্বত।
ত্যক্ত্বৈহি মাং ত্বং শরণং নোচেদ্দেহি মমাহবং ॥
শ্রীশুক উবাচ ॥
কথনং তদুপাকর্ণ্য পৌণ্ড্রকস্যাল্পমেধসঃ।
উগ্রসেনাদয়ঃ সভ্যা উচ্চকৈ র্জহসুস্তদা ॥ ৩ ॥
উবাচ দূতং ভগবান্ পরিহাসকথামনু।

অন্বয়ঃ।

হে সাত্বত! ত্বং যানি অস্মচ্চিহ্নানি (অস্মাকং অসাধারণানি চিহ্নানি ধ্বজাদীনি মৌঢ্যাৎ বিভর্ষি তানি ত্যক্ত্বা মাং শরণং এহি আগচ্ছ, নোচেৎ অন্যথা, মম সহ আহবং যুদ্ধং দেহি যুদ্ধ্যস্ব ॥

শ্রীশুকঃ উবাচ। অল্পমেধসঃ মন্দভাগ্যস্য, পৌণ্ড্রকস্য তৎ কথনং দূতোক্তং, উপাকর্ণ্য শ্রুত্বা, উগ্রসেনাদয়ঃ সভ্যাঃ সভায়াং উপস্থিতাঃ জনাঃ, উচ্চকৈঃ জহসুঃ ॥ ৩ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণঃ অনু অনন্তরং, দূতং পরিহাসকথাং উবাচ। হে মূঢ়! যৈঃ কৃত্রিমৈঃ

শ্রীধরস্বামী।

বালকৃতো নৃপঃ বালৈ র্নৃপত্বেন ক্রীড়ায়াং পরিকল্পিতঃ ॥ ৩ ॥
হে মূঢ় উৎস্রক্ষ্যে ত্বয়ি প্রক্ষেপ্স্যামি যৈশ্চ সহ ত্বমেবং বিকত্থসে তেষপীত্যর্থঃ। যদ্বা।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৌঢ্যাদেব হেতোরস্মচ্চিহ্নানি কৃত্রিমশঙ্খচক্রাদীনি যানি বর্ত্ততে তানি বিভর্ষি। অস্মদ্বি-গ্রহাকরণাৎ ত্বমেব পালয়সি। নতু দূরীকরোষি এতদন্যায্যমিতি ভাবঃ। তস্মান্মাং ত্যক্ত্বা তানি চিহ্নানি ত্যাজয়িত্বা এহি মোক্ষদানার্থং কৃপয়া আগচ্ছ। নোহস্মাকমসুরাণাং মোক্ষ-দাতৃত্বাত্ত্বমেব শরণং সংসারাৎ রক্ষিতা চেত্তবসি তদা মম মহ্যং আহবং যুদ্ধং দেহি। যুদ্ধে মাং হত্বা মোক্ষং প্রাপয়েতি ভাবঃ ॥ ৩ ॥

হে মূঢ় চিহ্নানি উৎস্রক্ষ্যে ত্যাজয়িষ্যামীত্যর্থঃ। যদ্বা। চিহ্নানি স্বীয়সুদর্শনাদীনি

রে সাত্বত! সামান্য যাদবকুলে জন্ম পরিগ্রহ করিয়াই সর্ব্বভূতোপকারী বাসুদেব-রূপে জন্ম পরিগ্রহ করা তোমার পক্ষে কখনই সম্ভবপর নহে; অতএব লোক-বঞ্চনার্থ শঙ্খ, চক্র, গদা ও পদ্মাদি মদীয় অলৌকিক যে সকল চিহ্ন ধারণে তুমি জনসমাজে প্রতিষ্ঠার প্রার্থনা করিতেছ, সে সকল চিহ্ন সত্বর পরিত্যাগ করিয়া আমার শরণাগত হও! ইহার অন্যথা করিলে আমার সহিত যুদ্ধ করিয়া নিরর্থক লোকক্ষয় করিতে হইবে ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! দুর্ভাগা পৌণ্ড্রকের তাদৃশ দুরুক্তি শ্রবণে উগ্রসেনাদি সভাস্থগণ উচ্চকণ্ঠে হাস্য করিয়া উঠিলেন ॥ ৩ ॥

উৎস্রক্ষ্যে মূঢ় চিহ্নানি যৈস্ত্বমেবং বিকত্থসে ॥ ৪ ॥
মুখং তদপিধায়াজ্ঞ কঙ্ক-গৃধ্র-বটৈর্বৃতঃ।
শয়িষ্যসে হতস্তত্র ভবিতা শরণং শুনাং ॥ ৫ ॥
ইতি দূতস্তমাক্ষেপং স্বামিনে সর্ব্বমাহরৎ।
কৃষ্ণোঽপি রথমাস্থায় কাশীমুপজগামহ ॥

অন্বয়ঃ।

ধৃতৈঃ চিহ্নৈঃ ত্বং এবং বিকত্থসে আত্মানং শ্লাঘসে, তানি ত্বয়া ধৃতানি চিহ্নানি উৎস্রক্ষ্যে ত্যাজয়িষ্যামি ॥ ৪ ॥

হে অজ্ঞ! যেন ত্বং এবং বিকত্থসে তৎমুখং অপিধায়, ব্যাদায় কঙ্কগৃধ্রবটৈঃ পক্ষিবিশেষৈঃ, বৃতঃ যদা হতঃ সন্ শয়িষ্যসে তত্র রণভূমৌ ত্বং শুনাং শরণং ভবিতা ভবিষ্যসি; (ময়া হতং ত্বাং শৃগালাদয়ঃ খাদিষ্যন্তি ইতি ভাবঃ) ॥ ৫ ॥

ইতি এবং তৎ আক্ষেপং ভগবদুক্তং সর্ব্বং তিরস্কারবচনং দূতঃ স্বামিনে পৌণ্ড্রকায়, আহরৎ আগত্য নিবেদিতবান্; কৃষ্ণঃ অপি রথং আস্থায় কাশীং উপজগাম ॥

শ্রীধরস্বামী।

যৈঃ কৃত্রিমৈঃ সুদর্শনাদিভি ত্বমেবং শ্লাঘসে। তান্যুৎস্রক্ষ্যে ত্যাজয়িষ্যামি ॥ ৪ ॥

মাং শরণমেহীত্যস্যোত্তরং মুখমিতি। বটাঃ কঙ্কাদিবৎ পক্ষিবিশেষাঃ। কঙ্কাদিভির্বৃতঃ কঙ্কঃ পক্ষিবিশেষঃ তত্র তদা শুনাং শরণমাশ্রয়ো ভবিতাসি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উৎস্রক্ষ্যে ত্বয়ি প্রক্ষেপ্স্যামি। যৈঃ সহ ত্বমেবং বিকত্থসে তেষ্বপীত্যর্থঃ ॥ ৪ ॥

তখন ভগবান্ শ্রীকৃষ্ণ পরিহাসচ্ছলে দূতকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, সেই মূর্খ পৌণ্ড্রক যে সকল কৃত্রিম চিহ্ন ধারণে গর্ব্বিত হইয়া এরূপ দুরুক্তির প্রয়োগ করিয়াছে, আমি তাহার সেই সকল চিহ্নই পরিত্যাগ করাইব ॥ ৪ ॥

তাহার শরণাগত থাকিতে আমাকে হইবে না; সেই মূর্খ যে মুখের দ্বারা এই সকল আত্মাভিমানের পরিচয় দিয়াছে, সেই মুখকে ব্যাদন করিয়া কঙ্ক গৃধ্র ও বটাদিতে পরিবৃত হইয়া রণপ্রাঙ্গণে মৃত্যুশয্যায় যখন শয়ান থাকিবে, তখন সে শৃগাল ও কুকুরগণেরই আশ্রয়প্রদ অবশ্যই হইবে; সন্দেহ নাই। আমিই তাহার নিধনকারী উপস্থিত আছি ॥ ৫ ॥

দূত তখন স্বীয় প্রভু পৌণ্ড্রকের সমীপে উপস্থিত হইয়া কৃষ্ণ-কথিত যাবতীয় দুর্ব্বাক্যের বিষয় আনুপূর্ব্বিক বর্ণন করিল। এদিকে শ্রীকৃষ্ণ রথারোহণে পৌণ্ড্রকের তাৎকালিক বাসস্থান কাশীধামে যুদ্ধার্থ যাত্রা করিলেন ॥

পৌণ্ড্রকোঽপি তদুদ্যোগমুপলভ্য মহারথঃ।
অক্ষৌহিণীভ্যাং সংযুক্তো নিশ্চক্রাম পুরাদ্ দ্রুতং ॥ ৬ ॥
তস্য কাশীপতি র্মিত্রং পার্ষ্ণিগ্রাহোঽন্বয়ান্নৃপ।
অক্ষৌহিণীভিস্তিসৃভিরপশ্যৎ পৌণ্ড্রকং হরিঃ ॥
শঙ্খার্য্যাসিগদাশার্ঙ্গ শ্রীবৎসাদ্যুপলক্ষিতং।
বিভ্রাণং কৌস্তুভমণিং বনমালাবিভূষিতং ॥ ৭ ॥
কৌশেয় বাসসী পীতে বসানং গরুড়ধ্বজং।
অমূল্যমৌল্যাভরণং স্ফুরন্মকরকুণ্ডলং ॥

অন্বয়ঃ।

মহারথঃ পৌণ্ড্রকঃ অপি তস্য কৃষ্ণস্য যুদ্ধোদ্যোগং উপলভ্য দৃষ্ট্বা অক্ষৌহিণীভ্যাং সংযুক্তঃ মিলিতঃ সন্ দ্রুতং পুরাৎ নিশ্চক্রাম ॥ ৬ ॥

হে নৃপ! তস্য পৌণ্ড্রকস্য মিত্রং কাশীপতিঃ পার্ষ্ণিগ্রাহঃ পৃষ্ঠতঃ রক্ষকঃ সহায়ভূতঃ সন্ তিসৃভিঃ অক্ষৌহিণীভিঃ সহ অন্বয়াৎ অনুজগাম; তদা হরিঃ কৃষ্ণঃ পৌণ্ড্রকং দদর্শ ॥

শঙ্খার্য্যাদিভিঃ উপলক্ষিতং; (অরি অরযুক্তং চক্রং) কৌস্তুভমণিং চ বিভ্রাণং তথা বনমালাবিভূষিতং ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

কাশীমিতি পৌণ্ড্রকস্য তদা মিত্রপুরেঽবস্থানাৎ ॥ ৬ ॥
পার্ষ্ণিগ্রাহঃ পৃষ্ঠতো রক্ষকঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেন মুখেন সংপ্রত্যেবং ব্রূষে তন্মুখং অপিধায় আচ্ছাদ্য। বটাঃ কঙ্কাদিবৎ পক্ষিবিশেষাঃ। শুনাং শরণং ভবিতাসীতি স্বানস্ত্বাং সুখেন ভোক্ষ্যন্তে ইতি ভাবঃ ॥ ৫—৭ ॥

মহারথ পৌণ্ড্রকও শ্রীকৃষ্ণের যুদ্ধোদ্যোগের ব্যাপার অবলোকন করিয়া, সত্বর দুই অক্ষৌহিণী সেনায় পরিবৃত হইয়া কাশীপুর হইতে যুদ্ধার্থ নির্গত হইল ॥ ৬ ॥

হে রাজন্! পৌণ্ড্রক কৃষ্ণসহ যুদ্ধে গমন করিয়াছে শ্রবণ করিয়া, তদীয় মিত্র মহারাজ কাশীপতিও পৌণ্ড্রকের সাহায্যার্থ তিন অক্ষৌহিণী সেনা সঙ্গে লইয়া পশ্চাৎ পশ্চাৎ গমন করিল ॥

যুদ্ধক্ষেত্রে ভগবান্ শ্রীকৃষ্ণ পৌণ্ড্রককে শঙ্খ চক্র গদা ও পদ্মাদিতে বিভূষিত এবং গলদেশে কৌস্তুভমণি ও বনমালা ধারণে বাসুদেব মূর্ত্তিতে সজ্জিত লক্ষ্য করিলেন ॥ ৭ ॥

দৃষ্ট্বা তমাত্মনস্তুল্যং বেশং কৃত্রিমমাস্থিতং।
যথা নটং রঙ্গগতং বিজহাস ভৃশং হরিঃ॥
শূলৈর্গদাভিঃ পরিঘৈঃ শক্ত্যৃষ্টিপ্রাসতোমরৈঃ।
অসিভিঃ পট্টিশৈ র্বাণৈঃ প্রাহরন্নরয়ো হরিং॥ ৮॥
কৃষ্ণস্তু তৎপৌণ্ড্রককাশিরাজয়োর্বলং গজস্যন্দনবাজিপত্তিমৎ।

অন্বয়ঃ।

পীতে কৌশেয়ে (কীট-নির্ম্মিত-কোশ-জন্য-তন্তু-নির্ম্মিতে) বাসসী বসানং পরিদধানং, গরুড়ধ্বজং (কৃত্রিমঃ গরুড়ঃ ধ্বজে যস্য তং) অমূল্যমৌল্যাভরণং (অমূল্যঃ অনর্ঘ্যঃ মৌলিঃ অন্যানি আভরণানি চ যস্য তং) স্ফুরন্মকর-কুণ্ডলং (স্ফুরন্তৌ মকরাকারে কুণ্ডলে যস্য তং)॥

রঙ্গগতং (রঙ্গে নৃত্যস্থ-রাজাদিবেশধারিণং) নটং যথা তথা আত্মনঃ তুল্যং কৃত্রিমং বেশং আস্থিতং স্বীকৃতবন্তং, তং পৌণ্ড্রকং দৃষ্ট্বা হরিঃ ভৃশং বিজহাস॥

ততশ্চ অরয়ঃ শূলাদিভিঃ হরিং প্রাহরন্॥ ৮॥

যুগান্তে প্রলয়সময়ে, হুতভুক্ বহ্নিঃ, যথা পৃথক্‌প্রজাঃ জরায়ুজাদি-চতুর্বিধ-ভূতগ্রামান্, নাশয়তি তথা কৃষ্ণঃ তু পৌণ্ড্রককাশিরাজয়োঃ গজস্যন্দনবাজিপত্তিমৎ তৎ বলং গদাসি-

শ্রীধরস্বামী।

গরুড়ঃ কৃত্রিমো ধ্বজে যস্য তং। অমূল্যোঽনর্ঘ্যো মৌলিরাভরণঞ্চ যস্য॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গরুড়ঃ কৃত্রিমমূর্ত্তি র্ধ্বজে যস্য তং। অমূল্যঃ কৃত্রিমত্বাদল্পমূল্যো মৌলিরাভরণং যস্য তং॥ ৮॥

ঐ ব্যক্তি স্বয়ং পীতবর্ণ কৌশেয় বস্ত্র পরিধান ও উত্তরীয় গ্রহণ পূর্ব্বক, স্বীয় রথের ধ্বজার উপর একটী কৃত্রিম গরুড় প্রস্তুত করিয়া সন্নিবিষ্ট রাখিয়াছিল। এবং মহামূল্য কিরীট অনর্ঘ আভরণ ও মণিময় স্বচ্ছ কুণ্ডল ধারণ করত॥—

নৃত্যাদি রঙ্গমঞ্চে রাজাদির বেশ ধারণে উপস্থিত নটের ন্যায়, বাসুদেবানুরূপ কৃত্রিম বেশ অবলম্বনে উপনীত পৌণ্ড্রককে নয়নগোচর করিয়া, শ্রীকৃষ্ণ উচ্চকণ্ঠে হাস্য করিলেন॥

ইত্যবসরে পৌণ্ড্রক-পক্ষীয় শত্রুগণ শূল, গদা, পরিঘ, শক্তি, ঋষ্টি, প্রাস, তোমর, অসি, পট্টিশ ও বাণাদি বিবিধ অস্ত্রশস্ত্রের দ্বারা শ্রীকৃষ্ণকে প্রহার করিতে আরম্ভ করিল॥ ৮॥

প্রলয়-সময়ে কালানল যেমন জরায়ুজাদি চতুর্ব্বিধ জীব-জগৎকে বিনষ্ট করে, ভগবান্ শ্রীকৃষ্ণও গদা, অসি, চক্র এবং বাণের প্রহারে পৌণ্ড্রক এবং কাশিরাজের গজ, অশ্ব, রথ ও পদাতি-বিশিষ্ট চতুরঙ্গিণী সেনাকে একান্ত

গদাসিচক্রেষুভিরর্দ্দয়ং ভৃশং যথা যুগান্তে হুতভুক্ পৃথক্প্রজাঃ ॥ ৯ ॥
আযোধনং তদ্রথবাজিকুঞ্জরদ্বিপৎখরোষ্ট্রৈ রিণাবখণ্ডিতৈঃ।
বভৌ চিতং মোদবহং মনস্বিনামাক্রীড়নং ভূতপতেরিবোল্বণং ॥
অথাহ পৌণ্ড্রকং শৌরির্ভো ভোঃ পৌণ্ড্রক যদ্ভবান্।
দূতবাক্যেন মামাহ তান্যস্ত্রাণ্যুৎসৃজামি তে ॥

অন্বয়ঃ।

চক্রেষুভিঃ ভৃশং আর্দ্দয়ং পীড়য়ামাস ॥ ৯ ॥

অরিণা চক্রেণ, অবখণ্ডিতৈঃ রথবাজিকুঞ্জরদ্বিপৎ খরোষ্ট্রৈঃ চিতং ব্যাপ্তং, তৎ আযোধনং যুদ্ধস্থলং (কল্পান্তে) ভূতপতেঃ রুদ্রস্য, উল্বণং ভয়ঙ্করং, আক্রীড়নং ক্রীড়াস্থানং, ইব মনস্বিনাং শূরাণাং, মোদবহং হর্ষকরং, বভৌ ॥

অথ শৌরিঃ কৃষ্ণঃ, পৌণ্ড্রকং আহ ভোঃ ভোঃ পৌণ্ড্রক ! দূতবাক্যেন দূতমুখেন (যানি অস্মদস্ত্রাণি বিভর্ষি তানি ত্যজ ইতি) যৎ ভবান্ মাং আহ তানি অস্ত্রাণি তে তুভ্যং ত্বদ্বধার্থং উৎসৃজামি প্রক্ষিপামি ॥

শ্রীধরস্বামী।

গজস্যন্দনাদিচতুরঙ্গবলমর্দ্দিতবান্। পৃথক্প্রজাঃ চতুর্বিধভূতগ্রামং যথাযুগান্তাগ্নিরিতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হুতভুক্ প্রলয়াগ্নিঃ। পৃথক্ প্রজাঃ জরায়ুজাদিপৃথগ্‌ভেদপ্রজাঃ ॥ ৯ ॥
আয়োধনং যুদ্ধস্থানং রথাদিভিশ্চিতং ব্যাপ্তং। অরিণা চক্রেণ ॥
কাশিরাজস্য শিরসঃ কাশীমধ্যে নিক্ষেপে ইদং কারণমুন্নেয়ং। ভো ভোঃ কাশীস্থাঃ অদ্য শত্রোঃ শির এব কাশীমধ্যমানেষ্যামি মা অত্র সংশেধ্বমিতি প্রতিজ্ঞায়ৈব যুদ্ধায় কাশি-

---

বিমর্শপ্রায় ও বিপন্ন করিয়া ফেলিলেন ॥ ৯ ॥

সুদর্শন চক্রের আঘাতে ছিন্ন বিচ্ছিন্ন রথ, বাজি, কুঞ্জর, পদাতি, খর ও উষ্ট্র সমূহ সমর-প্রাঙ্গণে নিপতিত হইয়া, রণস্থলকে ভূতনাথ ত্রিলোচনের ভীষণ ক্রীড়াভবনের ন্যায় মনস্বী শূরগণের অতীব হর্ষোৎপাদকরূপে প্রতীত করিয়াছিল ॥

অনন্তর শৌরি শ্রীকৃষ্ণ পৌণ্ড্রককে সম্বোধন পূর্ব্বক বলিলেন, ওহে পৌণ্ড্রক ! দূতের দ্বারা তুমি আমাকে বলিয়া পাঠাইয়াছিলে যে, তোমারই সকল অস্ত্র শস্ত্র আমি ধারণ করিয়াছি ; অতএব তাহা আমার পক্ষে পরিত্যাগ করাই প্রয়োজন ; সুতরাং তোমার অনুরোধে সেই সমস্ত অস্ত্র শস্ত্র অদ্য তোমার নিধনের জন্যই আমি প্রয়োগ করিতেছি ; এতদর্থেই আমি তাহাদিগকে নিক্ষেপ করিতেছি ॥

ত্যাজয়িষ্যেঽভিধানং মে যত্ত্বয়াজ্ঞ মৃষা ধৃতং।
ব্রজামি শরণং তেঽদ্য যদি নেচ্ছামি সংযুগং ॥ ১০ ॥
ইতি ক্ষিপ্ত্বা শিতৈর্বাণৈ র্বিরথীকৃত্য পৌণ্ড্রকং।
শিরোঽবৃশ্চদ্রথাঙ্গেন বজ্রেণেন্দ্রো যথা গিরেঃ ॥
তথা কাশিপতেঃ কায়াচ্ছির উৎকৃত্য পত্রিভিঃ।
ন্যপাতয়ৎ কাশিপুর্য্যাং পদ্মকোষমিবানিলঃ ॥

অন্বয়ঃ।

হে অজ্ঞ! বাসুদেবঃ ইতি যৎ মে মম অভিধানং ত্বয়া মৃষা এব ধৃতং তৎ ত্যাজয়িষ্যে। (যদুক্তং শরণং এহি ইতি তত্র) অদ্য তে তব শরণং ব্রজামি যদি সংযুগং যুদ্ধং, ন ইচ্ছামি ॥ ১০ ॥

ইতি এবং বচনৈঃ ক্ষিপ্ত্বা তিরস্কৃত্য ইন্দ্রঃ যথা বজ্রেণ গিরেঃ শৃঙ্গং পাতয়তি তথা শিতৈঃ তীক্ষ্ণৈঃ, বাণৈঃ পৌণ্ড্রকং বিরথীকৃত্য রথাঙ্গেন চক্রেণ তস্য শিরঃ অবৃশ্চৎ চিচ্ছেদ ॥

তথা তন্মিত্রস্য কাশিপতেঃ শিরঃ পত্রিভিঃ বাণৈঃ কায়াৎ উৎকৃত্য ছিত্ত্বা অনিলঃ বায়ুঃ যথা পদ্মকোশং উৎকৃত্য পাতয়তি তথা কাশিপূর্য্যাং ন্যপাতয়ৎ ॥

শ্রীধরস্বামী।

আযোধনং রণস্থানং। অরিণা চক্রেণ। চিতং আকীর্ণং। আক্রীড়নমিব কল্পান্তে রুদ্রস্য ক্রীড়াস্থানমিব ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজ্ঞো যদগচ্ছৎ অস্মদ্ভর্ত্তা দ্বারকাপতেঃ শিরোঽদ্যাবশ্যমানেষ্যতীতি তৎপত্ন্যোঽপি পাপিন্যঃ সপ্রৌঢ়ি স্ববয়স্যাঃ প্রতি যদজল্পংস্ততএব হেতো স্তস্যৈব শিরঃ কাশীমধ্যং তত্রত্যজনান্ বিস্মাপয়িতুং প্রবেশয়ামাস কৌতুকী ভগবানিতি ॥ ১০ ॥

রে মূর্খ! তুমি আমার বাসুদেব বলিয়া এই নামটী যে বৃথা ধারণ করিয়াছ, তাহা অদ্য তোমাকে পরিত্যাগ করাইব। তোমার শরণাগত হইতে যে আমাকে উপদেশ প্রদান করিয়াছ, তাহাতে অদ্য তোমার শরণাগতই হইব, যদি যুদ্ধ করিতে আমি প্রকৃতই অসমর্থ হই ॥ ১০ ॥

এই প্রকার কটূক্তিতে ভৎর্সনা করিয়া, পুরন্দর যেমন বজ্রের আঘাতে গিরিশৃঙ্গকে নিপাতিত করেন, সেইরূপ তীক্ষ্ণধার বাণের আঘাতে পৌণ্ড্রককে রথচ্যুত করিয়া, চক্রাঘাতে তাহার মস্তকচ্ছেদন করিলেন ॥

এদিকে বাণের প্রহারে পৌণ্ড্রকমিত্র কাশিরাজের মস্তক অনিল-ছিন্ন পদ্ম-কোষের ন্যায় তাহার দেহ হইতে পৃথক্‌ভাবে উৎপাটন করত কাশীপুরে নিপাতিত করিলেন ॥

এবং মৎসরিণং হত্বা পৌণ্ড্রকং সসখং হরিঃ।
দ্বারকামাবিশৎ সিদ্ধৈর্গীয়মানকথামৃতঃ॥
স নিত্যং ভগবদ্ধ্যানপ্রধ্বস্তাখিলবন্ধনঃ।
বিভ্রাণশ্চ হরে রাজন্ স্বরূপং তন্ময়োঽভবৎ॥ ১১॥
শিরঃ পতিতমালোক্য রাজদ্বারি সকুণ্ডলং।
কিমিদং কস্য বা বক্ত্রমিতি সংশিশ্যিরে জনাঃ॥

অন্বয়ঃ।

এবং সসখং কাশিরাজসহিতং মৎসরিণং স্বোৎকর্ষাসহং পৌণ্ড্রকং হত্বা সিদ্ধৈঃ গীয়মানকথামৃতঃ (গীয়মানা কথা এব অমৃতং যস্য সঃ) হরিঃ দ্বারকাং আবিশৎ আগচ্ছৎ॥

হে রাজন্! সঃ পৌণ্ড্রকঃ নিত্যং (বৈরেণাপি) ভগবতঃ কৃষ্ণস্য ধ্যানেন ধ্বস্তানি অখিলানি বন্ধনানি কর্ম্মবাসনারূপাণি অবিদ্যাদীনি যস্য তথাবিধঃ সঃ হরেঃ স্বরূপং বিভ্রাণঃ তন্ময়ঃ অভবৎ তল্লোকতাং অগাৎ॥ ১১॥

কাশ্যাং রাজদ্বারি সকুণ্ডলং শিরঃ পতিতং আলোক্য কিং ইদং কস্য ইদং বক্ত্রং ইতি জনাঃ সংশিশ্যিরে সংশয়ং চক্রুঃ॥

শ্রীধরস্বামী।

গিরেঃ শৃঙ্গং যথেতি॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরেঃ স্বরূপং চতুর্ভুজত্বং॥ ১১॥

এইপ্রকারে মিত্র কাশিরাজ সহ গর্ব্বিত পৌণ্ড্রকের নিধন সাধন করিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ দ্বারকায় প্রবেশ করিলেন। সিদ্ধগণ অমৃততুল্য ভগবল্লীলা গান করিতে লাগিলেন॥

কিন্তু হে নরনাথ! পৌণ্ড্রক শত্রুতার অনুরোধে নিত্য ভগবান্ শ্রীকৃষ্ণের চিন্তা ও তৎস্বরূপের ধ্যান করায়, তাহার চিত্তস্থ কর্ম্মবাসনারূপ সংসারবন্ধন শিথিল হইয়াছিল; হরির স্বরূপ ধারণ করাতেই সে ভগবৎস্বরূপ লাভে বিষ্ণুলোকে গমন করিল॥ ১১॥

এদিকে কাশিপুরের দ্বারদেশে কুণ্ডলবিশিষ্ট মস্তক নিপতিত দেখিয়া তত্রত্য পুরবাসী জনগণ "ইহা কাহার মস্তক? কেমই বা এখানে পতিত রহিয়াছে"? ইত্যাদি নানাপ্রকার আলোচনা করিয়া সংশয়বিশিষ্ট হইল॥

পরে ইহা মহারাজ কাশিপতিরই মস্তক বলিয়া নিশ্চয় করত রাজমহিষীগণ, রাজপুত্রগণ ও বন্ধুবান্ধব পুরবাসী লোকেরা সকলে শোকাতুর হইয়া "হে রাজন্! হে নাথ! আপনি আমাদিগকে পরিত্যাগ করত কোথায়

রাজ্ঞঃ কাশিপতে জ্ঞাত্বা মহিষ্যঃ পুত্রবান্ধবাঃ।
পৌরাশ্চ হা হতা রাজন্ নাথ নাথেতি প্রারুদন্ ॥ ১২ ॥
সুদক্ষিণস্তস্য সুতঃ কৃত্বা সংস্থাবিধিং পিতুঃ।
নিহত্য পিতৃহন্তারং যাস্যাম্যপচিতিং পিতুঃ ॥
ইত্যাত্মনাভিসন্ধায় সোপাধ্যায়ো মহেশ্বরং।
সুদক্ষিণোঽর্চ্চয়ামাস পরমেণ সমাধিনা ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

ততঃ কাশিপতেঃ রাজ্ঞঃ এব ইদং শিরঃ ইতি জ্ঞাত্বা নিশ্চিত্য, মহিষ্যঃ ভার্য্যাঃ, পুত্রাদয়ঃ বান্ধবাঃ পৌরাঃ চ হে রাজন্ হে নাথ! হে নাথ, ইতি (ত্বয়ি হতে বয়মপি হতাস্ম ইতি বদন্তঃ) প্রারুদন্ ॥ ১২ ॥

তস্য কাশিরাজস্য সুদক্ষিণঃ নাম সুতঃ পুত্রঃ পিতুঃ সংস্থাবিধিং উত্তরক্রিয়াং, কৃত্বা পিতৃহন্তারং নিহত্য পিতুঃ অপচিতিং নিষ্কৃতিং, যাস্যামি ॥

ইতি এবং, আত্মনা মনসা, অভিসন্ধায় নিশ্চিত্য, সোপাধ্যায়ঃ উপাধ্যায়েন সহিতঃ, সঃ সুদক্ষিণঃ পরমেণ সমাধিনা একাগ্রেণ চিত্তেন মহেশ্বরং রুদ্রং, অর্চ্চয়ামাস ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

প্রথমং কিমিদমিতি পশ্চাদ্রুমিতি বিভাব্য কস্য বেতি সংশিশ্যিরে সংশয়ং কৃতবন্ত ইতি ॥ ১২ ॥

সংস্থাবিধিমুত্তরক্রিয়াং। অপচিতিং নিষ্কৃতিং। আত্মনা অভিসন্ধায় বুদ্ধ্যা ব্যবস্য। সুদক্ষিণঃ অত্যুদারঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রথমং কিমিদমিতি পশ্চাদ্রুমিতি সংশিশ্যিরে সন্দেহং প্রাপুঃ ॥ ১২ ॥ ১৩ ॥

গমন করিলেন?" ইত্যাদি কাতরধ্বনির প্রকাশে রোদন করিতে লাগিল ॥১২॥

পরে কাশিরাজের পুত্র সুদক্ষিণ পিতার ঔর্দ্ধদেহিক কর্ম্ম সমাপন পূর্ব্বক পিতৃহন্তাকে নিহত করিয়া পিতৃঋণ হইতে মুক্ত হইব বলিয়া প্রতিজ্ঞা করিল ॥

এবং মনে মনে ঐ সংকল্পই স্থির করত, উপাধ্যায় সহ একাগ্রচিত্তে দেবদেব মহাদেবের আরাধনা আরম্ভ করিল ॥ ১৩ ॥

আভাস।

পূরাকালে মহাদেব ব্রহ্মার পঞ্চম মস্তক ছেদন করিয়া ব্রহ্মহত্যার পাপে লিপ্ত হন; ত্রিলোচন যখন তাঁহার মস্তক ছেদন করিলেন, তখন সেই মস্তক আর নিম্নে পতিত না হইয়া, মহাদেবের হস্তেই সংলগ্ন রহিল। ত্র্যম্বক তখন ব্রহ্মহত্যারূপ ভীষণ পাপের ভয়ে একান্ত ভীত হইয়া, পাপমোচনার্থ বদর্য্যাশ্রমে গমন করিলেন। তথায় ভগবান্ নারায়ণের উপদেশ অনুসারে এই কাশীক্ষেত্রে তিনি যেমন গমন করিলেন, অমনি ব্রহ্মহত্যার পাপ

প্রীতো হবিমুক্তো ভগবাংস্তস্মৈ বরমদাদ্ভবঃ।
পিতৃহন্তুর্বধোপায়ং স বব্রে বরমীপ্সিতং ॥ ১৪ ॥
দক্ষিণাগ্নিং পরিচর ব্রাহ্মণৈঃ সমমৃত্বিজং।

অন্বয়ঃ।

অবিমুক্তঃ ভগবান্ ভবঃ প্রীতঃ সন্ তস্মৈ সুদক্ষিণায় বরং অদাৎ। সঃ সুদক্ষিণঃ অপি পিতৃহন্তুঃ বধোপায়ং এব ঈপ্সিতং অভিপ্রেতং বরং বব্রে ॥ ১৪ ॥

ব্রাহ্মণৈঃ সমং সহ অভিচার-বিধানেন শক্রমারণোক্তপ্রকারেণ ঋত্বিজং ইব স্বনিয়োগ-

শ্রীধরস্বামী।

বরমদাৎ বরং বৃণীষ্বেত্যুক্তবানিত্যর্থঃ ॥ ১৪ ॥

ঋত্বিজং ঋত্বিজমিব স্বনিয়োগকারিণং। যজ্ঞস্য দেবমৃত্বিজমিতি শ্রুতেঃ। অব্রহ্মণ্যে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিমুক্তো মহাদেবঃ বরমদাৎ বৃণীষ্বেত্যবদৎ ॥ ১৪ ॥

ভগবান্ আশুতোষও অতি অল্প আরাধনায় পরিতুষ্ট হইয়া, সুদক্ষিণকে যখন বর গ্রহণে অনুমতি করিলেন, তখন সেই পৌণ্ড্রকপুত্র স্বীয় প্রার্থিত পিতৃহন্তার বধোপায়কেই বরস্বরূপে তাঁহার নিকট প্রার্থনা করে ॥ ১৪ ॥

মহাদেব বলিলেন, ব্রাহ্মণগণের দ্বারা শক্রমারাণোক্ত প্রণালীর অনুসরণে ঋত্বিগ্ দ্বারা দক্ষিণাগ্নির আধারনা কর! সেই অগ্নি মদীয় প্রমথগণে পরিবৃত

আভাস।

হইতে নির্ম্মুক্ত হইলেন; এবং তাঁহার হস্ত সংলগ্ন ব্রহ্মার সেই ছিন্ন মস্তকটী তৎক্ষণাৎ ভূমিতে নিপতিত হইয়া গেল। তিনিও বিমুক্ত হইলেন। তদবধি মহাদেব আর কখন কাশী পরিত্যাগ করেন নাই; এবং এই কাশীধামে অবস্থান পূর্ব্বক যে কেহ মহাদেবের আরাধনা করেন, ত্রিলোচন অবিলম্বে তাঁহার প্রতি প্রসন্ন হইয়া থাকেন। তদবধি কাশী-ধাম অবিমুক্ত নামে বিখ্যাত হইয়াছে এবং মহাদেবও অবিমুক্ত নামে অভিহিত হইয়াছেন। তথাচ কাশীখণ্ডে মহাদেবের উক্তিতে প্রকাশ আছে যে, "মুনে! প্রলয়কালেঽপি ন তৎ ক্ষেত্রং কদাচন। ন বিমুক্তং শিবাভ্যাং যদবিমুক্তং ততো বিদুঃ" ॥ হে মুনে! প্রলয়কালেও এই কাশীক্ষেত্রের লয় হয় না; এবং শিব শিবা কাশীকে কখন পরিত্যাগ করেন না; সেই অপরিত্যক্ত ধামই এই কাশী নামে আখ্যাত হইয়াছে ॥ ১৪ ॥

পূর্ব্বং হি মহাদেবো ব্রহ্মণঃ পঞ্চমং শিরশ্ছিত্বা ব্রহ্মহত্যয়া ব্যাপ্তঃ সর্ব্বত্র ভ্রমন্ বদর্য্যাশ্রমে নারায়ণোপদেশাৎ কাশ্যামাগতঃ। তদা তদ্ধস্তে লগ্নং ব্রহ্মশিরঃ পতিতং হত্যায়া চ বিমুক্তো যাত স্ততঃ প্রভৃতি কাশীং কদাপি ন পরিত্যজতি। অত্রারাধিতশ্চ শীঘ্রমেব প্রসন্নো ভবতি। অতএব অস্য ক্ষেত্রস্যাবিমুক্তমিতি নাম তস্যাপি অবিমুক্ত ইতি নাম আসীৎ ॥ ১৪ ॥

অভিচারবিধানেন সচাগ্নিঃ প্রমথৈর্বৃতঃ ॥
সাধয়িষ্যতি সঙ্কল্পমব্রহ্মণ্যে প্রযোজিতঃ।
ইত্যাদিষ্টস্তথা চক্রে কৃষ্ণায়াভিচরন্ ব্রতী। ১৫ ॥
ততোঽগ্নিরুত্থিতঃ কুণ্ডান্মূর্ত্তিমানতিভীষণঃ।
তপ্ততাম্রশিখাশ্মশ্রুরঙ্গারোদ্গারিলোচনঃ ॥ ১৬ ॥
দংষ্ট্রোগ্র-ভ্রুকুটীদণ্ডকঠোরাস্যঃ স্বজিহ্বয়া।
আলিহন্ সৃক্কণী নগ্নো বিধুন্বংস্ত্রিশিখং জ্বলন্ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

কারিণং দক্ষিণাগ্নিং পরিচর আরাধয়। সঃ চ অগ্নিঃ প্রমথৈঃ মদনুচরৈঃ বৃতঃ সন্ তব সংকল্পং সাধয়িষ্যতি; পরন্তু অব্রহ্মণ্যে প্রয়োজিতঃ এব। ব্রহ্মণ্যে প্রয়োজিতস্তু বিপরীতো ভবেৎ ইতি রুদ্রেণ আদিষ্টঃ সঃ ব্রতী সুদক্ষিণঃ কৃষ্ণায় অভিচরন্ দ্রুহ্যন্ তথা অভিচারং চক্রে ॥ ১৫ ॥

ততঃ কুণ্ডাৎ অতিভীষণঃ তপ্ততাম্রমিব শিখাশ্মশ্রূণি যস্য সঃ, অঙ্গারান্ উদ্গারীণি লোচনে যস্য সঃ মূর্ত্তিমান্ অগ্নিঃ কুণ্ডাৎ উত্থিতঃ ॥ ১৬ ॥

দংষ্ট্রাভিঃ উগ্রৈঃ ভ্রুকুটীদণ্ডৈঃ কঠোরং ক্রূরং আস্যং যস্য সঃ; বহ্নিঃ স্বজিহ্বয়া সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ আলিহন্ আ সর্ব্বতো লিহন্ ত্রিশিখং, শূলং, বিধুন্বন্ ঘূর্ণয়ন্ জ্বলন্ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী

প্রযোজিত ইতি শ্রীকৃষ্ণে প্রযোজিত বিপরীতো ভবিষ্যতীতি সূচিতং। অভিচরন্ অভিচারং কুর্ব্বন্। ব্রতী গৃহীতনিয়মঃ ॥ ১৫ ॥

তপ্তং তাম্রমিব শিখাঃ শ্মশ্রূণি চ যস্য সঃ। অঙ্গারোদ্গারীণি লোচনানি যস্য সঃ ॥ ১৬ ॥

দংষ্ট্রাভিরুগ্রৈ ভ্রুকুটীদণ্ডৈশ্চ কঠোরং ক্রূরমাস্যং যস্য সঃ। ত্রিশিখং ত্রিশূলং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঋত্বিজং ঋত্বিজমিব স্বনিয়োগকারিণং। যজ্ঞস্য দেবমৃত্বিজমিতি শ্রুতিঃ। অব্রহ্মণ্যে প্রযোজিত ইতি। শ্রীকৃষ্ণে তু প্রযোজিতো বিপরীতো ভবিষ্যতীতি শ্রীরুদ্রাভিপ্রায়ঃ। ক্বচিদ্ব্রাহ্মণানামপি কৃষ্ণে নমস্কারশ্রবণাৎ কৃষ্ণস্য বিপ্রনমস্কারজিঘৃক্ষো ব্রহ্মণ্যতা নৈবাস্তীতি সুদক্ষিণাদেরভিপ্রায়ঃ ॥ ১৫—১৭ ॥

হইয়া তোমার অভীষ্ট সিদ্ধ করিবে, সন্দেহ নাই। কিন্তু অব্রহ্মণ্য জনে যেন উহা প্রয়োগ করা হয়। কারণ ব্রহ্মণ্যজনে প্রযুক্ত হইলে, বিপরীত ফলই ঘটিবে। এই প্রকার আদেশ করিলে, সুদক্ষিণ সংযত হইয়া, শ্রীকৃষ্ণের বিরুদ্ধে সেই অভিচার কর্ম্ম আরম্ভ করিল ॥ ১৫ ॥

অনন্তর সেই অগ্নিকুণ্ড হইতে তপ্ত তাম্রের ন্যায় শিখা ও শ্মশ্রুধারী অঙ্গারের ন্যায় লোচনবিশিষ্ট অতি ভীষণ মূর্ত্তিমান্ হুতাশন উত্থিত হইলেন ॥ ১৬

করাল দন্তপংক্তি ও ভ্রুযুগলের কুটিল কুঞ্চনে ভয়ানক মুখবিশিষ্ট বহ্নি

পদ্ভ্যাং তালপ্রমাণাভ্যাং কম্পয়ন্নবনীতলং।
সোঽভ্যধাবদ্বৃতো ভূতৈর্দ্বারকাং প্রদহন্দিশঃ॥
তমাভিচারদহনমায়ান্তং দ্বারকৌকসঃ।
বিলোক্য তত্রসুঃ সর্ব্বে বনদাহে যথা মৃগাঃ॥ ১৮॥
অক্ষৈঃ সভায়াং ক্রীড়ন্তং ভগবন্তং ভয়াতুরাঃ।
ত্রাহি ত্রাহি ত্রিলোকেশ বহ্নেঃ প্রদহতঃ পুরং॥ ১৯॥

অন্বয়ঃ।

তালপ্রমাণাভ্যাং পদ্ভ্যাং অবনীতলং কম্পয়ন্ ভূতৈঃ প্রমথৈঃ, বৃতঃ সঃ অগ্নিঃ দিশঃ প্রদহন্ দ্বারকাং অভ্যধাবৎ॥

অভিচারদহনং তং আয়ান্তং বিলোক্য বনদাহে মৃগাঃ যথা তথা সর্ব্বে দ্বারকৌকসঃ দ্বারকাবাসিনঃ, তত্রসুঃ ভীতাঃ বভূবুঃ॥ ১৮॥

তথা ভয়াতুরাঃ সন্তঃ, হে ত্রিলোকেশ! প্রদহতঃ বহ্নেঃ সকাশাৎ পুরং ত্রাহি ত্রাহি ইতি সভায়াং অক্ষৈঃ ক্রীড়ন্তং ভগবন্তং কৃষ্ণং, তে আহুঃ॥ ১৯॥

শ্রীধরস্বামী।

দিশঃ প্রদহন্॥ ১৮॥ ত্রাহি ত্রাহীত্যাহুরিতি শেষঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বারকামভিমুখীকৃত্য অধাবৎ। দিশঃ প্রদহন্॥
আয়ান্তং দূরাদেব বিলোক্য বনদাহে ভবিষ্যতি সতি যথা মৃগা স্ত্রস্যন্তি॥ ১৮॥
ত্রাহি ত্রাহি ত্রায়স্ব ত্রায়স্বেত্যাহুরিতিশেষঃ॥ ১৯॥

জিহ্বা দ্বারা স্বকর্ণীদ্বয় (ওষ্ঠ প্রান্তযুগল) পরিলেহন করত দিগম্বরবেশে দিক্ সকল যেন প্রদগ্ধ করত ত্রিশূল উত্তোলন পূর্ব্বক অগ্রসর হইতে লাগিল॥ ১৭

তাল-প্রমাণ তদীয় পাদদ্বয়ের বিক্ষেপে ধরণী কম্পিতা হইতে লাগিলেন; এই প্রকারে সেই কলানল-সদৃশ হুতাশন রুদ্রানুচর প্রমথগণে পরিবৃত হইয়া, দ্বারকার মধ্যে প্রবেশ করিল॥

পর-মারণার্থ প্রযুক্ত সেই ভীষণ অভিচারাগ্নিকে অকস্মাৎ নয়নগোচর করিয়া, দ্বারকাবাসী ব্যক্তিমাত্রেই একান্ত উদ্বিগ্ন হইল এবং বনদাহকালে তত্রত্য জীবজন্তুগণ যেমন প্রাণভয়ে কাতর হইয়া পড়ে, অদ্য দ্বারকাবাসী লোকসমূহও সর্ব্বতো-ব্যাপ্ত অভিচারাগ্নি দর্শনেও সেইরূপ ভীত ও কাতর হইয়া পড়িল॥ ১৮॥

তাহারা সকলে ভয়ে অধীর হইয়া শ্রীকৃষ্ণের সমীপে উপনীত হইল; তৎকালে শ্রীকৃষ্ণ সভায় উপবেশন পূর্ব্বক অক্ষক্রীড়া করিতেছিলেন;

শ্রুত্বা তজ্জনবৈক্লব্যং দৃষ্ট্বা স্বানাঞ্চ সাধ্বসং।
শরণ্যঃ সংপ্রহস্যাহ মা ভৈষ্টেত্যবিতাস্ম্যহং॥
সর্ব্বস্যান্তর্ব্বহিঃ সাক্ষী কৃত্যাং মাহেশ্বরীং বিভুঃ।
বিজ্ঞায় তদ্বিঘাতার্থং পার্শ্বস্থং চক্রমাদিশৎ॥ ২০॥
তৎসূর্য্যকোটিপ্রতিমং সুদর্শনং জাজ্বল্যমানং প্রলয়ানলপ্রভং।

অন্বয়ঃ।

তৎ জনবৈক্লব্যং (জনানাং বৈক্লব্যং ব্যাকুলতাং) শ্রুত্বা স্বানাং ভক্তানাং, চ সাধ্বসং দুঃখং, চ দৃষ্ট্বা শরণ্যঃ প্রতিপালকঃ, ভগবান্ শ্রীকৃষ্ণঃ সংপ্রহস্য মাভৈষ্ট ভয়ং মা কুরুত, অহং অবিতা রক্ষকঃ, অস্মি ইতি আহ॥

সর্ব্বস্য জগতঃ অন্তর্বহিঃ সাক্ষী সাক্ষাৎ দ্রষ্টা, বিভুঃ শ্রীকৃষ্ণঃ তাং মাহেশ্বরীং কৃত্যাং বিজ্ঞায় তস্য কৃত্যানলস্য বিঘাতার্থং স্বস্য পার্শ্বস্থং চক্রং সুদর্শনং, আদিশৎ আজ্ঞাপয়ামাস॥ ২০॥

সূর্য্য-কোটি-প্রতিমং (সূর্য্যাণাং কোটিঃ প্রতিমা তুল্যা যস্য তৎ) প্রলয়ানল-প্রভং

শ্রীধরস্বামী।

অহমবিতাস্মি রক্ষিষ্যামীতি॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জনানাং পৌরাণাং বৈক্লব্যং স্বানাং তৎপালকানাং যাদবানাঞ্চ সাধ্বসং কারণাজ্ঞানাদ্ভয়ং॥

চক্রমাদিশদিত্যঙ্গস্য কার্য্যস্য হেতো র্মে দ্যূতক্রীড়াসুখভঙ্গো মা ভবত্বিত্যভিপ্রায়েণ॥ ২০॥

দ্বারকাবাসিগণ তথায় তাঁহাকে সম্বোধন করত বলিলেন, হে ত্রিলোকপতে শ্রীকৃষ্ণ! এই প্রচণ্ড বহ্নির হস্ত হইতে তোমার দ্বারকাপুরস্থ আমাদিগকে রক্ষা কর!॥ ১৯॥

জনগণের উৎকট ব্যাকুলধ্বনি শ্রবণ করিয়া এবং স্বীয়ভক্তগণের বিষম বিপদ্ উপস্থিত অবলোকন করিয়া ভগবান্ কৃষ্ণ বলিলেন, "ভয় নাই! ভয় নাই! আমি তোমাদিগকে রক্ষা করিতেছি।।"

কৃষ্ণ যখন সর্ব্বসাক্ষী সনাতন; অন্তর ও বাহির সকলই অবগত আছেন; তখন সেই অনলের আগমন-বার্ত্তা মনে মনে অবধারণ করিলেন; এবং ইহা যে মহেশ্বরের শক্তি তাহাও তৎক্ষণাৎ অবগত হইয়া, তাহার নিবারণার্থ স্বীয় পার্শ্বস্থ সুদর্শন চক্রকে অনুমতি করিলেন॥ ২০॥

কোটি-সূর্য্য-সদৃশ প্রভাবিশিষ্ট প্রলয়কালীন কালানলের ন্যায় জাজ্বল্য-

স্বতেজসা খং ককুভোঽথ রোদসী চক্রং মুকুন্দাস্ত্রমথাগ্নিমার্দ্দয়ৎ ॥ ২১ ॥
কৃত্যানলঃ প্রতিহতঃ স্বরথাঙ্গপাণেরস্ত্রৌজসা নৃপ বিভগ্নমুখো নিবৃত্তঃ।
বারাণসীং প্রতি সমেত্য সুদক্ষিণং তং সর্ত্বিগ্‌জনং সমদহৎস্বকৃতোঽভিচারঃ ॥ ২২

চক্রঞ্চ বিষ্ণোস্তদনু প্রবিষ্টং বারাণসীং সাট্টসভালয়াপণাং।
সগোপুরাট্টালককোষ্ঠসঙ্কুলাং সকোষহস্ত্যশ্বরথান্নশালিনীং ॥

অন্বয়ঃ।

(প্রলয়ানলস্য ইব অতিশয়েন জ্বলন্তী প্রভা যস্য তৎ) জাজ্বল্যমানং তথা স্বতেজসা খং অন্তরীক্ষং, ককুভঃ দিশঃ, অথ রোদসী দ্যাবাপৃথিব্যৌ, প্রকাশয়ৎ মুকুন্দস্য তৎ সুদর্শনং চক্রং অগ্নিং আর্দ্দয়ৎ পীড়য়ামাস ॥ ২১ ॥

হে নৃপ! রথাঙ্গপাণেঃ চক্রধরস্য, অস্ত্রৌজসা প্রতিহতঃ অতঃ বিভগ্নমুখঃ অতঃ নিবৃত্তঃ স্বকৃতঃ (স্বেন কৃতঃ) সঃ অভিচারঃ কৃত্যানলঃ বারাণসীং প্রতি সমেত্য সর্ত্বিগ্‌জনং ঋত্বিগ্‌ভিঃ অন্যৈঃ চ জনৈঃ সমেতং তং সুদক্ষিণং সমদহৎ ॥ ২২ ॥

তদনুপ্রবিষ্টং কৃত্যানলং অনুস্বত্য প্রবিষ্টং বিষ্ণোঃ চক্রং চ সাট্টসভালয়াপণাং (অট্টাঃ মঞ্চাঃ সভাঃ আলয়ানি গৃহাঃ, আপণাঃ হট্টাঃ তাভিঃ সহিতাং) তথা (গোপুরাণি পুরদ্বারাণি, অট্টালকাঃ উপরিতনপ্রদেশাঃ, কোষ্ঠানি অন্নসংগ্রহ-দুর্গাণি তৈঃ সঙ্কুলাং) তথা সকোষহস্ত্যশ্ব-রথান্নশালিনীং বারাণসীং প্রবিষ্টং সৎ ॥

শ্রীধরস্বামী।

রোদসী চ প্রকাশয়দিতি শেষঃ। যদ্বা স্বতেজসা খাদীন্ প্রতি জাজ্বল্যমানমত্যর্থং প্রকাশ-মানমিত্যর্থঃ। আর্দ্দয়ৎ অপীড়য়ৎ ॥ ২১ ॥

অর্দ্দিতোঽগ্নি র্যৎ কৃতবান্ তদাহ কৃত্যানল ইতি। সহ ঋত্বিগ্‌ভি র্জনৈশ্চ বর্ত্তমানং। অভিচর্য্যতে মার্য্যতেঽনেনেতি অভিচারঃ কৃত্যানলঃ ॥ ২২ ॥

মান সুদর্শন চক্র স্বীয় প্রভাবে অন্তরীক্ষ, দিক্ সকল ও স্বর্গ মর্ত্তকে আলো-কিত করত প্রকাশমান হইয়া সেই কৃত্যাগ্নিকে প্রতিহত করিল ॥ ২১ ॥

হে রাজন্! চক্রপাণি শ্রীকৃষ্ণের অস্ত্রপ্রভাবে নিরস্ত ও ভগ্নোদ্যম হইয়া কৃত্যাগ্নি প্রতিনিবৃত্ত হইল; এবং দ্বারকা পরিত্যাগ পূর্ব্বক বারাণসীতে গমন করত, তাহার অন্যায় প্রবর্ত্তক সুদক্ষিণ ও তদীয় ঋত্বিগ্‌গণকে বিদগ্ধ করিল ॥ ২২ ॥

এদিকে ভগবান্ বিষ্ণুর চক্র সুদর্শনও কৃত্যানলের পশ্চাৎ পশ্চাৎ গমন করত মঞ্চসভা, অট্টালিকা ও হট্টাদিতে পরিশোভিত পুরদ্বার, হর্ম্ম্যসমূহ ও অন্নসংগ্রহদুর্গাদিতে পরিপূর্ণ হস্তী, অশ্ব, রথ এবং ধন ধান্যে সমৃদ্ধিশালী বারাণসীতে প্রবেশ করিল ॥

দগ্ধ্বা বারাণসীং সর্ব্বাং বিষ্ণুচক্রং সুদর্শনং।
ভূয়ঃ পার্শ্বমুপাতিষ্ঠৎ কৃষ্ণস্যাক্লিষ্টকর্ম্মণঃ॥
য এতচ্ছ্রাবয়েন্মর্ত্য উত্তমঃশ্লোকবিক্রমং।
সমাহিতো বা শৃণুয়াৎ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ২৩॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দশমস্কন্ধে পৌণ্ড্রকাশিরাজবধঃ ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬৬ । * ॥

রাজোবাচ॥
ভূয়োঽহং শ্রোতুমিচ্ছামি রামস্যাদ্ভুতকর্ম্মণঃ।

অন্বয়ঃ।

সর্ব্বাং বারাণসীং দগ্ধ্বা বিষ্ণুচক্রং সুদর্শনং অক্লিষ্টকর্ম্মণঃ উদারচেষ্টিতস্য, কৃষ্ণস্য পার্শ্বং ভূয়ঃ পুনঃ, উপাতিষ্ঠৎ॥

যঃ পুমান্ এতৎ উত্তমশ্লোকস্য কৃষ্ণস্য বিক্রমং চেষ্টিতং, সমাহিতঃ একাগ্রচিত্তঃ, সন্ মর্ত্যান্ শ্রাবয়েৎ স্বয়ং বা শৃণুয়াৎ সঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ২৩॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! অনন্তস্য অচিন্ত্যগুণস্য, অপ্রমেয়স্য প্রমায়াঃ

শ্রীধরস্বামী।

অষ্টাদিসহিতাং। অষ্টা মঘাঃ। লীলয়া ব্যধমৎ কৃত্যানলং চক্রেণ কেশবঃ। রক্ষন্নিত্থা জনং তস্মাৎ সুদক্ষিণমথাদহৎ॥ ২৩॥

॥ * ॥ ইতি দশমে ষট্‌ষষ্টিতমঃ ॥ * ॥

সপ্তষষ্টিতমে রামো গিরৌ রৈবতকে মদাৎ।
স্বৈরং যুবতিভিঃ ক্রীড়ন্নবধীদ্দ্বিবিদং খলং॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রোদসী চ ব্যাপ্যেতি শেষঃ। চক্রং কর্তৃ অগ্নিং কৃত্যানলং আর্দ্দয়ৎ॥ ২১—২৩॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ো দশমেঽনি সঙ্গতঃ ॥ * ॥

এবং সমগ্র বারাণসীকে ভস্মসাৎ করত অক্লিষ্টকর্ম্মা শ্রীকৃষ্ণের পার্শ্বে পুনরায় সুদর্শন উপস্থিত হইল॥

যে ব্যক্তি এই উত্তমশ্লোক ভগবান্ শ্রীকৃষ্ণের এই অপূর্ব্ব বিক্রমের বিষয় একাগ্রচিত্তে শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান, তিনি সর্ব্ববিধ পাপ হইতে নিষ্কৃতি লাভ করেন, সন্দেহ নাই॥ ২৩॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রীকৃত ষট্‌ষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

অনন্তস্যাপ্রমেয়স্য যদন্যৎ কৃতবান্ বিভুঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

অবিষয়ীভূতস্য, অদ্ভুতকর্ম্মণঃ (অদ্ভুতং আশ্চর্য্যজনকং কর্ম্ম লীলা যস্য তস্য) রামস্য চরিতং অহং ভূয়ঃ পুনঃ শ্রোতুং ইচ্ছামি। বিভুঃ সর্ব্বকরণসমর্থঃ রামঃ যৎ অন্যৎ কর্ম্ম কৃতবান্ তৎ ব্রূহি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

কালিন্দীবিদারণানন্তরং রামচরিতং। দ্বিবিদবধাদিসঙ্গতমপ্যনুক্ত্বা তৎপূর্ব্বভাগিত্বেন পৌণ্ড্রকবধাদি নিরূপ্য ইদানীং তদেব প্রত্যেতি ভূয়োঽহমিত্যাদিনা। রামচরিতশ্রবণেচ্ছায়া-মদ্ভুতকর্ম্মত্বং হেতুঃ। তত্র চানন্তত্বং তত্রাপ্যপ্রমেয়ত্বমিতি ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গিরৌ রৈবতকে ক্রীড়ন্ প্রেয়সীভিরহন্ কপিং।
কদর্থয়ন্তং দ্বিবিদং সপ্তষষ্টিতমে বলঃ ॥ * ॥

কৃষ্ণলীলায়ামত্যাবেশাদ্রামলীলাং কাঙ্ক্ষিতুল্লঙ্ঘ্য মহামুনিরঘং মা ধাবত্বিতি পৃচ্ছতি ভূয় ইতি। অদ্ভুতকর্ম্মণ ইতি স্বমজ্ঞনার্থং নদীং কোঽপি স্বান্তিকং নানীতবানিতি ভাবঃ। নচৈতাবদেব তৎকর্ম্মেতি বাচ্যং যতোঽনন্তস্য নচ তৎকর্ম্মাণি ত্বং জানাস্যেবেতি বাচ্যং যতোঽপ্রমেয়স্য মাদৃশবুদ্ধ্যা প্রমাতুমশক্যত্বাৎ ॥ ১ ॥

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ব্রহ্মন্! বলদেবের সামর্থ্য অনির্ব্বচনীয় ও অনন্ত; সাধারণ মানবের ন্যায় তিনি জন্ম পরিগ্রহ করেন নাই; তাঁহার অনুপম লীলা শ্রবণে বিস্মিত হইতে হয়। অতএব সেই অসামান্য সামর্থ্য-বিশিষ্ট বলরাম অন্য আরও যে সকল কর্ম্ম করিয়াছেন, সেই সকল শ্রবণের জন্য আমার অত্যন্ত লালসা জন্মিতেছে; অনুগ্রহ পূর্ব্বক আপনি সেই সকল বর্ণন করুন ॥ ১ ॥

আভাস।

সপ্তষষ্টিতম অধ্যায়ে বলরাম মদমত্ত হইয়া, রৈবত পর্ব্বতে স্ত্রীগণের সহিত ক্রীড়া করিবার ছলে মহাখল দ্বিবিদ নামক বানরকে বধ করিয়াছেন ॥

মহামুনি শুকদেব শ্রীকৃষ্ণলীলা বর্ণনার্থই যেন প্রস্তুত; কৃষ্ণলীলা ব্যতীত সুতরাং রামলীলা বর্ণনে পাছে তিনি উপেক্ষা করেন, এই আশঙ্কায় মহারাজ পরীক্ষিৎ তাঁহাকে প্রসঙ্গক্রমে বলরামেরও অবশিষ্ট লীলা বর্ণনের নিমিত্ত অনুরোধ করিয়াছিলেন। কারণ যিনি সাক্ষাৎ অনন্তদেব, সামান্য ইন্দ্রিয়জনিত জ্ঞানের দ্বারা যাঁহার মহিমা অবধারণ করা যায় না, তাঁহার লীলা কখনই সামান্য বা সীমাবদ্ধ নহে। অনন্তদেবের কার্য্যও অবশ্য অনন্ত হইবে। অতএব কেবল কৃষ্ণলীলা বর্ণন করিয়াই পাছে রামলীলা বর্ণনে ক্ষান্ত হন, এই নিমিত্তই পরীক্ষিতের এরূপ আগ্রহ ॥ ১ ॥

নরকস্য সখা কশ্চিৎ দ্বিবিদো নাম বানরঃ।
সুগ্রীবসচিবঃ সোঽথ ভ্রাতা মৈন্দস্য বীর্য্যবান্॥ ২ ॥
সখ্যুঃ সোঽপচিতিং কুর্ব্বন্ বানরো রাষ্ট্রবিপ্লবং।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। নরকস্য সখা দ্বিবিদঃ নাম কশ্চিৎ বানরঃ আসীৎ। মৈন্দস্য ভ্রাতা সঃ বীর্য্যবান্ বানরঃ সুগ্রীবসচিবঃ এব ॥ ২ ॥

সঃ দ্বিবিদঃ নাম বানরঃ মৃতস্য সখ্যুঃ নরকস্য, অপচিতিং আনৃণ্যং, কুর্ব্বন্ রাষ্ট্রস্য রাজ্যস্য,

শ্রীধরস্বামী।

নরকস্য সখেতি হরিণা বৈরে কারণং। সুগ্রীবসচিব ইতি তস্য মন্ত্রবলং। মৈন্দস্য ভ্রাতেতি রামায়ণেঽতিপ্রসিদ্ধত্বেন বীর্য্যাধিক্যমুক্তমিতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নরকস্য সখেতি। মহাভক্তরাজসুগ্রীবসচিবত্বেঽপি দুঃসঙ্গদোষস্যানর্থকারিত্বজ্ঞাপনার্থমুক্তং কারণং শ্রীমল্লক্ষ্মণে তস্য পূর্ব্বমনাদর আসীদিতি জ্ঞেয়ং। যদ্যপি মৈন্দদ্বিবিদাদীনাং শ্রীরামপূজায়ামাবরণদেবত্বাদেব নিত্যসিদ্ধত্বমেব তদপি মহদপরাধদুঃসঙ্গাদিদোষজ্ঞাপনার্থং জয়বিজয়বদেকেন প্রকাশেনৈব দ্বিবিদস্য ভ্রংশোঽয়ং দর্শিতঃ ॥ ২ ॥

পরীক্ষিতের প্রশ্ন শ্রবণে শুকদেব বলিলেন, হে নরনাথ! ভূমিপুত্র নরকাসুরের সখা দ্বিবিদ নামে একটী বানর ছিল; ঐ বীর্য্যবান্ বানর মৈন্দের ভ্রাতা এবং সুগ্রীবেরও সচিব ছিল ॥ ২ ॥

উক্ত দ্বিবিদ বানর মৃত সখা নরকের বৈর-নির্য্যাতন করিবার মানসে

আভাস।

সাধু ব্যক্তিরও অসৎ-সংসর্গে যে পতন হয়, তাহাই দ্বিবিদ চরিত্রে বর্ণিত হইয়াছে। অর্থাৎ সুগ্রীব একজন পরমভক্ত; দ্বিবিদ নামে মহাবল-পরাক্রান্ত বানর তাঁহারই সচিব ছিল; সুতরাং দ্বিবিদের পক্ষে ভক্ত এবং মন্ত্রজ্ঞ হওয়াই সম্ভব। কিন্তু দুঃখের বিষয়, এক নরকাসুরের সংসর্গে দ্বিবিদ একজন সম্পূর্ণ জ্ঞানহীন বিদ্বেষীর ন্যায় পরিচয় দিয়াছিল। রামায়ণের মধ্যে দ্বিবিদ ও মৈন্দ এই ভ্রাতাদ্বয়ের নাম বারম্বার উল্লেখ করা আছে বটে, কিন্তু বলাধিক্য বশত দ্বিবিদ সময়ে সময়ে শ্রীমান্ লক্ষ্মণকেও উপেক্ষা করিত; সুতরাং কৃষ্ণাবতারে বলরামকে উপেক্ষা করিবে, তাহাতে আর সন্দেহ কি? লক্ষ্মণের প্রতি অনাদর করাই তাহার দুঃসঙ্গের কারণ। শ্রীরামপূজায় মৈন্দ ও দ্বিবিদাদিকে আবরণ-দেবতারূপে উল্লেখ করায়, তাহাদের নিত্যসিদ্ধত্বেরই পরিচয় হইয়া থাকে। কিন্তু মহৎ ব্যক্তির অপমান করিয়া যেমন জয় বিজয়ের পতন হইয়াছিল, সেইরূপ সাক্ষাৎ অনন্তদেব শ্রীমান্ লক্ষ্মণের অবজ্ঞা করায়, দ্বিবিদের পতনও অবশ্য স্বীকার করিতে হইবে ॥ ২ ॥

পুরগ্রামাকরান্ ঘোষানদহদ্বহ্নিমুৎসৃজন্ ॥ ৩ ॥
ক্বচিৎ স শৈলানুৎপাট্য তৈর্দেশান্ সমচূর্ণয়ৎ।
আনর্ত্তান্ সুতরামেব যত্রাস্তে মিত্রহা হরিঃ ॥ ৪ ॥
ক্বচিৎ সমুদ্রমধ্যস্থো দোর্ভ্যামুর্দ্ধৃত্য তজ্জলং।
দেশান্নাগাযুতপ্রাণো বেলাকূলে ন্যমজ্জয়ৎ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

বিপ্লবঃ নাশঃ যথা স্যাৎ তথা বহ্নিং উৎসৃজন্ পুরগ্রামাকরান্ অদহৎ ॥ ৩ ॥

সঃ ক্বচিৎ শৈলান্ উৎপাট্য তৈঃ শৈলৈঃ দেশান্ সমচূর্ণয়ৎ। তথা যত্র মিত্রহা নরকাসুরহন্তা, হরিঃ কৃষ্ণঃ, আস্তে তান্ আনর্ত্তান্ দ্বারকাসমীপদেশান্, এত্য আগত্য, তু সুতরাং সমচূর্ণয়ৎ ॥ ৪ ॥

নাগাযুতপ্রাণঃ (নাগানাং গজানাং অযুতস্য দশসহস্রস্য প্রাণঃ বলং যস্য সঃ বানরঃ) ক্বচিৎ সমুদ্রমধ্যস্থঃ সন্ দোর্ভ্যাং তস্য সমুদ্রস্য জলং উদ্ধৃত্য বেলাকূলে (বেলায়াঃ কূলে তীরে বর্ত্তমানান্ দেশান্ সংন্যমজ্জয়ৎ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

সখ্যুর্নরকস্যাপচিতিং আনৃণ্যং। রাষ্ট্রস্য বিপ্লবো নাশো যথা ভবতি তথা পুরাদীনদহদিতি ॥ ৩ ॥

কিঞ্চ। ক্বচিদিতি কদাচিৎ। স দ্বিবিদঃ মিত্রহা মিত্রহন্তা ॥ ৪ ॥

তস্য সমুদ্রস্য জলং বাহুভ্যামুৎক্ষিপ্য বেলায়াঃ কূলে বর্ত্তমানান্ দেশান্ প্লাবয়ামাসেতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সখ্যুর্নরকস্য। অপচিতিরানৃণ্যং। রাষ্ট্রস্য বিপ্লবো নাশো যেন তৎ যথা স্যাত্তথাদহৎ ॥ ৩ ॥ ৪ ॥

সমগ্র রাজত্ব ধ্বংস করিবার উদ্‌যোগ করিল এবং পুর, গ্রাম ও আভীর-পল্লী সমূহে অগ্নি প্রদানের দ্বারা বিনষ্ট করিতে আরম্ভ করিল ॥ ৩ ॥

ঐ বানর পর্ব্বত সকল উৎপাটন করিয়া, তাহার আঘাতে দেশসকল চূর্ণবিচূর্ণ করিতে লাগিল ; এবং স্বীয় মিত্র নরকের নিধনকারী শ্রীকৃষ্ণ যে স্থানে বাস করিতেছিলেন, সেই দ্বারকার নিকটবর্ত্তী আনর্ত্তাদি গ্রাম সমূহকে সম্পূর্ণ বিনষ্টপ্রায় করিয়া ফেলিল ॥ ৪ ॥

কখনও বা সমুদ্রগর্ভে অবগাহন পূর্ব্বক তাহার বিশাল হস্তদ্বয়ের দ্বারা এরূপ পরিমাণে জল তীর-ভূমিতে সিঞ্চন করিত যে, নিকটবর্ত্তী গ্রাম সমূহ জল মগ্ন হইয়া যাইত ॥ ৫ ॥

শ্রেষ্ঠ ঋষিগণের আশ্রমে উপস্থিত হইয়া, ঐ দুষ্ট তাঁহাদের আশ্রম-তরু ভগ্ন

আশ্রমান্ ঋষিমুখ্যানাং কৃত্বা ভগ্নবনস্পতীন্।
অদূষয়চ্ছকৃন্মূত্রৈরগ্নীন্ বৈতানিকান্ খলঃ ॥ ৬ ॥
পুরুষান্ যোষিতো দৃপ্তঃ ক্ষ্মাভৃদ্দ্রোণীগুহাসু সঃ।
নিক্ষিপ্য চাপ্যধাচ্ছৈলৈঃ পেশস্কারীব কীটকং ॥
এবং দেশান্ বিপ্রকুর্ব্বন্ দূষয়ংশ্চ কুলস্ত্রিয়ঃ।
শ্রুত্বা সুললিতং গীতং গিরিং রৈবতকং যযৌ ॥
তত্রাপশ্যদ্যদুপতিং রামং পুষ্করমালিনং।

অন্বয়ঃ।

ঋষিমুখ্যানাং আশ্রমান্ ভগ্নবনস্পতীন্ (ভগ্নাঃ বনস্পতয়ঃ বৃক্ষাঃ যেষাং তে তথাভূতান্) কৃত্বা শকৃন্মূত্রৈঃ (শকৃতা মলেন মূত্রৈঃ চ) সঃ খলঃ বৈতানিকান্ যজ্ঞীয়ান্ আহবনীয়ান্, অগ্নীন্ অদূষয়ৎ ॥ ৬ ॥

সঃ দৃপ্তঃ অহঙ্কৃতঃ, বানরঃ ক্ষ্মাভৃদ্দ্রোণীগুহাসু (ক্ষ্মাভৃতঃ পর্ব্বতস্য দ্রোণীষু গুহাসু চ নিক্ষিপ্য পেশস্কারী ভ্রমরঃ, কীটকং ইব শৈলৈঃ প্রস্তরাদিভিঃ অধাৎ পিহিতবান্ ॥

এবং দেশান্ বিপ্রকুর্ব্বন্ পীড়য়ন্, তত্র কুলস্ত্রিয়ঃ কুলস্ত্রীঃ দূষয়ন্ সুললিতং মধুরং বলেন ক্রিয়মাণং গীতং শ্রুত্বা রৈবতকং গিরিং যযৌ ॥

তত্র রৈবতকোপবনে, ললনাযূথমধ্যগং নারীগণপরিবৃতং, সুদর্শনীয়সর্ব্বাঙ্গং (সুদর্শনীয়ানি সর্ব্বাণি অঙ্গানি যস্য তং) পুষ্করমালিনং (পুষ্করং কমলং তস্য মালা যস্য অস্তীতি

শ্রীধরস্বামী।

আশ্রমস্থান্ বনস্পতীন্ ভঙ্ক্ত্বা আহবনীয়াদ্যগ্নিষু মূত্রাদি কৃতবানিত্যর্থঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেলা সমুদ্রজলং তৎকুলভবান্ দেশান্ পুংস্ত্বমার্ষং ॥ ৫ ৬ ॥

করিত এবং মূত্র ও পুরীষোৎসর্গের দ্বারা ঋষিগণের যজ্ঞাগ্নিকে দূষিত করিতে আরম্ভ করিল ॥ ৬ ॥

দ্বিবিদ নিজের বলে এতই দর্পিত হইয়াছিল যে, সে কাহাকেও গ্রাহ্য করিত না; পেশস্কার ভ্রমর যেমন বলপূর্ব্বক মক্ষিকাদি কীট সমূহকে ধরিয়া নিজ গর্ত্তে লইয়া রাখে, সেইরূপ এই বলোন্মত্ত দ্বিবিদ নর ও নারীগণকে অনায়াসে গ্রহণ করত ভূধর-গুহায় নিক্ষেপ পূর্ব্বক শৈলাদির দ্বারা আবৃত রাখিত ॥

দেশ ও গ্রামাদি বিনষ্ট করিয়া কুলকামিনীগণকে কলুষিতা করিতে লাগিল; ইতিমধ্যে রৈবতক পর্ব্বত হইতে অপূর্ব্ব গীত-ধ্বনি শ্রবণ করিয়া, ঐ বানর মুগ্ধপ্রায় হইয়া তদভিমুখেই যাত্রা করিল ॥

এবং তথায় উপস্থিত হইয়া, ললনাজনে পরিবৃত সর্ব্বাঙ্গসুন্দর পদ্মমালাধারী

সুদর্শনীয়সর্ব্বাঙ্গং ললনাযূথমধ্যগং ॥ ৭ ॥
গায়ন্তং বারুণীং পীত্বা মদবিহ্বললোচনং।
বিভ্রাজমানং বপুষা প্রভিন্নমিব বারণং ॥
দুষ্টঃ শাখামৃগঃ শাখামারূঢ়ঃ কম্পয়ন্ দ্রুমান্।
চক্রে কিলকিলা-শব্দমাত্মানং সম্প্রদর্শয়ন্ ॥ ৮ ॥
তস্য ধাষ্ট্যং কপের্বীক্ষ্য তরুণ্যো জাতিচাপলাঃ।
হাস্যপ্রিয়া বিজহসুর্বলদেবপরিগ্রহাঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তং) যদুপতিং যাদবানাং পালকং রামং অপশ্যৎ ॥ ৭ ॥

বারুণীং মদিরাং পীত্বা গায়ন্তং, মদেন বিহ্বলে লোচনে যস্য তং প্রভিন্নং মত্তং, বারণং ইব বপুষা বিভ্রাজমানং, রামং অপশ্যৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥

সঃ দুষ্টঃ শাখামৃগঃ বানরঃ শাখাং আরূঢ়ঃ এব দ্রুমান্ কম্পয়ন্ তেন আত্মানং সম্প্রদর্শয়ন্ কিলকিলা ইতি শব্দং চক্রে ॥ ৮ ॥

তস্য দ্বিবিদস্য ধাষ্ট্যং প্রাগল্‌ভ্যং বীক্ষ্য জাতিচাপলাঃ (জাত্যা স্বভাবেন এব চাপলং যাসাং তাঃ) হাস্যপ্রিয়াঃ (হাস্যং প্রিয়ং যাসাং তাঃ) বলদেবপরিগ্রহাঃ (বলদেবস্য পরিগ্রহঃ যাসাং তাঃ) তরুণ্যঃ যুবতয়ঃ বিজহসুঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অপ্যধাৎ পিদধে। পেশস্কারী ভ্রমরঃ ॥ ৭ ॥
গায়ন্তংকিমপ্যনির্ব্বচনীয়ং। প্রভিন্নং মত্তং। শাখামৃগো বানরঃ ॥ ৮ ॥
জাত্যা স্বভাবেন চাপলং যাসাং তাঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্যধাৎ আচ্ছাদয়ামাস ॥ ৭ ॥ প্রভিন্নং মত্তং ॥ ৮ ॥
জাত্যা স্বভাবেন চাপলমগাম্ভীর্য্যং যাসাং তাঃ ॥ ৯ ॥

যাদবেন্দ্র বলরামকে নয়নগোচর করিল ॥ ৭ ॥

ভগবান্ বলভদ্র বারুণী মদিরা পানে মত্ত ও মদবিহ্বল-লোচন হইয়া মত্ত গজেন্দ্রের ন্যায় অপূর্ব্ব রূপ ধারণে গান করিতেছিলেন ॥

ইত্যবসরে সেই দুষ্ট বানর বৃক্ষশাখায় আরোহণ পূর্ব্বক পাদপসমূহ কম্পিত করিতে আরম্ভ করিল এবং কামিনীগণকে মুখভঙ্গি প্রদর্শন পূর্ব্বক কিচ্‌মিচ্ ধ্বনি করিতে লাগিল ॥ ৮ ॥

কপির প্রাগল্‌ভ্য দর্শনে চপল-স্বভাবা হাস্যপ্রিয়া তরুণবয়স্কা বলদেব-পত্নীগণ উচ্চকণ্ঠে হাস্য আরম্ভ করিল ॥ ৯ ॥

তা হেলয়ামাস কপি ভ্রূক্ষেপৈঃ সংমুখাদিভিঃ।
দর্শয়ন্ স্বগুদং তাসাং রামস্যচ নিরীক্ষতঃ॥
তং গ্রাব্ণা প্রাহরৎ ক্রুদ্ধো বলঃ প্রহরতাং বরঃ।
স বঞ্চয়িত্বা গ্রাবাণং মদিরাকলসং কপিঃ॥
গৃহীত্বা হেলয়ামাস ধূর্ত্তস্তং কোপয়ন্ হসন্॥ ১০॥
নির্ভিদ্য কলসং দুষ্টো বাসাংস্যাস্ফালয়দ্বলং।
কদর্থীকৃত্য বলবান্ বিপ্রচক্রে মদোদ্ধতঃ॥

অন্বয়ঃ।

সঃ দ্বিবিদঃ রামস্য নিরীক্ষতঃ পশ্যতঃ, এব তং অনাদৃত্য ভ্রূক্ষেপৈঃ সংমুখাদিভিঃ, (সম্মুখাগমন-দন্তপ্রদর্শাদিভিঃ তাসাং স্বগুদং দর্শয়ন্ তাঃ স্ত্রীঃ হেলয়ামাস অবজজ্ঞে॥

প্রহরতাং বরঃ শ্রেষ্ঠঃ, বলঃ ক্রুদ্ধঃ সন্ গ্রাব্ণা পাষাণেন, তং প্রাহরৎ সঃ চ ধূর্ত্তঃ কপিঃ গ্রাবাণং বঞ্চয়িত্বা হসন্ কোপয়ন্ মদিরাকলসং গৃহীত্বা তং বলরামং হেলয়ামাস॥ ১০॥

মদিরাকলসং নির্ভিদ্য দুষ্টঃ সঃ বানরঃ যোষিতাং বাসাংসি আস্ফালয়ং আকৃষ্য পাটিতবান্। ততঃ চ বলং কদর্থীকৃত্য অগণয়িত্বা, বিপ্রচক্রে অপকারং কৃতবান্॥

শ্রীধরস্বামী।

হেলয়ামাস অবজজ্ঞে। নিরীক্ষতো নিরীক্ষমাণস্য তমনাদৃত্যেত্যর্থঃ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হেলয়ামাস অবজ্ঞাতবান্। সংমুখাদিভিঃ সংমুখস্থিতি-গতি-মূত্রণাদিভিঃ। তাসাং তাঃ। রামস্য নিরীক্ষমাণস্যেত্যনাদরে ষষ্ঠী॥ ১০॥

দুষ্ট বানর তখন বলদেবের সমক্ষেই ভ্রূক্ষেপ, মুখভঙ্গি ও পায়ু-প্রদর্শনে নারীগণকে অবজ্ঞা করিতে লাগিল॥

বলদেব বানরের তাদৃশ ধৃষ্টতা দর্শনে ক্রুদ্ধ হইয়া, তদুপরি পাষণ-খণ্ড নিক্ষেপ করিলেন; কিন্তু সেই ধূর্ত্ত পাষণ-প্রহার হইতে আপন শরীরকে রক্ষা করত, কৌশলক্রমে বলরামের নিকট হইতে বঞ্চনা পূর্ব্বক মদিরা কলসটী সংগ্রহ করত হাসিতে হাসিতে পলায়ন করিল। এতদ্দর্শনে বলরাম কোপে কম্পিত হইয়া উঠিলেন॥ ১০॥

অনন্তর দ্বিবিদ বানর বলরামকে অবমানিত করিবার অভিপ্রায়ে মদিরা কলসটী দূরে লইয়া ভগ্ন করিল এবং দ্রুতবেগে আগমন পূর্ব্বক নারীগণের পরিধেয় বস্ত্র আকর্ষণে ছিন্ন বিচ্ছিন্ন করত বিশেষরূপে বিব্রত করিতে লাগিল॥

তখন মদমত্ত বলশ্রেষ্ঠ বলরাম নারীগণের প্রতি কপির তাদৃশ অত্যাচার

তং তস্যাবিনয়ং দৃষ্ট্বা দেশাংশ্চ তদুপদ্রুতান্।
ক্রুদ্ধো মুষলমাদত্ত হলঞ্চারিজিঘাংসয়া ॥ ১১ ॥
দ্বিবিদোঽপি মহাবীর্য্যঃ শালমুৎপাট্য পাণিনা।
অভ্যেত্য তরসা তেন বলং মূর্দ্ধ্নি ব্যতাড়য়ৎ ॥ ১২ ॥
তস্য সঙ্কর্ষণো মূর্দ্ধ্নি পতন্তমচলো যথা।
প্রতিজগ্রাহ ভগবান্ সুনন্দেনাহনচ্চ তং ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

তস্য কপেঃ, তং অবিনয়ং, তথা তেন দেশান্ চ উপদ্রুতান্ দৃষ্ট্বা ক্রুদ্ধঃ রামঃ অরেঃ বানরস্য, জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া হলং মুষলং চ আদত্ত আদদে ॥ ১১ ॥

মহাবীর্য্যঃ দ্বিবিদঃ অপি পাণিনা শালং শালবৃক্ষং, উৎপাট্য তরসা বেগেন, অভ্যেত্য তেন শালেন বলং মূর্দ্ধ্নি ব্যতাড়য়ৎ ॥ ১২ ॥

স্বস্য মূর্দ্ধ্নি পতন্তং তং শালং ভগবান্ সঙ্কর্ষণঃ অচলঃ যথা তথা হস্তেন প্রতিজগ্রাহ গৃহীতবান্; তথা সুনন্দাখ্যেন মুষলেন তং কপিং অহনৎ চ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

আস্ফালয়ং যোষিতাং বাসাংস্যাকৃষ্য পাটিতবান্। বিপ্রচক্রে এবমপকৃতবানিত্যর্থঃ ॥ ১১ শালং বৃক্ষং ॥ ১২ ॥

সুনন্দেন মুষলেন অহনৎ অহন্নিত্যর্থঃ। তং বানরং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাসাংসি শয্যোপরিস্থিতানি আস্ফালয়ং আকৃষ্য পাটিতবান্। বিপ্রচক্রে এবমপকৃতবান্ ॥ ১১ ॥ ১২ ॥

দর্শনে ও গ্রাম-সমূহ তাহার উপদ্রবে বিনষ্ট-প্রায় অবলোকন করিয়া, অতিশয় ক্রুদ্ধ হইলেন এবং বানরের নিধন-বাসনায় মুষল ও হল উত্তোলন পূর্ব্বক দণ্ডায়মান হইলেন ॥ ১১ ॥

দ্বিবিদও ইত্যবসরে একটী প্রচণ্ড শাল-বৃক্ষ এক হস্তে উৎপাটন পূর্ব্বক দ্রুতবেগে অগ্রসর হইল এবং অতি তীব্রবেগে বলদেবের মস্তকোপরি তদ্দ্বারা আঘাতের চেষ্টা করিল ॥ ১২ ॥

শাল-বৃক্ষ পতিত হইতে নিরীক্ষণ করিয়াও, বলরাম কিঞ্চিন্মাত্র বিচলিত হইলেন না; বরং অচলের ন্যায় প্রতিষ্ঠিত থাকিয়া, স্বীয় হস্তের দ্বারাই সেই শাল-বৃক্ষ ধারণ করিলেন এবং সুনন্দন নামক মুষলের আঘাতে বানরকে আহত করিলেন ॥ ১৩ ॥

মুষলের আঘাতে বিদীর্ণ-মস্তক দ্বিবিদের মস্তক হইতে অবিরল-ধারে

মুষলাহতমস্তিষ্কো বিরেজে রক্তধারয়া।
গিরির্যথা গৈরিকয়া প্রহারং নানুচিন্তয়ন্॥
পুনরন্যং সমুৎক্ষিপ্য কৃত্বা নিষ্পত্রমোজসা।
তেনাহনৎ সুসংক্রুদ্ধ স্তং বলঃ শতধারুজৎ॥
ততোঽন্যেন রুষা জঘ্নে তঞ্চাপি শতধাভিনৎ।
এবং যুধ্যন্ ভগবতা ভগ্নে ভগ্নে পুনঃ পুনঃ॥
আকৃষ্য সর্ব্বতো বৃক্ষান্নির্বৃক্ষমকরোদ্বনং।
ততোঽমুঞ্চচ্ছিলাবর্ষং বলস্যোপর্য্যমর্ষিতঃ॥

অন্বয়ঃ।

মুষলাহতমস্তিষ্কঃ (মুষলেন আহতঃ মস্তিষ্কঃ মস্তকাবয়বঃ যস্য সঃ) বানরঃ রুধিরধারয়া গৈরিকয়া গিরিঃ যথা তথা বিরেজে; ততশ্চ তৎপ্রহারং ন অনুচিন্তয়ন্ সুসংক্রুদ্ধঃ সন্ পুনঃ অন্যং শালবৃক্ষং সমুৎক্ষিপ্য নিষ্পত্রং চ কৃত্বা তেন শালেন, ওজসা বেগেন, অহনৎ তং বলং প্রতি চিক্ষেপ। বলঃ তু তং শালং শতধা অভিনৎ চিচ্ছেদ ইতি দ্বয়োরন্বয়ঃ॥

ততঃ দ্বিবিদঃ অন্যেন শালেন রুষা রোষেণ তং বলং জঘ্নে; তং অপি শালং সঃ বলঃ অহনৎ শতধা কৃতবান্ এবং ভগবতা সহ যুধ্যন্ প্রযুক্তে প্রযুক্তে অস্ত্রে বৃক্ষে চ ভগ্নে ভগ্নে সতি

শ্রীধরস্বামী।

মস্তিষ্কং মস্তকাবয়ববিশেষঃ। গৈরিকয়া লোহিতধাতুনা। নানুচিন্তয়ন্ ন গণয়ন্॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুনন্দেন মুষলেন মস্তিষ্কং মস্তকাবয়ববিশেষঃ॥ ১৩॥ ১৪॥

রুধির-ধারা নিপতিত হইতে লাগিল; কিন্তু সেই বলোন্মত্ত বানর গৈরিকবর্ণে শোভিত গিরির ন্যায় বেশ ধারণে তাদৃশ প্রহারকেও উপেক্ষা করত॥—

অপর একটী শাল-বৃক্ষ উৎপাটন পূর্ব্বক তাহাকে নিষ্পত্র করিল এবং ক্রোধে প্রজ্বলিত হইয়া, অতি তীব্রবেগে বলরামের উপর নিক্ষেপ করিল। বলরাম কিন্তু অস্ত্রের প্রয়োগে সেই বৃক্ষকেও শতধা বিভক্ত করিয়া ফেলিলেন॥

বানর তখন ক্রোধ-কম্পিত-হৃদয়ে পুনরায় আর একটী শাল-বৃক্ষের দ্বারা বলরামকে আহত করিবার চেষ্টা করিল; কিন্তু বলরাম সেই বৃক্ষকেও শতধা বিভক্ত করত দ্বিবিদের উদ্যমকে নিষ্ফল করিলেন। এই প্রকারে বারংবার নিক্ষেপ ও বারংবার বৃক্ষকে শতধা বিভিন্ন করায়, দ্বিবিদ ও বলরামের তুমুল সংগ্রাম হইতে লাগিল।

এই প্রকারে দ্বিবিদ কর্ত্তৃক নিরন্তর বৃক্ষের উৎপাটনে তত্রত্য শাল-বনটী যখন নিষ্পাদপ হইল, তখন দ্বিবিদ বারিধরের জলধারার ন্যায় বলরামের

তৎ সর্ব্বং চূর্ণয়ামাস লীলয়া মুষলায়ুধঃ ॥ ১৪ ॥
স বাহূ তালসঙ্কাশৌ মুষ্টীকৃত্য কপীশ্বরঃ।
আসাদ্য রোহিণীপুত্রং তাভ্যাং বক্ষস্যরুরুজৎ ॥ ১৫ ॥
যাদবেন্দ্রোঽপি তৎ দোর্ভ্যাং ত্যক্ত্বামুষললাঙ্গলৌ।
জত্রাবভ্যর্দ্দয়ৎ ক্রুদ্ধঃ সোঽপতদ্রুধিরং বমন্ ॥ ১৬ ॥
চকম্পে তেন পততা সটঙ্কঃ সবনস্পতিঃ।

অন্বয়ঃ।

সর্ব্বতঃ বৃক্ষান্ আকৃষ্য উৎপাট্য প্রক্ষিপন্ তৎ বনং নির্বৃক্ষং অকরোৎ। ততশ্চ অমর্ষিতঃ ক্রুদ্ধঃ সন্ দ্বিবিদঃ বলস্য উপরি শিলাবর্ষং অমুঞ্চৎ তৎ সর্ব্বং শিলাবর্ষং মুষলায়ুধঃ লীলয়া চূর্ণয়ামাস ॥ ১৪ ॥

সঃ কপীশ্বরঃ দ্বিবিদঃ তালসঙ্কাশৌ তালপ্রমাণৌ, বাহূ মুষ্টীকৃত্য রোহিণীপুত্রং রামং আসাদ্য প্রাপ্য, তাভ্যাং বাহুভ্যাং, বক্ষসি অরুরুজৎ অতাড়য়ৎ ॥ ১৫ ॥

ক্রুদ্ধঃ যাদবেন্দ্রঃ অপি মুষল-লাঙ্গলৌ ত্যক্ত্বা দোর্ভ্যাং এব তৎ কপিং জত্রৌ কণ্ঠবাহুমূলে, অভ্যর্দ্দয়ৎ অতাড়য়ৎ ; সঃ কপিঃ রুধিরং বমন্ অপতৎ ॥ ১৬ ॥

হে কুরুশার্দ্দূল! পততা তেন দ্বিবিদেন, সটঙ্কঃ (টঙ্কঃ সতোয়বিবরাণি তৎসহিতঃ)

শ্রীধরস্বামী।

অরুরুজৎ তাড়য়ামাস ॥ ১৫ ॥ জত্রৌ কণ্ঠবাহুমূলে ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুষ্টীকৃত্য মুষ্টিমন্তৌ কৃত্বেত্যর্থঃ। অরুরুজৎ তাড়য়ামাস ॥ ১৫ ॥

ত্যক্ত্বা মুষললাঙ্গলাবিতি তস্য নিরায়ুধত্বে সতি স্বস্যাপি নিরায়ুধত্বৌচিত্যাৎ। জত্রৌ কণ্ঠবাহুমূলে ॥ ১৬ ॥

উপর শিলাবর্ষণ আরম্ভ করিল ; কিন্তু মুষলায়ুধ বলরাম দ্বিবিদ-নিক্ষিপ্ত যাবতীয় শিলাখণ্ডই চূর্ণ বিচূর্ণ করিয়া ফেলিলেন ॥ ১৪ ॥

বিশাল তালবৃক্ষ সদৃশ হস্তদ্বয়কে তখন মুষ্টিবদ্ধ করিয়া, কপীশ্বর দ্বিবিদ বলরামের অভিমুখে ধাবিত হইল এবং বলরামের বক্ষোপরি দুই হস্তে মুষ্টাঘাত আরম্ভ করিল ॥ ১৫ ॥

যাদবেন্দ্র বলরাম তখন স্বীয় দুই হস্ত হইতে মুষল ও লাঙ্গল পরিত্যাগ করিলেন এবং ক্রোধে বানরের বাহু ও কণ্ঠের মূলদেশ জত্রুর উপর নিষ্করুণভাবে করাঘাত করিলেন। সেই প্রচণ্ড করাঘাতে বানর রুধির বমন করত, ধরণী পৃষ্ঠে নিপতিত হইল ॥ ১৬ ॥

হে কুরুশ্রেষ্ঠ! বায়ুভরে নৌকাসকল যেমন জলের উপর আন্দোলিত

পর্ব্বতঃ কুরুশার্দ্দূল বায়ুনা নৌরিবাম্ভসি। ১৭॥
জয়শব্দো নমঃশব্দঃ সাধু সাধ্বিতি চাম্বরে।
সুরসিদ্ধমুনীন্দ্রাণামাসীৎ কুসুমবর্ষিণাং॥ ১৮॥
এবং নিহত্য দ্বিবিদং জগদ্ব্যতিকরাবহং।
সংস্তূয়মানো ভগবান্ জনৈঃ স্বপুরমাবিশৎ॥ ১৯॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দশমস্কন্ধে দ্বিবিধবধঃ সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬৭ ॥ * ॥

অন্বয়ঃ।

সবনস্পতিঃ বনস্পতিসহিতঃ, পর্ব্বতঃ বায়ুনা প্রকম্পিতা অম্ভসি স্থিতা নৌঃ ইব চকম্পে॥ ১৭॥

তদা বলস্য উপরি কুসুমবর্ষিণাং সুরসিদ্ধমুনীন্দ্রাণাং অম্বরে জয়শব্দঃ নমঃ-শব্দঃ তথা সাধু সাধু ইতি সাধুবাদঃ যথাযোগ্যং আসীৎ॥ ১৮॥

জগদ্ব্যতিকরাবহং (জগতঃ ব্যতিকরং নাশং আবহতীতি তং) দ্বিবিদং এবং নিহত্য জনৈঃ সংস্তূয়মানঃ ভগবান্ বলরামঃ স্বপুরং দ্বারকাং, আবিশৎ॥ ১৯॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

টঙ্কাঃ সতোয়বিবরাণি তৎসহিতঃ পর্ব্বতঃ॥ ১৭॥ সুরাদীনাং জয়শব্দাদি বভুব॥ ১৮॥

জগতো ব্যতিকরং নাশমাবহতীতি তথা তং॥ ১৯॥

॥ * ॥ ইতি দশমে সপ্তষষ্টিতমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সটঙ্কঃ ভিত্তিসহিতঃ। পর্ব্বতঃ রৈবতকঃ। জজ্ঞায়ামদ্রিভিত্তৌ চ খনিত্রে গ্রাবদারণে
কপিত্থে চাস্ত্রিয়াং টঙ্কঃ ইতি ত্রিকাণ্ডশেষঃ॥ ১৭—১৯॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
সপ্তষষ্টিতমোঽধ্যায়ো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

হয়, অদ্য দ্বিবিদের পতনেও সেইরূপ জলপূর্ণ বিবরসহ ও বনস্পতি-বিশিষ্ট ভূধরগণও প্রকম্পিত হইয়া উঠিল॥ ১৭॥

দ্বিবিদের পতনে স্বর্গ হইতে দেবতা, সিদ্ধ ও মুনীন্দ্রগণ বলরামের উপর পুষ্পবর্ষণ করত জয়শব্দ, নমঃশব্দ ও সাধুবাদ ধ্বনি করিতে লাগিলেন॥ ১৮॥

এই প্রকারে জগৎবিপ্লবকারী দ্বিবিদ বানরকে নিহত করিয়া, ভগবান্ বলরাম দেবগণ কর্ত্তৃক পরিস্তুত হইয়া, স্বীয় স্বজনবর্গসহ নিজ পুরে প্রবেশ করিলেন॥ ১৯॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

শ্রীশুক উবাচ।।

দুর্য্যোধনসুতাং রাজন্ লক্ষ্মণাং সমিতিঞ্জয়ঃ।
স্বয়ম্বরস্থামহরৎ সাম্বো জাম্ববতীসুতঃ॥
কৌরবাঃ কুপিতাঃ প্রোচুর্দুর্বিনীতোঽয়মর্ভকঃ।
কদর্থীকৃত্য নঃ কন্যামকামামহরদ্বলাৎ॥ ১॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সমিতিঞ্জয়ঃ (সমিতিঃ শত্রুঃ তং জয়তি ইতি তথাভূতঃ) জাম্ববতীসুতঃ সাম্বঃ স্বয়ম্বরস্থাং দুর্য্যোধনসুতাং লক্ষ্মণাং, অহরৎ॥

তদা চ কৌরবাঃ ভীষ্মাদয়ঃ, কুপিতাঃ সন্তঃ পরস্পরং প্রোচুঃ যৎ অয়ং দুর্ব্বিনীতঃ অর্ভকঃ বালকঃ, নঃ অস্মান্, কদর্থীকৃত্য উপেক্ষ্য, অকামাং অনিচ্ছন্তীং, অপি অস্মাকং কন্যাং লক্ষ্মণাং বলাৎ অহরৎ॥ ১॥

শ্রীধরস্বামী।

অষ্টষষ্টিতমে সাম্বে নিরুদ্ধে কৌরবৈ র্যুধি। তদ্বিমোক্ষায় রামেণ গজাহ্বয়বিকর্ষণং॥ *॥
রামচরিত্রান্তরং নিরূপয়িতুমাহ দুর্য্যোধনসুতামিতি। সমিতিঞ্জয়ঃ সংগ্রামজিৎ॥ ১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অষ্টষষ্টিতমে সাম্বে নিরুদ্ধে কুরুভির্হলী। দুরুক্ত্যা কোপিতশ্চক্রে গজাহ্বয়বিকর্ষণং॥ *॥
সমিতিঞ্জয়ঃ সংগ্রামজিৎ॥ ১॥

শুকদেব বলিলেন, হে রাজন্! এক সময় দুর্য্যোধন-তনয়া লক্ষ্মণার বিবাহার্থ স্বয়ম্বর-সভার অনুষ্ঠান হয়; এবং লক্ষ্মণা তথায় পতি নির্ব্বাচনার্থ উপস্থিত হইলে, সংগ্রামজয়ী জাম্ববতীনন্দন সাম্ব বলপূর্ব্বক সর্ব্বসমক্ষে সভা হইতে ঐ কন্যাকে হরণ করিলেন।

এতদ্দর্শনে দুর্য্যোধনাদি কৌরবগণ কুপিত হইয়া বলিলেন, অহো! এই বালকটী নিতান্তই দুর্ব্বিনীত। কন্যা স্বয়ং পতিত্বে বরণ করিবে বলিয়াই এই সভার অনুষ্ঠান করা হইয়াছে; কিন্তু এই বালক আমাদের সকলকে উপেক্ষা করিয়া, সেই চিরন্তন বরণ-প্রথার পরিবর্ত্তে কন্যার অনিচ্ছা সত্ত্বেও বল পূর্ব্বক তাহাকে হরণ করিয়া লইয়া যাইতেছে॥ ১॥

অতএব তোমারা সকলে এই দুর্ব্বিনীত বালককে বন্ধন কর! তাহাতে বৃষ্ণিবংশীয়গণ আমাদের কি করিতে পারিবে! তাহারাত আমাদিগেরই অনুগ্রহপ্রার্থী এবং আমাদিগের প্রদত্ত যৎসামান্য সম্পত্তি লইয়াই ভোগ করে

আভাস।

অষ্টষষ্টিতম অধ্যায়ে যুদ্ধে কৌরব কর্ত্তৃক সাম্ব রুদ্ধ হইলে, তাহার মোচনের নিমিত্ত বলদেবের হস্তিনাবিকর্ষণ বর্ণিত হইয়াছে॥

বধ্নীতেমং দুর্ব্বিনীতং কিং করিষ্যন্তি বৃষ্ণয়ঃ।
যেঽস্মৎপ্রসাদোপচিতাং দত্তাং নো ভুঞ্জতে মহীং ॥ ২ ॥
নিগৃহীতং সুতং শ্রুত্বা যদোষ্যন্তীহ বৃষ্ণয়ঃ।
ভগ্নদর্পাঃ শমং যান্তি প্রাণা ইব সুসংযতাঃ ॥ ৩ ॥
ইতি কর্ণঃ শলো ভূরি র্যজ্ঞকেতুঃ সুযোধনঃ।
সাম্বমারেভিরে বন্ধুং কুরুবৃদ্ধানুমোদিতাঃ ॥

অন্বয়ঃ।

ইমং দুর্ব্বিনীতং বধ্নীত! এবং কৃতে যে অস্মৎপ্রসাদোপচিতাং (অস্মাকং প্রসাদেন পরাক্রমেণ উপচিতাং সমৃদ্ধাং নঃ অস্মাভিঃ দত্তাং মহীং ভুঞ্জতে তে বৃষ্ণয়ঃ যাদবাঃ কিং করিষ্যন্তি ॥ ২ ॥

যদি কদাপি সুতং নিগৃহীতং বদ্ধং, শ্রুত্বা বৃষ্ণয়ঃ যুদ্ধার্থং ইহ এষ্যন্তি আগমিষ্যন্তি, তর্হি ভগ্নদর্পাঃ (ভগ্নঃ দর্পঃ গর্ব্বঃ যেষাং তে তথাভূতাঃ সন্তঃ) সুসংযতাঃ (প্রাণায়ামাদিভিঃ দমিতাঃ) প্রাণাঃ ইন্দ্রিয়াণীব শমং শান্তিং, যান্তি যাস্যন্তি ॥ ৩ ॥

ইতি কুরুবৃদ্ধানুমোদিতাঃ (কুরুবৃদ্ধেন ভীষ্মেণ অনুমোদিতাঃ কর্ণাদয়ঃ সাম্বং বন্ধুং আরেভিরে ॥

শ্রীধরস্বামী।

নোঽস্মাকং মহীং। অস্মাভির্দত্তাং। ন তে ভূপতয় ইতি ভাবঃ ॥ ২ ॥
যান্তু যাস্যন্তি। প্রাণা ইন্দ্রিয়াণীব সুসংযতাঃ প্রাণায়ামাদিভি র্দমিতাঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নোঽস্মাকং মহীমস্মাভির্দত্তাং ন তে ভূপতয় ইতি ভাবঃ ॥ ২ ॥
যান্তি যাস্যন্তি প্রাণা ইন্দ্রিয়াণীব ॥ ৩ ॥

মাত্র; প্রকৃত প্রস্তাবে তাহারা ত আর রাজা নহে ॥ ২ ॥

তবে বালকের নিগ্রহ করা হইয়াছে শ্রবণে যদি তাহারা নিতান্তই প্রতিহিংসার মানসে এখানে উপস্থিত হয়, তখন প্রাণায়াম-বলে যেমন ইন্দ্রিয়গণের নিগ্রহ ঘটে, সেইরূপ এই কৌরব-প্রতাপে নিগৃহীত হইয়া তাহাদেরও দর্প উপশমিত হইবে, সন্দেহ নাই ॥ ৩ ॥

দুর্য্যোধনের এই প্রস্তাবে পিতামহ ভীষ্মও অনুমোদন করিলেন; এবং তাঁহার সহিত কর্ণ, শল, ভূরি, যজ্ঞকেতু ও সুযোধন ইহারা সকলে যুদ্ধার্থ প্রস্তুত হইয়া, সাম্বকে বন্ধন করিবার জন্য ছয় জনেই যাত্রা করিলেন ॥

কিন্তু মহাবল সাম্ব দূর হইতে ধৃতরাষ্ট্র-পক্ষীয় বীরগণকে যুদ্ধার্থ তাঁহার অনুসরণ করিতে দেখিয়া, কিছুমাত্র ভীত হইলেন না; বরং একটী মনোহর

দৃষ্ট্বানুধাবতঃ সাম্বো ধার্ত্তরাষ্ট্রান্মহাবলঃ।
প্রগৃহ্য রুচিরং চাপং তস্থৌ সিংহ ইবৈকলঃ ॥ ৪ ॥
তে তং জিঘৃক্ষবঃ ক্রুদ্ধাস্তিষ্ঠ তিষ্ঠেতিভাষিণঃ।
আসাদ্য ধন্বিনো বাণৈঃ কর্ণাগ্র্যাঃ সমাকিরন্ ॥ ৫ ॥
সোঽতিবিদ্ধঃ কুরুশ্রেষ্ঠ কুরুভির্যদুনন্দনঃ।
নামৃষ্যত্তদচিন্ত্যার্ভঃ সিংহঃ ক্ষুদ্রমৃগৈরিব ॥

অন্বয়ঃ।

ততঃ ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রতনয়ান্ অনু পশ্চাৎ ধাবতঃ আগচ্ছতঃ, দৃষ্ট্বা মহাবলঃ সাম্বঃ রুচিরং চাপং প্রগৃহ্য সিংহঃ ইব একলঃ একাকী এব তস্থৌ ॥ ৪ ॥

কর্ণাগ্র্যাঃ (কর্ণঃ অগ্রণীঃ যেষাং তে) ক্ষিপ্তুক্ষবঃ তং গ্রহীতুং ইচ্ছন্তঃ তিষ্ঠ তিষ্ঠ ইতি ভাষিণঃ ক্রুদ্ধাঃ তে ধন্বিনঃ তং প্রতি আসাদ্য আগত্য, বাণৈঃ সমাকিরন্ আচ্ছাদিতবন্তঃ ॥ ৫ ॥

হে কুরুশ্রেষ্ঠ! কুরুভিঃ অতিবিদ্ধঃ তাড়িতঃ, অচিন্ত্যার্ভঃ (অচিন্ত্যস্য অচিন্ত্যপ্রভাবস্য ভগবতঃ অর্ভঃ, যদুনন্দনঃ সাম্বঃ ক্ষুদ্রমৃগৈঃ তাড়িতঃ সিংহঃ ইব তৎ বেধনং ন অমৃষ্যৎ ন সেহে ॥

শ্রীধরস্বামী।

কুরুবৃদ্ধো ভীষ্ম স্তেনানুমোদিতাঃ। তৎসহিতাঃ ষড়েতে ইত্যর্থঃ ॥ ৪ ॥

কর্ণোঽগ্রণীর্যেষাং তে ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শলাদয়স্ত্রয়ঃ সোমদত্তপুত্রাঃ। যজ্ঞকেতুর্ভূরিশ্রবাঃ। কুরুবৃদ্ধো ভীষ্মস্তেনানুমোদিতা ইত্যেতৎ স্পৃষ্টায়াঃ কন্যায়া বরান্তরাযোগাদয়মেব বরো ভবেৎ কিন্ত্বেতদন্যায়স্বশৌর্য্যয়োর্দ্যোতনার্থময়ং বন্ধনীয়এব নতু বধ্য ইতি কৃতানুমোদনা স্ততশ্চ তেনাপি সহিতাঃ কর্ণাদয়ঃ ষড়িত্যর্থঃ ॥ ৪ ॥ সমাকিরন্ সম্যগাকীর্ণং চক্রুঃ ॥ ৫ ॥

শরাসনে জ্যা আরোপ করত কেশরীর ন্যায় বীরদর্পে একাকীই সেই স্থানে দণ্ডায়মান রহিলেন ॥ ৪ ॥

এদিকে কর্ণাদি ক্রুদ্ধ ধনুর্দ্ধারী সকল সাম্বকে বন্ধন করিবার অভিপ্রায়ে তিরস্কার বচনে বলিল "ওরে সাম্ব! যদি বীর হও? তাহা হইলে ভয়ে ভীত হইয়া পলায়ন করিও না! ক্ষণকাল অপেক্ষা কর" এই কথা বলিতে বলিতে সকলে অগ্রসর হইতে লাগিলেন; পরে সাম্বের নিকটবর্ত্তী হইয়া বাণ-প্রহারে তাঁহাকে সম্পূর্ণ আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৫ ॥

চিন্তাতীত ভগবান্ শ্রীকৃষ্ণের পুত্র সাম্ব তাঁহাদের বাণে একান্ত আহত হইলেন বটে, কিন্তু একের বিরুদ্ধে ছয় জন রথির একত্র যুদ্ধ করা নিতান্ত অন্যায় ও ধর্ম্মবিরুদ্ধ বোধে, তিনি তাহাদিগের সে অত্যাচার আর সহ্য করিলেন না; বরং ক্ষুদ্র মৃগপোতে বিতাড়িত পশুরাজ সিংহের ন্যায়, তিনি আস্ফা-

বিস্ফূর্য্য রুচিরং চাপং সর্ব্বান্ বিব্যাধ শায়কৈঃ।
কর্ণাদীন্ ষড়্রথান্ বীরস্তাবদ্ভিঃ যুগপৎ পৃথক্ ॥ ৬ ॥
চতুর্ভিশ্চতুরো বাহানেকৈকেনচ সারথীন্।
রথিনশ্চ মহেষ্বাসা স্তস্য তত্তেঽভ্যপূজয়ন্ ॥
তস্তু তে বিরথং চক্রুশ্চত্বারশ্চতুরো হয়ান্।
একস্তু সারথিং জঘ্নে চিচ্ছেদান্যঃ শরাসনং ॥ ৭ ॥

অন্বয়ঃ।

রুচিরং আরোপিতজ্যং, চাপং বিস্ফূর্য্য নির্ঘোষয়িত্বা, সঃ বীরঃ সাম্বঃ সর্ব্বান্ ষড়্রথান্ ষট্‌সংখ্যকান্ কর্ণাদীন্ তাবদ্ভিঃ সায়কৈঃ একদা যুগপৎ, এব পৃথক্ প্রত্যেকং বিব্যাধ ॥ ৬ ॥

প্রত্যেকরথানাং চতুর্ভিঃ চতুর্ভিঃ সায়কৈঃ চতুরঃ চতুরঃ বাহান্ অশ্বান্, একৈকেন চ সায়কেন, সারথীন্ তথা একৈকেন চ রথিনঃ সঃ বিব্যাধ। মহেষ্বাসাঃ মহাধনুর্দ্ধরাঃ, অপি তে কর্ণাদয়ঃ রথিনঃ, তস্য সাম্বস্য তৎ কর্ম্ম, অভ্যপূজয়ন্ স্তুতবন্তঃ ॥

তে তু কর্ণাদয়ঃ সর্ব্বে মিলিত্বা তং একাকিনং সাম্বং বিরথং চক্রুঃ; যতঃ তেষু চত্বারঃ চতুরঃ হয়ান্ জঘ্নুঃ একঃ তু সারথিং জঘ্নে অন্যঃ তস্য শরাসনং চিচ্ছেদ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ন অমৃষ্যং নামৃষ্যং নাসহত। অচিন্ত্যস্য ভগবতোঽর্ভঃ। অচিন্ত্যশ্চাসাবর্ভশ্চেতি বা ॥ ৬

তৎ প্রপঞ্চয়তি চতুর্ভিরিতি। চতুর্ভিশ্চতুর ইত্যত্র বীপ্সানুসন্ধেয়া। তৎ কর্ম্ম তে সম্মানিতবন্ত ইত্যর্থঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথাপি হে ব্রহ্মন্! স্বীয় মনোগত অভিপ্রায়ের প্রকাশে, আমাদের জন্ম সফল করুন্! শ্রীকৃষ্ণের তাদৃশ বাক্য শ্রবণে দেবর্ষি বিস্মিত হইলেন এবং তথা হইতে গাত্রোত্থান করিয়া তূষ্ণীম্ভাবে অন্য গৃহে প্রবেশ করিলেন॥

তথায় যাইয়া দেখিলেন যে, ভগবান্ গোবিন্দ শিশু সন্তানগুলিকে লালন

তত্রাপ্যচষ্ট গোবিন্দং লালয়ন্তং সুতান্ শিশূন্।
ততোঽন্যস্মিন্ গৃহে পশ্যন্মজ্জনায় কৃতোদ্যমং ॥ ১৭ ॥
জুহ্বন্তঞ্চ বিতানাগ্নান্ যজন্তং পঞ্চভির্মখৈঃ।
ভোজয়ন্তং দ্বিজান্ ক্বাপি ভুঞ্জানমবশেষিতং ॥
ক্বাপি সন্ধ্যামুপাসীনং জপন্তং ব্রহ্ম বাগ্যতং।
একত্র চাসি-চর্ম্মভ্যাঞ্চরন্তমসিবর্ত্মসু ॥

অন্বয়ঃ।

ততঃ অন্যস্মিন্ গৃহে মজ্জনায় স্নানায়, কৃতোদ্যমং (কৃতঃ উদ্যমঃ যেন তং) বিতানাগ্নীন্ আহবনীয়াদীন্ অগ্নীন্ জুহ্বন্তং পঞ্চভিঃ মখৈঃ মহাযজ্ঞৈঃ দেবাদীন্ যজন্তং কৃষ্ণং অপশ্যৎ ॥ ১৭ ॥

ক্বচিদ্বা দ্বিজান্ ভোজয়ন্তং ; ক্বাপি ভুঞ্জানং অবশেষিতং দ্বিজেভ্যঃ সমর্প্য অবশিষ্টং ॥

ক্বাপি ব্রহ্মমন্ত্রং প্রণবং বাগ্যতং জপন্তং সন্ধ্যাং উপাসীনং ; একত্র অসিচর্ম্মভ্যাং অসিবর্ত্মসু খড়্গাভ্রামণমার্গেষু, চরন্তং ॥

শ্রীধরস্বামী।

অক্ষৈর্দীব্যন্তমিত্যাদৌ দদর্শেতি দ্রষ্টব্যং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাবিশদিত্যতঃ প্রাতরাদিকালানামপি ষষ্টিঘটিকীনাং ক্রিয়াণামপি সর্ব্বকালবর্ত্তিত্বং মুনির্জ্ঞাতবানিতি জ্ঞেয়ং। মজ্জনায়েতি প্রাতঃ সময়ো ব্যঞ্জিতঃ ॥ ১৭ ॥

ক্বচিদ্বিতানাগ্নীনাহবনীয়াদীন্ অগ্নিহোত্রেণ জুহ্বন্তমিতি পূর্ব্বাহ্ণঃ। ক্বাপি পঞ্চভির্মখৈরিতি। পাঠো হোমশ্চাতিথীনাং সপর্য্যা তর্পণং বলিরিতি পঞ্চমহাযজ্ঞৈ র্যজন্তমিতি মধ্যাহ্নঃ। ভোজয়ন্তং ভুঞ্জানমিত্যপরাহ্ণঃ ॥

সন্ধ্যামুপাসীনমিতি সায়াহ্নঃ। অসিচর্ম্মভ্যামিতি পুনঃ প্রাতঃ ॥

করিতেছেন। তথা হইতেও আবার অন্য গৃহে প্রবেশ করিয়া দেখিলেন, শ্রীকৃষ্ণ স্নান করিবার উদ্‌যোগ করিতেছেন ॥ ১৭ ॥

কোন গৃহে তিনি এই প্রকারে পঞ্চ মহাযজ্ঞাদির অনুষ্ঠানে আহবনীয়াদি অগ্নিতে হোম করিতেছেন ; কোথায়ও বা ব্রাহ্মণগণকে ভোজন করাইতেছেন এবং কোন গৃহে যজ্ঞাদি বা কার্য্যের সমাপনান্তে ব্রাহ্মণভোজনের পর স্বয়ং ভোজন করিতেছেন ॥

কোথায়ও বা বাগ্‌যত হইয়া, পরব্রহ্মের (প্রণব-পূর্ব্বক গায়ত্রীর) জপ করত সন্ধ্যা করিতেছেন ; আবার অন্যত্র বা চর্ম্ম ও কৃপাণহস্তে অসিবিদ্যা শিক্ষার স্থলে উপস্থিত হইয়া কখন অশ্বে, কখন গজে, কখন বা রথে আরোহণ করত

অশ্বৈ র্গজৈ রথৈঃ ক্বাপি বিচরন্তং গদাগ্রজং।
ক্বচিচ্ছয়ানং পর্য্যঙ্কে স্তূয়মানঞ্চ বন্দিভিঃ।
মন্ত্রয়ন্তঞ্চ কস্মিংশ্চিন্মন্ত্রিভিশ্চোদ্ধবাদিভিঃ।
জলক্রীড়ারতং ক্বাপি বারমুখ্যাবলাবৃতং॥
কুত্রচিদ্দ্বিজমুখ্যেভ্যো দদতং গাঃ স্বলঙ্কৃতাঃ।
ইতিহাসপুরাণানি শৃণ্বন্তং মঙ্গলানি চ॥

অন্বয়ঃ।

ক্বাপি অশ্বৈঃ গজৈঃ রথৈঃ বিচরন্তং গদাগ্রজং কৃষ্ণং॥

ক্বচিৎ পর্য্যঙ্কে শয়ানং, বন্দিভিঃ চ স্তূয়মানং কস্মিন্ চিৎ স্থানে উদ্ধবাদিভিঃ মন্ত্রিভিঃ সার্দ্ধং মন্ত্রয়ন্তং॥ ক্বাপি বারমুখ্যাবলাবৃতং (বারাণাং সমূহঃ বারং সঃ এব মুখ্যঃ যাসাং তাঃ বারমুখ্যাঃ বেশ্যাঃ তাসাং বলেন গণেন আবৃতং) জলক্রীড়ারতং ক্বাপি দদর্শ॥

কুত্রচিৎ দ্বিজমুখ্যেভ্য স্বলঙ্কৃতাঃ গাঃ দদতং ক্বচিৎ মঙ্গলানি ইতিহাসপুরাণানি শৃণ্বন্তং॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

অশ্বৈ র্গজৈরিতি পুনর্মধ্যাহ্নঃ। ক্বচিচ্ছয়ানমিতি রাত্রিশেষঃ॥

মন্ত্রয়ন্তঞ্চেতি প্রদোষঃ। জলক্রীড়ারতমিত্যপরাহ্নঃ॥

গা দদতমিতি পূর্ব্বাহ্নঃ। ইতিহাসপুরাণাভ্যাং ষষ্ঠসপ্তমকৌ নয়েদিতি স্মৃতেঃ॥

রামানুজ শ্রীকৃষ্ণ যুদ্ধক্রীড়ার প্রণালীতে বিচরণ করিতেছেন। আবার অন্য কোন গৃহে প্রবেশ করিয়া, নারদ দেখিলেন যে, শ্রীকৃষ্ণ পর্য্যঙ্কোপরি শয়ান রহিয়াছেন, স্তুতিপাঠকগণ তাঁহার স্তব করিতেছে॥

কোথায়ও গিয়া দেখিলেন, শ্রীকৃষ্ণ উদ্ধবাদি মন্ত্রিগণের সহিত একত্র উপবেশন পূর্ব্বক কোন গভীর বিষয়ের মন্ত্রণা করিতেছেন। কোথায়ও বা অপূর্ব্ব রূপলাবণ্যবতী বারবনিতাগণে পরিবৃত হইয়া, জলক্রীড়া করিতেছেন॥

কোন গৃহে গোবিন্দ উত্তমরূপে অলঙ্কৃত গাভীসমূহ দ্বিজশ্রেষ্ঠগণকে দান করিতেছেন এবং ইতিহাস, পুরাণ ও শান্তিসূক্তাদি পবিত্র পুণ্যগীত সমূহ শ্রবণ করিতেছেন॥

নারদ সে গৃহ হইতে যেমন অন্য বনিতার গৃহে প্রবেশ করিলেন, তথায় দেখিলেন যে, গোবিন্দ সেই প্রিয়া ভার্য্যা সহ হাস্য-কৌতুকরসে আমোদ প্রমোদ করিতেছেন। কোন গৃহে তিনি ধর্ম্মের অনুষ্ঠান করিতেছেন; আবার কোন গৃহে অর্থের এবং ভোগের সৎগ্রহে বিলক্ষণ যত্নবান্ রহিয়াছেন।

কোন গৃহে শ্রীকৃষ্ণ প্রকৃতির অতীত পরম পুরুষ সর্ব্বান্তর্যামী পরমাত্মার চিন্তায় নিমগ্ন-চিত্ত, আবার কোন গৃহে বিবিধ বস্ত্রালঙ্কারাদি কাম্য বস্তুর

হসন্তং হাস্যকথয়া কয়াচিৎ প্রিয়য়া গৃহে।
ক্বাপি ধর্ম্মং সেবমানমর্থকামৌ চ কুত্রচিৎ॥
ধ্যায়ন্তমেকত্রাত্মানং পুরুষং প্রকৃতেঃ পরং।
শুশ্রূষন্তং গুরূন্ ক্বাপি কামৈ র্ভোগৈঃ সপর্য্যয়া॥
কুর্ব্বন্তং বিগ্রহং কৈশ্চিৎ সন্ধিঞ্চান্যৈশ্চ কেশবং।
কুত্রচিৎ সহ রামেণ চিন্তয়ন্তং সতাং শিবং॥ ১৮॥

অন্বয়ঃ।

অন্যস্মিন্ গৃহে কয়াচি প্রিয়য়া সহ হাস্যকথয়া হসন্তং; ক্বাপি ধর্ম্মং কুত্রচিৎ অর্থকামৌ চ সেবমানং দদর্শ॥

একত্র স্থানে প্রকৃতেঃ পরং একং আত্মানং পুরুষং ধ্যায়ন্তং; কুত্রচিৎ সপর্য্যয়া পূজা-সামগ্র্যা, কামৈঃ বস্ত্রালঙ্কারাদিভিঃ, ভোগৈঃ পাদসম্বাহনাদিভিঃ, গুরূন্ শুশ্রূষন্তং॥

কৈশ্চিৎ সহ বিগ্রহং কুর্ব্বন্তং অন্যত্র অন্যৈঃ সহ সন্ধিং চ কুর্ব্বন্তং তথা কুত্রচিৎ রামেণ বলরামেণ সহ সতাং শিবং মঙ্গলং, চিন্তয়ন্তং কেশবং নারদঃ অপশ্যৎ॥ ১৮॥

শ্রীধরস্বামী।

বিতানাগ্নীন্ আহবনীয়াদীন্ অগ্নিহোত্রেণ পঞ্চভি র্মহাযজ্ঞৈ র্যজন্তং॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হাস্যকথয়েতি নিশীথসময়ঃ। ধর্ম্মমর্থকামাবিতি দিনরাত্রী॥
ধ্যায়ন্তমিতি ব্রাহ্মমুহূর্ত্তঃ॥ ১৮॥

প্রদানে ও পাদসম্বাহনাদি দ্বারা গুরুগণের সেবা করিতেছেন॥

কোন গৃহে তিনি কাহারও সহিত বিবাদ করিতেছেন, আবার অন্য গৃহে অন্যের সহিত সন্ধি করিতেছেন; কোথায়ও বলরামের সহিত একত্র মিলিত হইয়া সাধুগণের শুভ-চিন্তায় ব্যস্ত রহিয়াছেন॥ ১৮॥

আভাস।

সুখ বা সমৃদ্ধির উদয় দেখিলে, কখন নিশ্চিন্ত থাকা কর্ত্তব্য নহে; সচকিত-চিত্তে ভাবি দুঃখ বা অবনতির আশঙ্কায় পূর্ব্ব হইতে সাবধান হওয়া একান্ত প্রয়োজন; যাহারা সুখ বা সমৃদ্ধির আগমনে উদাসীনবৎ কালাতিপাত করে এবং উপস্থিত ব্যাপারেই উন্মত্ত হয়, তাহারা পরিণামে অর্থাৎ অবস্থান্তরে যে পতিত হইবে, তাহাতে আর সন্দেহ নাই। সুতরাং নারদ বলিয়াছিলেন যে, হে ভগবন্! উপস্থিত অবস্থার বিচারে আমার ন্যায় সৌভাগ্যবান্ ব্যক্তি আর কাহাকেও নয়নগোচর করি না। অদ্য ব্রহ্মাদি লোকপালগণের অপেক্ষাও আমাকে শ্রেষ্ঠ বলিয়া জ্ঞান হইতেছে। কারণ তাঁহারা ধ্যানস্থ হইয়া, কেবল হৃদয়-পটে প্রতিবিম্বিত ভাবে যাহা অবলোকন করেন, আমি ভবভয়হারী আপনার সেই চরণারবিন্দ অদ্য প্রত্যক্ষে নয়নগোচর করিলাম। অহো! ঘোর অজ্ঞানাচ্ছন্ন এই ভীষণ সংসারকূপ

পুত্রাণাং দুহিতৃণাঞ্চ কালে বিধ্যুপযাপনং।
দারৈর্বরৈস্তৎসদৃশৈঃ কল্পয়ন্তং বিভূতিভিঃ॥ ১৯ ॥
প্রস্থাপনোপানয়নৈর্যোগেশ্বরেশস্য যেষাং লোকা বিসিস্মিরে ॥

অন্বয়ঃ।

পুত্রাণাং তৎসদৃশৈঃ দারৈঃ দুহিতৃণাং তথা বরৈঃ বিভূতিভিঃ চ কালে যথাসময়ে, বিধ্যুপযাপনং (বিধিনা উপযাপনং বিবাহং) কল্পয়ন্তং ॥ ১৯ ॥

প্রস্থাপনোপানয়নৈঃ (প্রস্থাপনং দুহিতৃজামাত্রাদীনাং স্বগৃহাৎ তদ্গৃহং প্রতি নয়নং উপানয়নং পুনস্তদ্গৃহাৎ স্বগৃহানয়নং তৈঃ কল্পিতান্) যোগেশ্বরাণাং ঈশস্য শ্রীকৃষ্ণস্য যেষাং অপত্যানাং মহোৎসবান্ বীক্ষ্য লোকাঃ সর্বে জনাঃ বিসিস্মিরে বিস্ময়ং চক্রুঃ ॥

শ্রীধরস্বামী।

কালে তত্তৎসময়ে বিধিনা উপযাপনং প্রোদ্বহনং বিবাহমিত্যর্থঃ। কল্পয়ন্তং স্বটয়ন্তং প্রোদ্বহনং বিভূতিভি র্বিভবৈঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিধিনা উপযাপনং প্রাপণং বিবাহমিত্যর্থঃ। কল্পয়ন্তং কারয়ন্তং। বিভূতিভি র্বহুসম্ভারৈঃ। বার্ষিকোৎসবসমাপ্তৌ প্রস্থাপনং দুহিতৃজামাত্রাদীনাং স্বগৃহাত্তদ্গৃহপ্রাপণং। উৎসবারম্ভে উপানয়নং। তদ্গৃহাৎ পুনরানয়নং তৈ র্মহোৎসবান্ কল্পয়ন্তং। যোগেশ্বরস্য কৃষ্ণস্য যেষাং অপত্যানাং মহোসবান্ বীক্ষ্য লোকা বিস্ময়ং প্রাপুঃ ॥ ১৯ ॥

ক্বচিদ্দেবান্ যজন্তমিতি চৈত্রাদৌ চাতুর্মাসে বা পুণ্যকালে ক্বচিদ্যুগাদ্যাদৌ পূর্ত্তয়ন্তং পূর্ত্ততয়া সংপাদয়ন্তং ॥

কোন মহিষীর গৃহে যাইয়া দেখিলেন, শ্রীকৃষ্ণ পুত্রের যথাবিধি দারপরিগ্রহ বা কন্যাকে যথাকালে ও যথোপযুক্ত পাত্রে পরিণীতা করিবার জন্য এবং তাঁহাদিগকে জৌতুকাদি প্রদানার্থ একান্ত যত্নশীল রহিয়াছেন ॥ ১৯ ॥

অহো! যোগেশ্বর বাসুদেবের পুত্রবধূর আনয়ন বা দুহিতাকে ভর্তৃগৃহে প্রেরণের বা আনয়নের উৎসব অবলোকন করিয়া, তত্রত্য জনসাধারণের অদ্ভুত বিস্ময়েরই উদয় হইত ॥

আভাস।

হইতে নিষ্কৃতি লাভের ইচ্ছা করিলে, ভবদীয় চরণপদ্মই জন-সাধারণের একমাত্র অবলম্বন। অহো! পরম সৌভাগ্যবলে অদ্য সেই চরণকমল আমি অনায়াসে দর্শন করিলাম। কিন্তু আমার এই সুদিন ত চিরদিন থাকিবে না। পাছে আমি পরিণামে ঐ দুর্লভ ধনে বঞ্চিত হই, এই ভয়ে আমি একান্ত ভীত। অতএব প্রার্থনা করি! ঐ চরণ যখন সামান্য নয়নে আর দেখিতে পাইব না, তখন উহার স্মরণে যেন কখন পরাঙ্মুখ না হই! দাসের এই অনুরোধ আপনি রক্ষা

যজন্তং স্বকলান্ দেবান্ ক্বচিৎ ক্রতুভিরূর্জিতৈঃ।
পূর্ত্তয়ন্তং ক্বচিদ্ধর্ম্মং কূপারামালয়াদিভিঃ॥
চরন্তং মৃগয়াং ক্বাপি হয়মারুহ্য সৈন্ধবং।
ঘ্নন্তং তত্র পশূন্ মেধ্যান্ পরীতং যদুপুঙ্গবৈঃ॥ ২০॥

অন্বয়ঃ।

ক্বচিৎ কুত্রচিৎ গৃহে, ঊর্জিতৈঃ বহুদক্ষিণৈকৈঃ ক্রতুভিঃ যজ্ঞৈঃ, স্বকলান্ স্বপরিবারান্, দেবান্ যজন্তং ক্বচিৎ চ কূপারামালয়াদিভিঃ ধর্ম্মং পূর্ত্তয়ন্তং অনুতিষ্ঠন্তং॥

যদুপুঙ্গবৈঃ পরীতং সৈন্ধবং সিন্ধুদেশোদ্ভবং, হয়ং অশ্বং, আরুহ্য ক্বাপি মৃগয়াং চরন্তং; তত্র তস্যাং মৃগয়ায়াং মেধ্যান্ শ্রাদ্ধাদিযোগ্যান্ পশূন্ ঘ্নন্তং তং অপশ্যৎ॥ ২০॥

শ্রীধরস্বামী।

প্রস্থাপনং দুহিতৃজামাত্রাদীনাং স্বগৃহাৎ তদ্গৃহং প্রতি নয়নং উপানয়নং তদ্গৃহাৎ পুনরানয়নং। তৈর্মহোৎসবান্ কল্পয়ন্তং। যোগেশ্বরাণামীশস্য যেষামপত্যানাং মহোৎসবান্ বীক্ষ্য লোকাঃ সর্ব্বে বিসিস্মিরে বিস্ময়ং চক্রুঃ। তথাভূতান্ কল্পয়ন্তং॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চরন্তমিতি সৈন্ধবং সিন্ধুদেশোদ্ভবং॥ ২০॥

বহুদক্ষিণাবিশিষ্ট যজ্ঞের অনুষ্ঠানে কোন গৃহে শ্রীকৃষ্ণ স্বগণবিশিষ্ট দেবতাগণের অর্চ্চনা করিতেছেন; কোথায়ও বা কূপ, আরাম ও দেবমন্দিরাদির প্রতিষ্ঠা দ্বারা প্রচুর পূর্ত্তকর্ম্মের অনুষ্ঠান করিতেছেন॥

কোন গৃহে সিন্ধুদেশজাত উৎকৃষ্ট অশ্বে আরোহণ পূর্ব্বক মৃগয়া করিতেছেন এবং যদুবীরগণে পরিবৃত হইয়া, মৃগয়া দ্বারা শ্রাদ্ধীয় পশু সকলকে বধ করিতেছেন॥ ২০॥

আভাস।

করিবেন। দেবর্ষি নারদ শ্রীকৃষ্ণকে এইরূপ বলিয়া, রুক্মিণীর গৃহ হইতে সত্যভামার মন্দিরে প্রবেশ করিলেন। কিন্তু আশ্চর্য্যের বিষয়! নারদের অভিপ্রায় তথায় সিদ্ধ হইল না। রুক্মিণীর প্রতি শ্রীকৃষ্ণের বিশেষ যত্ন ও আসক্তির পরিচয়ে পতিবিরহিণী সত্যভামার হৃদয়ে ক্রোধের উদ্দীপনে কলহ উত্থাপনের অভিপ্রায়ে নারদ সত্যভামার গৃহে প্রবেশ করিলেন। কিন্তু প্রবিষ্ট হইয়া দেখিলেন যে, শ্রীকৃষ্ণ সত্যভামাকে সঙ্গে লইয়া, উদ্ধবের সহিত অক্ষক্রীড়া করিতেছেন। তখন নারদ বিস্মিত হইয়া ভাবিলেন যে, শ্রীকৃষ্ণ কোন্ বনিতার গৃহে নাই এবং কোথায় যে আছেন, তাহারই অনুসন্ধান করা আমার নিতান্ত প্রয়োজন। সুতরাং স্বীয় যোগবলের প্রভাবে ছয় ঘটিকার মধ্যে তিনি একে একে সমগ্র ষোড়শ সহস্র কৃষ্ণকান্তারগৃহে প্রবেশ করিয়া সর্ব্বত্র পরাৎপর শ্রীকৃষ্ণকে প্রত্যেক গৃহে ভিন্ন ভিন্ন কার্য্যের অনুষ্ঠানে বিদ্যমান নিরীক্ষণ করিয়া একান্ত বিস্মিত হইলেন। মানব-লীলার জন্য অবতীর্ণ শ্রীকৃষ্ণ মনুষ্যলীলার

অব্যক্তলিঙ্গং প্রকৃতিষ্বন্তঃপুরগৃহাদিষু।
ক্বচিচ্চরন্তং যোগেশং তত্তদ্ভাব-বুভুৎসয়া॥
অথোবাচ হৃষীকেশং নারদঃ প্রহসন্নিব।
যোগমায়োদয়ং বীক্ষ্য মানুষীমীয়ুষো রতিং॥ ২১॥

অন্বয়ঃ।

প্রকৃতিষু অমাত্যাদিষু অন্তঃপুরগৃহাদিষু চ তত্তদ্ভাববুভুৎসয়া (তেষাং তেষাং ভাবানাং বুভুৎসয়া বোদ্ধুং ইচ্ছয়া) অব্যক্তলিঙ্গং (অব্যক্তং বেশান্তরেণ চ্ছন্নং লিঙ্গং স্বাসাধারণং চিহ্নং যস্য তথাভূতং) ক্বচিচ্চরন্তং যোগেশং সর্ব্বজ্ঞং, কৃষ্ণং অপশ্যৎ॥

মানুষীং অপি রতিং ক্রীড়াং, ঈয়ুষঃ প্রাপ্তস্য, যোগমায়োদয়ং (যোগমায়ানাং অচিন্ত্যানাং স্বরূপশক্তীনাং উদয়ং) বীক্ষ্য অবলোক্য প্রহসন্ ইব নারদঃ অথ অনন্তরং হৃষীকেশং (হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং ঈশং নিয়ন্তারং) শ্রীকৃষ্ণং উবাচ॥ ২১॥

শ্রীধরস্বামী।

অব্যক্তলিঙ্গং বেশান্তরেণাচ্ছন্নং॥ ২১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকৃতিষ্বমাত্যপুরেষু নিজান্তঃপুরাদিষু চ। তত্তদ্ভাববুভুৎসয়া তত্রত্যজনানামভিপ্রায়ান্ জ্ঞাতুং। অব্যক্তলিঙ্গং বেশান্তরেণাচ্ছন্নং। যোগেশং সর্ব্বজ্ঞমপীতি প্রেমময্যা লীলাশক্ত্যৈব সর্ব্বজ্ঞতা-শক্তেরাচ্ছাদনাদিতি ভাবঃ॥

প্রহসন্নিবেতি সর্ব্বজ্ঞত্বেঽপি বুভুৎসা দৃষ্ট্যা প্রহাসঃ। ইবেত্যৈশ্বর্য্যদৃষ্ট্যা সঙ্কোচাত্তৎসম্বরণমুদ্রা চ। মানুষীং রতিমীয়ুষঃ স্বীয়মনুষ্যক্রীড়াবিষ্টস্যাপি যোগমায়োদয়ং বীক্ষ্যেতি বিস্ময়ো ব্যঞ্জিতঃ॥ ২১॥

অনাত্র অমাত্যবর্গের গৃহে এবং নিজের অন্তঃপুরের মধ্যে গূঢ় রহস্য অবধারণার্থ প্রচ্ছন্নবেশ ধারণে সেই যোগেশ্বর মহাপুরুষকে ইতস্তত বিচরণ করিতে অবলোকন করিয়া, নারদ সম্পূর্ণ বিস্মিত হইলেন॥

মানব-লীলা করিবার জন্য অবতীর্ণ ভগবান্ শ্রীকৃষ্ণের তাদৃশ অচিন্ত্য শক্তির অনির্ব্বচনীয় বিকাশ দর্শনে বিস্মিত নারদ ঈষৎ হাস্য করত সেই সর্ব্বান্তর্যামী শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিলেন—॥ ২১॥

হে যোগেশ্বর! যোগেন্দ্রগণ এবং মায়াশক্তিসম্পন্ন ব্রহ্মাদি লোকপালগণ যাঁহার সাক্ষাৎকারে সমর্থ হন না, কেবল ভবদীয় চরণ-কমলের সেবা ফলেই

আভাস।

পূর্ণ পরিচয় প্রদান করিয়াছিলেন। অহো! যিনি অন্তর্যামিরূপে জীবমাত্রেরই হৃদয়াকাশে নিরন্তর বাস করিতেছেন, তিনি প্রত্যেক বনিতাবর্গের গৃহমধ্যে যে অবস্থান করিবেন, তাহাতে আর আশ্চর্য্য কি!॥ ১৬—২০॥

বিদাম যোগমায়াস্তে দুর্দ্দৃশা অপি যোগিনাং।
যোগেশ্বরাত্মন্নির্ভাতা ভবৎপাদনিষেবয়া ॥ ২২ ॥
অনুজানীহি মাং দেব লোকাংস্তে যশসাপ্লুতান্।
পর্য্যটামি তবোদ্গায়ন্লীলা ভুবনপাবনীঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে যোগেশ্বর! মায়িনাং ব্রহ্মাদীনাং (পাঠান্তরে যোগিনাং) অপি দুর্দ্দর্শাঃ দুর্জ্ঞেয়াঃ কিন্তু ভবৎপাদনিষেবয়া এব আত্মন্ আত্মনি মম মনসি, তব স্বরূপে, বা নির্ভাতাঃ প্রতীতাঃ, তব যোগমায়াঃ কেবলং বয়ং এব বিদাম বিদ্মঃ ॥ ২২ ॥

অথচ ভুবনপাবনীঃ তব লীলাঃ উদ্গায়ন্ তে তব যশসা আপ্লুতান্ লোকান্ অহং যথা পর্য্যটামি তথা হে দেব! মাং অনুজানীহি আজ্ঞাং দেহি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

হে যোগেশ্বর আত্মন্ আত্মনি মম মনসি তব স্বরূপে বা নির্ভাতাঃ প্রতীতাঃ তব যোগমায়াঃ কেবলং বিদাম বিদ্মঃ নতু ত্বৎপরমার্থমিতি ভাবঃ ॥ ২২ ॥

ত্বন্মানুষ্যনাট্যেন মুহ্যামি অতো মাং প্রস্থাপয়েত্যাহ অনুজানীহীতি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবতঃ পাদনিষেবয়া বিদাম বেদাম প্রার্থনায়াং লোট্ সাক্ষাদনুভবিতুং প্রার্থয়ামহ ইত্যর্থঃ। নন্থ যুষ্মদ্বিধৈঃ সর্ব্বজ্ঞৈঃ কিং দুর্ব্বৈদ্যং তত্রাহ যোগিনামপি যোগিভিঃ শ্রীরুদ্রাদ্যৈরপি দুর্দ্দর্শাঃ দ্রষ্টুমপ্যশক্যাঃ কুতোঽনুভবিতুং কুতস্তরাং কর্ত্তুমিতি ভাবঃ। হে যোগেশ্বর আত্মন্ আত্মনি ত্বয্যেব নির্ভাতাঃ ॥ ২২ ॥

তবৈতা অদ্ভুতা লীলা দৃষ্ট্বা ধৈর্য্যং কর্ত্তুং ন শক্নোম্যতঃ স্বেষ্টমিত্রবন্ধুভ্যো নানাদিগ্দেশবর্ত্তিভ্যো বক্তুং যামীত্যাহ। অনুজানীহীতি ॥ ২৩ ॥

আমার মনোমধ্যে উদিত আপনার অনন্ত যোগৈশ্বর্য্য আপনার স্বরূপেই অদ্য আমি প্রত্যক্ষ করিলাম ॥ ২২ ॥

হে দেব! অনুমতি করুন! আমি এখান হইতে প্রস্থান করত ভবদীয় ভুবন-পবিত্র লীলাসমূহ গান করত আপনার পবিত্র যশে পরিব্যাপ্ত লোকসমূহে পর্য্যটন করি ॥ ২৩ ॥

আভাস।

নারদ বলিলেন, হে ভগবন্! আপনার এতাদৃশী অদ্ভুত লীলা দর্শনে আমি নিতান্ত বিস্মিত হইয়াছি! আমি আর ধৈর্য্য ধারণে সক্ষম হইতেছি না; সর্ব্বত্র নানাদিগ্ দেশবর্ত্তী যাবতীয় আমার প্রিয় বন্ধু বান্ধবকে এই লীলার বার্ত্তা প্রদান করি, ইহাই আমার একান্ত বাসনা। কিন্তু হে দয়াময়! একটী অতীব বিষম দুঃখ আমার মনোমধ্যে রহিয়া গেল; ভবদীয় চিহ্নিত চিরদাস হইয়াও এবং এতাদৃশ নিকটবর্ত্তী থাকিয়াও, তাহার সংশোধন করা হইল

শ্রীভগবানুবাচ ॥
ব্রহ্মন্ ধর্ম্মস্য বক্তাহং কর্ত্তা তদনুমোদিতা।
তচ্ছিক্ষয়ল্লোকমিমমাস্থিতঃ পুত্র মাখিদ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে ব্রহ্মন্! অহং ধর্ম্মস্য বক্তা উপদেষ্টা, অতঃ তস্য ধর্ম্মস্য কর্ত্তা তথা অনুমোদিতা চ তৎ তস্মাৎ ইমং লোকং শিক্ষয়ন্ (ধর্ম্মং গ্রাহয়িতুং ইমং ত্বৎসম্বন্ধাদি ধর্ম্মং) আস্থিতঃ কৃতবান্। অতঃ হে পুত্র! মা খিদ খেদং ন কুরু! ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

তৎ তস্মাৎ লোকং শিক্ষয়ন্ ইমং ধর্ম্মমাস্থিতঃ নতু তত্ত্বতঃ। অতঃ হে পুত্র! মা খিদ মোহং মা প্রাপ্নুহীতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ। ত্বদেকান্তদাসস্য মম ত্বন্নিকটস্থিতস্যাপীদমেব মহদ্দুঃখং যন্মে শশ্বৎপর্য্যটন-কঠোরৌ দুর্ভগৌ পাদৌ স্বহস্তকমলাভ্যাং প্রখ্যালয়সীতি তত্রাহ ব্রহ্মন্নিতি। অতস্মাৎ লোকং শিক্ষয়ন্ ইমং ধর্ম্মং আস্থিতঃ। অহং তাবৎ ক্ষত্রিয়ো গৃহস্থস্ত্বাং ব্রাহ্মণং স্বগৃহমায়াতং যদি নার্চ্চয়ামি তদা স্বাচরণেন মৎপ্রচারিতো ধর্ম্মঃ কথং তিষ্ঠেৎ। যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জন ইতি ন্যায়াত্তেন ধর্ম্মপ্রচারণার্থমেব ত্বৎপাদৌ ময়াদ্য ক্ষালিতৌ নতু বস্তুতঃ। যদা তু ময়া ধর্ম্মপ্রচারণলীলা নারদা তদা কেশিবধানন্তরং মদন্তিকমায়াতস্য তব বহুস্তত্যাদিকমশ্রৌষমেব নতু কিমপ্যনুমাত্রমপ্যর্হণমকরবমিতি স্মৃত্বা পশ্যেতি ভাবঃ। নন্ু তদপীদানীং তৎকর্ত্তৃকা-বনেজনকর্ম্মণি স্বপদস্পৃষ্টত্বৎপানে মমাপরাধো ভবত্যেবেত্যত আহ হে পুত্রেতি স্নেহং জ্ঞাপয়িত্বা সান্ত্বয়তি। যথা পিতরি তদঙ্কনিহিতপাদোঽপি পুত্রস্য নাপরাধস্তথৈব ময়ি তবেতি বুধ্যস্বেতি ভাবঃ ॥ ২৪ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে ব্রহ্মন্! আমি ধর্ম্মের যখন উপদেষ্টা তখন স্বয়ংই তাহার কর্ত্তা এবং অনুমোদিতা হওয়া বিশেষ প্রয়োজন। সুতরাং জগতে সেই সকল ধর্ম্মের অনুষ্ঠান-প্রণালী যাহাতে শিক্ষা করাইতে পারি, সেই অভিপ্রায়েই আমি তোমার সহিত ওরূপ সম্মান-প্রদর্শনের ব্যবহার করিয়াছি;, তজ্জন্য হে পুত্র! তোমার দুঃখিত হইবার প্রয়োজন নাই ॥ ২৪ ॥

আভাস।

না। এই দেখুন! দক্ষ প্রজাপতির অভিসম্পাতে আমি চিরকালই অস্থির রহিলাম; পর্য্যটন না করিয়া, আমি কোন স্থানেই স্থিরভাবে অবস্থান করিতে পারি না; সুতরাং আমার চরণের কাঠিন্য সম্বন্ধে আর অপরাধ নাই। কিন্তু দুঃখের বিষয় এই যে, নিরন্তর পর্য্যটনে সম্পূর্ণ কঠোর তাদৃশ হতভাগ্য পাদদ্বয়কে আপনি কমলের অপেক্ষা সুকোমল কর-কমলের দ্বারা কোন বিবেচনায় প্রখ্যালিত করিলেন? নারদের এই মনক্ষোভের কারণ অবগত হইয়া

শ্রীশুক উবাচ ॥

ইত্যাচরন্তং সদ্ধর্ম্মান্ পাবনান্ গৃহমেধিনাং।
তমেব সর্ব্বগেহেষু সন্তমেকং দদর্শ হ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং গৃহমেধিনাং গৃহসম্বন্ধিনাং হিংসাবতাং, গৃহস্থানাং পাবনান্ পাবিত্র্যকরান্ সদ্ধর্ম্মান্ শাস্ত্রবিহিতান্, আচরন্তং অনুতিষ্ঠন্তং, একং অদ্বিতীয়ং, তং কৃষ্ণং, এব সর্ব্বেষু গৃহেষু সন্তং বর্ত্তমানং নারদঃ দদর্শ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

ইতীতি এবমনুগৃহীতস্তমেকমেব সন্তং দদর্শেতি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তমর্থমেকেনৈব শ্লোকেন সংক্ষিপ্যাহ ইতীতি। একং একষপুষং। একেন বপুষেতি পূর্ব্বোক্তেঃ। অত্র নারদস্য তথা দ্রষ্টুমিচ্ছয়া ভগবতশ্চ দর্শয়িতুমিচ্ছয়ৈব তথা তথা দর্শন-

---

শুকদেব বলিলেন, হে রাজন্! গৃহস্থগণের পরম পবিত্র উৎকৃষ্ট ধর্ম্মসমূহের অনুষ্ঠানে সকল মহিষীর গৃহে বিরাজমান একাকী শ্রীকৃষ্ণকেই দেবর্ষি সম্যক্-রূপে অবলোকন করিলেন ॥ ২৫ ॥

দেবর্ষি নারদ কৌতূহলপূর্ণ-হৃদয়ে অনন্তবীর্য্য ভগবান্ শ্রীকৃষ্ণের যোগ আভাস।

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে ব্রহ্মন্! আমি জন-সাধারণকে ধর্ম্মের শিক্ষা প্রদানার্থই যখন অবতীর্ণ হইয়াছি, তখন স্বয়ংই সেই সেই ধর্ম্মের অনুষ্ঠান করা আমার বিধেয়। নৃত্য, গীত বা সন্তরণাদি শিখাইতে হইলে, উপদেষ্টাকে যেমন স্বয়ং নৃত্যাদি করিতে হয়, নতুবা শিষ্য শিখিতে পারে না, সেইরূপ ক্ষত্রিয়কুলে অবতীর্ণ হইয়া, যদি আমি গৃহাগত ব্রাহ্মণের পাদ-প্রক্ষালণাদি কার্য্য স্বয়ং না করি, তাহা হইলে আমার প্রচারিত ঐ সকল ধর্ম্মানুষ্ঠান জগতে কি প্রকারে প্রচলিত হইবে? অতএব ধর্ম্মপ্রচারের অনুরোধেই কেবল আমি আপনার পাদ-প্রক্ষালণ করিয়াছি মাত্র; বস্তুত করি নাই। কারণ কেশিবধের পর আপনি আমার সমীপে আগমন করত যখন নানাপ্রকার স্তব করিয়াছিলেন, তখন আমিত আপনার কোনরূপ অভি-বাদন বা সৎকারাদি করি নাই। অতএব সম্প্রতি যে পাদপ্রক্ষালণাদি করিয়াছি, তাহাতে আপনার কোন অপরাধ হয় নাই। হে পুত্র! পিতার অঙ্কে আরূঢ় পুত্রের পাদদ্বয় পিতার অঙ্গে স্পৃষ্ট হইলেও, যেমন পুত্রের কোন দোষ হয় না, সেইরূপ অদ্য আপনার সম্মান করায়, কোন অপরাধ ঘটে নাই ॥ ২৪ ॥

সৌভরি প্রভৃতি ঋষিগণ যেমন যোগ-প্রভাবে কায়ব্যূহের রচনা করত একাকী বহুরূপে প্রতীত হইয়াছেন, ভগবান্ শ্রীকৃষ্ণও ভক্ত নারদের অভিপ্রায় অনুসারে আপনাকে প্রত্যেক মহিষীর গৃহে বহুরূপে বিদ্যমান প্রদর্শন করাইয়াছেন। ভগবানের এই অনন্ত রূপ একা

কৃষ্ণস্যানন্তবীর্য্যস্য যোগমায়ামহোদয়ং।
মুহুর্দৃষ্ট্বা ঋষিরভূদ্বিস্মিতো জাতকৌতুকঃ॥ ২৬॥
ইত্যর্থধর্ম্মকামেষু কৃষ্ণেন শ্রদ্ধিতাত্মনা।
সম্যক্ সভাজিতঃ প্রীতস্তমেবানুস্মরন্ যযৌ॥ ২৭॥
এবং মনুষ্যপদবীমনুবর্ত্তমানো নারায়ণোঽখিলভবায় গৃহীতশক্তিঃ।

অন্বয়ঃ।

এবং জাতকৌতুকঃ সংজাত-দর্শনোৎসাহঃ, ঋষিঃ নারদঃ, অনন্তবীর্য্যস্য কৃষ্ণস্য যোগমায়া-মহোদয়ং অচিন্ত্যশক্তিপ্রভাবং, মুহুঃ সর্ব্বগৃহেষু মুহুর্মুহুঃ দৃষ্ট্বা বিস্মিতঃ আশ্চর্য্যযুক্তঃ অভূৎ॥২৬

ইতি এবং (লোকপ্রবৃত্ত্যর্থং) অর্থধর্ম্মকামেষু শ্রদ্ধিতাত্মনা (শ্রদ্ধিতঃ শ্রদ্ধাযুক্তঃ আত্মা যস্য তেন) কৃষ্ণেন সম্যক্‌সভাজিতঃ সৎকৃতঃ, অতঃ প্রীতঃ নারদঃ তং কৃষ্ণং এব অনুস্মরন্ যযৌ॥২৭॥

হে অঙ্গ! এবং ষোড়শসহস্রবরাঙ্গনানাং (ষোড়শসহস্রং যাঃ বরাঙ্গনাঃ উত্তমস্ত্রিয়ঃ তাসাং) (সব্রীড়ং চ তৎ সৌহৃদং চ তেন নিরীক্ষণং হাসশ্চ তাভ্যাং জুষ্টঃ সেবিতঃ) সব্রীড়-

শ্রীধরস্বামী।

মুহুর্মুহুর্দৃষ্ট্বা জাতকৌতুকো মুনির্বিস্মিতোঽভূদিতি॥ ২৬॥

শ্রদ্ধিতঃ শ্রাদ্ধযুক্ত আত্মা যস্য তেন॥ ২৭॥

নারদদৃষ্টাং শ্রীকৃষ্ণলীলাং নিগময়তি এবমিতি। অখিলস্য ভবায় উদ্ভবায় গৃহীতাঃ শক্তয়ো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভূৎ কিন্তু দ্বারকাবাসিনস্তু যে যত্রত্যাস্তে তৎপুর এব কৃষ্ণং পশ্যন্তি ন ত্বন্যত্র পুরেষু কার্য্যা-ন্তরায় তত্র তত্র কদাচিদ্গচ্ছন্তোঽপীতি জ্ঞেয়ং॥ ২৫॥ ২৬॥

শ্রদ্ধিতঃ শ্রদ্ধাযুক্ত আত্মা যস্য তেন॥ ২৭॥

ননু পরমেশ্বরস্য অর্থাদিশ্রদ্ধয়া কিমিত্যত তাহা এবমিতি। মনুষ্যবর্ত্মানুসৃত্যা তস্য কিমিত্যত আহ। অখিলানাং ভবায় মনুষ্যচেষ্টা হি মনুষ্যৈঃ সুখেন স্মর্য্যন্ত ইতি। তাদৃশ স্বলীলাস্মারণয়া তেষাং সংসারং নিবর্ত্তয়িতুমিত্যর্থঃ। তৎসংসারনিবর্ত্তনয়া তস্য কিমিত্যত

মায়ার তাদৃশ বিপুল আয়োজন বারংবার দর্শন করিয়া, সম্পূর্ণ বিস্মিত হইয়া পড়িলেন॥ ২৬॥

এই প্রকার ধর্ম্ম, অর্থ ও কাম্য বিষয়ে একান্ত শ্রদ্ধাবান্ ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক সম্যক্ প্রপূজিত দেবর্ষি নারদ মনে মনে একান্ত প্রসন্ন হইয়া, শ্রীকৃষ্ণকে স্মরণ করত যথাস্থানে প্রস্থান করিলেন॥ ২৭॥

নিখিল সংসারের মঙ্গল-কামনায় প্রয়োজন মত যিনি নানামূর্ত্তি ধারণে

আভাস।

নারদই কেবল দেখিয়াছিলেন; দ্বারকাবাসী কেহ তাঁহাকে ঐ প্রকার দেখে নাই। তাহারা তাঁহার একত্র বিদ্যমানতা ব্যতীত সর্ব্বত্র উপস্থিতি লক্ষ্য করিতে পারে নাই॥ ২৫॥ ২৬॥

রেমেঽঙ্গ ষোড়শসহস্রবরাঙ্গনানাং সব্রীড়সৌহৃদনিরীক্ষণহাসজুষ্টঃ ॥ ২৮ ॥
যানীহ বিশ্ববিলয়োদ্ভববৃত্তিহেতুঃ কর্ম্মাণ্যনন্যবিষয়াণি হরিশ্চকার।

অন্বয়ঃ।

সৌহৃদ-নিরীক্ষণ-হাস-জুষ্টঃ এবং মনুষ্যাপদবীং মনুষ্যাণাং পদবীং রীতিং, অনুবর্ত্তমানঃ, অখিলভবায় (অখিলানাং প্রাণিনাং ভবায় ধর্ম্মাদি-চতুর্ব্বিধ-পুরুষার্থলাভায়) গৃহীতশক্তিঃ (গৃহীতাঃ নানাবিধাঃ শক্তয়ঃ যেন সঃ)-নারায়ণঃ রেমে ॥ ২৮ ॥

হে অঙ্গ! ইহ অস্মিন্ কৃষ্ণাবতারে, বিশ্ববিলয়োদ্ভববৃত্তিহেতুঃ (বিশ্বস্য বিলয়ঃ প্রলয়ঃ উদ্ভবঃ উৎপত্তিঃ বৃত্তিঃ স্থিতিঃ পালনং তেষাং হেতুঃ কারণং) হরিঃ অনন্যবিষয়াণি (অন্যৈঃ কর্ত্তুং অশক্যানি, যানি কর্ম্মাণি চকারঃ তানি যঃ মানবঃ অত্র গায়তি শৃণোতি অনুমোদতে

শ্রীধরস্বামী।

নানামূর্ত্তয়ো যেন সঃ। সব্রীড়ঞ্চ তৎ সৌহৃদঞ্চ তেন নিরীক্ষণং হাসশ্চ তাভ্যাং জুষ্টঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আহ। গৃহীতা শক্তিঃ কৃপাখ্যা যেন সঃ। কিঞ্চ শাশ্বতিক্যা মনুষ্যচেষ্টয়া ন কেবলমেতাবদেব প্রয়োজনং কিন্তু স্বরূপভূতস্বপ্রেয়সীভির্মানুষীভি র্লক্ষ্ম্যাদিভ্যোঽপ্যুৎকৃষ্টাভির্মানুষাকৃতেঃ স্বস্য বৈকুণ্ঠনাথাদীনামপ্যংশিনো হন্যন্যা ভক্তাএব বিষয়া উদ্দেশ্যা যেষাং তানিতি বা। শাশ্বতিকং রমণমপীত্যাহ রেমে ইতি ॥ ২৮ ॥

নচ কৃষ্ণলীলা কেবলং সংসারমোক্ষার্থৈব কিন্তু প্রেমভক্তিপ্রদা চেত্যাহ যানীতি। বিলয়শ্চ উদ্ভবশ্চ বৃত্তিঃ স্থিতিশ্চ তাসাং হেতুরপি। কৃষ্ণো যানি কর্ম্মাণ্যনন্যবিষয়াণি স্বরূপান্তরাসাধারণানি। অনন্যা ভক্তাএব বিষয়া উদ্দেশ্যা যেষাং তানিতি বা। অপবর্গো মোক্ষো

আবির্ভূত হইয়া থাকেন, সেই পরাৎপর নারায়ণ সম্প্রতি মনুষ্যবিগ্রহ অবলম্বনে অবতীর্ণ হইয়া, এই প্রকারে রূপলাবণ্যবতী ষোড়শ সহস্র পত্নীর সলজ্জ প্রেমপূর্ণ হাস্য ও অবলোকনের অনুরাগে নিরন্তর সেবিত হইয়া, যথোপযুক্ত বিহার করিয়াছিলেন ॥ ২৮ ॥

এই বিশ্ব সংসারের উৎপত্তি, স্থিতি এবং প্রলয়ের একমাত্র হেতুস্বরূপ ভগবান্ শ্রীহরি যে সমস্ত অসাধারণ লীলার পরিচয় দিয়াছেন, মানব যদি তাহা কেবল শ্রবণ, কীর্ত্তন এবং অনুমোদন মাত্র করেন, তাহা হইলে তাঁহার

আভাস।

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, যিনি সাক্ষাৎ পরম পুরুষ পরমেশ তাঁহার আবার মনুষ্যের ন্যায় আচরণ এবং অতুল কামে আসক্তি বা শ্রদ্ধার পরিচয়ে কি বিশেষ ভগবদ্ভাবের কীর্ত্তন করা হইল? তদুত্তরে শ্লোকে বর্ণিত হইয়াছে যে, এইরূপ ব্যবহারে অখিল মানবেরই উপকার করা হইয়াছে। কারণ অমানুষিক ক্রিয়ায় মনুষ্যের উৎসাহ থাকিত না; কিন্তু ভগবান্

যস্তত্র গায়তি শৃণোত্যনুমোদতে বা ভক্তির্ভবেদ্ভগবতি হ্যপবর্গমার্গে ॥ ২৯ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দশমস্কন্ধে মায়াবিভূতির্নামৈকোনসপ্ততি তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬৯ ॥ * ॥

॥ * ॥ তৃতীয়োঽয়ং বিভাগঃ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥
অথোষস্যুপবৃত্তায়াং কুক্কুটান্ কূজতোঽশপন্।

অন্বয়ঃ।

শ্রুত্বা প্রশংসতি বা তস্য হি নিশ্চিতং অপবর্গমার্গে মোক্ষপ্রাপকে ভগবতি হরৌ, ভক্তিঃ ভবেৎ ॥ ২৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। অথ উষসি প্রভাত-বেলায়াং উপবৃত্তায়াং আসন্নায়াং,

শ্রীধরস্বামী।

অনন্যবিষয়াণি অসাধারণানি। অপবর্গমার্গে মোক্ষপ্রদে ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি দশমে একোনসপ্ততিতমঃ ॥ * ॥

ততস্তু সপ্ততিতমে কৃষ্ণস্যাহ্নিককর্ম্মণি।
দূতনারদয়োঃ কার্য্যে কার্য্যমন্ত্রবিচারণং ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মার্গে ভজনলক্ষণে বর্ত্মন্যেব লভ্যো যস্য তস্মিন্। ভগবতি ভক্তিঃ প্রেমবিলক্ষণা তস্য ভবেৎ সংসারান্মোক্ষস্তু ভজনারম্ভ এব স্যাদিতি ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একোনসপ্ততিতমো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥
অধ্যায়ে সপ্ততিতমে প্রাতঃকৃত্যকথা হরেঃ।
সুধর্ম্মায়াং দূতনারদয়োঃ কার্য্যবিচারণা ॥ * ॥

আর সৌভাগ্যের সীমা থাকে না। মোক্ষদাতা ভগবান্ শ্রীহরিতে তাঁহার ভক্তি জন্মে, সন্দেহ নাই ॥ ২৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একোনসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

হইয়া মনুষ্যের ন্যায় লীলা করিয়াছিলেন বলিয়াই মানব তাহার কীর্ত্তন বা শ্রবণ করে এবং তদুপলক্ষে এই সংসার হইতে অব্যাহতি পায় ॥ ২৮ ॥ ২৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত উনসপ্ততিতম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শ্রীকৃষ্ণের দৈনন্দিন কর্ম্ম উপলক্ষে দূত ও নারদের কার্য্যে কার্য্য-মন্ত্র-বিচার ও জগদীশ্বরের আহ্নিক জগন্মঙ্গল চরিত্র দেখিয়া যথাক্রমে নারদের উক্তিবর্ণন ॥

গৃহীতকণ্ঠ্যঃ পতিভি র্মাধব্যো বিরহাতুরাঃ ॥ ১ ॥
বয়াংস্যারোরুবন্ কৃষ্ণং বোধয়ন্তীব বন্দিনঃ।
গায়ৎস্বলিঘনিদ্রাণি মন্দারবনবায়ুভিঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

সত্যাং পতিভিঃ নানাকৃষ্ণমূর্ত্তিভিঃ, গৃহীতকণ্ঠ্যঃ (গৃহীতাঃ কণ্ঠ্যঃ যাসাং তাঃ মাধব্যঃ কৃষ্ণপত্ন্যঃ, বিরহাতুরাঃ সত্যঃ কূজতঃ শব্দং কুর্ব্বতঃ, কুক্কুটান্ অশপন্ ॥ ১ ॥

মন্দারবনবায়ুভিঃ হেতুভিঃ অলিষু ভ্রমরেষু, গায়ৎসু সৎসু অনিদ্রাণি বয়াংসি পক্ষিণঃ, বন্দিনঃ ইব সুপ্তং কৃষ্ণং বোধয়ন্তি সন্তি অরোরুবন্ পুনঃ পুনঃ অকূজয়ন্ ॥ ২ ॥

শ্রীধরস্বামী

জগন্মঙ্গলচারিত্র্যমাহ্নিকং জগদীশিতুঃ।
নারদেন ক্বচিৎ কিঞ্চিদ্দৃষ্টমাহ যথাক্রমং ॥ * ॥

ইত্যর্থধর্ম্মকামেষু কৃষ্ণেন শ্রদ্ধিতাত্মনেতি প্রস্তুতস্য শ্রীকৃষ্ণস্যাহ্নিকস্যাধিকারেঽথশব্দঃ। উপবৃত্তায়াং আসন্নায়াং। পতিভিঃ শ্রীকৃষ্ণৈঃ মাধব্যো মাধবভার্য্যাঃ ॥ ১ ॥

বন্দিন ইব শ্রীকৃষ্ণং বোধয়ন্তি সন্তি বয়াংসি পক্ষিণোঽরোরুবন্ অতিশয়েনাকূজন্। মন্দারবনবায়ুভি র্গায়ৎসু অলিষু অনিদ্রাণি বয়াংসি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যর্থধর্ম্মকামেষু কৃষ্ণেন শ্রদ্ধিতাত্মনেত্যুক্তমতো ব্রাহ্ম্যমুহূর্ত্তমারভ্য কৃষ্ণস্য কীদৃশং ধর্ম্মাচরণমিত্যপেক্ষায়ামাহ অথেতি। উপ আধিক্যেন বৃত্তায়াং জাতায়াং সত্যাং পতিভিরিতি প্রকাশবাহুল্যাদ্বহুত্বং। মাধব্যো রুক্মিণ্যাদ্যাঃ অশপন্। রে রে কুক্কুটাঃ প্রিয়বিচ্ছেদক-প্রাতঃসময়-প্রাদুর্ভাবকাঃ যূয়ং শীঘ্রমেব ম্রিয়ধ্বমিতি শাপং দদুঃ ॥ ১ ॥

মন্দারবনবায়ুভিঃ সুগন্ধৈঃ প্রবুদ্ধা গায়ৎসু সৎসু অলিষু তদ্গানশব্দেন অনিদ্রাণি বয়াংসি পক্ষিণঃ। কীদৃশানি বন্দিন ইব কৃষ্ণং বোধয়ন্তি ॥ ২ ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! নিশাবসানে ঊষার আগমনে কুক্কুটগণ উচ্চকণ্ঠে রব করত ঊষার আগমন বার্ত্তা জগতে ঘোষণা করিতে উদ্যত হইলে, পতি কর্ত্তৃক গৃহীতকণ্ঠা মাধবপত্নীগণ বিরহ-ভয়ে কাতর হইয়া, কুক্কুটগণকে তিরস্কার করিতে লাগিলেন। ১ ॥

পারিজাত বনের মধুর গন্ধবহের আমোদে অলিকুল ঝঙ্কার করায়, উপবনস্থ পক্ষি সমূহ জাগ্রত হইল এবং রাজরাজেশ্বরের নিদ্রাভঙ্গোপলক্ষে বন্দিগণের স্তুতিপাঠের ন্যায়, শ্রীকৃষ্ণকে প্রবোধিত করিবার অনুরোধে উচ্চকণ্ঠে রব করিতে লাগিল ॥ ২ ॥

বিদর্ভ-রাজনন্দিনী প্রভৃতি কৃষ্ণপ্রিয়াগণ প্রাণপ্রিয় কৃষ্ণ কর্ত্তৃক আলিঙ্গিত

মুহূর্ত্তং তন্তু বৈদর্ভী নামৃষ্যদপি শোভনং।
পরিরম্ভণবিশ্লেষাৎ প্রিয়বাহ্বন্তরং গতা ॥
ব্রাহ্ম্যে মুহূর্ত্তে উত্থায় বার্য্যুপস্পৃশ্য মাধবঃ।
দধ্যৌ প্রসন্নকরণমাত্মানং তমসঃ পরং ॥ ৩ ॥

অন্বয়ঃ।

প্রিয়বাহ্বন্তরং (প্রিয়স্য কৃষ্ণস্য বাহ্বোঃ অন্তরং) গতা পরিরম্ভিতা বৈদর্ভী পরিরম্ভণ-বিশ্লেষাৎ (পরিরম্ভণস্য বিশ্লেষাৎ হেতোঃ) তং শোভনং স্নানপূজাদিযোগ্যং, অপি মুহূর্ত্তং ন অমৃষ্যৎ সমীচীনং ইতি ন অমন্যত ॥

মাধবঃ কৃষ্ণঃ, ব্রাহ্ম্যে মুহূর্ত্তে উত্থায় বারি জলং, উপস্পৃশ্য প্রসন্নকরণং (প্রসন্নানি করণানি ইন্দ্রিয়াণি যস্য তং তথাভূতং) তমসঃ প্রকৃতেঃ পরং শুদ্ধং আত্মানং দধ্যৌ ধ্যাতবান্ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

বৈদর্ভীত্যুপলক্ষণং। পরিরম্ভণবিশ্লেষাৎ তং পর্য্যালোচ্য ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিরম্ভণস্য বিশ্লেষাৎ বিশ্লেষহেতুত্বাৎ তং ব্রাহ্ম্যং মুহূর্ত্তং শোভনমপি ন অমৃষ্যৎ অশোভনমেব মেনে ইত্যর্থঃ। বৈদর্ভীত্যুপলক্ষণং সর্ব্বা এব ॥

আত্মানং স্বং দধ্যৌ। যথান্যজনো ব্রাহ্ম্যামুহূর্ত্তে তং ধ্যায়তি তথৈব সোঽপি স্বমেব দধ্যৌ। তমসঃ প্রকৃতেঃ পরমেকমিতীশ্বরস্যৈকস্যৈবোচিত্যাৎ। অতঃ স্বয়ংজ্যোতিঃ স্বয়মেব প্রকাশমানং। ননু সঙ্কর্ষণাদয়োঽপীশ্বরাঃ শ্রূয়ন্তে। তত্রাহ অনন্যং ন কোঽপ্যবতারোঽন্যো যস্মাত্তং। কিঞ্চ। সঙ্কর্ষণাদিষু স্বাংশাবতারেষু পৃথঙ্নিত্যং বর্ত্তমানেষ্বপ্যব্যয়ং পরিপূর্ণমিত্যর্থঃ। প্রাদুর্ভাবে তু কৃপৈব কারণমিত্যাহ স্বসংস্থয়া স্বস্য সম্যক্ সর্ব্বজনদৃশ্যতয়া স্থিত্যা নিবৃত্তং কল্মষমবিদ্যা যস্মাত্তং। কিঞ্চ। ব্রহ্মণ আখ্যা সম্যক্ খ্যাতিঃ প্রকাশো যস্মাৎ তং। যদুক্তমষ্টমে। মদীয়ং মহিমানঞ্চ পরব্রহ্মেতি শব্দিতং। বেৎস্যস্যনুগৃহীতং মে ইত্যাদি। ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমিত্যাদি চ। যদ্বা। ব্রহ্মাখ্যং ব্রহ্মনামকং। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ইত্যুক্তেঃ। সর্ব্বশ্রৈষ্ঠ্যমাহ অস্য বিশ্বস্য উদ্ভবঃ উদ্রিক্তো ভবঃ সংসার-

---

হইয়া, তৎকালে তাদৃশ শুভ ঊষাকেও আদর করিলেন না; বরং কৃষ্ণবিচ্ছেদ-ভয়ে ব্যাকুল হইয়া, স্নান পূজাদির উপযুক্ত সেই পবিত্র মুহূর্ত্তকেও তাঁহাদের অপবিত্র বলিয়া বোধ হইতে লাগিল ॥

এদিকে শ্রীপতি শ্রীকৃষ্ণ ব্রাহ্ম্য মুহূর্ত্তে শয্যা হইতে গাত্রোত্থান করত বারি দ্বারা মুখ প্রক্ষালণ ও গাত্র মার্জ্জনাদি করিয়া, ইন্দ্রিয়বর্গ ও দেহাদির প্রসন্নতা সাধনে নিদ্রাজনিত জড়তা নিবারণ করিলেন ॥ ৩ ॥

এবং প্রতীয়মান বিশ্বসংসারের উৎপত্তি, স্থিতি এবং নাশের হেতুভূত

একং স্বয়ংজ্যোতিরনন্যমব্যয়ং স্বসংস্থয়া নিত্যনিবৃত্তকল্মষং।
ব্রহ্মাখ্যমস্যোদ্ভব-নাশ-হেতুভিঃ স্বশক্তিভির্লক্ষিতভাবনির্বৃতিং ॥ ৪ ॥
অথাপ্লুতোঽন্তস্যমলে যথাবিধি ক্রিয়াকলাপং পরিধায় বাসসী।
চকার সন্ধ্যোপগমাদি সত্তমো হুতানলো ব্রহ্ম জজাপ বাগ্‌যতঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

অস্য বিশ্বস্য উদ্ভবনাশহেতুভিঃ স্বশক্তিভিঃ রজঃসত্ত্বতমোগুণৈঃ লক্ষিতভাবনির্বৃতিং (লক্ষিতঃ ভাবঃ জড়ানাং রজ আদীনা স্বতঃপ্রবৃত্ত্যসম্ভবাৎ তদধিষ্ঠাতৃচৈতন্যতয়া সত্তা যস্য সঃ চাসৌ নির্বৃতিঃ আনন্দরূপশ্চ তং) স্বসংস্থয়া স্বরূপ-সংস্থিত্যা, নিত্যনিবৃত্তকল্মষং (নিত্যং নিবৃত্তং নিরস্তং কল্মষং অবিদ্যাদিদোষঃ যস্মাৎ তং) অনন্যং সর্ব্বাত্মকং, অব্যয়ং বিকারশূন্যং, একং অদ্বিতীয়ং, ব্রহ্মাখ্যং সকলবেদান্ততাৎপর্য্যগোচরং, স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশং, আত্মানং দধ্যৌ ॥ ৪ ॥

অথ অনন্তরং অমলে শুদ্ধে, অন্তসি জলে, আপ্লুতঃ স্নাতঃ সন্ বাসসী পরিধায় সন্ধ্যোপাসনাদি ক্রিয়াকলাপং যথাবিধি চকার; তথা হুতানলঃ (হুতঃ অনলঃ আহবনীয়ঃ যেন সঃ) সত্তমঃ কার্য্যকুশলঃ কৃষ্ণঃ বাগ্‌যতঃ মৌনী সন্ ব্রহ্ম গায়ত্রীং জজাপ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

একং অখণ্ডং। তত্র হেতুঃ অনন্যং নিরুপাধিং। অতএব অব্যয়ং নিত্যং। স্বয়ংজ্যোতিষ্টে হেতুঃ নিত্যনিবৃত্তং কল্মষং অবিদ্যা যস্মাৎ তং। উপলক্ষণমাহ অস্যেতি। বিশ্বস্য লক্ষিতো ভাবশ্চাসৌ নির্বৃতিশ্চ। ভাবঃ সত্তা নির্বৃতিরানন্দঃ। তথাহি গুণক্ষোভাৎ পূর্ব্বং সত্তামাত্রং যৎ। সদেব সোম্যেদমগ্র আসীদিতি শ্রুতেঃ। স এব আনন্দশ্চ। নিত্যং বিজ্ঞানমানন্দমিতি শ্রুতেঃ। তৎ সদানন্দরূপমিত্যর্থঃ ॥ ৪ ॥

আপ্লুতঃ স্নাতঃ। সন্ধ্যায়া উপগম উপাসনং আদির্যথা ভবতি তথা ক্রিয়াকলাপং চকার। অথাদুদয়াৎ পূর্ব্বমেব হুতানলঃ ব্রহ্ম গায়ত্রীং জজাপ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্য নাশহেতুভিঃ স্বশক্তিভি র্জ্ঞানপ্রদত্বভক্তি-প্রদত্বাদিভি র্লক্ষিতা সর্ব্বত্রানুভূতা ভাবানাং মর্ত্ত্যাদীনাং নির্বৃতি র্যস্মাত্তং। তত্র ভক্তানাং তদ্দত্তপ্রেমাতিশয়েন শিষ্টানাং তৎকৃত্যসুষ্ঠুপালনেন দুষ্টানাং তদ্বধানন্তরমুক্তিপ্রাপ্ত্যা নির্বৃতিঃ ॥ ৩ ॥ ৪ ॥

ক্রিয়াকলাপং চকারেত্যন্বয়ঃ। সন্ধ্যায়া উপগম উপাসনং তদাদিষু সত্তমঃ পরমকুশলঃ। ব্রহ্ম গায়ত্রীং ॥ ৫ ॥

অনির্ব্বচনীয় শক্তিসমূহে পরিলক্ষিত নিত্য নিরঞ্জনস্বরূপ আনন্দময়-মূর্ত্তি অপক্ষয়াদিশূন্য স্বপ্রকাশ অদ্বিতীয় পূর্ণব্রহ্ম নিরুপাধি পরমাত্মস্বরূপের অপরোক্ষভাবে চিন্তনার্থ ॥ ৪ ॥

পবিত্র জলে অবগাহন পূর্ব্বক শ্রীকৃষ্ণ যথাবিধি স্নান করিলেন এবং পবিত্র

উপস্থায়ার্কমুদ্যন্তং তর্পয়িত্বাত্মনঃ কলাঃ।
দেবানৃষীন্ পিতৃন্ বৃদ্ধান্ বিপ্রানভ্যর্চ্য চাত্মবান্ ॥ ৬ ॥
ধেনূনাং রুক্মশৃঙ্গীণাং সাধ্বীনাং মৌক্তিকস্রজাং।
পয়স্বিনীনাং গৃষ্টীনাং সবৎসানাং সুবাসসাং ॥
দদৌ রূপ্যখুরাগ্রাণাং ক্ষৌমাজিনতিলৈঃ সহ।

অন্বয়ঃ।

উদ্যন্তং অর্কং উপস্থায় আত্মনঃ কলাঃ স্বাংশভূতান্ দেবান্ ঋষীন্ পিতৃন্ চ তর্পয়িত্বা বৃদ্ধান্ বিপ্রান্ অভ্যর্চ্য আত্মবান্ স্বরূপজ্ঞানবান্, শ্রীকৃষ্ণঃ ॥ ৬ ॥

রুক্মশৃঙ্গীণাং (রুক্মং সুবর্ণং শৃঙ্গয়োঃ যাসাং তাসাং) সাধ্বীনাং সুখভাবানাং, মৌক্তিক-স্রজাং মুক্তামালাভূষিতানাং পয়স্বিনীনাং বহুক্ষীরাণাং, গৃষ্টীনাং প্রথমপ্রসূতানাং, সবৎসানাং সুবাসসাং (শোভনং বাসাংসি যাসাং তাসাং) রূপ্যখুরাগ্রাণাং ধেনূনাং বদ্ধং বদ্ধং চতুরশীত্যধি-

শ্রীধরস্বামী।

কলাঃ অংশান্ দেবান্ ঋষীন্ পিতৄংশ্চ তর্পয়িত্বা ॥ ৬ ॥

গৃষ্টীনাং প্রথমপ্রসূতানাং। বদ্ধমিতি হিরণ্যেন। পয়িবৃতান্ কৃষ্ণান্ শুক্লদতো মৃগান্। মষ্টারে ভরতোঽপ্যদাচ্ছতং বদ্ধানি সপ্ত চেতি শ্রুত্যুক্তানি সপ্তোত্তরশতং বদ্ধান্যেকীকৃত্য পুরাণে চতুর্দ্দশলক্ষত্বেন গণিতানি। যথোক্তং ভরতমেবাধিকৃত্য নবমস্কন্ধে। মৃগান্ শুক্লদতঃ কৃষ্ণান্ সুবর্ণেন পরিষ্কৃতান্। অদাৎ কর্ম্মণি মষ্টারে নিযুতানি চতুর্দ্দশেতি। ততশ্চেয়ং বদ্ধসংখ্যা শ্লোকেন গৃহ্যতে। চতুর্দ্দশানাং লক্ষাণাং সপ্তাধিকশতাংশকঃ। বদ্ধং চতুরশীত্যগ্র-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মবান্ ধৈর্য্যযুক্তঃ ॥ ৬ ॥

গৃষ্টীনাং প্রথমপ্রসূতানাং গবাং দিনে দিনে প্রতিদিনং বদ্ধং চতুরশীত্যধিকানি ত্রয়োদশ

বস্ত্র পরিধান পূর্ব্বক তর্পণাদি সমাপনান্তে সন্ধ্যোপাসনাদি করিতেন এবং সূর্য্যোদয়ের পূর্ব্বেই হুতাশনে যথাবিধি আহুতি প্রদান পূর্ব্বক মৌনী হইয়া গায়ত্রী জপ করিতেন ॥ ৫ ॥

তৎপরে সূর্য্যদেব উদিত হইলে, দিবাকরের উপস্থান করিয়া শ্রীকৃষ্ণ স্বকীয় কলা (অংশ) রূপ দেবতাবৃন্দ, ঋষি ও পিতৃলোকের তর্পণ করিয়া মাননীয় বৃদ্ধগণ ও বিপ্রগণের অর্চ্চনা করিতেন ॥ ৬ ॥

রৌপ্যখুর ও স্বর্ণশৃঙ্গ-শোভিত মুক্তাদামসজ্জিত এবং বস্ত্রাচ্ছাদিত প্রথম-প্রসূতা শান্তস্বভাব দুগ্ধবতী সপ্তোত্তর শত সংখ্যক সবৎসা গাভী প্রত্যহ একত্র বদ্ধ করিয়া, অলঙ্কৃত ব্রাহ্মণগণকে ক্ষৌম বস্ত্র, অজিন ও তিল সহ দান করিতেন ॥ ৭ ॥

অলঙ্কৃতেভ্যো বিপ্রেভ্যো বদ্ধং বদ্ধং দিনে দিনে ॥ ৭ ॥
গো-বিপ্র-দেবতা-বৃদ্ধান্ গুরূন্ ভূতানি সর্ব্বশঃ।
নমস্কৃত্যাত্মসম্ভূতীর্মঙ্গলানি সমস্পৃশৎ ॥ ৮ ॥
আত্মানং ভূষয়ামাস নরলোকবিভূষণং।
বাসোভি র্ভূষণৈঃ স্বীয়ৈ র্দিব্যস্রগনুলেপনৈঃ ॥ ৯ ॥
অবেক্ষ্যাজ্যং তথাদর্শং গো-বৃষ-দ্বিজ-দেবতাঃ।
কামাংশ্চ সর্ব্ববর্ণানাং পৌরান্তঃপুরচারিণাং ॥
প্রদীপ্য প্রকৃতীঃ কামৈঃ প্রতোষ্য প্রত্যনন্দত ॥ ১০ ॥

অন্বয়ঃ।

কানি ত্রয়োদশ সহস্রানি কৌমাজিনতিলৈঃ সহ অলঙ্কৃতেভ্যঃ বিপ্রেভ্যঃ দিনে দিনে প্রতিদিনং, দদৌ ॥ ৭ ॥

ততশ্চ আত্মসম্ভূতীঃ স্ববিভূতিরূপান্ গবাদীন্ সর্ব্বশঃ নমস্কৃত্য মঙ্গলানি কপিলাদি-মঙ্গল-দ্রব্যাণি সমস্পৃশৎ ॥ ৮ ॥

নরলোকস্য বিভূষণং তথাভূতং আত্মানং স্বীয়ৈঃ বাসোভিঃ ভূষণৈঃ দিব্যস্রগনুলেপনৈঃ চ ভূষয়ামাস ॥ ৯ ॥

আজ্যং ঘৃতং, দর্শং দর্পণং, গো-বৃষ-দ্বিজ-দেবতাঃ চ (মঙ্গলার্থং) অবেক্ষ্য দৃষ্ট্বা পৌরান্তঃপুর-চারিণাং সর্ব্ববর্ণানাং কামান্ অভিলষিতার্থান্, প্রদাপ্য প্রদাপয়িত্বা, প্রকৃতীঃ অমাত্যাদীন্, কামৈঃ তত্তদভিলষিতবিষয়ৈঃ প্রতোষ্য প্রত্যনন্দত ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

সহস্রাণি-ত্রয়োদশেতি। দিনে দিনে প্রতিগৃহমেকেতি ॥ ৭ ॥

আত্মসংভূতীঃ স্ববিভূতীঃ। মঙ্গলানি কপিলাদীনি ॥ ৮ ॥

নরলোকস্য বিভূষণরূপমাত্মানং স্বীয়ৈঃ কৌস্তুভ-পীতাম্বরাদিভিঃ ॥ ৯ ॥

কামান্ অভিলষিতার্থান্ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সহস্রাণি দদৌ। বদ্ধং চতুরশীত্যগ্রসহস্রাণি ত্রয়োদশেতি বদ্ধং বদ্ধং একমেকং বদ্ধ-মিত্যর্থঃ ॥ ৭ ॥ মঙ্গলানি কপিলাদীনি ॥ ৮ ॥ ৯ ॥ প্রকৃতীর্মন্ত্রিণঃ ॥ ১০ ॥

অনন্তর স্বীয় বিভূতিস্বরূপ গো, বিপ্র, দেবতা, বৃদ্ধ, গুরু ও ভূত-সমূহকে প্রণাম করত, কপিলাদি মাঙ্গল্য বস্তুসমস্ত স্পর্শ করিতেন ॥ ৮ ॥

তদনন্তর স্বীয় কৌস্তুভ মণি, পীত বসন এবং উৎকৃষ্ট মাল্য এবং অনু-লেপনাদি ভূষণের দ্বারা স্বয়ং সজ্জিত হইয়া, নরলোক-মনোহর রূপ ধারণ করিতেন ॥ ৯ ॥

সংবিভজ্যাগ্রতো বিপ্রান্ স্রক্তাম্বূলানুলেপনৈঃ।
সুহৃদঃ প্রকৃতীর্দারানুপায়ুঙ্ক্ত ততঃ স্বয়ং ॥
তাবৎ সূত উপানীয় স্যন্দনং পরমাদ্ভুতং।
সুগ্রীবাদ্যৈ র্হরৈ র্যুক্তং প্রণম্যাবস্থিতোঽগ্রতঃ ॥ ১১ ॥
গৃহীত্বা পাণিনা পাণী সারথেস্তমথারুহৎ।
সাত্যক্যুদ্ধবসংযুক্তঃ পূর্ব্বাদ্রিমিব ভাস্করঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

অগ্রতঃ প্রথমতঃ বিপ্রান্ অনুক্রমতঃ সুহৃদঃ মিত্রাণি প্রকৃতীঃ দারান্ চ স্রক্তাম্বূলানুলেপনৈঃ সংবিভজ্য তেভ্যঃ তানি দত্ত্বা ততঃ পশ্চাৎ স্বয়ং উপায়ুঙ্ক্ত ভুক্তবান্ ॥

(যাবৎ ভগবান্ সর্ব্বজনসম্মানং কৃতবান্) তাবৎ সূতঃ সারথিঃ, সুগ্রীবাদ্যৈঃ হয়ৈঃ অশ্বৈঃ যুক্তং পরমাদ্ভুতং দীব্যৎ স্যন্দনং রথং, উপানীয় অগ্রতঃ প্রণম্য অবস্থিতঃ ॥ ১১ ॥

স্বপাণিনা সারথেঃ পাণিং গৃহীত্বা সাত্যক্যুদ্ধবসংযুক্তঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ ভাস্করঃ সূর্য্যঃ পূর্ব্বাদ্রিং উদয়াচলং, ইব অথ তং রথং আরুহৎ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

বিপ্রাদীন্ স্রগাদিভিঃ সংবিভজ্য তেভ্য স্তানি দত্ত্বেত্যর্থঃ। উপায়ুঙ্ক্ত উপভোগায় অগ্রহীৎ ॥ ১১ ॥ পাণী কৃতাঞ্জলৌ গৃহীত্বা ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংবিভজ্য ভাগশো দত্ত্বা বিপ্রান্ বিপ্রেভ্যঃ। স্রগাদিভিঃ স্রগাদীন্ উপায়ুঙ্ক্ত ভোগার্থং জগ্রাহ ॥ ১১ ॥ পাণী অঞ্জলীভূতৌ। দক্ষিণেন পাণিনা গৃহীত্বা ॥ ১২ ॥

পরে মঙ্গলার্থ ঘৃত, দর্পণ, গো, বৃষ, দ্বিজ ও দেবমূর্ত্তি সকল দর্শন করিয়া, অন্তঃপুরস্থ ও পুরবাসী সকল বর্ণবিশিষ্ট ব্যক্তিরই অভিলষিত প্রার্থনার পূরণে এবং অমাত্যবর্গের অভিপ্রায় সাধনে বিশেষ আনন্দিত হইতেন ॥ ১০ ॥

স্রক্ চন্দনাদি বিলাসের দ্রব্য সামগ্রী স্বয়ং ব্যবহার করিবার পূর্ব্বে তিনি সর্ব্বাগ্রে ব্রাহ্মণগণকে ঐ সমস্ত বস্তু প্রদান করিতেন; পরে সুহৃদ্গণ, মন্ত্রিবর্গ এবং নারীগণের ভোজন সামগ্রী, মাল্য ও অনুলেপনাদি প্রদানে তাঁহাদের তৃপ্তিসাধন করিয়া, পরে স্বয়ং ভোজনাদি করিতেন ॥

ইত্যবসরে সারথি সুগ্রীবাদি অশ্বচতুষ্টয়ে সংযোজিত পরমোৎকৃষ্ট রথ সজ্জিত করিয়া, তথায় আনয়ন করত বিনম্রভাবে শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া তদগ্রে দণ্ডায়মান হইত ॥ ১১ ॥

শ্রীকৃষ্ণ তখন সাত্যকি ও উদ্ধবকে সঙ্গে লইয়া, সারথির অঞ্জলি নিজ হস্তে ধারণ পূর্ব্বক দিবাকরের উদয়াচলে আরোহণের ন্যায়, সেই দিব্য রথে

ঈক্ষিতোঽন্তঃপুরস্ত্রীণাং সব্রীড়প্রেমবীক্ষিতৈঃ।
কৃচ্ছ্রাদ্বিসৃষ্টো নিরগাজ্জাতহাসো হরন্মনঃ ॥ ১৩ ॥
সুধর্ম্মাখ্যাং সভাং সর্ব্বৈ বৃষ্ণিভিঃ পরিবারিতঃ।
প্রাবিশদ্যন্নিবিষ্টানাং ন সন্ত্যঙ্গ ষড়ূর্ম্ময়ঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

সব্রীড়-প্রেম-বীক্ষিতৈঃ (ব্রীড়া লজ্জা প্রেম চ তাভ্যাং সহিতৈঃ) অন্তঃপুরস্ত্রীণাং বীক্ষিতৈঃ দৃষ্টিভিঃ ঈক্ষিতঃ নিরীক্ষ্যমাণঃ (ততশ্চ তাভিঃ) কৃচ্ছ্রাৎ অতিক্লেশেন, বিসৃষ্টঃ গন্তুং অনুজ্ঞাতঃ, জাতহাসঃ শ্রীকৃষ্ণঃ সতাং মনঃ হরন্ ইব গৃহাৎ নিরগাৎ ॥ ১৩ ॥

হে অঙ্গ রাজন্! যন্নিবিষ্টানাং (যস্যাং সভায়াং নিবিষ্টানাং) ষড়ূর্ম্ময়ঃ (ক্ষুৎপিপাসে প্রাণস্য, শোকমোহৌ মনসঃ, জরামৃত্যূ শরীরস্য ইতি ঊর্ম্ময়ঃ ব্যাঘাতাঃ) ন সন্তি ন ভবন্তি তাং সুধর্ম্মাখ্যাং সভাং সর্ব্বৈঃ বৃষ্ণিভিঃ পরিবারিতঃ সন্ কৃষ্ণঃ প্রাবিশৎ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

সব্রীড়প্রেমবীক্ষিতৈরীক্ষিতঃ ক্ষণং স্থিতস্তাভিরেব বীক্ষিতৈঃ কৃচ্ছ্রাদ্বিসৃষ্টো নিরগাদিতি ॥ ১৩ ॥

এবং সর্ব্বগৃহেভ্যঃ পৃথক্ পৃথক্ নির্গত্যানন্তয়মেকএব সন্ সুধর্ম্মাং প্রাবিশৎ। যন্নিবিষ্টানাং যত্র প্রবিষ্টানাং ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃষ্ণঃ প্রথমমীক্ষিতঃ অর্থাৎ সাত্যক্যুদ্ধবাদিভিঃ। কীদৃশঃ ঈক্ষিতঃ। অন্তঃপুরস্ত্রীণাং সব্রীড়প্রেমবীক্ষিতৈস্ত্বদ্বিরহতাপমিমং কথং সহামহে ইতি বৈয়গ্র্যব্যঞ্জকৈ র্বদ্ধ ইতি শেষঃ। ততশ্চ তো অধীরা এতন্মাত্রবিরহেণৈব বিহ্বলী ভবথ অয়মহমধুনৈব ভোক্তুমেষ্যামীত্যাশ্বাসব্যঞ্জকো হাসো জাতো যস্য সঃ। ততশ্চ মন্যে তাদৃশহাসেনৈব মনো হরন্ কৃচ্ছ্রাদেব বিসৃষ্টঃ তৎপ্রেমাবলোকবন্ধাদ্ বিমুক্তঃ সন্ নিরগাৎ ॥ ১৩ ॥

ইত্থমেকৈকস্মান্মন্দিরাদেকৈকেন প্রকাশেন বহির্ভূয় তত্তৎপুরস্থৈস্তত্তৎপ্রতিবেশিভিশ্চ জনৈরেব লক্ষিতো ন ত্বন্যৈঃ পৃথক্ পৃথক্ প্রতোল্যাং। সুধর্ম্মা সভা। গোপুরবর্ত্মপর্য্যন্তমাগত্য তত্র পুনরেকীভূয় সুধর্ম্মাং সভাং ত্বেকেনৈব প্রকাশেন প্রবিশতি স্মেত্যাহ সুধর্ম্মাখ্যামিতি। পরিবারিতঃ বৃতঃ। ১৪ ॥

আরোহণ করিতেন ॥ ১২ ॥

শ্রীকৃষ্ণের প্রস্থান-কালে অন্তঃপুরস্থ বনিতাগণ প্রেমের দৃষ্টিতে ও লজ্জাবনতমুখে তাঁহার প্রতি অবলোকন করিত; যেন অতি কষ্টে তাঁহারা তাঁহাকে বিদায় দিলে, তিনি সহাস্যবদনে তাঁহাদের চিত্ত হরণ পূর্ব্বকই যেন তথা হইতে নিত্য প্রস্থান করিতেন ॥ ১৩ ॥

এবং তথা হইতে সুধর্ম্মানাম্নী সভাতে প্রবেশ করিতেন; সেখানে বৃষ্ণি-

তত্রোপবিষ্টঃ পরমাসনে বিভু র্বভৌ স্বভাসা ককুভোঽবভাসয়ন্।
বৃতো নৃসিংহৈ র্যদুভি র্যদুত্তমো যথোড়ুরাজো দিবি তারকাগণৈঃ॥ ১৫॥
তত্রোপমন্ত্রিণো রাজন্নানাহাস্যরসৈ র্বিভুং।
উপতস্থু র্নটাচার্য্যা নর্ত্তক্য স্তাণ্ডবৈঃ পৃথক্॥ ১৬॥
মৃদঙ্গ-বীণা-মুরজ-বেণু-তাল-দর-স্বনৈঃ।
ননৃতু র্জগুস্তুষ্টু বুশ্চ সূতমাগধবন্দিনঃ॥ ১৭॥

অন্বয়ঃ

দিবি আকাশে, স্থিতঃ উড়ুরাজঃ চন্দ্রঃ, যথা তারকাগণৈঃ বৃতঃ ভাতি নৃসিংহৈঃ যদুভিঃ বৃতঃ তত্র সভায়াং পরমাসনে উপবিষ্টঃ যদূত্তমঃ বিভুঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ তথা স্বভাসা স্বদীপ্ত্যা ককুভঃ দিশঃ, অবভাসয়ন্ বভৌ॥ ১৫॥

তত্র সভায়াং উপমন্ত্রিণঃ পরিহাসকাঃ, নানাহাস্যরসৈঃ বিভুং কৃষ্ণং, উপতস্থুঃ সেবিতবন্তঃ, প্রসন্নং কৃতবন্তঃ, তথা মৃদঙ্গ-বীণা-মুরজ-বেণু-তাল-দরস্বনৈঃ সহ নটাচার্য্যাঃ (নটানাং আচার্য্যাঃ) নর্ত্তক্যঃ চ ননৃতুঃ জগুঃ পৃথক্ পৃথক্ স্ব স্ব সমুদায়ৈঃ তাণ্ডবৈঃ নৃত্যবিশেষৈঃ, তং উপতস্থুঃ তথা (সূতাঃ পৌরাণিকাঃ, মাগধাঃ বংশপ্রশংসকাঃ, বন্দিনঃ স্তাবকাঃ চ) তং তুষ্টুবুঃ॥ ১৬॥ ১৭॥

শ্রীধরস্বামী।

নরশ্রেষ্ঠৈ র্যদুভি র্বৃতঃ॥ ১৫॥ উপমন্ত্রিণঃ পরিহাসকাঃ। পৃথক্ স্বস্ব সমুদায়ৈঃ॥ ১৬॥
মৃদঙ্গাদয়ঃ প্রসিদ্ধাঃ। দরঃ শঙ্খঃ। সূতাদয়স্তুষ্টুবুঃ॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নৃসিংহৈর্নৃষু শ্রেষ্ঠৈঃ॥ ১৫॥
উপমন্ত্রিণঃ পরিহাসকাঃ। নটাচার্য্যাশ্চ ঐন্দ্রজালিকাদ্যাঃ। পৃথক্ স্বস্বসমুদায়ৈঃ॥ ১৬॥
তে তে তত্র ননৃতু র্জগুশ্চ। সূতাদ্যা স্তুষ্টুবুরেব॥ ১৭॥

বংশীয় শ্রেষ্ঠ ব্যক্তিগণ শ্রীকৃষ্ণকে পরিবেষ্টিত হইয়া, উপবেশন করিতেন। অহো! এই সভায় অবস্থান কালে মানবের লোভ, মোহ, ক্ষুৎপিপাসা এবং জরা ব্যাধি প্রভৃতি রিপু ষট্‌কের তরঙ্গে কখন আলোড়িত হইতে হয় না॥১৪

অহো! নরপুঙ্গব যদুগণে পরিবৃত হইয়া, বাসুদেব যখন সভামধ্যস্থ শ্রেষ্ঠ আসনে উপবেশন করিতেন, তখন তারকাগণে পরিবেষ্টিত নভোমণ্ডলস্থ নিশানাথের ন্যায়, তিনি স্বীয় জ্যোতিতে যেন দশ দিক্ আলোকিত করিয়া বিরাজ করিতেন॥ ১৫॥

তখন হে রাজন্! পরিহাসক উপমন্ত্রিগণ বিবিধ হাস্যরসের উদ্ভাবনে সেই বিশ্বভাবনের মনস্তুষ্টির জন্য যত্ন করিতেন। ঐন্দ্রজালিকাদি নট-শিক্ষক-গণ প্রত্যেকে স্ব স্ব সম্প্রদায়ানুরূপ মৃদঙ্গ, বীণা, মুরজ, বেণু, তাল এবং শঙ্খাদির

তত্রাহুর্ব্রাহ্মণাঃ কেচিদাসীনা ব্রহ্মবাদিনঃ।
পূর্ব্বেষাং পুণ্যযশসাং রাজ্ঞাঞ্চাকথয়ন্ কথাঃ॥
তত্রৈকঃ পুরুষো রাজন্নাগতোঽপূর্ব্বদর্শনঃ।
বিজ্ঞাপিতো ভগবতে প্রতীহারৈঃ প্রবেশিতঃ॥
স নমস্কৃত্য কৃষ্ণায় পরেশায় কৃতাঞ্জলিঃ।
রাজ্ঞামাবেদয়দ্দুঃখং জরাসন্ধনিরোধজং॥ ১৮॥

অন্বয়ঃ।

তত্র সভায়াং আসীনাঃ কেচিৎ ব্রাহ্মণাঃ ব্রহ্ম মন্ত্রান্, আহুঃ ব্যাচক্ষত ; অন্যে চ বাদিনঃ বদনচতুরাঃ, সূতাঃ পুণ্যযশসাং (পুণ্যং যশঃ যেষাং তেষাং) পূর্ব্বেষাং রাজ্ঞাং কথাঃ চ অকথয়ন্॥

হে রাজন্! তত্র সভামধ্যে (একস্মিন্ দিবসে) অপূর্ব্বদর্শনঃ (ন পূর্ব্বং দর্শনং যস্য এবম্ভূতঃ) একঃ পুরুষঃ আগতঃ ইতি ভগবতে প্রতীহারৈঃ বিজ্ঞাপিতঃ (তথা তদাজ্ঞয়া এব সভায়াং) সঃ প্রবেশিতঃ চ॥

সঃ দূতঃ, পরেশায় কৃষ্ণায়, নমস্কৃত্য কৃতাঞ্জলিঃ সন্ রাজ্ঞাং জরাসন্ধনিরোধজং দুঃখং আবেদয়ৎ॥ ১৮॥

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণা ব্রহ্ম বেদমাহুঃ মন্ত্রান্ ব্যাচক্ষতেত্যর্থঃ। বাদিনোবদনচতুরাঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রাহ্মণা ব্রহ্ম বেদমাহুঃ। বাদিনো বদনচতুরাঃ॥ ১৮॥

বাদনে নৃত্য গীতাদির দ্বারা মধুসূদনের মনোরঞ্জনের চেষ্টা করিত ; নর্ত্তকীগণ বিশেষ বিশেষ নৃত্য ও গীতাদির পরিচয়ে তাঁহাকে প্রসন্ন করিতেন এবং (পৌরাণিক) সূতগণ (বংশ-প্রশংসাকারী) মাগধগণ এবং (স্তুতিকারী) বন্দিগণ উপস্থিত হইয়া, যথাক্রমে শ্রীকৃষ্ণের স্তব করিতেন॥ ১৬॥ ১৭॥

সভাস্থলে সমবেত ব্রহ্মবাদী ব্রাহ্মণগণ বেদমন্ত্র সমূহ ব্যাখ্যা করিতেন এবং অন্যান্য সূতাদি বাগ্মী ব্যক্তিগণ পুণ্যযশা পূর্ব্ব পূর্ব্ব রাজাগণের পবিত্র কথার আলোচনা করিতেন॥

হে নরনাথ! এই প্রকারে বহুকাল অতীত হইলে, এক দিবস একজন অপরিচিত ব্যক্তি সভাদ্বারে উপনীত হইয়াছেন বলিয়া প্রতিহারিগণ আসিয়া ভগবান্ শ্রীকৃষ্ণকে সংবাদ দিলেন। এবং শ্রীকৃষ্ণের অনুমতিক্রমে ঐ নবাগত ব্যক্তি সভামধ্যে প্রবেশ করিল॥

এবং শ্রীকৃষ্ণকে নমস্কার করিয়া প্রবল-পরাক্রম জরাসন্ধ কর্ত্তৃক নিরুদ্ধ

যেচ দিগ্বিজয়ে তস্য সন্নতিং ন যযু র্নৃপাঃ।
প্রসহ্য রুদ্ধাস্তেনাসন্নযুতে দ্বে গিরিব্রজে ॥ ১৯ ॥
রাজান ঊচুঃ।।
কৃষ্ণ কৃষ্ণাপ্রমেয়াত্মন্ প্রপন্ন-ভয়ভঞ্জন।

অন্বয়ঃ।

তস্য জরাসন্ধস্য দিগ্বিজয়ে যে চ নৃপাঃ সন্নতিং নম্রতাং, ন যযুঃ তে দ্বে অযুতে (দ্বে শতান্যষ্টাবিংশত্যপি জ্ঞেয়ং) গিরিব্রজে তন্নামকে দুর্গে তেন জরাসন্ধেন, প্রসহ্য বলাৎ, রুদ্ধাঃ আসন্ ॥ ১৯ ॥

দূতস্তেষাং বিজ্ঞপ্তিমেবাহ ষড়্ভিঃ যথা রাজানঃ ঊচুঃ। হে কৃষ্ণ! হে প্রপন্নভয়ভঞ্জন

শ্রীধরস্বামী।

গিরিব্রজে তৎসংজ্ঞকে দুর্গে যে রুদ্ধা আসন্ তেষাং দুঃখং আবেদয়দিত্যর্থঃ ॥ ১৯ ॥

কৃষ্ণ কৃষ্ণেতি ষট্শ্লোকী রাজ্ঞাং বিজ্ঞপ্তিঃ। তত্র প্রথমেন শরণাশ্রয়ণং। ত্রিভি র্ভয়ান্-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জরাসন্ধনিরোধ এব কথমিত্যপেক্ষায়ামাহ যে চেতি। সন্নতিং করদানাদিনা নম্রত্বেন তদীয়ত্বস্বীকারং। তে প্রসহ্য বলাৎ গিরিব্রজসংজ্ঞকে দুর্গে তেন জরাসন্ধেন রুদ্ধা আসন্ কিয়ন্তস্তে ইত্যপেক্ষায়ামাহ দ্বে অযুতে বিংশতি সহস্রাণি। অত্র লক্ষসংখ্যরাজবলিভি-র্মহাভৈরবস্য যজনে তস্য কামনা ইতি কথা ভারতাদিষু প্রসিদ্ধা ॥ ১৯ ॥

তেষাং বিজ্ঞপ্তিমাহ ষড়্ভিঃ। তত্র তে প্রথমং শরণমাশ্রয়ন্তে কৃষ্ণ কৃষ্ণেত্যাদরে দ্বিত্বং। অপ্রমেয়াত্মন্নিতি ত্বংস্বরূপমজ্ঞাত্বাপি প্রপন্নেঽতিপ্রপন্নপালকত্বমেব জ্ঞাত্বা শরণং যামঃ।

রাজন্যবর্গের দুঃখের বৃত্তান্ত তৎসমীপে নিবেদন করিল ॥ ১৮ ॥

সেই জরাসন্ধের দিগ্‌বিজয় কালে যে যে নৃপতি তাঁহার অধীনতা স্বীকারে বিনম্র হন নাই, তাদৃশ দুই অযুত সংখ্যক রাজাকে জরাসন্ধ বলপূর্ব্বক বন্ধন করত মহাভৈরবযাগে লক্ষ রাজবলি দিবার অভিপ্রায়ে গিরিব্রজ নামক দুর্গে আবদ্ধ রাখিয়াছিলেন ॥ ১৯ ॥

দূত সেই রুদ্ধ রাজাগণের ক্লেশের উক্তি বহনে শ্রীকৃষ্ণ সন্নিধানে উপস্থিত হইয়া বলিলেন, নৃপতিবৃন্দ আমার দ্বারা আপনাকে বলিয়া পাঠাইয়াছেন

আভাস।

জরাসন্ধ কর্ত্তৃক নিরুদ্ধ রাজাগণের উক্তি ছয়টী শ্লোকে অভিব্যক্ত করা হইয়াছে। তন্মধ্যে প্রথম শ্লোকে শরণ প্রার্থনা, পরবর্ত্তী শ্লোকত্রয়ে ভয়কীর্ত্তন, অবশিষ্ট দুইটী শ্লোকে অভয় প্রার্থনা বর্ণিত হইয়াছে। রাজাগণ প্রথমত প্রকাশ করিয়াছেন যে, হে শ্রীকৃষ্ণ! প্রাণপ্রিয় পরম বন্ধু আপনাকে পরিজ্ঞাত না হইয়াই এবং পর ভাবিয়াই আমরা এরূপ বিপন্ন হইয়াছি। যদি আপনাকে হিতৈষী বলিয়া জানিতাম, তাহা হইলে কি ভবভয় আমাদিগকে আক্রমণ করিতে

বয়ং ত্বাং শরণং যামো ভবভীতাঃ পৃথগ্ধিয়ঃ ॥ ২০ ॥

লোকো বিকর্ম্মনিরতঃ কুশলে প্রমত্তঃ কর্ম্মণ্যয়ং ত্বদুদিতে ভবদর্চ্চনে স্বে।

অন্বয়ঃ।

অপ্রমেয়াত্মন্ কৃষ্ণ! পৃথগ্‌ধিয়ঃ অতএব ভবভীতাঃ বয়ং তাং শরণং যামঃ রক্ষকতয়া স্বীকুর্ম্মঃ ॥ ২০ ॥

ইহ সংসারে অয়ং লোকঃ সর্ব্বঃ অপি জনঃ, যাবৎ বিকর্ম্মনিরতঃ (বিকর্ম্মণি নিষিদ্ধে পাপকর্ম্মণি নিরতঃ) স্বে স্বকীয়ে, কুশলে উদ্ধারহেতুভূতে, ত্বদুদিতে ত্বয়া কথিতে ভবদর্চ্চনে

শ্রীধরস্বামী।

বাদঃ। দ্বাভ্যাং প্রার্থনমিতি ॥ ২০ ॥

পৃথক্‌দর্শিনো লোকস্য ভবভয়ং বিবৃণ্বন্তো নমন্তি লোক ইতি। বিকর্ম্ম নিষিদ্ধং কাম্যঞ্চ তত্র নিতরাং রতঃ স্বে কুশলে ধর্ম্মে ভবতোঽর্চ্চনে ত্বয়া উদিতে উক্তে পঞ্চরাত্রে সামান্যতশ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃথগ্ধিয়ঃ। ত্বদ্ভক্তৌ প্রার্থনাং পরিত্যজ্য ত্বত্তঃ পৃথগ্‌ভূতে স্বীয়দুঃখত্রাণে এব ধী র্যেষাং তে ॥ ২০ ॥

ভবভীতত্বং বিবৃণ্বন্তো নমন্তি। লোকোঽয়মধিঃ কুশলে কর্ম্মণি প্রমত্তঃ কিং পুণ্যকর্ম্মণি ন ত্বদুদিতে কিং জ্ঞানযোগসাধক-শম-দম-যমনিয়মাদি-কর্ম্মণি ন। ভবদর্চ্চনে ত্বদ্ভজনে

যে, হে কৃষ্ণ! হে প্রপন্ন-ভয়ভঞ্জন অপ্রমেয়াত্মন্ শ্রীকৃষ্ণ! আমরা ভবদীয় পরমস্বরূপ অবগত হইতে অসমর্থ হইয়াই, দূরে পতিত হইয়াছি এবং ভব ভয়ে ভীত হইয়াছি। এক্ষণে আমরা আপনার শরণাগত হইলাম। আপনি নিজগুণে আমাদিগকে রক্ষা করুন্! ॥ ২০ ॥

অহো! এই সংসার-ক্ষেত্রে মানবগণ যদবধি নিষিদ্ধ পাপকর্ম্মে নিরত থাকে, ততকাল তাহারা আপনাদের উদ্ধারের উপায়ভূত আপনার উপদিষ্ট ঈশ্বরার্চ্চনরূপ স্বকীয় হিতসাধক কর্ম্মে সম্পূর্ণ উদাসীন হইয়া পড়ে; সুতরাং

আভাস।

পরীক্ষিত! কিন্তু আপনার স্বরূপ অবধারণ করা আমাদের পক্ষেএকান্ত দুরূহ। তথাপি আপ্ত-বাক্যে শুনিয়াছি যে, যাহারা আপনার শরণাগত হয়, তাহাদের আর কোন ভয় থাকে না; ইহা স্থির করত ভবদীয় স্বরূপ অবগত না হইয়াও, কেবল উদ্দেশে এক্ষণে আপনার শরণাগত হইলাম।" এক্ষণে আপনার কর্ত্তব্য আপনিই অবধারণ করুন! ॥ ২০ ॥

এই শ্লোকে ভবভয়ের কারণ নির্ণীত হইয়াছে। জীব প্রকৃত প্রস্তাবে স্বার্থে অন্ধ। তাঁহারা যাঁহাকে স্বার্থ মনে করে, প্রকৃত পক্ষে তাহা তাহাদের স্বার্থ নহে; ধন, জন সম্পত্তিকেই তাহারা স্বার্থজ্ঞানে অন্ধের ন্যায়, ঘোর সংসার-কূপে নিমগ্ন হইতেছে। এই সংসার হইতে নিষ্কৃতি লাভই যে পরম স্বার্থ, তাহা তাহারা ভ্রমেও চিন্তা করিতে পারে না;

যস্তাবদস্য বলবানিহ জীবিতাশাং সদ্যশ্ছিনত্ত্যনিমিষায় নমোঽস্তু তস্মৈ॥ ২১ ॥

অন্বয়ঃ।

কর্ম্মণি ধর্ম্মে, প্রমত্তঃ অসাবধানঃ এব ; তাবদেব যঃ বলবান্ মহাপুরুষঃ অস্য জনস্য জীবিতাশাং সদ্যঃ ছিনত্তি তস্মৈ অনিমিষায়, নিমেষরহিতায় কালরূপায় তুভ্যং নমঃ অস্তু ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

গীতাসু যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণমিতি। প্রমত্তোঽনবহিতো যাবদয়ং লোক স্তাবদেবাস্য লোকস্য সদ্যো যো জীবিতাশাং ছিনত্তি। তস্মৈ তুভ্যং অনিমিষায় কালাত্মনে নম ইতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বে ইতি তদেব লোকস্য বাস্তবং স্বং ধনং ভবদুঃখনিবর্ত্তকং ত্বৎপ্রেমসুখভোগপ্রদায়কং চেতি ভাবঃ। কিন্তু বিকর্ম্মণি স্ত্রীপুত্রাদিবৈষয়িকসুখসাধকে কর্ম্মণি নিতরাং রতঃ। কিঞ্চ তৎ সুখমপি দুর্ভগস্যাস্য ন সিদ্ধ্যতীত্যাহুঃ। যস্তাবদিতি। অনিমিষায় কালায় ত্বদ্ভক্তিরূপায় নম ইতি ত্বদ্ভক্তস্য তেন তথা করণং সমুচিতমেবেতি ভাবঃ ॥ ২১ ॥

ততকাল তাহাদের জীবিত থাকিবার প্রবল আশা উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইলেও, যিনি অপ্রমত্ত কালরূপ অবলম্বনে অকস্মাৎ সেই আশালতাকে ছেদন করেন, সেই তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন কালরূপ আপনাকে প্রণাম করি ! ॥ ২১ ॥

হে সর্ব্বেশ্বর ! চরিত্রবান্ সাধু ভক্তগণের রক্ষা এবং বিপথগামী খলগণের নিগ্রহার্থ আপনি স্বকীয় অংশ সংকর্ষণ সহ জগতে আবির্ভূত হইয়াছেন ! জগৎ-সংসারের আপনিই একমাত্র অধীশ্বর ; তথাপি জরাসন্ধ সদৃশ ব্যক্তিগণ

আভাস।

সুতরাং প্রকৃত স্বার্থসিদ্ধির প্রধান উপায়স্বরূপ ভবদীয় অর্চ্চনাদিতে অগ্রসর না হইয়া, বিষয় লাভের অভিমুখেই তাহারা অগ্রসর হইতেছে। আপনার প্রেরিত হইয়া, আপনার প্রদত্ত ইন্দ্রিয়াদি লাভে, আপনার সৃষ্ট বিষয় সম্ভোগে, আপনার কর্ত্তৃত্বের অবধারণ করাই যে এক মাত্র কার্য্য, তাহা তাহারা মনে ভাবে না ; সুতরাং অহঙ্কারের পরিচয়ে বিনাশের পথেই প্রধাবিত হইতেছে। সকলের দণ্ডকর্ত্তা ভীষণ কালমূর্ত্তিতে আপনি নিরন্তর দণ্ডায়মান ; জীবিত থাকিবার ও রাখিবার আশা প্রবল বেগে পরিবর্দ্ধিত থাকিতেও, আপনি অজ্ঞাতসারে সকলের নিধন সাধন করিতেছেন ; কেহ আপনার মৃত্যু-কবল হইতে অব্যাহতি পায় না। আপনিই ধন্য ! আপনাকে প্রণাম করি ! ॥ ২১ ॥

হে দীনবন্ধো ! আমরা কিন্তু সংসারের অবস্থা বিশেষ পরিজ্ঞাত হইয়া, আপনার ভক্ত হইয়াছি ! তথাপি আমাদের এতাদৃশী দুর্দ্দশা যে কেন হইতেছে, তজ্জন্যই বিস্মিত হইতেছি। কারণ আপনার সামর্থ্য অসীম ! এই জগৎসংসার আপনার ইঙ্গিতেই চলিতেছে। আপনি

লোকে ভবান্ জগদিনঃ কলয়াবতীর্ণঃ সদ্রক্ষণায় খল-নিগ্রহণায় চান্যঃ।
কশ্চিৎ ত্বদীয়মতিযাতি নিদেশমীশ কিং বা জনঃ স্বকৃতমুচ্ছতি তন্ন বিদ্মঃ॥ ২২॥

অন্বয়ঃ।

হে ঈশ! সদ্রক্ষণায় (সতাং স্বভক্তানাং রক্ষণায়) খলনিগ্রহণায় (খলানাং নিগ্রহণায়) কলয়া স্বাংশেন সঙ্কর্ষণেন সহ জগদিনঃ (জগতঃ ইনঃ ঈশ্বরঃ) ভবান্ অস্মিন্ লোকে অবতীর্ণঃ; তথাপি কশ্চিৎ অন্যঃ জরাসন্ধাদি জনঃ ত্বদীয়ং নিদেশং অতিযাতি উল্লঙ্ঘয়তি। এতেন সঃ স্বভক্তান্ অস্মান্ পীড়য়তি। অতঃ ত্বয়া রক্ষ্যমাণোঽপি অস্মদাদিঃ জনঃ স্বকৃতং ঋচ্ছতি স্বকর্ম্মজং দুঃখং কিং প্রাপ্নোতি এব এতৎ ন বিদ্মঃ নিশ্চেতুং ন শক্নুমঃ॥ ২২॥

শ্রীধরস্বামী।

সেয়ং লোকস্য গতিঃ। বয়ন্তু ত্বদ্ভক্তাঃ অতোঽস্মাকং কুত এতদ্দুঃখমাপন্নমিত্যাশ্চর্য্যেণাহ লোক ইতি। ভো ঈশ জগত ইনঃ ঈশ্বরশ্চ ত্বয়ি সদ্রক্ষণার্থমবতীর্ণেঽপি চেদস্মাকং স্বকর্ম্মজং দুঃখং স্যাৎ তর্হি কিমন্যঃ কশ্চিজ্জরাসন্ধাদিস্ত্বদাজ্ঞামপি লঙ্ঘয়তি কিম্বা ত্বয়া রক্ষ্যমাণো জনঃ স্বকর্ম্মজং দুঃখং প্রাপ্নোত্যেবেতি ন বিদ্মঃ ন চৈতদুভয়মপি যুক্তমিতি ভাবঃ॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ সাক্ষাদেব ত্বাং ত্বদ্ভক্তাংশ্চ যঃ কশ্চিদিহ দ্বেষ্টি স কথং কালসংহৃতো ন ভবতীত্যস্মাকং মহান্ বিস্ময় ইত্যাহ লোক ইতি। জগদিনঃ জগদীশ্বরঃ। কলনা কালয়োঃ কলেতি নানার্থকোষাৎ কলয়া কালেনাবতীর্ণঃ। যদ্বা। বলদেবেন সহ অন্যঃ খলঃ কশ্চিজ্জরাসন্ধাদিস্ত্বদীয়ং নিদেশমতিক্রাম্যতি সাধূন্ দ্বেষ্টি খলান্ পালয়তীত্যর্থঃ। তত্র খলনিগ্রাহকে ত্বয্যবতীর্ণেঽপি যৎ খলো বর্দ্ধতে তৎ কিং স খলঃ স্বকৃতমুচ্ছতি স্বপ্রারব্ধকর্ম্মফলং সুখং ভুঙ্‌ক্তে। তথা সদ্রক্ষকে ত্বয্যবতীর্ণেঽপি সাধুজনস্তৎপীড়িতো যদ্ভবতি তৎ কিং সোঽপি স্বকর্ম্মফলং দুঃখং ভুঙ্‌ক্তে ইদং ন বিদ্মঃ নিশ্চেতুং ন শক্নুমঃ। ত্বত্তোঽপি কর্ম্মযোগস্য জড়স্য প্রাবল্যমনুচিতমিতি ভাবঃ॥ ২২॥

আপনার নিদেশকে উল্লঙ্ঘন করিতেছে। ইহাতে ভবদীয় ভক্ত আমাদের ন্যায় ব্যক্তিগণকে বিষম যাতনা ভোগ করিতে হইতেছে। অতএব আপনি রক্ষকরূপে অবতীর্ণ হইলেও, আমাদিগকে স্ব স্ব কর্ম্মফল ভোগ করিতে হইবে কি না, তাহা আমরা নিশ্চয় অবধারণ করিতে পারিতেছি না॥ ২২॥

আভাস।

সাধুগণের রক্ষা এবং অসাধুগণে দলনার্থই অবতীর্ণ হইয়াছেন। তখন প্রবল-পরাক্রম জরাসন্ধ আমাদিগকে আপনার ইচ্ছার বিরুদ্ধে কি প্রকারে দলন করিতে সমর্থ হইয়াছে? যদি আমরা স্বকীয় কর্ম্মফল অনুসারেই ভোগ করিতেছি স্বীকার করি, তাহা হইলে আপনার আবির্ভাবের ফল কি হইল? দুষ্টের দমন এবং শিষ্টের পালন ত আপনার করা হইল না। অতএব স্বীয় কার্য্যের পরিচয়ে, আমাদের সন্দেহ আপনিই অপনয়ন করুন!॥ ২২॥

স্বপ্নায়িতং নৃপসুখং পরতন্ত্রমীশ শশ্বদ্ভয়েন মৃতকেন ধুরং বহামঃ।
ত্বদ্ধিত্বা তদাত্মনি সুখং ত্বদনীহলভ্যং ক্লিশ্যামহেঽতিকৃপণাস্তব মায়য়েহ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে ইশ! ত্বং ত্বত্তঃ ত্বদনুগ্রহাৎ অনীহৈঃ নিষ্কামৈঃ লভ্যং আত্মনি স্বস্মিন্ এব বর্ত্তমানং যৎ স্বরূপসুখং তৎ হিত্বা উপেক্ষ্য পরতন্ত্রং স্বপ্নায়িতং স্বাপ্নসুখতুল্যং যৎ নৃপসুখং (নৃপাণাং সুখং) শশ্বদ্ভয়েন মৃতকেন [মৃতকতুল্যেন, দেহেন ধুরং স্ত্রীপুত্রাণামাত্মভৃত্যাদিভারং বহামঃ। অতঃ তব মায়য়া অতিকৃপণাঃ বয়ং ইহ সংসারে ক্লিশ্যামহে ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

কিং দুঃখং তদাহুঃ স্বপ্নায়িতমিতি। স্বপ্নবজ্জাতং নৃপসুখং নৃপোচিতসুখং। যতঃ পরতন্ত্রং বিষয়সাধ্যং। কিঞ্চ সম্প্রতি শশ্বদ্ভয়ং যস্মিন্ তেন মৃততুল্যেন শরীরেণ ধুরং পুত্র-দারাদিচিন্তাং কেবলং বহামঃ। অহো কষ্টং নঃ যে বয়মিতঃ পূর্ব্বং নিষ্কামাঃ সন্তস্ত্বাং নাশ্রিতা ইত্যাহু র্হিত্বেতি। ত্বং ত্বত্তঃ যং অনীহৈর্নিষ্কামৈ র্লভ্যং আত্মনি স্বতঃসিদ্ধং সুখং তদ্ধিত্বা ক্লিশ্যামঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু তর্হি যূয়ং তাবৎ কে মদ্ভক্তা মদ্বিদ্বেষিণো বা তত্র ন বয়মুভয়ে কিন্তু সাংসারিকা জীবাঃ সাম্প্রতং ত্বাং প্রপন্না ইত্যাহুঃ। স্বপ্নায়িতং অচিরস্থায়িত্বাৎ স্বপ্নতুল্যং অমাত্যসুহৃৎ সেনাদ্যধীনত্বাৎ পরতন্ত্রং নৃপসুখং নৃপা বয়মিত্যভিমানমাত্রেণৈব সুখং। বস্তুতস্তু ধুরং সন্ধিবিগ্রহাদ্যায়াসবাহুল্যপ্রদত্তান্মহাভারমেব শশ্বদ্ভয়ং যস্মিংস্তেন মৃতকতুল্যেন শরীরেণ বহামঃ। অহো কষ্টং নঃ। যে বয়মিতঃ পূর্ব্বমেব নিষ্কামাঃ সন্তস্ত্বাং নাশ্রিতা ইত্যাহুঃ। তৎসকলসজ্জনৈঃ স্তুতত্বাৎ প্রসিদ্ধং নতু নৃপসুখমিব তৈ র্নিন্দিতং আত্মনি স্বতঃসিদ্ধমেব নতু পরতন্ত্রং। ত্বং ত্বত্তঃ সকাশাদেব নতু দুর্বিষয়েভ্যো জাতং অনীহৈ র্নিষ্কিঞ্চনভক্তৈ র্লভ্যং নতু সকামৈ র্লব্ধুং শক্যং সুখং হিত্বা ক্লিশ্যামঃ ॥ ২৩ ॥

হে জগৎপতে! আপনার অনুগ্রহ-বলে বীতরাগ নিষ্কাম ব্যক্তিগণ আত্ম-স্বরূপে বিদ্যমান স্বীয় পরমানন্দের অনুভবে নির্বৃতি লাভ করিয়া থাকেন; কিন্তু আমরা আপনার অচিন্ত্যশক্তি মহামায়ার প্রভাবে এতই ভ্রান্ত হইয়াছি যে, সেই আত্মানন্দকে উপেক্ষা করত অতি তুচ্ছ স্বপ্ন-সদৃশ রাজ-সুখের প্রত্যাশায় সম্পূর্ণ অনিত্য শবতুল্য এই দেহের দ্বারা স্ত্রী পুত্র ভৃত্যামাত্যাদির বিষম ভার অবলীলাক্রমে সহ্য করিতেছি এবং একান্ত কৃপণের ন্যায় দারুণ সংসার-ক্লেশ পাইতেছি ॥ ২৩ ॥

আভাস।

হে শরণাগত-প্রতিপালক! আমরা আপনার প্রকৃত ভক্ত নহি বটে; কিন্তু বিদ্বেষীও নহি। অবশ্য সাংসারিক জীব হইয়া, আপনার শরণাগত হইয়াছি। কারণ দেখিলাম! সংসারে

তন্নো ভবান্ প্রণতশোকহরাঙ্ঘ্রিযুগ্মো বন্ধাদ্ বিযুঙ্ক্ষ্ব মগধাহ্বয়কর্ম্মপাশাৎ।
যো ভূভুজোঽযুতমতঙ্গজবীর্য্যমেকো বিভ্রদ্রুরোধ ভবনে মৃগরাড়িবাবীঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

যস্মাৎ প্রণতশোকহরাঙ্ঘ্রিযুগ্মঃ (প্রণতানাং শোকহরং অঙ্ঘ্রিযুগ্মং যস্য তথাভূতঃ) ভবান্ তস্মাৎ বন্ধাদ্ অস্মান্ মগধাহ্বয়কর্ম্মপাশাৎ জরাসন্ধাখ্যাৎ কর্ম্মপাশাৎ বিযুঙ্ক্ষ্ব বিযোজয়। যঃ জরাসন্ধঃ অযুতমতঙ্গজবীর্য্যং (অযুতসংখ্যানাং মতঙ্গজানাং বীর্য্যং বলং) একঃ এব বিভ্রৎ মৃগরাট্ সিংহঃ যথা আবীঃ মেষীঃ ইব ভূভুজঃ রাজ্ঞঃ অস্মান্, স্বস্য ভবনে রুরোধ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

ত্বন্মায়াবৃতং কর্ম্মবন্ধং ত্বমেব নিবর্ত্তয়েতি প্রার্থয়ন্তে তন্ন ইতি। বিযুঙ্ক্ষ্ব বিমোচয়। মগধো জরাসন্ধস্তৎসংজ্ঞকাৎ কর্ম্মপাশাৎ। ভবদ্ভিরেব বিক্রম্য ততো নির্গম্যতামিতি চেদত আহ র্য ইতি ক এক এবাযুতমতঙ্গজানাং বীর্য্যং বিভ্রৎ সন্ স্বভবনে ভুভুজোঽস্মান্ রুরোধ সিংহো মেষীরিব ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাত্ত্বন্মায়াকৃতং কর্ম্মবন্ধং ত্বমেব নিবর্ত্তয়েতি প্রার্থয়ন্তে তন্ন ইতি। বিযুঙ্ক্ষ্ব বিমোক্ষয়। মগধো জরাসন্ধ স্তৎসংজ্ঞকাৎ কর্ম্মপাশাৎ ভবদ্ভিরেব বিক্রম্য নির্গম্যতামিতি চেত্তত্রাহ র্য ইতি। য এক এব অযুতমতঙ্গজানাং বীর্য্যং বিভ্রৎ সন্ স্বভবনে ভুভুজোঽস্মান্ রুরোধ। সিংহো-হবী র্মেষীরিব ॥ ২৪ ॥

হে দয়াময়! আপনার চরণে শরণ লইলে, যখন যাবদীয় শোকের নির্হরণ হইয়া থাকে, তখন আমরা আপনার শরণাগত! এই ভীষণ জরাসন্ধের বন্ধনরূপ ঘোর কর্ম্মপাশ হইতে আমাদিগকে আপনি মুক্ত করুন! এই জরাসন্ধ অযুত মত্ত হস্তীর বল একাকী ধারণ করে। সুতরাং পশুরাজ সিংহ যেমন মেষ-পালকে ঈঙ্গিত মাত্রে আবদ্ধ করে, সেইরূপ এই দুর্দ্দান্ত ব্যক্তি আমাদের ন্যায় প্রভূত রাজন্যবর্গকে অবলীলাক্রমে স্বীয় দুর্গে আবদ্ধ করিয়াছে ॥ ২৪ ॥

আভাস।

শ্রেষ্ঠ সুখ রাজত্ব-লাভও অকিঞ্চিৎকর। সুখের প্রত্যাশায় রাজা হইতে গিয়া, অমাত্য সুহৃদ্ সেনা এবং স্ত্রী পুত্রাদির বিষম ভারই কেবল বহন করিতে হয়। সাংসারিক সুখের গুরুত্ব যেখানে যতই মনে করা যাউক্ না, সেখানে ততই দুঃখভারের গুরুত্বই দেখা যায়। অথচ যে দেহের আশ্রয়ে পরম পুরুষের ভজনা দ্বারা মুক্তির উপায় করা যাইত, সে দেহকে দুঃখ-ভার বহাইয়া, পরিণামে কেবল শবেই পরিণত করান হয় মাত্র। আমরা ক্রমশঃ অবসন্ন প্রায়ই হইতেছি! আর বিলম্ব না করিয়া, আপনার পরম সুখের প্রত্যাশায় সংসার-সুখে জলাঞ্জলি দিলাম এবং আপনার চরণে শরণাগত হইলাম ॥ ২৩ ॥

হুতাশন যেমন বীজ-সমূহকে ধ্বংস করিয়া ফেলে, আমাদের ন্যায় শরণাগত ব্যক্তির

যো বৈ ত্বয়া দ্বিনবকৃত্ব উদাত্তচক্রো ভগ্নো মৃধে খলু ভবন্তমনন্তবীর্য্যাৎ।
জিত্বা নৃলোকনিরতং সকৃদূঢ়দর্পো যুষ্মৎ প্রজা রুজতি নোঽজিত তদ্বিধেহি ॥২৫॥
ইতি মাগধসংরুদ্ধা ভবদ্দর্শনকাঙ্ক্ষিণঃ।
প্রপন্নাঃ পাদমূলং তে দীনানাং শং বিধীয়তাং ॥

অন্বয়ঃ।

হে অজিত! হে উদাত্তচক্র! দ্বিনবকৃত্বঃ অষ্টাদশবারান্ ত্বয়া সহ মৃধে যুদ্ধে প্রবৃত্তে সতি তত্র সপ্তদশকৃত্বঃ ভগ্নঃ পরাজিতঃ, পশ্চাৎ অনন্তবীর্য্যাৎ (অনন্তং বীর্য্যং যস্য তথাভূতাৎ) অপি নৃলোকনিরতং মনুষ্যচেষ্টাং স্বীকৃতবন্তং, ভবন্তং সকৃৎ একদা, জিত্বা ঊঢ়দর্পঃ প্রাপ্তগর্ব্বঃ, যঃ বৈ জরাসন্ধঃ যুষ্মৎপ্রজাঃ রুজতি পীড়য়তি, নঃ অস্মাকং বিমোক্ষণং বিধেহি ॥ ২৫ ॥

মাগধেন সংরুদ্ধাঃ ভবদ্দর্শনকাঙ্ক্ষিণঃ রাজানঃ ইতি এবং তে তব পাদমূলং প্রপন্নাঃ; অতঃ দীনানাং তেষাং শং কল্যাণং, বিধীয়তাং ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ যুষ্মদীয়া বয়মিত্যস্মানধিকং বাধতে ইত্যাহুঃ যো বা ইতি। হে উদাত্তচক্র উদ্যত-সুদর্শন। যো বৈ দ্বিনবকৃত্বঃ অষ্টাদশবারান্ ত্বয়া সহ মৃধে বর্ত্তমানে তত্র সপ্তদশকৃত্বস্ত্বয়া খলু ভগ্নঃ পরাজিতঃ পশ্চাদনন্তবীর্য্যমপি নৃলোকনিরতং নরশরীর-বিনোদং ভবন্তং সকৃজ্জিত্বা ঊঢ়দর্পঃ প্রাপ্তগর্ব্বঃ যুষ্মৎপ্রজাঃ নো রুজতি পীড়য়াত তত্তত্র যদ্যুক্তং তদ্বিধেহীত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ স ত্বদ্বিদ্বেষী সংপ্রত্যস্মাংস্ত্বৎপ্রপন্নান্ জ্ঞাত্বা প্রতিদিনমধিকং বাধত ইত্যাহ যো বা ইতি। হে উদাত্তচক্র উৎকর্ষেণ ধৃতসুদর্শন দ্বিনবকৃত্বঃ অষ্টাদশবারান্ ত্বয়া সহ সংগ্রামে বর্ত্তমানে সপ্তদশকৃত্ব ত্বয়া ভগ্নঃ পরাজিতঃ। নৃলোকনিরতং নৃণাং পলায়নধর্ম্মজিঘৃক্ষাকৌতু-কিনং ত্বাং সকৃদেকবারমেব জিত্বা ঊঢ়দর্পঃ সন্নস্মান্ যুষ্মৎপ্রজা রুজতি পীড়য়তি তত্তত্র যদ্ যুক্তং তদ্বিধেহি ॥ ২৫ ॥

হে অজিত! আপনাকে কেহ পরাজয় করিতে পারে না; আপনি সুদর্শন চক্র ধারণে নিরন্তর অবস্থান করত এই জরাসন্ধের সহিত অষ্টাদশ বার সংগ্রাম করিয়াছেন। তন্মধ্যে সপ্তদশ বার তাহাকে পরাজয় করিয়াছেন; কেবল শেষ একবার মাত্র আপনি পরাস্ত হওয়ায়, ঐ ব্যক্তি এত বলদর্পী হইয়াছে যে, ভবদীয় প্রজা আমাদের ন্যায় ভক্তকেও একান্ত প্রপীড়িত করিতেছে অতএব আপনিই আমাদের মুক্তির প্রতিবিধান করুন! ॥ ২৫ ॥

হে শ্রীপতে! মগধরাজ কর্ত্তৃক সংরুদ্ধ রাজাগণ আপনার সন্দর্শন-কামনায়

আভাস।

প্রারব্ধ কর্ম্মফল সমস্ত আপনিও সেইরূপ বিনষ্ট করিয়া দিন! আমরা জরাসন্ধের হস্ত হইতে অব্যাহতি পাই! ॥ ২৪ ॥

শ্রীশুক উবাচ।

রাজদূতে ব্রুবত্যেবং দেবর্ষিঃ পরমদ্যুতিঃ।
বিভ্রৎ পিঙ্গজটাভারং প্রাদুরাসীদ্‌যথা রবিঃ॥
তং দৃষ্ট্বা ভগবান্ কৃষ্ণঃ সর্ব্বলোকেশ্বরেশ্বরঃ।
ববন্দ উত্থিতঃ শীর্ষ্ণা সসভাঃ সানুগো মুদা॥
সভাজয়িত্বা বিধিবৎ কৃতাসনপরিগ্রহং।
বভাষে সূনৃতৈর্বাক্যৈঃ শ্রদ্ধয়া তর্পয়ন্ মুনিং॥ ২৬॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। রাজ্ঞাং দূতে এবং ব্রুবতি সতি পরমদ্যুতিঃ (পরমা দ্যুতিঃ যস্য সঃ) দেবর্ষিঃ নারদঃ পিঙ্গজটাভারং (পিঙ্গং পীতং জটাভারং) বিভ্রৎ বিভ্রাণঃ, রবিঃ যথা তথা প্রাদুরাসীৎ অকস্মাৎ আগতঃ॥

তং আগতং নারদং দৃষ্ট্বা সর্ব্বলোকেশ্বরাণাং ব্রহ্মাদীনাং অপি ঈশ্বরঃ নিয়ন্তা ভগবান্ কৃষ্ণঃ সভ্যৈঃ অনুগৈঃ চ সহিতঃ উত্থিতঃ সন্ মুদা হর্ষেণ শীর্ষ্ণা তং ববন্দ॥

বিধিবৎ যথাবিধি সভাজয়িত্বা কৃতাসনপরিগ্রহং (কৃতঃ আসনস্য পরিগ্রহঃ স্বীকারঃ যেন তং) মুনিং শ্রদ্ধয়া তর্পয়ন্ স্নেহেন প্রীণয়ন্ বভাষে॥ ২৬॥

শ্রীধরস্বামী।

দূত আহ ইতীতি॥ ২৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দূত আহ ইতীতি॥ ২৬॥

এই প্রকারে আপনার চরণতলে শরণাগত হইয়াছেন। আপনি তাঁহাদের মঙ্গল-বিধান করুন। এই বলিয়া দূত নিরস্ত হইল॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! রাজদূত এই প্রকার বলিতেছিলেন, ইত্যবসরে দেবর্ষি নারদ পিঙ্গল জটাকলাপ ধারণে সাক্ষাৎ দিবাকরের ন্যায়, সেই সভামধ্যে অকস্মাৎ উপনীত হইলেন॥

দেবর্ষিকে সমাগত অবলোকন করিয়া, দেবদেব ভগবান্ শ্রীকৃষ্ণ সদস্য ও অনুচরবর্গের সহিত একত্র গাত্রোত্থান করিয়া, তাঁহার অভিবাদন করিলেন এবং বিশেষ আনন্দের পরিচয়ে মস্তক অবনত করত ঋষিকে প্রণাম করিলেন॥

যথাবিধি সম্ভাষণাদি করিবার পর নারদ আসন পরিগ্রহে উপবেশন করিলে, শ্রীকৃষ্ণ বিশেষ স্নেহ-সহকারে তাঁহাকে প্রসন্ন করিয়া, মধুর বচনে দেবর্ষিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—॥ ২৬॥

হে দেবর্ষে! আপনার সন্দর্শনে আমরা একটী বিশেষ লাভ পাইয়া থাকি! আপনি সকল লোকই পর্য্যটন করিয়া থাকেন; সুতরাং আপনার

অপিস্বিদদ্য লোকানাং ত্রয়াণামকুতোভয়ং।
ননু ভূয়ান্ ভগবতো লোকান্ পর্য্যটতো গুণঃ ॥ ২৭ ॥
নহি তেঽবিদিতং কিঞ্চিল্লোকেষীশ্বরকর্ত্তৃষু।
অথ পৃচ্ছামহে যুষ্মান্ পাণ্ডবানাং চিকীর্ষিতং ॥ ২৮ ॥

শ্রীনারদ উবাচ ॥

দৃষ্টা ময়া তে বহুশো দুরত্যয়া মায়া বিভোর্বিশ্বসৃজশ্চ মায়িনঃ।

অন্বয়ঃ।

অদ্য অধুনা ত্রয়াণাং লোকানাং কিং স্বিৎ অকুতোভয়ং অভয়ং অস্তি? ননু হে ব্রহ্মন্! লোকান্ পর্য্যটতঃ ভগবতঃ ত্বত্তঃ অস্মাকং অয়ং ভূয়ান্ মহান্ গুণঃ লাভঃ। (যৎ ত্বত্তঃ সর্ব্বলোকবৃত্তান্তজ্ঞানং ভবতি) ॥ ২৭ ॥

হি যস্মাৎ ঈশ্বরকর্ত্তৃষু (ঈশ্বরঃ কর্ত্তা যেষু তেষু) লোকেষু তে তব অবিদিতং কিঞ্চিৎ ন অস্তি অতঃ পাণ্ডবানাং চিকীর্ষিতং অনুষ্ঠিতং যৎ তৎ যুষ্মান্ পৃচ্ছামহে ॥ ২৮ ॥

নারদঃ উবাচ। হে বিভো! হে ভূমন্! ছন্নরুচঃ (ছন্না রুক্ প্রকাশঃ যস্য তথাবিধস্য) বহ্নেঃ ইব স্বশক্তিভিঃ সত্ত্বাদিগুণৈঃ ভূতেষু স্থাবরজঙ্গমেষু চরতঃ ব্যবস্থিতস্য,

শ্রীধরস্বামী।

ভূয়ান্ মহান্ গুণো লাভোঽয়মস্মাকং যৎ সর্ব্বলোকবৃত্তান্তজ্ঞানমিতি ॥ ২৭ ॥

ঈশ্বরঃ কর্ত্তা যেষাং তেষু ॥ ২৮ ॥

এবমবিদুষেব সর্ব্বজ্ঞেন জরাসন্ধবধার্থমেব পাণ্ডবচিকীর্ষিতং। পৃষ্টো নারদো মায়েয়মিতি জ্ঞাত্বাহ দৃষ্টা ইতি ত্রিভিঃ। বিশ্বসৃজশ্চ ব্রহ্মণোঽপি মায়িনো মোহকস্য তে স্বশক্তিভির্বিদ্যা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তবাকুশলাসম্ভবাদেব কুশলপ্রশ্নানৌচিত্যাৎ লোকানামেব কুশলং ত্বাং পৃচ্ছামীত্যাহ অপিস্বিদিতি। ননু তদহং কথং জানামীতি তত্রাহ নাম্বতি। ভগবত স্তব পর্য্যটতো ভূয়ানয়ং গুণো যত্ত্বত্তএব সর্ব্বলোকবৃত্তান্তজ্ঞানং ভবেদতঃ পৃচ্ছামীতি ভাবঃ ॥ ২৭ ॥

ঈশ্বরঃ কর্ত্তা যেষাং তেষু। অথেতি প্রস্তুতো জরাসন্ধবধো ভীমাদেব সম্ভবেদিতি প্রকারং জানত এব ভগবতঃ পাণ্ডবচিকীর্ষিতে প্রশ্নোঽয়ং জ্ঞেয়ঃ ॥ ২৮ ॥

স্বমায়য়ৈব ত্রীন্ লোকান্ মোহয়সি অথচ তেষামকুতোভয়ঞ্চ পৃচ্ছসীত্যদ্ভুতং তে চরিত্রমপি নরলীলস্য নেদমদ্ভুতমিত্যাহ দৃষ্টা ইতি। বিশ্বসৃজশ্চ ব্রহ্মাদেরপি মায়িনো মোহকস্য

নিকট আমরা ত্রিভুবনের বার্ত্তা প্রাপ্ত হইতে পারি। অতএব বলুন্ দেখি! সম্প্রতি লোকত্রয়ের মঙ্গল ত? ॥ ২৭ ॥

ঈশ্বর-সৃষ্ট এই ভুবনত্রয় মধ্যে আপনার কিছুই অবিদিত নাই; অতএব পাণ্ডবগণ এক্ষণে কিরূপ অনুষ্ঠান করিতেছেন, তাহাই আপনার নিকট আমি জিজ্ঞাসা করিতেছি। আপনি আনুপূর্ব্বিক তাহা বর্ণন করুন্! ॥ ২৮ ॥

ভূতেষু তূমংশ্চরতঃ স্বশক্তিভির্বহ্নেরিব চ্ছন্নরুচো ন মেঽদ্ভুতং ॥ ২৯ ॥
তবেহিতং কোঽর্হতি সাধু বেদিতুং স্বমায়য়েদং সৃজতো নিযচ্ছতঃ।
যদ্বিদ্যমানাত্মতয়াঽবভাসতে তস্মৈ নমস্তে স্ববিলক্ষণাত্মনে ॥ ৩০ ॥

অন্বয়ঃ

বিশ্বসৃজঃ ব্রহ্মণঃ, অপি মায়িনঃ মোহকস্য, তে তব দুরত্যয়া অত্যেতুং উল্লঙ্ঘয়িতুং অশক্যা, মায়া যতঃ ময়া বহুশঃ দৃষ্টা অতঃ অজ্ঞবৎ তব এতাদৃশং প্রশ্নাদিকং মে মম অদ্ভুতং আশ্চর্য্যকরং, ন ভবতি ॥ ২৯ ॥

স্বমায়য়া স্বেচ্ছামাত্রেণ ইদং বিশ্বং সৃজতঃ পালয়তঃ নিযচ্ছতঃ সংহরতঃ তব ঈহিতং চেষ্টিতং অভিপ্রেতং, সাধু সম্যক্, বেদিতুং জ্ঞাতুং কঃ অর্হতি অতঃ যদ্বিদ্যমানাত্মতয়া (যস্য বিদ্যমানাত্মতয়া) সর্ব্বং অবভাসতে সাক্ষাৎ এব প্রতীয়তে তস্মৈ স্ববিলক্ষণাত্মনে (স্বেন রূপেণ সর্ব্বতো বিলক্ষণাত্মনে চিদ্রূপতয়া সর্ব্বসাক্ষিণে) তস্মৈ তুভ্যং তে নমঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

দিষ্ট্যা ভূতেষ্বন্তর্যামিতয়া চরতো বর্ত্তমানস্য। যদ্যহং ভূতেষু বর্ত্তে তর্হি ভূতানি কিমিতি মাং ন পশ্যন্তি তত্রাহ বহ্নেরিব চ্ছন্নরুচ ইতি। স্বশক্তিভিরেব ছন্না রুক্ প্রকাশো যস্য। অতস্তবেদং প্রশ্নাদি ন মেঽদ্ভুতং ॥ ২৯ ॥

ইদং জগৎ কথম্ভূতং অসদেব যতব মায়য়া বিদ্যমানাত্মতয়া অবভাসতে তজ্জগৎ সৃজতঃ কিন্তু কেবলং তুভ্যং নমনমেব শক্যমিত্যাহ তস্মৈ নম ইতি। কুতঃ স্বেন রূপেণ সর্ব্বতো-বিলক্ষণাত্মনে অচিন্ত্যায়েত্যর্থঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ হে ভূমন্ সর্ব্বব্যাপক ভূতেষ্বপি শক্তিভির্মায়াদিভিঃ সহান্তর্যামিতয়া চরতো বর্ত্তমানস্য মায়া এব বহুশো দৃষ্টা কিন্তু নরলীলত্বেন ছন্না কৌতুকার্থমাবৃতা বক্তুসর্ব্বজ্ঞতা যেন তস্য তবেতাদৃশ-প্রশ্নাদিকং ন মে ময়ি অদ্ভুতং ॥ ২৯ ॥

কিঞ্চ যৎ বিশ্বং বিদ্যমান আত্মা অন্তর্যামী যত্র তত্ত্বয়ৈব অবভাসতে চেতনীভবতি তদেবেদং

এতৎশ্রবণে দেবর্ষি নারদ বলিলেন, হে বিভো! বিশ্ব বিধাতা স্বয়ং কমলযোনি ব্রহ্মাকেও যে অচিন্ত্যশক্তি মায়া দ্বারা আপনি সম্পূর্ণ বিমোহিত করিয়াছিলেন, সেই ভবদীয় শক্তি দুরতিক্রমণীয়া মায়ার অনির্ব্বচনীয় প্রভাব আমি প্রচুর পরিমাণে পরিদর্শন করিয়াছি! হে সর্ব্বস্বামিন্! ভস্মাচ্ছাদিত বহ্নির ন্যায়, প্রচ্ছন্নভাবে আপনি সত্ত্ব, রজঃ ও তমোনামক শক্তিত্রয়ের প্রকটনে স্থাবরজঙ্গমাত্মক ভূতসমূহে যে নিরন্তর বিদ্যমান রহিয়াছেন, তাহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি। তখন এতাদৃশ প্রশ্ন করায়, কিছু বিশেষ আশ্চর্য্য-বোধ আমার হয় নাই ॥ ২৯ ॥

হে বিভো! স্বীয় মায়াবলে আপনি এই বিশ্ব-সংসারের উৎপত্তি এবং

জীবস্য যঃ সংসরতো বিমোক্ষণং ন জানতোঽনর্থবহাচ্ছরীরতঃ।
লীলাবতারৈঃ স্বযশঃ-প্রদীপকং প্রাজ্বালয়ত্ত্বা তমহং প্রপদ্যে ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

অনর্থবহাৎ (অনর্থং দুঃখং আবহতি ইতি তথাভূতাৎ) শরীরতঃ স্থূল-সূক্ষ্ম-শরীর-দ্বয়াত্মকাৎ বন্ধনাৎ, বিমোক্ষণং বিমুক্ত্যুপায়ং আত্মতত্ত্বং ন জানতঃ অতএব সংসরতঃ জন্ম-মৃত্যু-জরা-ব্যাধি-দুঃখ-দোষান্ অনুভবতঃ, জীবস্য হেতোঃ যঃ ভবান্ লীলাবতারৈঃ স্বযশোরূপং প্রদীপকং আবরকাজ্ঞান-নিবর্ত্তকং আত্ম-স্বরূপাদি-প্রকাশকং প্রাজ্বালয়ৎ সংদীপিতবান্, তং ত্বাং অহং শরণং প্রপদ্যে ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

নন্বু এবম্ভূতস্য কিং মায়াচেষ্টিতৈরিত্যত আহ জীবস্যেতি। অবিদ্যাতমসাবৃতত্বেন অনর্থপ্রাপকাৎ শরীরাৎ সংসরতঃ। তেনৈব তমসা তস্মাচ্ছরীরাদ্বিমোক্ষণোপায়মজানতঃ। প্রাজ্বালয়ৎ প্রদীপিতবান্। তং ত্বা ত্বাং যশঃশ্রবণাদিভি জীবস্য মোক্ষার্থমিত্যর্থঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশ্বং কদাচিৎ সৃজতঃ কদাচিন্নিষচ্ছতস্তব ঈহিতমভিপ্রায়ং। তস্মাৎ স্বতঃস্বভাবাদেব সর্ব্বতো বিলক্ষণাত্মনে অতর্ক্যায় তুভ্যং নমঃ ॥ ৩০ ॥

কিঞ্চ বিশ্বস্যাকুতোভয়প্রশ্নঃ সঙ্গচ্ছতে চেত্যাহ জীবস্যেতি। শরীরতো বন্ধরূপাৎ বিমোক্ষণং ন জানতো জীবস্য সম্বন্ধে স্বযশোরূপং প্রদীপকং যঃ প্রাজ্বালয়ৎ স্বতত্ত্বং দর্শয়িতুমিতি ভাবঃ। ত্বা ত্বাং তস্মাৎ জগত্যস্মিংস্ত্বন্মায়ামোহিতাঃ সভয়াশ্চ দৃষ্টাঃ। ত্বদীয়-যশঃ-শ্রবণকীর্ত্তনপরা অকুতোভয়াশ্চ বহবো দৃষ্টা ইতি শ্লোকত্রয়েণ দ্যোতিতং ॥ ৩১ ॥

প্রলয় যখন অবলীলাক্রমে করিতেছেন, তখন সৃষ্ট জীব কে আর আপনার অভিপ্রায় অবগত হইতে পারে? কিন্তু কি আশ্চর্য্য! এই মিথ্যা জগৎও কেবল ভবদীয় সত্তায় সৎস্বরূপে প্রতীত হইতেছে এবং আত্মারূপে আপনার বিদ্যমানতা তদন্তরে প্রতীয়মান হইতেছে। হে ভগবন্! সৃষ্ট জগৎ হইতে পৃথক্, সকলের সাক্ষিরূপে আপনিই কেবল বিরাজ করিতেছেন! আপনাকে আমি প্রণাম করি! ॥ ৩০ ॥

জনম-মরণ-রূপ ভীষণ দুঃখ-প্রদ শরীর হইতে নিষ্কৃতি লাভের উপায়ভূত ভবদীয় অর্চ্চনায় অমনোযোগী হইয়াই জীব সংসার-স্রোতে নিরন্তর ভাসমান হইতেছে। হে দয়াময়! আপনি স্বয়ং উদ্‌যোগী হইয়া, বিবিধ অবতার গ্রহণে স্বীয় যশোরূপ প্রদীপ প্রজ্বালিত করিয়া, সেই অজ্ঞানান্ধ জীবের অজ্ঞানান্ধকার যখন নিবারণ করিতেছেন, তখন কেবল আপনার শরণাগত হওয়াই আমাদের একমাত্র কর্ত্তব্য কর্ম্ম এইরূপ আমি বিবেচনা করি! ॥ ৩১ ॥

অথাপ্যাশ্রাবয়ে ব্রহ্মন্ নরলোকবিড়ম্বনং।
রাজ্ঞঃ পৈতৃষ্বসেয়স্য ভক্তস্যাচ চিকীর্ষিতং ॥
যক্ষ্যতি ত্বাং মখেন্দ্রেণ রাজসূয়েন পাণ্ডবঃ।
পারমেষ্ঠ্যকামো নৃপতিস্তদ্ভবাননুমোদতাং ॥ ৩২ ॥
তস্মিন্নেব ক্রতুবরে ভবন্তং বৈ সুরাদয়ঃ।
দিদৃক্ষবঃ সমেষ্যন্তি রাজানশ্চ যশস্বিনঃ। ৩৩ ।

অন্বয়ঃ।

অথ অপি হে ব্রহ্মন্! নরলোকবিড়ম্বনং ব্রহ্ম ত্বাং পৈতৃষ্বসেয়স্য ভক্তস্য রাজ্ঞঃ যুধিষ্ঠিরস্য চিকীর্ষিতং আশ্রাবয়ে আশ্রাবয়িষ্যামি ॥

পারমেষ্ঠ্যকামঃ চক্রবর্ত্তিত্বকামঃ, নৃপতিঃ পাণ্ডবঃ যুধিষ্ঠিরঃ, মখেন্দ্রেণ যজ্ঞশ্রেষ্ঠেন, রাজসূয়েন, ত্বাং যক্ষ্যতি আরাধয়িষ্যতি ; তৎ তস্য অভিপ্রেতং ভবান্ অনুমোদতাং ॥ ৩২ ॥

হে দেব! তস্মিন্ ক্রতুবরে ভবন্তং দিদৃক্ষবঃ সুরাদয়ঃ যশস্বিনঃ রাজানঃ চ সমেষ্যন্তি আগমিষ্যন্তি ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

আশ্রাবয়ে আশ্রাবয়িষ্যামি। নরলোকবিড়ম্বনং ব্রহ্ম ত্বাং। ব্রহ্মন্নিতি পাঠেঽপি হে ব্রহ্মন্ হে পরাত্মন্ নরলোকানুকারিণং ত্বামাশ্রাবয়িষ্যামীতি ॥ ৩২ ॥

নচাত্রৈবানুমোদনং কার্য্যং। কিন্তু তত্রাপি গন্তব্যমিত্যাশয়েনাহ তস্মিন্নিতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিতীয়প্রশ্নস্যোত্তরমাহ অথাপীতি পঞ্চভিঃ। হে ব্রহ্ম পূর্ণব্রহ্মস্বরূপ! ব্রহ্মন্নিতি পাঠেঽপি স এবার্থঃ। সংবুদ্ধৌ নলোপস্য বৈকল্পিকত্বাৎ। যদ্যপি সর্ব্বজ্ঞত্বাৎ জানাস্যেব তদপ্যাশ্রাবয়ে। যতো নরলোকং বিড়ম্বয়তীতি ব্যতিরেকালঙ্কারেণ নরলোকসমশীলমিত্যর্থঃ ॥ ৩২ ॥

ন কেবলমনুমোদনমেবাত্র স্থিত্বা কার্য্যং কিন্তু তত্র গন্তব্যমেবেত্যাহ তস্মিন্নিতি ॥ ৩৩ ॥

হে ব্রহ্মন্! হে পরমাত্মন্! মনুষ্য-বিগ্রহ ধারণে আত্মসংগোপন করত যখন আপনি আবির্ভূত হইয়াছেন, তখন আপনার সহিত সেইরূপ প্রচ্ছন্নভাবের আচরণেই আমি আপনার পৈতৃষ্বসেয় পরম ভক্ত রাজা যুধিষ্ঠিরাদির বর্ত্তমান অভিপ্রায়ের বিষয় শ্রবণ করাইতেছি ॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির রাজচক্রবর্ত্তিত্বের কামনায় মখশ্রেষ্ঠ রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানে আপনার অর্চ্চনা করিতে অভিলাষ করিয়াছেন; আপনি তদ্বিষয়ে অনুমোদন করুন! ॥ ৩২ ॥

এই যজ্ঞে আপনাকে দর্শন করিবার নিমিত্ত, দেববৃন্দ এবং যশস্বী নৃপতিগণ সকলেই সমাগত হইবেন ॥ ৩৩ ॥

শ্রবণাৎ কীর্ত্তনাদ্ধ্যানাৎ পূয়ন্তেঽন্তেবসায়িনঃ।
তব ব্রহ্মময়স্যেশ কিমুতেক্ষাভিমর্শিনঃ ॥ ৩৪ ॥

যস্যামলং দিবি যশঃ প্রথিতং রসায়াং, ভূমৌচ তে ভুবনমঙ্গল দিগ্বিতানং।

অন্বয়ঃ।

হে ঈশঃ! ব্রহ্মময়স্য নরাকৃতি-পররহ্মমূর্ত্তেঃ তব শ্রবণাৎ কীর্ত্তনাৎ ধ্যানাৎ অন্তেবসায়িনঃ চণ্ডালাদয়ঃ যদা পূয়ন্তে শুদ্ধাঃ ভবন্তি, তদা ঈক্ষাভিমর্শিনঃ (ঈক্ষয়া দৃষ্ট্যা অভিমৃষ্যন্তি বিষয়ীকুর্ব্বন্তি তথাভূতাঃ যে বর্ণাঃ তে) পূয়ন্তে ইতি কিমু বক্তব্যং ॥ ৩৪ ॥

হে ভুবন-মঙ্গল! যস্য তব অমলং পাপমল-নিবর্ত্তকং যশঃ দিগ্‌বিতানং সর্ব্বদিক্ষু ব্যাপ্তং, অতএব দিবি স্বর্গে, রসায়াং পাতলে, ভূমৌ চ প্রথিতং খ্যাতং চ সৎ যথা পুনাতি তথা যস্য চরণাম্বু দিবি মন্দাকিনীতি, অধঃ পাতলে ভোগবতীতি, ইহ ভূমৌ, গঙ্গা ইতি নাম্না বিশ্বং

শ্রীধরস্বামী।

তত্রাগতাশ্চ সর্ব্বে তদ্দর্শনাদিনা পূতা ভবিষ্যন্তীত্যাহ শ্রবণাদিতি। অন্তেবসায়িনশ্চণ্ডালা অপি। ব্রহ্মময়স্য ব্রহ্মস্বরূপমূর্ত্তেঃ। ঈক্ষাচ অভি শর্শঃ স্পর্শনঞ্চ তৌ বিদ্যেতে যেষাং তে ॥ ৩৪ ॥

কৈমুত্যমতিশয়েনাহ যস্যেতি। হে ভুবনানাং মঙ্গলরূপ। দিবি পাতালে ভূমৌ চ প্রথিতং যস্য যশো বিশ্বং পুনাতি। কথং প্রথিতং দিগ্বিতানং দিগ্ভবনানাং বিতানবদলঙ্করণং। তথা চরণাম্বু চ প্রথিতং পুনাতি কথং তৎ প্রথিতং। দিবি মন্দাকিনীতি অধশ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু তেষাং মদ্দিদৃক্ষায়াং কিং প্রয়োজনং তত্রাহ শ্রবণাদিতি। ব্রহ্মময়স্য ব্রহ্মস্বরূপমূর্ত্তেরিতি শ্রীস্বামিচরণাঃ ॥ ৩৪ ॥

তেষাং মদ্দিদৃক্ষৈব কিংকারণা তত্রাহ। যস্য তব অমলং যশঃ দিবি রসায়াং ভূমৌ চ প্রথিতং দিগ্বিতানং দিগ্ভবনানাং বিতানবদলঙ্করণং সৎ বিশ্বং পুনাতি তথৈব চরণাম্বু চ বিশ্বং পুনাত্যতঃ পূতান্তঃকরণত্বাদেব তেষাং তদ্দিদৃক্ষা অভূদিতি ভাবঃ। যদ্বা। যস্য যশশ্চরণাম্বু চ ত্রিজগৎপাবনং স সাক্ষাদেব ত্বং তেন রাজ্ঞা নিমন্ত্রিতোঽসি যজ্ঞে তত্র পাবনবস্তু,-

---

অহো! যাঁহার গুণগ্রাম শ্রবণ এবং কীর্ত্তন করিয়া এবং যাহার শ্রীমূর্ত্তি কেবল হৃদয়ে ধারণ করিয়াই, অতি নিকৃষ্ট চণ্ডালও পবিত্র হয়, হে সর্ব্বেশ্বর! সেই পূর্ণব্রহ্ম আপনাকে সাক্ষাৎ সম্বন্ধে যাঁহারা দর্শন করেন, তাঁহারা যে পবিত্র হইবেন, তাহাতে আর সন্দেহ কি? ॥ ৩৪ ॥

হে ভুবন-মঙ্গল! আপনার অমল যশোরাশি স্বর্গ, মর্ত্ত্য ও পাতালের দশ দিক্ আলোকিত করিয়া ব্যাপ্ত রহিয়াছে এবং আপনার চরণ-নিঃসৃত বারি স্বর্গে মন্দাকিনী নামে, পাতালে ভোগবতী নামে এবং মর্ত্ত্যধামে গঙ্গা নামে প্রবাহিত হইয়া, এই ত্রিলোককে পবিত্র করিতেছে ॥ ৩৫ ॥

মন্দাকিনী দিবি চ ভোগবতীতি চাধো, গঙ্গেতি চেহ চরণাম্বু পুনাতি বিশ্বং ॥৩৫॥

শ্রীশুক উবাচ।

তত্র তে স্বাত্মপক্ষেষু অগৃণৎসু জিগীষয়া।
বাচঃ পেশৈঃ স্ময়ন্ ভৃত্যমুদ্ধবং প্রাহ কেশবঃ॥ ৩৬ ॥
ত্বং হি নঃ পরমং চক্ষুঃ সুহৃন্মন্ত্রার্থতত্ত্ববিৎ।
অথাত্র ব্রূহ্যনুষ্ঠেয়ং শ্রদ্দধ্মঃ করবাম তৎ॥
ইত্যুপামন্ত্রিতো ভক্ত্র। সর্ব্বজ্ঞেনাপি মুগ্ধবৎ।

অন্বয়ঃ।

পুনাতি তস্য দর্শনাদিভিঃ পাবিত্র্যে কঃ সন্দেহঃ॥ ৩৫ ॥

শ্রীশুকঃ উবাচ। অথ সভায়াং আত্মপক্ষেষু তেষু যাদবেষু জরাসন্ধস্য জিগীষয়া জরাসন্ধবধেচ্ছয়া অগৃণৎসু অমন্যমানেষু সৎসু কেশবঃ কৃষ্ণঃ স্ময়ন্ বাচঃ পেশৈঃ ভৃত্যং উদ্ধবং প্রাহ॥৩৬॥

হি যস্মাৎ ত্বং নঃ অস্মাকং, পরমং চক্ষুঃ অর্থপ্রকাশকঃ, মন্ত্রার্থতত্ত্ববিৎ মন্ত্রার্থানাং আলোচ্যবিষয়াণাং তত্ত্বং যাথাত্ম্যং বেত্তীতি তথা সুহৃদ্ চ অথ তস্মাৎ ইদানীং যৎ অনুষ্ঠেয়ং তৎ ব্রূহি বয়ং শ্রদ্দধ্মঃ বিশ্বসিমঃ করবাম চ॥

শ্রীধরস্বামী।

ভোগবতীতি ইহ ভূমৌ চ গঙ্গেতি যস্য চরণাম্বু তস্য তবাগমনাৎ সর্ব্বং মঙ্গলং পবিত্রঞ্চ ভবিষ্যতীতি ভাবঃ॥ ৩৫ ॥

তত্রৈবং নারদেনোক্তে তেষু তত্র বর্ত্তমানেষু আত্মীয়পক্ষেষু যাদবেষু চ জরাসন্ধস্য জিগীষয়া অগৃণৎসু অমন্যমানেষু। বাচঃ পেশৈ র্বচন-কৌশলৈরিত্যর্থঃ। ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নামপেক্ষণীয়ত্বাদিতি ভাবঃ॥ ৩৫ ॥

তত্র সভায়াং তেষু যাদবেষু আত্মীয়পক্ষেষু জরাসন্ধস্য জিগীষয়া হেতুনা মুনেস্তদ্বচঃ অগৃণৎসু অমন্যমানেষু সৎসু। বাচঃ বচনস্য পেশৈরন্বয়বৈঃ স্বাভিপ্রেতৈরর্থৈরুদ্ধবমুদ্দ্যা-

---

শুকদেব বলিলেন, হে রাজন্! ভগবান্ শ্রীকৃষ্ণ দেবর্ষি নারদের তাদৃশ উক্তি শ্রবণে মনে মনে সন্তুষ্ট হইলেন এবং স্বকীয় পক্ষ যাদবগণ সরাসন্ধকে পরাজয় করিবার কথা উত্থাপন করিলে, কেশব ঈষৎ হাস্য করত, মধুর বচনে স্বীয় ভক্ত সেবক উদ্ধবকে সম্বোধন করিয়া বলিলেন— ॥ ৩৬ ॥

হে উদ্ধব! তুমি আমাদের পরম সুহৃদ্ পরামর্শ-দাতা এবং চক্ষুর ন্যায় পথ-প্রদর্শক; অতএব এ বিষয়ে আমাদের যাহা কর্ত্তব্য তুমি অবধারণ কর! আমরা বিশেষ শ্রদ্ধা সহকারে সেইরূপই অনুষ্ঠান করিব ॥

সর্ব্বজ্ঞ প্রভু শ্রীকৃষ্ণ অনভিজ্ঞের ন্যায় পরামর্শ জিজ্ঞাসা করিলে, ভক্ত

নিদেশং শিরসাধায় উদ্ধবঃ প্রত্যভাষত ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে শ্রীভগবৎপ্রশ্নঃ সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭০ ॥ * ॥

ইত্যুদীরিতমাকর্ণ্য দেবর্ষে রুদ্ধবোঽব্রবীৎ।

অন্বয়ঃ।

সর্ব্বজ্ঞেনাপি ভর্ত্তা স্বামিনা মুদ্ধবং ইতি এবং উপামন্ত্রিতঃ উদ্ধবঃ নিদেশং শিরসা আধায় প্রত্যভাষত উত্তরং দদৌ ॥ ৩৭ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃতান্বয়ে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং দেবর্ষেঃ উদীরিতং (যুধিষ্ঠির-চিকীর্ষিতানুমোদনং কর্ত্তব্যং ইতি কথিতং) আকর্ণ্য শ্রুত্বা তথা সভ্যানাং মতং (জরাসন্ধ-বিজয়ার্থমেব গন্তব্যং ইতি) তথা

শ্রীধরস্বামী।

চক্ষুষ্টে হেতুর্মন্ত্রার্থানাং মন্ত্রসাধ্যানাং তত্ত্ববিৎ পরিপাকবেদিতা ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি দশমে সপ্ততিতমঃ ॥ * ॥

অথৈকসপ্ততিতম উদ্ধবস্যাতু মন্ত্রতঃ।
ইন্দ্রপ্রস্থং গতে কৃষ্ণে পার্থানাং পরমোৎসবঃ ॥
রাজসূয়মিষং কৃত্বা ভীমদুর্য্যোধনাদিষু।
কলিমুৎপাদ্য তদ্দ্বারা ভূভারমহরৎ বিভুঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রোহিতৈঃ স্ময়মান উদ্ধবং প্রাহেতি। তস্যৈব মন্ত্রণাভিজ্ঞতোৎকর্ষখ্যাপনার্থমিতি ভাবঃ ॥ ৩৬ ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দশমে সপ্ততিতমঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
অথৈকসপ্ততিতমে গৃহীতোদ্ধবমন্ত্রণঃ।
সসৈন্যঃ সপ্রিয়ঃ কৃষ্ণ ইন্দ্রপ্রস্থৌকসোঽধিনোৎ ॥ * ॥

উদ্ধব তদীয় আজ্ঞাকে শিরোধার্য্য করত যথাযথ প্রত্যুত্তর দানে আরম্ভ করিলেন ॥ ৩৭ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞ করিবার অভিপ্রায় এবং তদনুকূলে শ্রীকৃষ্ণের অনুমোদন সম্বন্ধে দেবর্ষি নারদের

আভাস।

এক সপ্ততিতম অধ্যায়ে উদ্ধবের মন্ত্রণায় শ্রীকৃষ্ণের ইন্দ্রপ্রস্থে গমন এবং তন্নিবন্ধন পাণ্ডবদিগের পরমোৎসব বর্ণন ॥

সভ্যানাং মতমাজ্ঞায় কৃষ্ণস্য চ মহামতিঃ ॥ ১ ॥
উদ্ধব উবাচ ॥
যদুক্তমৃষিণা দেব সাচিব্যং যক্ষ্যতে ত্বয়া।
কার্য্যং পৈতৃষ্বসেয়স্য রক্ষা চ শরণৈষিণাং ॥ ২ ॥
যষ্টব্যং রাজসূয়েন দিক্‌চক্রজয়িনা বিভো।
অতো জরাসুতজয় উভয়ার্থো মতো হি মে ॥

অন্বয়ঃ।

কৃষ্ণস্য মতং (উভয়মেব কর্ত্তব্যমিতি) চ আজ্ঞায় মহামতিঃ (মহতী শ্রেষ্ঠা সূক্ষ্মা মতিঃ যস্য সঃ) উদ্ধবঃ অব্রবীৎ ॥ ১ ॥

উদ্ধবঃ উবাচ। হে দেব! দেবর্ষিণা নারদেন, যক্ষ্যতঃ যাগং করিষ্যতঃ, পৈতৃষ্বসেয়স্য পিতৃষ্বসুঃ পুত্রস্য যুধিষ্ঠিরস্য, সাচিব্যং সাহার্য্যং, কর্ত্তব্যং ইতি যৎ উক্তং, তৎ ত্বয়া কার্য্যং তথা শরণৈষিণাং শরণার্থিনাং, রক্ষা চ ত্বয়া কার্য্যা ॥ ২ ॥

হে বিভো! দিক্‌চক্রজয়িনা পুরুষেণ রাজসূয়েন যষ্টব্যং অতঃ দিগ্‌বিজয়প্রসঙ্গাৎ যঃ জরাসুতস্য জয়ঃ সঃ উভয়ার্থঃ (রাজসূয়ার্থঃ শরণাগতরক্ষার্থঃ) চ হি মে মম মতঃ ॥

শ্রীধরস্বামী

দেবর্ষে র্মতং রাজসূয়গমনং। সভ্যানাং মতং রাজরক্ষা। শ্রীকৃষ্ণস্য তুভয়ং ॥ ১ ॥

যক্ষ্যতঃ যাগং করিষ্যতঃ। পৈতৃষ্বসেয়স্য পিতৃষ্বসুঃ পুত্রস্য সাচিব্যং সাহায্যং তচ্চ কার্য্যং। তথা শরণার্থিনাং রাজ্ঞাং রক্ষাচ কার্য্যা ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবর্ষেঃ সভ্যানাং কৃষ্ণস্য চকারাৎ রাজদূতস্য চ উদীরিতমাকর্ণ্য মতং চাজ্ঞায় মহামতিরিতি সর্ব্বমতরক্ষণেন সর্ব্বপ্রহর্ষণাৎ। তত্র রাজসূয়ার্থকে গমনে দেবর্ষেঃ সম্মতঃ। সভ্যানাং দূতস্য চ জরাসন্ধবধার্থকে। কৃষ্ণস্য তুভয়ত্রৈব ॥ ১ ॥

যক্ষ্যতঃ যাগং করিষ্যতঃ পৈতৃষ্বসেয়স্য যুধিষ্ঠিরস্য সাচিব্যং সাহায্যং কার্য্যমেব। যদুক্তমৃষিণা। জরাসন্ধবধাৎ শরণৈষিণাং রক্ষা চ কর্ত্তব্যৈব যা খলু সভ্যানাং দূতস্য চাভিমতেতি ভাবঃ ॥ ২ ॥

শ্রীকৃষ্ণের প্রতি উক্তি শ্রবণে সভ্যগণের জরাসন্ধ-বিজয়ার্থ যুদ্ধ-যাত্রা এবং শ্রীকৃষ্ণেরও এতৎসম্বন্ধে অভিপ্রায় অবগত হইয়া, মহামতি উদ্ধব বলিলেন ॥ ১ ॥

উদ্ধব বলিলেন, হে দেব! ভবদীয় পিতৃষ্বসা কুন্তীর নন্দন রাজা যুধিষ্ঠির রাজসূয় যজ্ঞ করিতে অভিলাষ করিতেছেন; তৎসম্বন্ধে দেবর্ষি নারদ আপনাকে যে, সাহায্য করিবার কথা বলিয়াছেন, তাহা আপনার অবশ্যই কর্ত্তব্য বটে; অথচ শরণাগত নৃপতিবৃন্দের রক্ষা করাও আপনার অবশ্য কর্ত্তব্য ॥ ২ ॥

অস্মাকঞ্চ মহানর্থো হ্যেতেনৈব ভবিষ্যতি।
যশশ্চ তব গোবিন্দ রাজ্ঞো বন্ধাদ্বিমুঞ্চতঃ॥ ৩॥
পূর্ব্বং গন্তব্যমস্মাভি রিন্দ্রপ্রস্থমিতঃ প্রভো।
তত্রৈব তদনুজ্ঞাত স্তদর্থং জহি মাগধং॥

অন্বয়ঃ।

এতেন জরাসন্ধবধেন এব অস্মাকং অপি মহান্ অর্থঃ নির্ভয়স্বরূপঃ, ভবিষ্যতি তথা বন্ধান্ রাজ্ঞঃ বিমুঞ্চতঃ বিমোচয়তঃ, তব হে গোবিন্দ! যশশ্চ ভবিষ্যতি॥ ৩॥

হে প্রভো! ইতঃ দ্বারকাতঃ, পূর্ব্বং প্রথমং, অস্মাভিঃ ইন্দ্রপ্রস্থং গন্তব্যং তত্র তেন যুধিষ্ঠিরেণ অনুজ্ঞাতঃ সন্ তদর্থং রাজসূয়ার্থং মাগধং জরাসন্ধং জহি ঘাতয়॥

শ্রীধরস্বামী।

তত্র প্রথমং রাজসূয়ার্থং গন্তব্যং ততো রাজরক্ষা কর্ত্তব্যেত্যাহ যষ্টব্যমিত্যাদ্যষ্টভিঃ। অতো দিগ্বিজয়হেতোঃ। উভয়ার্থঃ রাজসূয়ার্থঃ শরণাগতরক্ষার্থশ্চ॥ ৩॥

অত্যুৎসুকতয়া সদ্য এব জরাসন্ধং হন্তুমিচ্ছতো যাদবানাল্লক্ষ্যাহ স বা ইতি। অন্যেষাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্রৈকেনৈব কার্য্যেণ উভয়ং কার্য্যং সিধ্যেৎ সৈব যুক্তিঃ সমীচীনেত্যাহ যষ্টব্যমিতি। উভয়ার্থ ইতি রাজসূয়সিদ্ধিপ্রয়োজনকঃ রাজরক্ষাপ্রয়োজনকশ্চ। তথাহি দিগ্বিজয়ং বিনা রাজসূয়যজ্ঞো ন ভবতি। জরাসন্ধবধং বিনা দিগ্বিজয়শ্চ ন ভবতীতি প্রথমং রাজসূয়নিমন্ত্রণমেবাঙ্গীকর্ত্তব্যং। রাজরক্ষানিমন্ত্রণন্তু তদঙ্গসিদ্ধ্যৈব সেৎস্যতীত্যেকক্রিয়া দ্ব্যর্থকরী ভবিষ্যতীতি ভাবঃ॥

অস্মাকং সভ্যানাং। এতেনৈব রাজসূয়ার্থকগমনেনৈব মহান্ অর্থঃ জরাসন্ধবধলক্ষণঃ॥ ৩॥

হে বিভো! দিগ্‌বিজয়ী হইয়া, রাজা যুধিষ্ঠির যদি রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান করিতে পারেন, তাহা হইলে উভয় কার্য্যই সমাধা হয়। কারণ দিগ্‌বিজয় উপলক্ষে জরাসন্ধের পরাজয় হইলে, রাজসূয় যজ্ঞের সাহায্য এবং শরণাগত রাজাগণেরও রক্ষা উভয় অভিপ্রায়ই সিদ্ধ হয়; ইহাই আমি বিবেচনা করি॥

জরাসন্ধের নিধন হইলে, আমাদেরও বিশেষ উপকার হয়; আর কোন বিপদ্ধের আশঙ্কাও থাকে না। বিশেষত হে গোবিন্দ! ইহা দ্বারা আপনি যদি কারারুদ্ধ রাজাগণকে মুক্ত করিতে পারেন, তাহা হইলে আপনার যশের আর সীমা থাকিবে না॥ ৩॥

হে প্রভো! প্রথমত এই দ্বারকা হইতে আমাদের ইন্দ্রপ্রস্থে যাওয়া কর্ত্তব্য; তথায় রাজসূয় যজ্ঞের উপকারার্থ যুধিষ্ঠিরের অনুমতি অনুসারে আপনি জরাসন্ধ বধের ব্যবস্থা করুন!॥

স বৈ দুর্ব্বিষহো রাজা নাগাযুতসমো বলে।
বলিনামপি চান্যেষাং ভীমং সমবলং বিনা ॥ ৪ ॥
দ্বৈরথে সতু জেতব্যো মা শতাক্ষৌহিণীযুতঃ।
ব্রহ্মণ্যোঽভ্যর্থিতো বিপ্রৈ র্ন প্রত্যাখ্যাতি কর্হিচিৎ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

সঃ বৈ প্রসিদ্ধঃ রাজা জরাসন্ধঃ সমবলং ভীমং বিনা বিহায়, অন্যেষাং বলিনাং অপি দুর্ব্বিষহঃ যতঃ বলে নাগাযুতসমঃ (নাগানাং গজানাং অযুতেন সমঃ তুল্যঃ ॥ ৪ ॥

সঃ তু জরাসন্ধঃ দ্বৈরথে দ্বন্দ্বযুদ্ধে, জেতব্যঃ শতেন অক্ষৌহিণীভিঃ যুতঃ সঃ অন্যথা মা ন জেতব্যঃ। সঃ তু ব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্তঃ, অতঃ বিপ্রৈঃ অভ্যর্থিতঃ যাচিতঃ, কর্হিচিৎ অপি ন প্রত্যাখ্যাতি ন নিরাকরোতি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

ততো বলিনামপি যদ্যপি সমবল এব ভীমস্তথাপি তং বিনা। ভীমাদেব তস্য মৃত্যুর্বিহিত ইতি ভাবঃ ॥ ৪ ॥

নন্থ স্ববলসাম্যেঽপি সেনাবলং তস্যাধিকমিতি চেদত আহ দ্বৈরথ ইতি। দ্বন্দ্বযুদ্ধে শতেনাক্ষৌহিণীভি র্যুতঃ। মা ন জেয় ইত্যর্থঃ। নন্বসৌ সৈন্যমেব যুদ্ধায় নিযুঞ্জীত কুতস্তেন দ্বৈরথমিত্যত আহ ব্রহ্মণ্য ইতি। ন প্রত্যাখ্যাতি ন নিরাকরোতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদাএব জরাসন্ধং হন্তুমত্যুৎসুকান্ যাদবানালক্ষ্যাহ স বৈ ইতি অন্যেষাং ততোঽধিকবলিনামপি যদ্যপি সমবলএব ভীমস্তদপি তং বিনেতি ভীমাদেব তস্য মৃত্যুরিতি বৃহস্পতেঃ সকাশাদধীতজ্যোতিরাগমাদিশাস্ত্রেণ ময়ৈব পূর্ব্ববিচারিতত্বাদিতি ভাবঃ ॥ ৪ ॥

ভীমেনাপি স দ্বৈরথ এব জেতব্যঃ শতাক্ষৌহিণীযুতস্তু মা জেতব্যঃ ॥ ৫ ॥

কারণ জরাসন্ধকে নিহত করা নিতান্ত সামান্য ব্যাপার নহে। তাহার তুল্যবল ভীম ব্যতীত এমন অন্য কোন বীরই নাই যে, তাহার সমীপে অগ্রসর হয়। বিশেষত অযুত মত্ত হস্তীর বল সে একাকী ধারণ করে ॥ ৪ ॥

দ্বন্দ্বযুদ্ধ ব্যতীত তাহার সহিত সংগ্রামে অগ্রসর হওয়া, সম্পূর্ণ অসম্ভব। কারণ একশত অক্ষৌহিণী সেনা তাহার সতত প্রস্তুত আছে। আমাদের বল তদপেক্ষা অনেক ন্যূন; সুতরাং দ্বন্দ্বযুদ্ধেই তাহাকে নিহত করিতে হইবে। তাহার উপায় আমি বলিতেছি, শ্রবণ করুন! জরাসন্ধ একজন ব্রাহ্মণভক্ত; অতএব ব্রাহ্মণগণ তাহার নিকট যাহা প্রার্থনাই করেন, সে তাহার কখন প্রত্যাখ্যান করে না ॥ ৫ ॥

অতএব বৃকোদর ব্রাহ্মণের বেশ ধারণে উহার সমীপে গমন করত দ্বন্দ্বযুদ্ধের প্রার্থনা করুন! তথায় আপনি কেবল উপস্থিত মাত্র থাকিলেই, ভীমসেন

ব্রহ্মবেশধরো গত্বা তং ভিক্ষেত বৃকোদরঃ।
হনিষ্যতি ন সন্দেহো দ্বৈরথে তব সন্নিধৌ ॥ ৬ ॥
নিমিত্তং পরমীশস্য বিশ্বসর্গনিরোধয়োঃ।

অন্বয়ঃ।

অতঃ ব্রহ্মবেশধরঃ বৃকোদরঃ ভীমঃ তং প্রতি গত্বা দ্বন্দ্বযুদ্ধং ভিক্ষেত তথা তব সন্নিধৌ দ্বৈরথে দ্বন্দ্বযুদ্ধে তং হনিষ্যতি অত্র সন্দেহঃ নাস্তি ॥ ৬ ॥

যথা বিশ্বস্য সর্গে হিরণ্যগর্ভঃ ব্রহ্মা, নিরোধে প্রলয়ে, শর্ব্বঃ রুদ্রঃ, চ পরং কেবলং নিমিত্তং অবান্তরকর্ত্তা, বস্তুতস্তু ত্বং এব কর্ত্তা তথা অত্রাপি ভীমঃ নিমিত্তং এব বস্তুতস্তু কর্ত্তৃত্বং অস্যাপিণঃ

শ্রীধরস্বামী।

ভিক্ষেত দ্বন্দ্বযুদ্ধং যাচতাং। তথাপি সমবলত্বাৎ সাম্যমেব স্যাদত আহ তব সন্নিধাবিতি ॥ ৬ ॥

নন্বু অকিঞ্চিৎ কুর্ব্বতো মম সন্নিধানাৎ কিং স্যাদত আহ নিমিত্তমিতি। অয়মর্থঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বসৌ স্বসৈন্যমেব যুদ্ধায় নিযুঞ্জীত কুতস্তেন দ্বৈরথ্যমিতি তত্রাহ ব্রহ্মণ্য ইতি। ন প্রত্যাখ্যাতি ন নিরাকরোতি। ভিক্ষেত দ্বন্দ্বযুদ্ধং যাচেত স এব জেষ্যতি চেত্তর্হি কিং ময়েত্যত আহ তবেতি। তব সন্নিধানং বিনা তু দ্বৈরথোঽপি ন তং হন্তুং প্রভবিষ্যতীতি ভাবঃ ॥ ৬ ॥

নন্বু অকিঞ্চিৎ কুর্ব্বতো মম সন্নিধানাৎ কিং স্যাত্তত্রাহ নিমিত্তমিতি। তব ঈশস্য যঃ কালস্তদ্রূপা শক্তিস্তস্য যৌ বিশ্বসর্গনিরোধৌ তয়োস্তত্র হিরণ্যগর্ভঃ শর্ব্বশ্চ পরং কেবলং নিমিত্তমেবেত্যন্বয়। অস্যাপিণ ইতি কালস্য বিশেষণং। কালেনৈব বিশ্বং সৃজ্যতে নিরুধ্যতে চ তত্র যথা সর্গে হিরণ্যগর্ভো নিমিত্তমাত্রং শর্ব্বশ্চ নিরোধে তথৈব সন্নিধিমাত্রেণ ত্বমেব

অবলীলাক্রমে উক্ত পাষণ্ডকে নিহত করিবেন, সন্দেহ নাই ॥ ৬ ॥

হে পরমেশ! ইহাতে ভীমের কোন ভয় বা গৌরব নাই কিন্তু বিশ্ব সংসারের সৃষ্টিতে কমলাসন ব্রহ্মা এবং নিধন কার্য্যে মহাকাল রুদ্রদেব যেমন কেবল নিমিত্ত মাত্র, কালরূপে দণ্ডায়মান ভবদীয় পরমাত্মার ঈক্ষণেই প্রকৃত

আভাস।

বৃকোদর দ্বন্দ্বযুদ্ধে জরাসন্ধকে নিহত করিবেন বটে, সেটী কিন্তু কেবল ভীমের গৌরব-বৃদ্ধি করা মাত্র। ভগবান্ শ্রীকৃষ্ণের সন্নিধিই জরাসন্ধ-বধের একমাত্র হেতু। কুরুযুদ্ধে ভগবান্ শ্রীকৃষ্ণ নিজমুখেই একবার অর্জ্জুনকে এই ভাবের পরিচয়ে বলিয়াছিলেন যে, হে অর্জ্জুন! আমিই এই সমস্তকে নিহত করিয়াছি! তুমি কেবল নিমিত্ত মাত্র হইয়া, যশঃ লাভ কর। অতএব বিশ্ব সংসারে তাঁহার ঈক্ষণই সৃষ্ট্যাদি কার্য্যের এক মাত্র হেতু; ব্রহ্মরুদ্রাদি দেবতাগণ স্ব স্ব কার্য্যে কেবল নিমিত্ত মাত্রের পরিচয় দিয়া থাকেন। উদ্ধব বলিলেন, হে দেব! ভীমসেনের

হিরণ্যগর্ভঃ শর্ব্বশ্চ কালস্যারূপিণস্তব ॥ ৭ ॥
গায়ন্তি তে বিশদকর্ম্ম গৃহেষু দেব্যো রাজ্ঞাং স্বশত্রুবধমাত্মবিমোক্ষণঞ্চ।

অন্বয়ঃ।

তব কালস্য এব ঈশস্য সন্নিধিমাত্রেণৈব জরাসন্ধো নিহতো ভবিষ্যতি ॥ ৭ ॥

জরাসন্ধ-নিগৃহীতানাং রাজ্ঞাং দেব্যঃ পত্ন্যঃ, স্বগৃহেষু স্বশত্রুবধং (স্বশত্রোঃ জরাসন্ধস্য বধং) আত্মবিমোক্ষণং (আত্মনাং আত্মবৎ প্রেষ্ঠানাং পতীনাং বিমোক্ষণং) চ এব তে তব বিশদকর্ম্ম

শ্রীধরস্বামী।

যথা তবারূপস্য কালাত্মনো বিশ্বসর্গে নিমিত্তং কেবলং হিরণ্যগর্ভঃ। তথা সর্ব্বশ্চ তন্নিরোধে। তথাত্র ত্বমেব সন্নিধিমাত্রেণ হন্তা। ভীমো নিমিত্তমাত্রমিতি ॥ ৭ ॥

অতোঽনেনোপায়েন ত্বয়াসৌ শীঘ্রং হন্তব্য ইত্যাশয়েনাহ গায়ন্তীতি। জরাসন্ধধৃতানাং রাজ্ঞাং দেব্যঃ পত্ন্য স্তে বিশদং কর্ম্ম স্বগৃহেষু বালকলালনাদৌ গায়ন্তি। কিং তৎ স্বশত্রোর্জরাসন্ধস্য বধং আত্মনাং পতীনাং বিমোক্ষণঞ্চ। বৎস মা রোদীঃ শ্রীকৃষ্ণো জরাসন্ধং নিহত্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

জরাসন্ধং হনিষ্যসি ভীমো নিমিত্তমাত্রং। হিরণ্যগর্ভশর্ব্বয়ো র্মাহাত্ম্যার্থং যথা ত্বয়া তৎ ক্রিয়তে তথাত্রাপি ভীমসেনায় যশঃপ্রদানার্থ মিদমপ্যেকং তব কার্য্যমিতি ভাবঃ ॥ ৭ ॥

দুষ্টনিগ্রহশিষ্টপালনাত্মকং তব যশো যদ্যপি সদ্ভির্গীয়মানং পূর্ব্বসিদ্ধমেবাস্তি তদপীদানীং জরাসন্ধে হতে সতি তদপি বিপুলীভবিষ্যতীত্যাহ গায়ন্তীতি। জরাসন্ধবদ্ধানাং রাজ্ঞাং দেব্যঃ পত্ন্যঃ তে বিশদং কর্ম্ম স্বগৃহেষু বালক-লালনাদৌ গায়ন্তি কিং তৎ কর্ম্ম স্বশত্রোর্জরাসন্ধস্য বধঃ ভাবিনমপি আত্মনাং পতীনাং বিমোক্ষণঞ্চ সর্ব্বজ্ঞমুন্যাদি-প্রবোধিতত্বাদ্গায়ন্তি। হে বৎস মা রোদীঃ কৃষ্ণো জরাসন্ধং হত্বা তব পিতরং মোচয়িষ্যতীতি। অত্র দৃষ্টান্তঃ যথা গোপ্যঃ স্বশত্রোঃ শঙ্খচূড়স্য বধং তন্নিরোধাদাত্মবিমোক্ষণঞ্চ পরস্পরসান্ত্বনাদৌ গায়ন্তি তোঃ সখ্যঃ সমাশ্বসিত। রুদিত্বা রুদিত্বা মা প্রাণাংস্ত্যক্তুমুপক্রমধ্বং। যং খলু তাদৃশশঙ্খচূড়াথ-

---

প্রস্তাবে সকলই ঘটিয়া থাকে, সেইরূপ আপনার সন্নিধি মাত্রেই বৃকোদর তাহাকে নিহত করিবে। প্রকাশ্যে বৃকোদর হন্তা হইলেও, আপনিই তাহার মূলীভূত একমাত্র কারণ ॥ ৭ ॥

হে দেব! এই কার্য্যের দ্বারা আপনার অমল যশোরাশি দিগ্‌দিগন্তে পরিব্যাপ্ত হইবে। অহো! গোপীগণ শঙ্খচূড়ের হস্ত হইতে নিষ্কৃতি লাভে,

আভাস।

কি সাধ্য যে একাকী তিনি জরাসন্ধকে নিহত করেন? তবে আপনি উপস্থিত থাকিয়া, বা ইচ্ছা করিয়া, যদি একটী তৃণ মাত্র নিক্ষেপ করেন, অথবা সামান্য একটী বালককেও জরাসন্ধের বিপক্ষে নিয়োজিত করেন, তাহা হইলেই জরাসন্ধের বধ নিশ্চয়ই সাধিত হইবে ॥ ৭ ॥

গোপ্যশ্চ কুঞ্জরপতের্জনকাত্মজায়াঃ পিত্রোশ্চ লব্ধশরণা মুনয়ো বয়ঞ্চ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

গায়ন্তি। গোপ্যঃ শঙ্খচূড়বধং তস্মাৎ স্বমোক্ষং, কুঞ্জরপতেঃ নক্রাৎ, জনকাত্মজায়াঃ রাবণাৎ, পিত্রোঃ চ কংসগৃহাৎ বিমোক্ষণং এবং লব্ধশরণাঃ বয়ং মুনয়ঃ চ তে যশঃ গায়ন্তি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তব পিতরং মোচয়িষ্যতীতি। তত্র দৃষ্টান্তাঃ গোপ্যশ্চেত্যাদয়ঃ। যথা গোপ্যঃ শঙ্খচূড়বধং স্বমোক্ষঞ্চ গায়ন্তি। অবতারান্তরগতঞ্চ কুঞ্জরপতে র্নক্রাৎ। জনকাত্মজায়াশ্চ রাবণাৎ পিত্রোশ্চ কংসগৃহান্মোক্ষং। অতএবম্ভূতানাং তাসাং কৃপয়া ত্বয়া তথৈব কর্ত্তব্যমিতি ভাবঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহাব্যাঘ্রগ্রাসাদরক্ষীৎ সএব কৃপাসিন্ধুঃ স্বয়মেব স্মৃত্বা স্ববিরহ-মহাবিপৎকাল-সর্পদংশাদপি রক্ষিষ্যতীতি তেন জরাসন্ধং হত্বা তা দেব্য স্তৎপতিভিঃ সঙ্গতীকৃত্য ত্বয়া যথা রক্ষণীয়া স্তথৈব রাজসূয়াদিকৃত্যং সমাপ্য তত আগমনসময়ে নিভৃতং ব্রজং গত্বা তা গোপ্যোঽপি স্বসঙ্গতীকৃত্য ত্বয়া রক্ষণীয়াঃ ততশ্চাস্মদাদয়োঽপি তত্তে যশো গায়াম ইত্যবসরপ্রাপ্তস্বাভীপ্সিতমন্ত্রণার্পণং ধ্বনিতং। কিঞ্চ যথা দেব্যো গোপ্যশ্চ গায়ন্তি তথা লব্ধশরণা মুনয় আত্মারামা ভক্তা বয়ং দাসভক্তাশ্চ স্বসুহৃদাস্বাদনাদৌ গায়ামঃ কিং তৎ কুঞ্জরপতেঃ স্বশত্রো র্নক্রস্য বধং তস্মাদাত্ম-বিমোক্ষণঞ্চ। জনকাত্মজায়াঃ স্বশত্রো রাবণস্য বধং পিত্রোশ্চ স্বশত্রোঃ কংসস্য বধং তস্মা-তস্মাদাত্মবিমোক্ষণঞ্চেতি। তো স্তপোধনা মা বিষীদথ। যথা নক্রাদিভ্যো গজেন্দ্রাদীনুদ্ধরথ তথৈবাস্মানপি সংসারাদুদ্ধরিষ্যতীতি। তো তো বয়স্যা ভাবকভক্তা যথৈবোদ্ধৃত্য গজেন্দ্রা-দিভ্যঃ স্বসামীপ্যদানেন স্বাভীষ্টসেবামদাস্তথৈবাস্মভ্যমপি দাস্যতীতি ॥ ৮ ॥

কুঞ্জরপতি নক্রহস্ত হইতে অব্যাহতি লাভে এবং জনকনন্দিনী সীতা দশাননের হস্ত হইতে রক্ষা পাইয়া, বিশেষত ভবদীয় জনক-জননী বসুদেব এবং দেবকী দুর্দ্দান্ত কংসের কারাগৃহ হইতে বিমুক্তি লাভে যেমন আপনার কীর্ত্তি ও যশ গান করিয়া থাকেন, জরাসন্ধের কারাগার হইতে বিমুক্ত রাজাগণের বনিতা-গণ এবং বিমুক্ত নৃপতিবৃন্দ, মুনিগণ এবং আপনার ভক্ত আমরা প্রতিগৃহে এই দারুণ শত্রু-নিধনের বার্ত্তা কীর্ত্তন করিব, সন্দেহ নাই ॥ ৮ ॥

আভাস।

এই জরাসন্ধ বধে যে আপনার কীর্ত্তি জগতে প্রথিত হইবে, তাহাতে আপনার কোন ইষ্ট লাভ নাই বটে, কিন্তু আমাদের অভীষ্টসিদ্ধির আর সীমা থাকিবে না। দুষ্টের দমন ও শিষ্টের পালনরূপ আপনার অবতার-কার্য্য ধারাবাহিক ভাবে চলিতে থাকিবে। পূর্ব্বে শঙ্খ-চূড়-বধে গোপীগণ যেমন মুক্তিলাভে আনন্দিত হইয়াছিল; নক্রগ্রাস হইতে গজেন্দ্র মুক্ত হইয়া, যেমন হৃষ্ট হইয়াছিল; জনকনন্দিনী সীতা দুষ্ট দশাননের প্রদত্ত সুদারুণ যাতনা

জরাসন্ধবধঃ কৃষ্ণ ভূর্য্যর্থায়োপকল্পতে।
প্রায়ঃ পাকবিপাকেন তব চাভিমতঃ ক্রতুঃ॥ ৯॥

অন্বয়ঃ।

হে কৃষ্ণ! জরাসন্ধস্য বধঃ ভূর্য্যর্থায় অনেকপ্রয়োজনায়, উপকল্পতে; প্রায়ঃ পাকবিপাকেন (পচ্যতে ইতি পাকঃ পুণ্যপাপাত্মকং কর্ম্ম তস্য বিপাকঃ ফলং তেন) রাজ্ঞাং পুণ্যবিপাকেন জরাসন্ধস্য পাপবিপাকেন অয়ং ক্রতুঃ রাজসূয়ঃ, তবাপি অভিমতঃ সম্মতঃ এব॥ ৯॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ জরাসন্ধবধ ইতি ভূর্য্যর্থায়েতি। ততঃ শিশুপালবধাদয়োঽপি সুখসাধ্যা ভবিষ্যন্তীতি ভাবঃ। এতৎ সর্ব্বং ভবিষ্যত্যেবেতি সম্ভাবয়ন্নাহ প্রায় ইতি। পচ্যত ইতি পাকঃ কর্ম্ম তস্য বিপাকঃ ফলং তেন। রাজ্ঞাং পুণ্যবিপাকেন জরাসন্ধাদীনাং পাপবিপাকেনেতি পাঠান্তরে জরাসন্ধস্য পাপবিপাকেনেতি। তেনায়ং ক্রতুস্তবাভিপ্রেতঃ। তত্র গতে ত্বয়ি সর্ব্বং ভবিষ্যতীত্যর্থঃ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূর্য্যর্থায় রাজসূয়সিদ্ধয়ে রাজবৃন্দরক্ষাসিদ্ধয়ে ত্বচ্চিকীর্ষিত-শিশুপালাদিবধ-সুখসাধ্যত্বসিদ্ধয়ে মদ্যজ্ঞিতার্থবিশেষসিদ্ধয়ে চ পাকো রাজসূয়স্য নিষ্পত্তিস্তস্মিন্ সতি তস্য বা যো বিপাকঃ বিসদৃশং ফলং কুরুবংশক্ষয়সূচকদুর্য্যোধনমানভঙ্গঃ তেন হেতুনা ক্রতুশ্চ তবাভিমতঃ। পাকঃ পরিণতৌ শিশাবিতি। বিপাকঃ পাচনে স্বেদে কর্ম্মণো বিসদৃক্ ফলে ইতি চ মেদিনী। এষোঽর্থস্তত্রত্যবাদবকৌরবাদ্যৈ র্মা বুধ্যতামিত্যুদ্ধবেন দুর্ব্বোধার্থকং পদং প্রযুক্তং। পাপবিপাকেনেতি পাঠে পাপানাং শিশুপালাদীনাং বিপাকেন বিনাশলক্ষণপরিণামেন হেতুনা। প্রায় ইতি বিতর্কে॥ ৯॥

হে শ্রীকৃষ্ণ! জরাসন্ধের নিধনে যথেষ্ট উপকার সাধিত হইবে। রাজাগণের পুণ্যফলের উদয়ে এবং জরাসন্ধের সঞ্চিত পাপফলের উদয়ে এই অপূর্ব্ব রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান যে উপস্থিত হইয়াছে, তাহা আপনারই অভিপ্রায় অনুসারে সন্দেহ নাই॥ ৯॥

শুকদেব বলিলেন, হে রাজন্! ভগবদ্ভক্ত উদ্ধবের তাদৃশ শুভাবহ এবং

আভাস।

হইতে অব্যাহতি পাইয়া, যেমন আনন্দিতা হইয়াছিলেন, অহো! বসুদেব এবং দেবকী কংসভয় হইতে নিষ্কৃতি লাভে যেমন পরমানন্দ অনুভব করিয়াছিলেন এবং ঐ সকল কার্য্যে ভবদীয় যশঃ সর্ব্বত্র পরিব্যাপ্ত হইয়া যেমন আমাদের ন্যায় ভক্তগণের হৃদয়ে অপার শান্তির উৎস উন্মোচন করিয়া দিতেছে, সেইরূপ এখনও তাহার ধারাবাহিক ভাব আপনি রক্ষা করুন! আপনার প্রতি ভক্তিমান্ হইবার প্রকৃত স্বার্থ আপনার কীর্ত্তিতেই পরিলক্ষিত হইয়া থাকে। সম্প্রতি জরাসন্ধ বধের দ্বারা ভক্তের সন্তোষপ্রদ লীলা জগতে প্রথিত করুন॥ ৮॥

শ্রীশুক উবাচ ॥
ইত্যুদ্ধববচো রাজন্ সর্ব্বতোভদ্রমচ্যুতং।
দেবর্ষি র্যদুবৃদ্ধাশ্চ কৃষ্ণশ্চ প্রত্যপূজয়ন্ ॥ ১০ ॥
অথাদিশৎ প্রয়াণায় ভগবান্ দেবকীসুতঃ।
ভৃত্যান্ দারুকজৈত্রাদীননুজ্ঞাপ্য গুরূন্ বিভুঃ ॥ ১১ ॥
নির্গময্যাবরোধান্ স্বান্ সসুতান্ সপরিচ্ছদান্।
সঙ্কর্ষণমনুজ্ঞাপ্য যদুরাজঞ্চ শত্রুহন্,
সুতোপনীতং স্বরথমারুহৎ গরুড়ধ্বজং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সর্ব্বতোভদ্রং শুভাবহং অচ্যুতং ফলাব্যভিচরিতত্বং ইতি এবং উক্তপ্রকারং, উদ্ধববচঃ দেবর্ষিঃ নারদঃ যদুবৃদ্ধাঃ চ কৃষ্ণঃ চ প্রত্যপূজয়ন্ ॥ ১০ ॥

অথ অনন্তরং এব দেবকীসুতঃ বিভুঃ ভগবান্ কৃষ্ণঃ গুরূন্ বসুদেবাদীন্, অনুজ্ঞাপ্য দারুক-জৈত্রাদীন্ স্বস্য ভৃত্যান্ প্রয়াণায় গমন-সাধন-সংগ্রহায়, আদিশৎ আজ্ঞাপয়ামাস ॥ ১১ ॥

তথা হে শত্রুহন্! সঙ্কর্ষণং যদুরাজং উগ্রসেনং চ অনুজ্ঞাপ্য পৃষ্ট্বা, সসুতান্ (সুতৈঃ সহিতান্) সপরিচ্ছদান্ (পরিচ্ছদৈঃ পরিকরৈঃ চ সহিতান্) স্বান্ অবরোধান্ দারান্, নির্গময্য (পুরাৎ বহিঃ গময়িত্বা) সুতেন উপনীতং গরুড়ধ্বজং রথং স্বয়ং আরুহৎ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

অচ্যুতং উপপত্ত্যা বৃদ্ধং। যদুবৃদ্ধা ইতি বদন্নিরুদ্ধাদয় স্তথা নাপূজয়ন্নিতি সূচয়তি ॥ ১০ ॥
অনুজ্ঞাপ্য অনুজ্ঞাং প্রার্থ্য। গুরূন্ বসুদেবাদীন্ ॥ ১১ ॥
অবরোধান্ দারাদীন্ নির্গময্য প্রয়াণং কারয়িত্বা ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অচ্যুতং সোপপত্তিকত্বাৎ চ্যুতিরহিতং। যদুবৃদ্ধা ইত্যনেনানিরুদ্ধাদয়ঃ সদ্যো যুদ্ধোৎসাহবন্তস্ত নাপূজয়ন্নিতি দ্যোতিতং ॥ ১০ ॥
গুরূন্ বসুদেবাদীন্ অনুজ্ঞাপ্য অনুজ্ঞাং প্রার্থ্য ॥ ১১ ॥
অবরোধান্ অবরোধস্থান্ দারান্ তেষামপি নিমন্ত্রিতত্বাত্তদৌৎসুক্যাচ্চ ॥ ১২ ॥

অব্যর্থ ফলোপধায়ক যুক্তিযুক্ত বাক্য শ্রবণে দেবর্ষি নারদ, শ্রীকৃষ্ণ এবং যাবদীয় যদুবৃদ্ধগণ সকলেই তাঁহার বিশেষ প্রশংসা করিলেন ॥ ১০ ॥

অনন্তর দেবকীপুত্র ভগবান্ শ্রীকৃষ্ণ বসুদেবাদি গুরুজনগণের অনুমতি গ্রহণ করত, দারুক ও জৈত্রাদি স্বীয় ভৃত্যগণকে আহ্বান করিলেন এবং ইন্দ্রপ্রস্থে যাত্রা করিবার নিমিত্ত প্রস্তুত হইতে আদেশ করিলেন ॥ ১১ ॥

এবং হে শত্রুনিসূদন! অগ্রজ বলরাম ও যদুরাজ উগ্রসেনের অভিপ্রায়

ততো রথদ্বিপভটসাদিনায়কৈঃ করালয়া পরিবৃত আত্মসেনয়া।
মৃদঙ্গভের্য্যানকশঙ্খগোমুখৈঃ প্রঘোষিতককুভো নিরক্রমৎ ॥ ১৩ ॥
নৃবাজিকাঞ্চনশিবিকাভিরচ্যুতং সহাত্মজাঃ পতিমনু সুব্রতা যযুঃ।
বরাম্বরাভরণবিলেপনস্রজঃ সুসংবৃতা নৃভিরসিচর্ম্মপাণিভিঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

ততঃ রথ-দ্বিপ-ভট-সাদিনায়কৈঃ (রথাঃ দ্বিপাঃ গজাঃ, ভটাঃ পদাতয়ঃ, সাদিনঃ অশ্বারূঢ়াঃ তত্তন্নায়কৈঃ) করালয়া পরমভয়ঙ্কর্য্যা আত্মসেনয়া; মৃদঙ্গভের্য্যানকশঙ্খ-গোমুখৈঃ তত্তদ্বাদ্যৈঃ যঃ প্রঘোষঃ তেন ঘোষিতা যা ককুব্ দিক্, তস্যাঃ সকাশাৎ নিরক্রমৎ নিষ্ক্রান্তবান্ ॥ ১৩ ॥

ততঃ চ সহাত্মজাঃ বরাম্বরাভরণ-বিলেপন-স্রজঃ (বরাণি শ্রেষ্ঠানি অম্বরাদীনি যাসাং তাঃ) অসিচর্ম্মপাণিভিঃ (অসি চর্ম্ম চ পাণ্যোঃ যেষাং তৈঃ) নৃভিঃ সুসংবৃতাঃ সুরক্ষিতাঃ সুব্রতাঃ পতিব্রতাঃ, রুক্মিণ্যাদয়ঃ প্রয়ান্তং অচ্যুতং পতিং নৃবাজিকাঞ্চনশিবিকাভিঃ (নরযানৈঃ অশ্বৈঃ কাঞ্চনশিবিকাভিঃ চ) অনুযযুঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

ভটাঃ পদাতয়ঃ। সাদিনঃ অশ্বারোহাঃ। রথাদিনায়কৈঃ করালয়া তীব্রয়া আত্মসেনয়া পরিবৃতো নিরক্রমৎ নিরগমৎ। কুতঃ মৃদঙ্গাদিভির্বাদ্যৈঃ প্রঘোষেণ ঘোষিতায়াঃ ককুভঃ ॥ ১৩ ॥

নৃবাজীতি। নরযানৈঃ অশ্বৈঃ কাঞ্চনশিবিকাভিশ্চ অচ্যুতং পতিমনুযযুঃ। সুব্রতাঃ পতিব্রতাঃ। বরাণি অম্বরাদীনি যাসাং তাঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভটাঃ পদাতয়ঃ। সাদিনঃ অশ্বারোহাঃ। নায়কা রথিনঃ। টাবন্তোঽপি ককুভাশব্দো দৃষ্টঃ ॥ ১৩ ॥

নৃবাজীতি। নরযানৈরশ্বৈঃ কাঞ্চনশিবিকাভিশ্চ। অচ্যুতং পতিং অনুযযুঃ। সুব্রতাঃ পতিব্রতাঃ ॥ ১৪ ॥

গ্রহণ করত যথোপযুক্ত পরিচ্ছদাদিতে বিভূষিতা দারাগণকে স্ব স্ব পুত্রাদি সহ পুরীর বাহিরে যাত্রা করিতে আদেশ করিলেন এবং স্বয়ং সূত কর্ত্তৃক আনীত গরুড়ধ্বজ রথে আরোহণ করিলেন ॥ ১২ ॥

অনন্তর রথ, হস্তী, পদাতি ও অশ্বারোহী সৈন্যগণের নায়ক-সমূহে পরিচালিত অতীব ভয়ঙ্কর স্বকীয় সেনাদলে পরিবেষ্টিত শ্রীকৃষ্ণ মৃদঙ্গ, ভেরী, আনক, শঙ্খ ও গোমুখাদির প্রচণ্ড বাদ্য-ধ্বনিতে প্রতিধ্বনিত দিগ্‌ভাগ হইতে নির্গত হইয়া বারণাবতীর অভিমুখে যাত্রা করিলেন ॥ ১৩ ॥

উৎকৃষ্ট বসন, ভূষণ, চন্দনাদি অনুলেপন এবং দিব্য মাল্যাদিতে বিভূষিতা রুক্মিণী প্রভৃতি পাতিব্রতা পত্নীগণ স্ব স্ব পুত্রাদি সহ অসি এবং চর্ম্মধারী প্রহরী-

নরোষ্ট্রগোমহিষখরাশ্বতর্য্যনঃকরেণুভিঃ পরিজনবারযোষিতঃ।
স্বলঙ্কৃতাঃ কটকুটিকম্বলাম্বরাদ্যুপস্করা যযুরধিযুজ্য সর্ব্বশঃ ॥ ১৫ ॥
বলং বৃহদ্ধ্বজপটছত্রচামরৈ র্বিরাজিতায়ুধাভরণকিরীটবর্ম্মভিঃ।
দিবাংশুভি স্তুমুলরবং বভৌ রবের্যথার্ণবঃ ক্ষুভিততিমিঙ্গিলোর্ম্মিভিঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

কটকুটিকম্বলাম্বরাদ্যুপস্করাঃ (কটকুটয়ঃ উশীরাদি-তৃণনির্ম্মিতগৃহাঃ কম্বলাম্বরাদয়শ্চ উপস্করাঃ কুড্যাদিরূপাঃ শিবিরাদিসাধনভূতাঃ যাসাং) স্বলঙ্কৃতাঃ পরিজনযোষিতঃ বারযোষিতঃ বেশ্যাঃ চ অধিযুজ্য (বলীবর্দ্দাদিষু তান্ উপস্করান্ দৃঢ়ং সন্নহ্য) নরোষ্ট্র-গোমহিষ-খরাশ্বতর্য্যনঃ-করেণুভিঃ তত্তদ্যানৈঃ সর্ব্বশঃ যযুঃ ॥ ১৫ ॥

ক্ষুভিতৈঃ তিমিঙ্গিলৈঃ মৎস্যনক্রাদিভিঃ ঊর্ম্মিভিঃ যথা অর্ণবঃ সমুদ্রঃ ভাতি তথা তুমুলরবং (তুমুলঃ সংকীর্ণঃ রবঃ স্বনঃ যস্মিন্ তৎ) বলং সৈন্যং বৃহদ্ধ্বজাদিভিঃ রবেঃ অংশুভিঃ দিবা ইব বভৌ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

নরোষ্ট্রাদিভির্যানৈঃ। অশ্বতরী গর্দ্দভ্যামশ্বাজ্জাতা। অনঃ শকটং। করেণু র্গজী। পরিজনযোষিতো বারযোষিতশ্চ। কটকুটয়ঃ উশীরাদিতৃণনির্ম্মিতা গৃহাঃ। কম্বলাম্বরাদয়শ্চ উপস্করাঃ কুড্যাদিরূপা যাসাং তাঃ। অধিযুজ্য বলীবর্দ্দাদিষূপস্করান্ দৃঢ়ং সংনহ্য ॥ ১৫ ॥

রবেরংশুভিশ্চ তদ্বনং দিবা বভৌ। কথম্ভূতং। তুমুলরবং আকুলস্বনং ক্ষুভিতৈস্তিমিঙ্গিলৈরূর্ম্মিভিশ্চ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিজনা রজকাদয়ঃ। কটকুটয়ঃ উশীরাদিনির্ম্মিতাঃ গৃহা স্তদাদয় উপস্করাঃ পরিচ্ছদা যাসাং তাঃ। সর্ব্বশঃ সর্ব্বানেব তান্ উপস্করান্ অধিযুজ্য উষ্ট্রাদিষু দৃঢ়ং সনহ্য ॥ ১৫ ॥

দিবা রবেরংশুভিস্তদ্বলং আয়ুধরত্নকিরীটাদিচাক্চক্যযুক্তং বভৌ ॥ ১৬ ॥

গণের দ্বারা সুরক্ষিত হইয়া, নরযান, অশ্বযান এবং স্বর্ণরঞ্জিত শিবিকাদিতে আরোহণ পূর্ব্বক অচ্যুত পতির অনুগমন করিতে লাগিলেন ॥ ১৪ ॥

পরিজন-ললনাগণ এবং বারবনিতাগণ বিবিধ বেশ-ভূষায় সুসজ্জিতা হইয়া, উষীরাদি তৃণের দ্বারা প্রস্তুত অথবা কম্বল কিম্বা বস্ত্রের দ্বারা নির্ম্মিত কুটিরবৎ আচ্ছাদিত নরযান, উষ্ট্রযান এবং গো, মহিষ, খর, অশ্বতরী, করেণু বা বলীবর্দ্দ-যানে আরোহণ করত, শ্রীকৃষ্ণের অনুগমন করিতে লাগিলেন ॥ ১৫ ॥

অহো! তাদৃশ বৃহৎ ধ্বজা, পতাকা, ছত্র, চামর, বিচিত্র শাণিত অস্ত্র শস্ত্র, অঙ্গের আভরণ, কিরীট এবং কবচে সুশোভিত বিপুল সৈন্যদলের কি অপূর্ব্ব শোভাই পরিলক্ষিত হইয়াছিল! ভীষণ নক্র এবং মৎস্যাদি জলচরগণে সমাকীর্ণ

অথো মুনির্যদুপতিনা সভাজিতঃ প্রণম্য তং হৃদি বিদধৎ বিহায়সা।
নিশম্য তদ্ব্যবসিতমাহৃতার্হণো মুকুন্দসন্দর্শননির্বৃতেন্দ্রিয়ঃ॥ ১৭॥
রাজদূতমুবাচেদং ভগবান্ প্রীণয়ন্ গিরা।
মা ভৈষ্ট দূত ভদ্রং বো ঘাতয়িষ্যামি মাগধং॥ ১৮॥
ইত্যুক্তঃ প্রস্থিতো দূতো যথাবদবদন্ নৃপান্।

অন্বয়ঃ।

অথ নির্গমনানন্তরং যদুপতিনা কৃষ্ণেন সভাজিতঃ সৎকৃতঃ, আহৃতার্হণঃ (আহৃতং সমর্পিতং অর্হণং পূজাসাধনং যস্মৈ সঃ) মুকুন্দসন্দর্শননির্বৃতেন্দ্রিয়ঃ (মুকুন্দস্য সন্দর্শনেন নির্বৃতানি ইন্দ্রিয়াণি যস্য সঃ) মুনিঃ নারদঃ তস্য কৃষ্ণস্য ব্যবসিতং নিশ্চয়ং, নিশম্য আলক্ষ্য, তং প্রণম্য তং এব হৃদি বিদধৎ ধ্যায়ন্, বিহায়সা আকাশমার্গেণ যযৌ॥ ১৭॥

ততঃ ভগবান্ রাজদূতং গিরা মধুরবচনেন, প্রীণয়ন্ "হে দূত! মা ভৈষ্ট বঃ যুষ্মাকং ভদ্রং ভবিষ্যতি যতঃ মাগধং ঘাতয়িষ্যামি ইতি" ইদং উবাচ॥ ১৮॥

ইতি এবং ভগবতা উক্তঃ দূতঃ প্রস্থিতঃ সন্ নৃপান্ যথাবৎ অবদৎ; তে অপি যৎ যস্মাৎ

শ্রীধরস্বামী।

মুনির্নারদো বিহায়সা যযাবিতি শেষঃ॥ ১৭॥
মা ভৈষ্টেতি বহুবচনং রাজাভিপ্রায়েণ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুনি র্নারদো বিহায়সা যযাবিতি শেষঃ॥ ১৭॥
মা ভৈষ্টেতি বহুত্বং রাজ্ঞাং বহুত্বাৎ॥ ১৮॥

বীচিমালা পরিপ্লুত অপার জলধির ন্যায় সুবিস্তীর্ণ বাসুদেবের সৈন্যদল প্রচণ্ড বাদ্য রবের তুমুল ধ্বনিতে ও দিবাকরের অংশুজালে সেই বনটীকে যেন দিবসের ন্যায় সমুজ্জ্বল করিয়াছিল॥ ১৬॥

যাত্রা কালে ভগবান্ শ্রীপতি বিবিধ উপহার প্রদানে দেবর্ষি নারদের যথেষ্ট সম্মান প্রদর্শন করিলেন। এদিকে নারদও কৃষ্ণদর্শনে অতীব আনন্দ অনুভব করিলেন এবং তাঁহার মনোগত অভিপ্রায় অবগত হইয়া, মনে মনে তাঁহাকে প্রণাম করিলেন এবং হৃদয়-মন্দিরে কৃষ্ণরূপ চিন্তা করত, আকাশপথে যথাস্থানে প্রস্থান করিলেন॥ ১৭॥

অনন্তর শ্রীকৃষ্ণ রাজদূতকে সম্বোধন করিয়া, মধুর বচনে বলিলেন যে, ওহে দূত! তুমি রাজাগণকে বলিবে যে, তাঁহাদের কোন ভয় নাই; নিশ্চয়ই তাঁহাদের মঙ্গল হইবে; কারণ জরাসন্ধকে আমি নিশ্চয়ই নিহত করাইব॥ ১৮॥

শ্রীবৃষ্ণের উক্তি শ্রবণে রাজদূত প্রস্থান করিল এবং রুদ্ধ রাজাগণের

তেঽপি সন্দর্শনং শৌরেঃ প্রত্যৈক্ষন্ যন্মুমুক্ষবঃ ॥ ১৯ ॥
আনর্ত্তসৌবীরমরূংস্তীর্ত্বা বিনশনং হরিঃ।
গিরীন্নদীরতীয়ায় পুরগ্রামব্রজাকরান্ ॥ ২০ ॥
ততো দৃশদ্বতীং তীর্ত্বা মুকুন্দোঽথ সরস্বতীং।
পাঞ্চালানথ মৎস্যাংশ্চ শক্রপ্রস্থমুপাগমৎ ॥
তমুপাগতমাকর্ণ্য প্রীতো দুর্দ্দর্শনং নৃণাং।
অজাতশত্রু নির্গাৎ সোপাধ্যায়ঃ সুহৃদ্বৃতঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

মুমুক্ষবঃ রাজানঃ শৌরেঃ সন্দর্শনং প্রত্যৈক্ষন্ প্রতীক্ষিতবন্তঃ ॥ ১৯ ॥

আনর্ত্ত-সৌবীর-মরূন্ গিরীন্ নদীঃ চ তীর্ত্বা অতিক্রম্য, বিনশনং কুরুক্ষেত্রং, তত্র চ পুর-গ্রামব্রজাকরান্ তথা দৃশদ্বতীং ততঃ সরস্বতীং তীর্ত্বা মুকুন্দঃ হরিঃ পাঞ্চালান্ অথ মৎস্যান্ অতিক্রম্য শক্রপ্রস্থং ইন্দ্রপ্রস্থং, উপাগমৎ ॥ ২০ ॥

নৃণাং দুর্দ্দর্শনং (দুঃ দুর্ল্লভং দর্শনং যস্য তং) তং শ্রীকৃষ্ণং উপাগতং আকর্ণ্য প্রীতঃ প্রসন্নঃ অজাতশত্রুঃ যুধিষ্ঠিরঃ সোপাধ্যায়ঃ সুহৃদ্বৃতঃ এব পুরাৎ নিরগাৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

প্রত্যৈক্ষন্ প্রত্যৈক্ষন্ত। যদ্দর্শনমুমুক্ষবঃ ॥ ১৯ ॥

আনর্ত্তাদয়ো মার্গস্থা দেশাঃ। তীর্ত্বা অতিক্রম্য। বিনশনং কুরুক্ষেত্রং। অতীয়ায় অতিক্রম্য যযৌ ॥ ২০ ॥ শক্রপ্রস্থং ইন্দ্রপ্রস্থং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যৈক্ষন্ প্রত্যৈক্ষন্ত ॥ ১৯ ॥

বিনশনং কুরুক্ষেত্রং। অতীয়ায় অতিক্রম্য যযৌ ॥ ২০ ॥ ২১ ॥

সমীপে উপস্থিত হইয়া, কৃষ্ণ-কথিত যাবতীয় উক্তি আনুপূর্ব্বিক বর্ণন করিল। তথায় নৃপতিগণ জরাসন্ধের কারাগার হইতে মুক্তিলাভের প্রত্যাশায় কৃষ্ণ-সন্দর্শনের প্রতীক্ষায় কালাতিপাত করিতে লাগিলেন। ১৯ ॥

এদিকে বাসুদেব সৈন্য-সামন্তে পরিবৃত হইয়া যাত্রা করত, ক্রমশ আনর্ত্ত, সৌবীর, মরু ও কুরুক্ষেত্রকে অতিক্রম করত তত্রত্য গিরি, নদী, পুরগ্রাম, ব্রজ ও আকরাদি অতিক্রম করিলেন ॥ ২০ ॥

অনন্তর দৃশদ্বতী ও সরস্বতীকে উত্তীর্ণ হইয়া, ক্রমশ পঞ্চাল ও মৎস্য দেশকেও অতিক্রম করিয়া, ইন্দ্রপ্রস্থে উপনীত হইলেন ॥

অহো! মানবগণের দুর্ল্লভ-দর্শন ভগবান্ শ্রীকৃষ্ণ স্বয়ং উপনীত হইয়াছেন শ্রবণ করিয়া, অজাতশত্রু রাজা যুধিষ্ঠির অতীব আনন্দিত হইলেন এবং

গীতবাদিত্রঘোষেণ ব্রহ্মঘোষেণ ভূয়সা।
অভ্যয়াৎ স হৃষীকেশং প্রাণাঃ প্রাণমিবাদৃতঃ॥ ২২॥
দৃষ্ট্বা বিক্লিন্নহৃদয়ঃ কৃষ্ণং স্নেহেন পাণ্ডবঃ।
চিরাদ্দৃষ্টং প্রিয়তমং সস্বজেঽথ পুনঃ পুনঃ॥ ২৩॥
দোর্ভ্যাং পরিষ্বজ্য রমামলালয়ং মুকুন্দগাত্রং নৃপতির্হতাশুভঃ।
লেভে পরাং নির্বৃতিমশ্রুলোচনো হৃষ্যত্তনুর্বিস্মিতলোকবিভ্রমঃ॥

অন্বয়ঃ।

আদৃতাঃ প্রাণাঃ ইন্দ্রিয়াণি, যথা মুখ্যং প্রাণং অভিযান্তি (তং চ প্রাপ্য সচেষ্টানি ভবন্তি) তথা সঃ যুধিষ্ঠিরঃ গীতবাদিত্র-ঘোষেণ তথা ভূয়সা মহতা ব্রহ্মঘোষেণ বেদধ্বনিনা, সহ হৃষীকেশং ইন্দ্রিয়-নিয়ন্তারং কৃষ্ণং, অভ্যয়াৎ॥ ২২॥

স্নেহেন বিক্লিন্ন-হৃদয়ঃ (বিক্লিন্নং আর্দ্রং হৃদয়ং যস্য সঃ) পাণ্ডবঃ যুধিষ্ঠিরঃ কৃষ্ণং দৃষ্ট্বা চিরাৎ দৃষ্টং প্রিয়তমং পুনঃ পুনঃ সস্বজে আলিঙ্গিতবান্॥ ২৩॥

দোর্ভ্যাং ভুজাভ্যাং, রমায়াঃ অমলং নির্দ্দোষং আলয়ং মুকুন্দস্য গাত্রং, পরিষ্বজ্য আলিঙ্গ্য, হতাশুভঃ (হতং অশুভং পাপং যস্য সঃ) নৃপতিঃ যুধিষ্ঠিরঃ (বিস্মিতঃ লোকবিভ্রমঃ লোকব্যবহারঃ যেন সঃ) যুধিষ্ঠিরঃ পরাং নির্বৃতিং আনন্দং লেভে॥

শ্রীধরস্বামী।

প্রাণা ইন্দ্রিয়াণি প্রাণং মুখ্যং প্রাণমিব॥ ২২॥　　সস্বজে পরিরেভে॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাণা ইন্দ্রিয়াণি প্রাণং যথা অভিযান্তি তথা অভ্যয়াৎ॥ ২২॥ ২৩॥

উপাধ্যায় ও সুহৃদ্‌বর্গে পরিবৃত হইয়া, তাঁহার প্রত্যুদ্গমনার্থ পুর হইতে নির্গত হইলেন॥ ২১॥

ইন্দ্রিয়গণ মুখ্য প্রাণলাভে যেমন পুনর্জ্জীবিত হইয়া, তাহারই অনুগমন করে, সেইরূপ রাজা যুধিষ্ঠির গীতবাদিত্রধ্বনি এবং বেদধ্বনি সহকারে সর্ব্বেন্দ্রিয়-নিয়ন্তা ভগবান্ শ্রীকৃষ্ণকে হৃষ্টান্তঃকরণে প্রত্যুদ্গমন করিয়াছিলেন॥ ২২॥

যুধিষ্ঠিরের হৃদয় স্নেহে আর্দ্র হইয়া গেল; তিনি কৃষ্ণকে দেখিয়া বহুকাল পরে প্রত্যাবর্ত্তিত পরম বন্ধুর ন্যায়, তাঁহাকে বারংবার আলিঙ্গন করিতে লাগিলেন॥ ২৩॥

অহো! কমলার পবিত্র আবাসস্থল মুকুন্দের মনোহর কলেবর হস্তযুগলে আলিঙ্গন করিয়া, যুধিষ্ঠিরের পাপ তাপ সমস্ত দূরে গেল; তাঁহার নয়ন-যুগল হইতে আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল; পুলকে কলেবর রোমাঞ্চিত হইয়া উঠিল; যুধিষ্ঠির যেন তৎকালে লোক-ব্যবহার বিস্মৃত হইয়াই, তাদৃশ

তং মাতুলেয়ং পরিরভ্য নির্বৃতো ভীমঃ স্মরন্ প্রেমজলাকুলেন্দ্রিয়ঃ।
যমৌ কিরীটী চ সুহৃত্তমং মুদা প্রবৃদ্ধবাষ্পাঃ পরিরেভিরেঽচ্যুতং ॥ ২৪ ॥

অর্জ্জুনেন পরিষক্তো যমাভ্যামভিবাদিতঃ।
ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য বৃদ্ধেভ্যশ্চ যথার্হতঃ ॥
মানিনো মানয়ামাস কুরু-সৃঞ্জয়-কেকয়ান্।
সূত-মাগধ-গন্ধর্ব্বা বন্দিন শ্চোপমন্ত্রিণঃ ॥

অন্বয়ঃ।

মাতুলেয়ং মাতুলপুত্রং তং কৃষ্ণং পরিরভ্য নির্বৃতঃ পরমানন্দপূর্ণঃ, ভীমঃ স্মরন্ প্রেম-জলাকুলেন্দ্রিয়ঃ (প্রেমজলৈঃ আনন্দাশ্রুভিঃ আকুলে পিহিতে ইন্দ্রিয়ে লোচনে যস্য তথাভূতঃ) বভূব। তথা যমৌ-নকুল-সহদেবৌ, কিরীটী অর্জ্জুনঃ, চ মুদা হর্ষেণ, প্রবৃদ্ধবাষ্পাঃ (প্রবৃদ্ধানি বাষ্পানি আনন্দাশ্রূণি যেষাং তে) সুহৃত্তমং অচ্যুতং পরিরেভিরে ॥ ২৪ ॥

অর্জ্জুনেন পরিষক্তঃ আলিঙ্গিতঃ, যমাভ্যাং অভিবাদিতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ ব্রাহ্মণেভ্যঃ তথা বৃদ্ধেভ্যঃ বয়োধিকেভ্যঃ যুধিষ্ঠিরাদিভ্যঃ যথার্হতঃ যথাযোগ্যং নমস্কৃত্য ।

শ্রীধরস্বামী।

রমায়া অমলং নির্দ্দোষমালয়ং। বিস্মৃতো লোকবিভ্রমো লোকব্যবহারো যেন সঃ ॥ ২৪ ॥
অর্জ্জুনেন বয়সা সমত্বাৎ পরিষক্ত এব কেবলং। পাদৌ নমস্কুর্ব্বন্নর্জ্জুনঃ শ্রীকৃষ্ণেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রমায়াঃ শোভায়া অমলং নির্দ্দোষমালয়ং। বিস্মৃতো লোকবিভ্রমো লৌকিকবিলাসো

পরমানন্দ অনুভব করিতে লাগিলেন।।

মাতুল-নন্দন মুকুন্দকে আলিঙ্গন করিয়া, বৃকোদরের আর আনন্দের পরিসীমা রহিল না; প্রেমাশ্রুতে তাঁহার লোচনদ্বয় পরিপূর্ণ হইল। নকুল-সহদেব নামক যমজ ভ্রাতাদ্বয় এবং অর্জ্জুন শ্রীকৃষ্ণকে অবলোকন করত একান্ত প্রীত হইলেন এবং হর্ষাশ্রু বিসর্জ্জন করত প্রাণপ্রিয় কৃষ্ণকে গাঢ় আলিঙ্গন করিলেন।। ২৪ ॥

এই প্রকারে সমবয়স্ক অর্জ্জুন কর্ত্তৃক আলিঙ্গিত এবং ন্যূনবয়স্ক নকুল এবং সহদেবাদি কর্ত্তৃক অভিবন্দিত হইয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ উপস্থিত ব্রাহ্মণগণকে এবং বয়োবৃদ্ধ মাননীয় আত্মীয়গণকে প্রণাম করিলেন এবং অন্যান্য ব্যক্তিকেও যথাযোগ্য অভিবাদনাদি করিলেন।।

শ্রীকৃষ্ণ কুরু, সৃঞ্জয় ও কেকয়-বংশীয় কুলবৃদ্ধগণের সম্মান প্রদর্শন করিলেন এবং সূত, মাগধ, গন্ধর্ব্ব, বন্দিগণ এবং উপমন্ত্রিগণ মৃদঙ্গ, শঙ্খ, পটহ, বীণা, পণব এবং বেণু প্রভৃতির বাদ্য সহকারে নৃত্য ও গীত দ্বারা ভগবান্

মৃদঙ্গ-শঙ্খ-পটহ-বীণা-পণব-বেণুভিঃ।
ব্রাহ্মণাশ্চারবিন্দাক্ষং তুষ্টুবুর্নন্নতুর্জগুঃ॥
এবং সুহৃদ্ভিঃ পর্য্যস্তঃ পুণ্যশ্লোকশিখামণিঃ।
সংস্তূয়মানো ভগবান্ বিবেশালঙ্কৃতং পুরং॥ ২৫॥
সংসিক্তবর্ত্ম করিণাং মদগন্ধতোয়ৈ শ্চিত্রধ্বজৈঃ কনকতোরণপূর্ণকুম্ভৈঃ।
মৃষ্টাত্মভির্নবদুকূলবিভূষণস্রগ্গন্ধৈর্নৃভির্যুবতিভিশ্চ বিরাজমানং॥ ২৬॥

অন্বয়ঃ।

মানিনঃ কুরু-সৃঞ্জয়-কেকয়ান্ মানয়ামাস সংকৃতবান্, তথা সূত-মাগধ-বন্দিনঃ উপমন্ত্রিণঃ ব্রাহ্মণাশ্চ মৃদঙ্গ-শঙ্খ-পটহ-বীণা-পণব-বেণুভিঃ অরবিন্দাক্ষং পদ্মপলাশলোচনং কৃষ্ণং তুষ্টুবুঃ ননৃতুঃ জগুঃ চ।

পুণ্যশ্লোকশিখামণিঃ (পুণ্যঃ পুণ্যাবহঃ শ্লোকঃ যশঃ যেষাং তেষাং শিখামণিঃ শ্রেষ্ঠঃ) ভগবান শ্রীকৃষ্ণঃ এবং সুহৃদ্ভিঃ যুধিষ্ঠিরাদিভিঃ পর্য্যস্তঃ পরিবৃতঃ এব সূতাদিভিঃ সংস্তূয়মানঃ অলঙ্কৃতং হস্তিনাপুরং বিবেশ॥ ২৫॥

করিণাং গজানাং মদগন্ধতোয়ৈঃ মদগন্ধযুক্তজলৈঃ সংসিক্তবর্ত্ম (সংসিক্তানি বর্ত্মানি পুরবীথয়ঃ যস্মিন্ তৎ) চিত্রধ্বজৈঃ কনকতোরণৈঃ পূর্ণকুম্ভৈঃ, মৃষ্টাত্মভিঃ (মৃষ্টঃ আত্মা শরীরং যেষাং তৈঃ) তথা নবাঃ দুকূলাদয়ঃ যেষাং তৈঃ নৃভিঃ তথা যুবতীভিঃ বিরাজমানং॥ ২৬॥

শ্রীধরস্বামী।

তুল্যাভ্যাং ধৃত ইতি ভাবঃ। যমাভ্যামভিবাদিতশ্চেতি॥ ২৫॥

চিত্রধ্বজাদিভির্বিরাজমানং॥ ২৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেন সঃ। লোকাতীতপ্রেমানন্দরসমগ্ন ইত্যর্থঃ॥ ২৪॥ ২৫॥

শ্রীকৃষ্ণকে পরিতুষ্ট করিলেন; ব্রাহ্মণগণ তাঁহার স্তব করিতে লাগিলেন॥

পুণ্যশ্লোক-শিরোমণি ভগবান্ শ্রীকৃষ্ণ এই প্রকারে সুহৃদ্গণ কর্ত্তৃক আলিঙ্গিত ও অভিবাদিত হইয়া, নানাপ্রকারে সুসজ্জিত এবং অলঙ্কৃত হস্তিনাপুরে প্রবেশ করিলেন॥ ২৫॥

হস্তিনাপুরের ইতস্ততঃ বিচিত্র ধ্বজা পতাকা এবং সুবর্ণময় তোরণ-সমূহে ও পূর্ণকুম্ভ-সমূহ শোভা পাইতেছিল; পথ সকল মত্ত মাতঙ্গ-সমূহের মদগন্ধযুক্ত সলিলে সংসিক্ত এবং তত্রস্থ নর-নারীগণ সকলেই পরিষ্কার পরিচ্ছন্ন বেশ ধারণে এবং নবীন বসন ভূষণ পরিধানে, উত্তম পুষ্পমালা ও গন্ধাদি লেপনে, পুরীর বিশেষ শোভাবর্দ্ধনই করিতেছিল॥ ২৬॥

রাজপ্রাসাদের প্রত্যেক গৃহই প্রদীপ্ত দীপশ্রেণীতে সুশোভিত এবং

উদ্দীপ্তদীপবলিভিঃ প্রতিসদ্মজালনির্যাতধূপরুচিরং বিলসৎপতাকং।
মূর্দ্ধন্যহেমকলসৈ রজতোরুশৃঙ্গৈর্জুষ্টং দদর্শ ভবনৈঃ কুরুরাজধাম ॥ ২৭ ॥
প্রাপ্তং নিশম্য নরলোচনপানপাত্রমৌৎসুক্যবিশ্লথিতকেশদুকূলবন্ধাঃ।
সদ্যো বিসৃজ্য গৃহকর্ম্মপতীংশ্চ তল্পে দ্রষ্টুং যযুর্যুবতয়ঃ স্ম নরেন্দ্রমার্গে ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

প্রতিসদ্ম উদ্দীপ্তদীপৈঃ বলিভিঃ পূষ্পাদিপ্রকারৈঃ, চ জুষ্টং, জালেভ্যঃ গবাক্ষেভ্যঃ নির্গতৈঃ ধূপৈঃ রুচিরং শোভিতং, বিলসৎপতাকং (বিলসন্ত্যঃ পতাকাঃ যস্মিন্ তৎ) মূর্দ্ধন্যাঃ মূর্দ্ধি ভবাঃ হেমকলসাঃ যেষাং তৈঃ তথা রজতোরুশৃঙ্গৈঃ (রজতময়ানি উরূণি স্থূলানি শৃঙ্গাণি কলসাধস্তনভূমিকাঃ যেষাং তৈঃ ভবনৈঃ জুষ্টং সেবিতং কুরুরাজধাম যুধিষ্ঠিরস্য অন্তঃপুরং ভগবান্ দদর্শ ॥ ২৭ ॥

নরলোচন-পান-পাত্রং (নরাণাং লোচনানি তেষাং পানপাত্রং সাদরবীক্ষণস্য বিষয়ং) কৃষ্ণং প্রাপ্তং নিশম্য শ্রুত্বা, ঔৎসুক্যবিশ্লথিতাঃ শিথিলাঃ, কেশানাং দুকূলানাং চ বন্ধাঃ যাসাং তাঃ যুবতয়ঃ সদ্যঃ এব গৃহকর্ম্ম তথা তল্পে শয্যায়াং, পতীন্ চ বিসৃজ্য তং কৃষ্ণং দ্রষ্টুং নরেন্দ্র-মার্গে যযুঃ স্ম ইতি নিশ্চয়ে ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

প্রতিসদ্ম উদ্দীপ্তৈর্দীপৈর্ব্বলিভিঃ পুষ্পাদিপ্রকারৈশ্চ জুষ্টং। জালেভ্যো গবাক্ষেভ্যো নির্যাতৈ র্নির্গতৈর্ধূপৈ রুচিরং বিলসন্ত্যঃ পতাকা যস্মিন্ তৎ। মূর্দ্ধন্যা মূর্দ্ধ্নি ভবা হেমকলসা যেষাং তৈঃ। রজতময়ানি রূপ্যময়ানি উরূণি স্থূলানি শৃঙ্গাণি কলসাধস্তনভূমিকা যেষাং তৈ র্ভবনৈশ্চ জুষ্টং কুরুরাজস্য ধাম পুরং দদর্শ ॥ ২৭ ॥

নরাণাং লোচনানি তেষাং পানস্য সাদরমীক্ষণস্য পাত্রং বিষয়ং। কিং পুন র্নারীণা-মিত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরং বর্ণয়তি সংসিক্তেতি দ্বাভ্যাং। চিত্রধ্বজাদিভি র্বিরাজমানং প্রতিসদ্ম উদ্দীপ্তৈ-

---

গবাক্ষ-জাল হইতে নির্গত মনোহর ধূপগন্ধে সমগ্র পুরী যেন আমোদিত হইতে ছিল; ভবনসমূহের শিরোদেশে রজত-নির্ম্মিত স্থূলতম শৃঙ্গোপরি সুবর্ণ-নির্ম্মিত কলস-সমূহ শোভা পাইতেছিল; এবং তদুপরি বিচিত্র ধ্বজা ও পতাকাদি উড্ডীয়মান হইতেছিল। ২৭ ॥

অহো! মানব মাত্রেরই লোচনের এক মাত্র দর্শনীয় কমললোচন শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে শুভাগমন করিয়াছেন শ্রবণ করিয়া, কামিনীগণ স্ব স্ব কান্তাকে পর্য্যন্ত শয্যাতলে পরিত্যাগ করিয়া এবং সমস্ত গৃহকর্ম্ম পরিহারে কৃষ্ণদর্শন কামনায় রাজপথে আসিয়া উপস্থিত হইল। ভগবানকে দর্শন করিবার নিমিত্ত তাহারা এত উদ্বিগ্ন হইয়াছিল যে, ঔৎসুক্য-নিবন্ধন স্খলিত কটিবস্ত্র এবং কেশজাল

তস্মিন্ সুসঙ্কুল ইভাশ্বরথদ্বিপত্তিঃ কৃষ্ণং সভার্য্যমুপলভ্য গৃহাধিরূঢ়াঃ।
নার্য্যো বিকীর্য্য কুসুমৈ র্মনসোপগুহ্য সুস্বাগতং বিদধু রুৎস্ময়বীক্ষিতেন ॥২৯॥
উচুঃ স্ত্রিয়ঃ পথি নিরীক্ষ্য মুকুন্দপত্নীস্তারা যথোড়ুপসহাঃ কিমকার্য্যমুভিঃ।
যচ্চক্ষুষাং পুরুষমৌলিরুদারহাস-লীলাবলোক-কলয়োৎসবমাতনোতি ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

গৃহাধিরূঢ়াঃ (গৃহেষু গৃহপ্রাসাদেষু অধিরূঢ়াঃ) নার্য্যঃ ইভাশ্বরথদ্বিপত্তিঃ চতুর্ভিঃ সেনাঙ্গৈঃ সুসংকুলে সংকীর্ণে, তস্মিন্ নরেন্দ্রমার্গে, সভার্য্যং কৃষ্ণং উপলভ্য দৃষ্ট্বা, কুসুমৈঃ বিকীর্য্য মনসা উপগুহ্য আলিঙ্গ্য, উৎস্ময়বীক্ষিতেন উৎস্ময়যুক্তেন ঈক্ষিতেন, সুস্বাগতং বিদধুঃ স্বাগত-প্রশ্নং চক্রুঃ ॥ ২৯ ॥

উড়ুপসহাঃ (উড়ুপেন চন্দ্রেণ সহিতাঃ তারাঃ ইব স্থিতাঃ) মুকুন্দপত্নীঃ পথি নিরীক্ষ্য তাঃ স্ত্রিয়ঃ উচুঃ যচ্চক্ষুষাং (যাসাং চক্ষুষাং) পুরুষমৌলিঃ পুরুষোত্তমঃ, উদারঃ সর্ব্বমনোরথ-পূরকঃ, যঃ হাসঃ লীলাবলোকঃ তস্য কলয়া লেশেন উৎসবং সুখং আতনোতি তাভিঃ অমুভিঃ কৃষ্ণপত্নীভিঃ কিং সুকৃতং অকারি কৃতং ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সুষ্ঠু স্বাগতং তৎপ্রশ্নাদিকং প্রিয়ং উৎস্ময়বীক্ষিতেনৈব বিদধুঃ ॥ ২৯ ॥
উড়ুপসহাশ্চন্দ্রসহচরীরিত্যর্থঃ। অমূভিঃ কিং পুণ্যমকারীতি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দীপৈ র্বলিভিঃ পুষ্পাদিভির্জুষ্টং। জালেভ্যো নির্যাতৈ র্ধূপৈ রুচিরং কুরুরাজস্য ধামানি মন্দিরাণি যত্র তৎ ॥ ২৬—২৯ ॥　　উড়ুপসহা শ্চন্দ্রসহচরীরিত্যর্থঃ ॥ ৩০ ॥

বন্ধনেরও সাবকাশ তাঁহাদের হয় নাই ॥ ২৮ ॥

হস্তী, অশ্ব, রথ ও পদাতি সৈন্যগণে পরিব্যাপ্ত রাজপথে বনিতাগণ সহ বাসুদেবকে অবলোকন করিয়া, নারীগণ অট্টালিকার উপরিভাগ হইতে কুসুমরাশি কৃষ্ণোপরি বর্ষণ করিতে লাগিলেন; এবং মনে মনে তাঁহাকে আলিঙ্গন করত, সহাস্য অবলোকনের দ্বারাই তাঁহার স্বাগত প্রশ্ন জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥ ২৯ ॥

পূর্ণ শশধরকে পরিবেষ্টিত তারকাজালের ন্যায় বিরাজমান মুকুন্দকে পরিবেষ্টিত কৃষ্ণপত্নীগণকে পথি মধ্যে নিরীক্ষণ করিয়া, কামিনীগণ বিস্মিত চিত্তে বলিলেন, "অহো! এই নারীগণ পূর্ব্ব জন্মে যে কীদৃশ পুণ্যের সঞ্চয় করিয়াছেন, তাহা আমরা কিছুতেই নিরূপণ করিতে পারিতেছি না! কারণ পুরুষশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ উদার হাস্য এবং লীলাবলোকনের প্রয়োগে ইহাঁদেরই চক্ষুর প্রকৃত প্রস্তাবে আনন্দ-বর্দ্ধন করিতেছেন" ॥ ৩০ ॥

তত্র তত্রোপসঙ্গম্য পৌরা মঙ্গলপাণয়ঃ।
চক্রুঃ সপর্য্যাং কৃষ্ণায় শ্রেণীমুখ্যা হতৈনসঃ ॥ ৩১ ॥
অন্তঃপুরজনৈঃ প্রীত্যা মুকুন্দঃ ফুল্ললোচনৈঃ।
সসম্ভ্রমৈরভ্যুপেতঃ প্রাবিশদ্রাজমন্দিরং ॥ ৩২ ॥
পৃথা বিলোক্য ভ্রাত্রেয়ং কৃষ্ণং ত্রিভুবনেশ্বরং।
প্রীতাত্মোত্থায় পর্য্যঙ্কাৎ সস্নুষা পরিষস্বজে ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

তত্র তত্র মার্গে মঙ্গলপাণয়ঃ (মঙ্গলানি গন্ধপুষ্পাদি শুভদ্রব্যাণি পাণ্যোঃ যেষাং তে) পৌরাঃ পুরবাসিনঃ, শ্রেণীমুখ্যাঃ (শ্রেণীনাং একশিল্পোপজীবিনাং মুখ্যাঃ), উপসঙ্গম্য হতৈনসঃ (হতং এনঃ পাপং যেষাং তে তথাবিধাঃ) সন্তঃ কৃষ্ণায় সপর্য্যাং কৃষ্ণস্য পূজাং, চক্রুঃ ॥ ৩১ ॥

সসম্ভ্রমৈঃ অতঃ ফুল্ললোচনৈঃ (ফুল্লে বিকসিতে লোচনে যেষাং তৈঃ) অন্তঃপুরজনৈঃ প্রীত্যা অভ্যুপেতঃ অভ্যুত্থানেন সৎকৃতঃ, মুকুন্দঃ কৃষ্ণঃ রাজমন্দিরং প্রাবিশৎ ॥ ৩২ ॥

পৃথা কুন্তী ভ্রাত্রেয়ং ভ্রাতৃপুত্রং, ত্রিভুবনেশ্বরং কৃষ্ণং বিলোক্য প্রীতাত্মা সতী সস্নুষা দ্রৌপদ্যা সহ পর্য্যঙ্কাৎ উত্থায় তং পরিষস্বজে আলিঙ্গিতবতী ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

শ্রেণ্য একশিল্পোপজীবিনাং সংঘা স্তেষু মুখ্যাশ্চ ॥ ৩১ ॥
অভ্যুপেতঃ অভিগমনেন সৎকৃতঃ ॥ ৩২ ॥
সস্নুষা দ্রৌপদীসহিতা ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রেণ্য একশিল্পোপজীবিন্যো জনতাস্তাসু মুখ্যাঃ ॥ ৩১—৩৩ ॥

পুরবাসী জনগণ এবং ভিন্ন ভিন্ন সম্প্রদায় এবং ব্যবসাবিশিষ্ট ব্যক্তিগণ পুষ্প, মাল্য এবং ফলাদি মাঙ্গল্য দ্রব্য হস্তে লইয়া কৃষ্ণ সমীপে উপনীত হইল এবং যথোপযুক্ত তাঁহার আদর ও অভ্যর্থনাদি করিতে লাগিল ॥ ৩১ ॥

এই প্রকারে প্রফুল্ললোচন অন্তঃপুরজনগণ কর্ত্তৃক প্রীতি ও সম্ভ্রম-সহকারে অভিবন্দিত শ্রীকৃষ্ণ তাঁহাদের সহিত রাজমন্দিরে প্রবেশ করিলেন ॥ ৩২ ॥

পিতৃষসা কুন্তী ভ্রাতৃপুত্র ত্রিভুবনেশ্বর শ্রীকৃষ্ণকে অবলোকন করিবা মাত্র পুত্রবধূ দ্রৌপদী সহ তৎক্ষণাৎ পর্য্যঙ্ক হইতে উত্থিতা হইলেন এবং প্রসন্ন-চিত্তে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিলেন ॥ ৩৩ ॥

দেবদেব গোবিন্দ বিশেষ আদরের প্রকাশে স্বয়ং গৃহে উপনীত হইয়াছেন দেখিয়া, যুধিষ্ঠিরের আর আনন্দের সীমা রহিল না; তিনি প্রেমে এতই বিস্মিত হইয়াছিলেন যে, শ্রীকৃষ্ণকে উপযুক্তরূপ অভ্যর্থনা ও সৎকারাদি

গোবিন্দং গৃহমানীয় দেবদেবেশমাদৃতঃ।
পূজায়াং নাবিদৎ কৃত্যং প্রমোদোপহতো নৃপঃ ॥ ৩৪ ॥
পিতৃষসুঃ গুরুস্ত্রীণাং কৃষ্ণশ্চক্রেঽভিবন্দনং।
স্বয়ঞ্চ কৃষ্ণয়া রাজন্ ভগিন্যা চাভিবন্দিতঃ ॥ ৩৫ ॥
শ্বশ্ব্রা সঞ্চোদিতা কৃষ্ণা কৃষ্ণপত্নীশ্চ সর্ব্বশঃ।
আনর্চ্চ রুক্মিণীং সত্যাং ভদ্রাং জাম্ববতীং তথা ॥
কালিন্দীং মিত্রবৃন্দাঞ্চ শৈব্যাং নাগ্নজিতীং তথা ॥ ৩৬ ॥
অন্যাশ্চাভ্যাগতা যাস্তা বাসঃস্রগ্ভণনাদিভিঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

আদৃতঃ আদরযুক্তঃ নৃপঃ যুধিষ্ঠিরঃ দেবদেবেশং গোবিন্দং গৃহং আনীয় প্রমোদোপহতঃ (প্রমোদেন উপহতঃ অভিভূতঃ সন্ পূজায়াং কৃত্যং ক্রমবিশেষং ন অবিদৎ বিস্মৃতবান্ ॥ ৩৪ ॥

হে রাজন্! কৃষ্ণয়া দ্রৌপদ্যা, ভগিন্যা সুভদ্রয়া, চ অভিবন্দিতঃ সন্ কৃষ্ণঃ চ স্বয়ং পিতৃষসুঃ পৃথায়াঃ তথা গুরুস্ত্রীণাং চ অভিবন্দনং চক্রে ॥ ৩৫ ॥

শ্বশ্ব্রা কুন্ত্যা চ সংচোদিতা কৃষ্ণা দ্রৌপদী সর্ব্বাঃ কৃষ্ণপত্নীঃ সর্ব্বশঃ আনর্চ্চ পূজিতবতী। তত্র রুক্মিণীং সত্যাং ভদ্রাং, জাম্ববতীং তথা কালিন্দীং মিত্রবিন্দাং শৈব্যাং নাগ্নজিতীং তথা অন্যাঃ চ যাঃ তত্র অভ্যাগতাঃ তাঃ স্রঙ্মণ্ডনাদিভিঃ (মণ্ডনং অলঙ্কারাদি তৈঃ) আনর্চ্চ ॥৩৬॥৩৭॥

শ্রীধরস্বামী।

কৃত্যং প্রকারবিশেষং। প্রমোদেন উপহতো অভিভূতঃ ॥ ৩৪ ॥
গুরুস্ত্রীণাঞ্চ। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। ভগিন্যা সুভদ্রয়া ॥ ৩৫ ॥
অনার্চ্চ অর্চ্চিতবতী ॥ ৩৬ ॥　　অন্যাশ্চ যাঃ শ্রীকৃষ্ণপত্ন্যোঽভ্যাগতা স্তা অপি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃত্যং সমুচিতপ্রকারং ॥ ৩৪ ॥
কৃষ্ণয়া দ্রৌপদ্যা। ভগিন্যা সুভদ্রয়া ॥ ৩৫ ॥　　শ্বশ্ব্রা কুন্ত্যা ॥ ৩৬ ॥ ৩৭ ॥

সম্মান প্রদর্শনের কার্য্যেও তিনি হতজ্ঞান হইয়া পড়িলেন ॥ ৩৪ ॥

এদিকে শ্রীকৃষ্ণ পিতৃষসা কুন্তী প্রভৃতি মাননীয়া মহিলাগণের যথোপযুক্ত পাদাভিবন্দনের দ্বারা প্রণাম করিলেন এবং দ্রৌপদী ও তদীয় ভগ্নী সুভদ্রা তাঁহার চরণ-বন্দন করিলেন ॥ ৩৫ ॥

পরে কুন্তীর ইঙ্গিত অনুসারে দ্রৌপদী শ্রীকৃষ্ণের পত্নী রুক্মিণী, সত্যা, ভদ্রা, জাম্ববতী, কালিন্দী, মিত্রবিন্দা, শৈব্যা, নাগ্নজিতী প্রভৃতি অন্যান্য সকল উপস্থিত বনিতাগণকে প্রণামাদি করিলেন এবং মাল্য, বস্ত্র ও অলঙ্কারাদি প্রদানে তদ্ভাগত অন্যান্য নারীগণেরও বিশেষ অভ্যর্থনা করিলেন ॥৩৬॥৩৭॥

সুখং নিবাসয়ামাস ধর্ম্মরাজো জনার্দ্দনং।
সসৈন্যং সানুগামাত্যং সভার্য্যঞ্চ নবং নবং ॥ ৩৮ ॥
তর্পয়িত্বা খাণ্ডবেন বহ্নিং ফাল্গুনসংযুতঃ।
মোচয়িত্বা ময়ং যেন রাজ্ঞে দিব্যা সভাহৃতা ॥
উবাস কতিচিন্মাসান্ রাজ্ঞঃ প্রিয়চিকীর্ষয়া।

অন্বয়ঃ।

ধর্ম্মরাজঃ যুধিষ্ঠিরঃ প্রত্যহং নবং নবং সৎকারং যথা ভবতি তথা সসৈন্যং সানুগামাত্যং সভার্য্যং চ জনার্দ্দনং সুখং প্রীত্যনুরূপং, নিবাসয়ামাস ॥ ৩৮ ॥

ফাল্গুনেন অর্জ্জুনেন সংযুতঃ সহিতঃ, শ্রীকৃষ্ণঃ খাণ্ডবেন, ইন্দ্রোপবনেন বহ্নিং তর্পয়িত্বা তত্র চ দহ্যমানং মায়াবিনং ময়ং মোচয়িত্বা; যেন ময়েন রাজ্ঞে যুধিষ্ঠিরায়, দিব্যা সভা আহৃতা কৃতা ॥

ভটৈঃ বৃতঃ সঃ কৃষ্ণঃ রথং আরুহ্য ফাল্গুনেন সহ বিহরন্ রাজ্ঞঃ যুধিষ্ঠিরস্য, প্রিয়চিকীর্ষয়া

শ্রীধরস্বামী।

প্রত্যহং নবং নবং যথা ভবতি তথা সুখং নিবাসয়ামাস ॥ ৩৮ ॥

কথম্ভূতং। যঃ প্রেম্না নিত্যং ফাল্গুনেন সংযুতঃ। অতএব তস্য সহায়েন সতা যেন খাণ্ডবেন বহ্নিং তর্পয়িত্বা তত্রচ ময়ং মোচয়িত্বা তন্ময়ং প্রযুজ্য যুধিষ্ঠিরায় দিব্যা সভা হৃতা। তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যহং নবং নবং যথাস্যাত্তথা নিবাসয়ামাস ॥ ৩৮ ॥

যেন দিব্যা সভা কৃতা তং ময়ং মোচয়িত্বা উবাস তর্পয়িত্বেত্যাদি শ্লোকদ্বয়েনাষ্টপঞ্চাশত্তমাধ্যায়-প্রোক্তৈব কথা পুনরত্রাবেশাদেবানুকথিতা ততশ্চায়ং ক্রমঃ ॥

ইন্দ্রপ্রস্থে খাণ্ডবদাহ-গাণ্ডিবাদি-প্রাপ্তি-মৃগয়া-কালিন্দী-প্রাপ্তি-বার্ষিক-চাতুর্ম্মাস-বাসাঃ।

ধর্ম্মরাজ যুধিষ্ঠির সৈন্য, অনুচরবর্গ, অমাত্য এবং ভার্য্যাগণে পরিবৃত মুকুন্দকে নিত্য নূতন সুখসেব্য দ্রব্যের প্রদানে নিজ মন্দিরে বাস করাইতে লাগিলেন ॥ ৩৮ ॥

এদিকে শ্রীকৃষ্ণ অর্জ্জুনের সহিত একত্র হইয়া, ইন্দ্রের পরম রমণীয় খাণ্ডব নামক উপবনটীকে আহুতিস্বরূপে প্রদান করিয়া, হুতাশনের তৃপ্তিসাধন করিলেন। মহামায়াবী ময়-দানব ঐ উপবনে বাস করিত; সুতরাং বনদাহ কালে তাহারও দাহ উপস্থিত হইলে, শ্রীকৃষ্ণ সেই দাবানল হইতে তাহাকে উদ্ধার করেন এবং পরে ঐ ময়-দানবের দ্বারা রাজা যুধিষ্ঠিরের অপূর্ব্ব রাজসভা প্রস্তুত করাইয়া লইলেন ॥

এই প্রকারে শ্রীকৃষ্ণ সৈন্যসামন্তে পরিবৃত থাকিয়া, অর্জ্জুন সহ রথারোহণে

বিহরন্নথমারুহ্য ফাল্গুনেন ভটৈর্বৃতঃ ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ইন্দ্রপ্রস্থগমনমেকসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭১ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

একদা তু সভামধ্যে আস্থিতো মুনিভির্বৃতঃ।
ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্বৈশ্যৈর্ভ্রাতৃভিশ্চ যুধিষ্ঠিরঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

কতিচিৎ মাসান্ তত্র ইন্দ্রপ্রস্থে উবাস ॥ ৩৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। একদা তু সভামধ্যে রাজাসনং আস্থিতঃ মুনিভিঃ ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈঃ

শ্রীধরস্বামী।

শ্রীজনার্দ্দনং। অনেন রাজ্ঞঃ শ্রীকৃষ্ণোপকারানুস্মরণং দিব্যত্বাৎ সভায়া যথামনোরথং সর্ব্বাবকাশসম্পাদনঞ্চ দর্শিতং ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি দশমে একসপ্ততিতমঃ ॥ * ॥

ততো দ্বিসপ্ততিতমে রাজ্ঞা কার্য্যে নিবেদিতে।
হুর্জ্জয়ং মাগধং বীরং ভীমেনাত্বাতয়দ্ধরিঃ ॥ * ॥

আস্থিতঃ আসনমিতি শেষঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততো [দ্বারকাগমন-কালিন্দী-ভদ্রাদিবিবাহ-নরকবধাদি-বহুকথান্ত এব রাজসূয়নিমন্ত্রণাদিকমিতি জ্ঞেয়ং ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
অত্রৈকসপ্ততিতমো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥
দ্বিসপ্ততিতমে রাজ্ঞঃ কার্য্যে দত্তস্বসম্মতিঃ।
ভীমেনাত্বাতয়ৎ কৃষ্ণো মাগধং প্রার্থ্য মন্ত্রতঃ ॥ ১ ॥

মহারাজ যুধিষ্ঠিরের বিবিধ প্রিয় কার্য্য সাধনে কয়েক মাস হস্তিনাপুরেই অবস্থান করিলেন ॥ ৩৯ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! এক দিবস রাজা যুধিষ্ঠির সভামধ্যে সিংহাসনোপরি উপবিষ্ট আছেন এবং মুনিগণ, ব্রাহ্মণগণ, ক্ষত্রিয় ও বৈশ্যবংশীয়

আভাস।

দ্বিসপ্ততিতম অধ্যায়ে রাজা যুধিষ্ঠিরের অনুরোধে ভগবান্ শ্রীকৃষ্ণ দুর্জ্জয় জরাসন্ধকে ভীম দ্বারা বধ করেন, ইহাই বর্ণিত হইয়াছে ॥

আচার্য্যৈঃ কুলবৃদ্ধৈশ্চ জ্ঞাতিসম্বন্ধিবান্ধবৈঃ।
শৃণ্বতামেব চৈতেষামাভাষ্যেদমুবাচ হ ॥ ২ ॥
যুধিষ্ঠির উবাচ ॥
ক্রতুরাজেন গোবিন্দ রাজসূয়েন পাবনীঃ।
যক্ষ্যে বিভূতী র্ভবত স্তৎ সম্পাদয় নঃ প্রভো ॥ ৩ ॥

অন্বয়ঃ।

বৈশ্যৈঃ ভ্রাতৃভিঃ চ আচার্য্যৈঃ কুলবৃদ্ধৈঃ জ্ঞাতি-সম্বন্ধি-বান্ধবৈঃ চ বৃতঃ যুধিষ্ঠিরঃ তেষাং শৃণ্বতাং এব সতাং তান্ আভাষ্য ইদং অব্রবীৎ ॥ ১ ॥ ২ ॥

যুধিষ্ঠিরঃ উবাচ। হে প্রভো গোবিন্দ! ক্রতুরাজেন যাগশ্রেষ্ঠেন রাজসূয়েন তব পাবনীঃ বিভূতীঃ অংশান্ দেবান্, অহং যক্ষ্যে আরাধয়িষ্যামি; নঃ অস্মাকং, তৎ অভিপ্রেতং রাজসূয়ং, সম্পাদয় নিবর্ত্তয় ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

শৃণ্বতামেবেতি যৎপ্রসন্নঃ শ্রীকৃষ্ণঃ করোতি তদন্যঃ কশ্চিদপি কর্ত্তুং ন সমর্থ ইতি নিশ্চিত্য সর্ব্বানেব তাননাদৃত্য শ্রীকৃষ্ণমুবাচেত্যর্থঃ। আভাষ্য ভো ভোঃ শ্রীকৃষ্ণ ভক্তবৎসলেত্যেবং সম্বোধ্য ॥ ২ ॥ বিভূতীঃ অংশান্ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আ সম্যক্কৃতয়া স্থিতঃ। শৃণ্বতামিত্যনাদরে ষষ্ঠী ॥ ২ ॥

বিভূতীরিতি দেবাদীনপি ত্বদ্বিভূতিবুদ্ধ্যৈব যক্ষ্যে ইত্যাদি ভরতবৎ স্বস্য তদনন্যপরত্বং দ্যোতিতং। পাবনীঃ ত্বামালোক্যাস্মনঃ পাবয়ন্তীরিতি ত্বদ্দর্শনয়া তা অপি কৃতার্থীকর্ত্তুমিতি ভাবঃ। তদ্বচনং ॥ ৩ ॥

অন্যান্য শ্রেষ্ঠ ব্যক্তিগণ, অনুজ ভ্রাতাগণ, আচার্য্যগণ, কুলবৃদ্ধগণ এবং জ্ঞাতি, সম্বন্ধি ও বন্ধু বান্ধবগণ সকলেই তাঁহাকে পরিবেষ্টিত হইয়া সভায় উপস্থিত আছেন, এমন সময়ে রাজা যুধিষ্ঠির তাঁহাদের সকলকে শুনাইয়া নিম্নোক্ত ভাবে ভগবান্ শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন— ॥ ১ ॥ ২ ॥

হে গোবিন্দ! আমি যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের অনুষ্ঠানে ভবদীয় পবিত্রকারক বিভূতি-স্থানীয় দেবতাগণের অর্চ্চনা করিতে অভিলাষ করিয়াছি। হে প্রভো! যাহাতে আমার এই কার্য্য সুসম্পন্ন হয়, অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহারই ব্যবস্থা করুন! ॥ ৩ ॥

হে প্রভো! যাবতীয় পাপ ও তাপের নির্হরণকারী ভবদীয় পাদুকাদ্বয় যাহারা নিরন্তর সেবা করে, আপনার শ্রীমূর্ত্তি যাহারা ধ্যান করে এবং আপনার লীলা চরিত্র যাহারা নিরন্তর কীর্ত্তন করে, হে পদ্মনাভ! তাহারা এই

ত্বৎপাদুকে অবিরতং পরি যে চরন্তি ধ্যায়ন্ত্যভদ্রনশনে শুচয়ো গৃণন্তি।
বিন্দন্তি তে কমলনাভ ভবাপবর্গমাশাসতে যদি ত আশিষ ঈশ নান্যে ॥ ৪ ॥
তদ্দেবদেব ভবতশ্চরণারবিন্দসেবানুভাবমিহ পশ্যতু লোক এষঃ।

অন্বয়ঃ।

যে জনাঃ অভদ্রনশনে (অভদ্রস্য নশনে নাশকে) ত্বৎপাদুকে অবিরতং নিরন্তরং, পরিচরন্তি দেহেন, সেবন্তে, মনসা ধ্যায়ন্তি, বচসা গৃণন্তি, তৎপ্রভাবং কীর্ত্তয়ন্তি তে এব শুচয়ঃ পরিশুদ্ধান্তঃকরণাঃ সন্তঃ ভবাপবর্গং (ভবস্য অপবর্গং সমাপ্তিলক্ষণং মোক্ষং) বিন্দন্তি। হে কমলনাভ! তে যদি আশিষঃ বিষয়ান্, আশাসতে বাঞ্ছন্তি, তদা তাঃ অপি হে ঈশ! তে বিন্দন্তি। অন্যে পরিচর্য্যাদিরহিতাঃ তু চক্রবর্ত্তিনঃ অপি ন বিন্দন্তি ॥ ৪ ॥

তৎ তস্মাৎ হে দেবদেব! হে বিভো! ইহ সংসারে ভবতঃ চরণারবিন্দসেবানুভাবং

শ্রীধরস্বামী।

এষ চক্রবর্ত্তিনাং মনোরথঃ কথং ত্বয়া ক্রিয়তে ইতি চেদত আহ ত্বৎপাদুকে ইতি। পরি যে চরন্তীতি যচ্ছব্দব্যবধানমার্ষং। যে পরিচরন্তি দেহেন। ধ্যায়ন্তি মনসা। অভদ্রস্য নশনে নাশকে। গৃণন্তি বাচা। তে ভবস্য অপবর্গং নাশং মোক্ষং বিন্দন্তি যদ্যাশাসতে তর্হি আশিষোঽপি তএব বিন্দন্তি নান্যে চক্রবর্ত্তিনোঽপি ॥ ৪ ॥

ভগবতো ভক্তপক্ষপাতমাবিষ্কারয়ন্নাহ,তদ্দেবদেবেতি। তত্তস্মাৎ পশ্যতু সাক্ষাৎ। এবং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বচ্চরণসরোজং পশ্যতাং ত্বয়াপ্যপারকৃপয়া আত্মসাৎ কৃতানামস্মাকং রাজসূয়ে খলু ন কোঽপ্যাগ্রহঃ কিন্তু ত্বামত্রত্যা দুষ্টান্তঃকরণাঃ কেচিৎ পরমেশ্বরং ন মন্যন্তে নরমেব মত্বা প্রত্যুত দোষদর্শিনো নিন্দন্ত্যেতদেবাস্মাকং হৃচ্ছল্যমতো রাজসূয়মিষেণ ব্রহ্মরুদ্রাদীন্ সর্ব্বজ্ঞান্ ব্রহ্মর্ষ্যাদীনপি দেবাদীনপি চতুর্দ্দশলোকস্থানাহূয় কাচিৎ সভা কর্ত্তব্যা। তত্র সর্ব্বাগ্রিমপূজা তৈ র্যস্য ব্যবস্থাপয়িষ্যতে স এব পরমেশ্বর ইতি সাক্ষাদ্দর্শয়িত্বা হৃচ্ছল্যং তন্নিষ্কাশনীয়মিত্যেবমদভীপ্সিতমিত্যাহ ত্বদিতি ত্রিভিঃ। পরি যে চরন্তীতি যচ্ছব্দব্যবধানমার্ষং অভদ্রস্যাবিদ্যাপর্য্যন্তস্যাপি নশনং নাশো যাভ্যাং তে। যে বা ধ্যায়ন্তি। যদ্যাশাসতে তর্হি ত এব বিন্দন্তি নত্বন্যে ত্বচ্চরণানর্চ্চকাঃ সর্ব্বেঽপি কর্ম্মিশ্রুতয়ঃ। কিন্তু ত্বদ্ভক্তা নৈবাশাসতে ইত্যর্থঃ। অস্মাকন্তু ত্বচ্চরণাশ্রিতানাং ত্বাং সাক্ষাদেব পশ্যতামন্যকামনাভাবে কৈমুত্যমেবেতি ভাবঃ ॥ ৫ ॥

তত্তস্মাত্তাদৃশসভায়াং বৃত্তায়াং তৈ র্ব্রহ্মবাদিভিস্তব পরমেশ্বরত্বে ব্যবস্থাপিতে সতি এব

ভবজলধি হইতে অনায়াসে নিষ্কৃতি লাভ করে। যদি তাহাদের হৃদয়ে ভোগেরও বাসনা থাকে, তাহা হইলে অনন্ত ভোগও তাহাদের অনায়াসে ঘটিয়া থাকে। কিন্তু যাহারা আপনাকে উপেক্ষা করে, তাহারা সর্ব্বসম্পদ্‌বিশিষ্ট রাজচক্রবর্ত্তী হইলেও, ক্রমশ সকল বিষয়ে বঞ্চিত হয়; সন্দেহ নাই ॥ ৪ ॥

অতএব হে দেবদেব! ভবদীয় চরণারবিন্দের সেবা ফল এই জগদ্‌বাসী সকলে

যে ত্বাং ভজন্তি ন ভজন্ত্যত বোভয়েষাং নিষ্ঠাং প্রদর্শয় বিভো কুরুসৃঞ্জয়ানাং॥ ৫
ন ব্রহ্মণঃ স্বপরভেদমতিস্তব স্যাৎ সর্ব্বাত্মনঃ সমদৃশঃ স্বসুখানুভূতেঃ।
সংসেবতাং সুরতরোরিব তে প্রসাদঃ সেবানুরূপমুদয়ো ন বিপর্য্যয়োঽত্র॥ ৬

অন্বয়ঃ।

এষঃ লোকঃ পশ্যতু ; কুরুসৃঞ্জয়ানাং মধ্যে যে ত্বাং ভজন্তি উত অথবা যে ত্বাং ন ভজন্তি তেষাং উভয়েষাং নিষ্ঠাং স্থিতিং ফলং, প্রদর্শয়॥ ৫॥

যদ্যপি সর্ব্বাত্মনঃ সমদৃশঃ স্বসুখানুভূতেঃ ব্রহ্মণঃ তব স্বপরঃ ইতি ভেদমতিঃ ন স্যাৎ নাস্তি, তথাপি সংসেবতাং সেবমানানাং সুরতরোঃ ইব তে তব প্রসাদঃ সেবানুরূপং উদয়ঃ ফলং চ ভবতি অত্র বিপর্য্যয়ঃ অন্যথাভাবঃ ন॥ ৬॥

শ্রীধরস্বামী

নিশ্চিতেঽপি যে কর্ম্মপ্রধানাঃ কুরুসৃঞ্জয়াঃ কেচিৎ ভগবদ্ভক্তিং ন বহুমন্যন্তে তেষাং মোহনিবৃত্তয়ে ত্বাং যে ভজন্তি যে বা ন ভজন্তি তেষামুভয়েষাং নিষ্ঠাং স্থিতিং প্রদর্শয়॥ ৫॥

নন্বু রাগাদিরহিতে ময়ি কথমিদং বৈষম্যং স্যাত্তত্রাহ ন ব্রহ্মণ ইতি। স্বপর ইতি ভেদমতিস্তব ন স্যাৎ। কুতঃ ব্রহ্মণো নিরুপাধেঃ। কিঞ্চ সর্ব্বস্যাত্মনঃ অতঃ সমদৃশঃ কিঞ্চ স্বসুখানুভূতেঃ। অতো রাগাদ্যভাবাদিতি ভাবঃ। তথাপি সংসেবমানানামেব ত্বৎপ্রসাদো নান্যেষাং। তত্রাপি সেবানুরূপমুদয়ঃ ফলং নত্বত্র বিপর্য্যয়ো ঽন্যথাভাবঃ। যথা কল্পদ্রুমস্য রাগাদিরাহিত্যেঽপি সেবকেষ্বেব ফলজনকত্বং নান্যেষু॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূর্লোকস্থজনঃ পশ্যতু ততশ্চ কুরুসৃঞ্জয়াদীনাং মধ্যে ত্বামীশ্বরং মত্বা যে ভজন্তি যেবা প্রাকৃতমানুষং মত্বা উত ন ভজন্তি তেষামুভয়েষাং নিষ্ঠাং সদ্গতিমধোগতিঞ্চ তৈরুচ্যমানাং ত্বং দর্শয়। করণীয়েঽস্মিন্ রাজসূয়ে স্বসম্মতি প্রদানেনেতি ভাবঃ॥ ৫॥

নন্বু কিং মমাপি মৎসরতাস্তি যদনুকূলানামুৎকর্ষং প্রতিকূলানামপকর্ষং দর্শয়ামীতি তত্রাহ নেতি। স্বপর ইতি ভেদমতিস্তব ন স্যাদেব কুতো ব্রহ্মণো নিরুপাধেঃ। কিঞ্চ সর্ব্বস্যাত্মনঃ ত্বমেবান্তর্যামী ভূত্বা অনাদিকর্ম্মপ্রবাহপতিতং সর্ব্বমেব প্রতি স্বকর্ম্মণি প্রেরয়ন্নি। সমদৃশ ইতি ত্বমেবেশ্বরস্তত্তদনুরূপমেব শুভমশুভং বা ফলং দদাসি নতু ক্বাপি তে পক্ষপাত

প্রত্যক্ষে অবলোকন করুক্! যাহারা আপনাকে ভজনা করে এবং যাহারা করে না, তাদৃশ কুরু ও সৃঞ্জয়গণের সামর্থ্য এই জগতে আপনি প্রকাশ করুন!॥৫॥

আপনি জীবমাত্রেরই অন্তরাত্মা সমদর্শী এবং আত্মারাম! সুতরাং পূর্ণব্রহ্ম আপনার নিকট আত্মীয় বা পর বলিয়া কোন ভেদ নাই। কল্পতরুর ন্যায় ভগবৎসন্নিধানে সেবকের প্রতি আপনার অনুগ্রহ এবং সেবানুরূপ ফল অবশ্যই ফলিবে। কখনই তাহার বৈপরীত্যের সম্ভাবনা নাই॥৬॥

শ্রীভগবানুবাচ।

সম্যগ্ব্যবসিতং রাজন্ ভবতা শত্রুকর্ষণ।
কল্যাণী যেন তে কীর্ত্তি র্লোকাননুভবিষ্যতি॥
ঋষীণাং পিতৃদেবানাং সুহৃদামপি নঃ প্রভো।
সর্ব্বেষামপি ভূতানামীপ্সিতঃ ক্রতুরাড়য়ং॥ ৭॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে শত্রুকর্ষণ রাজন্ যুধিষ্ঠির! ভবতা সম্যক্ ব্যবসিতং নিশ্চিতং, যেন ব্যবসিতেন (যজ্ঞানুষ্ঠানেন), তে তব কল্যাণী পুণ্যবহা, কীর্ত্তিঃ লোকান্ অনুভবিষ্যতি সর্ব্বলোকেষু ব্যাপ্তা ভবিষ্যতি॥

হে প্রভো! ঋষীণাং পিতৃদেবানাং নঃ অস্মাকং সুহৃদাং তথা সর্ব্বেষাং অপি ভূতানাং ঈপ্সিতঃ অভিপ্রেতঃ, এব অয়ং ক্রতুরাট্ রাজসূয়ঃ॥ ৭॥

শ্রীধরস্বামী।

সত্যং মদ্ভক্তানামেব কৈবল্যাদি নান্যেষামিত্যনুমোদমান আহ সম্যগিতি। শত্রুকর্ষণেতি সম্বোধয়ন্ সর্ব্বরাজবিজয়শক্তিং সঞ্চারয়তি। অনুভবিষ্যতি দ্রক্ষ্যতি সর্ব্বলোকব্যাপ্তা ভবিষ্যতীত্যর্থঃ॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি ভাবঃ। কিঞ্চ। তৈঃ সুখিভি র্দুঃখিভি র্বা তব ন কিমপি কৃত্যমিত্যাহ স্বসুখানুভূতেঃ। নন্বু তর্হি মদ্বাৎসল্যোদার্য্যাদয়ো গুণাঃ কিংবিষয়কা স্তত্রাহ সংসেবতাং! ত্বাং সম্যক্ সেবমানেষু তেষু প্রসাদো বাৎসল্যং যত এব কর্ম্মবন্ধকর্ত্তনপূর্ব্বকাত্মপর্য্যন্ত-প্রদানলক্ষণমৌদার্য্যঞ্চ তে ভবেৎ। নন্বু তর্হ্যারাতং মমাপি বৈষম্যং তত্রাহ সুরতরোরিবেতি। গুণদোষাদিকমবিচারয়ত-স্তস্য স্বাশ্রিতমাত্রে যথা প্রসাদ স্তথা তবাপি যঃ কোঽপি সেবতাং তত্রৈব প্রসাদস্তত্রাপি সেবানুরূপমেব উদয়ঃ সেবাতারতম্যেনৈব প্রসাদফলস্যাপ্যুদয়তারতম্যমিত্যবৈষম্যমেব নাত্র বিপর্য্যয়োঽন্যথাভাব স্তস্মাদবৈষম্যেঽপি তব স্বভক্তেষু বাৎসল্যবশাদেব পক্ষপাতে সিদ্ধে তেষামনুকূলপ্রতিকূলেষু তবাপ্যানুকূল্যপ্রাতিকূল্যে আয়াতে এবেতি ভাবঃ॥ ৬॥

ভো মমহিমরসমহামেঘ রাজন্নত্র মম সম্মতিরস্ত্যেবেতি লোকরীতিমাশ্রিত্যাহ সম্যগিতি। শত্রুকর্ষণেতি সম্বোধয়ন্ সর্ব্বরাজবিজয়শক্তিং সঞ্চারয়তি। যদ্যেতাদৃশ্যাপি সম্পত্ত্যা শত্রূন্ নোচ্ছেদয়িষ্যতি তদা কিমনয়েতি ভাবঃ। লোকান্ অনুলক্ষীকৃত্য ভবিষ্যতীতি ত্বৎকীর্ত্তেরেব সর্ব্বপ্রকারেণ মম নিষ্পাদনীয়েতি ভাবঃ॥ ৭॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে শত্রুনিসূদন রাজন্! আপনি অতি উৎকৃষ্ট বিষয়েরই সংকল্প করিয়াছেন; এই সর্ব্বশ্রেষ্ঠ রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানে আপনার অমল যশোরাশি সমগ্র জগতে পরিব্যাপ্ত হইবে; সন্দেহ নাই॥

হে প্রভো! আপনার অনুষ্ঠেয় কার্য্যে ঋষিগণ, পিতৃলোক, দেবতাগণ

বিজিত্য নৃপতীন্ সর্ব্বান্ কৃত্বা চ জগতীং বশে।
সংভৃত্য সর্ব্বসংভারানাহরস্ব ক্রতূত্তমং ॥ ৮ ॥
এতে তে ভ্রাতরো রাজন্ লোকপালাংশসম্ভবাঃ।
জিতোঽস্ম্যাত্মবতা তেঽহং দুর্জ্জয়ো যোঽকৃতাত্মভিঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

সর্ব্বান্ নৃপতীন্ বিজিত্য সর্ব্বাং জগতীং পৃথ্বীং বশে কৃত্বা সর্ব্বসম্ভারান্ যজ্ঞসাধনানি সংভৃত্য সম্পাদ্য, ক্রতূত্তমং রাজসূয়ং, আহরস্ব অনুতিষ্ঠ ॥ ৮ ॥

তে তব এতে ভীমাদয়ঃ ভ্রাতরঃ লোকপালাংশসম্ভবাঃ (লোকপালানাং বায়ুেন্দ্রাদীনাং অংশসম্ভবাঃ) এব। কিঞ্চ যঃ অকৃতাত্মভিঃ অজিতাত্মভিঃ দুর্জ্জয়ঃ বশীকৃতুমশক্যঃ সঃ অহং অপি আত্মবতা তে ত্বয়া, জিতঃ বশীকৃতঃ, অস্মি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

কিমত্র ময়া অন্যেন বা সম্পাদনীয়ং। তব সুকর এব রাজসূয় ইত্যাহ বিজিত্যেতি। জগতীং সর্ব্বাং পৃথ্বীং। সংভারান্ যজ্ঞোপস্করান্। সংভৃত্য সুসম্পাদ্য। আহরস্ব অনুতিষ্ঠেত্যর্থঃ ॥ ৮ ॥

ননু নৃপতিবিজয়াদি কথং শক্যং স্যাদত আহ এত ইতি। কিঞ্চ। আত্মবতা জিতেন্দ্রিয়েণ তে ত্বয়া অহঞ্চ জিতোঽস্মি বশীকৃতোঽস্মি। অকৃতাত্মভিঃ অজিতেন্দ্রিয়ৈঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংভৃত্য সম্পাদ্য। আহরস্ব অনুতিষ্ঠ ॥ ৮ ॥

আত্মবতা জিতেন্দ্রিয়েণ। যদ্বা। আত্মা অহমেব সর্ব্বস্বত্বেন বিদ্যতে যস্য তেন ত্বয়া অহমপি জিতঃ বশীকৃতঃ। অকৃতাত্মভিরজিতেন্দ্রিয়ৈঃ ॥ ৯ ॥

এবং আমাদের যাবতীয় বন্ধু বান্ধব আত্মীয়গণ ও অন্যান্য সকল লোকেরই যথেষ্ট অনুমোদন আছে ॥ ৭ ।

সমস্ত নরপতিগণকে পরাজয় করত সমগ্রা ধরণীকে নিজের বশীভূত করুন্! এবং যজ্ঞের প্রয়োজনীয় যাবদীয় উপকরণ সংগ্রহ পূর্ব্বক এই যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের অনুষ্ঠান করুন্! ॥ ৮ ॥

হে নরনাথ! এতাদৃশ যজ্ঞের অনুষ্ঠান আপনার দ্বারাই হওয়া সম্ভব; কারণ আপনার এই ভীমাদি ভ্রাতৃচতুষ্টয় সকলেই লোকপালগণের অংশে সমুদ্ভূত; বিশেষত অজিতাত্মা জনগণের সম্যক্ অজেয় আমাকেও আপনি কেবল স্বীয় জিতাত্মগুণে অবলীলাক্রমে বশীভূত করিয়াছেন ॥ ৯ ॥

যে ব্যক্তি আমার শরণাগত ও একান্ত ভক্ত তাহার ধ্বংস হওয়া কিছুতেই সম্ভব নহে; অধিক কি! দেবতাগণ যখন স্বীয় প্রভাব-বলে তাহার অবনতি

ন কশ্চিৎ মৎপরং লোকে তেজসা যশসা শ্রিয়া।
বিভূতিভি র্বাভিভবেদ্দেবোঽপি কিমু পার্থিবঃ॥ ১০॥
শ্রীশুক উবাচ॥
নিশম্য ভগবদ্গীতং প্রীত্যুৎফুল্লমুখাম্বুজঃ।
ভ্রাতৄন্ দিগ্বিজয়েঽযুঙ্ক্ত বিষ্ণুতেজোপবৃংহিতান্॥ ১১॥
সহদেবং দক্ষিণস্যামাদিশৎ সহ সৃঞ্জয়ৈঃ।

অন্বয়ঃ।

লোকে মৎপরং (অহং এব পরঃ উপাস্যঃ যস্য তং জনং) যতঃ দেবঃ অপি তেজসা প্রভাবেণ যশসা, শ্রিয়া ধনেন বিভূতিভিঃ সৈন্যাদিসমৃদ্ধিভিঃ বা ন অভিভবেৎ অভিভবিতুং ন শক্নুয়াৎ তদা পার্থিবঃ মনুষ্যঃ ন শক্নুয়াৎ ইতি কিমু বক্তব্যং॥ ১০॥

শ্রীশুকঃ উবাচ। ভগবতা গীতং কথিতং, নিশম্য শ্রুত্বা, প্রীত্যা উৎফুল্লং বিকসিতং মুখাম্বুজং যস্য সঃ যুধিষ্ঠিরঃ বিষ্ণুতেজোপবৃংহিতান্ (বিষ্ণোঃ কৃষ্ণস্য তেজসা উপবৃংহিতান ভ্রাতৄন্ ভীমাদীন্ দিগ্বিজয়ে অযুঙ্ক্ত॥ ১১॥

সৃঞ্জয়ৈঃ সহ সহদেবং দক্ষিণস্যাং দিশি আদিশৎ প্রেষয়ামাস। মৎস্যৈঃ সহ নকুলং

শ্রীধরস্বামী।

আস্তাং তাবদেবম্ভূতস্য তব পরৈরভিভবশঙ্কা অকিঞ্চনমপি মৎপরং কোঽপি নাভিভবিতুং প্রভবতীত্যাহ ন কশ্চিদিতি। তেজসা প্রভাবেণ। বিভূতিভিঃ সৈন্যাদিসামগ্রীভিঃ॥ ১০॥

অযুঙ্ক্ত নিযুক্তবান্। বিষ্ণোস্তেজসা উপবৃংহিতান্ বর্দ্ধিতান্। তেজোপবৃংহিতানিতি সন্ধিরার্ষঃ॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাত্র বিপক্ষৈঃ স্বাভিভব আশঙ্কনীয়ঃ। যদিদমহং সাটোপং ব্রবীমীত্যাহ ন কশ্চিদিতি মৎপরং যং কঞ্চন বিভূত্যাদিরহিতমপি কিং পুনস্ত্বাং॥ ১০॥

তেজসা উপবৃংহিতান্ সন্ধিরার্ষঃ। তেজশব্দোঽদন্তো বা জ্ঞেয়ঃ॥ ১১॥

সাধনে সক্ষম হন না, তখন সামান্য মানব আর কি কথন ঐহিকের শ্রীঃ ধন সামর্থ্য ও সৈন্যাদি বল এবং বিক্রমের প্রভাবে তাহার পরাজয় করিতে কখন সমর্থ হয়? ॥ ১০॥

শুকদেব বলিলেন, হে পরীক্ষিৎ! ভগবান্ শ্রীকৃষ্ণের উক্তি শ্রবণে ভবদীয় পিতামহ রাজা যুধিষ্ঠির আনন্দে পুলকিত হইলেন; তাঁহার বদনকমল আনন্দের উচ্ছ্বাসে বিকসিত হইল। তিনি বিষ্ণুতেজে পরিবর্দ্ধিত স্বকীয় ভ্রাতাগণকে দিগ্‌বিজয়ের কামনায় নিয়োজিত করিলেন॥ ১১॥

তন্মধ্যে সৃঞ্জয়-বংশীয়গণের সহ সহদেবকে দক্ষিণ প্রদেশে এবং মৎস্য-

দিশি প্রতীচ্যাং নকুলমুদীচ্যাং সব্যসাচিনং ॥
প্রাচ্যাং বৃকোদরং মৎস্যৈঃ কেকয়ৈঃ সহ মদ্রকৈঃ ॥ ১২ ॥
তে বিজিত্য নৃপান্ বীরা আজহ্রর্দিগ্ভ্য ওজসা।
অজাতশত্রবে ভূরি দ্রবিণং নৃপ যক্ষ্যতে ॥ ১৩ ॥
শ্রুত্বাজিতং জরাসন্ধং নৃপতে ধ্যায়তো হরিঃ।
আহোপায়ং তমেবাদ্য উদ্ধবো যমুবাচ হ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

প্রতীচ্যাং দিশি, কেকয়ৈঃ সহ সব্যসাচিনং অর্জ্জুনং, উদীচ্যাং দিশি; তথা মদ্রকৈঃ সহ বৃকোদরং প্রাচ্যাং দিশি আদিশৎ ॥ ১২ ॥

হে নৃপ! তে ভীমাদয়ঃ বীরাঃ তেজসা স্বপৌরুষেণ নৃপান্ বিজিত্য যক্ষ্যতে যাগং করিষ্যমাণায়, অজাতশত্রবে যুধিষ্ঠিরায়, ভূরি বহু দ্রবিণং ধনং, দিগ্ভ্যঃ আজহ্রুঃ আহৃত্য সমর্পয়ামাসুঃ ॥ ১৩ ॥

জরাসন্ধং অজিতং শ্রুত্বা (কথং সঃ জেতব্যঃ ইতি) ধ্যায়তঃ নৃপতেঃ যুধিষ্ঠিরস্য যং উপায়ং উদ্ধবঃ উবাচ তং এব উপায়ং আদ্যঃ হরিঃ শ্রীকৃষ্ণঃ উবাচ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

নকুলাদীনাং মৎস্যাদিভিঃ সহায়ৈর্যথাসংখ্যেন সম্বন্ধঃ ॥ ১২ ॥
কথম্ভূতায় যক্ষ্যতে যাগং করিষ্যতে ॥ ১৩ ॥ আদ্যো হরিঃ শ্রীকৃষ্ণঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নকুলাদীনাং মৎস্যাদিভিঃ সহায়ৈর্যথাসংখ্যেন সম্বন্ধঃ ॥ ১২ ॥
দ্রবিণং সমর্পয়ামাসুরিতি শেষঃ ॥ ১৩ ॥

রাজের সৈন্য সামন্ত সহ নকুলকে পশ্চিম দেশ জয় করিবার জন্য প্রেরণ করিলেন; কেকয়রাজ সহ অর্জ্জুনকে উত্তর দিকে এবং মদ্ররাজের সহিত ভীমসেনকে পূর্ব্বদিক্ জয় করিয়ার নিমিত্ত প্রেরণ করিলেন ॥ ১২ ॥

হে নরনাথ! অতি অল্পকাল মধ্যে সেই ভীমাদি বীর পুরুষগণ স্বীয় বিক্রমবলে নৃপতিবৃন্দকে পরাজয় করত, ক্রমশ সকলে প্রত্যাগমন করিলেন এবং রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানার্থ উদ্‌যোগী অজাতশত্রু যুধিষ্ঠিরকে তাঁহারা প্রচুর ধন আনয়ন করিয়া দিলেন ॥ ১৩ ॥

রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান করিতে প্রস্তুত, অথচ প্রবল শত্রু জরাসন্ধ পার্শ্বে বিদ্যমান; তাহাকে কেহ কখন পরাজয় করিতে পারিতেছেন না; সুতরাং যজ্ঞের প্রধান প্রতিবন্ধক জরাসন্ধের পরাজয় কিরূপে সাধিত হয়, এই চিন্তায় যুধিষ্ঠিরের চিত্ত তৎকালে অকস্মাৎ ব্যাকুল দেখিয়া, ভগবান্

ভীমসেনোঽর্জ্জুনঃ কৃষ্ণো ব্রহ্মলিঙ্গধরা ত্রয়ঃ।
জগ্মু র্গিরিব্রজং তাত বৃহদ্রথসুতো যতঃ ॥ ১৫ ॥
তং গত্বাতিথ্যবেলায়াং গৃহেষু গৃহমেধিনাং।
ব্রহ্মণ্যং সমযাচেরন্ রাজন্যা ব্রহ্মলিঙ্গিনঃ ॥
রাজন্ বিদ্ধাতিথীনস্মানর্থিনো দূরমাগতান্।
তন্নঃ প্রযচ্ছ ভদ্রন্তে যদ্বয়ং কাময়ামহে ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

হে তাত! ভীমসেনঃ অর্জ্জুনঃ তথা কৃষ্ণঃ ইতি ত্রয়ঃ এব ব্রহ্মলিঙ্গধরাঃ ব্রাহ্মণরূপধারিণঃ, সন্তঃ যতঃ যত্র, বৃহদ্রথসুতঃ জরাসন্ধঃ আসীৎ তং গিরিব্রজং নামস্থানং জগ্মুঃ ॥ ১৫ ॥

তে ব্রহ্মলিঙ্গিনঃ ব্রাহ্মণবেশধারিণঃ রাজন্যাঃ ক্ষত্রিয়াঃ ভীমাদয়ঃ, আতিথ্যবেলায়াং দান-সময়ে তস্য গৃহেষু গত্বা গৃহমেধিনং গৃহস্থাশ্রমে বর্ত্তমানং, ব্রহ্মণ্যং ব্রাহ্মণভক্তং, তং জরাসন্ধং, সমযাচেরন্ যথা ॥

হে রাজন্! অর্থিনঃ অতঃ দূরং আগতান্ অতিথীন্ এব অস্মান্ বিদ্ধি! অতঃ বৎ বয়ং কাময়ামহে তৎ নঃ অস্মভ্যং প্রযচ্ছ! ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মলিঙ্গধরা ব্রাহ্মণবেশধারিণঃ। যতো যত্র বৃহদ্রথসুতো জরাসন্ধঃ ॥ ১৫ ॥
গৃহেষু বর্ত্তমানং সমযাচেরন্ সম্যগযাচন্তেত্যর্থঃ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আদ্যো হরিঃ ॥ ১৪ ॥ ১৫ ॥
গৃহমেধিনাং যা আতিথ্যবেলা তস্যাং সমযাচেরন্ সমযাচন্ত ॥ ১৬ ॥

শ্রীকৃষ্ণ তাঁহাকে সম্বোধন করত উদ্ধব-কথিত জরাসন্ধ-বধের উপায় তাঁহার নিকট বর্ণন করিলেন ॥ ১৪ ॥

অনন্তর ভীমসেন, অর্জ্জুন এবং শ্রীকৃষ্ণ এই তিন জনেই ব্রাহ্মণের ন্যায় বেশ ধারণ করত, বৃহদ্রথ-তনয় প্রবল-পরাক্রম রাজা জরাসন্ধের বাসমন্দির গিরিব্রজ নামক দুর্গে গমন করিলেন ॥ ১৫ ॥

এবং হে রাজেন্দ্র! গৃহস্থাশ্রমে অবস্থিত ব্রাহ্মণভক্ত সেই জরাসন্ধের সমীপে অতিথিসৎকারের উপযুক্ত সময়ে উপনীত সেই ব্রাহ্মণ-বেশধারী ক্ষত্রিয়ত্রয় তথায় রাজা জরাসন্ধকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! আমরা অনেক দূর দেশ হইতে আগমন করিয়াছি এবং বিশেষ প্রয়োজন বশত আপনার দ্বারে অতিথিরূপে উপস্থিত হইলাম! আপনি আমাদের প্রার্থনা পূরণ করুন! তাহাতে আপনার মঙ্গলই সাধিত হইবে ॥ ১৬ ॥

কিং দুর্ম্মর্ষং তিতিক্ষূণাং কিমকার্য্যমসাধুভিঃ।
কিং ন দেয়ং বদান্যানাং কঃ পরঃ সমদর্শিনাং ॥ ১৭ ॥
যোঽনিত্যেন শরীরেণ সতাং গেয়ং যশো ধ্রুবং।
নাচিনোতি স্বয়ং কল্পঃ স বাচ্যঃ শোচ্য এব সঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

যতঃ তিতিক্ষূণাং ত্যাগশীলানাং, কিং দুর্ম্মর্ষং দুঃসহং, তথা অসাধুভিঃ কিং অকার্য্যং; বদান্যানাং কিং ন দেয়ং; তথা সমদর্শিনাং কঃ পরঃ অস্তি ॥ ১৭ ॥

অনিত্যেন শরীরেণ সতাং সদ্ভিঃ গেয়ং ধ্রুবং যশঃ যঃ স্বয়ং কল্পঃ সমর্থঃ অপি ন আচিনোতি ন সম্পাদয়তি, সঃ বাচ্যঃ নিন্দ্যঃ; সঃ শোচ্যঃ শোকযোগ্যঃ এব ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

নন্বিদং কাময়ামহে ইতি বিশেষো নির্দ্দিশ্যতাং অন্যথা যস্য পুত্রাদে র্বিয়োগো দুঃসহঃ স কথং দেয়ঃ। তথা রাজমণ্ডনং কিরীটাদ্যদেয়ং ভিক্ষুভ্যঃ কথং দেয়ং। তথাতিরম্যং রত্নাভরণাদি পুত্রাদিযোগ্যং কথং পরস্মৈ দেয়মিতি চেত্তত্রাহুঃ কিং দুর্ম্মর্ষমিত্যাদি। অত্র দৃষ্টান্তত্বেনার্থান্তরমাহুঃ কিমকার্য্যমিতি। যথা অসাধূনামকার্য্যং নাস্তি তথা তিতিক্ষূণাং দুর্ম্মর্ষং দুঃসহং নাস্তি। বদান্যানামত্যুদারাণামদেয়ং নাস্তি সমদর্শিনাং পরশ্চ নাস্তি। অতঃ কিং বিশেষনির্দ্দেশেনেত্যর্থঃ ॥ ১৭ ॥

কিঞ্চ অর্থিনে ধীরেণ মৃজ্জলাদিবৎ প্রাণা অপি ন বঞ্চনীয়া ইত্যাশয়েনাহ র্যোঽনিত্যেনেতি। নাচিনোতি ন সংপাদয়তি। স বাচ্যঃ নিন্দ্যঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ কিং কাময়ধ্বে তদ্বিশেষং ব্রূত অন্যথা যাচকৈর্যুষ্মাভি র্যদি মৎপ্রিয়ঃ পুত্র এব কামিতঃ স্যাত্তদা তদতিমমতাস্পদ-স্বপুত্রচ্ছেদদুঃখং কথং ময়া সোঢ়ব্যং তত্রাহুঃ কিং দুর্ম্মর্ষমিতি। বিশ্বামিত্রাদিভ্যো দশরথাদ্যৈরতিপ্রিয়পুত্রার্পণস্যাপি দৃষ্টত্বাদিতি ভাবঃ। নন্বেবং প্রার্থ্যমানে গৃহস্থলোকৈ র্যদি যূয়ং তিরস্কুর্য্ধ্বে তর্হি কিং স্যাত্তত্রাহুঃ কিমকার্য্যমিতি। নন্থ যদি মচ্ছরীরমেব যুষ্মৎকামিতং স্যাত্তদা তদহন্তাস্পদং কথং দেয়ং তত্রাহুঃ কিমদেয়মিতি। দধ্যাদৌ দেবপ্রার্থনায়াং স্বশরীরদানস্যাপি দৃষ্টত্বাদিতি ভাবঃ। নন্থ যদি যূয়মেব মচ্ছরীরং তদ্বধ তদা শক্রভ্য স্তৎ কথং দেয়ং তত্রাহুঃ কঃ পর ইতি। সমদর্শিনাং জ্ঞানিনাং। নহি স্বপ্নেঽপি বিষমদর্শনলক্ষণমজ্ঞানং সম্ভবেদিতি ভাবঃ ॥ ১৭ ॥

নাচিনোতি ন সম্পাদয়তি ॥ ১৮ ॥

ইহাতে আপনার আশঙ্কা করা কর্ত্তব্য নহে; কারণ ত্যাগশীল ব্যক্তির পক্ষে কিছুই দুঃসহ নাই এবং অসাধুর পক্ষে কিছুই অকার্য্য বলিয়া গণনীয় নহে। বিশেষত বদান্যের নিকট যেমন কিছু অদেয় নাই, সমদর্শীর পক্ষেও সেইরূপ কেহ আপন বা পর নাই ॥ ১৭ ॥

হরিশ্চন্দ্রো রন্তিদেব উঞ্ছবৃত্তিঃ শিবি র্বলিঃ।

অন্বয়ঃ।

হরিশ্চন্দ্রঃ রন্তিদেবঃ উঞ্ছবৃত্তিঃ শিবিঃ বলিঃ বলিরাজঃ, কপোতঃ তথা অন্যে বহবঃ হি

শ্রীধরস্বামী।

বিশ্বামিত্রানৃণ্যায় হরিশ্চন্দ্রো ভার্য্যাত্মজাদি সর্ব্বং বিক্রীয় স্বয়ং চাণ্ডালতাং প্রাপ্তোঽপ্যনির্বিণ্ণঃ সহ অযোধ্যাবাসিভি র্জনৈঃ স্বর্গং গতঃ। রন্তিদেবঃ সকুটুম্বোঽষ্টচত্বারিংশদহান্যলব্ধোদকোঽপি কথঞ্চিল্লব্ধান্নোদকাদি অর্থিভ্যো দত্ত্বা ব্রহ্মলোকং গতঃ। উঞ্ছবৃত্তি-র্মুদ্গলঃ ষণ্মাসং সীদৎকুটুম্বোঽপ্যাতিথ্যদানেন ব্রহ্মলোকং গতঃ। শিবিঃ শরণাগতকপোত-রক্ষণার্থং স্বমাংসং শ্যেনায় দত্ত্বা দিবং গতঃ। বলিঃ সর্ব্বস্বং ব্রাহ্মণবেশধারিণে হরয়ে দত্ত্বা তমেব আত্মসাচ্চকার। কপোতশ্চাতিথয়ে ব্যাধায় কপোত্যা সহ আত্মমাংসং দত্ত্বা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশ্বামিত্রানৃণ্যায় হরিশ্চন্দ্রো ভার্য্যাত্মজাদি সর্ব্বং বিক্রীয় স্বয়ং চাণ্ডালতাং প্রাপ্তোঽপ্যনির্বিণ্ণঃ সহ অযোধ্যাবাসিভি র্জনৈঃ স্বর্গং গতঃ। রন্তিদেবঃ সকুটুম্বোঽপ্যষ্টচত্বারিংশদহান্য-লব্ধোদকোঽপি কথঞ্চিল্লব্ধান্নোদকাদিকমর্থিভ্যো দত্ত্বা ব্রহ্মলোকং গতঃ। উঞ্ছবৃত্তির্মুদ্গলো-ঽপি ষণ্মাসং সীদৎকুটুম্বোঽপ্যাতিথ্যদানেন ব্রহ্মলোকং গতঃ। শিবিঃ শরণাগতকপোত-রক্ষণায় স্বমাংসং শ্যেনায় দত্ত্বা স্বর্গং গতঃ। বলিঃ সর্ব্বস্বং বিপ্রবেশধারিণে হরয়ে দত্ত্বা তং

অহো! যে ব্যক্তি দুর্ল্লভ মানব-জীবন লাভে এবং সামর্থ্য সত্ত্বেও যদি অনিত্য শরীরের দ্বারা সাধুগণ-পরিকীর্ত্তিত নিত্য যশঃ সংগ্রহ না করে, সে ব্যক্তি জগতে প্রকৃত প্রস্তাবে নিন্দনীয় এবং শোচনীয়, সন্দেহ নাই ॥ ১৮ ॥

স্মরণ করিয়া দেখুন! রাজা হরিশ্চন্দ্র বিশ্বামিত্রের ঋণ হইতে মুক্ত হইবার জন্য, স্বীয় বনিতা এবং পুত্র পর্য্যন্ত বিক্রয় করত, স্বয়ং চণ্ডালের কর্ম্মও করিয়াছিলেন; তথাপি যশোলাভে পরাঙ্মুখ হন নাই; অন্তে অযোধ্যার সমস্ত জনগণ সহ স্বর্গরাজ্যে গমন করিয়াছিলেন। রন্তিদেব অন্নাভাবে পরিবারবর্গ সহ অষ্টাদশ দিবস উপবাস করিবার পর এক দিবস কথঞ্চিৎ অন্ন ও উদক সংগ্রহ করিলে, তাঁহার গৃহে অতিথি উপস্থিত হন; তিনি তখন লব্ধ সেই সামান্য অন্নাদি নিজেদের নিমিত্ত না রাখিয়া, অতিথিকে প্রদান করত ব্রহ্মলোকে গমন করিয়াছেন। উঞ্ছবৃত্তি মুদ্গল সপরিবারে ছয়মাস কাল অনাহারে থাকিবার পর, সংগৃহীত অন্নের দ্বারা আতিথ্যসৎকার করিয়া, ব্রহ্ম-লোক গমন করিয়াছেন। শিবিরাজ শরণাগত কপোতের জীবন-রক্ষার্থ স্বৎপরিমিত মাংস স্বীয় দেহ হইতে কর্ত্তন করত, শ্যেন পক্ষীকে প্রদান করেন এবং তদনুরোধে স্বর্গরাজ্যে গমন করিয়াছেন। অধিক কি! ব্রাহ্মণ-

ব্যাধঃ কপোতো বহবো হ্যধ্রুবেণ ধ্রুবং গতাঃ ॥ ১৯ ॥

শ্রীশুক উবাচ ॥

স্বরৈরাকৃতিভিস্তাংস্তু প্রকোষ্ঠৈর্জ্যাহতৈরপি।

রাজন্যবন্ধূন্ বিজ্ঞায় দৃষ্টপূর্ব্বানচিন্তয়ৎ ॥

অন্বয়ঃ।

অধ্রুবেণ শরীরেণ ধ্রুবং লোকং গতাঃ ॥ ১৯ ॥

শ্রীশুকঃ উবাচ। এবমুক্তঃ জরাসন্ধঃ স্বরৈঃ আলাপৈঃ, আকৃতিভিঃ শরীরাবয়বসংস্থান-বিশেষৈঃ জ্যাহতৈঃ জ্যাঘাত-কিণাঙ্কিতৈঃ প্রকোষ্ঠৈঃ চ লিঙ্গৈঃ তান্ দৃষ্টপূর্ব্বান্ দ্রৌপদী-স্বয়ম্বরাদিষু পূর্ব্বদৃষ্টান্) রাজন্যবন্ধূন্ বিজ্ঞায় অনুমায়, অচিন্তয়ৎ ॥

শ্রীধরস্বামী।

বিমানেন দিবং গতঃ। ব্যাধস্তয়োঃ সত্ত্বং বীক্ষ্য স্বয়মতিশয়নির্ব্বিণ্ণো মহাপ্রস্থানে বনাগ্নি-দগ্ধদেহো নির্দ্ধূতাঘো দিবমারুরোহ। এবমন্যে চ বহবোঽধ্রুবেণ শরীরেণ ধ্রুবং লোকং গতা ইতি ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বশে চকার। কপোতশ্চাতিথয়ে ব্যাধায় কপোত্যা সহাত্মমাংসং দত্ত্বা বিমানেন দিবং গতঃ। ব্যাধস্তয়োঃ সত্ত্বং বীক্ষ্য স্বয়মপি নির্ব্বিণ্ণো মহাপ্রস্থানে বনাগ্নিদগ্ধদেহো দিবমারুরোহ। এব-মন্যেঽপ্যধ্রুবেণৈব শরীরেণ ধ্রুবং চিরকালস্থায়িলোকং গতাঃ ॥ ১৯ ॥

বেশধারী বামন-বিগ্রহ ভগবান্ নারায়ণকে সর্ব্বস্ব প্রদান করত; সাক্ষাৎ ভগবানকেই তিনি প্রাপ্ত হইয়াছিলেন। কপোতরাজ অতিথিরূপে সমাগত ব্যাধকে কপোতী সহ স্বীয় মাংস প্রদানে, যে পুণ্যের সঞ্চয় করিয়াছিল, সেই ফলে সে বিমানযোগে স্বর্গে গমন করিয়াছিল। এদিকে ব্যাধও কপোত এবং কপোতীর তাদৃশ অনুপম সামর্থ্য ও ধৈর্য্যের পরিচয়ে বিস্মিত হইয়া, মহাপ্রস্থানে গমন করিল এবং বনদাহে দগ্ধদেহ হইয়া, পাপনির্ম্মুক্ত হইল এবং স্বর্গে গমন করিয়াছিল। এই প্রকারে অনেকেই এতাদৃশ সৎকার্য্যের অনুষ্ঠানে সৎগতি লাভ করিয়াছেন ॥ ১৯ ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! জরাসন্ধ সেই ছদ্মবেশী ভীমাদির কণ্ঠস্বর আকৃতি, প্রকৃতি এবং জ্যাঘাতাঙ্কিত প্রকোষ্ঠাদির চিহ্ন অবলোকন করিয়া, প্রচ্ছন্ন বেশধারী ক্ষত্রিয় বলিয়াই তাঁহাদিগকে অবধারণ করিলেন এবং যেন পূর্ব্বে কোথায়ও তাঁহাদিগকে দেখিয়াছেন বলিয়া, মনে মনে চিন্তা করিতে লাগিলেন।

পরে তাঁহাদিগের সেই তিন জনকে সম্বোধন করিয়া বলিলেন, অহে রাজন্যবন্ধুগণ! তোমরা যখন ব্রাহ্মণের বেশ ধারণে আমার নিকট ভিক্ষার্থী

রাজন্যবন্ধবো হ্যেতে ব্রহ্মলিঙ্গানি বিভ্রতি।
দদামি ভিক্ষিতং তেভ্য আত্মানমপি দুস্ত্যজং ॥ ২০ ॥
বলে র্যু শ্রূয়তে কীর্ত্তি র্বিততা দিক্ষ্বকল্মষা।
ঐশ্বর্য্যাদ্ভ্রংশিতস্যাপি বিপ্রব্যাজেন বিষ্ণুনা ॥
শ্রিয়ং জিহীর্ষতেন্দ্রস্য বিষ্ণবে দ্বিজরূপিণে।
জানন্নপি মহীং প্রাদাদ্বার্য্যমাণোঽপি দৈত্যরাট্ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

রাজন্যবন্ধবঃ হি এব এতে ব্রহ্মলিঙ্গানি (ভয়াদেব) বিভ্রতি ; তেভ্যঃ দুস্ত্যজং আত্মানং অপি ভিক্ষিতং চেৎ তমপি দদামি ॥ ২০ ॥

যতঃ ইন্দ্রস্য অর্থং শ্রিয়ং জিহীর্ষতা হর্ত্তুং ইচ্ছতা, অতঃ বিপ্রব্যাজেন ব্রাহ্মণবেশধারিণা বিষ্ণুনা ঐশ্বর্য্যাৎ ভ্রংশিতস্য অপি বলেঃ দিক্ষু বিততা ব্যাপ্তা অকল্মষা পবিত্রা কীর্ত্তিঃ শ্রূয়তে। সঃ দৈত্যরাট্ (মদীয়ং সর্ব্বস্বং বিষ্ণুরয়ং হরিষ্যতি ইতি) জানন্ অপি তথা শুক্রেণ বার্য্যমাণঃ অপি দ্বিজরূপিণে বিষ্ণবে মহীং প্রাদাৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী

জ্যাহতৈঃ জ্যাঘাতকিণাঙ্কিতৈঃ। দৃষ্টপূর্ব্বান্ দ্রৌপদীস্বয়ম্বরাদিষু ॥ ২০ ॥

ইন্দ্রস্য শ্রিয়ং জিহীর্ষতা বিপ্রব্যাজেন বিষ্ণুনা ভ্রংশিতস্যাপি বলেঃ। মু অহো। নেতি পাঠে ন শ্রূয়তে কিং অপিতু শ্রূয়তে ইতি তং শ্লাঘতে বিষ্ণব ইতি। শুক্রেণ বার্য্যমাণোঽপি। অতএব বিষ্ণুরিতি জানন্নপি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্যাহতৈ র্জ্যাঘাতকঠোরীকৃতৈঃ। রাজন্যবন্ধূন্ বিপ্রবেশেন যাচকীভূতত্বান্নিকৃষ্টক্ষত্রিয়ান্ দৃষ্টপূর্ব্বান্ দ্রৌপদীস্বয়ম্বরাদিষু ॥ ২০ ॥

ননু তর্হি কপটিভ্য এতেভ্যঃ কিং ভিক্ষিতদানেন তত্রাহ বলেরিতি। বিপ্রব্যাজেন কপটিবিপ্রেণেত্যর্থঃ। অহো নেতি পাঠে ন শ্রূয়তে কিং অপি তু শ্রূয়ত এব। ইন্দ্রস্যেতি বলেরিত্যস্য বিশেষণং। ততশ্চ বিষ্ণবে বিষ্ণুরিতি জানন্নপি শুক্রেণ বার্য্যমাণোঽপি ॥ ২১ ॥

হইয়াছ, তখন তোমাদের প্রার্থনা আমি পূরণ করিব। অধিক কি! যদি দুস্ত্যজ দেহও প্রার্থনা কর! তাহাও তোমাদিগকে প্রদান করিতে আমি সম্মত আছি ॥ ২০ ॥

ব্রাহ্মণের বেশ ধারণে সর্ব্বস্বের হরণেচ্ছায় ভগবান্ বিষ্ণু বামন-মূর্ত্তিতে উপস্থিত হইয়া, যখন ত্রিপাদভূমি বলিরাজের নিকট যাচ্ঞা করেন, তখন দৈত্যগুরু শুক্রাচার্য্য বলিরাজকে নিষেধ করিলেও, কেবল ব্রাহ্মণ বলিয়া বলিরাজ সেই বামনরূপীকে ত্রিপাদভূমি দানের উপলক্ষে সর্ব্বস্বান্ত হইয়াছিলেন বটে; কিন্তু তাঁহার তাদৃশ দানের কীর্ত্তি জগতের দশদিক্ উজ্জ্বল করিয়া রাখিয়াছে ॥

জীবতা ব্রাহ্মণার্থায় কোন্বর্থঃ ক্ষত্রবন্ধুনা।
দেহেন পতমানেন নেহতা বিপুলং যশঃ ॥ ২২ ॥
ইত্যুদারমতিঃ প্রাহ কৃষ্ণার্জ্জুনবৃকোদরান্।
হে বিপ্রা ব্রিয়তাং কামো দদাম্যাত্মশিরোঽপি বঃ ॥
শ্রীভগবানুবাচ ॥
যুদ্ধং নো দেহি রাজেন্দ্র দ্বন্দ্বশো যদি মন্যসে।

অন্বয়ঃ।

ব্রাহ্মণার্থায় বিপুলং যশঃ ন ঈহতা ন প্রার্থয়তা, জীবতা ক্ষত্রবন্ধুনা, পতমানেন প্রতিক্ষণং ক্ষীয়মাণেন, দেহেন কঃ নু অর্থঃ সম্পাদিতঃ ন কোঽপি ॥ ২২ ॥

ইতি উদারমতিঃ (উদারা দাতুং উৎসুকা মতিঃ যস্য সঃ) জরাসন্ধঃ কৃষ্ণার্জ্জুনবৃকোদরান্ প্রাহ যথা, হে বিপ্রাঃ! কামঃ স্বাভিলষিতঃ পদার্থঃ ব্রিয়তাং অহং আত্মনঃ মম শিরঃ অপি যুষ্মাকং অভিলষিতং চেৎ তর্হি বঃ যুষ্মভ্যং দদামি ॥

শ্রীভগবান্ উবাচ। হে রাজেন্দ্র! যদি মন্যসে যথেষ্টং দাতুং ইচ্ছসি, তর্হি নঃ অস্মভ্য

শ্রীধরস্বামী।

পতমানেন পততা ক্ষত্রবন্ধুনা দেহেন ব্রাহ্মণার্থায় বিপুলং যশো নেহতা নেহমানেন অসম্পাদয়তা কোন্বর্থঃ ন কোঽপীত্যর্থঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পতমানেন পতনশীলেন দেহেন তাস্থৈর্য্যে শানচ্। বিপুলং যশো ন ঈহতা নেহমানেন ক্ষত্রবন্ধুনা কোন্বর্থঃ ন কোঽপি। এতাদৃশেন ক্ষত্রিয়াধমেন প্রয়োজনং নাস্তীত্যর্থঃ ॥ ২২ ॥

অহো! দৈত্যরাজ দ্বিজরূপধারীকে বিষ্ণু বলিয়া অবগত হইয়াও এবং দৈত্য-গুরুর উপদেশ শ্রবণ না করিয়াও, বিষ্ণুকে ধরণী প্রদান করিয়াছিলেন ॥ ২১ ॥

অহো! ক্ষণধ্বংসী দেহ ধারণে ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করিয়া, যদি ব্রাহ্মণের প্রয়োজন সাধন করত বিপুল যশঃ সংগ্রহ করা না হয়, তবে তাদৃশ জীবন ধারণের আবশ্যকতা কি? ॥ ২২ ॥

এই প্রকারে প্রার্থনানুরূপ দান করিবার নিমিত্ত প্রস্তুত-হৃদয় রাজা জরাসন্ধ শ্রীকৃষ্ণ, অর্জ্জুন এবং ভীমসেনকে সম্বোধন করিয়া বলিলেন, হে ব্রাহ্মণগণ! আপনারা যথেচ্ছ প্রার্থনা করুন! আমি সমস্তই পূরণ করিব! অধিক কি? যদি আমার মস্তকও আপনারা প্রার্থনা করেন, অবলীলাক্রমে আমি তাহাও আপনাদিগকে প্রদান করিব; সন্দেহ নাই ॥

এতদুত্তরে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে রাজেন্দ্র! যদি আপনি আমাদের অভিলাষ পূরণেই প্রস্তুত থাকেন, তাহা হইলে আমাদিগকে দ্বন্দ্ব-

যুদ্ধার্থিনো বয়ং প্রাপ্তা রাজন্যা নান্যকাঙ্ক্ষিণঃ ॥ ২৩ ॥
অসৌ বৃকোদরঃ পার্থ স্তস্য ভ্রাতাঙ্জুনো হ্যয়ং।
অনয়ো র্মাতুলেয়ং মাং কৃষ্ণং জানীহি তে রিপুং ॥
এবমাবেদিতো রাজা জহাসোচ্চৈঃ স মাগধঃ।
আহ চামর্ষিতো মন্দা যুদ্ধং তর্হি দদামি বঃ ॥ ২৪ ॥
ন ত্বয়া ভীরুণা যোৎস্যে যুধি বিক্লবচেতসা।

অন্বয়ঃ।

দ্বন্দ্বশঃ যুদ্ধং দেহি; যতঃ বয়ং যুদ্ধার্থিনঃ রাজন্যাঃ ইহ প্রাপ্তাঃ ন অন্যকাঙ্ক্ষিণঃ ব্রাহ্মণাঃ ॥ ২৩ ॥

অসৌ পার্থঃ পৃথায়াঃ পুত্রঃ বৃকোদরঃ ভীমঃ, তথা তস্য ভ্রাতা হি অয়ং অর্জ্জুনঃ, তথা অনয়োঃ মাতুলেয়ং তে তব রিপুং কৃষ্ণং ইতি মাং জানীহি ॥

এবং আবেদিতঃ বিজ্ঞাপিতঃ, সঃ রাজা মাগধঃ উচ্চৈঃ জহাস তথা চ অমর্ষিতঃ ক্রুদ্ধঃ, সন্ হে মন্দাঃ! যদি যুদ্ধং এব কাঙ্ক্ষিতং তর্হি বঃ যুষ্মভ্যং যুদ্ধং এব দদামি ইতি আহ ॥ ২৪ ॥

তথাপি যুধি বিক্লবচেতসা (ক্লিবং অধৃষ্টং চেতঃ যস্য তেন) ভীরুণা ত্বয়া সহ ন অহং

শ্রীধরস্বামী।

ইতি এবং নিশ্চিত্য প্রাহ হে বিপ্রা ইতি ॥ ২৩ ॥

রাজন্যতামেব প্রপঞ্চয়তি অসাবিতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি এবং নিশ্চিত্য ॥ ২৩ ॥

জহাসেতি। ব্রহ্মবেশরূপদৈন্যেনান্তঃসন্তোষাৎ। মন্দা ইতি হে দুর্ব্বলা যুদ্ধপরিশ্রমেণালং মচ্ছির এব কথং ন গৃহ্নীতেতি ভাবঃ। যাচকবিপ্রবেশধারণাদেব যুষ্মাকং শৌর্য্যং অস্তীভূতমেব তদপি যদি তন্ন জিহাসথ তর্হি যুদ্ধং দদামি। অমন্দা ইত্যর্থস্তু বাগ্দেব্যাঃ ॥ ২৪ ॥

যুদ্ধ প্রদান করুন্! কারণ দ্বন্দ্ব-যুদ্ধেরই প্রার্থনায় মাত্র আমরা এখানে উপস্থিত হইয়াছি ॥ ২৩ ॥

ইনি কুন্তীপুত্র বৃকোদর! ইনি উহাঁর ভ্রাতা অর্জ্জুন এবং আমাকে ইহাঁদের মাতুলনন্দন তোমার চিরশত্রু সাক্ষাৎ কৃষ্ণ বলিয়াই অবধারণ কর!

শ্রীকৃষ্ণের কথা শ্রবণে মগধেশ্বর উচ্চৈঃস্বরে হাস্য করিলেন এবং ক্রোধাকুলিতচিত্তে তাঁহাদিগকে সম্বোধন করিয়া বলিলেন, অরে মন্দবুদ্ধিগণ! যদি দ্বন্দ্বযুদ্ধ করাই তোমাদের সাধ হয়, তবে আমি তাহাই তোমাদিগকে প্রদান করিব ॥ ২৪ ॥

তথাপি হে কৃষ্ণ! তোমার ন্যায় নির্বীর্য্য ভীরু ব্যক্তির সহিত যুদ্ধ করিতে ইচ্ছা করি না। কারণ তুমি যখন আমার ভয়ে ভীত হইয়া, স্বীয় মথুরাপুরী পর্য্যন্ত

মথুরাং স্বপুরীং ত্যক্ত্বা সমুদ্রং শরণং গতঃ ॥ ২৫ ॥
অয়ন্তু বয়সাতুল্যো নাতিসত্ত্বো ন মে সমঃ।
অর্জ্জুনো ন ভবেদ্‌যোদ্ধা ভীমস্তুল্যবলো মম ॥ ২৬ ॥
ইত্যুক্ত্বা ভীমসেনায় প্রাদায় মহতীং গদাং।
দ্বিতীয়াং স্বয়মাদায় নির্জগাম পুরাদ্বহিঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

যোৎস্যে। যতঃ ত্বং স্বপুরীং মথুরাং ত্যক্ত্বা সমুদ্রং শরণং গতঃ ॥ ২৫ ॥

অয়ং অর্জ্জুনঃ তু বয়সা অতুল্যঃ তথা ন অতিসত্ত্বঃ (সত্ত্বেন বলেন অপি ন্যূনঃ ন মে সমঃ) যোদ্ধা ন ভবেৎ ; ভীমঃ তু মম তুল্যবলঃ ॥ ২৬ ॥

ইতি উক্ত্বা ভীমসেনায় মহতীং গদাং প্রাদায় স্বয়ং চ দ্বিতীয়াং গদাং আদায় গৃহীত্বা পুরাৎ বহিঃ নির্জগাম ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

যতো মত্ত্বিয়া সমুদ্রং শরণং গতঃ ॥ ২৫ ॥

বয়সাঽপ্যতুল্যঃ নাতিসত্ত্বঃ অনতিবলশ্চ। নচ দেহেন ময়া সমঃ। অতোঽর্জ্জুনো যোদ্ধা ন ভবেৎ। ভীমস্তু ভবেৎ। যতো মম তুল্যবলঃ ॥ ২৬ ॥

প্রাদায় দত্ত্বেত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভীরুণা মহাবলবতা ত্বয়া সহ যুধি বিক্লবেন বিহ্বলেন চেতসা যুক্তোঽহং ন যোৎস্যে স্বপুরীমপি ত্যক্ত্বা স্বেচ্ছয়ৈব সমুদ্রং শরণং স্বগৃহং গত ইতি বাস্তবোঽর্থঃ ॥ ২৫ ॥ ২৬ ॥

মহতীমিত্যতিথে স্তব তুষ্টি র্মদপেক্ষণীয়েতি বৃহতীং ত্বং গৃহাণ মম তু যথা তথা গদয়াপি যুদ্ধং সেৎস্যতীতি গূঢ়গর্ব্বব্যঞ্জিকা তস্যোক্তিরভূদিতি ভাবঃ ॥ ২৭ ॥

পরিত্যাগে সমুদ্রমধ্যে বাসস্থান প্রস্তুত করিয়াছ, তখন আবার যুদ্ধ করিতে আমি প্রস্তুত হইলে, তুমি সেই স্থলেই পলায়ন করিবে ॥ ২৫ ॥

এদিকে অর্জ্জুন একজন উপযুক্ত যোদ্ধা হইলেও, বয়সে আমার অপেক্ষা অনেক ন্যূন; বিশেষত আমার তুল্যবলীও নহে। সুতরাং তাহার সহিত দ্বন্দ্ব যুদ্ধে আমার কোন পৌরুষই নাই ; আমি তাহার সহিতও যুদ্ধ করিতে বাসনা করি না। ভীমসেন সর্ব্বাংশে আমার সমতুল্য, ইহার সহিত যুদ্ধ করাই আমার বিধেয় বটে ॥ ২৬ ॥

এই বলিয়া রাজা জরাসন্ধ ভীমসেনকে স্বকীয় মহতী গদা প্রদান করিলেন এবং নিজে অপর একটী গদা গ্রহণে যুদ্ধার্থ পুরীর বাহিরে গমন করিলেন ॥ ২৭ ॥

ততঃ সমেখলে বীরৌ সংযুক্তাবিতরেতরং।
জঘ্নতু র্বজ্রকল্পাভ্যাং গদাভ্যাং রণদুর্ম্মদৌ ॥ ২৮ ॥
মণ্ডলানি বিচিত্রাণি সব্যং দক্ষিণমেব চ।
চরতোঃ শুশুভে যুদ্ধং নটয়োরিব রঙ্গিণোঃ ॥ ২৯ ॥
ততশ্চটচটাশব্দো বজ্রনিষ্পেষসন্নিভঃ।
গদয়োঃ ক্ষিপ্তয়ো রাজন্ দন্তয়োরিব দন্তিনোঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

ততঃ সমে নিম্নোন্নত্যরহিতে খলে (নিখননাদিনা যুদ্ধার্থং কোমলীকৃতে যুদ্ধাঙ্গনে) রণদুর্ম্মদৌ উভৌ সংযুক্তৌ বীরৌ বজ্রকল্পাভ্যাং গদাভ্যাং ইতরেতরং পরস্পরং, জঘ্নতুঃ ॥ ২৮ ॥

সব্যং দক্ষিণং চ যথা ভবতি তথা বিচিত্রাণি মণ্ডলানি চরতোঃ রঙ্গিণোঃ রঙ্গভূমিগতয়োঃ নটয়োঃ ইব তয়োঃ যুদ্ধং শুশুভে ॥ ২৯ ॥

ততঃ চ হে রাজন্ ! দন্তিনোঃ গজয়োঃ, দন্তয়োঃ প্রক্ষিপ্তয়োঃ সঞ্চালিতয়োঃ, ইব গদয়োঃ বজ্রনিষ্পেসন্নিভঃ বজ্রস্য নিষ্পেষঃ সম্পাতঃ তচ্ছব্দসদৃশঃ ভয়ঙ্করঃ চটচটাশব্দঃ বভূব ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সমেখলে যুদ্ধাঙ্গনে ॥ ২৮ ॥

মণ্ডলানি গদাযুদ্ধগতিভেদান্ সব্যং দক্ষিণঞ্চ যথা ভবতি তথা। রঙ্গিণোঃ রঙ্গং গতয়ো নটয়োরিবেতি নির্ভয়ত্বেনোপমা ॥ ২৯ ॥

চটচটেতি পরস্পরাঘাতশব্দানুকরণং। বজ্রস্য নিষ্পেষঃ পাতস্তৎসদৃশঃ। যুধ্যতো র্দন্তিনো র্দন্তাঘাতশব্দ ইব শুশুভে ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমে খলে যুদ্ধাঙ্গনে ॥ ২৮ ॥

মণ্ডলানি গদাযুদ্ধগতিভেদান্ সব্যং দক্ষিণঞ্চ যথা স্যাত্তথা নটয়োরিতি নির্ভয়ত্বেন সদা শাস্ত্রবিচক্ষণত্বেন চোপমা ॥ ২৯ ॥

চটচটেতি গদয়োঃ পরস্পরাঘাতশব্দানুকরণং। বজ্রস্য নিষ্পেষঃ পাতস্তৎসদৃশঃ। যুধ্যমানয়ো র্দন্তিনো র্দন্তাঘাতশব্দ ইব শুশুভে ॥ ৩০ ॥

অনন্তর সমতল এবং খননাদির দ্বারা কোমলীকৃত একটী নির্দ্দিষ্ট মল্লভূমে উপনীত হইয়া, উক্ত রণদুর্ম্মদ বীরযুগল ভীষণ যুদ্ধে প্রবৃত্ত হইলেন এবং বজ্রসদৃশ নিদারুণ গদাদ্বারা পরস্পরে পরস্পরকে প্রহার করিতে আরম্ভ করিলেন ॥ ২৮ ॥

বামও দক্ষিণ ভাগে মণ্ডলাকারে পরিভ্রমণের কৌশলে যুদ্ধকালে উক্ত বীরদ্বয়কে রঙ্গমঞ্চস্থ নটদ্বয়ের ন্যায়, অপূর্ব্ব শোভাশালী বলিয়া লক্ষিত হইয়াছিলেন ॥ ২৯ ॥

তে বৈ গদে ভুজজবেন নিপাত্যমানে অন্যোন্যতোঽংসকটিপাদকরোরুজক্রন্।
চূর্ণীবভূবতু রুপেত্য যথার্কশাখে সংযুধ্যতো দ্বিরদয়োরিব দীপ্তমন্যোঃ ॥ ৩১ ॥
ইত্থং তয়োঃ প্রহতয়ো গদয়োর্নৃবীরো ক্রুদ্ধৌ স্বমুষ্টিভিরয়ঃস্পর্শৈরপিষ্টাং।
শব্দস্তয়োঃ প্রহরতো রিভয়ো রিবাসীন্নির্ঘাত-বজ্রপরুষস্তলতাড়নোত্থঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

দীপ্তমন্যোঃ (দীপ্তঃ মন্যুঃ ক্রোধঃ যয়োঃ তয়োঃ) সংযুধ্যতোঃ দ্বিরদয়োঃ গজয়োঃ অঙ্গানি প্রাপ্য যথা অর্কশাখে চূর্ণীভবতঃ তথা অন্যোন্যতঃ পরস্পরং, ভুজবলেন নিপাত্যমানে বৈ তে গদে উভয়োঃ অংস-কটি-পাদ-করোরুজক্রূন্ (অংসঃ স্কন্ধঃ জক্র তৎসংলগ্নাস্থিবিশেষঃ তান্) উপেত্য প্রাপ্য চূর্ণী বভূবতুঃ ॥ ৩১ ॥

ইত্থং তয়োঃ গদয়োঃ প্রহতয়োঃ ভগ্নয়োঃ সত্যোঃ ক্রুদ্ধৌ নৃবীরৌ ভীম-জরাসন্ধৌ অয়ঃ-স্পৃশৈঃ (অয়োবৎ লোহবৎ স্পর্শো যেষাং তৈঃ) মুষ্টিভিঃ অন্যোন্যশরীরং অপিষ্টাং তাড়য়ামাসতুঃ; এবং উভয়োঃ ইব পরস্পরং প্রহরতোঃ তয়োঃ তলতাড়নোত্থঃ (তলেন তাড়নং চপেটঃ তত উত্থঃ) শব্দঃ নির্ঘাতবজ্রপরুষঃ (বজ্রনির্ঘাতঃ নিরভ্রবিদ্যুৎপাতঃ তচ্ছব্দবৎ পরুষঃ ভয়ঙ্করঃ আসীৎ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

অংসকট্যাদীনুপেত্য দীপ্তো মন্যু র্যয়ো স্তয়োর্গজয়োরর্কশাখাভ্যাং সংযুধ্যতো স্তে যথা চূর্ণীভবত স্তদ্বৎ ॥ ৩১ ॥ অপিষ্টাং চূর্ণীচক্রতুঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তে গদে অংসকট্যাদীনুপেত্য চূর্ণীবভূবতুঃ। দীপ্তমন্যোরুদ্দীপ্তকোপয়োঃ ॥ ৩১ ॥

অনন্তর হে রাজন্! মত্ত গজেন্দ্রযুগলের যুদ্ধকালে যেমন ভীষণ দন্তাঘাত ধ্বনি উত্থিত হয়, সেইরূপ এই বীরদ্বয়ের বজ্রতুল্য কঠিন গদাঘাতের চটচটা ধ্বনিও যেন দিগন্ত ব্যাপ্ত করিয়া ফেলিল ॥ ৩০ ॥

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, যুদ্ধপরায়ণ হস্তিযুগলের অঙ্গে নিপতিত অর্ক (আকন্দ) শাখা যেমন চূর্ণ বিচূর্ণ হইয়া ভূমিতে নিপতিত হয়, সেইরূপ পরস্পরকে আহত করিবার অভিপ্রায়ে নিক্ষিপ্ত সেই বজ্রতুল্য ভীষণ গদাও ভীমসেন এবং জরাসন্ধের অংশ, কটি, পাদদেশ, উরু ও জক্র প্রভৃতি স্থানে পৃষ্ট হইয়া চূর্ণ বিচূর্ণ হইয়া, তিলশ নিপতিত হইতে লাগিল ॥ ৩১ ॥

পরস্পরের আঘাতে পরস্পরের গদা এই প্রকারে চূর্ণ বিচূর্ণ হইয়া গেলে, উক্ত বীরদ্বয় ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন এবং লৌহ-সদৃশ কঠিন মুষ্টির আঘাতে পরস্পরে পরস্পরকে আঘাত করিতে লাগিলেন। অহো! উভয় করীর যুদ্ধোত্থিত ভীষণ শব্দের ন্যায়, সেই বীরদ্বয়ের কর-তাড়নোত্থিত

তয়োরেবং প্রহরতোঃ সমশিক্ষাবলৌজসোঃ।
নির্ব্বিশেষমভূদ্যুদ্ধমক্ষীণজবয়ো নৃপ ॥ ৩৩ ॥
এবং তয়ো মহারাজ যুধ্যতোঃ সপ্তবিংশতিঃ।
দিবানি নিরগংস্তত্র সুহৃদ্বন্নিশি তিষ্ঠতোঃ ॥
একদা মাতুলেয়ং বৈ প্রাহ রাজন্ বৃকোদরঃ।
ন শক্তোঽহং জরাসন্ধং নির্জেতুং যুধি মাধব ॥

অন্বয়ঃ।

সমশিক্ষাবলৌজসোঃ (শিক্ষা অভ্যাসঃ বলং শারীরং, ওজঃ ইন্দ্রিয়সামর্থ্যং এতানি সমানি যয়োঃ) তয়োঃ অক্ষীণজবয়োঃ এবং প্রহরতোঃ হে নৃপ! নির্ব্বিশেষং নিরুপমং যুদ্ধং অভূৎ ॥৩৩॥

হে মহারাজ! এবং যুধ্যতোঃ অপি নিশি সুহৃদ্বদ্ মিত্রবৎ তত্র জরাসন্ধগেহে তিষ্ঠতোঃ চ তয়োঃ সপ্তবিংশতিঃ দিনানি নিরগন্ ব্যতীতানি ॥

হে রাজন্! একদা বৃকোদরঃ ভীমঃ মাতুলেয়ং মাতুলপুত্রকং কৃষ্ণং প্রাহ যথা হে মাধব! যুধি জরাসন্ধং নির্জেতুং অহং ন শক্তঃ। ক্বচিৎ পুস্তকে এবং তয়োরিত্যাদি শ্লোকদ্বয়ং নাস্তি ॥

শ্রীধরস্বামী।

শিক্ষা অভ্যাসঃ, বলং সত্ত্বং, ওজঃ প্রভাবঃ, সমানি তানি যয়োঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গদয়োঃ প্রহৃতয়োঃ সতোরপিষ্টাং পরস্পরং চূর্ণীচক্রতুঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥

বজ্রসদৃশ কঠোর আঘত-ধ্বনি নিরন্তর শ্রুত হইতে লাগিল ॥ ৩২ ॥

জরাসন্ধ এবং ভীমসেন উভয়েই তুল্যবলী এবং রণকৌশল ও শৌর্য্য উভয়েরই সমান; সুতরাং কেহই কাহারও নিকট পরাস্ত না হওয়ায়, যুদ্ধ সমান ভাবেই চলিতে লাগিল। যুদ্ধের পরিণাম সহজে কিছুই পরিদৃষ্ট হইল না ॥ ৩৩ ॥

এই প্রকারে তুল্যভাবে যুদ্ধ করত সপ্তবিংশতি দিবস অতিবাহিত হইল; দিবাভাগে যুদ্ধ করেন, অথচ রজনীকালে পরম সুহৃদের ন্যায় চারিজনে একত্রেই অবস্থান করেন ॥

এক দিবস বৃকোদর মাতুল-নন্দন শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিলেন, হে জনার্দ্দন! জরাসন্ধকে যুদ্ধে পরাজয় করা, আমার পক্ষে যেন একান্ত অসম্ভব বলিয়াই প্রতীত হইতেছে ॥

হে নরনাথ! কোন্ উপায়ে দারুণ শত্রু জরাসন্ধ নিহত হয়, তদ্বিষয়ে চিন্তা করত তখন ভগবান্ শ্রীকৃষ্ণ স্থির করিলেন যে, রাজা বৃহদ্রথের উভয় পত্নী

শত্রো জন্মমৃতী বিদ্বান্ জীবিতঞ্চ জরাকৃতং।
পার্থমাপ্যায়য়ন্ স্বেন তেজসাচিন্তয়দ্ধরিঃ ॥ ৩৪ ॥
সঞ্চিন্ত্যারিবধোপায়ং ভীমস্যামোঘদর্শনঃ।
দর্শয়ামাস বিটপং পাটয়ন্নিব সংজ্ঞয়া ॥

অন্বয়ঃ।

শত্রোঃ জরাসন্ধস্য জন্ম (শকলদ্বয়রূপেণ) মৃতিঃ (শকলীভাবেন) চ জরাকৃতং (জরা নাম রাক্ষসী তয়া শকল-সন্ধানেন কৃতং) তস্য জীবিতং চ বিদ্বান্ জানন্, হরিঃ কৃষ্ণঃ স্বেন তেজসা পার্থং ভীমং, আপ্যায়য়ন্ উপবৃংহয়ন্, কথং অসৌ পুনঃ শকলী ভবেৎ ইতি অচিন্তয়ৎ। ৩৪।

সঞ্চিন্ত্য তদুপায়ং জ্ঞাত্বা, বিটপং শাখাং বিপাটয়ন্ সংজ্ঞয়া সংকেতেন, ইব অমোঘদর্শনঃ সর্ব্বজ্ঞঃ শ্রীকৃষ্ণঃ, ভীমস্য অরিবধোপায়ং দর্শয়ামাস॥

শ্রীধরস্বামী।

জন্ম শকলরূপং মৃতিঃ পুনঃ শকলীভাবঃ। তে বিদ্বান্ জানন্। জরা নাম রাক্ষসী তৎকৃতমচিন্তয়ৎ কথমসৌ শকলীভবেদিতি॥ ৩৪॥

বিটপং শাখাং করেণ বিটপং গৃহীত্বা হরিভীমস্য যথাহং বিটপং পাটয়ামি তথা ত্বমেতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জন্ম শকলরূপং মৃতিঃ পুনঃ শকলীভাবঃ। জরা নাম রাক্ষসী তৎকৃতং জীবিতং চ তয়োরেকীভাবং বিদ্বান্ জানন্ পার্থং ভীমং স্বতেজসৈব প্রবলীকুর্ব্বন্ হাররচিন্তয়ৎ কথমস্য শকলীভাবং ভীমো জানীয়াদিতি॥ ৩৪॥

উক্ত জরাসন্ধের দ্বিধা বিভক্ত দেহ খণ্ড পৃথক্‌ভাবে প্রসব করেন; সুতরাং পৃথক্ প্রসূত দেহ খণ্ডদ্বয় নিষ্প্রয়োজন বোধে নদীতে নিক্ষিপ্ত হয়। তৎকালে জরা নামে একটী রাক্ষসী ইতস্ততঃ পর্য্যটন করত, অকস্মাৎ উক্ত খণ্ডদ্বয় অবলোকন করত দুই হস্তে দুইটী খণ্ড লইয়া যেমন সুসমভাবে একত্রিত করিল, অমনি একটী পূর্ণ বালকের জীবিত মূর্ত্তি প্রস্তুত হইল। তদ্দর্শনে রাক্ষসী করুণার্দ্র হৃদয়ে স্বয়ং তাহা ভোজন না করিয়া, উহার পালনার্থ মগধরাজকে সমর্পণ করে। তদবধি ঐ বালক জরাসন্ধ নামে বিখ্যাত হইল। অতএব উহার দেহের খণ্ডদ্বয়কে পুনর্ব্বার বিভক্ত করিতে পারিলেই জরাসন্ধের মৃত্যু অনিবার্য্য মনে করিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় বীর্য্যের দ্বারা বৃকোদরকে বলীয়ান্ করিলেন॥ ৩৪॥

অনন্তর অমোঘ-দর্শন কৃষ্ণ জরাসন্ধের মৃত্যুর উপায় স্থির করত ভীমের দৃষ্টি-সন্নিকৃষ্ট হইলেন এবং সঙ্কেত করত একটী বৃক্ষ শাখা লইয়া উভয় হস্তে তাহা চিরিয়া বিপাটিত করত জরাসন্ধকে বিপাটিত করিবার ইঙ্গিত করিলেন॥

তদ্বিজ্ঞায় মহাসত্ত্বো ভীমঃ প্রহরতাং বরঃ।
গৃহীত্বা পাদয়োঃ শত্রুং পাতয়ামাস ভূতলে॥
একং পাদং পদাক্রম্য দোর্ভ্যামন্যং প্রগৃহ্য সঃ।
গুদতঃ পাটয়ামাস শাখামিব মহাগজঃ॥ ৩৫॥
একপাদোরুবৃষণকটিপৃষ্ঠস্তনাংসকে।
একবাহ্বক্ষিভ্রূকর্ণে শকলে দদৃশুঃ প্রজাঃ॥
হাহাকারো মহানাসীন্নিহতে মগধেশ্বরে।
পূজয়ামাসতু ভীমং পরিরভ্য জয়াচ্যুতৌ॥ ৩৬॥

অন্বয়ঃ।

প্রহরতাং বরঃ মহাসত্ত্বঃ ভীমঃ তৎ ভগবতা সূচিতং উপায়ং বিজ্ঞায় পাদয়োঃ শত্রুং গৃহীত্বা ভূতলে পাতয়ামাস॥

পদা পাদেন জরাসন্ধস্য একং পাদং আক্রম্য দৃঢ়ং অবষ্টভ্য, অন্যপাদং দোর্ভ্যাং প্রগৃহ্য সঃ ভীমঃ মহাগজঃ শাখাং যথা অনায়াসেন পাটয়তি তথা গুদতঃ আরভ্য তং জরাসন্ধং পাটয়ামাস বিদারিতবান্॥ ৩৫॥　　ততঃ একৈকঃ পাদাদিঃ যয়োঃ তে শকলে তত্রস্থাঃ প্রজাঃ দদৃশুঃ॥

এবং মগধেশ্বরে নিহতে সতি মহান্ হাহাকারঃ শব্দঃ আসীৎ। জয়ঃ অর্জ্জুনঃ, অচ্যুতঃ কৃষ্ণঃ, ভীমং পরিরভ্য পূজয়ামাসতুঃ সৎকৃতবন্তৌ॥ ৩৬॥

শ্রীধরস্বামী।

পাটয়েতি সংজ্ঞয়া সঙ্কেতেন অরিবধোপায়ং দর্শয়ামাসেত্যর্থঃ॥ ৩৫॥

একৈকপাদাদি যয়ো স্তে শকলে॥ ৩৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিটপং শাখাং করে গৃহীত্বা হরি ভীমস্য নেত্রগোচরীভূতঃ সন্ যথাহং বিটপং পাটয়ামি তথা ত্বমপীমং পাটয়েতি সংজ্ঞয়া সংঙ্কেতেনৈব। ইবেত্যেবার্থে॥ ৩৫॥

যুদ্ধবিদ্যা-বিশারদ তীব্র-বলবান্ ভীমপরাক্রম ভীমসেন কৃষ্ণ-কৃত সঙ্কেত অবধারণ করত, শত্রুর অঙ্ঘ্রিযুগল ধারণে তাহাকে ভূমিতে নিপাতিত করিলেন॥

এবং নিজের চরণের দ্বারা তাহার একটী পাদ চাপিয়া ধরিয়া, তাহার অন্য পাদ দুই হস্তে ধরিলেন এবং মহাগজ যেমন বৃক্ষশাখাকে অবলীলাক্রমে চিরিয়া ফেলে, সেইরূপ ভীমসেন জরাসন্ধকে পায়ুদেশ হইতে মস্তকাবধি দ্বিখণ্ডে বিপাটিত করিয়া ফেলিলেন॥ ৩৫॥

তত্রত্য প্রজাবর্গ দেখিল যে, জরাসন্ধের আর সে কলেবর নাই। একটী পাদ, উরু, বৃষণ, কটি, পৃষ্ঠ, স্তন, স্কন্ধ, বাহু, চক্ষু, ভ্রূ ও কর্ণ বিশিষ্ট উভয় দেহখণ্ড উভয় দিকে নিপতিত অবলোকন করিয়া, মগধাধিপতিকে নিহত

পরিরব্ধস্তু কৃষ্ণেন বিরুজোঽভূৎ বৃকোদরঃ।
স্বস্থঃ সুখী নির্ব্রণশ্চ বলবীর্য্যসমন্বিতঃ॥
সহদেবং তত্তনয়ং ভগবান্ ভূতভাবনঃ।
অভ্যষিঞ্চদমেয়াত্মা মাগধানাং পতিং প্রভুঃ।
মোক্ষয়ামাস রাজন্যান্ সংরুদ্ধা মাগধেন যে॥ ৩৭॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে জরাসন্ধবধো দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭২ ॥ * ॥

অন্বয়ঃ।

কৃষ্ণেন পরিরব্ধঃ বৃকোদরঃ তু বিরুজঃ পীড়ারহিতঃ, স্বস্থচিত্তঃ সুখী, নির্ব্রণঃ ক্ষতরহিতঃ, বলেন বীর্য্যেণ তথা সমন্বিতঃ চ অভূৎ॥

তস্য জরাসন্ধস্য তনয়ং সহদেবং অমেয়াত্মা ভূতভাবনঃ ভগবান্ মাগধানাং পতিং অভ্যষিঞ্চৎ; তথা মাগধেন যে রাজানঃ সংরুদ্ধাঃ আসন্ তান্ রাজন্যান্ মোক্ষয়ামাস॥ ৩৭॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

দুর্ব্বৃত্তত্বাদসৌ হতো ন রাজ্যাভিলাষেণেতি দর্শয়ন্নাহ সহদেবমিতি॥ ৩৭॥

॥ * ॥ ইতি দশমে দ্বিসপ্ততিতমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একৈকঃ পাদাদি র্যয়ো স্তেঃ শকলে॥ ৩৬॥ ৩৭॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিণ্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
অত্র দ্বিসপ্ততিতমো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

জানিয়া সকলে হাহাকার ধ্বনি করিয়া উঠিল। এদিকে অর্জ্জুন এবং শ্রীকৃষ্ণ বৃকোদরকে আলিঙ্গন করত, বিশেষ প্রশংসা করিলেন॥ ৩৬।

পরম পুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণের আলিঙ্গনে ভীমসেনের গাত্রবেদনা দূরে গেল; চিত্ত শান্ত হইল এবং আঘাত-জনিত ক্ষতাদিও আরোগ্য হইয়া, পূর্ব্ববৎ বল ও বিক্রমে তিনি পুনরুৎসাহিত হইলেন॥

জরাসন্ধের মৃত্যু হইলে, ভগবান্ শ্রীকৃষ্ণ জরাসন্ধের পুত্র সহদেবকে তদীয় পিতার সিংহাসনে অধিরূঢ় করাইয়া, মাগধগণের অধিপত্যে অভিষিক্ত করিলেন। এবং মগধেশ্বর কর্ত্তৃক নিরুদ্ধ রাজন্যবর্গকেও সেই অমেয়াত্মা ভগবান্ তৎক্ষণাৎ নির্ম্মুক্ত করিলেন। ৩৭॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

শ্রীশুক উবাচ ।।
অযুতে দ্বে শতান্যষ্টৌ নিরুদ্ধা যুধি নির্জিতাঃ ।
তে নির্গতা গিরিদ্রোণ্যাং মলিনো মলবাসসঃ ॥
ক্ষুৎক্ষামাঃ শুষ্কবদনাঃ সংরোধপরিকর্ষিতাঃ ।
দদৃশু স্তে ঘনশ্যামং পীতকৌষেয়বাসসং ।। ১ ।।
শ্রীবৎসাঙ্কং চতুর্ব্বাহুং পদ্মগর্ভারুণেক্ষণং ।
চারুপ্রসন্নবদনং স্ফুরন্মকরকুণ্ডলং ॥

অন্বয়ঃ ।

শ্রীশুকঃ উবাচ। দ্বে অযুতে অষ্টৌ শতানি চ যে রাজন্যাঃ যুধি জরাসন্ধেন নির্জ্জিতাঃ গিরিদ্রোণ্যাং চ নিরুদ্ধাঃ মলিনঃ মলবাসসঃ ক্ষুৎক্ষামাঃ (ক্ষুধা ক্ষামাঃ দুর্ব্বলাঃ) শুষ্কবদনাঃ (শুষ্কাণি বদনানি যেষাং তে) সংরোধ-পরিকর্ষিতাঃ (সংরোধেন পরিকর্ষিতাঃ ক্লেশিতাঃ) তে পীতকৌষেয়বাসসং (পীতে কৌষেয়ে বাসসী যস্য তং) ঘনশ্যামং কৃষ্ণং দদৃশুঃ ॥ ১ ॥

শ্রীবৎসাঙ্কং (শ্রীবৎসঃ রোমরেখাবিশেষঃ বক্ষসি চিহ্নং যস্য তং পদ্মগর্ভারুণেক্ষণং (পদ্মগর্ভবৎ অরুণে ঈক্ষণে নেত্রে যস্য তং) চারু সুন্দরং প্রসন্নং বদনং চ যস্য তং, স্ফুরতী

শ্রীধরস্বামী ।

ততস্ত্রিসপ্ততিতমে মোচয়িত্বা নৃপান্ হরিঃ ।
রাজার্হভোগৈঃ স্বান্ দেশান্ প্রস্থাপ্য পুনরাগমৎ ॥
অত্যুন্নদ্ধজরাসন্ধবধাত্তক্রদ্ধভূপতীন্ ।
বিমোক্ষ্য কৃপয়া কৃষ্ণো নিজরূপমদর্শয়ৎ ॥ * ॥

যে নির্জিতা জরাসন্ধেন নিরুদ্ধাশ্চ গিরিদ্রোণ্যাং তে ততো নির্গতাঃ সন্তো ঘনশ্যামং দদৃশুরিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ত্রিসপ্ততিতমে ভূপৈর্মোচিতৈর্বীক্ষিতঃ স্তুতঃ ।
ভক্তিপ্রদো হরিঃ সন্তোষ্যৈতান্ পার্থপুরীমগাৎ ॥ * ॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র ! মগধেশ্বরকে নিহত করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ যখন তদীয় গিরিদ্রোণী নামক দুর্গের দ্বার উন্মোচন করিলেন, তখন তথা হইতে মগধরাজ কর্ত্তৃক পরাজিত সুতরাং সেই দুর্গে আবদ্ধ দুই অযুত অষ্টশত সংখ্যক মলিনগাত্র ও মলিন বসনধারী রাজা নির্গত হইলেন ।। ১ ।।

কারাবাস জনিত ক্লেশে একান্ত পরিক্লিষ্ট ও অন্নাভাবে শীর্ণকায় এবং ম্লান-

আভাস ।

ত্রিসপ্ততিতম অধ্যায়ে শ্রীকৃষ্ণ, অবরুদ্ধ-রাজগণকে মুক্ত করত রাজযোগ্য ভোগ দ্বারা পরিতৃপ্ত করিলেন এবং নিজ স্বরূপ দর্শন করাইয়া তাঁহাদিগকে স্ব স্ব দেশে প্রেরণ করিলেন ।

পদ্মহস্তং গদাশঙ্খরথাঙ্গৈরুপলক্ষিতং।
কিরীটহারকনককটিসূত্রাঙ্গদাঞ্চিতং ॥ ২ ॥
ভ্রাজদ্বরমণিগ্রীবং নিবীতং বনমালয়া ॥ ৩ ॥
পিবন্ত ইব চক্ষুর্ভ্যাং লিহন্ত ইব জিহ্বয়া।
জিঘ্রন্ত ইব নাসাভ্যাং রম্ভন্ত ইব বাহুভিঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

মকরাকারে কুণ্ডলে যস্য তং; পদ্মহস্তং গদাশঙ্খ রথাঙ্গৈঃ উপলক্ষিতং শোভিতং কিরীটাদিভিঃ অর্চিতং অলঙ্কৃতং ভ্রাজৎ ভ্রাজমানঃ বরমণিঃ কৌস্তুভঃ গ্রীবায়াং যস্য তং; বনমালয়া আপাদ-কটিবিলম্বিতয়া, নিবীতং ব্যাপ্তং, চতুর্ব্বাহুং ভগবন্তং শ্রীকৃষ্ণং দদৃশুঃ ॥ ২ ॥ ৩ ॥

তথা চক্ষুর্ভ্যাং পিবন্তঃ ইব জিহ্বয়া লিহন্তঃ ইব নাসাভ্যাং জিঘ্রন্তঃ ইব তথা বাহুভিঃ রম্ভন্তঃ ইব ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ক্ষুধা ক্ষামাঃ কৃশাঃ। সংরোধেন পরিকর্ষিতাঃ পরিক্লেশিতাঃ ॥ ২ ॥

ভ্রাজন্ ভ্রাজমানো বরমণিঃ কৌস্তুভো যয়া সা গ্রীবা যস্য তৎ। নিবীতং কণ্ঠলম্বিতয়া ব্যাপ্তং ॥ ৩ ॥

পিবন্ত ইবেত্যাদীনাং হরেঃ পাদয়োঃ প্রণেমুরিত্যুত্তরেণান্বয়ঃ। রম্ভন্তঃ পরিরম্ভমাণা ইব ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যে নির্জিতা জরাসন্ধেন নিরুদ্ধাশ্চ তে গিরিদ্রোণ্যাঃ সকাশান্নির্গতাঃ ॥ ১ ॥ ২ ॥

ভ্রাজন্ ভ্রাজমানো বরমণিঃ কৌস্তুভো যয়া সা গ্রীবা যস্য তং নিবীতং যুক্তং ॥ ৩ ॥

রম্ভন্তঃ পরিরম্ভমাণাঃ ॥ ৪ ॥

বদন সেই নৃপতিবৃন্দ কারাগার হইতে নির্ম্মুক্তিলাভে বাহিরে আসিয়া অকস্মাৎ পীত-কৌশেয় বসনধারী নবীন নীরদতুল্য শ্যামসুন্দর চারু-প্রসন্ন-বদন চতুর্ভুজ পদ্মগর্ভ সদৃশ অরুণলোচন ভগবান্ শ্রীহরিকে নয়নগোচর করিলেন; তাঁহার ভুজচতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম শোভা পাইতেছিল। তাঁহার বক্ষস্থলে শ্রীবৎস-লাঞ্ছিত দক্ষিণাবর্ত্ত রোমাবলি চিহ্ন, শ্রবণযুগলে মণিময় উজ্জ্বল কুণ্ডল, মস্তকে কিরীট, গলদেশে মণিময় হার, হস্তে বলয়, কটিতে কটিসূত্র, কণ্ঠদেশে কৌস্তুভ মণি এবং আপাদ-লম্বিত বনমালা ও অন্যান্য আভরণের শোভায় দিঙ্‌মণ্ডল আলোকিত হইয়াছিল ॥ ২ ॥ ৩ ॥

অহো! তাদৃশ অনুপম রূপ দর্শনে নৃপতিবৃন্দ বিস্ময়ে ও আনন্দে বিহ্বল হইয়া যেন লোচন-যুগলের দ্বারা তাঁহার রূপরাশি পান করিতে লাগিলেন, জিহ্বার দ্বারা যেন লেহন করিতে লাগিলেন এবং নাসিকার দ্বারা ঘ্রাণ

প্রণেমুর্হতপাপ্মানো মূর্দ্ধভিঃ পাদয়োর্হরেঃ।
কৃষ্ণসন্দর্শনাহ্লাদধ্বস্তসংরোধনক্লমাঃ॥
প্রশশংসুর্হৃষীকেশং গীর্ভিঃ প্রাঞ্জলয়ো নৃপাঃ॥ ৫॥
রাজান ঊচুঃ॥
নমস্তে দেবদেবেশ প্রপন্নার্ত্তিহরাব্যয়।
প্রপন্নান্ পাহি নঃ কৃষ্ণ নির্ব্বিণ্ণান্ ঘোরসংসৃতেঃ॥ ৬॥

অন্বয়ঃ।

কৃষ্ণস্য সন্দর্শনাদেব যঃ আহ্লাদঃ তেন, ধ্বস্তঃ নিরস্তঃ সংরোধনজঃ ক্লমঃ খেদঃ যেষাং তে হতপাপ্মানঃ নৃপাঃ রাজানঃ, হরেঃ পাদয়োঃ মূর্দ্ধ্নি প্রণেমুঃ তথা প্রাঞ্জলয়ঃ সন্তঃ গীর্ভিঃ হৃষীকেশং অন্তর্যামিণং কৃষ্ণং প্রশশংসুঃ তুষ্টুবুঃ॥ ৫॥

রাজানঃ ঊচুঃ। হে দেবদেবেশ (দেবানাং ব্রহ্মাদীনাং ঈশ) হে অব্যয়! হে প্রপন্নার্ত্তিহর! তে তুভ্যং নমঃ। হে কৃষ্ণ! ঘোরসংসৃতেঃ ঘোরায়াঃ সংসৃতেঃ সংসারাৎ নির্ব্বিণ্ণান্ সর্ব্বতো বিরক্তান্ প্রপন্নান্ নঃ অস্মান্, পাহি মোচয়॥ ৬॥

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণসন্দর্শনাহ্লাদেন ধ্বস্তঃ সংরোধেন ক্লমো যেষাং তে॥ ৫॥
সংরোধাদ্রক্ষিতানস্মান্ ঘোরায়াঃ সংসৃতেরপি পাহি পরিমোচয়॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবদেবেশেতি পারমৈশ্বর্য্যং। প্রপন্নেতি ভক্তবাৎসল্যং। অব্যয়েতি কূটস্থত্বঞ্চোক্তং॥৫॥
নানুসূয়ামঃ এনং অনুলক্ষীকৃত্য ন দোষমারোপয়ামঃ। অকারলোপ এনাদেশশ্চার্ষঃ।

করিতে লাগিলেন এবং বাহু যুগলের দ্বারা তাঁহাকে আলিঙ্গন করত পরম তৃপ্তি অনুভব করিতে লাগিলেন॥ ৪॥

কৃষ্ণসন্দর্শনের আনন্দে তাঁহাদের সংরোধন-জনিত ক্লেশ দূরে গেল; তাঁহারা সর্ব্বপাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া, ভগবান্ শ্রীকৃষ্ণের চরণতলে অবনত মস্তকে প্রণাম করিলেন। এবং কৃতাঞ্জলিপুটে সর্ব্বান্তর্যামী জনার্দ্দনকে মধুর বচনে স্তব করিতে লাগিলেন॥ ৫॥

নৃপতিগণ বলিলেন, হে শরণাগত-দুঃখহারিন্ অব্যয় দেবদেব! আপনাকে আমরা প্রণাম করি! এই ভীষণ সংসারক্ষেত্রে আমরা একান্ত বিরক্ত হইয়া আপনার শরণাগত হইলাম! আপনি আমাদিগকে এই ঘোর সংসার হইতে নির্ম্মুক্ত করুন্!॥ ৬॥

হে মধুসূদন! হে বিভো! আমরা এই মগধেশ্বরের প্রতি ঈর্ষাপরতন্ত্র হইয়া ইহাঁর প্রতি কোনরূপ দোষারোপ করিতেছি না; কারণ এই জরাসন্ধ কর্ত্তৃকই

নৈনং নাথানুসূয়ামো মাগধং মধুসূদন।
অনুগ্রহো যদ্ভবতো রাজ্ঞাং রাজ্যচ্যুতি র্বিভো ॥ ৭ ॥
রাজ্যৈশ্বর্য্যমদোন্নদ্ধো ন শ্রেয়ো বিন্দতে নৃপঃ।
ত্বন্মায়ামোহিতো নিত্যা মন্যতে সম্পদোঽচলাঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

হে নাথ! হে বিভো! হে মধুসূদন! বয়ং তু এনং মাগধং ন অনুসূয়ামঃ অস্মিন্ দোষান্ ন আবিষ্কুর্ম্মঃ। যৎ যস্মাৎ জরাসন্ধাৎ রাজ্ঞাং অস্মাকং রাজ্যচ্যুতিঃ রাজ্যাৎ চ্যুতিঃ ভ্রংশঃ জাতঃ, ততঃ চ ভগবতঃ অনুগ্রহঃ জাতঃ। অতঃ এতেন মহান্ অনুগ্রহঃ উপকারঃ এব জরাসন্ধেন কৃতঃ ॥ ৭ ॥

রাজ্যৈশ্বর্য্যমদোন্নদ্ধঃ রাজ্যে যৎ ঐশ্বর্য্যং তেন যঃ মদঃ তেন উন্নদ্ধঃ উচ্ছৃংখলঃ যতঃ ত্বন্মায়া-মোহিতঃ সন্ নৃপঃ আত্মনঃ শ্রেয়ঃ ন বিন্দতে উত (অনিত্যাঃ চঞ্চলাঃ অপি সম্পদঃ সমৃদ্ধীঃ অচলাঃ নিত্যাঃ চ মন্যতে ॥ ৮ ॥

শ্রীধরস্বামী

ননু ভবন্তো জরাসন্ধাসূয়াবিষ্টা ইহামুত্রভোগাসক্তাশ্চ কথং সংসৃতে র্মোচনীয়া ইত্যা-শঙ্ক্য সংপ্রতি ন বয়ং তথাভূতাঃ ইত্যাহু নৈনমিত্যষ্টভিঃ। হে নাথ বয়মেনং নানূসূয়ামঃ অণ্বপি দোষদৃষ্ট্যা ন পশ্যামঃ। কুত ইত্যত আহুঃ অনুগ্রহ ইতি। যদ্যস্মাৎ ॥ ৭ ॥

এতদেব ব্যতিরেকেণোপপাদয়তি রাজ্যৈশ্বর্য্যেতি। রাজ্যৈশ্বর্য্যাভ্যাং যো মদস্তেনোন্নদ্ধ উচ্ছৃঙ্খলঃ। নিত্যা অচলাঃ সম্পদো মন্যতে। যদ্বা। অনিত্যাঃ অসতীঃ অচলাঃ শাশ্বতী-র্মন্যতে ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

যৎ যতো মাগধাদেব রাজ্ঞামস্মাকং রাজ্যচ্যুতিঃ যতশ্চ রাজ্যচ্যুতে র্ভবতোঽনুগ্রহ ইতি ॥ ৬ ॥ ৭

রাজ্যচ্যুতেরনুগ্রহহেতুত্বমুপপাদয়ন্তি রাজ্যৈশ্বর্য্যেতি ত্রিভিঃ। উন্নদ্ধঃ উচ্ছৃঙ্খলঃ অনিত্যা অপি সম্পদঃ অচলাঃ শাশ্বতা র্মন্যতে ॥ ৮ ॥

আমাদের রাজ্যভ্রংশ ও কারাবাস যে ঘটিয়াছিল, তাহা আমাদের বরং মঙ্গ-লেরই হেতু হইয়াছে; যেহেতুক সেই উপলক্ষেই আমরা অদ্য আপনার অনুগ্রহের পাত্র হইলাম! অতএব জরাসন্ধ কর্ত্তৃকই আমরা উপকৃত হই-লাম, স্বীকার করিতে হইবে। ৭ ॥

রাজ্যৈশ্বর্য্যের মদে উৎশৃঙ্খল নরপতি কখন নিজের মঙ্গল অবধারণ করিতে পারেন না; তাঁহারা ভবদীয় মহামায়ায় মোহিত হইয়া, নিতান্ত চঞ্চল এবং ক্ষণধ্বংসী এই পার্থিব সম্পত্তি সমুদায়কেই নিত্য ও অচল বলিয়া মনে করিয়া থাকেন ॥ ৮ ॥

অনভিজ্ঞ বালক যেমন মরীচিকাকে ভ্রমে জলাশয় বলিয়া স্থির করে,

মৃগতৃষ্ণাং যথা বালা মন্যন্ত উদকাশয়ং।
এবং বৈকারিকীং মায়ামযুক্তা বস্তু চক্ষতে॥ ৯॥
বয়ং পুরা শ্রীমদ-নষ্টবুদ্ধয়ো জিগীষয়াস্যা ইতরেতরস্পৃধঃ।
ঘ্নন্তঃ প্রজাঃ স্বা অতিনির্ঘৃণাঃ প্রভো মৃত্যুং পুরস্ত্বাবিগণয্য দুর্ম্মদাঃ॥ ১০॥

অন্বয়ঃ।

বালাঃ অজ্ঞাঃ যথা মৃগতৃষ্ণাং মরীচিকাং উদকাশয়ং নদীতটাকাদিকং মন্যন্তে এবং অযুক্তাঃ ত্বৎসম্বন্ধরহিতাঃ অবিবেকিনঃ জনাঃ বৈকারিকং ভোগ্যকার্য্যাত্মনা পরিণতাং মায়াং প্রকৃতিং এব বস্তু চক্ষতে পরমপুরুষার্থতয়া পশ্যন্তি॥ ৯॥

হে প্রভো শ্রীকৃষ্ণ! যে বয়ং পুরা রাজ্যস্থিত্যবস্থায়াং স্বাঃ স্বকীয়াঃ প্রজাঃ ঘ্নন্তঃ অতিনির্ঘৃণাঃ অতিভয়ঙ্করস্বভাবাঃ যতঃ অস্যাঃ ভূমেঃ জিগীষয়া ইতরেতরস্পৃধঃ পরস্পরং স্পর্ধমানাঃ যতঃ শ্রীমদনষ্টবুদ্ধয়ঃ (শ্রীমদেন নষ্টা বুদ্ধি র্যেষাং তথাভূতাঃ বয়ং) যথা পুরস্থিতং মৃত্যুরূপং ত্বাং অবিগণয্য দুর্ম্মদাঃ অতিগর্বিতাঃ অভবাম॥ ১০॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। অবস্তু সদ্বস্তুতয়া পশ্যন্তীত্যাহুর্মৃগতৃষ্ণামিতি। বৈকারিকীং শব্দাদি বিকারাপন্নাং। অযুক্তা অবিবেকিনঃ॥ ৯॥

রাজ্যস্য যোগবিয়োগয়ে রনর্থার্থাবহত্বমস্মাস্বেব দৃষ্টমিত্যাহুর্বয়মিতি দ্বাভ্যাং। শ্রীমদেন নষ্টা বুদ্ধি র্যেষাং তে। অস্যাঃ পৃথিব্যাঃ। ইতরেতরস্পৃধঃ পরস্পরং স্পর্দ্ধমানাঃ। পুরঃ পুরতঃ। ত্বা ত্বাং মৃত্যুমবিগণয্য॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ রাজ্যাদিসম্পদঃ খলু সম্পদ এব ন ভবন্তীত্যাহুর্মৃগতৃষ্ণামিতি। বিকারাঃ শব্দাদয়ো বিষয়াস্তেভ্য উদ্ভূতাং ভোগসম্পত্তিং। মায়াং মায়িকীং। অযুক্তা অবিবেকিনঃ। বস্তু চক্ষতে যথা মৃগতৃষ্ণায়াং তেজ এব উদকং পশ্যন্তি তথৈব ভোগসম্পত্তৌ দুঃখমেব সুখং পশ্যন্তীত্যর্থঃ॥ ৯॥

অত্রোদাহরণান্যস্মদাদয় এবেত্যাহুর্বয়মিতি। অস্যাঃ পৃথিব্যা ইতরেতরস্পৃধঃ পরস্পরং স্পর্দ্ধমানাঃ মৃত্যুং ত্বাং পুরঃ অগ্রবর্ত্তিনং অবিগণয্য পুরা যে বয়ং দুর্ম্মদা আস্ম ত এব বয়ং

সেইরূপ ভবদীয় সম্বন্ধশূন্য অবিবেকী ব্যক্তিগণও স্রক্ চন্দন এবং বনিতাদি ভোগ্য কার্য্যরূপে পরিণত প্রকৃতি-স্থানীয়া মায়াকেই প্রকৃত বস্তু এবং পরম-পুরুষার্থ-ভাবে দৃষ্টি করিয়া থাকেন॥ ৯॥

হে প্রভো! পূর্ব্বে আমরা যখন রাজত্ব করিতাম, তখন শ্রীমদে আমাদের বুদ্ধি এতই বিনষ্ট হইয়াছিল যে, পরস্পরের প্রতি স্পর্দ্ধা করত, পরস্পরকে পরাজয় করিবার অভিপ্রায়ে নিতান্ত কঠিন-হৃদয়ের ন্যায়, আমরা স্বীয় প্রজাবর্গেরই নিধন অবলীলাক্রমে সাধিত করিয়াছি। কিন্তু কি আশ্চর্য্য!

তএব কৃষ্ণাদ্য গভীররংহসা দুরন্তবীর্য্যেণ বিচালিতাঃ শ্রিয়ঃ।
কালেন তন্বা ভবতোঽনুকম্পয়া বিনষ্টদর্পাশ্চরণৌ স্মরাম তে ॥ ১১ ॥
অথো ন রাজ্যং মৃগতৃষ্ণিরূপিতং দেহেন শশ্বৎ পততা রুজাং ভুবা।

অন্বয়ঃ।

হে কৃষ্ণ তে এব বয়ং অদ্য বিনষ্টদর্পাঃ বিগতগর্বাঃ গভীররংহসা (গভীরং অলক্ষিতং রংহঃ বেগঃ যস্য তেন) তথা দুরন্তবীর্য্যেণ (দুরন্তং বীর্য্যং পরাক্রমঃ যস্য তেন) ভবতঃ তন্বা মূর্ত্তি-বিশেষেণ কালেন শ্রিয়ঃ সকাশাৎ চ বিচালিতাঃ ভ্রংশিতাঃ সন্তঃ ভবতঃ অনুকম্পয়া তে তব চরণৌ স্মরাম ॥ ১১ ॥

অথ তস্মাৎ মৃগতৃষ্ণিরূপিতং মরুমরীচিতোয়বৎ আশুবিনাশি তথা শশ্বৎপততা ক্ষীয়-মাণেন, রুজাং রোগাণাং, ভুবা উৎপত্তিস্থানভূতেন দেহেন উপাসিতব্যং সেবিতব্যং, রাজ্যং ন স্পৃহয়ামহে তথা হে বিভো! প্রেত্য পরলোকং স্বর্গাদিকং প্রাপ্য, উপাসিতব্যং ভোগ্যং

শ্রীধরস্বামী।

পুরা যে দুর্ম্মদা বয়ং হে শ্রীকৃষ্ণ তএব বয়ং অদ্য বিনষ্টদর্পাস্তে চরণৌ স্মরাম স্মর্ত্তুমাশা-স্মহে। কথম্ভূতাঃ ভবতস্তন্বা মূর্ত্ত্যা কালেন শ্রিয়ো বিচালিতাঃ ভ্রংশিতাঃ। অতো রাজ্য-চ্যুতির্ভবদনুগ্রহ এবেত্যর্থঃ ॥ ১১ ॥

অতএব অথো অনন্তরং মৃগতৃষ্ণিকয়া সদৃশং রাজ্যং শশ্বৎপততা প্রতিক্ষণং ক্ষীয়মাণেন তথা রুজাং রোগাণাং ভুবা জন্মক্ষেত্রেণ দেহেন উপাসিতব্যং সেব্যং ন স্পৃহয়ামহে। প্রেত্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদ্য ইদানীং ভবতস্তন্বা তন্মুরূপেণ কালেন শ্রিয়ো বিচালিতা ভ্রংশিতাঃ সন্তঃ ভবতোঽনু-কম্পয়া প্রাপ্তয়া চরণৌ স্মরাম প্রার্থনায়াং লোট্ স্মর্ত্তুং কাময়ামহে। অতো রাজ্যচ্যুতি-র্ভবদনুগ্রহহেতুরিত্যনুভবামঃ ॥ ১০ ॥ ১১ ॥

অথো অতএব মৃগতৃষ্ণিরূপিতং মৃগতৃষ্ণাবদ্ভিরেব জনৈরূপিতং সুন্দরীকৃতং রাজ্যং ন স্পৃহয়া-মহে। দ্বিতীয়ান্তস্মার্ষং। কীদৃশং। শশ্বৎপততা ক্ষণভঙ্গুরেণ রুজাং ভুবা রোগমন্দিরেণ দেহেন

আমরা তৎকালে এতই মিথ্যা অভিমানে বিমোহিত ছিলাম যে, কালমূর্ত্তিতে সাক্ষাৎ কৃতান্তস্বরূপ আপনি যে নিরন্তর সম্মুখে দণ্ডায়মান, তাহা একবারও আমরা মনে স্থান দিতাম না ॥ ১০ ॥

এক্ষণে আমাদের সেই দর্প চূর্ণ হইয়াছে; অলক্ষ্যবেগ এবং অনতিক্রমণীয়-বিক্রম ভবদীয় কালরূপা মূর্ত্তির প্রবাহে অদ্য আমরা সেই ঐশ্বর্য্য হইতে সম্পূর্ণ ভ্রষ্ট হইয়াছি! এক্ষণে আপনার চরণতলে শরণ গ্রহণ করিলাম! ॥ ১১ ॥

অতএব হে দয়াময়! মরুভূমে মরীচিতোয় সদৃশ ক্ষণধ্বংসী এই রাজ্যা-দিকে আর রোগের নিদানভূত এবং নিরন্তর পতনের সম্ভাবনাবিশিষ্ট এই

উপাসিতব্যং স্পৃহয়ামহে বিভো ক্রিয়াফলং প্রেত্য চ কর্ণরোচনং ॥ ১২ ॥
তৎ নঃ সমাদিশোপায়ং যেন তে চরণাব্জয়োঃ।
স্মৃতি র্যথা ন বিরমেদপি সংসরতামিহ ॥

অন্বয়ঃ।

কর্ণরোচনং (কর্ণয়োঃ রোচনং রুচিজনকং ফলতঃ অবিশুদ্ধিক্ষয়াতিশয়দোষযুক্তং) ক্রিয়াফলং স্বর্গসুখাদিকং, অপি ন স্পৃহয়ামহে ॥ ১২ ॥

অতঃ যেন উপায়েন যথানুষ্ঠিতেন ইহ সংসারে সংসরতাং ভ্রমতাং, অপি নঃ অস্মাকং, তে তব চরণাব্জয়োঃ স্মৃতিঃ ন বিরমেৎ বিচ্ছিন্না ন ভবেৎ, তৎ উপায়ং সমাদিশ বিজ্ঞাপয় ॥

শ্রীধরস্বামী।

পরলোকে চ ক্রিয়াফলং স্বর্গাদিভোগং ন স্পৃহয়ামহে। কথম্ভূতং কর্ণয়ো রোচনং রুচিজনকমাত্রং। তত্র গতস্য স্পর্দ্ধাদ্যনপগমেন সুখাভাবাদিত্যর্থঃ ॥ ১২ ॥

যদ্যেবম্ভূতা যূয়ং তর্হি মম চরণৌ স্মরত ততোঽনায়াসেন মুক্তি র্ভবিষ্যতি কিং মদপেক্ষ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপাসিতব্যমিতি রাজ্যস্য দুঃখপ্রদত্বমেব দর্শিতং। তর্হি রাজ্যোপগতৈর্ব্ভুধনৈরশ্বমেধাদয়ো যাগাঃ কর্ত্তব্যা স্তত্রাহুঃ ক্রিয়াফলং স্বর্গঞ্চ ন স্পৃহয়ামহে। কুতঃ কর্ণরোচনং কর্ণাভ্যামেব রোচকং অত্র গতস্যাপি স্পর্দ্ধাদ্যনপগমেন সুখাভাবাদিতি ভাবঃ ॥ ১২ ॥

নন্থ তর্হি সাযুজ্যমুক্তি র্দীয়তে গৃহ্যতাং তত্র নহি নহীত্যাহুস্তমিতি। তৎ উপায়ং সম্যক্তয়া গ্রহীতুং কর্ত্তুঞ্চ শক্যত্বেনাদিশ যেন স্মৃতি র্ন বিরমেৎ ইহ বিবিধযোনৌ সংসরতামপীতি। ন সংসারভঙ্গে কামনা কিন্তুতিলোভ্যায়াং প্রেমভক্তাবপি অতিদৈন্যোদয়েনৈব ন কামনা নাপি তদঙ্গভূতায়াং স্মৃতাবপি কিন্তু তস্যা উপায়ে এব তত্রাপি দেহীত্যপ্রযুজ্য সমাদিশত্যনেনাপি সাক্ষাত্তত্রাপীতি ভক্ত্যধিকারোচিতানাং নিষ্কামত্বদৈন্যবিনয়াদীনাং পরমাবধিরেব দর্শিতঃ ॥

দেহের দ্বারা আর ভোগ করিতে প্রার্থনা করি না! এবং শ্রবণসুখকর অথচ পারণামে অবিশুদ্ধ, ক্ষয় এবং অতিশয়াদি দোষবিশিষ্ট বেদোক্ত ক্রিয়াফল স্বর্গাদির উপাসনা করিতেও আমাদের চিত্ত আর অগ্রসর হইতেছে না ॥ ১২ ॥

অতএব হে বিভো! আমাদিগকে এমন কোন উপায়ের উপদেশ করুন্! যাহার অনুশীলনে আমরা এই ভীষণ সংসার-ক্ষেত্রে নিরন্তর ভ্রমণ করিয়াও, ভবদীয় চরণকমলের স্মৃতি হইতে কখন বঞ্চিত না হই! আপনার চরণকমল আমাদের হৃদয়কমলে যেন নিরন্তর জাগরূক থাকে ॥

হে শরণাগত-জন-পালক! হে ভক্তদুঃখহারিন্! আপনাকে প্রণাম করি! আপনি জীবমাত্রেরই অন্তরে অন্তর্যামিরূপে অবস্থান করত ইন্দ্রিয়-

কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ॥ ১৩॥
শ্রীশুক উবাচ॥
সংস্তূয়মানো ভগবান্ রাজভি র্মুক্তবন্ধনৈঃ।
তানাহ করুণস্তাত শরণ্যঃ শ্লক্ষ্ণয়া গিরা॥ ১৪॥

অন্বয়ঃ।

প্রণতক্লেশনাশায় (প্রণতানাং ভক্তানাং ক্লেশং নাশয়তি যঃ তস্মৈ) হরয়ে ভক্তক্লেশ-হরণ-স্বভাবায়, পরমাত্মনে সর্ব্বান্তর্যামিণে বাসুদেবায় গোবিন্দায় কৃষ্ণায় নমো নমঃ॥ ১৩॥

শ্রীশুকঃ উবাচ। হে তাত! মুক্তবন্ধনৈঃ রাজভিঃ এবং সংস্তূয়মানঃ শরণ্যঃ আশ্রয়যোগ্যঃ, করুণঃ দয়াপূর্ণঃ, ভগবান্ শ্রীকৃষ্ণঃ, শ্লক্ষ্ণয়া মধুরয়া, গিরা তান্ আহ॥ ১৪॥

শ্রীধরস্বামী।

য়েতি চেদত আহু স্তন্ন ইতি। ত্বচ্চরণস্মৃতিরপি ত্বৎপ্রসাদফলমেবেত্যর্থঃ॥ ১৩॥

শ্লক্ষ্ণয়া মঞ্জুলয়া॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অয়মযোগ্যেভ্যোঽপ্যস্মভ্যং কৃপয়ৈব সমাদেষ্টব্য ইতি দণ্ডবদবনি-প্রণিপাতপুরঃসরং সাষ্টাঙ্গং নামানি সংকীর্ত্তয়ন্তঃ প্রণমন্তি। কৃষ্ণায় স্বয়ং ভগবতে বাসুদেবায় সর্ব্বজীবেষু কৃপয়ৈব বসুদেবাৎ প্রকটীভূতায়। হরয়ে দৈত্যাদীনামপি সংসারদুঃখহন্ত্রে পরমাত্মনে শান্ত-ভক্তানাং পরমাত্মত্বেন দাসাদিভক্তানাং পরমপ্রেমাস্পদত্বেন চ ভাসমানায়। প্রণতানাং সাধকভক্তানাং ভক্তিপ্রতিবন্ধকক্লেশহন্ত্রে গোবিন্দায় সংপ্রত্যস্মাকং গা নয়নশ্রবণনাসাদীন্দ্রিয়াণি সৌন্দর্য্যসৌস্বর্য্যসৌরভ্যাদি-সুধাপ্রদানার্থং বিন্দতে প্রাপ্নুবতে তুভ্যং পুনঃ পুন-র্নমামঃ॥ ১৩॥ ১৪॥

স্বর্গের বৃত্তিসমূহ পরিজ্ঞাত আছেন। হে বাসুদেব! হে শ্রীকৃষ্ণ! আপনাকে প্রণাম করি।॥ ১৩॥

মহর্ষি শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বৎস! জীবমাত্রেরই আশ্রয়পদ করুণাময় ভগবান্ শ্রীকৃষ্ণ নৃপতিগণকে জরাসন্ধের কারাগার হইতে নির্ম্মুক্ত করিলে, রাজাগণ ভক্তি ও সম্ভ্রম-সহকারে তাঁহার স্তব করিলেন এবং শ্রীকৃষ্ণও মধুর বচনে তাঁহাদিগকে সম্বোধন করত নিম্ন-লিখিত উপদেশপূর্ণ কথাগুলি বলিয়াছিলেন—॥ ১৪॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে ভূপতিগণ! তোমরা আমার নিকট যাহা প্রার্থনা করিয়াছ, কখনই তাহার অন্যথা ঘটিবে না। তোমাদের প্রার্থনা অনুসারে অদ্যাবধি অখিলেশ্বর সর্ব্বজীব-হৃদয় আমাতে তোমাদের অচলা-

শ্রীভগবানুবাচ ॥

অদ্য প্রভৃতি বো ভূপা ময্যাত্মন্যখিলেশ্বরে।
সুদৃঢ়া জায়তে ভক্তি র্বাঢ়মাশংসিতং যথা ॥ ১৫ ॥
দিষ্ট্যা ব্যবসিতং ভূপা ভবন্ত ঋতভাষিণঃ।
শ্রিয়ৈশ্বর্য্যমদোন্নাহং পশ্য উন্মাদকং নৃণাং ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে ভূপাঃ! যুষ্মাভিঃ যথা আশংসিতং প্রার্থিতং, তথা বাঢ়ং নিশ্চিতং, যঃ যুষ্মাকং, অদ্য প্রভৃতি অখিলেশ্বরে আত্মনি ময়ি সুদৃঢ়া ভক্তিঃ জায়তে জায়তাং নিরন্তরং ভবতু ॥ ১৫ ॥

হে ভূপাঃ! ভবদ্ভিঃ যৎ ব্যবসিতং (মৎস্মরণমেব কর্ত্তব্যং তৎ) দিষ্ট্যা আনন্দকরং এব। ভবন্তঃ ঋতভাষিণঃ এব। শ্রিয়ৈশ্বর্য্যমদোন্নাহং (শ্রিয়া ধনেন সহিতং যৎ ঐশ্বর্য্যং তেন যঃ মদোন্নাহঃ মদবন্ধনং) নৃণাং উন্মাদকং শ্রেয়ঃপ্রতিবন্ধকং তৎ অহং পশ্যে পশ্যামি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

যথা ভবদ্ভিরাশংসিতং তথা বাঢ়ং নিশ্চিতং যো ময়ি ভক্তির্জায়তে জায়তামিত্যর্থঃ ॥ ১৫ ॥

হে ভূপা মদ্ভজনমেব কর্ত্তব্যমিতি ভবদ্ভির্ব্যবসিতং সঙ্কল্পিতং দিষ্ট্যা ভদ্রং ভবদ্ভিরুক্তঞ্চ সত্যমেবেত্যাহ ভবন্ত ইতি। শ্রীশ্চ ঐশ্বর্য্যঞ্চ তাভ্যাং মদস্তেনোন্নাহং উদ্বন্ধনং স্বৈরাচারমিত্যর্থঃ। পশ্যে পশ্যামি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে ভূপা ইতি তন্নঃ সমাদিশেতি বাক্যেনৈব মদ্ভক্তজনস্বভাবপ্রখ্যাপকেন সর্ব্বা ভূরপি মদ্ভক্তিরীতিসুধাবিতরণেন পালিতৈবেতি ভাবঃ। বাঢ়মিতি প্রতিজ্ঞায়াং ইদমহং প্রতিজানে ইত্যর্থঃ। যথা আসংশিতমাকাঙ্ক্ষিতং তথা তেনৈব প্রকারেণ ভক্তিঃ সুদৃঢ়া জায়তে মৎকর্ত্তৃক উপায়াদেশঃ যুষ্মৎকর্ত্তৃকমুপায়জ্ঞানং উপায়ানুষ্ঠানং ততো দৃঢ়া স্মৃতি স্তয়াচ সুদৃঢ়েতি প্রেমভক্তিরপ্যনেব ক্ষণমাত্রেণৈবোপায়োপেয়তদ্দার্ঢ্যাদিকযুক্তা জায়তে ক্রমেণানুভবতেতি ভাবঃ। অদ্য প্রভৃতি নিত্যনবীনা ভবন্তীত্যর্থঃ ॥ ১৫ ॥

ভক্তিরেব কর্ত্তব্যেতি যদ্ব্যবসিতং তদ্দিষ্ট্যা। যতঃ শ্রিয়া সম্পত্ত্যা তেন যো মদস্তেন চোন্নাহং উদ্বন্ধনং উচ্ছৃঙ্খলত্বমিত্যর্থঃ। পশ্যেত্যার্ষং ॥ ১৬ ॥

ভক্তি নিত্য উদিত থাকিবে, সন্দেহ নাই ॥ ১৫ ॥

হে পৃথ্বীপালগণ! আমার প্রতি চিত্ত সংযত করত নিরন্তর ধ্যান করা কর্ত্তব্য বলিয়া আপনারা যে নিশ্চয় করিয়াছেন, ইহাতে আপনাদের পরম সৌভাগ্য ও আনন্দেরই পরিচয় সন্দেহ নাই। আপনারা প্রকৃত তত্ত্বেরই উল্লেখ করিয়াছেন! কারণ শ্রীঃ এবং ঐশ্বর্য্যের মদে উৎপথগামী মানবগণের পক্ষে শ্রেয়োলাভে যে প্রতিবন্ধক জন্মে, তাহা আমি যথেষ্ট অবলোকন করিয়াছি ॥ ১৬

হৈহয়ো নহুষো বেণো রাবণো নরকোঽপরে।
শ্রীমদাদ্‌ভ্রংশিতাঃ স্থানাদ্দেবদৈত্যনরেশ্বরাঃ ॥ ১৭ ॥
ভবন্ত এতদ্বিজ্ঞায় দেহাদ্যুৎপাদ্যমন্তবৎ।
মাং যজন্তোঽধ্বরৈর্যুক্তাঃ প্রজা ধর্ম্মেণ রক্ষথ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

হৈহয়ঃ সহস্রবাহুঃ অর্জ্জুনঃ, নহুষাদয়ঃ দেবদৈত্যনরেশ্বরাঃ অপি শ্রীমদাৎ হেতোঃ স্থানাৎ ভ্রংশিতাঃ ॥ ১৭ ॥

অতঃ ভবন্তঃ উৎপাদ্যং যৎ সৃষ্টং দেহাদি তৎ অন্তবৎ বিনাশি ইতি বিজ্ঞায় অধ্বরৈঃ যজ্ঞৈঃ, মাং যজন্তঃ পূজয়ন্তঃ, ধর্ম্মেণ প্রজাঃ রক্ষথ রক্ষত ইতি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

তদেবাহ হৈহয় ইতি। হৈহয়ঃ কার্ত্তবীর্য্যশ্চক্রবর্ত্তী নরেশ্বরঃ পিতুঃ কামধেনুহরণাৎ পরশুরামেণ সপুত্রো হতঃ। নহুষো দেবেন্দ্রতাং প্রাপ্ত উন্মত্তঃ শচীসঙ্গায় ব্রাহ্মণান্ শিবিকাং বাহয়ন্ তৈরেব ততো ভ্রংশিতোঽজগরত্বমবাপ বেণোঽপ্যুন্মত্তো ব্রাহ্মণানধিক্ষিপন্ তৈরেব হুঙ্কৃতৈ র্হতঃ। রাবণো রাক্ষসেশ্বরঃ সীতামভিলষন্ শ্রীরাঘবেণ হতঃ। নরকো দৈত্যেশ্বরোঽদিতিকুণ্ডলাদ্যাহরণাৎ ময়ৈব হতঃ। অপরে চ শ্রীমদাৎ স্থানাৎ ভ্রংশিতাঃ ॥ ১৭ ॥

যদুৎপাদ্যং দেহাদি তদন্তবৎ বিজ্ঞায় যুক্তা অপ্রমত্তাঃ। রক্ষথ রক্ষতেত্যর্থঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থানাৎ স্বপদাৎ ॥ ১৭ ॥

কিন্তু মদাজ্ঞয়া লোকরীতিরেবানুসরণীয়েত্যাহ ভবন্ত ইতি ॥ ১৮ ॥

কারণ হৈহয়-বংশীয় রাজচক্রবর্ত্তী কার্ত্তবীর্য্যার্জ্জুন লোভবশত জমদগ্নির কামধেনু হরণ করায়, জমদগ্নি-নন্দন পরশুরাম কর্ত্তৃক সবংশে নিহত হইয়াছেন। রাজা নহুষ ইন্দ্রত্ব লাভে গর্ব্বিত হইয়া, শচী-সম্ভোগের কামনা করেন; কিন্তু সেই পতিব্রতা শচীর কৌশলে তিনি ব্রাহ্মণবাহ্য শিবিকায় আরোহণ পূর্ব্বক যখন আগমন করিতেছিলেন, তখন সেই বাহক ব্রাহ্মণগণের দ্বারাই তিনি ঐশ্বর্য্যভ্রষ্ট হইয়া, সর্পযোনি প্রাপ্ত হইয়াছিলেন। রাজা বেণও মদমত্ত হইয়া, ব্রাহ্মণগণের অপমান করিলে, ব্রাহ্মণগণ হুঙ্কার-ধ্বনিতেই উক্ত পাষণ্ডের প্রাণবধ করিয়াছিলেন। রাক্ষসাধিপতি লঙ্কেশ্বর রাবণ সীতা-কামনা করিয়াই রামচন্দ্র কর্ত্তৃক নিহত হইয়াছেন। দৈত্যেশ্বর নরকাসুর অদিতির কুণ্ডল অপহরণ করায়, আমিই তাহার নিধন সাধন করিয়াছি। এই প্রকারে অনেকেই ঐশ্বর্য্যমদের দোষে শ্রীভ্রষ্ট হইয়াছেন ॥ ১৭ ॥

অতএব আপনারা ধন, জন, গৃহাপত্য কলত্র ও দেহাদি যাবতীয় উৎপন্ন

সংতন্বন্তঃ প্রজাতন্তূন্ সুখদুঃখে ভবাভবৌ।
প্রাপ্তং প্রাপ্তঞ্চ সেবন্তো মচ্চিত্তা বিচরিষ্যথ ॥ ১৯ ॥
উদাসীনাশ্চ দেহাদাবাত্মারামা ধৃতব্রতাঃ।
ময্যাবেশ্য মনঃ সম্যঙ্মামন্তে ব্রহ্ম যাস্যথ ॥ ২০ ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যাদিশ্য নৃপান্ কৃষ্ণো ভগবান্ ভুবনেশ্বরঃ।

অন্বয়ঃ।

প্রজাতন্তূন্ পুত্রপৌত্রাদিসন্ততীঃ সংতন্বন্তঃ বিস্তারয়ন্তঃ, সুখদুঃখাদিকং চ প্রাপ্তং প্রাপ্তং সেবন্তঃ সমত্বেন সেবমানাঃ মচ্চিত্তাঃ সন্তঃ বিচরিষ্যথ ॥ ১৯ ॥

দেহাদৌ উদাসীনাঃ আত্মারামাঃ ধৃতব্রতাঃ যূয়ং ময়ি মনঃ আবেশ্য অন্তে মাং ব্রহ্ম সম্যক্ যাস্যথ ॥ ২০ ॥

শ্রীশুকঃ উবাচ। ভুবনেশ্বরঃ ভগবান্ কৃষ্ণঃ নৃপান্ ইতি আদিশ্য অনুশিষ্য তেষাং মজ্জন-

শ্রীধরস্বামী।

প্রজাতন্তূন্ পুত্রাদিসন্ততীঃ। প্রাপ্তং প্রাপ্তং সমত্বেন সেবমানাঃ ॥ ১৯ ॥

মাং ব্রহ্ম যাস্যথ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রজাতন্তূন্ পুত্রাদিসন্ততীঃ। ভবাভবৌ ভূত্যভূতী। প্রাপ্তৌ চ প্রাপ্তৌ চেতি প্রাপ্তং একশেষঃ ॥ ১৯ ॥ ২০ ॥

ভোগ্য পদার্থকে অনিত্য ও দুঃখপ্রদ জ্ঞানে উপেক্ষা করত, যজ্ঞের দ্বারা যে আমার আরাধনা করিতে প্রস্তুত হইয়াছেন, তাহাতে আপনাদের মঙ্গল-লাভই হইবে এবং ধর্ম্মানুসারে সুখে প্রজাবর্গকে প্রতিপালন করিবেন, সন্দেহ নাই ॥ ১৮ ॥

পুত্রপৌত্রাদিক্রমে আপনাদের বংশ উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইবে এবং সুখ বা দুঃখ যখন যাহাই উপস্থিত হউক্ না, সহিষ্ণুতা সহকারে অবলীলাক্রমে তুল্য-দৃষ্টিতে তাহা ভোগ করত আপনারা কখন উদ্বিগ্নচিত্ত হইবেন না ; অথচ পরমাত্মস্বরূপ আমাতে চিত্ত স্থির রাখিয়া, অনায়াসে বিচরণ করিবেন ॥ ১৯ ॥

দেহ, গেহ ও কলত্রাদির প্রেমে আপনাদের চিত্ত কখন অভিভূত হইবে না ; আপনারা নৈষ্টিক ব্রতাবলম্বীর ন্যায়, আনন্দে চিরকাল নিমগ্ন থাকিয়া, আমাতে চিত্ত সমাহিত করত অন্তে ব্রহ্মসাযুজ্য লাভ করিবেন, সন্দেহ নাই ॥ ২০ ॥

ত্রিলোকপতি ভগবান্ শ্রীকৃষ্ণ সেই নৃপতিবৃন্দকে এইপ্রকার উপদেশ

তেষাং ন্যযুঙ্ক পুরুষান্ স্ত্রিয়ো মজ্জনকর্ম্মণি ॥ ২১ ॥
সপর্য্যাং কারয়ামাস সহদেবেন ভারত।
নরদেবোচিতৈ র্বস্ত্রৈ র্ভূষণৈঃ স্রগ্বিলেপনৈঃ ॥
ভোজয়িত্বা বরান্নেন সুস্নাতান্ সমলঙ্কৃতান্।
ভোগৈশ্চ বিবিধৈ র্যুক্তাং স্তাম্বূলাদ্যৈ র্নৃপোচিতৈঃ ॥ ২২ ॥
তে পূজিতা মুকুন্দেন রাজানো মৃষ্টকুণ্ডলাঃ।
বিরেজু র্মোচিতাঃ ক্লেশাৎ প্রাবৃড়ন্তে যথা গ্রহাঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

কর্ম্মণি অভ্যঙ্গস্নানাদৌ পুরুষান্ স্ত্রিয়ঃ চ ন্যযুঙ্ক্ত ॥ ২১ ॥

হে ভারত! সহদেবেন জরাসন্ধপুত্রেণ নরদেবোচিতৈঃ (নরদেবানাং রাজ্ঞাং উচিতৈঃ যোগ্যৈঃ) বস্ত্রৈঃ ভূষণৈঃ স্রগ্বিলেপনৈঃ চ তেষাং সপর্য্যাং কারয়ামাস ॥

এবং সুস্নাতান্ সমলঙ্কৃতান্ চ তান্ বরেণ শ্রেষ্ঠেন অন্নেন ভোজয়িত্বা তাম্বূলাদ্যৈঃ নৃপোচিতৈঃ বিবিধৈঃ ভোগৈঃ চ যুক্তান্ কারয়ামাস ॥ ২২ ॥

তে রাজানঃ মুকুন্দেন ক্লেশাৎ মোচিতাঃ তথা পূজিতাঃ চ তে মৃষ্টকুণ্ডলাঃ (মৃষ্টানি কুণ্ডলানি যেষাং তে) রাজানঃ প্রাবৃড়ন্তে শরৎকালে গ্রহাঃ যথা তথা বিরেজুঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

স্ত্রিয়ঃ স্ত্রীশ্চ তেষাং মজ্জনকর্ম্মণি অভ্যঙ্গস্নানাদৌ ন্যযুঙ্ক্ত ॥ ২১ ॥

সুস্নাতান্ সম্যগলঙ্কৃতান্ ভোগৈশ্চ যুক্তান্ বরান্নেন ভোজয়িত্বা পুনস্তেষাং সপর্য্যাং সহদেবেন কারয়ামাস ॥ ২২ ॥

গ্রহাশ্চন্দ্রাদয়ো যথা ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ত্রিয়শ্চ মজ্জনকর্ম্মণি অভ্যঙ্গস্নানাদৌ ॥ ২১ ॥ ২২ ॥

প্রদানে অভ্যর্হিত করিলেন; পরে তাঁহাদের অভ্যঙ্গ ও স্নানাদি করাইবার জন্য বহুবিধ নর নারীকে নিযুক্ত করিলেন ॥ ২১ ॥

হে ভারত! জরাসন্ধপুত্র সহদেবের দ্বারা সেই নৃপতিবৃন্দের রাজোচিত বস্ত্র, অলঙ্কার ও মাল্য গন্ধাদি প্রদানে বেশ ভূষাদির সম্পাদন করাইলেন ॥

নৃপতিগণের স্নানাদি সমাপন হইলে, উৎকৃষ্ট স্বাদু রাজোচিত অন্ন ও ব্যঞ্জনাদির দ্বারা তাঁহাদিগকে ভোজন করাইলেন এবং আহারান্তে তাম্বূল ও সুখোচিত বিবিধ ভোগের দ্বারা তাঁহাদের তৃপ্তি সাধন করিলেন ॥ ২২ ॥

মুক্তিদাতা ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক জরাসন্ধের কারাগার হইতে নির্ম্মুক্ত এবং তাদৃশভাবে সম্মানিত নৃপতিগণ অপূর্ব্ব মণিময় কুণ্ডলাদি ধারণে বর্ষার

রথান্ সদশ্বানারোপ্য মণিকাঞ্চনভূষিতান্।
প্রীণয্য সুনৃতৈর্বাক্যৈঃ স্বদেশান্ প্রত্যযাপয়ৎ॥
ত এবং মোচিতাঃ কৃচ্ছ্রাৎ কৃষ্ণেন সুমহাত্মনা।
যযুস্তমেব ধ্যায়ন্তঃ কৃতানিচ জগৎপতেঃ॥ ২৪॥
জগদুঃ প্রকৃতিভ্য স্তে মহাপুরুষচেষ্টিতং।
যথাঽঽশাসদ্ভগবাংস্তথা চক্রুরতন্দ্রিতাঃ॥

অন্বয়ঃ।

ততশ্চ মণিকাঞ্চনভূষিতান্ তান্ রাজ্ঞঃ সদশ্বান্ রথান্ আরোপ্য সুনৃতৈঃ বাক্যৈঃ প্রীণয্য হর্ষয়িত্বা, স্বদেশান্ প্রত্যযাপয়ৎ প্রস্থাপয়ামাস॥

সুমহাত্মনা কৃষ্ণেন এবং কৃচ্ছ্রাৎ ক্লেশাৎ, মোচিতাঃ তে রাজানঃ তং কৃষ্ণং তথা জগৎপতেঃ তস্য কৃষ্ণস্য কৃতানি চ ধ্যায়ন্তঃ এব পথি যযুঃ॥ ২৪॥

গৃহং গত্বা চ তে প্রকৃতিভ্যঃ অমত্যাদিভ্যঃ, মহাপুরুষচেষ্টিতং জরাসন্ধঘাতাদি জগদুঃ উচুঃ। তথা ভগবান্ যথা অশাসৎ অনুশিক্ষিতবান্, তথা অতন্দ্রিতাঃ সাবধানাঃ, সন্তঃ তে সর্ব্বে তথা চক্রুঃ চ॥

শ্রীধরস্বামী।

প্রীণয্য নন্দয়িত্বা॥ ২৪॥

অন্তে শরৎকালীন পূর্ণ শশধরাদি গ্রহনিচয়ের ন্যায়, অপূর্ব্ব শোভা ধারণ করিলেন। ২৩॥

অনন্তর নানাবিধ বিচিত্র মণি ও কাঞ্চনাদিতে বিভূষিত সেই ভূপতিগণকে সুন্দর অশ্বে সংযোজিত পৃথক্ পৃথক্ রথে প্রত্যেককে আরোহণ করাইয়া, অতি মধুর বাক্যে তাঁহাদের সন্তোষ উৎপাদন করাইয়া স্ব স্ব দেশে প্রেরণ করিলেন॥

মহাত্মনা কৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে দুঃখ-সাগর হইতে নির্ম্মুক্ত হইয়া, সেই নৃপতিবৃন্দ মনে মনে পরম পুরুষ শ্রীকৃষ্ণকে এবং তদীয় অদ্ভুত আচরণাদি স্মরণ করত স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন॥ ২৪॥

তাঁহারা সকলে স্ব স্ব রাজ্যে প্রত্যাগমন করত পুরুষোত্তম ভগবান্ শ্রীকৃষ্ণকৃত তাদৃশ অদ্ভুত ব্যাপারের বিষয় স্ব স্ব অমাত্যাদি রাজ-পরিবারগণের নিকট বর্ণন করিলেন। এবং শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে যেরূপ উপদেশ দিয়াছিলেন, তাঁহারা গৃহে যাইয়া, অতি সাবধানে সেইরূপই অনুষ্ঠান করিতে লাগিলেন॥

এদিকে ভীমসেনের দ্বারা জরাসন্ধের নিধন সাধন করিয়া কৃষ্ণ যখন প্রস্থানের জন্য উদ্যোগী হইলেন, জরাসন্ধ-তনয় সহদেব তাঁহার যথেষ্ট

জরাসন্ধং ঘাতয়িত্বা ভীমসেনেন কেশবঃ।
পার্থাভ্যাং সংযুতঃ প্রায়াৎ সহদেবেন পূজিতঃ ॥ ২৫ ॥
গত্বা তে খাণ্ডবপ্রস্থং শঙ্খান্ দধ্মুর্জিতারয়ঃ।
হর্ষয়ন্তঃ স্বসুহৃদো দুর্হৃদাঞ্চাসুখাবহাঃ ॥ ২৬ ॥
তচ্ছ্রুত্বা প্রীতমনস ইন্দ্রপ্রস্থনিবাসিনঃ।
মেনিরে মাগধং শান্তং রাজা চাপ্তমনোরথঃ ॥
অভিবন্দ্যাথ রাজানং ভীমার্জ্জুনজনার্দ্দনাঃ।
সর্ব্বমাশ্রাবয়াঞ্চক্রুরাত্মনা যদনুষ্ঠিতং ॥

অন্বয়ঃ।

এবং ভীমসেনেন জরাসন্ধং ঘাতয়িত্বা সহদেবেন পূজিতঃ কেশবঃ কৃষ্ণঃ পার্থাভ্যাং ভীমার্জ্জুনাভ্যাং, সংযুতঃ এব প্রায়াৎ ॥ ২৫ ॥

দুর্হৃদাং শত্রূণাং, অসুখাবহাঃ (অসুখং দুঃখং আবহন্তীতি তে) জিতারয়ঃ তে কৃষ্ণভীমার্জ্জুনাঃ খাণ্ডবপ্রস্থং ইন্দ্রপ্রস্থং, গত্বা স্বসুহৃদঃ মিত্রাণি হর্ষয়ন্তঃ হর্ষয়িতুং শঙ্খান্ দধ্মুঃ ॥ ২৬ ॥

তৎ শঙ্খশব্দং শ্রুত্বা ইন্দ্রপ্রস্থনিবাসিনঃ জনাঃ প্রীতমনসঃ (প্রীতং প্রসন্নং মনো যেষাং তথাভূতাঃ তে) মাগধং শান্তং মৃতং, মেনিরে। রাজা যুধিষ্ঠিরশ্চ আপ্তঃ পূর্ণঃ মনোরথঃ যস্য তথাভূতঃ আসীৎ ॥

অথ ভীমার্জ্জুনজনার্দ্দনাঃ আগত্য রাজানং যুধিষ্ঠিরং, অভিবন্দ্য আত্মনা আত্মভিঃ, যৎ অনুষ্ঠিতং তৎ সর্ব্বং আশ্রাবয়াঞ্চক্রুঃ ॥

শ্রীধরস্বামী।

জগদুঃ উচুঃ ॥ ২৫ ॥ খাণ্ডবপ্রস্থং ইন্দ্রপ্রস্থং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গ্রহাশ্চন্দ্রাদয়ঃ ॥ ২৩—২৬ ॥

সমাদর ও অভ্যর্থনাদি করিলেন। কৃষ্ণ তখন ভীমসেন ও অর্জ্জুন সহ একত্রে তথা হইতে যাত্রা করিলেন ॥ ২৫ ॥

তাঁহারা সকলে তথা হইতে ইন্দ্রপ্রস্থে উপনীত হইয়া, সুহৃদ্‌বর্গের হর্ষোদ্দীপনার্থ শত্রুজয়-সূচক শঙ্খধ্বনি করিলেন। অহো! সেই শঙ্খনিনাদে পাণ্ডবগণের অরিমাত্রেরই হৃদয় অত্যন্ত ব্যথিত হইয়াছিল ॥ ২৬ ॥

শঙ্খধ্বনি শ্রবণে ইন্দ্রপ্রস্থবাসী প্রজাবর্গের আর আনন্দের সীমা রহিল না; এদিকে রাজা যুধিষ্ঠিরও মগধরাজ জরাসন্ধ নিহত হইয়াছেন সাব্যস্ত করিয়া, যেন নিশ্চিন্ত হইলেন এবং পরম নির্বৃতি লাভ করিলেন ॥

অনন্তর ভীম, অর্জ্জুন এবং শ্রীকৃষ্ণ রাজা যুধিষ্ঠিরের সমীপে উপস্থিত

নিশম্য ধর্ম্মরাজ স্তৎ কেশবেনানুকম্পিতং।
আনন্দাশ্রুকলা মুঞ্চন্ প্রেম্না নোবাচ কিঞ্চন ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে জরাসন্ধবধ-রাজমোক্ষণং ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭৩ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

এবং যুধিষ্ঠিরো রাজা জরাসন্ধবধং বিভো।

অন্বয়ঃ।

ধর্ম্মরাজঃ যুধিষ্ঠিরঃ কেশবেন অনুকম্পিতং কৃপয়া সম্পাদিতং, তৎ স্বকীয়ং কার্য্যং জরাসন্ধবধং, নিশম্য শ্রুত্বা, প্রেম্না আনন্দাশ্রুকলাঃ মুঞ্চন্ কিঞ্চন ন উবাচ ॥ ২৭ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

শান্তং মৃতং। প্রাপ্তমনোরথো বভূব যদ্বা যুধিষ্ঠিরঃ প্রাপ্তমনোরথশ্চ মেনিরে ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি দশমে ত্রিসপ্ততিতমঃ ॥ * ॥

চতুর্যুক্ সপ্ততিতমে রাজসূয়ক্রিয়া দ্বিজৈঃ।
অগ্রপূজাপ্রসঙ্গে চ চৈদ্যঘাতাদি বর্ণ্যতে ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নোবাচেত্যানন্দজাড্যাৎ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রিসপ্ততিতমোঽধ্যায়ো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥

চতুর্যুক্ সপ্ততিতমে দ্বিজৈ র্মখবিধৌ হরেঃ।
অগ্রপূজা চৈদ্যবধো দুর্য্যোধনরুড়প্যভূৎ ॥ * ॥

হইয়া, প্রণাম ও অভিবাদনাদি করিলেন এবং তাঁহারা প্রত্যেকে জরাসন্ধ-বধের উপলক্ষে কে কি করিয়াছিলেন, তাহা আনুপূর্ব্বিক তৎসমীপে বর্ণন করিলেন॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির এক কেশবের অনুকম্পাতে তাঁহার তাদৃশ দুর্ল্লভ মনোরথও সুসিদ্ধ হইল দেখিয়া, আনন্দাশ্রু বিসর্জন করত প্রেমে বিহ্বল হইয়া পড়িলেন; তিনি আর কিছুই মুখে বলিতে পারিলেন না॥ ২৭ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রিসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! অনন্তর রাজা যুধিষ্ঠির জরাসন্ধের নিধন

আভাস।

চতুঃসপ্ততিতম অধ্যায়ে দ্বিজগণ দ্বারা রাজসূয়যজ্ঞের অনুষ্ঠান এবং ঐ যজ্ঞে অগ্রপূজা প্রসঙ্গে চৈদ্যরাজ শিশুপালের বধ প্রভৃতি বর্ণিত হইয়াছে ॥

কৃষ্ণস্য চানুভাবং তং শ্রুত্বা প্রীত স্তমব্রবীৎ ॥ ১ ॥
যুধিষ্ঠির উবাচ ॥
যে স্যু স্ত্রৈলোক্যগুরবঃ সর্ব্বে লোকাঃ সহেশ্বরাঃ।
বহন্তি দুর্ল্লভং লব্ধ্বা শিরসৈবানুশাসনং ॥ ২ ॥
স ভবানরবিন্দাক্ষ দীনানামীশমানিনাং।

অন্বয়ঃ।

এবং জরাসন্ধবধং কৃষ্ণস্য তং অনুভাবং শ্রুত্বা হে বিভো! রাজা যুধিষ্ঠিরঃ প্রীতঃ সন্ তং কৃষ্ণং অব্রবীৎ ॥ ১ ॥

যুধিষ্ঠিরঃ উবাচ। ত্রৈলোক্যস্য গুরবঃ পূজ্যাঃ যে সর্ব্বে মহেশ্বরাঃ লোকাঃ ইন্দ্রাদয়ঃ স্যুঃ তে সর্ব্বে দুর্ল্লভং লব্ধ্বা স্বভাগ্যৈঃ এতৎ দুর্ল্লভং লব্ধং ইতি মত্বা, যস্য অনুশাসনং শিরসা এব বহন্তি বহুমানেন পালয়ন্তি ॥ ২ ॥

হে ভূমন্ মহত্তম! সঃ অরবিন্দাক্ষঃ ভবান্ দীনানং বিষয়াসক্ত-চিত্তানাং ঈশমানিনাং

শ্রীধরস্বামী।

রাজসূয়মখে হত্বা জরাসন্ধং তদন্তরে।
চৈদ্যং তদন্তে কুর্ব্বন্তে বীজং কলিমিবাবপৎ ॥ * ॥

তং কৃষ্ণস্য চানুভাবমিতি চকারাত্তস্যাজ্ঞানুবিধায়িত্বং চালক্ষ্যেত্যর্থঃ ॥ ১ ॥

তদাহ যে স্যুরিতি। যে ত্রৈলোক্যস্যাপি গুরবঃ স্যুঃ সনকাদয়ঃ সর্ব্বে লোকা লোক-পালাশ্চ তে শিরসৈব তবানুশাসনং বহন্তি দুর্ল্লভং লব্ধেতি অতিভাগ্যেনৈতল্লব্ধমিতি বহুমানেনেত্যর্থঃ ॥ ২ ॥

স ভবান্ পরমেশ্বরোঽস্মাকমনুশাসনং ধত্তে। তদত্যন্তবিড়ম্বনং অনুরূপমনুকরণং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জরাসন্ধবধং কৃষ্ণস্য তমনুভাবঞ্চ ॥ ১ ॥

যে ত্রৈলোক্যস্যাপি গুরব স্তেঽপি তবানুশাসনমাজ্ঞাং বহন্তি ॥ ২ ॥

স ভবান্ দীনানামতিনিকৃষ্টানামপ্যস্মাকং যদনুশাসনং ধত্তে তদত্যন্তবিড়ম্বনমেবাস্মাকং

এবং তদুপলক্ষে শ্রীকৃষ্ণের প্রভাবের বিষয় শ্রবণ করিয়া, একান্ত প্রীত হইলেন এবং শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন— ॥ ১ ॥

অহো! ত্রিলোকগুরু ব্রহ্মাদি লোকপালগণ এবং অন্যান্য লোকসমূহ আপনাদের দুর্ল্লভ প্রাপ্তি জ্ঞানে যাঁহার আদেশকে এবং উপদেশকে স্ব স্ব মস্তকে করিয়া বহন করেন ॥ ২ ॥

সেই পদ্মপলাশলোচন আপনি আমাদের ন্যায় একান্ত দীনহীন অথচ রাজাভিমানী ব্যক্তিগণের আদেশ যে প্রতিপালন করেন, হে সর্ব্বস্বামিন্! ইহা

ধত্তেঽনুশাসনং ভূমংস্তদত্যন্তবিড়ম্বনং ॥ ৩ ॥
নহ্যেকস্যাদ্বিতীয়স্য ব্রহ্মণঃ পরমাত্মনঃ।
কর্ম্মভি র্বর্দ্ধতে তেজো হ্রসতে চ যথা রবেঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

অস্মাকং অনুশাসনং ধত্তে আজ্ঞাং অনুসরতি তৎ অত্যন্তবিড়ম্বনং মনুষ্য-চেষ্টাভিনয়মাত্রমেব ॥ ৩ ॥

রবেঃ উদয়াস্তময়াদিকর্ম্মভিঃ উচ্চনীচ-সম্বন্ধেন অপি যথা তেজঃ ন বর্দ্ধতে নচ হ্রসতে তথা একস্য অদ্বিতীয়স্য পরমাত্মনঃ সর্ব্বনিয়ামকস্য ব্রহ্মণঃ তব মনুষ্যাদ্যুচিতৈঃ, কর্ম্মভিঃ তেজঃ ন বর্দ্ধতে নাপি হ্রসতে চ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

স্বতেজোহানি-প্রসঙ্গাদিত্যর্থঃ ॥ ৩ ॥

অথবা তব পরিপূর্ণস্যাজ্ঞাপনাজ্ঞাধারণাভ্যাং ন তেজো বৃদ্ধিহানী। অতঃ কৃপয়া সর্ব্বং সঙ্গচ্ছত ইত্যাহ নহ্যেকস্যাদ্বিতীয়স্যেতি। সমানাসমানরহিতস্য ব্রহ্মণস্তবোভয়ং মায়া। পরমাত্মন ইতি সর্ব্বজীবনিয়ন্তু স্তব নিযম্যত্বং সুতরাং ন বাস্তবং। অতঃ পরানুগ্রহার্থৈরেতৈঃ কর্ম্মভি স্তব তেজো ন বর্দ্ধতে নচ হ্রসতি রবে রিবোদয়াস্তময়াদিকর্ম্মভিরিত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ ন কর্ম্মণা বর্দ্ধতে ন কনীয়ানিতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন তুৎকর্ষঃ। হন্ত হন্ত পরমেশ্বরমপি স্বাজ্ঞাকারিণমিমে কুর্ব্বন্তীতি লোকৈরুপহস্যামহ এবেত্যর্থঃ ॥ ৩ ॥

অস্মদ্বিধস্যাপি জীবস্যাজ্ঞাকারিত্বে তব তু ন কাপ্যপ্রতিষ্ঠেত্যাহ নহীতি। একস্য ঈশ্বরান্তরাভাবাৎ সজাতীয়ভেদরহিতস্য অদ্বিতীয়স্য মায়াজীবয়ো স্তচ্ছক্তিত্বেন তদ্রূপত্বাদ্বিজাতীয়-ভেদরহিতস্যেতি কৈস্তবাপ্রতিষ্ঠা কর্ত্তব্যেতি ভাবঃ কিঞ্চ ব্রহ্মণ ইতি সর্ব্বব্যাপকস্য তব ব্যাপ্যতালক্ষণো নিকর্ষো নাস্তি। পরমাত্মন ইতি সর্ব্বজীবনিয়ন্তু স্তব মাদৃশজীবনিযম্যত্বলক্ষণশ্চ স নাস্তীতি রাজ্ঞা দৈন্যেনৈব ব্যঞ্জিতং বস্তুতস্তু ভক্তবশ্যত্বং ভগবতো ন নিকর্ষঃ প্রত্যুত কৃপাপ্রকর্ষব্যঞ্জকত্বাৎ সর্ব্বোৎকর্ষএব স চ সর্ব্বদা তস্য বর্ত্ততএব। দর্শয়ংস্তদ্বিদাং লোক আত্মনো ভক্তবশ্যতামিত্যাদিবচনেভ্যঃ যথা রবেরিতি। রবির্হি ভূলোকে শ্বপচগৃহমপি প্রকাশয়তি সুমেরূপরি পরমেষ্ঠিগৃহমপি প্রকাশয়তীত্যর্থঃ ॥ ৪ ॥

নিতান্ত বিড়ম্বনার কথা, সন্দেহ নাই ॥ ৩ ॥

হে প্রভো! দিবাকরের উদয় বা অস্তাচল গমনাদির উপলক্ষে তৎস্বরূপে তেজের কোনরূপ হ্রাস বা বৃদ্ধি স্বীকার করা যায় না, সেইরূপ অদ্বিতীয় সর্ব্বান্তর্যামী একা পূর্ণব্রহ্মস্বরূপ আপনাতে কোন প্রকার কর্ম্মাদির উপলক্ষে মহিমার হ্রাস বা বৃদ্ধি প্রভৃতি স্বীকার করা যায় না ॥ ৪ ॥

নবৈ তেঽজিত ভক্তানাং মমাহমিতি মাধব।
ত্বন্তবেতিচ নানাধীঃ পশূনামিব বৈকৃতী ॥ ৫ ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যুক্ত্বা যজ্ঞিয়ে কালে বব্রে যুক্তান্ স ঋত্বিজঃ।
কৃষ্ণানুমোদিতঃ পার্থো ব্রাহ্মণান্ ব্রহ্মবাদিনঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

হে মাধব লক্ষ্মীপতে! হে অজিত! তে তব ভক্তানাং যতঃ মমাহং ইতি ত্বং তব ইতি বৈকৃতী পশূনাং ইব নানাধীঃ যদা ন ভবতি তদা সা তব ন ভবতি ইতি কিমু বক্তব্যং ॥ ৫ ॥

শ্রীশুকঃ উবাচ। সঃ পার্থঃ যুধিষ্ঠিরঃ ইতি এবং উক্ত্বা কৃষ্ণেন অনুমোদিতঃ অনুজ্ঞাতঃ, সন্ যজ্ঞিয়ে যজ্ঞার্হে, বসন্তে কালে, যুক্তান্ যোগ্যান্, ব্রহ্মবাদিনঃ বেদার্থপারদর্শিনঃ, ব্রাহ্মণান্ ঋত্বিজঃ হোতৃপ্রমুখান্ বব্রে বৃতবান্ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

নন্বেবমপ্যহং পূজ্যঃ পরমেশ্বরঃ সর্ব্বস্যাজ্ঞাপকঃ মমেদং নীচং কর্ম্ম ন যোগ্যমিতি মনসি কথং ন ভবেদত আহ নবৈ ত ইতি। হে অজিত তব ভক্তানাং তাবদিয়ং নানাধী র্ভেদমতি র্নাস্তি যথা পশূনামজ্ঞানাং বৈকৃতী শরীরবিষয়া। তবতু নাস্তীতি কিং পুনর্ব্বক্তব্যমিত্যর্থঃ ॥ ৫ ॥

যজ্ঞিয়ে যজ্ঞোচিতে বসন্তাদিকালে যুক্তান্ অভিযুক্তান্ স যুধিষ্ঠিরঃ ঋত্বিজো হোতৃপ্রমুখান্ বব্রে বৃতবান্ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবমপ্যহং পরমেশ্বরো মমেদং নীচং কর্ম্মাযোগ্যমিতি মনসি কথং সম্ভবেদত আহ নেতি। হে অজিত তব ভক্তানামেব তাবৎ মমাহমিতি মম মহাপাণ্ডিত্যমতোঽহং সর্ব্বশ্রেষ্ঠঃ কস্যাজ্ঞাং বহামি ত্বং তবেতি তব শাস্ত্রজ্ঞানাভাবাত্ত্বং মূর্খঃ সর্ব্বস্যৈব দাস্যং কুরিতি পশূনামিব বৈকৃতাবৈকৃতীতি চ পাঠঃ। বিকারময়ী প্রাকৃতী নানাধী র্নাস্তি তেন সিদ্ধানাং তেষাং চিন্ময়ী সাত্বন্ত্যেবেতি ভাবঃ। তব তু কিং পুনর্বক্তব্যমস্তীতি ভাবঃ ॥ ৫ ॥

কারণ, হে অজিত! আমি বা আমার এবং তুমি বা তোমার বলিয়া যে বিচিত্র বুদ্ধিবৃত্তির পরিচয় আমরা পাশবপ্রকৃতি ব্যক্তির চরিত্রে লক্ষ্য করিয়া থাকি, তাহা কখন আপনার ভক্তের চরিত্রেও যখন উপলব্ধ হয় না, তখন আপনাতে যে তাদৃশ ভেদ-বুদ্ধির সম্ভাবনা নাই, তাহাতে আর বিচিত্র কি! ॥ ৫ ॥

শুকদেব তখন রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া বলিলেন, হে রাজন্! কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির ভগবান্ শ্রীকৃষ্ণকে এই প্রকারে নানাবিধ মধুর বাক্যে পরিতুষ্ট করিলেন এবং শ্রীকৃষ্ণের অনুমতি অনুসারে যজ্ঞের উপযুক্ত বসন্ত কালের আগমনে বেদার্থপারদর্শী উপযুক্ত ঋত্বিক্‌গণকে যজ্ঞের নিমিত্ত বরণ

দ্বৈপায়নো ভরদ্বাজঃ সুমন্ত গোতমোঽসিতঃ।
বশিষ্ঠশ্চ্যবনঃ কণ্বো মৈত্রেয়ঃ কবষস্ত্রিতঃ॥
বিশ্বামিত্রো বামদেবো জৈমিনিঃ সুমতিঃ ক্রতুঃ।
পৈলঃ পরাশরো গর্গো বৈশম্পায়ন এবচ॥
অথর্ব্বা কশ্যপো ধৌম্যো রামো ভার্গব আসুরিঃ।
বীতিহোত্রো মধুচ্ছন্দো বীরসেনোঽকৃতব্রণঃ॥ ৭॥
উপহূতা স্তথান্যেচ দ্রোণভীষ্মকৃপাদয়ঃ।
ধৃতরাষ্ট্রঃ সহসুতো বিদুরশ্চ মহামতিঃ॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রা যজ্ঞদিদৃক্ষবঃ।

অন্বয়ঃ।

তান্ এব নামোল্লেখেন নির্দ্দিশতি যথা দ্বৈপায়নঃ ব্যাসঃ, ভরদ্বাজঃ, সুমন্তঃ, গোতমঃ, অসিতঃ, বসিষ্ঠঃ, চ্যবনঃ, কণ্বঃ, মৈত্রেয়ঃ কবষঃ ত্রিতঃ॥

বিশ্বামিত্রঃ, বামদেবঃ, সুমতিঃ, জৈমিনিঃ, ক্রতুঃ, পৈলঃ পরাশরঃ গর্গঃ বৈশম্পায়নঃ, অথর্ব্বা, কশ্যপঃ, ধৌম্যঃ, রামঃ, ভার্গবঃ, আসুরিঃ, বীতিহোত্রঃ, মধুচ্ছন্দা, বীরসেনঃ, অকৃতব্রণঃ॥ ৭॥

তথা অন্যে দ্রোণভীষ্মকৃপাদয়ঃ সহসুতঃ ধৃতরাষ্ট্রঃ, মহামতিঃ বিদুরঃ চ তথা হে রাজন্!

শ্রীধরস্বামী।

তানাহ দ্বৈপায়ন ইতি ত্রিভিঃ। অকৃতব্রতান্ তানেতান্ ঋত্বিগুপদ্রষ্টাদিভেদেন বব্রে॥৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যজ্ঞিয়ে যজ্ঞোচিত-বসন্তাদৌ॥ ৬—৮॥

করিলেন॥ ৬॥

তদীয় যজ্ঞে বৃত ব্রাহ্মণগণের নাম উল্লেখ করিতেছি, শ্রবণ করুন্! যথা দ্বৈপায়ন ব্যাস, ভরদ্বাজ, সুমন্তু, গোতম, অসিত, বশিষ্ঠ, চ্যবন, কণ, মৈত্রেয়, কবষ, ত্রিত॥

বিশ্বামিত্র, বামদেব, সুমতি, জৈমিনি, ক্রতু, পৈল, পরাশর, গর্গ, বৈশম্পায়ন, অথর্ব্বা, কশ্যপ, ধৌম্য, রাম, ভার্গব, আসুরি, বীতিহোত্র, মধুচ্ছন্দা, বীরসেন, অকৃতব্রণ প্রভৃতি শ্রেষ্ঠ এবং কর্ম্মঠ ব্রাহ্মণগণ ঋত্বিক্‌রূপে নিযুক্ত হইয়াছিলেন॥ ৭॥

এতদ্ব্যতীত দ্রোণ, ভীষ্ম এবং কৃপাদি মাননীয়গণ, পুত্রগণসহ ধৃতরাষ্ট্র, মহামতি বিদুর এবং অন্যান্য ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রজাতীয় সমস্ত প্রজাবর্গ, সমস্ত নৃপতিগণ এবং নরপতিগণের অমাত্যবর্গ নিমন্ত্রিত হইয়া

তত্রেয়ুঃ সর্ব্বরাজানো রাজ্ঞাং প্রকৃতয়ো নৃপ ॥ ৮ ॥
ততস্তে দেবযজনং ব্রাহ্মণাঃ স্বর্ণলাঙ্গলৈঃ।
কৃষ্ট্বা তত্র যথান্যায়ং দীক্ষয়াঞ্চক্রিরে নৃপং ॥ ৯ ॥
হৈমাঃ কিলোপকরণা বরুণস্য যথা পুরা ॥ ১০ ॥
ইন্দ্রাদয়ো লোকপালা বিরিঞ্চি-ভব-সংযুতাঃ।
সগণাঃ সিদ্ধগন্ধর্ব্বা বিদ্যাধর-মহোরগাঃ ॥

অন্বয়ঃ।

ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়াঃ বৈশ্যাঃ শূদ্রাঃ চ তথা সর্ব্বে রাজানঃ রাজ্ঞাং প্রকৃতয়ঃ অমাত্যাদয়ঃ চ উপহূতাঃ সন্তঃ তত্র ঈয়ুঃ ॥ ৮ ॥

ততঃ তে ব্রাহ্মণাঃ স্বর্ণ-লাঙ্গলৈঃ দেবযজনং যজ্ঞভূমিং, কৃষ্ট্বা কর্ষণাদিভিঃ ভূমিং সংশোধ্য, যথান্যায়ং বেদবিধ্যনুসারেণ, নৃপং যুধিষ্ঠিরং, দীক্ষয়াঞ্চক্রিরে দীক্ষাসংস্কারযুক্তং অকুর্ব্বন্ ॥ ৯ ॥

বরুণস্য রাজসূয়ে যথা হৈমাঃ হেমময়াঃ উপকরণাঃ পাত্রাদয়ঃ, আসন্ তথা অত্রাপি আসন্ ॥ ১০ ॥

বিরিঞ্চিভবাভ্যাং ব্রহ্মরুদ্রাভ্যাং সংযুতাঃ স্বগণেন সহিতাঃ চ ইন্দ্রাদয়ঃ লোকপালাঃ,

শ্রীধরস্বামী।

অন্যে চোপাহূতা যজ্ঞদিদৃক্ষব স্তত্রেয়ুরিত্যন্বয়ঃ ॥ ৮ ॥

দেবযজনং যজ্ঞভূমিং কৃষ্ট্বা কর্ষণাদিভিঃ সংশোধ্য দীক্ষয়াঞ্চক্রিরে দীক্ষাসংস্কারযুক্তমকুর্ব্বন্ ॥ ৯ ॥

উপকরণা উপস্করাঃ। বরুণস্য রাজসূয়ে যথাসন্নিতি শেষঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবযজনং যজ্ঞভূমিং কৃষ্ট্বা কর্ষণাদিভিঃ সংশোধ্য দীক্ষয়াঞ্চক্রিরে দীক্ষাসংস্কারযুক্তমকুর্ব্বন্ ॥ ৯ ॥ বরুণস্য রাজসূয়ে যথাসন্নিতি শেষঃ ॥ ১০ ॥

রাজা যুধিষ্ঠিরের যজ্ঞক্ষেত্রে উপনীত হইলেন ॥ ৮ ॥

অনন্তর যজ্ঞার্থ ব্রতী ব্রাহ্মণগণ সুবর্ণ-নির্ম্মিত লাঙ্গলের দ্বারা কর্ষণ করত, সেই যজ্ঞ ভূমির সংশোধন করিলেন ; এবং বেদবিধানানুসারে রাজা যুধিষ্ঠিরকে যজ্ঞে দীক্ষিত করিলেন ॥ ৯ ॥

অহো ! বরুণের রাজসূয় যজ্ঞোপলক্ষে যেমন সমস্ত সুবর্ণময় পাত্রাদির সংগ্রহ হইয়াছিল, রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞেতেও সেইরূপ সমস্ত সুবর্ণময় পাত্রাদি সংগৃহীত হইয়াছিল ॥ ১০ ॥

কমলাসন ব্রহ্মা এবং ভগবান্ রুদ্রদেবকে পুরোবর্ত্তী করিয়া, স্ব স্ব পার্ষদগণে পরিবৃত ইন্দ্রাদি লোকপালগণ, সিদ্ধ, গন্ধর্ব্ব, বিদ্যাধর, উরগগণ, মুনিগণ,

মুনয়ো যক্ষ রক্ষাংসি খগ-কিন্নর-চারণাঃ।
রাজানশ্চ সমাহূতা রাজপত্ন্যশ্চ সর্ব্বশঃ॥
রাজসূয়ং সমীয়ুঃ স্ম রাজ্ঞঃ পাণ্ডুসুতস্য বৈ।
মেনিরে কৃষ্ণভক্তস্য সুপপন্নমবিস্মিতাঃ॥ ১১॥
অযাজয়ন্মহারাজং যাজকা দেববর্চ্চসঃ।
রাজসূয়েন বিধিবৎ প্রচেতসমিবামরাঃ॥ ১২॥
সূত্যেঽহন্যবনীপালো যাজকান্ সদসস্পতীন্।
অপূজয়ন্মহাভাগান্ যথাবৎ সুসমাহিতঃ॥ ১৩॥

অন্বয়ঃ।

তথা সিদ্ধাঃ গন্ধর্ব্বাদয়ঃ বিদ্যাধরমহোরগাঃ মুনয়ঃ যক্ষরক্ষাংসি খগকিন্নরচারণাঃ, রাজানঃ রাজপত্ন্যঃ চ সর্ব্বশঃ রাজ্ঞঃ পাণ্ডুসুতস্য যুধিষ্ঠিরস্য রাজসূয়ং সমীয়ুঃ, তথা অবিস্মিতাঃ সন্তঃ কৃষ্ণভক্তস্য যজ্ঞং সুপপন্নং সুসম্পন্নং মেনিরে॥ ১১॥

অমরাঃ দেবাঃ যথা প্রচেতসং বরুণং, অযাজয়ন তথা দেববর্চ্চসঃ (দেবানাং ইব বর্চঃ তেজঃ যেষাং তে) যাজকাঃ ঋত্বিজঃ যথাবিধি রাজসূয়েন মহারাজং যুধিষ্ঠিরং অযাজয়ন্॥ ১২॥

সূত্যে অহনি সোমাভিষবদিনে, অবনিপালঃ রাজা যুধিষ্ঠিরঃ সুসমাহিতঃ সন্ যাজকান্ অন্যান্ চ মহাভাগান্ পূজার্হান্ সদসস্পতীন্ যথাবৎ অপূজয়ৎ পূজয়িতুং উদ্যুক্তবান্॥ ১৩॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ ইন্দ্রাদয় ইতি যে ইন্দ্রাদয়ো লোকপালা যেচ রাজাদয়ঃ সমাহূতা তত্র সমীয়ুঃ স্ম তে সর্ব্বে শ্রীকৃষ্ণভক্তস্য পাণ্ডুসুতস্য রাজ্ঞো রাজসূয়মবিস্মিতাঃ সন্তঃ সুপপন্নং সুসম্পন্নং মেনিরে ইত্যন্বয়ঃ॥ ১১॥　　যাজকা ঋত্বিজঃ॥ ১২॥

সূত্যেঽহনি সোমাভিষবদিনে॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিস্মিতা ইতি। কৃষ্ণভক্তস্যাস্য কিমসম্ভবমিতি ভাবঃ॥ ১১॥ ১২॥

সূত্যেঽহনি সোমাভিষবদিনে॥ ১৩॥

যক্ষ, রাক্ষস, খগ, কিন্নর, চারণগণ, রাজন্যবর্গ এবং রাজবনিতাগণ নানাদেশ হইতে আগমন করত, পাণ্ডুপুত্র রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞ দর্শনার্থ সেই যজ্ঞক্ষেত্রে উপনীত হইলেন। এবং সকলেই অবিস্মিত-চিত্তে কৃষ্ণভক্তের যজ্ঞ সুসম্পন্ন বলিয়া স্বীকার করিলেন॥ ১১॥

অহো! দেববৃন্দ যেমন প্রচেতা বরুণকে রাজসূয়ে দীক্ষিত করিয়াছিলেন, সম্প্রতি দেবসম্পন্ন ঋত্বিক্‌গণ যথাবিধি রাজসূয়ের অনুষ্ঠানে রাজা যুধিষ্ঠিরকেও সেইভাবে যজ্ঞে সংস্কৃত করিয়াছিলেন॥ ১২॥

সদস্যগ্র্যার্হণার্হং বৈ বিমৃষন্তঃ সভাসদঃ।
নাধ্যগচ্ছন্নৈকান্ত্যাৎ সহদেবস্তদাব্রবীৎ॥
অর্হতি হ্যচ্যুতঃ শ্রৈষ্ঠং ভগবান্ সাত্বতাং পতিঃ।
এষ বৈ দেবতাঃ সর্ব্বাঃ দেশকালধনাদয়ঃ॥ ১৪॥

অন্বয়ঃ।

সদসি সভায়াং (অগ্র্যার্হণং অগ্রপূজা তস্য অর্হং যোগ্যং ইতি) অগ্র্যার্হণার্হং সভাসদঃ বিমৃষন্তঃ বিচারন্তঃ, অপি অনৈকান্ত্যাৎ যোগ্যানাং বহুত্বেন একত্র শ্রেষ্ঠত্বনিয়ামকহেতোরভাবাৎ যদা ন অধ্যগচ্ছন্ তদা মাদ্রীপুত্রঃ সহদেবঃ, অব্রবীৎ॥

সাত্বতাং যাদবানাং পতিঃ ভগবান্ অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ এব শ্রৈষ্ঠং অর্হতি; যতঃ এষঃ বৈ সর্ব্বাঃ দেবতাঃ তথা দেশকালধনাদয়শ্চ এষঃ এব॥ ১৪॥

শ্রীধরস্বামী।

অগ্র্যার্হণার্হমগ্রপূজাযোগ্যং। অনৈকান্ত্যাৎ যোগ্যানাং বহুত্বেনৈকস্য নিশ্চয়াভাবাৎ॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদস্যেষু মধ্যে অগ্র্যার্হণং অগ্রপূজা তস্যার্হং যোগ্যং অনৈকান্ত্যাৎ যোগ্যানাং বহুত্বেনানিশ্চয়াৎ সভাসদোঽল্পজ্ঞাএব নতু বহুজ্ঞা স্তে তু ব্রহ্মরুদ্রদ্বৈপায়নাদয়ো বয়মধুনা ন পৃষ্টাঃ কথং ব্রূমহে কিঞ্চৌৎপত্তিক-সর্ব্বপরীক্ষা-প্রাবীণ্যবিখ্যাতঃ সহদেবোঽত্র পূজায়ামধিকৃত এব বর্ত্ততে স চেন্ন ব্রবীত বক্তুং দৈবান্ন জানীয়াদ্বা তদা বয়মপৃষ্টা অপি যক্ষ্যামহ এবেতি মনসি নিশ্চিত্য তূষ্ণীমেব তত্র বর্ত্তন্তে স্মেতি জ্ঞেয়ং॥

শ্রৈষ্ঠ্যমাত্যন্তিকং। আপেক্ষিকমপি শ্রৈষ্ঠ্যং বস্তুতোঽস্যৈবেতি কৈমুত্যেনাহ এষ বৈ ইতি॥ ১৪॥

পরে সোমাভিষব-দিবসে রাজা যুধিষ্ঠির বিশেষ সমাদরের সহিত নিযুক্ত ঋত্বিকগণ এবং অন্যান্য মাননীয় ব্যক্তিগণকে যথাবিধি পূজা ও সম্মান প্রদর্শনার্থ প্রস্তুত হইলেন॥ ১৩॥

কিন্তু সভাস্থলে অনেক মহামনা ও বিশেষ সম্ভ্রান্ত ব্যক্তির সমাগম থাকায়, তাঁহাদের মধ্যে কে যে সর্ব্বাগ্রে শ্রেষ্ঠ পূজার পাত্র, তাহা নিরূপণ করিতে সভাসদগণ যখন অসমর্থ হইলেন, তখন মাদ্রী-তনয় সহদেব সকলকে সম্বোধন করিয়া বলিলেন—॥

সাত্বতপতি অচ্যুত শ্রীকৃষ্ণই এই অগ্রপূজার উৎকৃষ্ট অধিকারী; ইহাঁর ন্যায় ঐশ্বর্য্যাদিযুক্ত আর কাহাকেও আমি নয়নগোচর করি না; অধিক কি! সমস্ত দেবতাগণও ইহাঁরই স্বরূপ। দেশ, কাল এবং ধনাদির উপস্থিতি এক

যদাত্মকমিদং বিশ্বং ক্রতবশ্চ যদাত্মকাঃ।
অগ্নিরাহুতয়ো মন্ত্রাঃ সাংখ্যং যোগশ্চ যৎপরঃ ॥ ১৫ ॥
এক এবাদ্বিতীয়োঽসাবৈতদাত্ম্যমিদং জগৎ।
আত্মনাত্মাশ্রয়ঃ সভ্যাঃ সৃজত্যবতি হন্ত্যজঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

ইদং বিশ্বং যদাত্মকং ক্রতবঃ যজ্ঞাঃ চ যদাত্মকাঃ, অগ্নিঃ আহুতয়ঃ মন্ত্রাঃ সাংখ্যং জ্ঞানং, যোগঃ সাধনং চ যৎপরঃ ॥ ১৫ ॥

যঃ একঃ অসৌ অজঃ অদ্বিতীয়ঃ সন্ অপি হে সভ্যাঃ! আত্মনা আত্মাশ্রয়ঃ এব ঐতদাত্ম্যং ইদং বিশ্বং সৃজতি অবতি পালয়তি, হন্তি চ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

সাংখ্যং জ্ঞানং। যোগ উপাসনা ॥ ১৫ ॥

ননু সাংখ্যং কেবলপরং যোগঃ সবিশেষপরঃ কথমুভয়োরেকপরত্বং তত্রাহ এক এবাদ্বিতীয়োঽসাবিতি। অতঃ সাংখ্যস্যৈতৎপরত্বং যুক্তং। অথ বিশেষণভূতস্য চ সর্ব্বপ্রপঞ্চস্যতন্ময়ত্বাৎসবিশেষণবিষয়স্য যোগস্যাপি যুক্তমদ্বিতীয়পরত্বমিত্যাহ ঐতদাত্ম্যমিতি। এষ শ্রীকৃষ্ণ আত্মা যস্য তদেতদাত্মা তস্য ভাব ঐতদাত্ম্যং ভবিতর্য্যেব ভাবনির্দ্দেশঃ। ঐতদাত্ম্যমিদং সর্ব্বমিতি শ্রুতেঃ। অত্র হেতুঃ আত্মনেতি। হে সভ্যাঃ আত্মাশ্রয়ঃ অন্যনিরপেক্ষঃ স্বয়মজঃ ইদং জগৎ আত্মনৈবোপাদানভূতেন সৃজতি অবতি হন্তি চেতি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তমর্থং বিবৃণোতি যদাত্মকমিতি সাঙ্খ্যং জ্ঞানং যোগোঽষ্টাঙ্গঃ যৎপরঃ যদ্বিষয়কঃ ॥ ১৫ ॥

উক্তমর্থং প্রতিপাদয়তি। একএব সজাতীয়ভেদরহিতঃ পরমেশ্বরান্তরাভাবাদিতি ভাবঃ। অদ্বিতীয়ঃ বিজাতীয়ভেদরহিতশ্চ। তত্র হেতুঃ। ঐতদাত্ম্যমিতি স্বার্থে ষ্যঞ্। এতদাত্মকমিত্যর্থঃ। এতচ্ছক্তিকার্য্যত্বাদেবৈতদাত্মকমিত্যাহ আত্মনা প্রকৃত্যা আত্মাশ্রয়ঃ অনন্যাশ্রয়ঃ। হে সভ্যা ইতি অত্র বিপ্রতিপত্তিশ্চেদ্বিপ্রতিপদ্যতাং ময়ৈব সর্ব্বং সমাধেয়মিতি ভাবঃ ॥ ১৬ ॥

ইহাঁরই প্রসাদে জীবের ঘটিয়া থাকে। অতএব দেশ, কাল এবং পাত্রের বিবেচনায় ইহাঁর পূজা করিলেই, যাবতীয় দেবতারই পূজা করা হয় ॥ ১৪ ॥

এই বিশ্ব সংসার ইহাঁর আত্মস্বরূপ হইতেই সৃজিত হইয়াছে এবং যজ্ঞসমূহের অধিষ্ঠাত্রী দেবতাও একা ইনি মাত্র। অগ্নি, আহুতি, মন্ত্র, জ্ঞান এবং যোগসাধনাদি ব্যাপারসমূহ এক ইহাঁকেই লক্ষ্য করিয়া, অগ্রসর হইতেছে ॥ ১৫ ॥

ইনি জন্ম-কর্ম্মাদির অতীত এক অদ্বিতীয় হইয়াও, আত্মস্বরূপে এই অখণ্ড সংসারের সৃষ্টি, পালন ও সংহার কার্য্য সাধিত করিতেছেন ॥ ১৬ ॥

বিবিধানীহ কর্ম্মাণি জনয়ন্ যদপেক্ষয়া।
ঈহতে যদয়ং সর্ব্বঃ শ্রেয়ো ধর্ম্মাদিলক্ষণং ॥
তস্মাৎ কৃষ্ণায় মহতে দীয়তাং পরমার্হণং।
এবঞ্চেৎ সর্ব্বভূতানামাত্মনশ্চার্হণং ভবেৎ ॥ ১৭ ॥
সর্ব্বভূতাত্মভূতায় কৃষ্ণায়ানন্যদর্শিনে।

অন্বয়ঃ।

যস্য অপেক্ষয়া অনুগ্রহেণ, বিবিধানি তপোযোগাদীনি কর্ম্মাণি জনয়ন্ কুর্ব্বন্ যৎ যস্মাৎ অয়ং সর্ব্বঃ লোকঃ জনঃ ধর্ম্মাদিলক্ষণং শ্রেয়ঃ ঈহতে সাধয়তি (সর্ব্বান্তর্যামিত্বাৎ ফলদাতৃত্বাৎ চ সঃ এব শ্রেষ্ঠত্বং অর্হতি)॥

তস্মাৎ (সর্ব্বথা শ্রেষ্ঠত্বাৎ) মহতে কৃষ্ণায় এব পরমার্হণং অগ্রপূজাসাধনং দীয়তাং। এবং কৃষ্ণঃ পূজ্যতে চেৎ তেন সর্ব্বভূতানাং আত্মনঃ পূজকস্য চ অর্হণং পূজনং ভবেৎ ॥ ১৭ ॥

দত্তস্য দানস্য আনন্ত্যং ইচ্ছতা জনেন সর্ব্বভূতাত্মভূতায় (সর্ব্বেষাং ভূতানাং আত্মভূতায়)

শ্রীধরস্বামী।

কিঞ্চ বিবিধানীতি। যস্যাবেক্ষয়া অনুগ্রহেণ বিবিধানি কর্ম্মাণি তপোযোগাদীনি জনয়ন্ কুর্ব্বন্ যদ্‌যস্মাদয়ং সর্ব্বোঽপি জনো ধর্ম্মাদিলক্ষণং শ্রেয় ঈহতে সাধয়তি। কর্ম্মাণি তৎফলানি চ যদধীনানীত্যর্থঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীকৃষ্ণস্য কৃপয়ৈব সর্ব্বলোকস্য সর্ব্বকর্ম্মাণি তৎফলানি চ সিদ্ধ্যতীতি তদর্থমপ্যয়মগ্রেঽর্হিতুং যুজ্যত এবেত্যাহ বিবিধানীতি। ইহ ভূলোকে যদবেক্ষয়া যৎকৃপাবলোকেনৈব তপোযোগাদীনি জনয়ন্ কুর্ব্বন্ যদ্‌যস্মাদয়ং সর্ব্বোঽপি জনো ধর্ম্মাদিলক্ষণং শ্রেয় ঈহতে সাধয়তি। কর্ম্মাণি তৎ ফলানি চ যদধীনানীত্যর্থঃ ॥ ১৭ ॥

ন কেবলমিদমিঙ্গানীমেব রাজন্যস্মিন্নেব বিধীয়তে। কিন্তু বিধিরয়ং সার্ব্বকালিকঃ

অহো! যাঁহার অনুগ্রহের প্রতীক্ষায় তপস্যা এবং যোগাদি বিবিধ কর্ম্মের অনুষ্ঠান করত জনগণ যাঁহার নিকট হইতেই ধর্ম্মাদিলক্ষণ প্রচুর শ্রেয়ঃ প্রাপ্ত হইয়া থাকে, সেই সর্ব্বান্তর্যামী এবং সর্ব্বকর্ম্মফলপ্রদ বাসুদেবই শ্রেষ্ঠ পূজার উপযুক্ত পাত্র; সন্দেহ নাই॥

অতএব সর্ব্বতোভাবে ইহাঁরই শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন থাকায়, সেই সর্ব্বশ্রেষ্ঠ ভগবান্ শ্রীকৃষ্ণকেই অগ্রপূজা প্রদান করুন্! কৃষ্ণ যদি আমাদের দ্বারা পূজিত হন, তাহা হইলে যাবতীয় ভূতের, এমন কি! পূজকের আত্মস্বরূপেরও সম্যক্ পূজা সাধিত হইবে; সন্দেহ নাই॥ ১৭॥

দানের অনন্ত ফল প্রত্যাশা করিলে, সকল জীবের অন্তরাত্মাস্বরূপ

দেয়ং শান্তায় পূর্ণায় দত্তস্যানন্ত্যমিচ্ছতা ॥ ১৮ ॥
ইত্যুক্ত্বা সহদেবোঽভূৎ তূষ্ণীং কৃষ্ণানুভাববিৎ।
তৎ শ্রুত্বা তুষ্টুবুঃ সর্ব্বে সাধু সাধ্বিতি সত্তমাঃ ॥ ১৯ ॥
শ্রুত্বা দ্বিজেরিতং রাজা জ্ঞাত্বা হার্দ্দং সভাসদাং।
সমর্হয়দ্ হৃষীকেশং প্রীতঃ প্রণয়বিহ্বলঃ ॥

অন্বয়ঃ।

অনন্যদর্শিনে, শান্তায় উদারায়, পূর্ণায় পূর্ণানন্দস্বরূপিণে, কৃষ্ণায় এব সর্ব্বং দেয়ং ॥ ১৮ ॥

কৃষ্ণানুভাববিৎ (কৃষ্ণস্য প্রভাবজ্ঞঃ) সহদেবঃ ইতি এবং উক্ত্বা তূষ্ণীং বভূব। তথা তৎ সহদেবোক্তং শ্রুত্বা সর্ব্বে সত্তমাঃ শ্রেষ্ঠাঃ দ্বৈপায়নাদয়ঃ জনাঃ সাধু সাধু ইতি উক্ত্বা তৎ তুষ্টুবুঃ ॥ ১৯ ॥

দ্বিজেরিতং সাধুসাধ্বিতি বচনং, শ্রুত্বা সভাসদাং সভ্যানাং অপি হার্দ্দং অভিপ্রেতং, জ্ঞাত্বা রাজা যুধিষ্ঠিরঃ প্রীতঃ প্রসন্নচিত্তঃ তথা প্রণয়েন স্নেহেন বিহ্বলঃ নীতঃ সন্ হৃষীকেশং সমর্হয়ৎ ॥

শ্রীধরস্বামী।

আত্মনা ক্রিয়মাণমর্হণমাত্মনঃ কথং স্যাদিত্যত্রাহ সর্ব্বভূতানামাত্মভূতায় অনন্যদর্শিনে নিরন্তভেদমতয়ে ॥ ১৮ ॥

কৃষ্ণানুভাববিৎ সহদেব ইত্যুক্ত্বা তূষ্ণীমভূৎ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সার্ব্বলৌকিকশ্চেত্যাহ সর্ব্বেতি। অনন্যদর্শিনে স্বাভিন্নদর্শিনে ॥ ১৮ ॥ ১৯ ॥

দ্বিজানামীরিতং সাধুসাধ্বিতি ঘোষং সমর্হয়ৎ। ভো কৃষ্ণ ত্বং সর্ব্বলোকানাং পাদাবনেজনকর্ম্মণি স্বগৃহীতে ব্যগ্রো বর্ত্তসে সাম্প্রতং। পরন্তু ব্রহ্মরুদ্রাদি-সর্ব্বাগ্রপূজ্যস্য তব পাদাবনেজনার্থং ব্যগ্রো রাজা ত্বামাকারয়তি তত্ত্বং তত্র শীঘ্রং গচ্ছেতি সান্দেশিক-শ্লোকদ্বারা

সর্ব্বত্র ভেদজ্ঞান-বিবর্জ্জিত কাম-লোভাদি-শূন্য পূর্ণানন্দমূর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণকে দান করাই আমাদের সর্ব্বতোভাবে বিধেয়॥ ১৮॥

শ্রীকৃষ্ণের প্রভাবজ্ঞ সহদেব এই প্রকার বলিয়া নিরস্ত হইলেন; এদিকে সহদেবের কথা শ্রবণে সভাস্থ সকল লোকই সন্তুষ্ট হইলেন এবং তন্মধ্যে শ্রেষ্ঠ ব্যক্তিগণ সহদেবকে সাধুবাদ প্রদানে তাঁহাকে বিশেষ গৌরবযুক্তই করিলেন॥১৯

দ্বিজগণের তাদৃশ সাধুবাদ শ্রবণ করিয়া এবং সমবেত সভাসদ্ ব্রাহ্মণগণের মনোগত অভিপ্রায় পরিজ্ঞাত হইয়া, রাজা যুধিষ্ঠির প্রীত ও প্রসন্ন-চিত্তে এবং ঐকান্তিক প্রণয় সহকারে হৃষীকেশ শ্রীকৃষ্ণকেই বিশেষ আদরাতিশয়ে পূজা করিলেন॥

প্রথমত তাঁহার পাদদ্বয় প্রক্ষালন করিয়া, সেই পবিত্র বারি স্বীয় মস্তকে

তৎপাদাববনিজ্যাপঃ শিরসা লোকপাবনীঃ।
সভার্য্যঃ সানুজামাত্যঃ সকুটুম্বোঽবহন্মুদা॥
বাসোভিঃ পীতকৌশেয়ৈর্ভূষণৈশ্চ মহাধনৈঃ।
অর্হয়িত্বাশ্রুপূর্ণাক্ষো নাশকৎ সমবেক্ষিতুং॥
ইত্থং সভাজিতং বীক্ষ্য সর্ব্বে প্রাঞ্জলয়ো জনাঃ।
নমো জয়েতি নেমুস্তং নিপেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ॥

অন্বয়ঃ।

তস্য কৃষ্ণস্য পাদৌ অবনিজ্য প্রক্ষাল্য, লোকপাবনীঃ (লোকান্ পাবয়ন্তীতি তথাভূতাঃ) তাঃ আপঃ সভার্য্যঃ সানুজামাত্যঃ সকুটুম্বঃ রাজা যুধিষ্ঠিরঃ মুদা হর্ষেণ, শিরসা অবহৎ॥

পীতকৌশেয়ৈঃ বাসোভিঃ মহাধনৈঃ ভূষণৈঃ চ কৃষ্ণং অর্হয়িত্বা অশ্রুপূর্ণাক্ষঃ (আনন্দাশ্রুভিঃ পূর্ণে আক্ষণী যস্য সঃ) যুধিষ্ঠিরঃ সমবেক্ষিতুং সম্যক্ অবেক্ষিতুং ন অশকৎ॥

ইত্থং এবং কৃষ্ণং সভাজিতং বীক্ষ্য সর্ব্বে জনাঃ প্রাঞ্জলয়ঃ সন্তঃ নমঃ জয়েতি বদন্তঃ তং নেমুঃ, আকাশাৎ পুষ্পবৃষ্টয়ঃ চ পেতুঃ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্যক্ প্রকারেণানীয় অর্হয়ৎ পূজয়ামাস। অড়ভাব আর্ষঃ। হৃষীকেশং স্বপাদাবনেজনে মৈবং কুর্ব্বিতি প্রণয়কোপিনমপি সর্ব্বেন্দ্রিয়াণ্যাকর্ষন্তং॥

অমর্ষী অসহিষ্ণুরতো জাতমন্যুঃ। অত্র পূজায়া আরম্ভকালেনোক্তং কিন্তু পূজাসমাপ্ত্যনন্তরমেবেত্যত্র শিশুপালস্যায়মভিপ্রায়ঃ। যদ্যহমধুনৈব বিপ্রতিপদ্য বহূনেব হেতূনুপন্যস্য কৃষ্ণস্যাপূজ্যত্বং প্রতিপাদয়ামি ততো নিরস্তীকর্ত্তুমশক্যতমস্য মমৈব মতং গৃহীত্বা সভ্যাঃ কৃষ্ণমপূজয়িষ্যা কমপ্যন্যমেব যোগ্যমগ্রপূজায়াং ব্যবস্থাপয়িষ্যন্তি। যজ্জশ্চ সাধু প্রবর্ত্তিষ্যতে। তস্মাদ্যজ্ঞং বিজিঘাংসুরহং সাম্প্রতং তূষ্ণীমেব বর্ত্তিষ্যে। কৃষ্ণে খলু পূজিতে সত্যেব তস্যা-

---

ধারণ করিলেন এবং পত্নী, অনুজ ভ্রাতাগণ, অমাত্যবর্গ এবং অন্যান্য কুটুম্বগণের মস্তকেও ঐ বারি প্রদান করিলেন॥

পরে পীতকৌশেয় বস্ত্রযুগল এবং মহামূল্য মণিময় আভরণ সমূহ শ্রীকৃষ্ণকে প্রদান করত, এতই প্রণয়-বিহ্বল হইয়া পড়িলেন যে, আনন্দাশ্রুতে তাঁহার দৃষ্টিরোধ হইয়া গেল; তিনি কৃষ্ণের প্রতি সম্যক্ অবলোকনেও আর সমর্থ হইলেন না॥

এই প্রকারে ভগবান্ শ্রীকৃষ্ণকে সমাদৃত ও সুপূজিত অবলোকন করিয়া, সমবেত জনসমূহ কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়া উঠিল এবং নমস্ শব্দ ও জয় শব্দের প্রয়োগে শ্রীকৃষ্ণকে সকলে প্রণাম করিতে লাগিল; স্বর্গ হইতে পুষ্প-বৃষ্টি নিপতিত হইতে লাগিল॥

ইত্থং নিশম্য দমঘোষসুতঃ স্বপীঠাদুত্থায় কৃষ্ণগুণবর্ণনজাতমন্যুঃ।
উৎক্ষিপ্য বাহুমিদমাহ সদস্যমর্ষী সংশ্রাবয়ন্ ভগবতে পরুষাণ্যভীতঃ॥

ঈশো দুরত্যয়ঃ কাল ইতি সত্যবতী শ্রুতিঃ।
বৃদ্ধানামপি যদ্বুদ্ধির্বালবাক্যৈর্বিভিদ্যতে॥ ২০॥
যূয়ং পাত্রবিদাং শ্রেষ্ঠা মামধ্বং বালভাষিতং।
সদসস্পতয়ঃ সর্ব্বে কৃষ্ণো যৎ সম্মতোঽর্হণে॥

অন্বয়ঃ।

ইত্থং কৃষ্ণগুণবর্ণনেন জাতঃ মন্যুঃ ক্রোধঃ যস্য তথা অমর্ষী কৃষ্ণোৎকর্ষমসহমানঃ, দমঘোষসুতঃ শিশুপালঃ ইত্থং নিশম্য শ্রুত্বা, সদসি সভামধ্যে, বাহুং উৎক্ষিপ্য অভীতঃ ভীতিশূন্যঃ, ইব ভগবতে কৃষ্ণায় পরুষাণি নিন্দাবচনানি সংশ্রাবয়ন্ ইদং আহ॥

কালঃ ঈশঃ সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ, অতএব দুরত্যয়ঃ অনুল্লঙ্ঘ্যঃ, ইতি শ্রুতিঃ কালবাদিনী বাণী সত্যবতী যথার্থা এব; যৎ যস্মাৎ কালপ্রভাবাৎ বৃদ্ধানাং জ্ঞানবয়োবিশিষ্টানাং অপি বুদ্ধিঃ বালবাক্যৈঃ বিভিদ্যতে ভ্রান্তা ভবতি॥ ২০॥

হে সদসস্পতয়ঃ! যূয়ং সর্ব্বে পূজায়াঃ পাত্রবিদাং মধ্যে শ্রেষ্ঠাঃ; অতঃ অর্হণে পূজায়াং কৃষ্ণঃ সম্মতঃ ইতি বালস্য ভাষিতং তৎ মামধ্বং মা গৃহ্ণীত॥

শ্রীধরস্বামী।

দ্বিজেরিতং সাধুসাধ্বিতি ঘোষং শ্রুত্বা। হার্দ্দমভিপ্রায়ং॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূজ্যত্বে মৎপ্রতিপাদিতে। অপূজ্যা যত্র পূজ্যন্তে পূজ্যানাঞ্চ ব্যতিক্রমঃ ইতি প্রতিবন্ধাতিহি শ্রেয়ঃ পূজ্যপূজাব্যতিক্রম ইত্যাদি স্মরণাৎ। যুধিষ্ঠিরস্যায়ং যজ্ঞো নষ্ট ইত্যুক্ত্বা ময়ি মৎসঙ্গিষু বহুষু রাজসু বেদবিদ্বিপ্রেষু চাস্য ভ্রাতৃবন্ধুষু দুর্য্যোধনাদিষু চোত্থায় গতেষু হাহাকারে প্রবৃত্তে মদভীষ্টং সেৎস্যতীতি॥ ২০॥

এদিকে দমঘোষ-নন্দন শিশুপাল শ্রীকৃষ্ণের তাদৃশ অভ্যুদয় দর্শনে আর সহ্য করিতে পারিল না। কৃষ্ণের গুণবর্ণন শ্রবণ করিয়া, তাঁহার হৃদয় ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিল। স্বীয় আসন পরিত্যাগে গাত্রোত্থান করত, কৃষ্ণ গুণের সম্পূর্ণ বিদ্বেষী সেই শিশুপাল ঊর্দ্ধবাহু হইয়া, তাদৃশ সভার মধ্যেই সম্পূর্ণ নির্ভয়ের ন্যায় শ্রীকৃষ্ণকে বিবিধ কটূক্তির প্রয়োগে বলিল—॥

অহো! "কাল সকলই ঘটাইতে পারে! কালকে কেহই অতিক্রম করিতে পারে না"। এই কালের মাহাত্ম্য-প্রকাশক শ্রুতি কিম্বদন্তী অদ্য প্রকৃত প্রস্তাবে সত্য বলিয়াই প্রতীত হইতেছে। কারণ কি আশ্চর্য্য! এই বৃদ্ধগণের বুদ্ধিও অদ্য বালকের কথায় বিপরীত ভাব ধারণ করিল॥ ২০॥

তপো-বিদ্যা-ব্রতধরান্ জ্ঞানবিধ্বস্তকল্মষান্।
পরমর্ষীন্ ব্রহ্মনিষ্ঠাঁল্লোকপালৈশ্চ পূজিতান্॥ ২১॥
সদসস্পতীনতিক্রম্য গোপালঃ কুলপাংসনঃ।

অন্বয়ঃ।

তপঃ অনশনাদি, বিদ্যা অধ্যয়নাদি, ব্রতং কৃচ্ছ্রাদি, তান্ ধরন্তি যে তান্ জ্ঞানবিধ্বস্তকল্মষান্ (জ্ঞানেন পরমাত্মবিষয়কেন স্বরূপজ্ঞানেন বা বিধ্বস্তং কল্মষং পাপং যেষাং তান্) ব্রহ্মনিষ্ঠান্ অতএব লোকপালৈঃ ইন্দ্রাদিভিঃ অপি পূজিতান্ পরমর্ষীন্॥ ২১॥

সদসস্পতীন্ অতিক্রম্য অনাদৃত্য, কাকঃ যথা পুরোডাশং দেবযোগ্যং ন অর্হতি তথা অয়ং

শ্রীধরস্বামী।

হে সদসস্পতয়ঃ সর্ব্বে বালস্য ভাষিতং মা মন্যধ্বং মা গৃহ্লীত। কিন্তৎ। যদ্যতঃ শ্রীকৃষ্ণোঽর্হণে সম্মতঃ তৎ॥ ২১॥

অস্যৈবং বাস্তবোঽর্থঃ পূর্ব্ববদুন্নেয়ঃ। গোপাল ইতি বেদপৃথিব্যাদিপালক ইত্যর্থঃ। কুৎসিতং বেদবিপরীতং লপন্তীতি কুলপাঃ পাষণ্ডা স্তান্ অংসয়তি সংঘাতয়তীতি তথা সঃ অকাকঃ। কঞ্চ অকঞ্চ কাকে সুখদুঃখে তে ন বিদ্যেতে যস্য সঃ অকাকঃ আপ্তকাম ইত্যর্থঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে সদসস্পতয়ঃ মামন্যধ্বং মাগৃহ্লীতেত্যর্থঃ। বাগ্দেবী পক্ষেতু বালভাষিতমিদং মামন্যধ্বং কিন্ত্বিদমেব তত্ত্বং বেদভাষিতমিত্যর্থঃ। তপোবিদ্যেত্যাদি বিশেষণানি সদসস্পতীন্ প্রীণয়িত্বা স্বপক্ষে স্থাপয়িতুমুপন্যস্তানি॥ ২১॥

মাতুলবধাদিনা কুলপাংসনঃ। পক্ষে কুৎসিতং লপন্তীতি কুলপাঃ তান্ অংসয়তি ঘাতয়তীতি সঃ। যথাবদেব ন বিদ্যতে কং সুখমকং দুঃখঞ্চ যস্য সঃ। প্রাকৃতসুখদুঃখাতীতস্বরূপ

হে সভ্যগণ! আপনারা সকলেই কিন্তু বিশেষ বুদ্ধিমান্ ও বিচক্ষণ ব্যক্তি; অগ্র্য পূজার পাত্র যে কে, তাহা আপনারা মনে মনে বিলক্ষণ অবধারণ করিয়াছেন! দেখুন! একটী বালকের কথায়, পূজার পাত্র বলিয়া কৃষ্ণ পূর্ব্বে অবধারিত হইলেও, আপনারা যেন তাহাতে অনুমোদন করিবেন না॥

দেখুন! তপস্যা, বেদাধ্যয়ন এবং কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রতের অনুষ্ঠানে যাঁহারা সম্পূর্ণ পারদর্শী, আত্মানাত্ম-বিচারে যাঁহাদের পাপরাশি সম্পূর্ণ বিনষ্ট হইয়াছে, তাদৃশ ব্রহ্মনিষ্ঠ এবং ইন্দ্রাদি লোকপালগণেরও সুপূজিত পরমর্ষিগণ এখানে উপস্থিত আছেন॥ ২১॥

কিন্তু কি আশ্চর্য্য! তাদৃশ মহানুভব ব্যক্তিগণ এই সভায় উপস্থিত থাকিতেও, ক্ষত্রিয়কুলের কলঙ্কস্বরূপ ঐ গোপালক কি প্রকারে শ্রেষ্ঠ পূজা পাইবার পাত্র হইতে পারে? তাহা হইলে, দেবতাকে বর্জ্জন করত যজ্ঞের

যথাকাকঃ পুরোডাশং সপর্য্যাং কথমর্হতি ॥ ২২ ॥
বর্ণাশ্রমকুলাপেতঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ।
স্বৈরবর্ত্তী গুণৈর্হীনঃ সপর্য্যাং কথমর্হতি ॥ ২৩ ॥
যযাতিনৈষাং হি কুলং শপ্তং সদ্ভির্বহিষ্কৃতং।

অন্বয়ঃ।

কুলপাংসনঃ ক্ষত্রিয়কুলকলঙ্কঃ, গোপালঃ কৃষ্ণঃ অত্র সপর্য্যাং পূজাং কথং অর্হতি ॥ ২২ ॥

বর্ণাশ্রমকুলাপেতঃ বর্ণাদিভ্যঃ অপেতঃ ভ্রষ্টঃ সর্ব্বধর্ম্মবাহিষ্কৃতঃ সর্ব্বধর্ম্মবিহীনঃ, স্বৈরং যথেচ্ছং বর্ত্ততে ইতি গুণৈঃ বিবেকধৈর্য্যাদিভিঃ হীনঃ কৃষ্ণঃ কথং সপর্য্যাং অর্হতি ॥ ২৩ ॥

(কুলবৃদ্ধেন) যযাতিনা এষাং যাদবানাং কুলং শপ্তং রাজ্যানর্হং কৃতং। অতঃ সদ্ভিঃ

শ্রীধরস্বামী।

স যথাহনাপ্তকামো দেবযোগ্যং কেবলং পুরোড়াশমাত্রং নার্হতি অপি তু সর্ব্বমপি। তথায়ং শ্রীকৃষ্ণোঽপি ব্রহ্মর্ষিযোগ্যং সপর্য্যামাত্রং কথমর্হতি কিন্তু আত্মসমর্পণমপ্যর্হতীত্যর্থঃ ॥ ২২ ॥

বর্ণাশ্রমকুলেভ্যোঽপেতঃ ব্রহ্মত্বাৎ অনামগোত্রমিতি শ্রুতেঃ। অতএবানধিকারিত্বাৎ সর্ব্বৈর্ধর্ম্মৈর্বহিষ্কৃতঃ। স্বৈরবর্ত্তী পরমেশ্বরত্বাৎ। অতএব নির্গুণস্তম আদিরহিতঃ। এবং ভূতো জীবানাং যোগ্যং তুচ্ছং সপর্য্যামাত্রং কথমর্হতীত্যর্থঃ ॥ ২৩ ॥

অপিচ বর্ণনীয়ঃ কথং মাদৃশৈরেষাং বদূনাং মহিমা। যস্মাদেষাং কুলং যযাতিনা শপ্তমপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যর্থঃ। পুরোডাশার্পণমাত্রাং সপর্য্যামিন্দ্রাদিবৎ কথমর্হতি। অপি তু সাত্মার্পণমেবেত্যর্থঃ ॥ ২২ ॥

বর্ণাশ্রমেতি স্পষ্টং পক্ষে বর্ণাশ্রমকুলানি আসম্যক্ প্রকারেণাপ্নুবন্তীতি বর্ণাশ্রমকুলাপাঃ শ্রীবসুদেবাদয়স্তৈঃ পুত্রাদিত্বেন ইতঃ প্রাপ্তঃ। সর্ব্বৈর্ধর্ম্মৈর্বহিষ্কৃতো রহিতঃ স্বৈরবর্ত্তী চ পরমেশ্বরত্বাৎ গুণৈঃ সত্ত্বাদিভি হীনঃ শুদ্ধসত্ত্বস্বরূপত্বাৎ। এবম্ভূতোঽয়ং সপর্য্যামাত্রং কথমর্হতি অপিতু স্বাত্মার্পণমপি ॥ ২৩ ॥

যযাতীতি স্পষ্টং। পক্ষে যযাতিনা শপ্তমপি সদ্ভিস্তস্মাচ্ছাপাদ্বহিষ্কৃতং অতএব কার্ত্তবীর্য্যা-

---

পুরোডাশ উচ্ছিষ্টভোজী কাককে কি প্রদান করা হয় না ?॥ ২২ ॥

ঐ ব্যক্তির কোন প্রকার জাতি, আশ্রম বা কুলের নির্ণয় নাই ; সনাতন ধর্ম্মের সম্পূর্ণ বহির্ভূত ব্যক্তি বলিয়াই ইহাকে স্বীকার করিতে হইবে। বিশেষত কৃষ্ণ যে স্বেচ্ছাচারী বিবেকহীন এবং ধৈর্য্যভ্রষ্ট, তাহা আপনারা সকলেই প্রায় অবগত আছেন। অতএব তাদৃশ ব্যক্তি কি কখন এই সভায় পূজার পাত্র হইতে পারে ?॥ ২৩ ॥

আরও দেখুন্ ! কুলবৃদ্ধ মহারাজ যযাতি এই যাদবকুলকে নিকৃষ্ট বিবেচনায় অভিসম্পাত করিয়াছেন যে, ইহারা কখন রাজা হইতে পারিবে না।

বৃথাপানরতং শশ্বৎ সপর্য্যাং কথমর্হতি ॥ ২৪ ॥
ব্রহ্মর্ষিসেবিতান্ দেশান্ হিত্বৈতে ব্রহ্মবর্চ্চসং।
সমুদ্রং দুর্গমাশ্রিত্য বাধন্তে দস্যবঃ প্রজাঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

বহিষ্কৃতং শশ্বৎ সদা, বৃথা পানরতং কুলং সপর্য্যাং কথং অর্হতি ॥ ২৪ ॥

ব্রহ্মর্ষিসেবিতান্ দেশান্ হিত্বা অব্রহ্মবর্চ্চসং বেদাধ্যয়নজনিততেজোহ্রাসকরং, সমুদ্রং এব দুর্গং আশ্রিত্য দস্যবঃ তে এতে যাদবাঃ এব প্রজাঃ বাধন্তে ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

কিং সদ্ভির্বহিষ্কৃতং অপি তু শিরসা ধৃতং। কিঞ্চ অস্মদাদি কুলবৎ কিং বৃথাপানরতং অপিতু নিয়তাচারমিত্যর্থঃ। অহো যদূনামেব তাবদীদৃশং মাহাত্ম্যং যতঃ কুলপতেঃ যযাতেঃ শাপো ন সমর্থোঽভূদিত্যাদি। অয়ন্তু সাক্ষাদীশ্বরঃ অতঃ সপর্য্যামাত্রং কথমর্হতীত্যর্থঃ ॥ ২৪ ॥

কিঞ্চ যে রাজানো দুষ্টানুচ্চাটয়ন্তি তে তদর্থং কীকটাদি দেশানপ্যাশ্রয়ন্তি এতে তু ব্রহ্মর্ষিসেবিতানেব দেশান্ আশ্রিত্য অব্রহ্মবর্চ্চসং সমুদ্রং দুর্গমপি হিত্বা হাপয়িত্বা ইত্যর্থঃ। বাধন্তে তথা যা দিস্যবঃ প্রজা স্তাশ্চ। অয়মর্থঃ বেদ-তদর্থাভিযোগো ব্রহ্মবর্চ্চসং তদ্বিরুদ্ধং অব্রহ্মবর্চ্চসং। মুদ্রালিঙ্গং তৎসহিতং সমুদ্রং বেদবিরুদ্ধলিঙ্গধারিণং পাষণ্ডমিত্যর্থঃ। তত্তল্লিঙ্গং ত্যাজয়িত্বা বাধন্তে দণ্ডয়ন্তি। কথংভূতং দুর্গং ধর্ম্মবৎ প্রতীতেঃ অধর্ম্মতয়া দুর্জ্ঞেয়মিত্যর্থঃ। তথা দস্যূনপি প্রজাবেশেন বর্ত্তমানান্ দণ্ডয়ন্তি। অতো যদুভ্যোঽন্যঃ কো নাম ধার্ম্মিকোঽস্তীতি পারুষ্যন্তু উক্তার্থমেব ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিভিঃ সাম্রাজ্যমপি প্রাপ্তং। অতএব পানং পৃথ্বীপালনং তত্র রতং। তস্মাদ্বৃথা সপর্য্যাং কথমর্হতি অপি তু সার্থকমেব ॥ ২৪ ॥

এতে যদবো দস্যবঃ অব্রহ্মবর্চ্চসং ব্রহ্মতেজোরহিতং সমুদ্রং সমুদ্রগতং দুর্গং দ্বারকাখ্যং আশ্রিত্য প্রজা বাধন্তে। পক্ষে ব্রহ্মর্ষিসেবিতানপি দেশান্ মাথুরান্ হিত্বা তত্র দুর্গাভাবাত্তান্ ত্যক্ত্বা ব্রহ্মবর্চ্চসং ব্রহ্মতেজোময়ং সমুদ্রগতং দ্বারকাখ্যং দুর্গমাশ্রিত্য বাধন্তে কানিত্যপেক্ষায়ামাহ দস্যব ইতি যে দস্যবঃ শিশুপালাদ্যাঃ প্রকর্ষেণ বলবত্ত্বেন জায়ন্তে উৎপদ্যন্ত ইতি প্রজাস্তানিত্যর্থঃ ॥ ২৫ ॥

প্রথমাবস্থায় রোগীর দেহ হইতে রোগোৎপাদক দুষ্ট আম রসাদির নির্গমন করান একান্ত প্রয়োজন। ইহারই নাম ভেদন। পরে যে কিছু অবশিষ্ট দুষ্ট রস থাকে, তাহাকে অন্য প্রকার ঔষধির বলে শুষ্ক বা কর্ষণ করান প্রয়োজন; অতএব যখন দুষ্ট রস নিঃশেষে নিবৃত্ত হইয়া যায়, তখনই পোষণোপযোগী ঔষধের প্রয়োগে রোগীকে পুষ্ট করিতে হয়। দুষ্ট

তমুপৈহি মহাভাগ সাধূনাঞ্চ পরায়ণং।
দাস্যতি দ্রবিণং ভূরি সীদতে তে কুটুম্বিনে॥ ৬॥

অন্বয়ঃ।

অতঃ হে মহাভাগ! সাধূনাং পরায়ণং তং এব উপৈহি উপগচ্ছ; সঃ সীদতে ক্লিশ্যমানায়, কুটুম্বিনে পরিজনবর্গসহিতায়, তে তুভ্যং ভূরি বহু, দ্রবিণং ধনং, দাস্যতি। ভোজ-

শ্রীধরস্বামী।

ম্লায়তা শুষ্যতা। সীদমানা ভর্ত্তুর্ভোগসংপাদনাশক্ত্যা অবসীদন্তী। বেপমানা ভয়েন কম্পমানা॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাধুনাঞ্চেতি চকারাদ্দীনানাঞ্চ। যদি ত্বমাত্মানং সাধুং ন মন্যসে তদা দীনস্ত ভবস্যেবেতি ভাবঃ। সীদতে কুটুম্বিনে ইতি দানপাত্রত্বং দ্যোতিতং॥ ৬॥

অতএব সাধু সজ্জনগণের সম্পূর্ণ আশ্রয়স্থল সেই পরমহিতৈষী বাসুদেবের সমীপে যদি আপনি উপস্থিত হন, তাহা হইলে আপনার আর সাংসারিক দুঃখ থাকে না। পরিবারবর্গে পরিবেষ্টিত থাকিয়া, অর্থাভাবে আপনি বিলক্ষণ ক্লেশ পাইতেছেন। কিন্তু তাঁহার নিকট গমন করিলে, আপনার সকল অভাব পূর্ণ হইবে; তিনি যথেষ্ট ধন আপনাকে প্রদান করিতে পারেন॥ ৬॥

আভাস।

রসের অবস্থিতি কালে, পোষণের ঔষধি প্রয়োগ করিলে, সুরসের সহিত কুরসেরও পোষণ করা হয়; সুতরাং রোগ যাপ্য রহিল; কালে সঞ্চিত রস পুনরায় কুপিত হইলে, রোগ দেখা দেয়। ক্ষত্রিয়ের বীর্য্য-সম্ভূত রাজা পরীক্ষিতের হৃদয়ে বিগ্রহ এবং সন্ধিপুরঃসর ভাবেরই উদ্দীপন ছিল; সুতরাং তদনুরূপ দুষ্টের দলন এবং শিষ্টের পালনরূপ ভগবানের মিশ্রলীলাই শুকদেব এযাবৎ প্রকাশ করিয়া আসিয়াছেন। এইরূপ মিশ্রলীলা শ্রবণে পরীক্ষিতের অভিমান দূরে গেল; পুরুষকাররস শুষ্কাবশিষ্ট কথঞ্চিৎ মাত্র যখন আছে, শুকদেব অনুভব করিলেন, তখনই শিষ্টপালনরূপ বিশ্লিষ্ট লীলার পরিচয়ে শুকদেব পরীক্ষিৎকে সম্পূর্ণ নিরভিমানী ও ঈশ্বর-পরায়ণ করিবার অভিপ্রায়ে শ্রীদাম ব্রাহ্মণের শান্তি লাভের বিবরণ বিবৃত করিলেন। ভক্তিঃ পরেশানুভবো বিরক্তি রন্যত্র চৈষ ত্রিক এক কালঃ। বলিয়া একাদশ স্কন্ধে প্রকাশ করিয়াছেন যে, জীবের ত্রিবিধ উপদেশের প্রয়োজন; প্রথম বিষয়বৈরাগ্য, দ্বিতীয় ভক্তি, তৃতীয় পরেশানুভব। সংসারে বৈরাগ্যই দুরূহ ব্যাপার; ইহার বর্ণন এবং অনুষ্ঠান উভয়ই দুরূহ। বৈরাগ্যও দুই প্রকার; প্রথমত বিষয়কে বিষদৃষ্টিতে পরিহার করা প্রয়োজন; দ্বিতীয়ত বিষয় লাভের উদ্যোগরূপ কর্ম্মকেও বিসর্জ্জন দিয়া, নিরভিমানী হওয়া প্রয়োজন। অতএব দুষ্টের দমন এবং শিষ্টের পালনরূপ কার্য্য কেবল এক জগদীশ্বরের হস্তে সম্পূর্ণ ন্যস্ত বলিয়া জীব যখন

আস্তেঽধুনা দ্বারবত্যাং ভোজবৃষ্ণ্যন্ধকেশ্বরঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

বৃষ্ণ্যন্ধকেশ্বরঃ (ভোজাদীনাং যাদবানাং ঈশ্বরঃ পালকঃ সঃ) অধুনা দ্বারবত্যাং দ্বারকায়াং এব আস্তে ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ভোজবৃষ্ণ্যন্ধকেশ্বর ইতি তৎস্বীকারমাত্রেণ সর্ব্বে তুভ্যং দাস্যন্তীতি ভাবঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ স সাম্প্রতমিন্দ্রপ্রস্থে দ্বারকায়াং বা অসুরমারণার্থমন্যত্র কাপ্যাস্তে বা তত্রাহ আস্তে ইতি। অধুনা ন্যস্তশস্ত্রঃ স্বনগরাদন্যত্র ন যাতীত্যর্থঃ। ভোজবৃষ্ণ্যন্ধকেশ্বর ইতি তৎস্বীকার-মাত্রেণ তেঽপি দাস্যন্তীতি ভাবঃ ॥ ৭ ॥

বিশেষত তিনি সম্প্রতি অতি নিকটেই অবস্থান করিতেছেন। এক্ষণে এই ভোজ, বৃষ্ণী ও অন্ধকাদি যদুবংশীয়গণের প্রতিপালকরূপে এই দ্বারাবতীতেই আছেন ॥ ৭ ॥

আভাস।

প্রত্যক্ষত অনুভব করে, তখনই তাহার ভোগে এবং পুরুষকারে সম্পূর্ণ ঔদাসীন্য আইসে; এবং আপনাকে অস্বতন্ত্র ও পরমেশ্বরের হস্তস্থিত পুত্তলিকা জ্ঞানে স্বতন্ত্র জগদীশ্বরের প্রতি তাহার ভক্তি জন্মে। শ্রীমদ্ভাগবতের প্রথমাবধি দশম স্কন্ধের ৭৯ অধ্যায় পর্য্যন্ত বৈরাগ্যোৎপাদক দুষ্টনিগ্রহ ও শিষ্টপালনরূপ ঈশ্বর-কার্য্যের পরিচয় দেওয়া হইয়াছে। পরীক্ষিতের এক্ষণে নিগ্রহের প্রবৃত্তি নিবৃত্ত হইয়াছে; কিন্তু কেবল নির্ভর দিলে দুঃখের বিমোচন হয় কি না, এই সন্দেহটী তাঁহার মনোমধ্যে লুক্কায়িত ছিল। শুকদেব অনুসন্ধান পূর্ব্বক সেই সন্দেহের নিরাকরণ করত পরমেশে পরমা ভক্তি করা যে একান্ত প্রয়োজন, তাহাই দশমের অবশিষ্ট কয়েকটী অধ্যায়ে বর্ণন করিয়াছেন। এই ঈশ্বরভক্তি প্রবল হইলে, পরেশানুভবের উপায় একাদশ স্কন্ধে বর্ণিত হইবে। শ্রীদাম একজন সুপণ্ডিত বৈরাগ্যবান্ ব্যক্তি। শ্রীদামের ইতিহাস বর্ণনে প্রকাশ করা হইয়াছে যে, তাঁহার ন্যায় প্রকৃত পণ্ডিত এবং বিবেকী না হইলে, ঈশ্বরে ভক্তিলাভের কোন প্রত্যাশা নাই। নির্ব্বাত দীপের ন্যায় চিত্তের স্রোত ভগবানের অভিমুখে ধাবিত থাকাকেই প্রকৃত ভক্তি বলে; এই ভক্তি যখন প্রবল হয়, তখনই ঈশ্বরের স্বরূপসাক্ষাৎকার ঘটে। এস্থলে দুর্দশা নিবন্ধন চিত্তচাঞ্চল্যের বিশেষ সম্ভাবনা সত্ত্বেও, ভগবানের প্রতি শ্রীদামের কিরূপ ভক্তি যে ছিল এবং সেই ভক্তির-বলে ভগবান্ তাঁহার সাংসারিক দুঃখের বিমোচন পূর্ব্বক কিরূপ সুখের সাগরে যে ভাসাইয়া ছিলেন, তাহাই এস্থলে বর্ণিত হইয়াছে। অতএব ঈশ্বরে ভক্তি করিতে পারিলে, মুক্তির কথা পরে, ঐহিকে সাংসারিক সুখেরও কোন অভাব যে থাকে না, ইহাই উপস্থিত বর্ণনার প্রধান লক্ষ্য স্থল ॥ ৫ ॥ ৬ ॥

স্মরতঃ পাদকমলমাত্মানমপি যচ্ছতি।
কিম্বর্থকামান্ ভজতো নাত্যভীষ্টান্ জগদ্গুরুঃ॥
স এবং ভার্য্যয়া বিপ্রো বহুশঃ প্রার্থিতো মুহুঃ।
অয়ং হি পরমো লাভ উত্তমঃশ্লোকদর্শনং॥
ইতি সঞ্চিন্ত্য মনসা গমনায় মতিং দধে॥ ৮॥

অন্বয়ঃ।

পাদকমলং স্মরতঃ জনস্য জনায়, যদা আত্মানং অপি যচ্ছতি দদাতি, তদা ভজতঃ ভজনং কুর্ব্বতে জনায় ন অত্যভীষ্টান্ পরিণামবিরসত্বাৎ ন অভিলষিতান্, অর্থকামান্ বিষয়ভোগান্, জগদ্গুরুঃ যচ্ছতি ইতি কিমু বক্তব্যং॥

এবং ভার্য্যয়া বহুশঃ বহুপ্রকারেণ, মুহুঃ বারংবারং, প্রার্থিতঃ সঃ বিপ্রঃ উত্তমশ্লোকদর্শনং ইতি অয়ং এব হি পরমঃ লাভঃ ইতি মনসা সঞ্চিন্ত্য গমনায় মতিং দধে॥ ৮॥

শ্রীধরস্বামী।

নাত্যভীষ্টান্ পরিপাকবিরসত্বাৎ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু তদপি ধনং প্রার্থয়িতুমহং লজ্জে তত্রাহ। স্মরত ইতি। চতুর্থ্যর্থে ষষ্ঠী। স্মরণমাত্রং কুর্ব্বতে জনায় অপ্রার্থকায়াপি স্বাত্মানমপি দদাতি কিং পুনরর্থকামান্ পরিণামবিরসত্বাৎ দাতুং নাত্যভীষ্টান্ যতো জগতাং গুরু র্হিতকর্ত্তা। যাচকানাং স্বিচ্ছয়া তানপ্যপ্রার্থিতোঽপি দত্তে। তেন তত্র গত্বা ত্বয়া তূষ্ণীমেব স্থেয়ং। সতু ত্বদভীষ্টং বহুধনং ত্বদ্ধিতকারিত্বাৎ স্বাভীষ্টং স্বচরণপদ্মমাধুর্য্যঞ্চ দাস্যতীতি দ্যোতিতং॥

বহুশঃ প্রার্থিত ইতি তস্যা ভার্য্যাত্বাৎ তস্য চ মৃদুত্বাদিতি ভাবঃ। তস্যা প্রার্থনয়া অপ্রসন্নং মনঃ পরামর্শেন প্রসাদয়তি অয়মিতি॥ ৮॥

আহা! যাঁহার চরণ-কমল কেবল হৃদয়-মন্দিরে চিন্তা করিলেই, যিনি ভক্তকে আত্মস্বরূপ পর্য্যন্ত প্রদান করেন, তখন তাঁহার সমীপে উপস্থিত হইয়া, সম্পূর্ণ অনভিপ্রেত তুচ্ছ অর্থকামাদির প্রার্থনা করিলে যে, সেই জগদ্গুরু তাহার পূরণ করিবেন, তাহাতে আর সন্দেহ কি!॥

নানাপ্রকার অনুনয় ও বিনয় সহকারে সেই পত্নীকর্ত্তৃক বারংবার প্রার্থিত হইয়া, ব্রাহ্মণ মনে মনে চিন্তা করিলেন যে, এই উপলক্ষে উত্তমশ্লোক ভগবান্ শ্রীকৃষ্ণকে দর্শন করিবার একটী উত্তম অবসর আমার উপস্থিত হইল। অন্য লাভের অপেক্ষা তদীয় দর্শনই আমার পরম লাভ; সন্দেহ নাই। এই প্রকার বিবেচনা করত, ব্রাহ্মণ দ্বারাবতীতে যাইবার জন্য মনস্থ করিলেন॥ ৮॥

তখন তিনি সেই পতিব্রতা পত্নীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ভদ্রে!

অস্ত্যপ্যুপায়নং কিঞ্চিদ্গৃহে কল্যাণি দীয়তাং।
যাচিতা চতুরো মুষ্টীন্ বিপ্রান্ পৃথুকতণ্ডুলান্ ॥
চেলখণ্ডেন তান্ বদ্ধা ভর্ত্রে প্রাদাদুপায়নং ॥ ৯ ॥
স তানাদায় বিপ্রাগ্র্যঃ প্রযযৌ দ্বারকাং কিল।
কৃষ্ণসন্দর্শনং মহ্যং কথং স্যাদিতি চিন্তয়ন্ ॥ ১০ ॥
গুল্মানি ত্রীণ্যতীয়ায় তিস্রঃ কক্ষাশ্চ সদ্বিজঃ।
বিপ্রোঽগম্যান্ধবৃষ্ণীনাং গৃহেষ্বচ্যুতধর্ম্মিণাং ॥

অন্বয়ঃ।

ততশ্চ ভার্য্যাং আহ যথা; হে কল্যাণি! অপি যদি গৃহে কিঞ্চিৎ উপায়নং ভগবৎ-সমর্পণ-যোগ্যং বস্তু, অস্তি তর্হি দীয়তাং! ইতি উক্তা কথিতা সা (চতুর্দ্দিক্ষু বর্ত্তমানান্ চতুরঃ প্রতিবেশিনঃ) বিপ্রান্ যাচিত্বা চতুরো মুষ্টীন্ পৃথুকতণ্ডুলান্ ধান্যচিপিটকান্ আদায় চেলখণ্ডেন তান্ বদ্ধা ভর্ত্রে উপায়নং প্রাদাৎ ॥ ৯ ॥

সঃ বিপ্রঃ তান্ আদায়, কৃষ্ণসন্দর্শনং মহ্যং মম, কথং স্যাৎ ইতি চিন্তয়ন্ দ্বারকাং কিল প্রযযৌ ॥ ১০ ॥

ততঃ ত্রীণি গুল্মানি রক্ষার্থং সৈন্যস্থানানি, তথা তিস্রঃ কক্ষাঃ প্রতোলীঃচ অতীয়ায় অতিক্রম্য, সদ্বিজঃ অন্যৈঃ দ্বিজৈঃ চ সহিতঃ সঃ বিপ্রঃ অচ্যুতধর্ম্মিণাং (অচ্যুতস্য এব ধর্ম্মঃ আরাধনং যেষাং তেষাং) অগম্যানাং দুর্গমানাং অন্ধকানাং বৃষ্ণীনাং চ গৃহেষু মধ্যে ॥

শ্রীধরস্বামী।

অপ্যস্তি কিমস্তীতি প্রশ্নঃ ॥ ৯ ॥　　মহ্যং মম ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্যস্তি গৃহেষ্বস্তি চেদ্দীয়তাং রিক্তপাণিঃ সখ্যুস্তস্য গৃহং কথং যাস্যামীতি ভাবঃ ॥ ৯ ॥
কথং স্যাদিতি। দ্বাঃস্থৈ বারয়িষ্যমাণত্বাদিতি ভাবঃ ॥ ১০ ॥

সখার সমীপে গমন করিতে হইলে, কিছু উপায়ন লইয়া যাওয়া কর্ত্তব্য! অতএব গৃহে কিছু যদি থাকে, আমাকে প্রদান কর! এতৎশ্রবণে ব্রাহ্মণী কিছু লজ্জিতা হইলেন এবং তৎক্ষণাৎ প্রতিবেশী ব্রাহ্মণগণের গৃহ হইতে চারি মুষ্টি চিপিটক ভিক্ষা করিয়া, একখানি জীর্ণ চেলখণ্ডে বান্ধিয়া উপায়নার্থ স্বামীকে প্রদান করিলেন ॥ ৯ ॥

দরিদ্র ব্রাহ্মণও সেই চিপিটকগুলি সঙ্গে লইয়া, অহো! কোন্ উপায়ে অদ্য আমার কৃষ্ণসন্দর্শন-লাভ ঘটিবে, এইরূপ মনে মনে চিন্তা করত, দ্বারকাভিমুখে যাত্রা করিলেন ॥ ১০ ॥

ক্রমশ তিনটী সেনাসন্নিবেশ-স্থল অতিক্রম করত, পর পর তিনটী কক্ষাও

গৃহং দ্ব্যষ্টসহস্রাণাং মহিষীণাং হরের্দ্বিজঃ।
বিবেশৈকতমং শ্রীমদ্ব্রহ্মানন্দং গতো যথা ॥ ১১
তং বিলোক্যাচ্যুতো দূরাৎ প্রিয়াপর্য্যঙ্কমাশ্রিতঃ।
সহসোত্থায় চাভ্যেত্য দোর্ভ্যাং পর্য্যগ্রহীন্মুদা ॥ ১২ ॥

অন্বয়ঃ।

হরেঃ দ্ব্যষ্টসহস্রাণাং মহিষীণাং গৃহেষু মধ্যে শ্রীমৎ একতমং গৃহং বিবেশ। তদা চ সঃ দ্বিজঃ ব্রহ্মানন্দং গতঃ যথা ভবতি তথা বভূব ॥ ১১ ॥

প্রিয়াপর্য্যঙ্কং (প্রিয়ায়াঃ লক্ষ্ম্যাঃ পর্য্যঙ্কং) আশ্রিতঃ অচ্যুতঃ তং ব্রাহ্মণং দূরাৎ এব বিলোক্য সহসা ঝটিতি উত্থায় অভ্যেত্য সমীপং গত্বা মুদা হর্ষেণ, দোর্ভ্যাং তং পর্য্যগ্রহীৎ আলিঙ্গিতবান্ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ওন্মানি রক্ষার্থং সৈন্যস্থানানি। কক্ষাঃ প্রতোলীঃ। অতীক্রম্য জগাম। সদ্বিজঃ দ্বিজৈঃ সহিতঃ। ততশ্চ অগম্যা দুর্গমা যে অন্ধকা বৃষ্ণয়শ্চ তেষাং গৃহেষু তথা হরে র্দ্ব্যষ্ট-সহস্রাণাং মহিষীণাঞ্চ যে গৃহাস্তেষু চ মধ্যে শ্রীমদেকতমং গৃহং বিবেশ। তদাচ সদ্বিজঃ ব্রহ্মানন্দং গতো যথা তথা বভূবেতি শেষঃ ॥ ১১ ॥

পর্য্যগ্রহীৎ পর্য্যরভত ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ওন্মানি পুরবহির্দ্বাররক্ষকসেনানিবেশস্থলানি। কক্ষাঃ পুরান্তর্দ্বারদীর্ঘগৃহপ্রকোষ্ঠান্ সদ্বিজঃ তত্রত্যদ্বিজসহিতঃ। অগম্যা যে অন্ধকবৃষ্ণয়স্তেষাং গৃহেষু তদঙ্গনিকটে ইত্যর্থঃ। দ্ব্যষ্টসহস্রাণাং হরের্মহিষীণাং দ্ব্যষ্টসহস্রমহিষীগৃহাণাং মধ্যে একতমং মুখ্যতমং গৃহং বিবে-শেত্যন্বয়ঃ। তচ্চ গৃহং রুক্মিণীগৃহমেব যদুক্তং পাদ্মোত্তরখণ্ডগদ্যং। সতু রুক্মিণ্যন্তঃ-পুরদ্বারি ক্ষণং তূষ্ণীং স্থিত ইত্যাদি তদন্যসর্ব্ববিস্মরণাংশে দৃষ্টান্তঃ ব্রহ্মেতি ॥ ১১ ॥

অতিক্রম করিলেন। পরে অচ্যুতের একান্ত প্রিয়পাত্র এবং বিশ্বাসী অন্ধক ও বৃষ্ণিবংশীয়গণের দুরাতক্রমণীয় বাসভবন সমূহ তত্রত্য ব্রাহ্মণগণের সাহায্যে অতিক্রম করত— ॥

যথায় শ্রীকৃষ্ণের ষোড়শ-সহস্র মহিষীগণের বাসমন্দির শোভা পাইতে-ছিল, তথায় উপনীত হইলেন এবং তন্মধ্যে একটী গৃহে প্রবেশ করিলেন। তথায় উপস্থিত হইয়া, ব্রাহ্মণের আর আনন্দের সীমা রহিল না। ব্রহ্মানন্দ লাভে জীব যেরূপ নির্বৃত হয়, অদ্য কৃষ্ণ-মহিষীর প্রকোষ্ঠে প্রবেশ করিয়াই ব্রাহ্মণ তাদৃশ নির্বৃত হইলেন ॥ ১১ ॥

সেই সময়ে শ্রীকৃষ্ণ প্রিয়া পত্নী রুক্মিণী সহ পর্য্যঙ্কে সমাসীন ছিলেন ; দূর

সখ্যুঃ প্রিয়স্য বিপ্রর্ষে রঙ্গসঙ্গাতিনির্বৃতঃ।
প্রীতো ব্যমুঞ্চদম্বিন্দূন্ নেত্রাভ্যাং পুষ্করেক্ষণঃ ॥ ১৩ ॥
অথোপবেশ্য পর্য্যঙ্কে স্বয়ং সখ্যুঃ সমর্হণং।
উপহৃত্যাবনিজ্যাস্য পাদৌ পাদবনেজনীঃ ॥
অগ্রহীচ্ছিরসা রাজন্ ভগবাল্লোকপাবনঃ।
বালিম্পদ্দিব্যগন্ধেন চন্দনাগুরুকুঙ্কুমৈঃ ॥
ধূপৈঃ সুরভিভির্মিত্রং প্রদীপাবলিভি র্মুদা।

অন্বয়ঃ।

প্রিয়স্য সখ্যুঃ বিপ্রর্ষেঃ অঙ্গসঙ্গাতিনির্বৃতঃ (অঙ্গসঙ্গেন আলিঙ্গনেন অতীব নির্বৃতঃ আনন্দিতঃ) প্রীতঃ প্রীতিযুক্তঃ, পুষ্করেক্ষণঃ কমললোচনঃ কৃষ্ণঃ নেত্রাভ্যাং অম্বিন্দূন্ আনন্দাশ্রু-বিন্দূন্ ব্যমুঞ্চৎ ॥ ১৩ ॥

অথ স্বপর্যঙ্কে উপবেশ্য সমর্হণং পূজাসাধনং উপহৃত্য আনীয়, স্বয়ং এব অস্য সখ্যুঃ পাদৌ অবনিজ্য প্রক্ষাল্য, পাদাবনেজনীঃ অপঃ ॥

লোকপাবনঃ ভগবান্ শিরসা অগ্রহীৎ দধার। তথা হে রাজন্! দিব্যগন্ধেন চন্দনাগুরু-কুঙ্কুমৈঃ চ তং দ্বিজং ব্যলিম্পৎ ॥

মুদা সুরভিভিঃ ধূপৈঃ প্রদীপাবলিভিঃ তং মিত্রং অর্চ্চিত্বা তাম্বূলং গাং ধেনুং চ আবেদ্য

শ্রীধরস্বামী।

অম্বিন্দূন্ আনন্দাশ্রূণি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভ্যেত্য প্রাঙ্গণমাগত্য পর্য্যগ্রহীৎ পরিরেভে ॥ ১২ ॥ ১৩ ॥

হইতে ব্রাহ্মণকে উপনীত অবলোকন করিয়া, তৎক্ষণাৎ গাত্রোত্থান করত হৃষ্টান্তঃকরণে দ্বিজ সমীপে অগ্রসর হইলেন এবং প্রেমের পুলকে ব্রাহ্মণকে বাহুদ্বয়ে আলিঙ্গন করিলেন ॥ ১২ ॥

সেই প্রিয় সখা ব্রাহ্মণের অঙ্গসঙ্গ-জনিত আনন্দে যেন অতি নির্বৃত হওয়ায়, পদ্মপলাশলোচন শ্রীকৃষ্ণের লোচনদ্বয় হইতে প্রচুর পরিমাণে আনন্দাশ্রু নিপতিত হইতে লাগিল ॥ ১৩ ॥

অনন্তর সখা ব্রাহ্মণকে স্বীয় পর্য্যঙ্কে উপবেশন করাইয়া, অর্ঘ্য পাদ্যাদি পূজা দ্রব্য শ্রীকৃষ্ণ তাঁহাকে প্রদান করিলেন; এবং স্বয়ং ব্রাহ্মণের চরণদ্বয় প্রক্ষালন করত সেই বারি, হে নরনাথ! জগৎপবিত্র জনার্দ্দন মস্তকে ধারণ করিলেন ॥

পরে অপূর্ব্ব গন্ধ-দ্রব্য এবং অগুরু চন্দন ও কুঙ্কুমাদির দ্বারা কৃষ্ণ ব্রাহ্মণের অঙ্গ প্রলিপ্ত করিলেন; প্রদীপাবলি ও সুরভি ধূপের দ্বারা মিত্রের অর্চ্চনা করিয়া

অর্চ্চিত্বাবেদ্য তাম্বূলং গাঞ্চ স্বাগতমব্রবীৎ ॥ ১৪ ॥
কুচেলং মলিনং ক্ষামং দ্বিজং ধমনিসন্ততং।
দেবী পর্য্যচরৎ সাক্ষাৎ ব্যজনেন সখীজনৈঃ ॥ ১৫ ॥
অন্তঃপুরজনো দৃষ্ট্বা কৃষ্ণেনামলকীর্ত্তিনা।
বিস্মিতোঽভূদতিপ্রীত্যা অবধূতং সভাজিতং ॥ ১৬ ॥
কিমনেন কৃতং পুণ্যমবধূতেন ভিক্ষুণা।

অন্বয়ঃ।

প্রদায়, স্বাগতং অব্রবীৎ পপ্রচ্ছ ॥ ১৪ ॥

কুচেলং মলিনং ক্ষামং ধমনিসন্ততং (ধমনিভিঃ শিরাভিঃ সন্ততং ব্যাপ্তং) তং দ্বিজং সখীজনৈঃ সহ সাক্ষাৎ দেবী রুক্মিণী ব্যজনেন চামরাদিনা পর্য্যচরৎ বীজয়ামাস ॥ ১৫ ॥

অবধূতং মলিনং তং দ্বিজং অমলকীর্ত্তিনা কৃষ্ণেন তথা অতিপ্রীত্যা সভাজিতং সম্যক্ পূজিতং, দৃষ্ট্বা অন্তঃপুরজনঃ বিস্মিতঃ অভূৎ ॥ ১৬ ॥

শ্রিয়া হীনেন দরিদ্রেণ, অধমেন নীচবৎ প্রতীয়মানেন, অতঃ অস্মিন্ লোকে গর্হিতেন

শ্রীধরস্বামী।

সমর্হণং উপায়নং উপহৃত্য সমর্প্য। পাদাবনেজনীরপঃ ॥ ১৪ ॥
ধমনিভিঃ শিরাভিঃ সন্ততং ব্যাপ্তং ॥ ১৫ ॥ অবধূতং মলিনং ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাদাবনেজনী রপঃ ॥ ১৪ ॥

সাক্ষাদ্দেবী রুক্মিণী শৈব্যেতি কাচিৎক-পাঠঃ পাদ্মোত্তরখণ্ডাসম্মতঃ ॥ ১৫ ॥

অমলকীর্ত্তিনেতি। ততঃ প্রভৃতি শ্রীদামপরিচরণরূপা কীর্ত্তিঃ সুদামদারিদ্র্যভঞ্জনরূপং নামচাভূৎ অবধূতং মলিনবেশং ॥ ১৬ ॥

শ্রীকৃষ্ণ তাঁহাকে তাম্বূল ও গাভী প্রভৃতি প্রদান করত কুশল-প্রশ্ন জিজ্ঞাসা করিলেন ॥ ১৪ ॥

অহো, কি আশ্চর্য্য! সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা স্বয়ং রুক্মিণীদেবীও সখিগণে পরিবৃতা হইয়া সেই ছিন্ন বিচ্ছিন্ন বসনধারী অন্নাভাবে শীর্ণ-কলেবর শিরা-ব্যাপ্ত-দেহ মলিন-বেশ ব্রাহ্মণকে চামরাদির দ্বারা বীজন করিতে লাগিলেন ॥ ১৫

অমলকীর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক তাদৃশ অবধূত-বেশধারী ব্রাহ্মণের বিশেষ সম্মান ও আদর করা দেখিয়া, অন্তঃপুরস্থ জনগণ সকলেই বিস্মিত হইলেন ॥ ১৬ ॥

তাঁহারা সকলে পরস্পরে বলিতে লাগিলেন যে, জানি না! এই শ্রীহীন ভিক্ষুক পূর্ব্বজন্মে কিরূপ পুণ্যেরই সঞ্চয় করিয়াছেন! সংসারে ইহার ধন

শ্রিয়া হীনেন লোকেঽস্মিন্ গর্হিতেনাধমেন চ ॥ ১৭ ॥
যোঽসৌ ত্রিলোকগুরুণা শ্রীনিবাসেন সম্মতঃ।
পর্য্যঙ্কস্থাং প্রিয়াং হিত্বা পরিষ্বক্তোঽগ্রজো যথা ॥ ১৮ ॥
কথয়াঞ্চক্রতুর্ গাথাঃ পূর্ব্বা গুরুকুলে সতোঃ।
আত্মনো ললিতা রাজন্ করৌ গৃহ্য পরস্পরং ॥ ১৯ ॥
শ্রীভগবানুবাচ ॥
অপি ব্রহ্মন্ গুরুকুলাদ্ভবতা লব্ধদক্ষিণাৎ।

অন্বয়ঃ।

নিন্দিতেন, অনেন অবধূতেন মলিনেন ভিক্ষুণা কিং কিং পুণ্যং কৃতং ॥ ১৭ ॥

যঃ অসৌ দ্বিজঃ ত্রিলোকগুরুণা শ্রীনিবাসেন (শ্রিয়ঃ নিবাসেন আশ্রয়ভূতেন) সম্মতঃ আদৃতঃ; তথা পর্যঙ্কস্থাং প্রিয়াং হিত্বা অগ্রজঃ যথা তথা অহং পরিষ্বক্তঃ আলিঙ্গিতঃ ॥ ১৮ ॥

ততঃ চ হে রাজন্! শ্রীদাম-কৃষ্ণৌ পুরা গুরুগৃহে সতোঃ বর্ত্তমানয়োঃ আত্মনোঃ যাঃ ললিতাঃ মনোহরাঃ গাথাঃ কথাঃ তাঃ পরস্পরং করৌ গৃহ্য গৃহীত্বা কথয়াঞ্চক্রতুঃ ॥ ১৯ ॥

শ্রীভগবান্ উবাচ। হে ধর্ম্মজ্ঞ ব্রহ্মন্! লব্ধদক্ষিণাৎ (লব্ধা দক্ষিণা যেন তস্মাৎ) গুরু-

শ্রীধরস্বামী।

বিস্ময়মাহ কিমনেনেতি দ্বাভ্যাং ॥ ১৭ ॥　　সংমতঃ সংমানিতঃ ॥ ১৮ ॥
সতো বর্সতোঃ। গৃহ্য গৃহীত্বা ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিস্ময়মাহ কিমনেনেতি দ্বাভ্যাং অধমবেশত্বাদধমেন ॥ ১৭ ॥ ১৮ ॥　　গৃহ্য গৃহীত্বা ॥ ১৯ ॥
ভার্য্যা উঢ়া পরিণীতা নবেতি। গৃহস্থলিঙ্গদর্শনাৎ ভোগাদর্শনাচ্চ সংশয়াদিব প্রশ্নঃ। হে ধর্ম্মজ্ঞেতি যদি সমাবর্ত্তনং কৃতং তর্হ্যনাশ্রমিত্বদোষপরিহারার্থমবশ্যং ভার্য্যা পরিগ্রাহ্যেতি

নাই; সুতরাং মানও নাই; সুতরাং কেহই ইহার সম্মান না করিলেও—॥ ১৭

ত্রিলোকস্থ ব্রহ্মাদি লোকপালগণেরও যিনি একমাত্র গুরু সেই শ্রীপতি জনার্দ্দন পর্য্যঙ্কস্থা পতিপরায়ণা প্রিয় পত্নী রুক্মিণীকে পর্য্যন্ত পরিত্যাগ করিয়া, জ্যেষ্ঠ ভ্রাতার ন্যায় এই ব্রাহ্মণের পরিচর্য্যা যখন করিতেছেন, তখন ইহাঁর সঞ্চিত পুণ্যের আর কি পরিচয় দিব! ॥ ১৮ ॥

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রীদাম ব্রাহ্মণের হস্ত ধারণ পূর্ব্বক একত্র উপবেশন করিলেন এবং হে নরনাথ! বাল্যকালে গুরুগৃহে বাসোপলক্ষে যে সকল ব্যাপার ঘটিয়াছিল, সেই সকল মধুর বিষয়ের উত্থাপনে পরস্পরে কথোপকথন করিতে লাগিলেন ॥ ১৯ ॥

ভগবান্ বলিলেন, হে ব্রহ্মন্! পাঠ সাঙ্গ করিয়া আপনি গুরুদক্ষিণা প্রদানে

সমাবৃত্তেন ধর্ম্মজ্ঞ ভার্য্যোঢ়া সদৃশী ন বা ॥ ২০ ॥
প্রায়ো গৃহেষু তে চিত্তমকামবিহতং তথা।
নৈবাতিপ্রীয়সে বিদ্বন্ ধনেষু-বিদিতং হি মে ॥ ২১ ॥
কেচিৎ কর্ম্মাণি কুর্ব্বন্তি কামৈ রহতচেতসঃ।

অন্বয়ঃ।

কুলাৎ গুরুগৃহাৎ সমাবৃত্তেন আগত্য কৃতসমাবর্ত্তনাখ্য-কর্ম্মণা ভবতা অপি কিং সদৃশী স্বযোগ্যা ভার্য্যা ঊঢ়া পরিণীতা বা ? ॥ ২০ ॥

হে বিদ্বন্ ! গৃহেষু তথা ধনেষু ত্বং নৈব অতিপ্রীয়সে অতিশয়প্রীতিযুক্তঃ ন ভবসি তথা তে চিত্তং অকামবিহতং (কামৈঃ বিষয়ৈঃ ন বিহতং আকৃষ্টং) ভবতি ইতি তু মে ময়া বিদিতং এব ॥ ২১ ॥

যতঃ কামৈঃ অহতচেতসঃ অপি কেচিৎ দৈবীঃ ঈশ্বরমায়ারচিতাঃ প্রাকৃতীঃ বিষয়-

শ্রীধরস্বামী।

ভার্য্যা ঊঢ়া পরিণীতা ন বেতি গৃহস্থলিঙ্গদর্শনাৎ ভোগাদর্শনাচ্চ সংশয়াদিব প্রশ্নঃ ॥ ২০ ॥

অপ্রতিষেধাদুদ্বাহমনুমতং মত্বাহ প্রায় ইতি। তর্হি তে চিত্তং নূনমকামবিহতং কামৈর্বিহতং ন ভবতীতি মে বিদিতং। তথাহি ধনেষু বস্ত্রাদিষু নৈবাতি প্রীয়সে। হে বিদ্বনিতি বিদুষ স্তবৈতদ্বুক্তমিতি ভাবঃ ॥ ২১ ॥

কামহতত্বাভাবে কিং গৃহধর্ম্মক্লেশেনেত্যাশঙ্ক্যাহ কেচিদিতি। দৈবীঃ ঈশ্বরমায়ারচিতাঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মং ভবান্ বেত্ত্যেবেতি ভাবঃ ॥ ২০ ॥

ত্বয়া লজ্জয়া সংপ্রত্যবদনাদপি সর্ব্বমহমজ্ঞাসিষমেবেত্যাহ প্রায় ইতি সংপ্রতি গৃহস্থস্যাপি তে চিত্তং অকামবিহতং ন কামৈর্বিহন্তং শক্যং। হে বিদ্বন্ ভোগপরিণামবিজ্ঞ ধনেষু বস্ত্রেষু চ নাতিপ্রীয়সে এব ইতি বিদিতং অতএবাধুনা তানি তানি ন দীয়ন্তে প্রায় ইতীতি-পদাভ্যাং ভার্য্যানুরোধেন ধনাদিষু প্রীয়সে চেত্যত এব পশ্চাত্তানি দাস্যন্তে চেতি ভাবঃ। পশ্যত ভোঃ কিলায়ং গৃহস্থোঽপ্যতি নিস্পৃহঃ পরস্মাৎ কিমপি ন কাময়তে বলাদ্দত্তমপি ন গৃহ্ণাতীতি দ্বারকায়াং তৎপ্রতিষ্ঠাখ্যাপনার্থমেব তস্য সকামত্বং ন প্রকটীকৃতং নাপি কিঞ্চিৎ প্রকটং দত্তঞ্চেতি জ্ঞেয়ং ॥ ২১ ॥

ত্বমতি বিরক্তোঽপ্যন্য ইব সন্ন্যাসং নাকরোরিত্যত্র তং ত্বামহং জানে ইত্যাহ কেচিদ্বিরক্তাঃ

গৃহে সমাবৃত্ত হইয়া, চিত্তানুকারিণী উপযুক্ত ভার্য্যা পরিণয় করিয়াছেন ত ? ॥২০

হে ধর্ম্মজ্ঞ ! আপনি গৃহস্থ হইলেও, আপনার চিত্ত কখন বিষয়-চিন্তায় ব্যাকুল নহে। হে বিদ্বন্ ! ধনৈশ্বর্য্যের কামনা যে আপনি কখন করেন না, তাহা আমি বিলক্ষণ অবগত আছি ॥ ২১ ॥

ত্যজন্তঃ প্রাকৃতীর্দৈবীর্যথাহং লোকসংগ্রহম্ ॥ ২২ ॥
কচ্চিদ্ গুরুকুলে বাসং ব্রহ্মন্ স্মরসি নৌ যতঃ।
দ্বিজো বিজ্ঞায় বিজ্ঞেয়ং তমসঃ পারমশ্নুতে ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

বাসনাঃ ত্যজন্তঃ এব যথা অহং প্রয়োজনান্তররহিতঃ অপি লোকসংগ্রহার্থং কর্ম্ম করোমি তথা তে অনাসক্তাঃ অপি কর্ম্মাণি কুর্ব্বন্তি ॥ ২২ ॥

কিঞ্চ হে ব্রহ্মন্ নৌ আবয়োঃ গুরুকুলে বাসং কচিৎ স্মরসি ? যতঃ গুরুকুলবাসাৎ দ্বিজঃ বিজ্ঞেয়ং কর্ম্মোপাসনাদিকং, বিজ্ঞায় তমসঃ সংসারস্য, পারং অশ্নুতে মোক্ষং প্রাপ্নোতি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

প্রাকৃতীর্বিষয়বাসনা স্ত্যজন্তঃ। কামৈরনাকৃষ্টচেতসামপি কর্ম্মাচরণে দৃষ্টান্তঃ যথাহমিতি। লোকসংগ্রহং লোকস্য সংগ্রহো গ্রহণং যথা ভবতি তথাহমীশ্বরোঽপি কর্ম্মাণি যথা করোমি তদ্বৎ ॥ ২২ ॥

নৌ আবয়োঃ। যতো গুরোর্বিজ্ঞেয়ং পরমাত্মতত্ত্বং। তমসঃ সংসারস্য ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামৈরনাকৃষ্টচেতসোঽপি কর্ম্মাণি কুর্ব্বন্তি কেচিচ্চ দৈবীঃ প্রাকৃতী র্দৈবনির্ম্মিতান্ চিত্তস্য স্বভাবান্ দুর্লক্ষ্যসূক্ষ্মবিষয়বাসনাত্মকমালিন্যময়ান্ ত্যজন্ত স্ত্যক্তুঞ্চ কর্ম্মাণি কুর্ব্বন্তি। তত্র পূর্ব্বেষাং দৃষ্টান্তঃ। যথাহং লোকসংগ্রহং যথাস্যাত্তথা কর্ম্ম করোমীতি ॥ ২২ ॥

মামতিনীচমপি যদেবং সংমানয়তি তস্মাৎ পরিচিত্যান্যস্য কস্যচিদ্ভানেন বেতি মনসি সন্দিহানস্য তস্য সন্দেহাপগমার্থং গুরুকুলবাসং স্মারয়তি কচ্চিদিতি দ্বাদশভিঃ। নৌ আবয়োঃ। বিজ্ঞেয়ং ভগবত্তত্ত্বং। তমসঃ সংসারস্য ॥ ২৩ ॥

মনোমধ্যে ভোগের আকাঙ্ক্ষা না থাকিলেও, অনেক লোকে যে কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন, সে কেবল লোক-শিক্ষার অভিপ্রায়ে মাত্র। আমি যেমন নিজের প্রয়োজন না থাকিলেও, সৃষ্টিমর্য্যাদা রক্ষার জন্য কর্ম্ম করি, তাঁহারাও সেই প্রকার দৈবীশক্তির অনির্ব্বচনীয় বিকাশ মাত্র বোধে ভোগকে উপেক্ষা করত, নিত্য নৈমিত্তিকাদি কর্ম্ম সমূহ নিরন্তর করিয়া থাকেন ॥ ২২ ॥

হে ব্রহ্মন্! গুরুকুলে বাসের বৃত্তান্ত কি আপনার স্মরণ হয় ? কেনই বা না হইবে ? কারণ গুরুসন্নিধানেই জগত্তত্ত্ব, জীবতত্ত্ব এবং পরমাত্মতত্ত্ব অবধারণ করিয়া ব্রাহ্মণ এই দুরন্ত সংসারকে অতিক্রম করিয়া থাকেন ॥ ২৩ ॥

হে সখে ! এই সংসারে প্রথম যাঁহার ঔরসে জন্মগ্রহণ করা যায়, তিনিই আদিগুরু এবং পূজনীয়; কিন্তু জন্মগ্রহণের পর যাঁহার নিকট হইতে ধর্ম্মাদি সৎ কর্ম্মের বীজ প্রাপ্ত হওয়া যায়, অর্থাৎ যিনি উপনীত করিয়া

স বৈ সৎকর্ম্মণাং সাক্ষাৎ দ্বিজাতেরিহ সম্ভবঃ।
আদ্যোঽঙ্গ যত্রাশ্রমিণাং যথাহং জ্ঞানদো গুরুঃ ॥ ২৪ ॥
নন্বর্থকোবিদা ব্রহ্মন্ বর্ণাশ্রমবতামিহ।
যে ময়া গুরুণা বাচা তরন্ত্যঞ্জো ভবার্ণবং ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! ইহ সংসারে যত্র সম্ভবঃ জন্মমাত্রং সঃ পিতা আদ্যঃ প্রথমঃ গুরুঃ পূজ্যঃ। দ্বিজাতেঃ সতঃ পুংসঃ সৎকর্ম্মণাং যত্র সম্ভবঃ (উপনীয় বেদাধ্যাপকঃ) সঃ দ্বিতীয়ঃ গুরুঃ। যঃ তু আশ্রমিণাং সর্ব্বেষাং অপি জ্ঞানপ্রদঃ সঃ তু সাক্ষাৎ অহং যথা তথা শ্রেষ্ঠঃ গুরুঃ পূজ্যঃ চ ॥ ২৪ ॥

হে ব্রহ্মন্! ইহ লোকে, যে ময়া গুরুরূপেণ বক্ত্রা, বাচা উপদেশমাত্রেণ, অঞ্জঃ সুখেন, সংসাররূপং ভবার্ণবং তরন্তি তে এব সর্ব্বেষাং বর্ণানাং আশ্রমিণাং চ মধ্যে অর্থকোবিদাঃ স্বপুরুষার্থে কুশলাঃ এব ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

তত্রাত্মজ্ঞানপ্রদস্য গুরোরত্যন্তপূজ্যত্বং বক্তুং পুরুষস্য ত্রীন্ গুরূনাহ স বা ইতি। ইহ সংসারে যত্র সম্ভবো জন্মমাত্রং স পিতা তাবদাদ্যঃ প্রথমো গুরুঃ পূজ্যঃ। কর্ম্মবিদ্যা প্রদং গুরুমাহ দ্বিজাতেঃ সতঃ পুংসঃ সৎকর্ম্মণাং যত্র সম্ভবঃ উপনীয় বেদাধ্যাপক ইত্যর্থঃ স দ্বিতীয়ো গুরুঃ যথাহমীশ্বরঃ তথা প্রথমাদপি পূজ্য ইত্যর্থঃ। ব্রহ্মবিদ্যাপ্রদং গুরুমাহ আশ্রমিণাং সর্ব্বেষামপি জ্ঞানদো যঃ সতু সাক্ষাদহমেবেতি ॥ ২৪ ॥

অতো জ্ঞানপ্রদং গুরুরূপং মামাশ্রিত্য যে সংসারং তরন্তি তে বুদ্ধিমন্ত ইত্যাহ নন্বিতি। হে ব্রহ্মন্ বর্ণাশ্রমবতাং মধ্যে তেঽর্থকোবিদাঃ ইহ মনুষ্যজন্মনি তত্রাপি বর্ণাশ্রমবত্ত্বে সতি যে ময়া গুরুরূপেণ বক্ত্রা বাচা উপদেশমাত্রেণ অঞ্জঃ সুখেনৈব ভবার্ণবং তরন্তি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইহ খলু পিতা উপনেতা মদীয়তত্ত্বোপদেষ্টা চেতি ত্রয় এব গুরবো ভবন্তি। তেষ্বন্ত্য এবাতিপূজনীয় ইত্যাহ স বা ইতি। ইহ সংসারে যত্র সম্ভবো জন্মমাত্রং স আধানকর্ত্তা পিতা তাবদাদ্যো গুরুঃ। যত্র দ্বিজাতেঃ সতঃ পুংসঃ সৎকর্ম্মণাং সম্ভবঃ স উপনেতা সাবিত্র্যুপদেষ্টা দ্বিতীয়ো গুরুঃ। যস্তু আশ্রমিণাং আশ্রমিভ্য শ্চতুর্ভ্য এব জ্ঞানদঃ মত্তত্ত্বোপদেষ্টা স যথাহং মত্তুল্যত্বেনাতিপূজনীয় ইত্যর্থঃ ॥ ২৪ ॥

তৃতীয়ো গুরুরেব সংসারাত্তারয়তীত্যাহ। নন্বু নিশ্চিতমেব বর্ণাশ্রমবতাং মধ্যে তে

বেদোপদেশ প্রদানে মোক্ষের পথ প্রশস্ত করিয়া দেন, তিনিই জ্ঞানপ্রদ দ্বিতীয় গুরু এবং ভগবানের ন্যায় পূজ্য ও আদরণীয়, সন্দেহ নাই ॥ ২৪ ॥

হে ব্রহ্মন্! আমারই প্রতিভূস্বরূপ জ্ঞানপ্রদ গুরুগণের উপদেশ বাক্যকে আশ্রয় করিয়া, যাঁহারা তত্ত্বানুসন্ধানে প্রবৃত্ত হন, বর্ণাশ্রমবিশিষ্ট ব্যক্তিগণের মধ্যে

নাহমিজ্যা প্রজাতিভ্যাং তপসোপশমেন বা।
তুষ্যেয়ং সর্ব্বভূতাত্মা গুরুশুশ্রূষয়া যথা॥ ২৬॥
অপি নঃ স্মর্য্যতে ব্রহ্মন্ যত্তন্নিবসতাং গুরৌ।
গুরুদারৈশ্চোদিতানামিন্ধনানয়নে ক্বচিৎ॥ ২৭॥

অন্বয়ঃ।

ইজ্যা পঞ্চমহাযজ্ঞাদিগৃহস্থধর্ম্মঃ, প্রজাতিঃ প্রকৃষ্টং জন্ম উপনয়নং চ তাভ্যাং ইজ্যা-প্রজাতিভ্যাং, তপসা অনশনাদি-বানপ্রস্থধর্ম্মেণ, উপশমেন ইন্দ্রিয়নিগ্রহাদি-যতিধর্ম্মেণ চ সর্ব্বভূতাত্মা অহং তথা ন তুষ্যেয়ং প্রীতঃ ন স্যাং, যথা গুরুশুশ্রূষয়া তুষ্যেয়ং॥ ২৬॥

হে ব্রহ্মন্! গুরৌ গুরুসমীপে, নিবসতাং নঃ অস্মাকং, যৎ বৃত্তং জাতং তৎ কিং ত্বয়া স্মর্য্যতে?॥ ২৭॥

শ্রীধরস্বামী।

জ্ঞানপ্রদাদ্ গুরোরধিকঃ সেব্যো নাস্তীত্যুক্তং অতএব তদ্ভজনাদধিকো ধর্ম্মশ্চ নাস্তীত্যাহ নাহমিতি। ইজ্যা গৃহস্থধর্ম্মঃ। প্রজাতিঃ প্রকৃষ্টং জন্ম উপনয়নং তেন ব্রহ্মচারিধর্ম্মো লক্ষ্যতে তাভ্যাং তথা তপসা বনস্থধর্ম্মেণ উপশমেন যতিধর্ম্মেণ বা অহং পরমেশ্বরঃ তথা ন তুষ্যেয়ং। যথা সর্ব্বভূতাত্মাপি গুরুশুশ্রূষয়েতি॥ ২৬॥

কিঞ্চ অস্মাকং গুরুশুশ্রূষণং কিমপি দৈবাদেব সম্পন্নং তৎ কিং ত্বয়া স্মর্য্যতে ইতি পৃচ্ছতি অপি ন ইতি। গুরৌ নিবসতামস্মাকং যৎ কিমপি বৃত্তং তৎ। ক্বচিৎ কদাচিৎ॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবার্থকোবিদাঃ যে ময়া মদ্রূপেণ মত্তত্ত্বোপদেষ্ট্রা গুরুণা বাচা মন্মন্ত্রোপদেশমাত্রেণৈবাঞ্জঃ সুখেনৈব ভবার্ণবং তরন্তি॥ ২৫॥

তস্মান্মদুপদেষ্টা গুরুরেবাতিশয়েন শুশ্রূষণীয় ইত্যাহ নাহমিতি। ইজ্যা হোমো ব্রহ্মচারিধর্ম্মঃ। প্রজাতিঃ প্রজা পুত্রোৎপাদনং গৃহস্থধর্ম্মঃ তাভ্যাং তপসা বনস্থধর্ম্মেণ উপশমেন যতিধর্ম্মেণ বা অহং পরমেশ্বরস্তথা ন তুষ্যেয়ং যথা সর্ব্বভূতানামাত্মাপি গুরুশুশ্রূষয়া॥ ২৬॥

গুরৌ নিবসতামস্মাকং যদ্বৃত্তং তৎ কিং স্মর্য্যতে॥ ২৭॥

সুচতুর সেই সকল ব্যক্তিই এই ভীষণ ভব-জলধিকে অনায়াসে অতিক্রম করেন, সন্দেহ নাই॥ ২৫॥

দেখুন! আমি সর্ব্বভূতের অন্তরাত্মা! আমার নিকট কাহারও কোন ভাব অবিদিত নাই। কিন্তু আমি গুরুশুশ্রূষার দ্বারা যেরূপ তৃপ্তি লাভ করিয়া থাকি এবং সন্তুষ্ট হই, তাদৃশ তৃপ্তি বা প্রীতি কেহ কখন গৃহস্থধর্ম্ম যাগ যজ্ঞ, ব্রহ্মচারীর ধর্ম্ম উপনয়নাদি এবং তপস্যাদি যতিধর্ম্মের অনুষ্ঠানেও আমার হৃদয়ে উৎপাদন করিতে পারেন না॥ ২৬॥

হে ব্রহ্মন্! আমরা যখন গুরুগৃহে বাস করিতাম, তখন সেই সকল দিবসের

প্রবিষ্টানাং মহারণ্যমপর্ত্তৌ সুমহদ্দ্বিজ।
বাতবর্ষমভূত্তীব্রং নিষ্ঠুরাস্তনয়িত্নবঃ ॥ ২৮ ॥
সূর্য্যশ্চাস্তং গতস্তাবত্তমসা চাবৃতা দিশঃ।
নিম্নং কূলং জলময়ং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ২৯ ॥
বয়ং ভৃশং তত্র মহানিলাম্বুভি র্নিহন্যমানা মুহুরম্বুসংপ্লবে।
দিশোঽবিদন্তোঽথ পরস্পরং বনে গৃহীতহস্তাঃ পরিবভ্রিমাতুরাঃ ॥

অন্বয়ঃ।

তদা মহারণ্যং প্রবিষ্টানাং সতাং অপর্ত্তৌ বর্ষাকালে অতীতে, হে দ্বিজ! সুমহৎ তীব্রং বাতবর্ষং অভূৎ তথা নিষ্ঠুরাঃ স্তনয়িত্নবঃ গর্জ্জিতানি চ অভবন্ ॥ ২৮ ॥

তাবৎ সূর্য্যঃ চ অস্তং গতঃ তদা দিশঃ চ তমসা আবৃতাঃ, সর্ব্বং স্থানং জলময়ং জাতং। অতঃ নিম্নং নতং, কূলং উন্নতং চ কিঞ্চন অপি স্থানং ন প্রাজ্ঞায়ত ॥ ২৯ ॥

অম্বুসংপ্লবে (অম্বূনাং সংপ্লবঃ প্রবাহঃ যস্মিন্ তস্মিন্) তত্র বনে মহানিলাম্বুভিঃ (মহদ্ভিঃ অনিলৈঃ অম্বুভিঃ চ) ভৃশং অত্যন্তং নিহন্যমানাঃ সংপীড্যমানাঃ অতঃ দিশঃ অবিদন্তঃ অতঃ আতুরাঃ ব্যাকুলচিত্তাঃ অথ অতএব পরস্পরং গৃহীতহস্তাঃ বয়ং মুহুঃ পরিবভ্রিম তত্রৈব পরিভ্রমণং কৃতবন্তঃ ॥

শ্রীধরস্বামী।

অপর্ত্তৌ অপগতে ঋতৌ অকালে ইত্যর্থঃ। বাতশ্চ বর্ষঞ্চ অনয়োঃ সমাহার স্তৎ। স্তনয়িত্নবো গর্জ্জিতানি চ নিষ্ঠুরা অভবন্ ॥ ২৮ ॥

নিম্নং কূলং নতমুন্নতঞ্চ স্থানং ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপর্ত্তৌ অপগতবর্ষর্ত্তৌ শীতকাল ইত্যর্থঃ। স্তনয়িত্নবো গর্জ্জনবন্তো মেঘাঃ ॥ ২৮ ॥ ২৯ ॥

নানাব্যাপার কি আপনার স্মরণ হয়? যে দিবস গুরু পত্নীগণের আদেশে আমরা উভয়ে ইন্ধনায়নার্থ গমন করি, বিশেষত সে দিনের বৃত্তান্ত কি মনে পড়ে? ॥ ২৭

আমরাও তদুপলক্ষে মহারণ্যে প্রবেশ করিলাম; কিন্তু সে সময় বর্ষা অতীত হইলেও, ভয়ঙ্কর বেগে ঝড় বৃষ্টি ও বজ্রাঘাত আরম্ভ হইল ॥ ২৮ ॥

এদিকে সূর্য্যদেবও ক্রমশ অস্তাচলে গমন করিলেন; দশদিক্ অন্ধকারে আবৃত হইয়া গেল। প্রচুর বর্ষণে সমগ্র স্থান জলপ্লাবিত হইয়া উঠিল এবং উচ্চ নীচ ভূমিও আর পরিজ্ঞাত হওয়া একান্ত অসম্ভব হইল ॥ ২৯ ॥

তখন সেই মহারণ্যে বাত বর্ষায় একান্ত অভিভূত এবং জলপ্লাবনে দিক্ বিদিক্ পরিজ্ঞাত হইতে নিতান্ত অসমর্থ হইয়া, আমরা উভয়ে পরস্পরের হস্ত ধারণ পূর্ব্বক নিতান্ত অবসন্নের ন্যায় ইতস্ততঃ পরিভ্রমণ করিতে লাগিলাম ॥

এতদ্বিদিত্বানুদিতে রবৌ সান্দীপনি গুর্রুঃ।
অন্বিষ্যমাণো নঃ শিষ্যানাচার্য্যোঽপশ্যদাতুরান্ ॥ ৩০ ॥
অহো হে পুত্রকা যূয়মস্মদর্থেঽতিদুঃখিতাঃ।
আত্মা বৈ প্রাণিনাং প্রেষ্ঠস্তমনাদৃত্য মৎপরাঃ ॥ ৩১ ॥
ইয়দেব হি সচ্ছিষ্যৈঃ কর্ত্তব্যং গুরুনিষ্কৃতং।
যদ্বৈ বিশুদ্ধভাবেন সর্ব্বার্থাত্মার্পণং গুরৌ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

এতৎ ইন্ধনানয়নার্থং অস্মদ্গমনং,[বিদিত্বা আচার্য্যঃ গুরুঃ সান্দীপনিঃ রবৌ অনুদিতে অন্বিষ্যমাণঃ আতুরান্ নঃ অস্মান্ অপশ্যৎ ॥ ৩০ ॥

অহো! হে পুত্রকাঃ! প্রাণিনাং আত্মা বৈ এব প্রেষ্ঠঃ; তং আত্মানং অনাদৃত্য মৎপরাঃ মৎসেবারতাঃ সন্তঃ যূয়ং অস্মদর্থে অতিদুঃখিতাঃ জাতাঃ ॥ ৩১ ॥

সচ্ছিষ্যৈঃ গুরোঃ নিষ্কৃতং উপকারঃ এতদেব ইয়দেব কর্ত্তব্যং যৎ বিশুদ্ধভাবেন গুরৌ সর্ব্বার্থাত্মার্পণং (সর্ব্বপদার্থস্য আত্মনঃ দেহস্য চ গুরৌ অর্পণং তদর্থে বিনিয়োগঃ ইতি ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

অম্বূনাং সংপ্লবো ব্যামিশ্রণং যস্মিন্নেকোদকে তস্মিন্ বন ইত্যর্থঃ। পরিবভ্রিম ভৃভরণ ইত্যস্মাদ্ধাতোঃ ইড়াগমশ্ছান্দসঃ ভারান্ ধৃতবন্ত ইত্যর্থঃ ॥ ৩০ ॥

উবাচ চ কৃপয়া শ্লোকত্রয়ীং। যয়া বয়ং কৃতার্থা ইত্যাহ অহো ইতি। আত্মা দেহঃ ॥ ৩১॥

গুরোর্নিষ্কৃতং প্রত্যুপকারঃ সর্ব্বেঽর্থা যস্মাৎ স আত্মা দেহঃ তস্যার্পণং বিনিয়োগঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিবভ্রিম পরিতো ভ্রমণং করবাম ইন্ধনভারমবহাম বা ভ্রমধাতো ভৃঞ্ধাতো র্বা ছান্দসঃ প্রয়োগঃ ॥ ৩০ ॥　　উবাচ চেত্যাহ ত্রিভিঃ অহো ইতি ॥ ৩১ ॥

গুরো র্নিষ্কৃতং ঋণশোধনং সর্ব্বোঽর্থো মমতাস্পদং আত্মা অহন্তাস্পদঞ্চ তয়ো র্বপনং ॥৩২

এদিকে আমাদের আচার্য্য গুরু সান্দীপনি বনিতাগণের মুখে কাষ্ঠাহরণার্থ অপরাহ্ণে আমাদের বন-গমনের বার্ত্তা অবগত হইয়া, নিতান্ত উৎকণ্ঠিত হইলেন; এবং অতি প্রত্যূষে গৃহ হইতে বাহির হইয়া, আমাদের অন্বেষণার্থ বনে প্রবেশ করিলেন; এবং বিশেষ অন্বেষণের পর আমাদিগকে তাদৃশ কাতর অবস্থায় পতিত অবলোকন করিলেন ॥ ৩০ ॥

গুরুদেব আমাদিগকে সম্বোধন করত বলিলেন, হে পুত্রগণ! তোমরা আমার জন্য যথেষ্ট ক্লেশ স্বীকার করিয়াছ! দেখ! জীবের আত্মার অপেক্ষা প্রিয় পদার্থ আর কিছুই নাই! কিন্তু তোমরা আমার সেবার জন্য সেই আত্মাকেও উপেক্ষা করিয়া, একান্ত শঙ্কটাপন্ন হইয়াছ! ॥ ৩১ ॥

তুষ্টোঽহং বো দ্বিজশ্রেষ্ঠাঃ সত্যাঃ সন্তু মনোরথাঃ।
ছন্দাংস্যযাতযামানি ভবন্ত্বিহ পরত্র চ ॥ ৩৩ ॥
ইত্থং বিধান্যনেকানি বসতাং গুরুবেশ্মনি।
গুরোরনুগ্রহেণৈব পুমান্ পূর্ণঃ প্রশান্তয়ে ॥ ৩৪ ॥
ব্রাহ্মণ উবাচ ॥
কিমস্মাভিরনির্বৃত্তং দেবদেব জগদ্গুরো।

অন্বয়ঃ।

হে দ্বিজশ্রেষ্ঠাঃ! অহং বঃ যুষ্মভ্যং, তুষ্টঃ অতঃ যুষ্মাকং মনোরথাঃ সত্যাঃ সফলাঃ সন্তু; যুষ্মাভিঃ অধীতানি ছন্দাংসি বেদাঃ, ইহ পরত্র চ অযাতযামানি অগতসারাণি ভবন্তু ॥ ৩৩ ॥

গুরুগৃহে বসতাং অস্মাকং এবম্বিধানি বহূনি অনেকানি বৃত্তানি সন্তি তানি কিং ত্বয়া স্মর্য্যতে? বহুনা কিং! গুরোঃ অনুগ্রহেণ এব পুমান্ ইহ পূর্ণঃ পূর্ণকামঃ সন্ প্রশান্তয়ে সংসারদুঃখ-নিবৃত্তয়ে মুক্তয়ে, ভবতি ॥ ৩৪ ॥

ব্রাহ্মণঃ উবাচ। হে জগদ্গুরো! সত্যকামেন ভবতা সহ গুরৌ গুরুগৃহে, যেষাং

শ্রীধরস্বামী।

অযাতযামানি যাতো যামো যস্য পক্কস্যান্নস্য তদ্গতসারং ভবতি তদ্বদন্যদপি গতসারং গৌণ্যাবৃত্ত্যা যাতযামমিত্যুচ্যতে। অগতসারাণি ছন্দাংসি মত্তোঽধীয়মানানি ভবন্তু ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

ইত্থংবিধানি এবংপ্রকারাণি অনেকানি বৃত্তানি কিং ত্বয়া স্মর্য্যন্ত ইতি শেষঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অযাতযামানি অগতসারাণি। জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়মিত্যমরঃ ॥ ৩৩ ॥

অনেকানীতি বৃত্তান্যভূবন্নিতি শেষঃ ॥ ৩৪ ॥

গুরুর প্রত্যুপকারার্থ সৎশিষ্যের এইরূপই কর্ত্তব্য বটে; অতি পবিত্র ভাবে গুরুকে ধনাদি সর্ব্বস্ব, এমন কি! দেহ পর্য্যন্ত সমর্পণ করাই সাধু শিষ্যের প্রকৃত লক্ষণ ॥ ৩২ ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! আমি তোমাদের প্রতি অতীব প্রসন্ন হইয়াছি! তোমাদের মনোরথ পূর্ণ হউক্! আমার সমীপে অধীত এবং অনধীত বেদাদি শাস্ত্র সমূহ ইহ জন্মে বা পর জন্মে চিরকালের জন্য তোমাদের হৃদয়ে স্ফূর্ত্তি পাইতে থাকুক্ ॥ ৩৩ ॥

গুরুগৃহে অবস্থানকালে এই প্রকারের অনেক ঘটনা আমাদের যাহা ঘটিয়াছিল, এক্ষণে আপনার তাহা কিছু কি স্মরণ হয়? হে ব্রহ্মন্! গুরুর অনুগ্রহ হইলে, মানব শান্তিপূর্ণ হন; সন্দেহ নাই ॥ ৩৪ ॥

ভবতা সত্যকামেন যেষাং বাসো গুরাবভূৎ ॥ ৩৫ ॥
যস্য চ্ছন্দোময়ং ব্রহ্ম দেহ আবপনং প্রভো।

অন্বয়ঃ।

বাসঃ অভূৎ তৈঃ অস্মাভিঃ কিং ফলং অনির্ব্বৃত্তং অপ্রাপ্তং অস্তি ? ॥ ৩৫ ॥

হে বিভো! শ্রেয়সাং ধর্ম্মাদিফলানাং আবপনং উৎপত্তিভূমিঃ, ছন্দোময়ং বেদাত্মকং,

শ্রীধরস্বামী।

ফলিতমুপসংহরতি গুরোরিতি। অস্মাভিঃ কিমনির্ব্বৃত্তং অসম্পন্নং। যেষাং অস্মাকং ভবতা সহ বাসোঽভূৎ ॥ ৩৫ ॥

ভবতস্তু সর্ব্বমেতদ্বিড়ম্বনমিত্যাহ যস্যেতি। ছন্দোময়ং বেদাখ্যং ব্রহ্ম তথা শ্রেয়সাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং অনির্ব্বৃত্তং অপি তু সর্ব্বমেব নির্ব্বৃত্তং সুসম্পন্নমিত্যর্থঃ। সত্যকামেন সত্যসঙ্কল্পেনেতি ভবতো গুরুকুলবাসঃ স্বেচ্ছাধীনঃ সমিদ্বহনে বাতবর্ষাদি কৃচ্ছ্রমপি গুরুভক্তিজ্ঞাপকস্য তব স্বেচ্ছাধীনমেবান্যথা বাতাদীনাং কা খলু ত্বয়ি শক্তিঃ। ভীষাস্মাদ্বাতঃ পবত ইত্যাদি শ্রুতেঃ। অস্মাকন্তু তত্র ত্বৎসাহিত্যং মহাভাগ্যফলমিতি ভাবঃ ॥ ৩৫ ॥

ছন্দোময়ং ব্রহ্মৈব যস্য তব দেহঃ। শ্রেয়সাং সর্ব্বেষাং আবপনং ক্ষেত্রং ॥ ৩৬ ॥

ব্রাহ্মণ বলিলেন, হে দেবদেব জগদ্‌গুরো! আপনি সত্যকাম! আপনার সহিত আমরা যখন একত্রে গুরুগৃহে বাস করিতাম, তখন আমাদের আবার অভাব কি ? ॥ ৩৫ ॥

হে প্রভো! ছন্দোময় বেদ এবং বেদোক্ত শুভ কর্ম্মসমূহের ক্ষেত্রই যখন আপনার দেহ, তখন আপনার পক্ষে শিক্ষার উপলক্ষে গুরুগৃহে বাস করা কেবল বিড়ম্বনা মাত্র ॥ ৩৬ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

ব্রাহ্মণ বলিলেন, হে শ্রীকৃষ্ণ! আপনার ন্যায় সত্যসংকল্প পূর্ণকাম পরম পুরুষের সংস্রবে অবস্থান করিতে পারিলে, কি আর তাহার কিছু অনির্ব্বৃত্ত থাকে ? আপনার পক্ষে গুরুগৃহে বাস করা, কেবল ইচ্ছাধীন মাত্র! তথাপি সমিধ্ বহন কালে আমরা যে বাতবর্ষাতে তাদৃশ ক্লেশ পাইয়াছিলাম, সে কেবল আপনি আমার গুরুভক্তির পরিচয় গ্রহণ করিয়াছেন মাত্র। নতুবা যাহার ভয়ে বায়ু, অগ্নি, চন্দ্র, সূর্য্য এমন কি সাক্ষাৎ মৃত্যু পর্য্যন্ত স্ব স্ব কার্য্যে নিরন্তর নিযুক্ত আছেন, তাহারা কি আপনাকে কখন ক্লেশ প্রদান করিতে পারে? আপনার সঙ্গ লাভের অপেক্ষা আমার সৌভাগ্যের পরিচয় আর কি হইবে! আপনিই বেদ! আপনিই যজ্ঞ ও যজ্ঞ-ফলদাতা ॥ ৩৫ ॥ ৩৬ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অশীতিতম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শ্রেয়সাং তস্য গুরুষু বাসোঽত্যন্তবিড়ম্বনং ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে পৃথুকোপাখ্যানেঽশীতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

স ইত্থং দ্বিজমুখ্যেন সহ সংকথয়ন্ হরিঃ।

অন্বয়ঃ।

ব্রহ্ম যস্য দেহঃ তস্যাঃ তব গুরুষু বাসঃ অত্যন্তবিড়ম্বনং অত্যন্তানুকরণমাত্রং এব ॥ ৩৬ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অশীতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। সর্ব্বভূতমনোভিজ্ঞঃ স হরিঃ ইত্থং দ্বিজমুখ্যেন শ্রীদাম্না সহ সংকথয়ন্

শ্রীধরস্বামী।

আবপনমুদ্ভবস্থানং দেহো মূর্ত্তির্যস্যাস্তস্য তব ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি দশমেঽশীতিতমঃ ॥ * ॥

একাশীতিতমে সখ্যুর্জগ্ধ্বা পৃথুকতণ্ডুলান্।

শ্রিয়ং নির্ম্মিতবানিন্দ্রদুর্ল্লভাং তদ্দাশ্রমে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

দশমেঽত্রাশীতিতমঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একাশীতিতমে ভুক্তপৃথুকোঽস্মৈ পরোক্ষতঃ।

দত্ত্বাপ্যতুলসম্পত্তিং সংমেনে ঋণিনং হরিঃ ॥ * ॥

সর্ব্বভূতানামপি কিং পুনস্তস্য মনসোঽভিজ্ঞ ইতি মদর্থং পৃথুকান্ আনীয়াপি দাতুং লজ্জতে ইতি সহসৈব জানন্নিত্যর্থঃ। স্ময়মান ইতি তবৈতৎ উপায়নমহং ব্যক্তীকরিষ্যামো-যেতি দ্যোতয়ামাস। তং ব্রাহ্মণং ব্রহ্মণ্য ইতি তস্য ব্রাহ্মণত্বে স্বয়ং তস্য ভক্ত ইতি। তং প্রিয়ং ভগবানিতি তস্য প্রিয়ত্বে স্বয়ং তস্য ভজনীয় ইত্যর্থঃ প্রহসন্নিতি মল্লোভনীয়মানীতং বস্তু কিয়ন্তং ক্ষণং ত্বং স্বকক্ষে নিক্ষোসীতি স্বপ্রাগল্‌ভ্য-প্রদ্যোতকঃ প্রহাসঃ প্রেম্না নিরীক্ষণে-নেতি। প্রেমপূর্ব্বকং যৎ কক্ষস্থপৃথুক-গ্রন্থি-নিরীক্ষণং। তেন উপলক্ষিতঃ। তং প্রেক্ষমাণ

শুকদেব বলিলেন, হে রাজন্! দ্বিজবর শ্রীদাম কর্ত্তৃক এই প্রকারে অভি-

আভাস।

একাশীতিতম অধ্যায়ে শ্রীদাম ব্রাহ্মণের পৃথুক-তণ্ডুল ভোজন করিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাকে ইন্দ্র-দুর্ল্লভ সম্পত্তি দান করিয়াছেন ॥

শ্রীদাম উপায়ন-স্বরূপ চিপিটক চেলখণ্ডে বন্ধন পূর্ব্বক আনয়ন করিয়াও, লজ্জায় শ্রীকৃষ্ণকে প্রদান না করিয়া বস্ত্রান্তরে লুক্কায়িত রাখিলেন; কিন্তু যিনি অন্তরের ভাব অবগত হন, তাঁহার নিকট সামান্য বস্ত্রের আবরণ ত আবরণ নহে। শ্রীকৃষ্ণ মনে মনে

সর্ব্বভূতমনোভিজ্ঞঃ স্ময়মান উবাচ তং ॥ ১ ॥
ব্রহ্মণ্যো ব্রাহ্মণং কৃষ্ণো ভগবান্ প্রহসন্ প্রিয়ং।
প্রেম্না নিরীক্ষণেনৈব প্রেক্ষন্ খলু সতাং গতিঃ ॥
শ্রীভগবানুবাচ ॥
কিমুপায়নমানীতং ব্রহ্মন্ মে ভবতা গৃহাৎ ॥ ২ ॥

অন্বয়ঃ।

স্ময়মানঃ প্রহসন্ তং দ্বিজং প্রাহ ॥ ১ ॥

যতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ ব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্তঃ অতঃ সতাং গতিঃ; সঃ প্রেম্না নিরীক্ষণেন প্রেক্ষন্ প্রহসন্ চ প্রিয়ং ব্রাহ্মণং উবাচ ॥

শ্রীভগবান্ উবাচ। হে ব্রহ্মন্! ভবতা গৃহাৎ মে মহ্যং উপায়নং কিং আনীতং? ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

সংকথয়ন্ সুখগোষ্ঠীং কুর্ব্বন্ সর্ব্বভূতানাং মনোঽভিজ্ঞঃ মদর্থং পৃথুকানানীয় দাতুং লজ্জত ইতি জানন্নিত্যর্থঃ ॥ ১ ॥　　প্রহসন্ ক্ষ্বেলিং কুর্ব্বন্ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি তবেদং ধনমিসন্তত্তমিদঞ্চ কুচেলত্বমত্রত্যজনানাং বিস্ময়রসপোষকমতঃ পরমপি শ্বস্তন-প্রহরদ্বয়পর্য্যন্তং স্থাস্যতি ন ততঃ পরমিতি ভাবঃ। সর্ব্বত্র হেতুঃ সতাং গতিরিতি ॥ ১ ॥

ভবতা গৃহাদিতি ভবাদৃশেন প্রিয়েণ মাদৃশস্য প্রিয়স্য নিকটং প্রতি যৎ স্বগৃহাচ্চিরাদা-গমনং তৎ কিং রিক্তহস্তত্বেন সম্ভবেদিত্যনুমানাদেব বিদিতমিতি ভাবঃ। ননু তদত্যল্পমেবা-তোঽত্র দর্শয়িতুমহং লজ্জে ইত্যত আহ অণ্বপীতি ॥ ২ ॥

হিত হইয়া, জীবমাত্রেরই ভাবগ্রাহী ভগবান্ শ্রীকৃষ্ণ হাসিতে হাসিতে তাঁহাকে সম্বোধন করত কিয়ৎকাল— ॥ ১ ॥

প্রীত-প্রফুল্লচিত্তে তাঁহার মুখপানেই নিরীক্ষণ করিয়া রহিলেন; পরে সেই ব্রাহ্মণ-ভক্ত এবং সাধু সজ্জনগণের শরণদাতা ভগবান্ শ্রীকৃষ্ণ সহাস্য-বদনে প্রিয় ব্রাহ্মণকে সম্বোধন করত বলিলেন— ॥

হে ব্রহ্মন্! বহুকালের পর বাটী হইতে আসিবার সময় রিক্তহস্তে আসা কখনই যখন আপনার পক্ষে সম্ভব নহে, তখন আমার জন্য আপনি কি খাদ্যদ্রব্য আনিয়াছেন? ॥ ২ ॥

আভাস।

সমস্তই অবগত হইয়া ঈষৎ হাস্য সহকারে ব্রাহ্মণের কক্ষস্থ চিপিটকের গ্রন্থির প্রতি দৃষ্টি করত বলিলেন সখে! আমার জন্য কি আনয়ন করিয়াছেন? দরিদ্র ব্রাহ্মণ পাছে নিজের আনীত সামগ্রীকে অতি তুচ্ছ বোধে তৎসমীপে প্রদান করিতে লজ্জা বোধ করেন, সেই নিমিত্ত শ্রীকৃষ্ণ তাঁহাকে এত উৎসাহ প্রদান করিলেন। অতি সখ্যতার প্রকাশে সেই পরম কারুণিক বলিলেন যে, আপনি যখন গৃহ হইতে আসিয়াছেন, তখন রিক্তহস্তে কখনই আসেন

অণ্বপ্যুপহৃতং ভক্তৈঃ প্রেম্না ভূর্য্যেব মে ভবেৎ।
ভূর্য্যপ্যভক্তোপহৃতং ন মে তোষায় কল্পতে॥
পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ॥

অন্বয়ঃ।

মদ্ভক্তৈঃ প্রেম্না উপহৃতং সমর্পিতং অনু স্বল্পং অপি মে ভূরি এব ভবেৎ; তথা অভক্তেন উপহৃতং তু ভূরি অপি মে তোষায় ন কল্পতে॥

পত্রং পুষ্পং ফলং তোয়ং যঃ ভক্ত্যা মে মহ্যং প্রযচ্ছতি দদাতি, তৎ ভক্ত্যা সমর্পিতং প্রযতাত্মনঃ (প্রযতঃ নিয়তঃ আত্মা মনঃ যস্য তস্য) উপহৃতং পত্রাদিকং অপি অহং অশ্নামি॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু নির্ব্বুদ্ধিনা ময়া যদা স্বগৃহাদিদং ত্বদর্থং গৃহীতং তদা কিমপি ন বিচারিতমধুনা তু বিমৃশামি ত্বদ্ভক্ষণযোগ্যমিদং ন ভবত্যতো ন দীয়ত ইত্যত আহ পত্রমিতি। অত্র ভক্ত্যুপহৃতমিতি পৌনরুক্ত্যা ভক্ত্যেতি ন করণে তৃতীয়া কিন্তু সহার্থে। তেন ভক্ত্যা যুক্তো মদ্ভক্তজনো যদ্দদাতি তচ্চ ভক্ত্যৈব উপহৃতং চেত্তর্হ্যশ্নামি নতু কস্যচিদনুরোধেনেত্যর্থঃ। অয়মর্থঃ। বস্তু খলু স্বাদ্বস্বাদু বা ভবতু কিন্তু স্বাদ্বিদমিতি বুদ্ধ্যা মদ্ভক্তেন ভক্ত্যৈব যৎ দীয়তে তন্মে অতিস্বাদ্বিব ভবেত্তত্র ন মে কোঽপি বিবেকস্তিষ্ঠতীতি। অশ্নামীতি। ভ্রেয়মপ্যনশনীয়মপি পুষ্পমহং ভক্তপ্রেমমোহিতোঽশ্নামি। নন্বু দেবতান্তরভক্তস্য ভক্ত্যুপহৃতং বস্তু কিং নাশ্নামি যতো মদ্ভক্তজনো যদ্দদাতীতি ব্রূষে তত্র সত্যং নাশ্নাম্যেবেত্যাহ প্রযতাত্মন ইতি মদ্ভক্ত্যৈব স শুদ্ধান্তঃকরণো ভবতি নান্যথা। যদ্বা। ভক্তো প্রকর্ষেণ যতমানমনাঃ। অতস্তস্যৈবাশ্নামি নান্যস্যেত্যর্থঃ॥

আপনার আনীত বস্তু সামান্য বলিয়া মনে মনে কখন কুণ্ঠিত হইবেন না! কারণ ভক্তগণ প্রেম-পুরঃসর অতি সামান্য বস্তু প্রদান করিলেও, আমি তাহা প্রচুর বলিয়া জ্ঞান করি; আবার ভক্তিশূন্য হইয়া যদি কেহ প্রচুর সামগ্রীও আমার উদ্দেশ্যে প্রদান করে, তাহাতেও আমার কিছু মাত্র তৃপ্তিলাভ হয় না॥

অধিক কি! পত্র, পুষ্প, ফল এবং জলও যে ব্যক্তি আমাকে ভক্তিপূর্ব্বক প্রদান করে, সংযতাচিত্ত তাদৃশ ভক্তগণের সেই ভক্ত্যুপহার আমি সাদরে গ্রহণ করিয়া থাকি॥

আভাস।

নাই; অবশ্যই আমার জন্য কিছু আনয়ন করিয়াছেন। সুতরাং তাহা আমাকে অবশ্যই পাইতে হইবে। যদি আপনি মনে ভাবেন যে, গৃহ হইতে আসিবার সময় উপায়নের উপযোগিতার বিষয় চিন্তা করেন নাই; উপস্থিত ক্ষেত্রে তাহার অনুপযোগিতা বিবেচনা

ইত্যুক্তোঽপি দ্বিজস্তস্মৈ ব্রীড়িতঃ পতয়ে শ্রিয়ঃ।
পৃথুকপ্রস্থতিং রাজন্নপ্রাযচ্ছদবাঙ্মুখঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ

ইতি উক্তঃ অপি সঃ দ্বিজঃ ব্রীড়িতঃ সন্ হে রাজন্! শ্রিয়ঃ পতয়ে তস্মৈ কৃষ্ণায়, পৃথুক-প্রস্থতিং মুষ্টিচতুষ্টয়ং অপ্রাযচ্ছৎ ন প্রাযচ্ছৎ কিন্তু অবাঙ্মুখঃ এব অবর্ত্তত ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

লজ্জয়া অকথয়ত স্তামপনুদন্নাহ অথপীতি দ্বাভ্যাং ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃথুকানাং প্রস্থতিং মুষ্টিচতুষ্টয়ং। ব্রীড়ত ইত্যত্র হেতুঃ পতয়ে শ্রিয় ইতি শ্রীপতিং খলু কঠোরাবরসাংশ্চিপিটান্ কথং ভোজয়ামীতি বিমৃশ্যেতি ভাবঃ। অবাঙ্মুখ ইতি ভোঃ প্রভো মা মাং বিড়ম্বয়! বহুশো যাচামানোঽপ্যহং তুভ্যমিদং ন দাস্যামীতি মে সঙ্কল্প ইতি বিপ্রাভি-প্রায়ঃ। গৃহাদাগমনসময়ে মদ্ভক্তস্য তব যঃ সঙ্কল্পঃ স নান্যথা ভবিতুমর্হতীতি ভগবদভি-প্রায়ঃ ॥ ৩ ॥

এই প্রকারে অভিহিত হইয়াও, হে রাজন্! ব্রাহ্মণ বিশেষ লজ্জিত হইয়া তৎকর্ত্তৃক আনীত সেই চেলবদ্ধ তণ্ডুল-চিপিটক কিছুতেই আর তাঁহার নিকট বাহির করিতে পারিলেন না। কেবল অধোবদনে উপবিষ্টই রহিলেন ॥ ৩ ॥

আভাস।

করিয়াই আর প্রদানে সাহসী হইতেছেন না, তাহা আপনার ভ্রম। কারণ সমগ্র ব্রহ্মাণ্ডই যখন আমার সৃষ্ট পদার্থ, তখন তন্মধ্য হইতে কোন্ সামগ্রী প্রদানে আমাকে তুষ্ট করিতে সাহসী হইবেন? অতএব সামগ্রী আমার তুষ্টির কারণ নহে; তাহা সমস্তই আমার। তবে যেটী জীবকে আমি তাহার করিয়া দিয়াছি, সেইটীই যদি জীব আমাকে প্রত্যর্পণ করিতে পারে, তবেই আমার তুষ্টি। জীবকে বহির্মুখা বৃত্তি দিয়াই সৃজন করিয়াছি! বিষয়ের প্রতি আসক্ত হওয়াই তাহাদের সহজ ধর্ম্ম। সেই ধর্ম্মের বিপরীতে তাহারা যদি চিত্তবৃত্তিকে বিষয়াভিমুখ হইতে প্রতিনিবৃত্ত করিয়া, উপানয়নাদি বস্তুর উপলক্ষে আমার প্রতি ধাবিত করাইতে পারে, তবেই আমার তুষ্টি এবং তাহাদেরও প্রকৃত কৃতার্থতা ঘটে। সকল বস্তুই আমার নিকট তুচ্ছ, কিন্তু ভক্তিরসে ডুবাইয়া যদি মদুদ্দেশ্যে অর্পিত হয়, তবে তাহা জগদ্দৃষ্টিতে অতি নিকৃষ্ট হইলেও, আমার নিকট তাহা অতি উপাদেয়। এমন কি! পত্র পুষ্প ফল এবং জলও ভক্তি সিক্তিত হইলে, আমি তাহার স্বাদ গ্রহণ করি; অথচ সংসার দৃষ্টিতে অতি উপাদেয় অমৃতও ভক্তিরস-শূন্য হইলে দূরে বিসর্জ্জন করি। হে দ্বিজোত্তম! চিপিটককে কঠোর এবং বিরস বোধে আমাকে প্রদান করিতে এখনও অসম্মত হইতেছন বটে, কিন্তু গৃহ হইতে আনিবার সময় যে মধুর ভক্তিরসে উহাকে আর্দ্র করিয়া আনিয়াছেন, আমি ত তাহার আস্বাদ গ্রহণ না করিয়া, ক্ষণকালও বিলম্ব করিতে পারিতেছি না। ভক্তের সংকল্প ত কখন অন্যথা হইবে না ॥ ১—৩ ॥

সর্ব্বভূতাত্মদৃক্ সাক্ষাত্তস্যাগমনকারণং।
বিজ্ঞায়াচিন্তয়ন্নায়ং শ্রীকামো মাভজৎ পুরা॥ ৪॥
পত্ন্যাঃ পতিব্রতায়াস্তু সখা প্রিয়চিকীর্ষয়া।
প্রাপ্তো মামস্য দাস্যামি সম্পদো মর্ত্ত্যদুর্ল্লভাঃ॥ ৫॥

অন্বয়ঃ।

সর্ব্বভূতাত্মদৃক্ সর্ব্বেষাং ভূতানাং আত্মদৃক্ মনসঃ সাক্ষী শ্রীকৃষ্ণঃ তস্য দ্বিজস্য সাক্ষাৎ আগমনকারণং বিজ্ঞায় অচিন্তয়ৎ যথা অয়ং পুরা শ্রীকামঃ এব মা মাং ন অভজৎ॥ ৪॥

ইদানীং তু পতিব্রতায়াঃ পত্ন্যাঃ প্রিয়চিকীর্ষয়া এব সখা মাং প্রাপ্তঃ অতঃ অস্মৈ মর্ত্ত্য-দুর্ল্লভাঃ সম্পদঃ দাস্যামি॥ ৫॥

শ্রীধরস্বামী।

সর্ব্বভূতানামাত্মদৃক্ অন্তঃকরণসাক্ষী॥ ৪॥ অমর্ত্যানাং দেবানামপি দুর্ল্লভাঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মদৃক্ অন্তঃকরণসাক্ষী। যদ্বা। সর্ব্বেষাং ভূতানামাত্মনাঞ্চ দৃক্ দ্রষ্টা অচিন্তয়ৎ সর্ব্বজ্ঞোঽপি মদ্ভক্তস্যাস্য কথমীদৃশং দারিদ্র্যমভূদিতি তৎপ্রেমমুগ্ধশ্চিন্তয়ামাস। তৎক্ষণ এবাধিগততত্ত্বঃ স্বগতমাহ নায়মিতি। ননু নিষ্কামভক্তস্যাপ্যননুসংহিতং ফলং সদ্বিষয়ভোগো ভবত্যেব যদুক্তং। ধর্ম্মস্য হ্যাপবর্গস্য নার্থোঽর্থায়োপকল্পতে। নার্থস্য ধর্ম্মৈকান্তস্য কামো লাভায় হি স্মৃতঃ। কামস্য নেন্দ্রিয়প্রীতিরিতি। উচ্যতে। নিষ্কামভক্তস্য স্বভাব-ভেদাদননুসংহিতং ফলং দ্বিবিধং স্যাৎ দ্বিষ্টমদ্বিষ্টঞ্চ। যস্য বিষয়ভোগমাত্রে এব দ্বেষস্তস্য বিষয়ভোগো নৈব স্যাদাদিভরতাদৌ তথা দর্শনাৎ। যস্য তু ন দ্বেষো নাপি স্পৃহা তস্য স স্যাদেব। প্রহ্লাদাদৌ তথা দর্শনাদতোঽস্য বিপ্রস্য প্রাগেতজ্জন্মনি চ ভোগে দ্বেষ এব কেবলং ভার্য্যানুরোধাদ্ভগবদ্দর্শনলোভাচ্চায়াত ইতি॥ ৪॥

অতএব পুনঃ স্বগতমাহ পত্ন্যা ইতি পতিব্রতায়া ইত্যনেন তস্যা অপ্যেতৎ প্রেমানুরোধে-নৈব সকামত্বং স্বতস্তু পরমনিস্পৃহত্বমেবেত্যতোঽমর্ত্যানাং দেবানামপি দুর্ল্লভাঃ॥ ৫॥

সর্ব্বান্তর্যামী শ্রীপতি জনার্দ্দন মনে মনে তাঁহার আসিবার কারণ অবধারণ পূর্ব্বক বিবেচনা করিলেন যে, এই ব্রাহ্মণ পূর্ব্বে কখন ঐশ্বর্য্যের কামনায় আমাকে আরাধনা করেন নাই; সুতরাং ইহাঁর কোন প্রার্থনা না থাকায়, ইনি আমাকে কিছু প্রদান করিতেও সাহসী হইতেছেন না॥ ৪॥

কেবল পতিব্রতা পত্নীর প্রিয়-সাধন মানসে আমার সমীপে উপনীত হইয়াছেন; অতএব মর্ত্ত্যলোকের দুর্ল্লভ সম্পত্তি অদ্য আমি ইহাঁকে প্রদান করিব॥ ৫॥

এই প্রকার চিন্তা করিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রাহ্মণের বস্ত্রান্তর হইতে চিপি-

ইত্থং সঞ্চিন্ত্য বসনাচ্চীরবদ্ধান্ দ্বিজন্মনঃ।
স্বয়ং জহার কিমিদমিতি পৃথুকতণ্ডুলান্ ॥ ৬ ॥
নন্বেতদুপনীতং মে পরমপ্রীণনং সখে।
তর্পয়ন্ত্যঙ্গ মাং বিশ্বমেতে পৃথুকতণ্ডুলাঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

ইত্থং বিচিন্ত্য ভগবান্ দ্বিজন্মনঃ ব্রাহ্মণস্য, বসনাৎ চিরবদ্ধান্ পৃথুকতণ্ডুলান্ কিং ইদং ইতি উক্ত্বা স্বয়ং জহার ॥ ৬ ॥

হে সখে! ইদং মম পরমপ্রীণনং উপানীতং! এতে পৃথুকতণ্ডুলাঃ হে অঙ্গ! বিশ্বং বিশ্বাত্মকং, মাং তর্পয়ন্তি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অতিজীর্ণত্বাদ্বসনস্য পুনস্তন্মধ্যে চীরেণ বদ্ধান্ ॥ ৬ ॥
অঙ্গ হে সখে মাং বিশ্বং বিশ্বাত্মানং মাং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতিজীর্ণত্বাদ্বসনস্য পুনস্তন্মধ্যে চীরেণ বদ্ধান্ স্বয়ং স্বপাণিনা কক্ষাদাকৃষ্য জহার ॥ ৬ ॥
বিরসমেতন্মদযোগ্যমিতি মা মন্যেথা যতো মে পরমপ্রীণনং নাপ্যলং যত স্তর্পয়ন্তীত্যাদি ॥ ৭

টক-গ্রন্থি কাড়িয়া লইয়া বলিলেন, এই যে কি আমার জন্য আনিয়াছেন! ॥ ৬ ॥

হে সখে! এই যে কিছু আমার জন্য আনয়ন করিয়াছেন, তাহাতেই আমার যথেষ্ট তৃপ্তিলাভ হইল। হে অঙ্গ! এই সামান্য চিপিটকই ভুবন-মোহনের মোহ আনয়ন করিয়াছে। আমি বিশ্বভাবন হইলেও ইহাতেই বিশেষ তৃপ্তি লাভ করিলাম ॥ ৭ ॥

আভাস।

ব্রাহ্মণ কৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়াও যখন পৃথুকগ্রন্থি বাহির করিলেন না, তখন শ্রীকৃষ্ণ ভাবিলেন যে, এই ব্রাহ্মণ পূর্ব্বে কখন কোন প্রত্যাশা না করিয়া যখন আমার আরাধনা করিয়াছেন, এক্ষণে সেই নিমিত্তই আমাকে কিছু প্রদানে সাহসী হইতেছেন না। প্রদান করিলে, পাছে কিছু গ্রহণ করিতে হয়, ইহাই ইহাঁর বিষম ভয়। ইনি পাত্নর অনুরোধে প্রতিগ্রহে স্বীকৃত হইয়াছেন মাত্র। অতএব নিষ্কাম ভক্তকে সদ্বিষয়ের প্রদান করিতে অঙ্গীকার করিয়া, ইহাঁর আনীত বস্তুকে আমার গ্রহণ করা প্রয়োজন। এই ভাবিয়া শ্রীকৃষ্ণ ব্রাহ্মণের অসম্মতি সত্তেও তাঁহার কক্ষস্থ চিপিটক গ্রন্থি বলপূর্ব্বক গ্রহণ করিলেন ॥ ৪—৬ ॥

এবং ব্রাহ্মণকে বলিলেন, সখে! ভক্তের প্রদত্ত সামগ্রীকে আমি অমূল্য রত্নবোধে আদর করিয়া থাকি; আপনার আনীত এই পৃথুকতণ্ডুল অতি সামান্য হইলেও, অদ্য বিশ্বন্তরের তৃপ্তি-সাধন করিতেছে, এই বলিয়া তিনি তন্মধ্য হইতে এক মুষ্টি চিপিটক লইয়া ভক্ষণ করিলেন; পরে

ইতি মুষ্টিং সকৃজ্জগ্ধ্বা দ্বিতীয়াং জগ্ধুমাদদে।
তাবৎ শ্রীর্জগৃহে হস্তং তৎপরা পরমেষ্ঠিনঃ ॥ ৮ ॥
এতাবতালং বিশ্বাত্মন্ সর্ব্বসম্পৎসমৃদ্ধয়ে।

অন্বয়ঃ।

ইতি উক্ত্বা সকৃদ্ একাং মুষ্টিং জগ্ধ্বা দ্বিতীয়াং মুষ্টিং জগ্ধুং অত্তুং যদা কৃষ্ণঃ আদদে তাবৎ তৎপরা তদেকনিষ্ঠা, শ্রীঃ লক্ষ্ম্যংশভূতা রুক্মিণী, পরমেষ্ঠিনঃ কৃষ্ণস্য, হস্তং জগৃহে জগ্রাহ ॥ ৮ ॥

উবাচ চ যথা হে বিশ্বাত্মন্! অস্মিন্ লোকে বা অমুস্মিন্ পরত্র বা পুংসঃ সর্ব্বসম্পৎ-

শ্রীধরস্বামী।

ইতি বদন্ একাং মুষ্টিং জগ্ধ্বা। তৎপরেত্যয়ং ভাবঃ। এতাবতা পুংস ইহামুত্র চ মৎ-কটাক্ষবিলাসভূতানাং সর্ব্বসম্পদাং সমৃদ্ধয়ে অলং। অতঃপরং দ্বিতীয়মুষ্ট্যদনেন মা মামেত-দধীনাং কুর্ব্বিতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জগৃহে স্বপাণিনা জগ্রাহ মাভুজ্ক্ষ্বেতি দ্যোতয়ামাস। তত্র স্বস্য সখ্যু গৃহাদাগতমিদ-মদ্ভুতং বস্তু স্বয়মেব যদি সর্ব্বং ভোক্ষ্যসে তদাহং স্বজাতৃভ্যঃ স্বপত্নীভ্যঃ স্বসখীভ্যঃ স্বকিঙ্করীভ্যঃ স্বস্মৈচ বিভজ্য কিং দাস্যামি বণ্টনে খল্বেকৈকোঽপি পৃথুকো নায়াস্যতীতি স্বাভিপ্রায়ং শ্রীদামানং জ্ঞাপয়ামাস। মহাসৌকুমার্য্যবতোঽস্যোদরগতাঃ কঠোরপৃথুকা অপকরিষ্যন্তীতি বাস্তবং স্বাভিপ্রায়ং স্বসখী জ্ঞাপয়ামাস ॥ ৮ ॥

স্বপ্রেয়াংসং প্রতি তু স্বাভিপ্রায়ং জ্ঞাপয়ন্তী মনসৈবাহ। এতাবতা ভুক্তেনৈবালং এতা-বতৈব তৃপ্তো ভব! অতঃ পরং ন ভোক্তব্যমিতি ভাবঃ। হে বিশ্বাত্মন্ তব তৃপ্তৌ বিশ্বমেব তৃপ্তং ভবেদিতি ভাবঃ। নন্থ স্বপ্রিয়সখায়ায়ৈ মহাসম্পত্তীর্দাতুং অন্যদপি ভোক্তব্যং তত্রাহ।

ভগবান্ শ্রীকৃষ্ণ ব্রাহ্মণকে এইপ্রকার বলিয়া, এক মুষ্টি চিপিটক ভোজন করিলেন এবং পুনরায় ভোজনার্থ দ্বিতীয় মুষ্টি যেমন গ্রহণ করিয়াছেন, এমন সময়ে পরিব্রতা রুক্মিণী আসিয়া পরমেষ্ঠীর হস্ত ধারণ করত ভোজনে নিষেধ করিয়া বলিলেন— ॥ ৮ ॥

হে ভগবন্! হে বিশ্বাত্মন্! এই চিপিটক ভোজনে আর আপনার প্রয়োজন নাই; যাহা ভক্ষণ করিয়াছেন, তাহাতেই যথেষ্ট হইয়াছে; আপনাকে পরিতুষ্ট করত ইহ সংসারে বা স্বর্গাদি পরলোকে জীবের যে কোন প্রাপ্তব্য ধন আছে,

আভাস।

দ্বিতীয় মুষ্টি যখন ভোজনার্থ গ্রহণ করিলেন, অমনি রুক্মিণী আসিয়া তাঁহার হস্ত ধারণ পূর্ব্বক নিবৃত্ত করত বলিলেন, হে প্রভো! আপনি যে এক মুষ্টি গ্রহণ করিয়াছেন, তাহাতেই আমার কটাক্ষ-বিলসিত স্বর্গ, মর্ত্ত্য এবং রসাতলের যাবতীয় সম্পত্তিই ইহার অধিকারভুক্ত হইয়াছে; সন্দেহ নাই। এক্ষণে আর কি দিবার অভিপ্রায়ে দ্বিতীয় মুষ্টি গ্রহণে অগ্রসর হইতেছেন? হে নাথ!

অস্মিল্লোঁকেঽথ বামুষ্মিন্ পুংসস্ত্বত্তোষকারণং ॥ ৯ ॥
ব্রাহ্মণস্তান্তু রজনীমুষিত্বাচ্যুতমন্দিরে।
ভুক্ত্বাপীত্বা সুখং মেনে আত্মানং স্বর্গতং যথা ॥ ১০ ॥

অন্বয়ঃ।

সমৃদ্ধয়ে (সর্ব্বাসাং সম্পদাং সমৃদ্ধয়ে) ত্বত্তোষকারণং তব তোষস্য কারণং এতাবতা একমুষ্ট্যদনমাত্রেণ এব অলং ॥ ৯ ॥

ব্রাহ্মণঃ তু অচ্যুতস্য মন্দিরে স্বাদু অন্নং ভুক্ত্বা পেয়ং চ পীত্বা তাং রজনীং রাত্রীং উষিত্বা আত্মানং স্বর্গতং স্বর্গবাসিনং, যথা তথা এব সুখং সুখিনং মেনে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

ত্বত্তোষকারণং তব তোষস্য কারণং যথা ভবেত্তথা সর্ব্বসম্পৎসমৃদ্ধয়ে যাং ভক্তস্য সমৃদ্ধিং দৃষ্ট্বা ত্বং তুষ্যেরিত্যর্থঃ ॥ ৯ ॥　　স্বর্গতং স্বর্গবাসিনং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্মিন লোকে অমুষ্মিন্ বা লোকে পুংসঃ সর্ব্বসম্পৎসমৃদ্ধ্যর্থং ত্বত্তোষএব কারণং ভবতি বিসর্জ্জনীয়লোপ আর্ষঃ। তস্মাদলং বিরস-কঠোর-পৃথুলং পৃথুকচর্ব্বণেনেতি ভাবঃ। এষা রুক্মিণ্যাঃ স্বগতোক্তিরেব নতু স্পষ্টোক্তিঃ। তথাচেদর্থাবগমে নত্যধনোঽয়ং ধনং প্রাপ্যেত্যগ্রিমবাক্যং শ্রীদাম্নো ন সম্ভবেদিতি বিবেচনীয়ং ॥ ৯ ॥　　স্বর্গতং যথা স্বর্গতমিব ॥ ১০ ॥

হে দয়াময়! এই এক মুষ্টি চিপিটক ভোজনের দ্বারাই সেই যাবদীয় সম্পদ্ প্রদানের তুষ্টি আপনার হৃদয়ে স্পষ্টত অনুভূত হইয়াছে। আর অধিক দিবার কি বাকী আছে? যাহার জন্য দ্বিতীয় মুষ্টি ভোজনে উদ্যত হইয়াছেন! এই বলিয়া রুক্মিণী দেবী তাঁহাকে ক্ষান্ত করিলেন ॥ ৯ ॥

অনন্তর ব্রাহ্মণ অতীব স্বাদু অন্নাদি ভোজন এবং উত্তম পেয় বস্তু পান করত স্বর্গবাসী অমরের ন্যায় পরম সুখে সেই রাত্রি শ্রীকৃষ্ণের মন্দিরেই অতিবাহিত করিলেন ॥ ১০ ॥

আভাস।

এক্ষণে আপনার সম্পত্তির মধ্যে আমি কমলা এবং আপনার আপনি মাত্র অবশিষ্ট আছেন। অতএব আমাকে আর এই ব্রাহ্মণের অধীন করিবেন না; আপনার চরণ-সেবায় আমাকে যেন আর বঞ্চিত হইতে না হয়। যদি ভক্তের ধন বলিয়া চিপিটককেই অতীব স্বাদুজ্ঞান হইয়া থাকে, তবে আমাদেরই বা ঐ আস্বাদ গ্রহণে কেন বঞ্চিত করেন। অতি সামান্যই আছে; ননদ প্রভৃতি সখীবৃন্দকে বণ্টন করিলে, একটী করিয়াও কুলান হইবে না। অতএব আর কঠোর এবং বিরস চিপিটক আপনার ভোজন করিবার প্রয়োজন নাই। যদি অনুগ্রহ করিবার কামনা থাকে, তাহা হইলে সেই অনুগ্রহের হেতু আপনার তুষ্টি মাত্র। আপনার তুষ্টি হইলে, জীব মুক্তি লাভ করিয়া থাকে। আপনি যখন ব্রাহ্মণের প্রতি পরিতুষ্ট হইয়াছেন, তখন ব্রাহ্মণ জীবন্মুক্ত, সন্দেহ নাই। আর তাঁহার কিছুরই প্রয়োজন নাই ॥ ৮ ॥ ৯ ॥

শ্বোভূতে বিশ্বভাবেন স্বসুখেনাভিবন্দিতঃ।
জগাম স্বালয়ং তাত পথ্যনুব্রজ্য নন্দিতঃ॥ ১১॥
স চালব্ধ্বা ধনং সখ্যু র্ন চ যাচিতবান্ স্বয়ং।
স্বগৃহান্ ব্রীড়িতো গচ্ছন্মহদ্দর্শননির্বৃতঃ॥ ১২॥

অন্বয়ঃ।

ততঃ চ শ্বোভূতে সূর্য্যে উদিতে সতি, বিশ্বভাবেন (বিশ্বং ভাবয়তীতি তেন) স্বসুখেন আনন্দমূর্ত্তিনা, শ্রীকৃষ্ণেন পথি অনুব্রজ্য অনুগম্য, বিবিধবিনয়োক্ত্যা নন্দিতঃ অভিবন্দিতঃ চ দ্বিজঃ হে তাত! স্বালয়ং স্বগৃহং, প্রতি জগাম॥ ১১॥

সঃ ব্রাহ্মণঃ কৃষ্ণাৎ ধনং অলব্ধ্বা অপি স্বয়ং ব্রীড়িতঃ লজ্জিতঃ এব ন যাচিতবান্ কিন্তু মহদ্দর্শননির্বৃতঃ (মহতঃ ভগবতঃ দর্শনেন এব নির্বৃতঃ আনন্দিতঃ এব স্বগৃহান্ অগচ্ছৎ॥১২॥

শ্রীধরস্বামী।

শ্বোভূতে উদিতে রবৌ বিশ্বং ভাবয়তীতি বিশ্বভাবস্তেনেতি। পুরস্তোভাবিনমিন্দ্রদুর্ল্লভং বিভবং সূচয়তি স্বসুখেন স্বানন্দপূর্ণেন ইতি দানেঽদীনতাং দর্শয়তি। নন্দিতো বিনয়োক্তিভিঃ॥ ১১॥

ব্রীড়িতঃ স্বচিত্তকার্পণ্যেন লজ্জিতঃ। মহতঃ শ্রীকৃষ্ণস্য দর্শনেন নির্বৃতঃ॥ ১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্বোভূতে পরদিনে বিশ্বমেব ভাবয়তি সঙ্কল্পমাত্রেণ সৃজতীতি বিশ্বভাবস্তেন। তস্মাত্তাদৃশ-বিচিত্র-মহাসম্পন্ময়-সুদামপুরসৃষ্টৌ তস্য কঃ প্রয়াস ইতি ভাবঃ। স্বসুখেন স্বানন্দপূর্ণেনেতি তস্য তাদৃশ-বিষয়ানন্দমাত্রদানে চ কঃ প্রযত্ন ইতি ভাবঃ। যথা যথোচিতং॥ ১১॥ ১২॥

পরদিন প্রাতঃকালে গাত্রোত্থান করিলে, পরমানন্দমূর্ত্তি বিশ্বভাবন ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাকে গমনোদ্যত জানিয়া বিশেষ আদর প্রদর্শনে পথে কিয়দ্দূর তাঁহার অনুগমন করিলেন; এবং বিশেষ বিনয়-বচনে আনন্দোৎপাদনাদির দ্বারা অভিবাদনাদি করিলে, হে বৎস! ব্রাহ্মণ স্বীয় গৃহাভিমুখে প্রস্থান করিলেন॥ ১১॥

এদিকে স্ত্রীর অনুরোধে ধনপ্রাপ্তির কামনায় তিনি শ্রীকৃষ্ণের সমীপে আগমন করিয়াছিলেন বটে, কিন্তু শ্রীকৃষ্ণ আপাতত কিছু মাত্র ধন দিলেন না এবং ব্রাহ্মণ নিজেও লজ্জাবশত কিছু চাহিতেও পারিলেন না; সুতরাং গৃহে গিয়া পত্নীর নিকট কি বলিবেন, তজ্জন্য যেন কিছু লজ্জিত হইলেন; আবার কৃষ্ণসন্দর্শন লাভে একান্ত নির্বৃত হওয়ায়, সে লজ্জাও আর তাঁহার হৃদয়ে স্থান পাইল না॥ ১২॥

তিনি মনে মনে ভাবিতে লাগিলেন যে, অহো! অদ্য ব্রহ্মণ্যদেবের

অহো ব্রহ্মণ্যদেবস্য দৃষ্টা ব্রহ্মণ্যতা ময়া।
যদ্দরিদ্রতমো লক্ষ্মীমাশ্লিষ্টো বিভ্রতোরসি ॥ ১৩ ॥
ক্বাহং দরিদ্রঃ পাপীয়ান্ ক্ব কৃষ্ণঃ শ্রীনিকেতনঃ।
ব্রহ্মবন্ধুরিতি স্মাহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ ॥
নিবাসিতঃ শ্রিয়াজুষ্টে পর্য্যঙ্কে ভ্রাতরো যথা।
মহীষ্যা বীজিতঃ শ্রান্তো বালব্যজনহস্তয়া ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মণ্যদেবস্য (ব্রহ্মকুলে সাধবঃ তদারাধকাঃ ব্রহ্মণ্যাঃ তেষাং দেবস্য ফলপ্রদস্য কৃষ্ণস্য) অহো! ব্রহ্মণ্যতা ময়া দৃষ্টা। যতঃ উরসি লক্ষ্মীং বিভ্রতা অপি তেন দরিদ্রতমঃ অহং আশ্লিষ্টঃ আলিঙ্গিতঃ ॥ ১৩ ॥

দরিদ্রঃ পাপীয়ান্ অহং ক্ব শ্রীনিকেতনঃ লক্ষ্ম্যাশ্রয়ঃ শ্রীকৃষ্ণঃ চ ক্ব ? অয়ং অহং ব্রহ্মবন্ধুঃ স্ম ইতি মত্বা তেন বাহুভ্যাং পরিরম্ভিতঃ আলিঙ্গিতঃ ॥

প্রিয়য়া রুক্মিণ্যা জুষ্টে সেবিতে, পর্য্যঙ্কে ভ্রাতরঃ যথা তথা নিবাসিতঃ উপবেশিতঃ ; তথা বালব্যজনহস্তয়া মহীষ্যা রুক্মিণ্যা শ্রান্তঃ অহং বীজিতঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

নির্বৃতিমাহ অহো ইতি চতুর্ভিঃ। যৎ যতঃ লক্ষ্মীমুরসী বিভ্রতা আশ্লিষ্টোঽহং ॥ ১৩ ॥
পাপীয়ান্ নীচঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্বৃতিমেবাহ। অহো ইতি চতুর্ভিঃ। যৎ যতো লক্ষ্মীং উরসি বিভ্রতা তেনাহমাশ্লিষ্টঃ ॥ ১৩ ॥

ব্রাহ্মণের প্রতি প্রকৃত ভক্তির পরিচয় প্রাপ্ত হইলাম! যে বক্ষে কমলাকে তিনি ধারণ করেন, অদ্য সেই বক্ষে আমার ন্যায় দীন দুঃখী দরিদ্র ব্রাহ্মণকে অবলীলাক্রমে আলিঙ্গন করিয়াছেন ॥ ১৩ ॥

অহো! আমার ন্যায় ঘোর পাপিষ্ঠ ও দরিদ্র ব্যক্তি কোথায়! আর শ্রীনিকেতনশ্রীকৃষ্ণই বা কোথায়! আমি অতি নিকৃষ্ট ব্রাহ্মণ হইলেও, তিনি বাহুদ্বয়ে আমাকে গাঢ় আলিঙ্গন করিয়াছেন ॥

অধিক কি! জ্যেষ্ঠ ভ্রাতার ন্যায় আমার প্রতি সম্মান প্রদর্শনে পত্নীর পর্য্যঙ্কে আমাকে উপবেশন করাইয়াছেন এবং আমার পথ-শ্রমের শান্তির জন্য চামরহস্তা পত্নীর দ্বারা আমার বীজন করাইয়াছেন ॥ ১৪ ॥

আভাস।

শ্রীদাম ব্রাহ্মণ সেই দিবস রজনীযোগে শ্রীকৃষ্ণ-মন্দিরে অতি সুখে অতিবাহিত করিলেন এবং অতি উৎকৃষ্ট ভক্ষ্য ভোজ্য ও পানীয় দ্রব্য সেবনে তিনি বিশেষ তৃপ্তি লাভ করিলেন।

শুশ্রূষয়া পরময়া পাদসম্বাহনাদিভিঃ।
পূজিতো দেবদেবেন বিপ্রদেবেন দেববৎ ॥ ১৫ ॥
স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাং।
সর্ব্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনং ॥

অন্বয়ঃ।

কিঞ্চ পাদসম্বাহনাদিভিঃ পরময়া শুশ্রূষয়া দেবদেবেন (দেবাঃ ব্রহ্মাদয়ঃ তেষাং দেবেন পূজ্যেন) বিপ্রদেবেন (বিপ্রঃ দেবঃ পূজ্যঃ যস্য তেন) অহং দেববৎ পূজিতঃ ॥ ১৫ ॥

যদ্যপি রসায়াং পাতালে, ভুবি চ সর্ব্বাসাং সিদ্ধীনাং অণিমাদীনাং পুংসাং স্বর্গাপবর্গয়োঃ স্বর্গমোক্ষয়োঃ চ কারণং মূলং হি তস্য ভগবতঃ চরণার্চ্চনং এব ॥

শ্রীধরস্বামী।

পূজিতশ্চন্দনলেপনাদিভিঃ ॥ ১৫ ॥

এবং সংপূজ্যাপি ধনস্যাদানে কারণং কল্পয়তি স্বর্গাপবর্গয়োরিতি দ্বাভ্যাং। স্বর্গাদীনাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতিরপ্যর্থে ॥ ১৪ ॥ ১৫ ॥

অভূর্য্যপি ধনং নাদাৎ। যদ্বা। যন্মহ্যং নাদাৎ তদেব মে ভূরি ধনং। যদ্বা। নু

অহো! ব্রাহ্মণগণের সম্মাননাকারী সেই দেবদেব জনার্দ্দন পাদ-সম্বাহনাদি বিবিধ শুশ্রূষার দ্বারা দেবতার ন্যায় আমার অর্চ্চনা করিয়াছেন ॥ ১৫ ॥

রামকৃষ্ণ নন্দ-যশোদার অঙ্কোপরি উপবেশন পূর্ব্বক নরলোকোচিত পুত্রস্নেহের যখন অপূর্ব্ব পরিচয় দিতেছিলেন, তখন দেবকী এবং রোহিণীর সম্পূর্ণ বিস্ময় উপস্থিত হইল; তাঁহারা মনে মনে ভাবিলেন যে, রামকৃষ্ণ বুঝি লালন পালনের গুণে নন্দ-যশোদাকেই পিতা মাতা বলিয়া অবধারণ করিয়াছেন। এই নিমিত্ত অদ্য সেই বিরহ-কাতর জনকজননীর ক্লেশ দূরীকরণ মানসে, আমাদের ন্যায় প্রকৃত পিতা মাতাকে উপেক্ষা করতই নন্দ-যশোদার চিত্ত-বিনোদনে প্রবৃত্ত হইয়াছেন। নন্দ-যশোদারও উপযুক্তরূপ বিবেচনা করা হইতেছে না। তাঁহারাও যেন আপনাদের গর্ভজাত সন্তানের ন্যায়, রামকৃষ্ণের সহিত ব্যবহার করিতেছেন। তবে কি আমাদের দুর্দ্দৈব পুনরায় প্রত্যাগমনে প্রবৃত্ত হইতেছে! আমরা যে কংস-ভয়ে

ঋষিরুবাচ ॥

গোপ্যশ্চ কৃষ্ণমুপলভ্য চিরাদভীষ্টং যৎ প্রেক্ষণে দৃশিষু পক্ষ্মকৃতং শপন্তি।

অন্বয়ঃ।

ঋষিঃ উবাচ। গোপ্যঃ চ সর্ব্বাঃ চিরাৎ বহুকালানন্তরং অভীষ্টং প্রিয়তমং, কৃষ্ণং উপলভ্য শ্রীকৃষ্ণস্য প্রেক্ষণে দৃশিষু নেত্রেষু ব্যবধায় পক্ষ্মকৃতং যৎ বিধাতারং শপন্তি। তথা দৃগ্‌ভিঃ

শ্রীধরস্বামী।

অভীষ্টত্বে লিঙ্গং যস্য শ্রীকৃষ্ণস্য প্রেক্ষণে দৃশিষু নেত্রেষু ব্যবধায় পক্ষ্মকৃতং বিধাতারং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চারাদেব তত্রৈব কিঞ্চিদ্ব্যবহিতস্থলে মহোৎকণ্ঠাস্ফুটদ্ধৃদয়াঃ কৃষ্ণসংমিলনমপ্রাপ্য প্রাণান্ জহতীরিব গোপী বীক্ষ্য বিদগ্ধচূড়ামণৌ শ্রীবলদেবেঽপ্যুত্থায় ততো নিষ্ক্রান্তে তাসাম-সাধারণদশাপ্রাপ্তিমাহ গোপ্যশ্চেতি। অত্র শ্রীশুকদেবস্য ঋষিশব্দেন নির্দ্দেশস্তদ্বাক্যএব পরমতত্ত্বপ্রকাশকে দৃঢ়বিশ্বাসং জনয়িতুং। গোপ্যশ্চেতি তৃথে চকারঃ। তাসাং সর্ব্বতো বিশেষাৎ। নন্বু কা গোপ্য ইত্যতস্তাসামসাধারণং লক্ষণমাহ। যস্য শ্রীকৃষ্ণস্য প্রেক্ষণে দৃশিষু নেত্রেষু ব্যবধায়কপক্ষ্মকৃতং বিধাতারং শপন্তি যাস্তা ইতি। তেন দর্শনে নিমেষমাত্রসময়-

---

ঋষিবর শুকদেব বলিলেন, হে রাজন্! এদিকে গোপীগণ বহুকালের প্রার্থনীয় রত্ন-স্বরূপ শ্রীকৃষ্ণচন্দ্রকে অবলোকন করিয়া, দর্শনের প্রতিবন্ধককারী পক্ষ্মদ্বয়ের সৃষ্টি-নিবন্ধন বিধাতার উপর দোষারোপ করিতে লাগিলেন।

আভাস।

ভীত হইয়া পরম সুহৃদ্ জ্ঞানে জীবন-সর্ব্বস্ব রামকৃষ্ণকে তাঁহাদের করে লালন পালনার্থ সমর্পণ করিয়াছিলাম মাত্র, তাহা কি তাঁহারা বিস্মৃত হইয়াছেন! তবে কি আবার আমাদিগকে পুত্র-ধনে বঞ্চিত হইতে হইবে? বালকের ত কোন দোষ নাই; জন্ম হইতে যাহাদের করে পরিবর্দ্ধিত হয়, তাহাদিগকেই জনক জননী বলিয়া জ্ঞান করিবে! আমারা প্রকৃত জনক-জননী হইলেও নন্দ-যশোদার প্রভুত্ব রামকৃষ্ণের উপর আমাদের অপেক্ষা অনেক গুরুতর। নন্দ-যশোদা পূর্ব্ব কথা বিস্মৃত হইয়া, যদি স্নেহের অনুরোধে রামকৃষ্ণকে আপন করিতে বাসনা করেন, তাহা হইলে আমরা চিরদুঃখ-সাগরে ভাসমান হইব; সন্দেহ নাই! নন্দ-যশোদা একান্ত বিপদ্‌কালে যখন পরম বন্ধুর কার্য্য করিয়া পুত্রদ্বয়কে পরিবর্দ্ধিত করিয়াছেন, তখন উপস্থিত ক্ষেত্রে শত্রুর কার্য্য করা তাহাদের পক্ষে কখনই সঙ্গত নহে। তবে পূর্ব্ব কথা তাঁহাদিগকে স্মরণ করাইয়া দেওয়া প্রয়োজন; এই ভাবিয়া ব্রজেশ্বরীকে সম্বোধন করত তাঁহারা উচ্চকণ্ঠে বলিলেন, হে যশোদে! তুমিই ইহাদের যথার্থ জননী বটে। আমরা গর্ভে ধারণ করিয়াও প্রকৃত জননীর কোন কার্য্যই করি নাই। আমরা কেবল গর্ভে ধারণ করিয়াছিলাম বটে, কিন্তু কংসের ভয়ে তোমার নিকট যেমন গচ্ছিত করিয়াছিলাম, তোমরাও তাহার উপযুক্ত কার্য্যই করিয়াছিলে। তোমাদের লালন

দৃগ্‌ভিহৃর্দীকৃতমলং পরিরভ্য সর্ব্বা স্তদ্ভাবমাপুরপি নিত্যযুজাং দুরাপং ॥

অন্বয়ঃ।

নেত্রদ্বারৈঃ নিত্যযুজাং আরূঢ়যোগিনাং, অপি দুরাপং কৃষ্ণং হৃদিকৃতং হৃদয়ে প্রবেশিতং, অলং গাঢ়ং, পরিরভ্য আশ্লিষ্য, নিত্যযুজাং যোগিনাং, অপি দুরাপং দুর্ল্লভং তদ্ভাবং ভগবদাত্মতাং, আপুঃ ॥

শ্রীধরস্বামী।

শপন্তি। দৃগ্‌ভির্নেত্রদ্বারৈ হৃর্দীকৃতং হৃদয়ে প্রবেশিতং পরিরভ্য তদ্ভাবং তদাত্মতাং প্রাপুঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিরহেঽপি যাসাং তথা অসহিষ্ণুতা যথা দেবমাত্রপরমসংমানকর্ত্রীণামপি তাসাং সর্ব্বদেবমুখ্যে বিধাতর্য্যপি অভিশাপো ভবেত্তাভ্যো গোপীভ্যঃ এতাবান্ বিরহঃ কৃষ্ণেন দত্ত ইতি তস্মিন্নীর্ষ্যা ধ্বনিতা। দৃগ্‌ভিরবলোকনৈরেবাকৃষ্য দৃগ্‌ভিরেব দ্বারৈ হৃর্দীকৃতং হৃদয়প্রবিষ্টীকৃতং পরিরভ্য তস্য ভাবং মহাভাগ্যং কোঽহহং [illegible] তিমিতিবদ্রসতাদাত্ম্যং বা আপুঃ। নিত্যযুজামাত্মারামপীশ্বরীণাং মহাযোগেশ্বরশ্রীরুদ্রাদীনামপি দুর্ল্লভমাপু স্তা অপি গোপীরধ্যাত্মং শিক্ষয়িষ্যত্যধুনৈব কৃ ইতি তস্মিন্ পুনরপীর্ষ্যা ধ্বনিতা। কিম্বা নিত্যসংযোগীনাং শ্রীরুক্মিণ্যাদীনামপি দুর্ল্লভং।

অনন্তর তাঁহারা লোচনরূপ দ্বার দিয়াই ভগবানকে স্বকীয় হৃদয়-মন্দিরে আলিঙ্গন করত, যোগারূঢ় শ্রেষ্ঠ সাধকেরও দুরারাধ্য ভগবদ্ভাবকে অবলীলাক্রমে প্রাপ্ত হইলেন ॥

আভাস।

পালনে আমাদের বালকদ্বয়ের কোন অযত্ন হয় নাই। তোমরা অতীব উদারচেতা; সুতরাং পরের পুত্রকেও প্রকৃত আপনার বোধে পালন করিয়াছ! তোমাদের রক্ষণাবেক্ষণে বালকদ্বয় যেমন নির্ভয়ে বিচরণ করিত! আমরাও তাহাতে নিশ্চিন্ত ছিলাম। অহো! নয়নদ্বয় যেমন পক্ষ্মের আশ্রয়ে সুরক্ষিত হয়, তোমাদের যত্নেও আমাদের বালকদ্বয় সেইরূপ সুরক্ষিত হইয়া আসিয়াছে। অনন্তর দেবকী এবং রোহিণীর তাদৃশ উক্তিতেও যখন যশোদা কোন প্রত্যুত্তর করিলেন না, তখন তাঁহারা আরও ভীতা এবং উৎকণ্ঠিতা হইয়া দেবকীকে সম্বোধন করত রোহিণী বলিলেন, হে সখি! যশোদা অপহৃত সম্পত্তি পুনঃ প্রাপ্ত হইয়াই বুঝি কোন উত্তর প্রদান করিতেছে না। অহো! রামকৃষ্ণও ত আমাদের উক্তিতে কর্ণপাত না করিয়া, উহার অঙ্কেই উপবিষ্ট থাকিয়া, আনন্দাশ্রু বিসর্জ্জন করিতেছেন! এ দৃশ্য আমাদের নিকট যেন অসহ্য বলিয়াই প্রতীত হইতেছে! অতএব এ স্থানে আর আমাদের অবস্থান করিবারই প্রয়োজন নাই; পৃথা এবং দ্রৌপদী প্রভৃতি বন্ধুবর্গের নিকট গমন করা কর্ত্তব্য। এই বলিয়া তাঁহারা অন্যত্র গমন করিলেন ॥ ২৬ ॥

এ দিকে যশোদা অনতিদূরে প্রেমিকা গোপীগণকে কৃষ্ণবিরহে জীবন বিসর্জ্জনে সম্পূর্ণ কৃতসংকল্প অবলোকন করিয়া, শ্রীকৃষ্ণকে স্বীয় অঙ্ক হইতে নামাইয়া দিলেন। শ্রীকৃষ্ণ বল-

ভগবাংস্তা স্তথাভূতা বিবিক্ত উপসঙ্গতঃ।
আশ্লিষ্যানাময়ং পৃষ্ট্বা প্রহসন্নিদমব্রবীৎ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

ভগবান্ তথাভূতাঃ আত্মভাবং আপন্নাঃ, তাঃ গোপীঃ বিবিক্তে একান্তে, উপসঙ্গতঃ আশ্লিষ্য অনাময়ং কুশলপ্রশ্নং পৃষ্ট্বা প্রহসন্ ইদং অব্রবীৎ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

অপি নিত্যযুজাং আরূঢ়যোগিনামপি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ কৃষ্ণো মাতুরুৎসঙ্গাদুত্থায় কচন বিবিক্ত প্রদেশে গত্বা তাভিঃ সহ সংমিলন-সংভাষণাদিকং চকারেত্যাহ ভগবানিতি। তথাভূতাঃ পূর্ব্বশ্লোকোক্তলক্ষণামানন্দমূর্চ্ছাং প্রাপ্তাঃ। আশ্লিষ্য স্বীয়বিভূতিশক্ত্যৈব সর্ব্বা দৃঢ়ম্ [illegible]লিঙ্গন্ চেষ্ট্যৈব তাঃ মোহাৎ প্রবোধ্যেত্যর্থঃ। অনাময়ং মদ্বিরহমহারোগপীড়া সংপ্রত্যুপশান্তা ন বেত্তি পৃষ্ট্বা প্রহসন্নিতি তাসাং হাস্যমুৎপাদয়িতুং ॥ ২৭ ॥

ভগবান্ গোপীগণের তাদৃশ ভাব অবলোকন করিয়া, তাঁহাদিগকে নির্জ্জনে লইয়া আলিঙ্গন করিলেন এবং সহাস্যবদনে তাঁহাদিগকে কুশল বার্ত্তা জিজ্ঞাসা করিলেন ॥ ২৭ ॥

আভাস।

রামকে পরিত্যাগ করিয়া, একাকী সেই গোপীগণের সমীপে অগ্রসর হইলেন। গোপবধূগণ বাসুদেবকে অবলোকন করিয়া, আর ধৈর্য্য ধারণে সমর্থা হইলেন না। অনিমিষ-লোচনে তাঁহার প্রতি অবলোকন করিতে চেষ্টা করিলেও লোচনরক্ষক পক্ষ্মদ্বয়ের নিমেষ-পাতনেই যেন দর্শনের যথেষ্ট প্রতিবন্ধক হইতেছে বিবেচনা করিয়া, বিধাতাকে নিন্দা করত তাঁহারা বলিলেন, হে বিধাতঃ! আপনার হৃদয় অতীব কঠিন। একত কৃষ্ণ-সঙ্গ আমাদের অদৃষ্টে লিখেন নাই, তাহাতে আবার যদিও কখন তাঁহাকে দর্শন করিতে পাইলাম, তখন তাবার লোচনে এমন পক্ষ্মের সংস্থান করিয়াছেন যে, প্রতিপলকে অদ্য কৃষ্ণদর্শনেও ব্যাঘাত জন্মাইতেছে। অনন্তর গোপীগণ তীব্র আগ্রহের সহিত শ্রীকৃষ্ণের মূর্ত্তি যখন অবলোকন করিতেছিল, তখন যেন তাহারা তাঁহার মূর্ত্তি চক্ষুদ্বার দিয়া হৃদয়পটে আনয়ন করত, গাঢ় আলিঙ্গন করিতে লাগিলেন। অহো! যিনি নিত্যসমাহিতচিত্ত যোগিগণেরও একান্ত দুর্ল্লভ, অদ্য প্রেমের অনুরোধে সামান্য দুর্ব্বলা ও জ্ঞানহীনা কামিনীগণেরও হৃদয়ে তিনি আবির্ভূত হইলেন। ভক্তবৎসল শ্রীকৃষ্ণ তখন কামিনীগণের সমীপবর্ত্তী হইয়া, গুহ্য সম্ভাষণ ও আলিঙ্গন করত তাঁহাদের হৃদয়-ব্যথার নিবারণ করিলেন ॥ ২৭ ॥

কিন্তু গোপিকাগণের তাহাতেও অভিমানের নিবৃত্তি হইতে না দেখিয়া, তাঁহাদিগকে সম্বোধন করত বলিলেন, হে গোপীগণ! তোমরা কি এখনও আমার ন্যায় চঞ্চল-প্রকৃতি

অপি স্মরথ নঃ সখ্যঃ স্বানামর্থচিকীর্ষয়া।
গতাংশ্চিরায়িতাঞ্ছক্র-পক্ষ-ক্ষপণ-চেতসঃ ॥ ২৮ ॥
অপ্যবধ্যায়থাস্মান্ স্বিদকৃতজ্ঞাবিশঙ্কয়া।

অন্বয়ঃ।

হে সখ্যঃ! স্বানাং পিত্রাদীনাং অর্থচিকীর্ষয়া (অর্থং প্রয়োজনং কর্ত্তুমিচ্ছয়া) ব্রজাৎ গতান্ চিরায়িতান্ বিলম্বিতান্, যতঃ শক্রপক্ষ-ক্ষপণ-চেতসঃ (শক্রপক্ষক্ষপণে বিনাশে চেতঃ যেষাং তান্) নঃ অস্মান্, অপি কিং স্মরথ! ॥ ২৮ ॥

অকৃতজ্ঞাঃ এতে ইতি বিশঙ্কয়া অপি কিং স্বিৎ অস্মান্ অবধ্যায়থ অবজানীথ! কিন্তু নূনং

শ্রীধরস্বামী।

চিরায়িতান্ বিলম্বিতান্। তত্র হেতুঃ শক্রণাং পক্ষস্য ক্ষপণে চেতো যেষাং তান্ ॥ ২৮ ॥ অপি স্বিৎ কিম্বা অস্মান্ অবধ্যায়থ অবজানীথ। অকৃতজ্ঞা এতে ইত্যাবিশঙ্কয়া ঈষৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বানাং ২ পিতৃ জ্ঞাতীনাং বসুদেবাদীনাং অর্থঃ কংসবধাদিস্তচ্চিকীর্ষয়া গতান্ চিরায়িতান্ বিলম্বিতান্ তত্র হেতুঃ শক্রপক্ষস্য ক্ষপণে চেতো যেষাং তান্ অতএব ব্রজমাগন্তুম-প্রাপ্তাবসরান্ অস্মানপি কিং স্মরথ ॥ ২৮ ॥

যথা ত্বং রাত্রিন্দিবমস্মৎস্মরণবিদীর্ণহৃদয়োঽস্মদ্বিরহরোগনিবর্ত্তিতসকলবিষয়ভোগো মহা-প্রেমী ভবসি তথা কিং বয়ং ভবিতুং শক্নুমঃ। বয়ন্তু ত্বাং ন স্মরামঃ ত্বাং বিনাপি সুখিন্য এবাস্ম ইতি বক্রোক্তিদ্যোতকভ্রূভঙ্গিভিরেব সসংরম্ভং কৃতপ্রত্যুত্তরাস্তা আলক্ষ্যাহ অপি

হে সখীগণ! বহুকালের পর তোমাদের সহিত আমার সাক্ষাৎ হইল! এক্ষণে সেই পূর্ব্ববৎ সখ্যভাব কি তোমাদের আর স্মরণ আছে? দেখ! জনকাদি বন্ধু বান্ধবগণের প্রয়োজন-সাধনার্থ আমি বহুকাল অন্যত্র অবস্থান করিতেছি এবং তথায় শক্রপক্ষের নিধন-চিন্তাতেই আমাদের মন নিরন্তর ব্যাপৃত ছিল; তোমাদের বিষয় একবার চিন্তা করিবারও সাবকাশ পাই নাই ॥ ২৮ ॥

অবশ্য আমার কার্য্যে তোমরা মনে মনে দুঃখিত হইলেও, অকৃতজ্ঞ বিবেচনায় আমাদিগকে অবজ্ঞা করা তোমাদিগের কর্ত্তব্য নহে। কারণ ইচ্ছা করিয়া কেহ কখন কোন অন্যায় কর্ম্ম করে না; সকলই বিধির চক্রে ঘটিয়া থাকে।

আভাস।

স্বার্থপর ব্যক্তির প্রতি প্রেম কর? আমি কংসের পীড়নে একান্ত প্রপীড়িত পিত্রাদি স্বজনগণের নিষ্কৃতির জন্য তোমাদিগকে পরিত্যাগ পূর্ব্বক মথুরার সকল কার্য্যই সমাধা করিয়াছি; অথচ তোমাদের কথা একবার স্মরণ পর্য্যন্তও না করিয়া, তথায় সুখে এত কাল বিলম্ব করিয়াছি। অতএব আমার ন্যায় অকৃতজ্ঞ বন্ধুকে তোমরা নিশ্চয়ই অবজ্ঞা করিয়া থাকিবে,

নূনং ভূতানি ভগবান্ যুনক্তি বিযুনক্তি সঃ ॥ ২৯ ॥
বায়ুর্যথা ঘনানীকং তৃণতূলরজাংসি চ।
সংযোজ্যাক্ষিপতে ভূয়স্তথা ভূতানি ভূতকৃৎ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

নিশ্চিতং সঃ ভগবান্ এব ভূতানি যুনক্তি সংযোজয়তি বিযুনক্তি বিযোজয়তি চ ॥ ২৯ ॥

ঘনানীকং মেঘসমুদায়ং, তৃণতূলরজাংসি চ বায়ুঃ যথা সংযোজ্য আক্ষিপতে বিযোজয়তি, তথা ভূতকৃৎ বিশ্বস্রষ্টা ভগবান্ ভূতানি সংযোজ্য ভূয়ঃ তানি আক্ষিপতে বিযোজয়তি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

শঙ্কয়া ন শঙ্কামাত্রং নিশ্চিতমেবৈতৎ পরিত্যজ্য গতত্বাদিতি চেদত আহ নূনমিতি ॥ ২৯ ॥

এতৎ সদৃষ্টান্তমাহ বায়ুরিতি। আক্ষিপতে আক্ষিপতি পৃথক্ করোতীত্যর্থঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বিদস্মানবধ্যায়থ অবজানীথ। এতে অকৃতজ্ঞা ইতি আ সর্ব্বতো যা বিশঙ্কা তয়া। তত্র কিংকর্ত্তব্যমস্মাভিস্তত্ত্বং শৃণুতেত্যাহ নূনমিতি ॥ ২৯ ॥

এতৎ সদৃষ্টান্তমাহ বায়ুরিতি। আক্ষিপতে আক্ষিপতি পৃথক্ করোতীত্যর্থঃ ॥ ৩০ ॥

সেই ভূতভাবন ভগবানই জীব-সমূহকে একবার মিলিত করিতেছেন; আবার তাহাদের মধ্যে বিচ্ছেদ আনয়নে দুঃখ দিতেছেন ॥ ২৯ ॥

অনিল যেমন জলদপটল, তৃণরাশি, তূলা বা ধূলিকণাকে কখন একত্র কখন বিশ্লিষ্ট করিতেছে, সেইরূপ এই জগৎ সংসারের সৃষ্টি-নিধনকারী ভগবান্ শ্রীহরিই ভূতসমূহকে কখন পরস্পরে দৃঢ় আবদ্ধ, কখন বা সম্পূর্ণ বিশ্লিষ্ট করিতেছেন ॥ ৩০ ॥

আভাস।

সন্দেহ নাই। কিন্তু তথাপি কাহারও উপর তাদৃশ দোষারোপ করা অবিধেয়। সকলেই ঈশ্বরের অধীন। নিজের ইচ্ছায় কেহ কখন কোন কার্য্য করিতে পারে না। দৈববলেই যাবতীয় কার্য্য সাধিত হইতেছে; কিন্তু ক্ষুদ্রবুদ্ধি মানবগণ বৃথা অন্যকে দুঃখদাতাদিরূপে দোষী করিয়া থাকে মাত্র। এতৎশ্রবণে গোপীগণ ভ্রূভঙ্গি দ্বারা যেন প্রকাশ করিতেছিলেন যে, হে নটবর! আমরা কি আর আপনার জন্য কখন চিন্তিতা হইয়াছি? আপনিই কেবল দিবারাত্রি আমাদের কথা স্মরণ করত, বিদীর্ণ-হৃদয় হইয়াছেন! আহা! আমাদের চিন্তায় আপনার সকল কর্ম্ম নষ্ট হইয়াছে; আপনি আহার নিদ্রা পরিত্যাগ করিয়াছেন। যেরূপ উদাসীন ভাব আপনি অবলম্বন করিয়াছেন, আমরা কি আর কখন সেরূপ প্রেমিক ভাব দেখাইতে জানি? আমরা ভ্রমেও একবার আপনার কথা স্মরণও করি না! আপনার অদর্শনে বরং আমরা আন্তরিক সুখেই আছি! এই বক্রোক্তির উত্তরে শ্রীকৃষ্ণ নিম্নলিখিত শ্লোকে বায়ু ও ঘনাবলির দৃষ্টান্তের দ্বারা জীবের অস্বাতন্ত্র্যত্বের পরিচয় দিয়াছেন। এবং দেখাইয়াছেন যে, অদৃষ্টা-

ময়ি ভক্তির্হি ভূতানামমৃতত্বায় কল্পতে।
দিষ্ট্যা যদাসীন্মৎস্নেহো ভবতীনাং মদাপনঃ॥ ৩১॥

অন্বয়ঃ।

হি যস্মাৎ ময়ি ভূতানাং ভক্তিঃ এব যতঃ অমৃতত্বায় মোক্ষায় কল্পতে সমর্থঃ ভবতি, অতঃ মদাপনঃ মৎপ্রাপকঃ, মৎস্নেহঃ ভবতীনাং যদা আসীৎ তৎ এতৎ দিষ্ট্যা অতি ভদ্রং এব জাতং॥ ৩১॥

শ্রীধরস্বামী।

অপিচ অতিভদ্রমিদং ভূতং। যদ্ভবতীনাং মদ্বিয়োগেন মৎপ্রেমাতিশয়ো জাত ইত্যাহ ময়ীতি। ময়ি ভক্তিমাত্রমেব তাবদমৃতত্বায় কল্পতে। যত্তু ভবতীনাং ময়ি স্নেহ আসীৎ তদ্দিষ্ট্যা ভদ্রং কুতঃ মদাপনঃ মৎপ্রাপক ইতি॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ ভো বাগ্মিশিরোমণে যস্মিন্ দোষমারোপয়সি স ভগবাংস্ত্বমেব সর্ব্বলোকবিখ্যাতো ভবসীত্যস্মাতির্জ্ঞায়ত এব। ভোঃ সখ্য এবঞ্চেৎ সত্যমহং ভগবানেব তদপি ভবতীনাং স্নেহাধীন এবাস্মীত্যাহ। ময়ি ভক্তিমাত্রমেব তাবদমৃতত্বায় মোক্ষায় কল্পতে। যত্তু ভবতীনাং মৎস্নেহ ... তদ্দিষ্ট্যা ভাগ্যেনৈবাতিভদ্রমেব। যতো মদাপনঃ মাং আপয়তি বলাদাকৃষ্য যুষ্মৎসমীপমানয়ত্যানীয়াচিরেণৈব যুষ্মদন্তিক এব স্থাপয়িষ্যতীতি ভাবঃ॥ ৩১॥

দেখ! আমার নিকটে বা দূরে থাকার জন্য তোমাদের কোন ক্ষতি বৃদ্ধি নাই। কারণ আমার প্রতি কেবল ভক্তি করিতে পারিলেই জীবের মোক্ষ লাভ হয়, সন্দেহ নাই। বিশেষত বহু ভাগ্যফলেই আমার প্রতি তোমাদের যে প্রেম জন্মিয়াছে, তাহার মহিমা অতুলনীয়; সেই স্নেহের ফলে তোমরা আমার স্বরূপ সাক্ষাৎকারে সমর্থা হইবে, সন্দেহ নাই॥ ৩১॥

আভাস।

ধীন ভোগ সকলকেই সহ্য করিতে হয়, ইচ্ছামাত্রেই তাহার প্রতিকার করা অসম্ভব॥২৯॥ ৩০॥

গোপীগণ তখন শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বাগ্মিবর! আপনি জীবের ভোগ-নিবন্ধন দোষসমূহ যে জগদীশ্বরের উপর নিক্ষেপ করিতেছেন, সেই ভূভারহারী সর্ব্বলোকবিখ্যাত পরমপুরুষ কি আপনি নন্? এতদুত্তরে শ্রীকৃষ্ণ বলিলেন, হে সখীগণ! তোমরা আমাকে যাহা বলিতেছ, সেই পরমেশ্বর আমিই সত্য বটে; কিন্তু তথাপি আমি ত তোমাদেরই প্রেমের অধীন! আমার প্রতি ভক্তি করাই সংসারে একমাত্র কার্য্য। তাহাতেই প্রকৃত মোক্ষ লাভ হইয়া থাকে। কিন্তু তোমাদের ভক্তিতে যে অনুপম ভাব আছে, তাহাতে মুক্তির কথা দূরে থাকুক্, সাক্ষাৎ আমার স্বরূপকে যেন বল পূর্ব্বক আনয়ন করিয়া, তোমাদের সমীপে অর্পণ করিতেছে ধন্য! তোমাদের ভক্তি! তোমাদের প্রেমে জগজ্জীবনও অদ্য আবদ্ধ হইতেছেন॥ ৩১॥

অহং হি সর্ব্বভূতানামাদিরন্তোঽন্তরং বহিঃ।
ভৌতিকানাং যথা খং বার্ভূর্বায়ুর্জ্যোতিরঙ্গনাঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

হে অঙ্গনাঃ! ভৌতিকানাং পঞ্চমহাভূতকার্য্যাণাং দেহ-ঘট-বৃক্ষাদীনাং আকাশাদি-পঞ্চমহাভূতানি এব যথা আদ্যন্তরূপাণি ভবন্তি তথা অহং এব সর্ব্বভূতানাং জরায়ুজাদি-চতুর্ব্বিধ শরীরাণাং তৎকারণানাং আকাশাদীনাং চ আদিঃ কারণং অন্তঃ লয়াধারঃ, অন্তরং অন্তর্যামী বহিঃ ব্যাপ্য স্থিতঃ এব ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

কীদৃশস্ত্বং যং বয়ং স্নেহেন প্রাপ্স্যাম ইত্যপেক্ষায়ামাহ অহং হীতি। হে অঙ্গনা! ভৌতিকানাং শরাব-সৈন্ধবাদীনাং যথা আকাশাদি-পঞ্চ-মহাভূতানি আদ্যন্তাদিরূপাণি এবং সর্ব্বভূতানাং জরায়ুজাদীনামহং। অতো ব্যাপকং মাং ভবত্যঃ প্রাপ্তা এবেতি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ মামেব ভগবন্তং যদি যূয়ং জানীধ্বে এব তদা মদ্বিরহদুঃখং নাস্ত্যেব যুষ্মাকং; কেবলমবিবেকেনৈব দুঃখং লভধ্বে। তস্মাদবিবেকধ্বংসনং মত্তঃ শিক্ষধ্বমিত্যাশয়েন জ্ঞানমাহ অহমিতি। বস্তুতস্তু ভোস্ত্রিজগতীবর্ত্তিনো মহাযোগেশ্বরাঃ! জ্ঞানং দুঃখধ্বংসনং যৎ যূয়ং ব্রূধ্বে তদিদমবধত্ত উদ্ধবোপদিষ্টমিব সাক্ষান্মদুপদিষ্টমপি জ্ঞানং প্রেমবৎসু জনেষু দুঃখানিবর্ত্তনাদ্বৈয়র্থ্যমেব প্রাপ্নোতীতি জ্ঞাপয়ন্নেব গোপীর্জ্ঞানমাহ অহমিতি। সর্ব্বভূতানাং দেবমনুষ্যতির্য্যগাদীনাং আদ্যন্তমধ্যবহির্ব্বর্ত্তীত্যর্থঃ। ভৌতিকানাং দেহানাং যথা খাদীনি পঞ্চ মহাভূতান্যাদ্যন্তাদিবর্ত্তীনীত্যর্থঃ। হে অঙ্গনা রমণ্যঃ! এবং তত্ত্বং মে যূয়ং স্ত্রীজনাঃ নৈব জানীথেতি ভাবঃ ॥ ৩২ ॥

হে অঙ্গনাগণ! আমি সর্ব্বব্যাপী জগদীশ্বর! ভূতমাত্রেরই আদি কারণরূপে এবং অন্ত্য অবসানের স্থলরূপে আমিই বিদ্যমান রহিয়াছি। ভৌতিক পদার্থ মাত্রেরই সার এবং সর্ব্বস্বরূপে যেমন আকাশাদি পঞ্চ মহাভূত প্রতীত হইতেছে, আমিও সেইরূপ দেহীর দেহরূপে বাহিরে এবং অন্তর্যামিরূপে অন্তরে নিরন্তর বিরাজ করিতেছি ॥ ৩২ ॥

আভাস।

হে সখীগণ! তোমরা যখন আমার স্বরূপ অবধারণ করিয়াছ, তখন আমার বিরহ দুঃখ ত তোমাদের আর নাই! তথাপি যদি দুঃখ অনুভব কর! সে কেবল অবিবেক বশত; সন্দেহ নাই। অতএব অবিবেকের ধ্বংস করিবার জন্য, আমার নিকট হইতে জ্ঞানগর্ভ উপদেশ গ্রহণ কর! এই পরম রহস্যের অবধারণে তোমরা জীবন্মুক্তি লাভ করিতে পারিবে। হে প্রেমিকাগণ! আমাকে পরিচ্ছিন্ন মূর্ত্তিবিশিষ্ট বলিয়া জ্ঞান করিও না; আমি সচ্চিদানন্দস্বরূপ অখণ্ড একরস ব্রহ্ম। ঘট সরাবাদি মৃণ্ময় পাত্রের অবয়ব-সর্ব্বাংশে যেমন মৃত্তিকা

এবং হ্যেতানি ভূতানি ভূতেষ্বাত্মাত্মনা ততঃ।
উভয়ং ময্যথ পরে পশ্যতাভাতমক্ষরে॥ ৩৩॥

অন্বয়ঃ।

এবং হি এতানি চতুর্ব্বিধ-শরীরাণি ভূতানি ভূতেষু বর্ত্তন্তে তথা আত্মা জীবাত্মা, চ আত্মনা ভোক্তৃরূপেণ, তেষু ততঃ ব্যাপ্তঃ, বর্ত্ততে এবং উভয়ং অপি জড়চেতনাত্মকং জগৎ পরে সর্ব্ব-কারণভূতে, অক্ষরে জন্মাদি-বিকার-রহিতে, ময়ি আভাতং প্রকাশিতং, পশ্যত॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

নন্থ চতুর্ব্বিধভূতগ্রামাণাং ভোক্তা আত্মৈবাদ্যন্তাদিরূপঃ তস্মিংশ্চ সর্ব্বব্যাপকে সর্ব্বভূতানি বর্ত্তন্ত ইতি তাবৎ কুতস্তৎপ্রাপ্তিরস্মাকমিত্যত আহ এবং হীতি। অয়মর্থঃ। যথা শরাবা-দীনাং ভৌতিকানাং মহাভূতানি আদ্যন্তাদিরূপাণি এবমেতানি চতুর্ব্বিধানি ভূতান্যপি ভৌতিকত্বাবিশেষাৎ স্বকারণে ভূতেষু বর্ত্তন্তে নতু ভোক্তৃত্বাত্মনি। আত্মাতু তেষু ভূতেষু আত্মনা ভোক্তৃরূপেণ ৩৩ঃ ব্যাপ্তঃ ন কারণত্বেন। অথ তদুভয়ং ভূতভৌতিকরূপং ভোগ্যং ভোক্তারঞ্চ আত্মানং ময়ি অক্ষরে পরিপূর্ণে আভাতং পশ্যতেতি॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং হি তদেবমিত্যর্থঃ। এতানি ভূতান্যাকাশাদীনি ভূতেষু দেহেষু বর্ত্তন্তে। আত্মা জীবশ্চ আত্মনা স্বরূপেণ ততঃ বিস্তৃতঃ। দেহব্যাপকঃ সন্ বর্ত্তত ইত্যর্থঃ। উভয়ং দেহং জীবঞ্চ ময়ি পরে পরমাত্মনি অক্ষরে নিত্যে সর্ব্বব্যাপকে অধিষ্ঠানতত্ত্বে আভাতং প্রকাশিতং পশ্যত। তেন যুষ্মাকং দেহা আত্মানশ্চ ময্যেব সদা বর্ত্তন্ত এবেতি কুতো মদ্বিরহখেদোহ-বিবেকবিজৃম্ভিত ইতি ভাবঃ॥ ৩৩॥

এই সমগ্র ভূত-নিচয় পঞ্চ মহাভূতে বিদ্যমান রহিয়াছে; কিন্তু আত্মা জীব ভোক্তৃরূপে তাহাতে ব্যাপ্ত হইয়া, জীবত্বের সাধন করিতেছে। এই উভয় জড় এবং চেতন ভাব এক আমা হইতেই উৎপন্ন এবং আমাতেই বিরাজ করিতেছে; কিন্তু আমি অক্ষয় ও অব্যয়রূপে নিত্য সর্ব্বত্র অবস্থান করিয়া থাকি॥ ৩৩॥

আভাস।

অপরিহার্য্য! মৃত্তিকার পিণ্ডের দ্বারা ঘট প্রস্তুত হয়; ঘটাবস্থার সার মৃত্তিকা এবং ঘটত্বের ধ্বংসে মৃত্তিকায় তাহার অবসানও প্রত্যক্ষসিদ্ধ; সেইরূপ যে কোন স্থাবর জঙ্গমাত্মক বৃক্ষ পর্ব্বত, নদী, পৃথিবী, চন্দ্র এবং সূর্য্যাদি উৎপন্ন পদার্থ নয়নগোচর করিতেছ, ইহা সকলই শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ তন্মাত্রার সমাবেশে গঠিত হইয়াছে। ঘটের মৃত্তিকার ন্যায়, এই ভূত ভৌতিক পদার্থসমূহে উক্ত পঞ্চতন্মাত্র ন্যূনাতিরিক্তভাবে সর্ব্বত্রই আছে। পূর্ব্বে পঞ্চ তন্মাত্র মাত্র ছিল, মধ্যে প্রয়োজন অনুসারে তন্মাত্রই আকারিত হইয়া বিবিধ নামে ও রূপে পরিণত হইয়াছে; প্রয়োজনের নিবৃত্তি হইলে, পুনরায় সমস্ত সংসার তন্মাত্রেই

শ্রীশুক উবাচ ॥

অধ্যাত্মশিক্ষয়া গোপ্য এবং কৃষ্ণেন শিক্ষিতাঃ।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। অধ্যাত্মশিক্ষয়া আত্মতত্ত্বোপদেশেন, এবং কৃষ্ণেন শিক্ষিতাঃ গোপ্যঃ

শ্রীধরস্বামী।

অধ্যাত্মশিক্ষয়া স্বরূপোপদেশেন শিক্ষিতা বোধিতাঃ। তস্যানুস্মরণেন ধ্বস্তো জীবকোশো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধ্যাত্মশিক্ষয়া এবং জ্ঞানোপদেশেন শিক্ষিতাঃ প্রবোধিতাঃ। তদনুস্মরণেন তদ্বিরহোত্থ-তীব্রনিরন্তরধ্যানসূর্য্যেণ ধ্বস্তো জীবনকুমুদস্য কোশোঽন্তর্ভাগো যাসাং তাঃ তৎপ্রাপ্ত্যাশা-

---

শুকদেব বলিলেন, হে নরনাথ! এই প্রকার অধ্যাত্মতত্ত্বের উপদেশে গোপীগণ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক উপদিষ্টা হইয়া, ভগবত্তত্ত্বের স্বরূপাবধারণে

পর্য্যবসিত হইবে। ইহাতে আকার এবং রচনার প্রণালী ইহা অপেক্ষা অতিরিক্ত এবং কল্পনা মাত্র। এই প্রকারে উক্ত পঞ্চতন্মাত্রও এক মদীয় শক্তি প্রকৃতি হইতে গঠিত হইয়া পঞ্চনামে ও ভাবে পরিণত হইয়াছে। ঐ সর্ব্বপ্রসবিনী প্রকৃতি আমারই সৎস্বরূপা শক্তি। কার্য্যকালে যেন আমার স্বরূপ হইতে স্বতন্ত্রভাবে আত্মপরিচয় প্রদানে কার্য্য করেন, কিন্তু কার্য্যাবসানে আমাতেই বিলীন হন। যেমন কোন ব্যক্তির নিশ্চিন্তভাবে অবস্থান কালে হস্ত-পদ-সঞ্চালনাদি শক্তির পরিচয় তাঁহাতে না পাইলেও, ইচ্ছা মাত্রেই সেই জড় কার্য্যশূন্য কেবল চেতনরূপে অবস্থিত পুরুষও আবার ইন্দ্রিয় পরিচালনাদি ব্যাপারের দ্বারা স্বীয় শক্তির পরিচয় দেন; সেইরূপ সর্ব্বচেতনচেতন আমিও কিছুকাল স্বীয় কার্য্য-প্রকাশিকা শক্তি প্রকৃতিকে স্বীয় অন্তরে নিশ্চেষ্ট ভাবে নিদ্রিতের ন্যায় স্থাপিত রাখি এবং কখনও বা কার্য্যের প্রকাশ বা রচনা করিতে হইলে, তাহার প্রণালীর প্রতিও তীক্ষ্ণ দৃষ্টি আমাকে রাখিতে হয়। এই দৃষ্টি করা কার্য্যের সমষ্টি ও ব্যষ্টি ভেদে কিছু পার্থক্য আছে। যখন সমষ্টি অর্থাৎ সৃষ্ট যাবতীয় পদার্থের প্রতি যুগপৎ ঈক্ষণে কার্য্যাকার্য্যের প্রণালীর প্রতি দৃষ্টি করি, সেই সময় আমার নাম জগজ্জীবন ঈশ্বর এবং ক্রমশ যতই সমষ্টিভাব পরিহারে ব্যষ্টি বা একাংশ বা পৃথক্ পৃথক্ কোন একটী অংশে দৃষ্টি করত বিচারে নিবিষ্ট থাকি, তখন আমিই জীব নামে অভিহিত। অতএব এই পরিদৃশ্যমান ব্রহ্মাণ্ডে শক্তিরূপে আমিই জড় দেহাদি বস্তু এবং সৃজনকারী চৈতন্যশক্তি সহকারে ভোক্তৃরূপে পরিণত জীবও আমি। কিন্তু আমার ভগবৎ স্বরূপে জীবভাব এবং জগদ্ভাবের একত্র সমন্বয়ে পূর্ণ ব্রহ্মভাবেরই নিত্য পরিচয় নিয়ত বিদ্যমান রহিয়াছে। অতএব হে সখীগণ! তোমাদের দেহ এবং জীবন আমাতেই প্রতিষ্ঠিত এবং তোমাদের প্রত্যেকের দেহে আমি প্রতিষ্ঠিত; তখন মদীয় বিরহ দুঃখ তোমাদের কি প্রকারে উপস্থিত হইতে পারে! ॥ ৩২ ॥ ৩৩ ॥

তদনুস্মরণধ্বস্তজীবকোশাস্তমধ্যগন্ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

তস্য আত্মতত্ত্বস্য অনুস্মরণেন ধ্বস্তঃ জীবকোশঃ জ্ঞানং যাসাং তথাবিধাঃ তাঃ তং সর্ব্বাত্মকং ভগবন্তং অধ্যগন্ প্রাপুঃ জ্ঞাতবত্যঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

লিঙ্গং যাসাং তাঃ তমেবাধ্যগন্ প্রাপুঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাত্ররক্ষিতকিঞ্চিন্মাত্রজীবনা ইত্যর্থঃ। তং অধ্যগন্ অধিগতবত্যঃ। যঃ খল্বস্মাকমজিজ্ঞাসূনামপি রাসারম্ভে ধর্ম্মোপদেষ্টা উদ্ধব দ্বারা চ জ্ঞানোপদেষ্টা সাম্প্রতমপি জ্ঞানমুপদিশতি। সোঽয়ং স্বভাবোঽপ্যস্য দুস্ত্যজ এবেতি প্রত্যভিজ্ঞাতবত্য ইত্যর্থঃ। জীবকোশো লিঙ্গদেহ ইতি ব্যাখ্যাতুং ন সঙ্গচ্ছতে নিত্যসিদ্ধানাং সতাং লিঙ্গদেহাভাবাৎ। সাধনসিদ্ধানামপি তাসাং কৃষ্ণসম্ভুক্তান মেতাবৎকালপর্য্যন্তং প্রাকৃতলিঙ্গদেহসন্তানভ্যুপগমাৎ ॥ ৩৪ ॥

আহুশ্চ বক্রোক্ত্যা সের্ষ্যমুচুশ্চেত্যর্থঃ। ভো তত্ত্বজ্ঞানাধ্যাপকশিরোমণে পরমেশ্বর সাক্ষান্মূর্ত্তপরমাত্মস্বরূপাস্মাকং গৃহবিত্তকুটুম্বাদ্যা[illegible]কিমধিকামবধার্য্যৈব পূর্ব্বযুদ্ধবদ্বারা সাম্প্রতং স্বয়মপি বদজ্ঞাননিবর্ত্তকজ্ঞানোপদেশেন চি[illegible]র্ম্মলয়সি তদেষ তে নিরুপাধিক এব স্নেহোঽস্মাসু মোক্ষার্থকোঽবগতঃ। কিন্তু গোপ[illegible]নাং দুর্ম্মেধানামস্মাকং হৃদি কথমেতজ্জ্ঞানং তিষ্ঠেদ্ব্রহ্মাদিগম্যং ত্বচ্চরণচিন্তনমপি[illegible]ত তস্মাত্তদেব যথাশক্যং স্যাত্তথা কৃপয়েত্যাহুস্তে

জীবত্বের কোশস্বরূপ স্থূল, সূক্ষ্ম ও কারণভেদে উপাধিত্রয়ের উল্লঙ্ঘনে তদীয় পরম গতি লাভ করিলেন ॥ ৩৪ ॥

আভাস।

শ্রীকৃষ্ণের তত্ত্বোপদেশে গোপীগণের হৃদয়-মালিন্য বিদূরিত হইল। তাঁহারা হৃদয়-কমলে শ্রীকৃষ্ণস্বরূপ দিবাকরের নিরন্তর চিন্তনে অজ্ঞানরূপ অন্ধকারের নিবারণ করিলেন। তাঁহাদের হৃদয়-কমলের অন্তর্গুহায় কেবল কৃষ্ণলাভের আশা ব্যতীত সংসারের সকল আশার নিবারণ হইয়া গেল; তাঁহারা জীবন্মুক্ত হইলেন। তাঁহারা পরস্পরে বলিতে লাগিলেন যে, আমরা শ্রীকৃষ্ণকেই পাইতে প্রার্থনা করি, তিনি কিন্তু আমাদের প্রার্থনা না থাকিলেও, তত্ত্বোপদেশের দ্বারা আমাদিগকে কৃতার্থ করিতে ত্রুটি করিতেছেন না! প্রথমত রাসের আরম্ভে একবার নিজে ধর্ম্মোপদেশ দিয়াছেন; তৎপরে পুনরায় উদ্ধবের দ্বারা জ্ঞানোপদেশ দিয়াছেন; এক্ষণে আবার স্বয়ং জ্ঞানোপদেশ দিতেছেন। অহো! বুঝিলাম! যাঁহারা ইহাঁর শরণাগত ভক্ত, তাঁহাদিগকে আর তত্ত্বজ্ঞানের জন্য অন্য যোগ সাধনাদি করিতে হয় না; ভগবান্ নিজেই তত্ত্বোপদেশের দ্বারা তাঁহাদিগকে কৃতার্থ করেন। অতএব জ্ঞানার্জ্জনের ভার তাঁহার, তজ্জন্য আমাদিগকে চিন্তা করিতে হইবে না! এস! আমরা সেই জ্ঞানদাতারই শরণাগত হই! এই বলিয়া গোপকামিনীগণ শ্রীকৃষ্ণকে সম্বোধন করত কহিলেন, হে শ্রীকৃষ্ণ! আপনি ত তত্ত্বজ্ঞানোপ-

আহুশ্চ তে নলিননাভ পদারবিন্দং যোগেশ্বরৈ র্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।

অন্বয়ঃ।

আহুঃ চ যথা হে নলিননাভ! (নলিনং ব্রহ্মাণ্ডাত্মকং কমলং নাভৌ যস্য তৎসম্বোধনে) অগাধবোধৈঃ (অগাধঃ অপারঃ বোধঃ জ্ঞানং যেষাং তৈঃ) যোগেশ্বরৈঃ হৃদি বিচিন্ত্যং সংসার-

শ্রীধরস্বামী।

এবং প্রাপ্তোঽপি শ্রীকৃষ্ণঃ পুনর্গৃহব্যাসঙ্গেন নাপযাস্যতি তচ্চরণস্মরণং প্রার্থয়ামাসুরিত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি। যোগেশ্বরৈরেব হৃদি বিচিন্ত্যং বয়ং স্বকর্ম্মফলসন্তাপিতাঃ কথং চিন্তয়িতুং শক্নুমঃ। অগাধবোধে র্বয়ন্তু মন্দধিয়ঃ। সংসারকূপেত্যস্মাকং সংসারদুঃখং নিবর্ত্তয়িতুং ত্বং কৃপয়া যতস্বেতি ভাবঃ। গেহং জুষাং গৃহাসক্তানামপি নঃ সদা মনসি উদয়তামিত্যন্তঃকোপ এব ব্যঞ্জিতঃ। ইহ খলু, ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যং। ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা বাঞ্ছন্তি যৎপাদরজঃপ্রপন্না ইতি। ন কিঞ্চিৎ সাধবো ধীরা ভক্তা হ্যেকান্তিনো মম। বাঞ্ছন্ত্যপি ময়া দত্তং কৈবল্যমপুনর্ভবমিতি। স্বর্গাপবর্গনরকেষ্বপি তুল্যার্থ-দর্শিন ইত্যাদি পরশতশতবচনৈরবগততত্ত্বা ভক্তাঃ কেঽপি জ্ঞানফলং মোক্ষং ভগবতা দত্তমপি নৈবাদদতে সর্ব্বভক্তচূড়ামণিভিরাভি র্গোপীভি র্মে নস্য জ্ঞানস্য গ্রহণং কথমুপপদ্য-

---

তাঁহারা শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলি

সম্পন্ন যোগেশ্বরগণের অন্তর্হৃদয়ে কেবল অ

হে পদ্মনাভ! অসীম জ্ঞান-

য়! ভবদীয় চরণারবিন্দই এই

ভীষণ সংসার-কূপে পতিত জনগণের পক্ষে নিস্তারের এক মাত্র উপায়; সন্দেহ

আভাস।

দেশকগণের শিরোমণি, সাক্ষাৎ মূর্ত্তিমান পূর্ণব্রহ্ম পরমেশ্বর! গৃহবিত্ত কুটুম্বাদিতে একান্ত আসক্তচিত্ত অবধারণ করিয়াই আমাদিগকে আপনি বারংবার তত্ত্বোপদেশের দ্বারা কৃতার্থ করিতে চেষ্টা করিতেছেন। অহো! আমাদের প্রতি আপনার নিরুপাধিক স্নেহের সীমা নাই। কিন্তু হে দয়াময়! আমাদের ন্যায় মূর্খ গোপবধূর হৃদয়ে আপনার এই তত্ত্বজ্ঞান কিপ্রকারে স্থান পাইবে? অহো! ব্রহ্মাদি লোকপালগণেরও দুরারাধ্য ঐ দুর্ল্লভ চরণ-চিন্তায় আমাদের চিত্ত যাহাতে সমর্থ হয়, আপনি এই আশীর্ব্বাদ করুন। আপনার চরণই আমাদের তত্ত্বজ্ঞান। যোগেশ্বরগণ হৃদয়-কমলে যাহা কেবল চিন্তা করেন মাত্র, আমরা স্ব স্ব কর্ম্মফলের ভোগে একান্ত সন্তপ্তচিত্তে সেই চরণ কি প্রকারে চিন্তা করিব? ইহা প্রগাঢ় জ্ঞান-বানের ধ্যেয় বস্তু; সামান্য-বুদ্ধি ব্যক্তি কখন তাহা ধারণা করিতেও পারে না। আমরা সংসা-রের গভীর কূপে নিমগ্ন হইয়াছি; নিরন্তর গৃহক্ষেত্রাদিতেই আমাদের মন আসক্ত রহিয়াছে; আমাদের সংসার-দুঃখের নিবারণ করত, হৃদয়-সরোবরে আপনার চরণকমল যাহাতে প্রস্ফুটিত হয়, আপনিই তাহার প্রতিবিধান করুন! হে দীনবন্ধো! শুনিয়াছি, যাঁহারা ভবদীয় চরণার-বিন্দে প্রাণ সমর্পণ করিতে পারেন, তাঁহারা স্বর্গ, মর্ত্ত এবং পাতালের আধিপত্যকেও সুখপ্রদ

সংসারকূপপতিতোত্তরণাবলম্বং গেহং জুষামপি মনস্যুদিয়াৎ সদা নঃ ॥ ৩৫ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে কুরুক্ষেত্রযাত্রায়াং দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮২ ॥ * ॥

অন্বয়ঃ।

কূপপতিতোত্তরণাবলম্বং তে তব পদারবিন্দং গেহং জুষাং অপি নঃ অস্মাকং, মনসি উদীয়াৎ আবির্ভবেৎ ॥ ৩৫ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

আহুশ্চেতি। হে নলিননাভ তে পদারবিন্দং গেহং জুষাং গৃহসেবিনীনামপি মনসি সদা উদিয়াৎ আবির্ভবেৎ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি দশমে দ্ব্যশীতিতমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তামতঃ প্রাণপ্রেষ্ঠমুখাত্তদসহমধ্যাত্মং শ্রুত্বা শ্লোকেনানেন কোপএব ব্যঞ্জয়িতুমর্হ ইত্যতএবমেব ব্যাখ্যা সমুচিতা। মুখাশ্রুতোপস্থিতার্থব্যাখ্যানমপি মোহিনীসধর্ম্মণঃ শাস্ত্রস্যাস্য সম্ভবেদেব তন্তু স্পষ্টমেব। যদ্বা ভোঃ সাক্ষাদজ্ঞানধ্বান্তভাস্কর তব এতৈস্তত্ত্বজ্ঞানাতপে বয়ং জ্বলাম এব বয়ং হি চকোর্য্য ত্বন্মুখচন্দ্রজ্যোৎস্নয়ৈব জীবাম স্তস্মাৎ শ্রীবৃন্দাবনমাগত্য স্বীয়রাসাদিবিলাসৈ-রস্মান্ জীবয়েত্যাহুস্তে ইতি। যোগেশ্বরৈ র্হৃদি বিচিন্ত্যং অস্মাভিস্তু হৃদুপরি কুচদ্বয়ে তৎ ধৃত্বৈব জীবিতুমুৎসহামহে নান্যথেতি ভাবঃ। অগাধবোধে গম্ভীরবুদ্ধিভিরস্মাভিস্তু তচ্চিন্ত-নারম্ভ এব মূর্চ্ছাসিন্ধৌ নিমজ্যতে কুতস্তচ্চিন্তনমিতি ভাবঃ। কিঞ্চ তচ্চিন্তিতং সৎ সংসার-কূপাদেবোদ্ধারকং নতু তদ্বিরহ-সমুদ্রপতিতজনানুদ্ধর্ত্তুং সমর্থমিতি ভাবঃ। বয়ং হি গোপ্যো

নাই। হে পতিত-জন-পাবন! আমরা গৃহক্ষেত্রে বাস করত নিতান্তই পতিত হইয়াছি; এক্ষণে প্রার্থনা করি যে, ভবদীয় চরণারবিন্দ যেন নিরন্তর আমাদের হৃদয়ে জাগরূক থাকে ॥ ৩৫ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের দ্ব্যশীতিতম অধ্যায় ॥

আভাস।

বলিয়া জ্ঞান করেন না। অধিক কি! পরমেষ্টিপদ, যোগসিদ্ধি এবং অপবর্গকে পর্য্যন্ত তাঁহারা তুচ্ছ জ্ঞান করিয়া থাকেন। তাঁহারা স্বর্গসুখ, মুক্তির শান্তি এবং নরকের দুঃখকেও এক-পর্য্যায়ে দৃষ্টি করিয়া থাকেন। ভক্ত আপনার চরণ-চিন্তন ব্যতীত জ্ঞানফল মোক্ষের ত প্রত্যাশী নহেন; অতএব মোক্ষাদি ফলের প্রলোভন দেখাইয়া, ভবদীয় দুর্লভ চরণে আমাদিগকে কেন বঞ্চিত করিতেছেন! ব্যাখ্যান্তরে প্রকাশ আছে যথা;—ওহে অজ্ঞানধ্বান্ত ভাস্কর! আমরা আপনার তত্ত্বজ্ঞানরূপ আতপে যে দগ্ধ হইয়া মরি! আমরা যে আপনার চকোরী! আপনার মুখচন্দ্রের জ্যোৎস্না পান করিয়াই জীবিত থাকি! অতএব এক্ষণে শ্রীবৃন্দাবনে আগমন করত

শ্রীশুক উবাচ ॥

তথানুগৃহ্য ভগবান্ গোপীনাং স গুরুর্গতিঃ।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। গোপীনাং গুরুঃ আত্মতত্ত্বোপদেষ্টা, গতিঃ ফলরূপঃ চ সঃ ভগবান্

শ্রীধরস্বামী।

ত্র্যশীতিতম এবঞ্চ স্ত্রীণাং কৃষ্ণকথোৎসবে।

দ্রৌপদ্যৈ কৃষ্ণভার্য্যাভি রুক্তাঃ স্ব করগ্রহাঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন সংসারকূপে পতিতাঃ। আবাল্যাদেব ত্যক্তগৃহাপত্যাদিসংসারসুখত্বাৎ। কিন্তু ত্বদ্বিরহাম্বুধাবেব ননু তর্হ্যাগচ্ছত দ্বারকামেব তত্রৈব যুষ্মাভিঃ সহ বিলসাম স্তত্রাহুঃ। মনস্যপি গেহং গেহরূপমাস্পদং শ্রীবৃন্দাবনং জুষাং জুষমাণানাং ত্যক্তুমশক্নুবতীনামিত্যর্থঃ। অতএব তব পিঞ্ছমৌলিত্বমুরলীমনোহরত্বাদিমাধুর্য্যাণামস্মদ্রোচকত্বাদিতি ভাবঃ। তস্মাদস্মাকং তত্রৈব চরণারবিন্দং উদিয়াৎ উদয়তাং ব্রজভূমৌ ত্বদ্দর্শনেনৈবাস্মাকং সন্তাপোপশমো নতু ত্বৎস্মরণেন কুতঃ পুনরাত্মজ্ঞানেনেতি ভাবঃ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

দ্ব্যশীতিতম এষোঽপি দশমেঽর্জনি সঙ্গতঃ ॥ * ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! গোপীগণের আত্মতত্ত্বোপদেশ-নিবন্ধন

আভাস।

স্বীয় রাসরসাদির বিলাসে আমাদিগকে পুনর্জীবিত করুন্! ভবদীয় চরণকমল যোগেন্দ্রগণ হৃদয়-কন্দরে চিন্তা করত শান্তিবোধ করেন, করুন্! আমরা কিন্তু এই কুচদ্বয়োপরি আপনার চরণদ্বয় রাখিয়া, জীবন ধারণে প্রার্থনা করি! যাঁহারা স্থিরচিত্ত, তাঁহারা ত্বদীয় চিন্তাও স্থির রাখিতে পারেন; আমরা কিন্তু সম্পূর্ণ অসমর্থ; যখন চিন্তার বেগ আমাদের হৃদয়ে উদিত হয়, তখনই আমরা মূর্চ্ছাসমুদ্রে নিমগ্ন হইয়া পড়ি! হে সুধাময়! তোমার চরণ চিন্তককে সংসার-কূপ হইতে উদ্ধার করিতে পারে অবশ্য, কিন্তু তোমার বিরহ-সমুদ্রে যাহারা নিমগ্ন হইয়াছে, তাহাদিগকেত উদ্ধার করিতে সক্ষম হইতেছে না। আমরা বৃন্দাবনের গোপিকা; সংসার-কূপের নিকটেও কখন গমন করি নাই। বাল্যকাল হইতে গৃহাপত্যাদি উপেক্ষা করত, সংসার সম্পর্কে জলাঞ্জলি দিয়াছি! কিন্তু তোমার বিরহ-সাগরে নিয়ত নিমগ্ন রহিলাম। কিন্তু আমরা বৃন্দাবনের গোপী, আপনার বিরহ সন্তাপ নিবারণার্থ কখন দ্বারকাদিতে গমন করিব না। কারণ আপনার ময়ূরপুচ্ছাদি বেশ ভূষা যেরূপ বৃন্দাবনে শোভা পায়, অন্যত্র তাদৃশ হয় না। অতএব ব্রজভূমে ভবদীয় দর্শনই আমাদের প্রার্থনীয়। তাহাতেই আমাদের সন্তাপ নিবৃত্ত হইবে। আত্মজ্ঞানের আর প্রয়োজন নাই ॥ ৩৫ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্ব্যশীতিতমোঽধ্যায়ের আভাস সমাপ্ত ॥

যুধিষ্ঠিরমথাপৃচ্ছৎ সর্ব্বাংশ্চ সুহৃদোঽব্যয়ং ॥ ১ ॥
তএবং লোকনাথেন পরিপৃষ্টাঃ সুসৎকৃতাঃ।
প্রত্যূচু র্হৃষ্টমনস স্তৎপাদেক্ষাহতাংহসঃ ॥ ২ ॥
কুতোঽশিবং ত্বচ্চরণাম্বুজাসবং মহন্মনস্তো মুখনিঃসৃতং ক্বচিৎ।

অন্বয়ঃ।

এব তথা অস্তু ইতি অনুগৃহ্য অথ অনন্তরং যুধিষ্ঠিরং সর্ব্বান্ সুহৃদঃ চ প্রতি অব্যয়ং কুশলং, অপৃচ্ছৎ ॥ ১ ॥

তে যুধিষ্ঠিরাদয়ঃ, লোকনাথেন শ্রীকৃষ্ণেন, এবং কুশলং পরিপৃষ্টাঃ সুসৎকৃতাঃ চ তৎপাদেক্ষাহতাংহসঃ (তস্য পাদয়োঃ ঈক্ষয়া দর্শনেন হতং নিরস্তং অংহঃ পাপং যেষাং তে) অতএব হৃষ্টমনসঃ (হৃষ্টং মনঃ যেষাং তে) তং প্রত্যূচুঃ ॥ ২ ॥

হে প্রভো! দেহং ভৃতাং দেহধারিণাং, দেহকৃৎ চাসৌ অস্মৃতিঃ চ দেহকৃদস্মৃতিঃ দেহসম্পাদকং অনাদ্যজ্ঞানং, তৎ ছিনত্তীতি তথাভূতং মহতাং ব্যাসাদীনাং, মনস্তঃ মনসঃ

শ্রীধরস্বামী।

অব্যয়ং কুশলং ॥ ১ ॥ তৎপাদেক্ষয়া হতমংহো যেষাং তে ॥ ২ ॥
মহতাং মনস্তঃ সকাশাৎ মুখদ্বারতো নিঃসৃতং। ক্বচিৎ কদাচিৎ। দেহং ভৃতাং দেহ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুহৃদ্ভিঃ সংস্তুতঃ কৃষ্ণস্তদ্ভার্য্যাদ্রৌপদীং প্রতি।
স্বস্বোদ্বাহকথামূচুস্ত্র্যশীতিতম ঈলিতাং ॥ * ॥

যথা তাসাং মনঃ প্রসাদোঽভূত্তথেত্যর্থঃ। সর্ব্বেষামেব সাধূনাং স গতির্ভবেদেব গোপীনান্তু গুরুর্গতি র্মহতী গতিরিত্যর্থঃ অব্যয়ং কুশলং ॥ ১ ॥ ২ ॥

ত্বচ্চরণাম্বুজাসবং যে কর্ণপুটৈঃ পিবন্তি তেষাং দেহভৃতাং দেহধারিণাং কুতোঽশিবমিত্য-

---

সাক্ষাৎ গুরু এবং অন্তে প্রাপ্য ফলস্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ গোপীগণের প্রতি তাদৃশ অনুগ্রহ প্রকাশ করিবার পর, যুধিষ্ঠিরাদি অন্যান্য সুহৃদ্বর্গের নিকট উপনীত হইয়া, তাঁহাদের কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

ভগবানের শ্রীপাদপদ্মের প্রতি দৃষ্টি নিপতিত হওয়াতেই, যুধিষ্ঠিরাদি স্বজনবর্গের যাবতীয় দুরিতের উপশম হইয়াছিল। তাঁহারা লোকনাথ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক তাদৃশ কুশল প্রশ্নের উপলক্ষে অভিহিত এবং সমাদৃত হইয়া, হৃষ্টচিত্তে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ২ ॥

হে প্রভো! দেহধারী জীবমাত্রেরই দেহ-প্রতিপাদক অনাদি অজ্ঞানের

আভাস।

ত্র্যশীতিতম অধ্যায়ে শ্রীকৃষ্ণের কথাপ্রসঙ্গে তদীয়া ভার্য্যাগণ স্ব স্ব উদ্বাহবিষয় দ্রৌপদীর নিকট কীর্ত্তন করেন, ইহাই বর্ণিত হইয়াছে ॥

পিবন্তি যে কর্ণপুটৈরলং প্রভো দেহং ভৃতাং দেহকৃদস্মৃতিচ্ছিদং ॥ ৩ ॥
হি ত্বাত্মধামবিধুতাত্মকৃতত্র্যবস্থমানন্দসংপ্লবমখণ্ডমকুণ্ঠবোধং।

অন্বয়ঃ।

সকাশাৎ মুখনিঃসৃতং (মুখপঙ্কজদ্বারা নিঃসৃতং ত্বচ্চরণাম্বুজাসবং কথামৃতং) ক্বচিদপি যে কর্ণ-পুটৈঃ অলং পিবন্তি তেষাং অশিবং অমঙ্গলং কুতঃ স্যাৎ ॥ ৩ ॥

আত্মধাম-বিধুতাত্ম-কৃতত্র্যবস্থং (আত্মধাম্না স্বতেজসা বিধূতাঃ নিরস্তাঃ আত্মকৃতাঃ বুদ্ধি-কৃতাঃ তিস্রঃ জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্তলক্ষণাঃ অবস্থাঃ যেন তৎ) আনন্দ-সংপ্লবং পূর্ণানন্দং, অখণ্ডং অপরিচ্ছিন্নং, অকুণ্ঠবোধং (অকুণ্ঠঃ অপ্রতিহতঃ বোধঃ জ্ঞানং যস্য তৎ) কালেন উপসৃষ্টাঃ বিপ্লুতাঃ নিগমাঃ বেদাঃ তেষাং অবনে নিমিত্তে রক্ষার্থং, আত্তা পরিগৃহীতা যোগময়য়া

শ্রীধরস্বামী।

ধারিণাং। দেহকৃচ্চাসাবস্মৃতিশ্চ অবিদ্যা তাং ছিনত্তীতি তথা তৎ। দেহকৃদীশ্বরস্তদ্বিষয়া স্মরণচ্ছিদং বা ॥ ৩ ॥

হি ত্বেতি পদদ্বয়ং ত্বা হি এব ত্বামেব নতাঃ স্মেত্যর্থঃ। কথং ভূতং আত্মধাম্না স্বরূপ-প্রকাশেন বিধূতা নিরস্তা আত্মকৃতা বুদ্ধিনিমিত্তা স্তিস্রোঽবস্থা যস্মিন্ তৎ। অতএব আনন্দ-সংপ্লবং সর্বানন্দকদম্বরূপং। অখণ্ডং অপরিচ্ছিন্নং যতঃ ন কুণ্ঠঃ কুণ্ঠিতঃ বোধশ্চিচ্ছক্তির্যস্য তৎ। নন্বেবংরূপস্য শ্রীকৃষ্ণস্য কুতঃ অস্মদাদিবদেব প্রতীতেরত আহ কালোপসৃষ্টেতি। কালেন উপসৃষ্টা বিলুপ্তাশ্চ কে নিগমাশ্চেতি তেষামবনে রক্ষণার্থং আত্তা উপাত্তা যোগময়য়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বয়ং। মহতাং মনস্তঃ সকাশাৎ মুখদ্বারতো নিঃসৃতং। দেহকৃচ্চাসাবস্মৃতিশ্চাবিদ্যা তাং ছিনত্তীতি তথা তৎ ॥ ৩ ॥

হি নিশ্চিতমেব ত্বা ত্বাং নতাঃ স্মঃ। আত্মধাম্না স্ববিগ্রহ-প্রকাশেন বিধূতাঃ খণ্ডিতাঃ। আত্মকৃতা অবিদ্যানির্ম্মিতাঃ স্ত্র্যবস্থা জীবানাং ত্রিগুণময়োঽবস্থা যেন তৎ। অতঃ কথমকুশলমস্মাকং সম্ভবেদিতি ভাবঃ। আনন্দ এব সংপ্লবো নিমজ্জনং যস্য যস্মাদ্বা তৎ। প্রত্যুত ত্বাং দৃষ্ট্বা বয়মানন্দ এব নিমজ্জাম ইতি ভাবঃ। অখণ্ডঃ পরিপূর্ণঃ বিকুণ্ঠঃ কালাদিভির-কুণ্ঠিতো বোধো জ্ঞানং যস্য তমিত্যস্মচ্চিত্তবৃত্তী স্বচ্চরণানুবর্ত্তিনী ত্বং জানাস্যেবেতি ভাবঃ।

নির্ম্মূলনকারী ব্যাসাদি মহামনা ব্যক্তিগণের মুখপদ্ম বিনির্গত ভবদীয় চরণারবিন্দের অমীয়পূর্ণ লীলাকথা যে সকল ব্যক্তি কেবল শ্রুতিযুগলের দ্বারা পান করিয়াছে, তাহাদের আবার অমঙ্গল কোথায়! ॥ ৩ ॥

হে ভগবন্! বুদ্ধিকৃত জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিরূপ অবস্থাত্রয়ের অতিক্রমণে আপনি স্বীয় তুরীয় অবস্থায় নিত্য অবস্থান করিতেছেন। আপনার স্বরূপানন্দের সীমা নাই। অখণ্ড এবং অপ্রতিহত জ্ঞানে আপনি চির বিরাজ করিতেছেন। কালক্রমে বেদ সমূহ বিলুপ্তপ্রায় হইয়াছে; সুতরাং তাহাদের

কালোপসৃষ্টনিগমাবন আত্তযোগমায়াকৃতিং পরমহংসগতিং নতাঃ স্ম ॥ ৪ ॥

ঋষিরুবাচ ঃ

ইত্যুত্তমশ্লোকশিখামণিং জনেষ্বভিষ্টুবৎস্বন্ধককৌরবস্ত্রিয়ঃ।

সমেত্য গোবিন্দকথা মিথো গৃণংস্ত্রিলোকগীতাঃ শৃণু বর্ণয়ামি তে ॥ ৫ ॥

অন্বয়ঃ।

আকৃতিঃ বিগ্রহঃ যেন তং কালোপসৃষ্ট-নিগমাবনে, আত্তযোগমায়াকৃতিং (আত্তা গৃহীতা যোগমায়য়া আকৃতিঃ মূর্ত্তিঃ যেন তং) পরমহংসগতিং (পরমহংসানাং পরমবিবেকিনাং গতিং প্রাপ্যং ফলভূতং) ত্বা ত্বাং বয়ং নতাঃ স্ম প্রণমামঃ ॥ ৪ ॥

ঋষিঃ শ্রীশুকঃ উবাচ। উত্তমশ্লোকশিখামণিং উত্তমশ্লোকাঃ পুণ্যকীর্ত্তয়ঃ অম্বরীষ-বলি-প্রহ্লাদাদয়ঃ তেষাং অপি শিখামণিং শ্রেষ্ঠং শ্রীকৃষ্ণং ইতি এবং জনেষু অভিষ্টুবৎসু সৎসু অন্ধক-কৌরবস্ত্রিয়ঃ সমেত্য সঙ্গীভূয়, মিথঃ গোবিন্দস্য যাঃ কথাঃ অগৃণন্ আকথয়ামাসুঃ, তাঃ চ ত্রিলোকগীতাঃ (ত্রিষু লোকেষু গীতাঃ প্রসিদ্ধাঃ) গোবিন্দকথাঃ তে তুভ্যং, বর্ণয়ামি ত্বং শৃণু ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

আকৃতিরাকারো মূর্ত্তির্যেন তং। পরমহংসানাং গতিং ত্বাং। অতস্তবৈবংরূপত্বাদস্মাকঞ্চ ত্বন্মায়য়া এতৎ সর্ব্বং বৈপরীত্যাৎ ত্বামেব নতাঃ স্মেতি। যদ্বা ত্বামিতি প্রকরণাৎ জ্ঞাতব্যং। ত্বাং নতাঃ স্ম কিং কৃত্বা হিত্বা। কিং আত্মধাম আত্মা শরীরং ধাম গৃহং তচ্চ তচ্চ দেহদৈহিক-সঙ্গং পরিত্যজ্যেত্যর্থঃ। সমানমন্যৎ ॥ ৪ ॥

ত্রিষু লোকেষু গীতাঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালেন উপসৃষ্টানাং নষ্টানাং নিগমানাং বেদানাং বেদোক্তমর্য্যাদানাং অবনে পালনে নিমিত্তে এব আত্তা গৃহীতা যোগমায়য়া কৃতি র্দুষ্টনিগ্রহ-শিষ্টপালনলক্ষণা লীলা যেন তমিতি সর্ব্বসুখ-প্রদমিতি ভাবঃ ॥ ৪ ॥

যাঃ কথা অগৃণন্ তাস্ত্রিলোকগীতা স্তুভ্যং বর্ণয়ামি ॥ ৫ ॥

পুনঃ সংস্থাপনার্থ স্বকীয় যোগমায়াবলে বিগ্রহ ধারণ পূর্ব্বক সংসারে অবতীর্ণ হইয়াছেন মাত্র। হে দেব! আপনি পরমবিবেকী জ্ঞানিগণের একমাত্র গতি! আপনাকে প্রণাম করি! ॥ ৪ ॥

ঋষিবর শুকদেব বলিলেন, হে রাজন্! জগৎ সংসারে শ্রেষ্ঠ বলিয়া পরি-কীর্ত্তিত প্রহ্লাদাদি মহাজনগণেরও শীর্ষস্থানীয় ভগবান্ শ্রীকৃষ্ণ এই প্রকারে সমবেত জনগণ কর্ত্তৃক আদৃত ও পরিস্তুত হইলে, বৃষ্ণিবংশীয় এবং কৌরব-বংশীয় শ্রেষ্ঠ ব্যক্তিগণের কুলকামিনীগণ একত্র হইয়া, ত্রিলোকের কীর্ত্তনীয় যে সকল গোবিন্দকথার আলোচনা করিয়াছিলেন, আমি তাহা আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি; শ্রবণ করুন্! ॥ ৫ ॥

দ্রৌপদ্যুবাচ ॥

হে বৈদর্ভ্যচ্যুতো ভদ্রে হে জাম্ববতি কৌশলে।
হে সত্যভামে কালিন্দি শৈব্যে রোহিণি লক্ষ্মণে ॥ ৬ ॥
হে কৃষ্ণপত্ন্য এতন্নো ব্রূত বো ভগবান্ স্বয়ং।
উপযেমে যথা লোকমনুকুর্ব্বন্ স্বমায়য়া ॥ ৭ ॥

অন্বয়ঃ।

দ্রৌপদী উবাচ। হে বৈদর্ভি! হে ভদ্রে রুক্মিণি! হে কৌশলে জাম্ববতি! সত্যভামে! কালিন্দি, শৈব্যে, রোহিণি, লক্ষ্মণে, ॥ ৬ ॥

হে কৃষ্ণপত্ন্যঃ! অচ্যুতঃ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণঃ স্বমায়য়া স্বস্য সংকল্পেন, লোকং অনুকুর্ব্বন্ যথা বঃ যুষ্মান্, উপযেমে এতৎ নঃ অস্মভ্যং ব্রূত ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

কৌশলে হে সত্যে। শৈব্যে মিত্রবৃন্দে। রোহিণীনাম কাচিৎ পট্টমহিষীতুল্যা ॥ ৬ ॥
হে অন্যাঃ শ্রীকৃষ্ণপত্ন্যঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৌশলে হে নাগ্নজিতি। অচ্যুতো ভগবান্ যথা উপযেমে এতদ্ব্রূত সুষ্ঠু অমায়য়া সত্যং ব্রূতেত্যর্থঃ। যদ্বা। অমায়য়া নিষ্কৈতবেন যথোপযেমে ॥ ৬ ॥

চৈদ্যায় চৈদ্যার্থং মা মাং অর্পয়িতুং তত্র প্রক্ষিপ্তুং। উদ্যতকার্ম্মুকেষু সৎসু অজেয়া যে ভটা যোদ্ধার স্তেষাং শেখরিতা মুকুটবৎ কৃতা অঙ্ঘ্রিরেণবো যেন তেষাং মূর্দ্ধসু পদং দধদিত্যর্থঃ। অজাশ্ছাগা অবয়ো মেষাস্তেষাং যূথাং নিন্যে তস্য শ্রীনিকেতস্য চরণো মমার্চ্চনার্থমস্ত ॥ ৭ ॥

প্রথমত দ্রৌপদী কামিনীগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বৈদর্ভি! হে ভদ্রে! হে জাম্ববতি! হে সত্যভামে, কালিন্দি, শৈব্যে, রোহিণি, লক্ষ্মণে— ॥ ৬ ॥

এবং অন্যান্য যে যে কৃষ্ণকান্তা এই স্থানে উপস্থিত আছ! আমি তোমাদের সকলকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিতেছি, তোমরা সকলে বল দেখি! যে, সাক্ষাৎ জগদীশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ কিরূপ অনির্ব্বচনীয় মায়াশক্তির বিকাশে তোমাদের প্রত্যেককে তিনি বিবাহ করিয়াছিলেন? অনুগ্রহ পূর্ব্বক তোমরা প্রত্যেকের বিবরণ কীর্ত্তন কর! ॥ ৭ ॥

রুক্মিণী বলিলেন, চেদিপতি শিশুপালের করে আমাকে সমর্পণ করিবার অভিপ্রায়ে মদীয় ভ্রাতা কৃতসংকল্প হইলে এবং তদীয় অভিপ্রায়ের সাধনার্থ রাজন্যবর্গ সকলে উদ্যতাস্ত্র হইয়া তৎপ্রতিবিধানার্থ উপস্থিত থাকিলে, ভগবান্ শ্রীকৃষ্ণ সেই দুর্জ্জেয় সৈন্যসাগরের মস্তকে পদার্পণ করত, কেশরী যেমন মেষ-

রুক্মিণ্যুবাচ ॥

চৈদ্যায় মার্পয়িতুমুদ্যতকার্ম্মুকেষু রাজস্বজেয়ভটশেখরিতাঙ্ঘ্রিরেণুঃ।
নিন্যে মৃগেন্দ্র ইব ভাগমজাবি-যূথাত্ত্বচ্ছ্রীনিকেতচরণোঽস্তু মমার্চ্চনায় ॥ ৮ ॥

সত্যভামোবাচ ॥

যো মে সনাভিবধতপ্তহৃদা ততেন লিপ্তাভিশাপমপমার্ষ্টুমুপাজহার।

অন্বয়ঃ।

রুক্মিণী উবাচ। মা মাং চৈদ্যায় অর্পয়িতুং রাজসু শিশুপালপক্ষীয়েষু জরাসন্ধাদিষু উদ্যতকার্ম্মুকেষু ধৃতচাপেষু, সৎসু অজেয়ভটশেখরিতাঙ্ঘ্রিরেণুঃ (অজেয়াঃ যে ভটাঃ তেষাং শেখরিতাঃ মুকুটবৎকৃতাঃ অঙ্ঘ্রিরেণবঃ যেন সঃ) অজাবিযূথাৎ মেষদলাৎ, মৃগেন্দ্রঃ সিংহঃ, ইব ভাগং মাং যঃ নিন্যে তস্য শ্রীনিকেতস্য লক্ষ্মাশ্রয়স্য, চরণঃ মম অর্চ্চনায় অস্তু ॥ ৮ ॥

সত্যভামা উবাচ। সনাভেঃ ভ্রাতুঃ, প্রসেনস্য সিংহকৃতেন বধেন সন্তপ্তং হৃদয়ং যস্য তেন, ততেন তাতেন মৎপিত্রা লিপ্তং আপাদিতং অভিশাপং দুর্যশঃ অপমার্ষ্টুং অপনেতুং, যঃ

শ্রীধরস্বামী।

মা মামর্পয়িতুং সম্পাদয়িতুং। রাজসু জরসন্ধাদিষু উদ্যতকার্ম্মুকেষু সৎসু। অজেয়া যে ভটাস্তেষাং শেখরিতা মুকুটবৎ কৃতা অঙ্ঘ্রিরেণবো যেন তেষাং মূর্দ্ধ্নি পদং দধদিত্যর্থঃ। তস্য শ্রীনিকেতস্য চরণো মমার্চ্চনায়াস্তু ॥ ৮ ॥

সনাভে ভ্রাতুর্বধেন সিংহকৃতেন তপ্তং হৃদ্ যস্য তেন মে ততেন তাতেন লিপ্তং অভিশাপং দুর্যশঃ অপমার্ষ্টুং পরিহর্ত্তুং ঋক্ষরাজং জিত্বা রত্নং স্যমন্তকং উপাজহার আনীতবান্ যঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সনাভে ভ্রাতুঃ প্রসেনস্য বধেন তপ্তং হৃদ্ যস্য তেন ততেন তাতেন হেতুনা লিপ্তং অভিশাপং কলঙ্কং অপমার্ষ্টুং পরিহর্ত্তুং ঋক্ষরাজং জিত্বা রত্নং স্যমন্তকমুপাজহার আনীতবান্

পালের মধ্য হইতে স্বীয় ভাগ অবলীলাক্রমে গ্রহণ করে, কমলাপতিও সেইরূপ রাজযূথের মধ্য হইতে অবলীলাক্রমে আমাকে হরণ করিয়াছেন। অহো! প্রার্থনা করি! সেই শ্রীপতির চরণার্চ্চনে যেন আমার মতি চির-প্রতিষ্ঠিতা থাকে ॥ ৮ ॥

সত্যভামা বলিলেন, স্বকীয় ভ্রাতা প্রসেনের সংহারে মদীয় পিতা অত্যন্ত দুঃখিত হন এবং সিংহ কর্ত্তৃক তাঁহার নিধন অবধারণ না করিয়া, শ্রীকৃষ্ণের উপর সেই অপরাধ তিনি নিক্ষেপ করেন। ভগবান্ নিজের সেই অপবাদ নিরাকরণের অভিপ্রায়ে ঋক্ষরাজ জাম্ববানকে পরাজয় করত, স্যমন্তক মণি সংগ্রহ করেন এবং তাহা আনয়ন করত মদীয় পিতাকে প্রত্যর্পণ পূর্ব্বক স্বকীয় অপযশ নিবারণ করেন। তখন মদীয় পিতা মিথ্যা দোষারোপ নিবন্ধন ভয়ে ভীত

জিত্বর্ক্ষরাজমথ রত্নমদাৎ স তেন ভীতঃ পিতাদিশত মাং প্রভবেঽপি দত্তাং ॥ ৯
জাম্ববত্যুবাচ ॥
প্রাজ্ঞায় দেহকৃদমুং নিজনাথদৈবং সীতাপতিং ত্রিনবহান্যমুনাভ্যযুধ্যৎ।
জ্ঞাত্বা পরীক্ষিত উপাহরদর্হণং মাং পাদৌ প্রগৃহ্যমণিনাহমমুষ্য দাসী ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ঋক্ষরাজং জাম্ববন্তং জিত্বা রত্নং স্যমন্তকং উপাজহার আনীতবান্, তথা মৎপিত্রে চ অদাৎ ; তেন স্বাপরাধেন তদা ভীতঃ সঃ মে পিতা দত্তাং অক্রূরাদিভ্যঃ প্রতিশ্রুতাং, অপি মাং প্রভবে পূর্ণানন্দায়, কৃষ্ণায় অদিশৎ দত্তবান্ ॥ ৯ ॥

জাম্ববতী উবাচ দেহকৃৎ মম পিতা জাম্ববান্ অমুং শ্রীকৃষ্ণং নিজনাথং স্বস্বামিনং স্বকুল-দৈবতং, চ সীতাপতিং প্রকৃষ্টেন অবিজ্ঞায় অমুনা শ্রীকৃষ্ণেন, সহ ত্রিনবহানি সপ্তবিংশত্যহানি অভ্যযুধ্যৎ ততঃ পরীক্ষিতঃ সীতাপতিঃ ইতি জ্ঞাত্বা তস্য পাদৌ প্রগৃহ্য মণিনা সহ মাং অর্হণং উপাহরৎ। অতঃ অহং অমুস্য ভগবতঃ দাসী ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অথ তদনন্তরং মৎপিত্রে রত্নমদাৎ তেন স্বাপরাধেন ভীতঃ স মে পিতা প্রভবে শ্রীকৃষ্ণায় মামদিশৎ দদৌ। দত্তাং অক্রূরাদিভ্যঃ প্রতিশ্রুতামিত্যর্থঃ ॥ ৯ ॥

দেহকৃৎ মে পিতা অমুং শ্রীকৃষ্ণং নিজনাথং স্বামিনং দৈবং ঈশ্বরং সীতাপতিং প্রাজ্ঞায় অবিজ্ঞায় ত্রিনবহানি। হ্রস্বশ্ছান্দসঃ। সপ্তবিংশতিদিনানি অমুনা অভ্যযুধ্যৎ। পরীক্ষিতঃ সংজাতা পরীক্ষা যস্য সঃ। পরীক্ষিতস্তং সাক্ষাৎ সীতাপতিরেবাসাবিতি জ্ঞাত্বা পাদৌ প্রগৃহ্য মণিনা সহ মাং অর্হণতয়া সমর্পিতবান্। অহো তর্হি ত্বমতিশ্রেষ্ঠাঽসি নেত্যাহ অমুষ্যাহং দাসীতি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথানন্তরং মৎপিত্রে রত্নমদাৎ। তেন স্বাপরাধেন ভীতঃ স মে পিতা প্রভবে যস্মৈ শ্রীকৃষ্ণায় মামদিশৎ দদৌ। দত্তাং অন্যস্মৈ দাতুং প্রতিশ্রুতামপীত্যর্থঃ ॥ ৮ ॥ ৯ ॥

দেহকৃৎ মৎপিতা অমুং নিজনাথশ্চাসৌ দৈবমীশ্বরশ্চ তং প্রাজ্ঞায় অবিজ্ঞায় ত্রিনবহানি ত্রিনবাহানি। হ্রস্বশ্ছন্দোঽনুরোধেন। সপ্তবিংশতিদিনান্যমুনা সহ অভ্যযুদ্ধ্যৎ। ততশ্চ পরীক্ষিতঃ পরীক্ষা সংজাতা যস্য সঃ সীতাপতিরেবাসাবিতি জ্ঞাত্বা পাদৌ প্রগৃহ্য মণিনা

হইয়া, আমাকে তাঁহার করে সম্প্রদান করেন। অহো! অক্রূরাদি অন্যের সহিত আমার বিবাহের বার্ত্তা স্থির হইয়াছিল; তথাপি তিনি শ্রীকৃষ্ণের সন্তোষোৎপাদনার্থ তাহার অন্যথা করত, কৃষ্ণকরেই আমাকে সম্প্রদান করেন ॥ ৯ ॥

জাম্ববতী বলিলেন, মদীয় পিতা জাম্ববান্ শ্রীকৃষ্ণকে তাঁহার বাসস্থানে প্রবিষ্ট হইয়া স্যমন্তক মণি আহরণ করিতে অবলোকন করিলে, একান্ত ক্রুদ্ধ হইলেন এবং তাঁহার সহিত ভীষণ দ্বন্দ্বযুদ্ধ আরম্ভ করিলেন। অনন্তর

কালিন্দ্যুবাচ ॥

তপশ্চরন্তীমাজ্ঞায় সপাদস্পর্শনাশয়া।
সখ্যোপেত্যাগ্রহীৎ পাণিং যোঽহং তদ্গৃহমার্জ্জনী ॥ ১১ ॥

মিত্রবিন্দোবাচ ॥

যো মাং স্বয়ম্বর উপেত্য বিজিত্য ভূপান্নিন্যে শ্বযূথ্যগমিবাত্মবলিং দ্বিপারিঃ।

অন্বয়ঃ।

কালিন্দী উবাচ। সপাদস্পর্শনাশয়া (স্বস্য ভগবতঃ পাদস্পর্শনাশয়া পাদ সম্বাহনাদি পরিচর্য্যাচিকীর্ষয়া তপঃ চরন্তীং কুর্ব্বন্তীং মাং আজ্ঞায় সখ্যা অর্জ্জুনেন, সহ উপেত্য (রথেন নীত্বা) যঃ মম পাণিং অগ্রহীৎ অহং তস্য গৃহস্য মর্জ্জনী মার্জ্জনকর্ত্রী এব ॥ ১১ ॥

মম স্বয়ম্বরে উপেত্য আগত্য শূনাং যূথ্যগতং স্বভাগং দ্বিপারিঃ সিংহঃ ইব ভূপান্ অপকুরুতঃ অপকারং কুর্ব্বতঃ, মে ভ্রতৃন্ চ বিজিত্য যঃ শ্রিয়ৈকঃ শ্রীনিবাসঃ মাং স্বপুরং দ্বারকাং

শ্রীধরস্বামী।

সখ্যা অর্জ্জুনেন। তস্য গৃহমার্জ্জনী গৃহসংমার্জ্জনকর্ত্রী ॥ ১১ ॥

শূনাং যূথগতং স্ববলিং দ্বিপারিঃ সিংহ ইবেতি। মে ভ্রাতৃংশ্চাপকুরুতঃ অপকারং কুর্ব্বতো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সহ মামর্হণমুপাহরৎ। অহো তর্হি ত্বং পুরাবৃত্তকথাস্বস্মাভিঃ শ্রুতচরী রামাবতারোৎপন্না শ্রীরামায় দাতুং প্রতিশ্রুতা তেনৈকপত্নীব্রতধরেণ তদানীং ন স্বীকৃতা ইদানীন্তু বহুপত্নীব্রতধরেণ তেনৈবানেন স্বীকৃতা তস্মাত্ত্বমতিশ্রেষ্ঠাসীত্যতঃ সলজ্জমাহ অমুষ্য দাসীতি ॥ ১০ ॥

সখ্যা অর্জ্জুনেন ॥ ১১ ॥

শূনাং যূথং স্ববলিং দ্বিপারিঃ সিংহ ইব। মে ভ্রাতৃংশ্চাপকুরুতঃ অপকুর্ব্বতো বিজিত্য

সপ্তবিংশতি দিবস অহোরাত্র পরস্পরের মধ্যে যুদ্ধ হইবার পর, পিতা যখন শ্রীকৃষ্ণকে সাক্ষাৎ কমললোচন সীতাপতি স্বকীয় ইষ্টদেব রামচন্দ্র বলিয়া অবধারণ করিলেন, তখনই যুদ্ধ হইতে নিবৃত্ত হইলেন এবং তাঁহার পাদাভিবাদন পূর্ব্বক উক্ত মণি সহ আমাকে তাঁহার করে সমর্পণ করিয়া কৃতার্থ হইলেন। তদবধি আমি শ্রীহরির দাসী হইয়াছি ॥ ১০ ॥

কালিন্দী বলিলেন, সেই ভূভারহারীর চরণ স্পর্শের প্রত্যাশায় আমি ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিতেছিলাম জানিয়া, সেই হৃদয়বল্লভ শ্রীকৃষ্ণ সখা অর্জ্জুন সহ স্বয়ং উপনীত হইয়া, আমার পাণি গ্রহণ করিয়াছেন; তদবধি আমি তাঁহার গৃহমার্জ্জন কার্য্যে নিযুক্তা আছি ॥ ১১ ॥

মিত্রবিন্দা বলিলেন, আমার বিবাহার্থ পিতা স্বয়ম্বর সভার উদ্যোগ করিলে, বিভিন্ন দেশাদি হইতে নরপতিগণ উপনীত হইলেন; কিন্তু শ্রীকৃষ্ণ

ভ্রাতৃংশ্চ মেঽপকুরুতঃ স্বপুরং শ্রিয়ৌক স্তস্যাস্ত মেঽনুভবমজ্ঘ্র্যবনেজনত্বং ॥ ১২
সত্যোবাচ ॥
সপ্তোক্ষণোঽতিবলবীর্য্যসুতীক্ষ্ণশৃঙ্গান্ পিত্রা কৃতান্ ক্ষিতিপবীর্য্যপরীক্ষণায়।
তান্ বীরদুর্ম্মদহনস্তরসা নিগৃহ্য ক্রীড়ন্ ববন্ধ হ যথা শিশবোঽজতোকান্ ॥১৩॥

অন্বয়ঃ।

প্রতি নিন্যে আনীতবান্, তস্য অঙ্ঘ্র্যবনেজনত্বং চরণক্ষালনকর্ত্তৃত্বং মম অনুভবং প্রতিজন্ম, অস্তু ॥ ১২ ॥

সত্যা উবাচ ক্ষিতিপবীর্য্য পরীক্ষণায়, (ক্ষিতিপানাং রাজ্ঞাং বীর্য্যস্য পরীক্ষণায় মম পিত্রা নগ্নজিতা কৃতান্ সম্পাদিতান্, অতিবলবীর্য্য-সুতীক্ষ্ণ-শৃঙ্গান্ (অতিশয়িতং বলং বীর্য্যং প্রভাবঃ চ সুতীক্ষ্ণানি শৃঙ্গাণি চ যেষাং তান্ সপ্ত উক্ষণঃ বৃষভান্, তরসা ঝটিতি, নিগৃহ্য দময়িত্বা, ক্রীড়ন্ শিশবঃ বালাঃ অজতোকান্ ছাগবালকান্, যথা নিবধ্নন্তি তথা অনায়াসেন এব ববন্ধ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

বিজিত্য। শ্রিয়ৌকঃ শ্রিয় ওকঃ লক্ষ্মীনিবাসঃ তস্যাঙ্ঘ্র্যবনেজনত্বং চরণক্ষালনকর্ত্তৃত্বং। অনুভবং প্রতিজন্ম মমাস্তু ॥ ১২ ॥

সপ্ত উক্ষণঃ বৃষভান্ বলঞ্চ বীর্য্যঞ্চ প্রভাবশ্চ সুতীক্ষ্ণশৃঙ্গাণি চ অতিশয়িতানি চ তানি যেষাং তান্ মে পিত্রা কৃতান্ সম্পাদিতান্ বলীয়সে মাং দাতুং ক্ষিতিপানাং বীর্য্যস্য বলস্য পরীক্ষণায় তান্ প্রসিদ্ধান্। বীরাণাং দুর্ম্মদং ঘ্নন্তি যে তান্। তরসা সম্ভ্রমেণ নিগৃহ্য দময়িত্বা ক্রীড়ন্ননায়াসেনৈব ববন্ধ। অজতোকান্ অজাপত্যানি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রিয়ৌকঃ লক্ষ্মীনিবাসো যঃ স্বপুরং মাং নিন্যে তস্য অঙ্ঘ্র্যবনেজনত্বং চরণক্ষালনকর্ত্তৃত্বং। অনুভবং প্রতিজন্ম মেঽস্তু ॥ ১২ ॥

সপ্ত উক্ষণঃ বৃষভান্ মে পিত্রা কৃতান্ বলীয়সে বরায় মাং দাতুং সম্পাদিতানিত্যর্থঃ। বীরাণাং দুর্ম্মদং ঘ্নন্তীতি তান্ নিগৃহ্য দময়িত্বা ক্রীড়ন্ননায়াসেনৈব অজতোকান্ ছাগবালকান্ ॥ ১৩ ॥

সভায় উপস্থিত হইলে, আমার ভ্রাতৃগণের কোনরূপ ইচ্ছা ছিল না যে, শ্রীকৃষ্ণ আমাকে বিবাহ করেন। কিন্তু কুকুর-দলের মধ্য হইতে পশুরাজ সিংহ যেমন নিজের ভাগকে সংগ্রহ করে, শ্রীকৃষ্ণ সেইরূপ উপনীত নৃপতি-বৃন্দকে উপেক্ষা করত এবং প্রতিপক্ষ ভ্রাতৃগণকে তিরস্কার করিয়া, তিনি আমাকে সংগ্রহ করত স্বয়ং লক্ষ্মীর আবাস-স্থল ঐশ্বর্য্যপূর্ণ নিজ পুরীতে প্রবেশ করিলেন। অহো! আমি যেন তাঁহার চরণ চিরকাল ধৌত করিতে পারি! ॥ ১২ ॥

সত্যা বলিলেন, ক্ষিতিপতিগণের বীর্য্য পরীক্ষা পূর্ব্বক কন্যার উপযুক্ত পাত্র

য ইত্থং বীর্য্যশুল্কাং মাং দাসীভিশ্চতুরঙ্গিণীং।
পথি নির্জিত্য রাজন্যান্ নিন্যে তদ্দাস্যমস্তু মে ॥ ১৪ ॥
ভদ্রোবাচ ॥
পিতা মে মাতুলেয়ায় স্বয়মাহূয় দত্তবান্।
কৃষ্ণে কৃষ্ণায় তচ্চিত্তামক্ষৌহিণ্যা সখীজনৈঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

যঃ ভগবান্ ইত্থং বৃষভদমনেন বীর্য্যশুল্কাং স্বপ্রভাবপ্রদর্শনমেব শুল্কং দেয়ং দ্রব্যং যস্যাঃ তাং মাং দাসীভিঃ সহ চতুরঙ্গিনীং সেনাং আদায় পথি রাজন্যান্ নির্জিত্য দ্বারকাং নিন্যে, আনীতবান্, তস্য দাস্যং মম অস্তু ॥ ১৪ ॥

ভদ্রা উবাচ। হে কৃষ্ণে দ্রৌপদি! মে মম পিতা শ্রুতকীর্ত্তিঃ মাতুলেয়ায় কৃষ্ণায়, আহূয় অক্ষৌহিণ্যা সখীজনৈঃ চ সহ তচ্চিত্তাং কৃষ্ণহৃদয়াং মাং দদৌ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

বীর্য্যমেব শুল্কং দেয়ং যস্যাস্তাং দাসীভিঃ সহ। চতুরঙ্গিণীং গজাশ্বাদিসেনাযুক্তাং। পুরং নিন্যে ॥ ১৪ ॥

কৃষ্ণে হে দ্রৌপদি! তস্মিন্নেব চিত্তং যস্যাস্তাং। অক্ষৌহিণ্যা সেনয়া সখীজনৈশ্চ সহ ॥ ১৫

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বীর্য্যমেব শুল্কং দেয়ং যস্যাং তাং মাং দাসীভিঃ সহিতাং চতুরঙ্গসেনাসহিতাং স্বপুরং নিন্যে ॥ ১৪ ॥　　মাতুলপুত্রায় কৃষ্ণায়। কৃষ্ণে হে দ্রৌপদি ॥ ১৫ ॥

নির্ণয় করিবার অভিপ্রায়ে আমার পিতা প্রবল বীর্য্যসম্পন্ন তীক্ষ্ণশৃঙ্গ সপ্তসংখ্যক বৃষ বন্ধন-মুক্ত করিয়া রাখেন। তাহাদিগকে যিনি বল পূর্ব্বক বন্ধন করিতে পারিবেন, তিনিই আমার পতি হইবেন, এই অভিপ্রায় প্রকাশ করেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, কোন বীর পুরুষই সাহস করত তাহাদিগকে বন্ধন করিতে পারিলেন না। শ্রীকৃষ্ণ তখন অবলীলাক্রমে তাহাদের সমীপে অগ্রসর হইলেন এবং বালক যেমন ছাগশিশুকে অনায়াসে বন্ধন করে, তিনিও সেইরূপ বৃষগণের নিগ্রহ করত, অনায়াসে তাহাদিগকে বন্ধন করিলেন ॥১৩॥

পিতা তাঁহার বীর্য্য দর্শনে প্রীত হইয়া, চতুরঙ্গিনী সেনা এবং দাসীগণে পরিবৃত করাইয়া আমাকে কৃষ্ণকরে সমর্পণ করিলেন। কিন্তু পথে যাইবার সময় অনেক রাজা তাঁহার প্রতিবন্ধক করেন; শ্রীকৃষ্ণ কিন্তু তাঁহাদের সকলকে পরাজয় করিয়া, আমাকে নিজ মন্দিরে লইয়া যান। অহো! আমি যেন চিরকাল তাঁহার দাসী থাকিতে পাই! ॥ ১৪ ॥

ভদ্রা বলিলেন, হে দ্রৌপদি! আমি মনে মনে শ্রীকৃষ্ণকে আত্ম-

অস্য মে পাদসংস্পর্শো ভবেজ্জন্মনি জন্মনি।
কর্ম্মভির্ভ্রাম্যমাণায়া যেন তচ্ছ্রেয় আত্মনঃ ॥ ১৬ ॥

লক্ষ্মণোবাচ ॥

মমাপি রাজ্ঞ্যচ্যুতজন্ম কর্ম্ম শ্রুত্বা মুহুর্নারদগীতমাস হ।
চিত্তং মুকুন্দে কিল পদ্মহস্তয়া বৃতঃ সুসংমৃশ্য বিহায় লোকান্ ॥ ১৭ ॥
জ্ঞাত্বা মম মতং সাধ্বি পিতা দুহিতৃবৎসলঃ।

অন্বয়ঃ।

কর্ম্মভিঃ ভ্রাম্যমাণায়াঃ মে মম অস্য পাদসংস্পর্শঃ জন্মনি জন্মনি ভবেৎ। যেন পাদসম্বাহনাদিনা আত্মনঃ জীবস্য তৎ স্পর্শনং এব শ্রেয়ঃ ॥ ১৬ ॥

লক্ষ্মণা উবাচ। হে রাজ্ঞি! নারদেন গীতং অচ্যুতস্য জন্ম কর্ম্ম চ শ্রুত্বা তথা পদ্মহস্তয়া লক্ষ্ম্যা, চ বৃতঃ ইতি কৃত্বা সুসংমৃশ্য সম্যক্ বিচার্য্য, লোকান্ অন্যজনান্, বিহায় মমাপি চিত্তং মুকুন্দে কিল আস ॥ ১৭ ॥

হে সাধ্বি! মম মতং অভিপ্রায়ং জ্ঞাত্বা বৃহৎসেনঃ ইতি খ্যাতঃ মম দুহিতৃবৎসলঃ পিতা

শ্রীধরস্বামী।

যেন পাদসংস্পর্শেন আত্মনো মে তৎ কৈবল্যাখ্যং শ্রেয়ো ভবেৎ সঃ। যদ্বা। যেন কারণেন আত্মনো জীবস্য তৎ শ্রেয়ঃ স এব পুরুষার্থঃ ॥ ১৬ ॥

রাজ্ঞি হে দ্রৌপদি যথা মিত্রবিন্দায়াস্তথা মমাপি চিত্তং মুকুন্দবিষয়মাসীৎ। সুসংমৃশ্য সুবিচার্য্য। পদ্মহস্তয়া শ্রিয়া বৃতঃ কিল। অতোঽপি মম চিত্তং মুকুন্দে আসেতি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মভিরিতি নরলীলতয়া স্বদৈন্যোক্তিঃ। তৎ প্রসিদ্ধং শ্রেয়ঃ ॥ ১৬ ॥

সমর্পণ করিয়াছি বিবেচনা করিয়া, মদীয় পিতা তাঁহার মাতুলনন্দন শ্রীকৃষ্ণকে স্বয়ং আহ্বান করত, এক অক্ষৌহিণী সেনা এবং সখী জন সহ আমাকে তাঁহার করে সম্প্রদান করেন ॥ ১৫ ॥

আমি কর্ম্মদোষে এই সংসার-ক্ষেত্রে নিরন্তর ভ্রমণ করিতেছি; এক্ষণে প্রার্থনা করি, যেন জন্ম জন্মান্তরে তাঁহার চরণ-সংস্পর্শ আমার ঘটে; কারণ ইহা অপেক্ষা জীবের আর অন্য শ্রেয়ঃসাধন কিছুই নাই ॥ ১৬ ॥

লক্ষ্মণা বলিলেন, হে রাজ্ঞি! দেবর্ষি নারদের মুখে ভগবান্ শ্রীকৃষ্ণের জন্ম কর্ম্মের বিষয় বারংবার শ্রবণ করিয়া এবং স্বয়ং পদ্মহস্তা কমলা তাঁহাকে পতিত্বে বরণ করিয়াছেন শ্রবণ করিয়া, আমার চিত্ত শ্রেষ্ঠ লোকপালগণকেও উপেক্ষা করত, কেবল মুকুন্দের প্রতি ধাবিত হইয়াছিল ॥ ১৭ ॥

আমার পিতা দুহিতৃবৎসল বৃহৎসেন মদীয় অভিপ্রায় অবগত হইয়া,

বৃহৎসেন ইতি খ্যাতস্তত্রোপায়মচীকরৎ ॥ ১৮ ॥
যথা স্বয়ম্বরে রাজ্ঞি মৎস্যঃ পার্থেপ্সয়া কৃতঃ।
অয়ন্তু বহিরাচ্ছন্নো দৃশ্যতে সজলে পরং ॥

অন্বয়ঃ।

তত্র শ্রীকৃষ্ণপ্রাপ্তৌ উপায়ং অচীকরৎ কারয়ামাস ॥ ১৮ ॥

হে রাজ্ঞি! যথা তব স্বয়ম্বরে পার্থেপ্সয়া অর্জ্জুনপ্রাপ্তীচ্ছয়া (ত্বৎপিত্রা মৎস্যঃ কৃতঃ তথা মৎপিত্রাপি মৎস্যঃ কৃতঃ) অয়ং তু বহিরাচ্ছন্নঃ (স্তম্ভমূলে নিহিতে) সজলে (কলসজলে) পরং কেবলং দৃশ্যতে ॥

শ্রীধরস্বামী।

তত্র শ্রীকৃষ্ণপ্রাপ্তৌ। অচীকরৎ কারয়ামাস ॥ ১৮ ॥

যথা রাজ্ঞি তব স্বয়ম্বরে পার্থস্য ঈপ্সয়া প্রাপ্তুমিচ্ছয়া কৃতঃ। তথা মৎস্যং কারিতবান্। পাঠান্তরে পার্থেষুণাপাকৃতঃ। তর্হি ইমং অপ্যর্জ্জুন এব কিং নাবিধ্যৎ তত্রাহ অয়ন্ত্বিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে রাজ্ঞি মুকুন্দে চিত্তং আস আসীৎ। অতঃ পদ্মহস্তয়া ময়া লোকপান্ পরিহায় মুকুন্দ এব বৃতঃ ॥ ১৭ ॥ ১৮ ॥

পার্থেপ্সয়া অর্জ্জুনপ্রাপ্তীচ্ছয়া কৃতঃ। পার্থেষ্বপাকৃত ইতি পাপে পার্থস্য ইষুণা অপাকৃতঃ বিদ্ধঃ। তর্হীমমপ্যর্জ্জুন এব কিং নাবিদ্ধ্যদতো বিশেষমাহ। অয়ন্তু পরমচঞ্চলো মৎস্যঃ সজলে স্তম্ভমূলগতজলসহিতকলসে পরং কেবলং দৃশ্যতে নতূর্দ্ধমিত্যন্বয়ঃ। অতো দৃষ্টি-

---

তদ্বিষয়ে বিলক্ষণ চেষ্টা করিতে লাগিলেন ॥ ১৮ ॥

হে রাজ্ঞি! তদুপলক্ষে আমার নিমিত্ত স্বয়ম্বর সভার অনুষ্ঠান করা হইল; এবং হে রাজ্ঞি! অর্জ্জুন-লাভের প্রত্যাশায় আপনার পিতা যেমন অন্তরীক্ষে মৎস্য-বেধনের পণ স্থির করিয়াছিলেন, আমার পিতাও স্বয়ং কৃষ্ণকে জামাতা-রূপে পাইবার প্রত্যাশায়, ঐরূপ মৎস্যবেধনের ব্যবস্থা করিলেন। কিন্তু আপনার স্বয়ম্বরকালে যে লক্ষ্য মৎস্য সংস্থাপিত করা হইয়াছিল, তাহার সর্ব্বদিক্ সর্ব্বতোভাবে আবৃত ছিল; কেবল নিম্নভাগ অনাবৃত থাকায়, স্তম্ভ-সংলগ্ন ঊর্দ্ধ দৃষ্টির দ্বারা ঐ মৎস্য লক্ষিত হইত; কিন্তু আমার স্বয়ম্বরকালে ঐ মৎস্যকে ঊর্দ্ধে অবলোকন করিলে লক্ষিত হইত না, তবে যে স্তম্ভের উপরিভাগে ঐ মৎস্য সংলগ্ন ছিল, সেই স্তম্ভের মূলদেশে রক্ষিত জলপূর্ণ কুম্ভে ঐ মৎস্যের প্রতিবিম্ব মাত্র পতিত ছিল। সুতরাং এস্থলে নিম্নে দৃষ্টি করত ঊর্দ্ধে স্থিত লক্ষ্যকে বিদ্ধ করা, শ্রীকৃষ্ণ ব্যতীত অন্য কাহারও দ্বারা সম্ভবপর নহে বলিয়াই এইরূপ ব্যবস্থা হইয়াছিল ॥

শ্রুত্বৈতৎ সর্ব্বতো ভূপা আযযুর্মৎপিতুঃ পুরং।
সর্ব্বাস্ত্রশস্ত্রতত্ত্বজ্ঞাঃ সোপাধ্যায়াঃ সহস্রশঃ ॥ ১৯ ॥
পিত্রা সংপূজিতাঃ সর্ব্বে যথা বীর্য্যং যথা বয়ঃ।
আদদুঃ সশরং চাপং বেদ্ধুং পর্ষদি মদ্ধিয়ঃ ॥ ২০ ॥
আদায় ব্যসৃজন্ কেচিৎ সজ্যং কর্ত্তুমনীশ্বরাঃ।

অন্বয়ঃ।

এতৎ মৎস্য-যন্ত্র-নির্ম্মাণং শ্রুত্বা সর্ব্বাস্ত্রশস্ত্রতত্ত্বজ্ঞাঃ সোপাধ্যায়াঃ সহস্রশঃ ভূপাঃ সর্ব্বতঃ দিগ্‌ভ্যঃ মৎপিতুঃ পুরং আযযুঃ ॥ ১৯ ॥

তে চ সর্ব্বে মম পিত্রা যথা বীর্য্যং যথা বয়ঃ পূজিতঃ সন্তঃ মদ্ধিয়ঃ (ময়ি এব ধীঃ যেষাং তে) পর্ষদি সভায়াং, মৎস্যং বেদ্ধুং সশরং চাপং আদদুঃ ॥ ২০ ॥

তত্র কেচিৎ ধনুঃ আদায় সজ্যং কর্ত্তুং আরোপিতজ্যাকং কর্ত্তুং অনীশ্বরাঃ অসমর্থাঃ, সন্তঃ

শ্রীধরস্বামী।

স মৎস্যো বহিরেবাচ্ছন্নো নান্তঃ অতস্তুস্তসংলগ্নয়া ঊর্দ্ধদৃষ্ট্যা সংলক্ষ্যতে অয়ন্তু ন তথা কিন্তু স্তম্ভমূলে নিহিতকলসজলে কেবলং দৃশ্যতে অতো দৃষ্টিরধস্তাদুপরি চ লক্ষ্যমিতি শ্রীকৃষ্ণব্যতিরেকেণ ন কস্যাপি ভেদ্য ইতি ভাবঃ ॥ ১৯ ॥

মৎস্যং বেদ্ধুং পর্ষদি সংসদি। মদ্ধিয়ঃ ময্যেব ধীর্যেষাং ইত্যন্যচিত্তা ন বেদ্ধুং শক্তা ইতি ভাবঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রধস্তাদুপরি তু লক্ষ্যমিতি কৃষ্ণব্যতিরেকেণ ন কস্যাপি ভেদ্য ইতি ভাবঃ। তেন ত্বৎপিতৃকৃতো মৎস্যঃ খলু বহিরাচ্ছন্নোঽপি স্তম্ভসংলগ্নয়া ঊর্দ্ধদৃষ্ট্যা সংলক্ষ্যত এবেতি তদনুসন্ধানচতুরেণার্জ্জুনেন স বিদ্ধ এবেতি ভাবঃ ॥ ১৯ ॥

পর্ষদি সভায়াং। মদ্ধিয়ঃ ময়ি ধীঃ প্রাপ্ত্যাশা যেষাং তে ॥ ২০ ॥

এদিকে আমার স্বয়ম্বরের বার্ত্তা শ্রবণ করিয়া, দিক্ দিগন্ত হইতে সর্ব্ব প্রকার অস্ত্রশস্ত্রে সম্যক্ পারদর্শী সহস্র সহস্র নৃপতিবৃন্দ পুরোহিত এবং আচার্য্যাদি সঙ্গে লইয়া, মদীয় পিতার নগরীতে উপনীত হইলেন ॥ ১৯ ॥

মদ্বচনং শ্রোতুং অর্হথ যোগ্যাঃ স্থ। যেন কর্ম্মণা যথানুষ্ঠিতেন, কর্ম্মণাং (ভক্ত্যাদিপ্রতিবন্ধকানাং) নির্হারঃ নিরাসঃ, স্যাৎ তৎ নঃ অস্মাকং, উচ্যতাং ॥ ২২ ॥

নারদঃ উবাচ। হে বিপ্রাঃ! স্বপুত্রং কৃষ্ণং অর্ভকং বালকং অজ্ঞং, মত্বা তং বিহায় বসুদেবঃ আত্মনঃ স্বস্য শ্রেয়ঃ বুভুৎসয়া শ্রেয়ঃসাধনং বোদ্ধুং ইচ্ছয়া যৎ নঃ অস্মান্, এব পৃচ্ছতি তৎ এতৎ ন অতিচিত্রং ভবতি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

যেন কর্ম্মণা যথাকৃতেন বা কর্ম্মণাং নির্হারো নিরাসো ভবতি তদুচ্যতাং ॥ ২২ ॥

শ্রীকৃষ্ণং হিত্বা অস্মান্ পৃচ্ছতীতি বিস্মিতান্ প্রত্যাহ নারদঃ নাপীতি। বুভুৎসয়া বোদ্ধুমিচ্ছয়া ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মণাং নির্হারো নাশো যথেতি মম গৃহপুত্রকলত্রাদিমহাসক্তস্য জ্ঞানভক্ত্যোরনধিকারাদিতি ভাবঃ ॥ ২২ ॥

অহো অয়ং ভগবতঃ পিতাপ্যাত্মানং সংসারিণং মন্যতে। যদি বা পরার্থং পৃচ্ছতি তদপি কৃষ্ণং হিত্বা কথমস্মান্ পৃচ্ছতীত্যতিবিস্মিতাংস্তান্ প্রত্যাহ নাপীতি অর্ভকং স্বপুত্রমেব ন ত্বীশ্বরং। অত আত্মনঃ স্বস্যৈব ॥ ২৩ ॥

বাস করিতেছেন; অতএব তাদৃশ সর্ব্বদেবময় আপনাদের চরণে আমার প্রণিপাত! অনুগ্রহ পূর্ব্বক আমার কথায় কর্ণপাত করত, যে কর্ম্মের যাদৃশ অনুষ্ঠানে কর্ম্মবন্ধন হইতে জীব নিষ্কৃতি লাভ করিতে পারে, আপনারা আমার নিকট তাহা বর্ণন করুন! ॥ ২২ ॥

ইহা শ্রবণে দেবর্ষি নারদ বলিলেন, হে বিপ্রগণ! স্বকীয় শ্রেয়ঃ পরিজ্ঞাত হইবার প্রত্যাশায়, নিজপুত্র শ্রীকৃষ্ণকে বালক-বোধে উপেক্ষা করত বসুদেব আপনাদের নিকট যে জিজ্ঞাসা করিয়াছেন, তাহাতে কিছু বিশেষ বিস্ময়ের কারণ ঘটে নাই ॥ ২৩ ॥

আভাস।

বেদবিদ্ ব্রাহ্মণে সমস্ত দেবতাই অবস্থিতি করেন, এই প্রকার শ্রুতিতে উক্ত আছে। সুতরাং বসুদেব ভাবিলেন যে, তিনি ঘোর সংসারী; পুত্র, কলত্রও বিত্তাদিতেই চিত্ত একান্ত আসক্ত; তাদৃশ চিত্তে জ্ঞান বা ভক্তির অনুষ্ঠান করা সম্পূর্ণ অসম্ভব। অতএব যদি কোন

সন্নিকর্ষো হি মর্ত্যানামনাদরণ-কারণম্।
গাঙ্গং হিত্বা যথান্যান্তু স্তত্রত্যো যাতি শুদ্ধয়ে ॥ ২৪ ॥
যস্যানুভূতিঃ কালেন লয়োৎপত্ত্যাদিনাস্য বৈ।

অন্বয়ঃ।

হি যস্মাৎ সন্নিকর্ষঃ নিরন্তরং সান্নিধ্যং, এব মর্ত্যানাং অনাদরণ-কারণং (অনাদরস্য অবিশ্বাসস্য কারণং) ভবতি। যথা তত্রত্যঃ গঙ্গাতীরস্থঃ জনঃ গাঙ্গং অম্ভঃ হিত্বা অনাদৃত্য, আত্মনঃ বিশুদ্ধয়ে অন্যান্তঃ অন্যতীর্থাম্ভঃ প্রতি যাতি ॥ ২৪ ॥

কালেন কর্কটিকাফলবৎ অস্য বিশ্বস্য লয়োৎপত্ত্যাদিনা, স্বতঃ বিদ্যুতাদিবৎ, অন্যস্মাৎ

শ্রীধরস্বামী।

তত্রত্যো গঙ্গাতীরনিবাসী ॥ ২৪ ॥

কৃষ্ণেঽর্ভকত্বং মন্যমানোঽবিদ্যাবিজৃম্ভিত ইত্যাহ যস্যেতি দ্বাভ্যাং। অনুভূতি র্জ্ঞানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু কৃষ্ণস্য জন্মক্ষণমারভ্যৈব তমীশ্বরত্বেনায়ং জানাত্যেব সত্যং তদপি সন্নিকর্ষ এবানাদর-হেতুরিত্যাহ সন্নিকর্ষ ইতি। অত্র শ্রীবসুদেবস্য প্রেমাণমেব তদৈশ্বর্য্যানুসন্ধানে হেতুং নারদো জানাত্যেব তদপি তস্মিন্ মহাসংসদি প্রেমসিদ্ধান্তমতিরহস্যমবিবৃণ্বন্ লোকরীত্যৈব সমাদধৌ। তথা শ্রাবয়িত্বা বসুদেবস্য তস্য তদৈশ্বর্য্যজ্ঞানঞ্চ প্রোদ্দীপয়ামাসেতি তত্ত্বং জ্ঞেয়ং। অনাদরোঽত্র গৌরবমননাভাবঃ ॥ ২৪ ॥

ভো ব্রহ্মজ্ঞপূজ্যপাদাঃ ন কেবলমত্রায়ং বসুদেব এবোপালভ্যঃ কিন্ত্বত্রত্যঃ প্রায়ঃ সর্ব্বএব

তিনি মরণ-ধর্ম্মশীল মানবের একান্ত নিকটবর্ত্তী হইয়াছেন বলিয়াই, তাহাদের তাঁহার প্রতি এতাদৃশ অনাদর হইয়াছে। দেখা যায়। যাহারা গঙ্গাতীরবাসী, তাহারা বিশুদ্ধির প্রার্থনায় গঙ্গোদক পরিত্যাগ পূর্ব্বক অন্য তীর্থাদিতে সর্ব্বদা গমন করিয়া থাকে ॥ ২৪ ॥

আভাস।

কর্ম্মের অনুষ্ঠান দ্বারা কর্ম্মপাশ ছেদন করা যায়, তদ্বিষয়ের উপদেশ তিনি সেই সর্ব্বদেবময় ব্রাহ্মণগণের নিকটই প্রার্থনা করিলেন ॥ ২২ ॥

বসুদেবের প্রশ্নে ঋষিরা কিছু বিস্মিত হইলেন। তাঁহারা ভাবিলেন, যাহার গৃহে পবিত্র ও প্রশস্ত সরোবর আছে, সে আবার পিপাসা-নিবৃত্তির জন্য দেশান্তরে গমন করে! যে ব্যক্তি পূর্ণ ব্রহ্মকে কৃষ্ণরূপে প্রাপ্ত হইয়াছেন এবং শ্রীকৃষ্ণের জন্ম হইতেই তাঁহাকে ইষ্টদেবতা বলিয়া অবগত হইয়াছেন, তিনি আবার উপদেশার্থ অন্যকে আশ্রয় করিতেছেন! অহো জানিলাম! অতিপ্রাপ্তি অপ্রাপ্তির মধ্যেই গণনীয়। গঙ্গাতীরবাসী ব্যক্তি যেমন পবিত্রতা লাভের প্রত্যাশায় পুষ্করাদিতে গমন করে, অদ্য সাক্ষাৎ শ্রীকৃষ্ণকে বালকজ্ঞানে উপেক্ষা করত, বসুদেবও সেইরূপ আমাদের আদর করিতেছেন ॥ ২৪ ॥

স্বতোঽন্যস্মাচ্চ গুণতো ন কুতশ্চ নরিষ্যতি ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

মুদ্গরাদিনা ঘটাদিবৎ, গুণতঃ গুণপরিণামতঃ ব্রহ্মাণ্ডবৎ যস্য কৃষ্ণস্য অনুভূতিঃ জ্ঞানং কুতঃ চ অপি ন নরিষ্যতি ন নশ্যতি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

কুতশ্চিদপি ন নরিষ্যতি ন নশ্যতি। তদেবাহ কালেন কর্কটিকাফলবৎ। অস্য বিশ্বস্য লয়োৎপত্ত্যাদিনাপি। স্বতশ্চ বিদ্যুদাদিবৎ। অন্যস্মাচ্চমুদ্গরাদিনা ঘটাদিবৎ। গুণতঃ রূপাদ্যন্তরোৎপত্তেরপূর্ব্বরূপাদিনা দেহাদিঃ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকঃ কৃষ্ণমীশ্বরং ন জানাতীত্যাহ যস্যেতি দ্বাভ্যাং। যস্যানুভূতি জ্ঞানং কুতশ্চিদপি ন নরিষ্যতি ন নশ্যতি তং শ্রীকৃষ্ণং প্রাণাদিভিরূপগূঢ়ং আচ্ছন্নং অন্যঃ প্রাকৃতোঽয়ং লোকঃ স্বমিব মন্যত ইত্যন্বয়ঃ। তদেবাহ। কালেন কর্কটিকাফলবৎ। কীদৃশেন অস্য বিশ্বস্য লয়োৎপত্তিকারণেন স্বতশ্চ বিদ্যুদাদিবৎ। অন্যস্মাচ্চ মুদ্গরাদে র্ঘটাদিবৎ। গুণতস্তমো-গুণেন ব্রহ্মাণ্ডবৎ ন নরিষ্যতি ॥ ২৫ ॥

অনেক কারণে সংসারে অনেক বস্তুর ধ্বংস ঘটিয়া থাকে। কর্কটিকা কাঁকুড় ফুটি প্রভৃতি ফল কালক্রমে আপনিই নষ্ট হইয়া যায়; লয় এবং উৎপত্তির নিয়মানুসারে ব্রহ্মাণ্ডেরও লয় হইতেছে; বিদ্যুৎ প্রভৃতি বস্তু ক্ষণ-প্রভার বিকাশেই বিলীন হইয়া যায়; একের দ্বারা অন্যের ধ্বংস ঘটিয়া থাকে; এবং গুণের পরিণাম বশতও দেহাদির ধ্বংসবৎ পদার্থের বিনাশ ঘটিয়া থাকে; কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, পূর্ব্বোক্ত কোন কারণ বশতই এই শ্রীকৃষ্ণের অনুভূতি-স্বরূপ কখন বিলুপ্ত হয় না ॥ ২৫ ॥

আভাস।

নারদ বলিলেন, হে ব্রহ্মজ্ঞানসম্পন্ন পূজ্যপাদ ব্রাহ্মণগণ! শ্রীকৃষ্ণকে অবধারণ করিতে পারেন নাই বলিয়া, কেবল বসুদেবের উপর দোষারোপ করা বিধেয় নহে; প্রাকৃতিক জীব মাত্রেই তাঁহাকে অবগত হইতে পারে নাই; আত্ম-তুলনায় সামান্য মনুষ্য বলিয়াই সকলে তাঁহাকে নির্ণয় করিতেছে। তিনি কিন্তু প্রাকৃতিক নিয়মের অধীনে দেহ ধারণ করেন নাই; সুতরাং জাগতিক পদার্থের ন্যায় তদীয় দেহের বা জ্ঞানের ক্ষয়োদয় হয় না। জীবের দেহ কালক্রমে, প্রাকৃতিক লয়োৎপত্ত্যাদির নিয়মে অন্যের সংঘর্ষে, গুণের পরিণামে এবং বিদ্যুৎবৎ স্বতই অবস্থান্তরিত হইয়া থাকে। কিন্তু শ্রীকৃষ্ণের বিগ্রহ ধারণ তাঁহারই ইচ্ছাধীন ॥ ২৫ ॥

জীব ক্লেশ কর্ম্ম বিপাক এবং আশয়ের পরতন্ত্র থাকিয়া প্রচ্ছন্নশক্তি এবং অজ্ঞানান্ধ হইয়া বহুভাবে এবং বহুরূপে অনন্তকাল সংসারে ভ্রমণ করিতেছে। কিন্তু শ্রীকৃষ্ণ উক্ত অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ এবং অভিনিবেষ নামক পঞ্চপ্রকার ক্লেশ, শুভাশুভ কর্ম্ম, কর্ম্মের

তং ক্লেশকর্ম্মপরিপাকগুণপ্রবাহৈরব্যাহতানুভবমীশ্বরমদ্বিতীয়ং।
প্রাণাদিভিঃ স্ববিভবৈরুপগূঢ়মন্যো মন্যেত সূর্য্যমিব মেঘহিমোপরাগৈঃ॥
অথোচুর্মুনয়ো রাজন্নানাভাব্যানকদুন্দুভিং।
সর্ব্বেষাং শৃণ্বতাং রাজ্ঞাং তথৈবাচ্যুতরাময়োঃ॥

অন্বয়ঃ।

তং ক্লেশ-কর্ম্ম-পরিপাক-গুণ-প্রবাহৈঃ (ক্লেশাঃ রাগাদয়ঃ, তৎপূর্ব্বকানি কর্ম্মাণি, তৎপরিপাকে সুখদুঃখে, গুণাঃ সত্ত্বাদয়ঃ তেষাং প্রবাহঃ চ তৈঃ) অব্যাহতানুভবং অদ্বিতীয়ং তং ঈশ্বরং অন্যঃ জনঃ মেঘহিমোপরাগৈঃ অভ্র-তুষার-রাহুভিঃ গূঢ়ং সূর্য্যং ইব স্ববিভবৈঃ স্বপ্রকাশৈঃ এব প্রাণাদিভিঃ উপগূঢ়ং আচ্ছন্নং মন্যেত॥

অথ হে রাজন্! সর্ব্বেষাং রাজ্ঞাং শৃণ্বতাং সতাং তথা রামকৃষ্ণয়োঃ শৃণ্বতোঃ সতোঃ আনকদুন্দুভিং আভাষ্য সম্বোধ্য, বসুদেবং মুনয়ঃ ঊচুঃ॥

শ্রীধরস্বামী।

তমেবং কুতশ্চিদপ্যব্যাহতানুভবং অতএবেশ্বরং। কিঞ্চ। অদ্বিতীয়ং শ্রীকৃষ্ণং অন্যঃ প্রাকৃতঃ উপগূঢ়মাচ্ছন্নং মন্যেত। কৈঃ ক্লেশাদিভিঃ। তত্র ক্লেশা রাগাদয়শ্চ তৎপূর্ব্বকাণি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তপোষনায়েনেমমর্থং পুনরাহ তমিতি। ক্লেশা রাগাদয়শ্চ কর্ম্মাণি ক্লেশহেতবশ্চ পরিপাকাঃ তৎকার্য্যসুখদুঃখানি চ গুণানাং সত্ত্বাদীনাং প্রবাহশ্চ তৈ র্ন ব্যাহতোঽনুভবো জ্ঞানং যস্য তং। প্রাণাদিভিঃ প্রাণমনোবুদ্ধ্যাদিভি র্লিঙ্গশরীরষটকৈঃ স্ববিভবৈঃ স্বকার্য্যৈরেবাচ্ছন্নং। অত্র দৃষ্টান্তঃ। মেঘশ্চ হিমঃ কুহেড়িকা চ উপরাগো রাহুশ্চ তৈঃ স্ববিভবৈঃ সূর্য্যমিব। মেঘস্য সৌরজ্যোতির্জলাত্মকত্বাৎ জলস্য জ্যোতিঃ কার্য্যত্বাৎ হিমস্য চ জলবিশেষত্বাৎ রাহোশ্চ দুষ্টজীবারিষ্টধ্বান্তখণ্ডাত্মকত্বাৎ ধ্বান্তস্য চ চক্ষুর্গ্রাহ্যত্বেন পৌরাণিকমতে তৈজসত্বান্মেঘাদীনাং সূর্য্যকার্য্যত্বং॥ সর্ব্বেষামিত্যাদিষু সপ্তম্যর্থে ষষ্ঠ্যঃ॥

অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ এবং অভিনিবেশ নামক পঞ্চবিধ ক্লেশ, পাপ এবং পুণ্যোৎপাদক কর্ম্ম, কর্ম্মফল সুখ দুঃখ এবং সত্ত্বাদি গুণত্রয়ের প্রবাহে যাঁহার সর্ব্বজ্ঞতারূপ অনুভব-শক্তির কখন বিরাম হয় না; যিনি অদ্বিতীয় সর্ব্বনিয়ন্তা ঈশ্বর, সেই ভগবান্ শ্রীকৃষ্ণ অদ্য আত্মস্বরূপে সমুৎপন্ন প্রাণাদি দেহের আবরণে স্বয়ং আবৃতের ন্যায় প্রতীত হইতেছেন। দিবাকর যেমন মেঘ, তুষার ও রাহুর গ্রাসে প্রচ্ছন্নের ন্যায় সময়ে সময়ে প্রতীত হন, অদ্য ভূতভাবন শ্রীকৃষ্ণও মানবের নিকট সেইরূপ মনুষ্যবৎ প্রতীয়মান হইতেছেন॥

আভাস

ফল, ঐহিকে অনুভবনীয় জাতি, আয়ু এবং ভোগরূপ বিপাক এবং ভোগের সংস্কাররূপ গুণপ্রবাহে অভিভূত হইয়া কখন হতজ্ঞান বা ঐশ্বর্য্যশূন্য হন না। তিনি অদ্বিতীয় জগজ্জীবন

কর্ম্মণা কর্ম্মনির্হার এষ সাধু-নিরূপিতঃ।
যচ্ছ্রদ্ধয়া যজেদ্বিষ্ণুং সর্ব্বযজ্ঞেশ্বরং মখৈঃ॥ ২৬॥
চিত্তস্যোপশমোঽয়ং বৈ কবিভিঃ শাস্ত্রচক্ষুষা।
দর্শিতঃ সুগমো যোগো ধর্ম্মশ্চাত্মমুদাবহঃ॥ ২৭॥

অন্বয়ঃ।

যৎ শ্রদ্ধয়া মখৈঃ যজ্ঞৈঃ, সর্ব্বযজ্ঞেশ্বরং বিষ্ণুং যজেৎ আরাধয়েৎ, ইতি এষঃ এব কর্ম্মণা কর্ম্ম নির্হারঃ কর্ম্মনিবৃত্ত্যুপায়ঃ সাধু যথা তথা নিরূপিতঃ॥ ২৬॥

অয়ং ধর্ম্মঃ বৈ আত্মমুদাবহঃ (আত্মনঃ অন্তঃকরণস্য মুদং হর্ষং আবহতি তথাবিধঃ) চিত্তস্য উপশমঃ শান্তিকরঃ শাস্ত্রং এব চক্ষুঃ তেন) কবিভিঃ বিবেকিভিঃ সুগমঃ সুকরঃ যোগঃ উপায়ঃ ইতি দর্শিতঃ॥ ২৭॥

শ্রীধরস্বামী।

কর্ম্মাদিচ তৎপরিপাকে সুখদুঃখে চ সত্ত্বাদিগুণানাং প্রবাহশ্চ তৈঃ। প্রাণাদিভিশ্চ স্ববিভবৈঃ স্বকার্য্যৈঃ। তত্র দৃষ্টান্তঃ মেঘহিমোপপাতৈঃ। অভ্র-তুষার-রাহুভিঃ স্ববিভবৈর্যথা সূর্য্যমিতি॥ ২৬॥

চিত্তস্যোপশমঃ উপশমহেতুঃ। যোগো মোক্ষোপায়ঃ। শনৈরাত্মমুদমাবহতীতি। তথা সুগমঃ প্রবৃত্ত্যাশ্রয়ত্বাৎ। ধর্ম্মশ্চ আবশ্যকঃ অন্যথা বিহিতাকরণেন মালিন্যপ্রসঙ্গাৎ॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মনির্হারো যথা স্যাদিতিপ্রকারপ্রশ্নস্যোত্তরমাহুর্যচ্ছ্রদ্ধয়েতি। মখানাং বিষ্ণ্বারাধনত্বজ্ঞানং বিনা কর্ম্মনির্হারো ন ভবেদিতি ভাবঃ॥ ২৬॥

উপশমঃ উপশমহেতুঃ। সুগমপ্রবৃত্ত্যাশ্রয়ত্বাৎ যোগঃ মোক্ষপ্রাপ্ত্যুপায়ঃ। আত্মমুদাবহঃ মনঃসুখপ্রদশ্চ॥ ২৭॥

হে রাজন্! তখন উপস্থিত নৃপতিবৃন্দ এবং রামকৃষ্ণের সমক্ষে আনকদুন্দুভি বসুদেবকে সম্বোধন পূর্ব্বক মুনিগণ বলিলেন—॥

যজ্ঞাদির অনুষ্ঠানে বিশেষ শ্রদ্ধা পূর্ব্বক সর্ব্বযজ্ঞেশ্বর বিষ্ণুর আরাধনারূপ কর্ম্মই কর্ম্মবন্ধন হইতে নিষ্কৃতি-লাভের অতীব উত্তম উপায় বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে॥ ২৬।

ইহাই মোক্ষ-লাভের সুগম উপায়ভূত উৎকৃষ্ট ধর্ম্ম; ইহার প্রসাদে

আভাস।

পরমেশ্বর। অহো! দিবাকর যেমন স্বকিরণোৎপন্ন মেঘ, তুষার এবং রাহু প্রভৃতির আবরণে আবৃতের ন্যায় উপলব্ধ হন, শ্রীকৃষ্ণও সেইরূপ স্বকীয় ইচ্ছাশক্তিতে সমুৎপন্ন প্রাণাদি দেহবর্গের দ্বারা প্রচ্ছন্নের ন্যায় জগজ্জনের সমীপে প্রতীত হইতেছেন। এই প্রকার বলিয়া, নারদ বসুদেবকে ভগবদর্চ্চনা কার্য্যকেই কর্ম্মবন্ধন-নিকৃন্তনের উত্তম ও একমাত্র উপায় বলিয়া উপদেশ দিলেন॥ ২৬॥

অয়ং স্বস্ত্যয়নঃ পন্থা দ্বিজাতে গৃহমেধিনঃ।
যচ্ছ্রদ্ধয়াপ্তবিত্তেন শুক্লেনেজ্যেত পুরুষঃ ॥ ২৮ ॥
বিত্তৈষণাং যজ্ঞদানৈ গৃহৈর্দারসুতৈষণাং।

অন্বয়ঃ।

গৃহমেধিনঃ গৃহাশ্রমিনঃ, দ্বিজাতেঃ ত্রৈবর্ণিকস্য, স্বস্ত্যয়নঃ শ্রেয়ঃপ্রাপকঃ, অয়ং এব পন্থা যৎ শ্রদ্ধয়া আপ্তবিত্তেন শুক্লেন পরপীড়নং বিনা স্ববর্ণবৃত্ত্যা লব্ধেন, শুদ্ধধনেন পুরুষঃ ইজ্যেত ॥ ২৮ ॥

যজ্ঞদানৈঃ বিত্তফলভূতৈঃ যজ্ঞৈঃ দানৈঃ চ বিত্তৈষণাং বিত্তেচ্ছাং, বিসৃজেৎ; গৃহৈঃ (গৃহোচিতৈঃ ভোগৈঃ) দারসুতৈষণাং বিসৃজেৎ (তদ্বৈরস্যানুভবেন এব তদৌৎসুক্যনিবৃত্তেঃ)

শ্রীধরস্বামী।

নন্থ ন কর্ম্মণা ন প্রজয়া ন ধনেন ত্যাগেনৈকেনামৃতত্বমানশুরিত্যাদিনা ত্যাগস্যৈব বিহিতত্বাৎ কথং কর্ম্ম মোক্ষোপায় ইত্যাশঙ্ক্য আদাবেব ত্যাগস্যাশক্যত্বাদিত্যাশয়েনাহুরয়মিতি সার্দ্ধচতুর্ভিঃ। স্বস্ত্যয়নঃ স্বস্তি ক্ষেমং ঈয়তেঽনেনেতি। তথা শ্রদ্ধয়া নিষ্কামতয়া শুক্লেন শুদ্ধেন আপ্তেন বিত্তেন পুরুষ ইজ্যেত ইতি যৎ এষ পন্থা ॥ ২৮ ॥

স্বস্ত্যয়নত্বমাহুঃ বিত্তৈষণামিতি। বিত্তফলভূতৈ র্যজ্ঞৈ র্দানৈশ্চ বিত্তৈষণাং বিত্তেচ্ছাং বিসৃজেৎ। গৃহৈ র্গৃহোচিতৈ র্ভোগৈ দারসুতৈষণাং বিসৃজেৎ তদনুভবেনৈব তদৌৎসুক্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিজাতেস্ত্রৈবর্ণিকস্য আপ্তবিত্তেন ন্যায়প্রাপ্তধনেন শুক্লেন শুদ্ধেন ॥ ২৮ ॥

নিষ্কামত্বং বিনা কর্ম্মনির্হারো ন স্যাৎ। নিষ্কামত্বঞ্চানেন প্রকারেণ ভবেদিত্যাহুঃ। বিত্তৈষণাং বিত্তাকাঙ্ক্ষাং যজ্ঞৈ র্দানৈশ্চ বিত্তফলভূতৈ স্ত্যজেৎ। সম্পাদিতেষু যজ্ঞেষু দানেষু কিমতঃ

চিত্তের উপশম হইয়া, পরমানন্দ যে লাভ হইয়া থাকে, তাহা মনীষীগণ শাস্ত্রদৃষ্টির দ্বারা বিলক্ষণ অবধারণ করিয়াছেন ॥ ২৭ ॥

বিশেষ সদুপায়ে অর্জ্জিত স্বকীয় বিত্তের দ্বারা একান্ত ভক্তি এবং শ্রদ্ধা সহকারে সেই পরম পুরুষের আরাধনারূপ কর্ম্মানুষ্ঠানের অপেক্ষা গৃহাশ্রমী দ্বিজাতিগণের পক্ষে অন্য কল্যাণকর পন্থা আর কিছুই নাই ॥ ২৮ ॥

যজ্ঞ এবং দানের দ্বারা বিত্তাসক্তি বিসর্জ্জন করিতে হয়; গৃহোচিত ভোগের দ্বারা পুত্র-কলত্রের মমতা পরিহার করা বিধেয়। কালক্রমে

আভাস।

"ন কর্ম্মণা ন প্রজয়া ন ধনেন ত্যাগেনৈকেনামৃতত্বমানশুঃ" এই শ্রুতিবাক্যে স্পষ্টত প্রকাশ আছে যে, কর্ম্মের দ্বারা অমৃতত্ব লাভের কোন সম্ভাবনা নাই। ত্যাগই মোক্ষলাভের একমাত্র উপায়। অতএব নারদ কোন্ বিবেচনায় ভগবদর্চ্চনা কর্ম্মকেই মোক্ষের উপায়

আত্মলোকৈষণাং দেবকালেন বিসৃজেদ্ বুধঃ ॥ ২৯ ॥
গ্রামে ত্যক্তৈষণাঃ সর্ব্বে যযুর্ধীরা স্তপোবনং।
ঋণৈস্ত্রিভি র্দ্বিজো জাতো দেবর্ষিপিতৃণাং প্রভো।

অন্বয়ঃ।

তথা দেবকালেন (দেবানামপি মৃত্যুহেতুভূতকালানুসন্ধানেন) বুধঃ বিবেকী আত্মনঃ স্বর্গাদি-লোকৈষণাং বিসৃজেৎ পরিত্যজেৎ ॥ ২৯ ॥

ধীরাঃ বিবেকিনঃ সর্ব্বে গ্রামে গৃহে চ ত্যক্তৈষণাঃ সন্তঃ তপোবনং যযুঃ। হে প্রভো!

শ্রীধরস্বামী।

নিবৃত্তেঃ। দেহে মৃতে আত্মনঃ স্বর্গাদি লোকৈষণাঞ্চ কালেন ক্ষয়ানুসন্ধানেন বিসৃজেৎ দেব হে বসুদেব! যদ্বা। দেবকালেন দেবানামপি মৃত্যুহেতুভূতেনেত্যর্থঃ ॥ ২৯ ॥

অত্রাচারং প্রমাণয়তি গ্রাম ইতি। কিঞ্চ ঋণৈরিতি। তথাচ শ্রুতিঃ। জায়মানো বৈ ব্রাহ্মণ স্ত্রিভি র্ঋণৈ র্ঋণবান্ জায়তে। ব্রহ্মচর্য্যেণ ঋষিভ্যো যজ্ঞেন দেবেভ্যঃ প্রজয়া পিতৃভ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরং বিত্তেনেতি ভাবয়েৎ। গৃহে গৃহোচিতৈ র্ভোগৈ র্দারসুতৈষণাং স্ত্রীসম্ভোগবাসনাং পুত্র-বাসনাঞ্চ ত্যজেৎ। তদনুভবেনৈব তদৌৎসুক্যনিবৃত্তেঃ। দেহে মৃতে সত্যাত্মনঃ স্বর্গাদি-লোকৈষণাং কালেন ক্ষয়ানুসন্ধানেন বিসৃজেৎ। দেব হে বসুদেব ॥ ২৯ ॥

অত্রাচারং প্রমাণয়তি গ্রাম ইতি ॥

দেবতাগণেরও যে ধ্বংস হইয়া থাকে, তদ্বিষয়ের বিশেষ অনুসন্ধান করত পণ্ডিতগণ দেহান্তে স্বর্গাদি সুখময় লোকে গমনের আকাঙ্ক্ষাকেও পরিত্যাগ করিয়া থাকেন ॥ ২৯ ॥

গ্রামে বসতি করত গ্রামবাসীর আচরণাদিতে যখন বিরক্তি আইসে, তখনই

আভাস।

বলিয়া নির্দ্দেশ করিলেন; তদুত্তরে নারদ বলিলেন যে, ত্যাগ সহজে করা যায় না; যাহাকে হৃদয়ের শোণিত এবং ললাটের স্বেদ প্রদানে সংগ্রহ করা হয়, বিনা লাভে তাহাকে ত্যাগ করা নিতান্তই দুরূহ। সুতরাং লাভের অনুরোধে ত্যাগের অভ্যাস করিতে হয়। ধনের বিনিময়ে ঐহিকে সুখ সঞ্চয় করা যায়; কিন্তু সে সুখ অকিঞ্চিৎকর এবং ক্ষণধ্বংসী; অতএব প্রচুর এবং চিরস্থায়ী স্বর্গাদি সুখের সংগ্রহ করিতে হইলে, যজ্ঞাদির অনুষ্ঠানে ধনের বিনিময় করা সুগম। তখন ঐহিকের ধনকে আর ধন বলিয়া জ্ঞান হইবে না। ধনে ত্যাগবুদ্ধি অনায়াসে আসিবে। এবং ক্রমশ এই প্রকারে যখন স্বর্গাদি ফলেরও প্রদাতা বলিয়া ঈশ্বরের প্রতি চিত্ত অগ্রসর হইবে, তখন স্বর্গাদির প্রতিও লক্ষ্য পরিত্যাগ করিয়া, কোন্ উপায়ে জগৎপতির প্রসন্নতা লাভ হয়, তদুপলক্ষে ধনব্যয়ের ইচ্ছা স্বতই উদিত হইবে। তাহাকেই নিষ্কাম কর্ম্ম বলা যায় এবং তদ্দ্বারাই কর্ম্মবন্ধন শিথিল হইয়া পড়ে ॥ ২৯ ॥

যজ্ঞাধ্যয়নপুত্রৈস্তাননিস্তীর্য্য ত্যজন্ পতেৎ ॥ ৩০ ॥
ত্বং ত্বদ্য মুক্তো দ্বাভ্যাং বৈ ঋষিপিত্রো র্মহামতে।
যজ্ঞৈর্দেবন মুন্মুচ্য নির্ঋণোঽশরণো ভব ॥ ৩১ ॥
বসুদেব ভবান্নূনং ভক্ত্যা পরময়া হরিং।
জগতামীশ্বরং প্রার্চ্চঃ স যদ্ বাং পুত্রতাং গতঃ ॥

অন্বয়ঃ।

দ্বিজঃ দেবর্ষিপিতৃণাং ত্রিভিঃ ঋণৈঃ সহ জাতঃ জায়তে। অতঃ যজ্ঞাধ্যয়নপুত্রৈঃ তানি ঋণানি অনিস্তীর্য্য অনপাকৃত্য, কর্ম্মাদি ত্যজন্ নরকে পতেৎ ॥ ৩০ ॥

হে মহামতে! দ্বাভ্যাং ঋষিপিত্রোঃ ঋণাভ্যাং তু ত্বং অদ্য মুক্তঃ। অধুনা যজ্ঞৈঃ দেবর্ণং উন্মুচ্য অপাকৃত্য, নির্ঋণঃ সন্ অশরণঃ ভব গৃহাদিকং পরিত্যজ ॥ ৩১ ॥

হে বসুদেব! নূনং নিশ্চিতং ভবান্ পরময়া ভক্ত্যা জগতাং ঈশ্বরং হরিং প্রার্চ্চঃ অর্চ্চিতবান্; যৎ যস্মাৎ বাং যুবয়োঃ, সঃ বিষ্ণুঃ পুত্রতাং গতঃ প্রাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

ইত্যাদি তান্ অনিস্তীর্য্য তেষামৃণান্যনপাকৃত্য। তথাচ মনুঃ। ঋণানি ত্রীণ্যপাকৃত্য মনো মোক্ষে নিবেশয়েৎ। অনপাকৃত্য মোক্ষন্তু সেবমানো ব্রজত্যধ ইতি ॥ ৩০ ॥

নির্ঋণঃ নির্মুক্তঋণঃ। অশরণো ভব গৃহাৎ প্রব্রজ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ ঋণৈরিতি। তথাচ শ্রুতিঃ। জায়মানো বৈ ব্রাহ্মণ স্ত্রিভি র্ঋণবান্ জায়তে। ব্রহ্মচর্য্যেণ ঋষিভ্যো যজ্ঞেন দেবেভ্যঃ প্রজয়া পিতৃভ্য ইত্যাদি। তান্যনিস্তীর্য্য তেষামৃণান্যনপাকৃত্য ॥ ৩০ ॥

দ্বাভ্যাং ঋণাভ্যাং অশরণো ভব গৃহাৎ প্রব্রজ ॥ ৩১ ॥

ধীর ব্যক্তিগণ তপোবনে গমন করেন। হে প্রভো! দ্বিজাতিগণ যখন জগতে জন্মগ্রহণ করেন, তখনই তাহারা দেবলোক, ঋষিলোক এবং পিতৃলোকের ঋণভার গ্রহণ করিয়াই জন্মিয়া থাকেন। অতএব যাঁহারা যজ্ঞের অনুষ্ঠানে, বেদাদি শাস্ত্রের অধ্যয়নে এবং পুত্রোৎপত্তির দ্বারা যথাক্রমে দেবতা, ঋষি ও পিতৃলোকের ঋণ পরিশোধ না করিয়াই গৃহাশ্রম পরিত্যাগ করেন, তাঁহারা নিশ্চয়ই নরকার্ণবে পতিত হন, সন্দেহ নাই ॥ ৩০ ॥

হে মহামতে! তুমি ঋষিঋণ ও পিতৃঋণ হইতে মুক্ত হইয়াছ! এক্ষণে যজ্ঞের অনুষ্ঠানে দেবঋণ হইতে বিমুক্ত হইয়া, গৃহ পরিত্যাগে প্রব্রজ্যায় গমন কর! ॥ ৩১ ॥

হে বসুদেব! জগৎপতি জনার্দ্দন যখন আপনাদের পুত্রত্ব স্বীকার

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইতি তদ্বচনং শ্রুত্বা বসুদেবো মহামনাঃ।
তানৃষীনৃত্বিজো বব্রে মূর্দ্ধ্নি নম্য প্রসাদ্য চ ॥
ত এনমৃষয়ো রাজন্ বৃতা ধর্ম্মেণ ধার্ম্মিকং।
তস্মিন্নযাজয়ন্ ক্ষেত্রে মখৈরুত্তমকল্পকৈঃ ॥

অন্বয়ঃ।

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। ইতি এবম্ভূতং তেষাং বচনং শ্রুত্বা মহামনাঃ হৃষ্টচিত্তঃ বসুদেবঃ তান্ এব ঋষীন্ মূর্দ্ধ্না আনম্য প্রসাদ্য প্রসন্নান্ কৃত্বা, ঋত্বিজঃ বব্রে বৃতবান্ ॥

হে রাজন্! এবং ধর্ম্মেণ যথাবিধি বৃতাঃ তে ঋষয়ঃ তস্মিন্ ক্ষেত্রে উত্তমকল্পকৈঃ মন্ত্রতন্ত্র-দ্রব্যাদিসম্পন্নৈঃ, মখৈঃ তং ধার্ম্মিকং এনং বসুদেবং অযাজয়ন্ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চাবিশুদ্ধচিত্তানাময়ং ক্রমঃ। তস্ত কৃতার্থ এবেত্যাহ বসুদেবেতি। প্রার্চ্চঃ প্রকর্ষেণ অর্চ্চিতবানসি। যৎ যস্মাৎ। বাং যুবয়োঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকরীত্যৈব ত্বয়া কৃতস্য প্রশ্নস্যাস্মাভিরপি লোকশাস্ত্ররীত্যৈবোত্তরং দত্তং। বস্তুতস্তু ত্বয়ি ভগবৎপিতরি নিত্যসিদ্ধে ভগবতীব নৈব লোকশাস্ত্রে অধিকর্ত্তুং প্রভূষ্ণু স্যাতাং। তদপি যদি ত্বমাত্মানং শাস্ত্রোক্তধর্ম্মাণামধিকারিণমেব মন্যসে তত্রাপ্যুত্তরং শৃণ্বিত্যাহুঃ। বসু ধনং শ্রেষ্ঠং ভক্তিযোগ এব তত্র দীব্যসি ইত্যত এব হে বসুদেব। ভক্ত্যা তত্রাপি পরময়া প্রকর্ষেণৈব অর্চ্চঃ। পূর্ব্বমেব তৎ কথমধুনা ততোঽতিনিকৃষ্টকর্ম্মাধিকারেঽপি পতিষ্যসীতি ভাবঃ। নচেদমস্মদুক্তমপ্রমাণমেবেত্যাহুঃ স যদ্বামিতি। তদপি ত্বমতিদৈন্যেনাত্মনি সাংসারিকত্ব-

---

করিয়াছেন, তখন আপনি পরম ভক্তি-সহকারে সেই পরমাত্মা শ্রীহরির যে প্রকৃত আরাধনা করিয়াছেন, তাহাতে আর সন্দেহ নাই ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! দেবর্ষি নারদের উক্তি শ্রবণে মহামনা বসুদেব একান্ত সন্তুষ্ট হইলেন এবং সমবেত ঋষিগণকে ভক্তিভরে প্রণাম ও তাঁহাদের চরণ-বন্দনা পূর্ব্বক প্রসন্ন করিলেন এবং যজ্ঞের সম্পাদনার্থ তাঁহাদিগকেই ঋত্বিক্‌পদে বরণ করিলেন ॥

অনন্তর মুনিগণ যথাবিধি ঋত্বিক্‌রূপে বৃত হইয়া, সেই পবিত্র সামন্তক ক্ষেত্রে উৎকৃষ্ট ফলপ্রদ যজ্ঞের দ্বারা ধার্ম্মিকবর বসুদেবকে দীক্ষিত করিলেন ॥

বসুদেবের দীক্ষাকার্য্য আরম্ভ হইলে, যাদবগণ এবং উপনীত রাজন্যবর্গ সকলে স্নানাদি সমাপন পূর্ব্বক উৎকৃষ্ট মাল্য এবং বেশ-ভূষাদিতে সজ্জিত হইলেন; এবং তাঁহাদের পত্নীগণও বস্ত্রালঙ্কার এবং স্বর্ণপদকাদিতে সুসজ্জিতা

তদ্দীক্ষায়াং প্রবৃত্তায়াং বৃষ্ণয়ঃ পুষ্করস্রজঃ।
স্নাতাঃ সুবাসসো রাজন্ রাজানঃ সুষ্ঠ্বলঙ্কৃতাঃ ॥
তন্মহিষ্যশ্চ মুদিতা নিষ্ককণ্ঠ্যঃ সুবাসসঃ।
দীক্ষাশালামুপাজগ্মুরালিপ্তা বস্তুপাণয়ঃ ॥ ৩২ ॥
নেদুর্মৃদঙ্গ-পটহ-শঙ্খ-ভের্য্যানকাদয়ঃ।
ননৃতুর্নট-নর্ত্তক্য স্তুষ্টুবুঃ সূতমাগধাঃ।
জগুঃ সুকণ্ঠ্যো গন্ধর্ব্যঃ সঙ্গীতং সহভর্ত্তৃকাঃ ॥ ৩৩ ॥
তমভ্যষিঞ্চন্ বিধিবদৃত্বিজঃ।
পত্নীভিরষ্টাদশভিঃ সোমরাজমিবোড়ুভিঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

হে রাজন্! তদ্দীক্ষায়াং প্রবৃত্তায়াং স্নাতাঃ সুষ্ঠু অলঙ্কৃতাঃ সুবাসসঃ পুষ্করস্রজঃ বৃষ্ণয়ঃ, রাজানঃ, তেষাং মহিষ্যঃ চ নিষ্ককণ্ঠ্যঃ সুবাসসঃ (কুঙ্কুমাদিভিঃ) আলিপ্তাঃ সত্যঃ মুদিতাঃ সর্ব্বে বস্তুপাণয়ঃ গৃহীতার্হণহস্তাঃ এব দীক্ষাশালাং উপাজগ্মুঃ ॥ ৩২ ॥

মৃদঙ্গাদয়ঃ নেদুঃ; নটনর্ত্তক্যঃ ননৃতুঃ; সূতমাগধাঃ তুষ্টুবুঃ; সহভর্ত্তৃকাঃ সুকণ্ঠ্যঃ গন্ধর্ব্যঃ সঙ্গীতং জগুঃ ॥ ৩৩ ॥

উড়ুভিঃ নক্ষত্রৈঃ সহিতং সোমরাজং চন্দ্রং যথা পূর্ব্বং অভ্যষিঞ্চন্ তথা অষ্টাদশভিঃ পত্নীভিঃ সহিতং অক্তং (নেত্রয়োঃ অঞ্জনেন) অভ্যক্তং (সর্ব্বাঙ্গেষু নবনীতেন লিপ্তং) তং বসুদেবং ঋত্বিজঃ বিধিবদ্ অভ্যষিঞ্চন্ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

আলিপ্তাঃ কুঙ্কুমাদিভিঃ। বস্তুপাণয়ঃ গৃহীতার্হণহস্তাঃ ॥ ৩৩ ॥
অক্তং নেত্রাঞ্জনেন অভ্যক্তং সর্ব্বাঙ্গেষু নবনীতেন ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মারোপ্য যদি কর্ম্ম চিকীর্ষসি তদা ভগবানিব লোকসংগ্রহার্থং কর্ম্ম কুর্ব্বিতি ভাবঃ ॥ ৩২ ॥
বস্তুপাণয়ঃ হস্তগৃহীতার্হণদ্রব্যাঃ ॥ ৩৩ ॥

হইলেন; এবং চন্দনাদিতে প্রলিপ্ত হইয়া, বিবিধ উপহার হস্তে এবং প্রফুল্ল হৃদয়ে সকলেই দীক্ষাশালায় উপনীত হইলেন ॥ ৩২ ॥

চতুর্দ্দিক্ হইতে মৃদঙ্গ, পটহ, শঙ্খ, ভেরী ও আনকাদি বাদ্যযন্ত্র বাদিত হইতে লাগিল; নট ও নর্ত্তকীগণ নৃত্য করিতে লাগিল; সূত এবং মাগধগণ স্তব করিতে লাগিল; সুকণ্ঠী গন্ধর্ব্বীগণ স্ব স্ব পতিসহ পবিত্র সঙ্গীত সমূহ গান করিতে লাগিল ॥ ৩৩ ॥

তখন ঋত্বিক্‌গণ তারকাগণে পরিবেষ্টিত সোমরাজ চন্দ্রের ন্যায়, অষ্ট

তাভির্দুকূলবলয়ৈর্হারকুণ্ডলনূপুরৈঃ।
স্বলঙ্কৃতাভি র্বিবভৌ দীক্ষিতোঽজিনসংবৃতঃ ॥
তস্যর্ত্বিজো মহারাজ পীতকৌশেয়বাসসঃ।
সসদস্যা বিরেজুস্তে যথা বৃত্রহনোঽধ্বরে ॥ ৩৫ ॥
তদা রামশ্চ কৃষ্ণশ্চ স্বৈঃ স্বৈর্ব্বন্ধুভিরন্বিতৌ।
রেজতুঃ স্বসুতৈর্দারৈ র্জীবেশৌ স্ববিভূতিভিঃ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

দুকূলবলয়ৈঃ হারকুণ্ডলনূপুরৈঃ স্বলঙ্কৃতাভিঃ তাভিঃ পত্নীভিঃ সহ দীক্ষিতঃ সঃ বসুদেবঃ অজিনেন মৃগচর্ম্মণা, সংবৃতঃ চ বিবভৌ বিররাজ ॥

হে মহারাজ! সসদস্যাঃ সভ্যৈঃ সহিতাঃ (পীত) রত্নকৌশেয়বস্ত্রৈঃ অলঙ্কৃতাঃ তস্য বসুদেবস্য ঋত্বিজঃ, বৃত্রহনঃ বৃত্রাসুরহননানন্তরং ইন্দ্রস্য, অধ্বরে যজ্ঞে, তস্য ঋত্বিজঃ যথা বিরেজুঃ তথা বিরেজুঃ ॥ ৩৫ ॥

তদা স্বৈঃ স্বৈঃ বন্ধুভিঃ স্ববিভূতিভিঃ স্বসুতৈঃ স্বাংশভূতৈঃ সুতাদিভিঃ দারৈঃ চ অন্বিতৌ জীবানাং ঈশৌ রামকৃষ্ণৌ রেজতুঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

তাভিঃ সহিতো দীক্ষিতো বিরেজে ॥ ৩৫ ॥ জীবেশৌ সর্ব্বজীবানামীশৌ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

অক্তং নেত্রয়োরঞ্জনেন। অভ্যক্তং সর্ব্বাঙ্গেষু নবনীতেন। সোমরাজং বহূনাং সোমানাং যদি কশ্চিদেকো রাজা ভবতি তমিবেত্যর্থঃ ॥৩৪॥৩৫॥ জীবেশৌ সর্ব্বজীবানামীশৌ ॥৩৬॥

পত্নীতে পরিবেষ্টিত বসুদেবকে যথাবিধি লোচনে অঞ্জনাদির প্রয়োগে এবং দেহে নবনীতাদির প্রলেপে বেদবিধানানুসারে অভিষিক্ত করিলেন ॥ ৩৪ ॥

এই প্রকারে দীক্ষিত বসুদেব মৃগচর্ম্মে সুসংবৃত হইয়া, উপাদেয় বস্ত্র, বলয়, হার, কুণ্ডল এবং নূপুরাদি বিবিধ অলঙ্কারে সুশোভিতা বনিতাগণে পরিবেষ্টিত হইয়া, অপূর্ব্ব শোভা ধারণ করিলেন ॥

বৃত্রাসুর বধের পর ইন্দ্রযজ্ঞে তদীয় ঋত্বিক্‌গণের ন্যায়, উপস্থিত বসুদেবের যজ্ঞে ঋত্বিক্‌গণ এবং সদস্যগণ সকলেই পীতকৌশেয় বসন পরিধানে যজ্ঞস্থলের অপূর্ব্ব শোভা সম্পাদন করিয়াছিলেন ॥ ৩৫ ॥

তৎকালে বলরাম এবং শ্রীকৃষ্ণও স্ব স্ব বন্ধুবর্গে পরিবেষ্টিত হইয়া, যজ্ঞস্থলে উপস্থিত হইলেন। অহো! জীবমাত্রেরই নিয়ন্তা সেই রামকৃষ্ণ পিতার যজ্ঞোৎসব উপলক্ষে স্বীয় কৌস্তুভ মণি এবং মকর কুণ্ডলাদি বিভূতি লইয়া এবং স্ত্রীপুত্রাদিতে পরিবেষ্টিত হইয়া উপস্থিত হইলেন ॥ ৩৬ ॥

ঈজেঽনুযজ্ঞং বিধিনা অগ্নিহোত্রাদিলক্ষণৈঃ।
প্রাকৃতৈ বৈকৃতৈঃ সর্ব্বৈর্দ্রব্যজ্ঞানক্রিয়েশ্বরং ॥
অথর্ত্বিগ্‌ভ্যোঽদদৎকালে যথাম্নাতং সদক্ষিণাঃ।
স্বলঙ্কৃতেভ্যোঽলঙ্কৃত্য গোভূকন্যামহাধনাঃ ॥ ৩৭ ॥
পত্নীসংযাজাবভৃথ্যৈশ্চরিত্বা তে মহর্ষয়ঃ।
সস্নুরামহ্রদে বিপ্রা যজমানপুরঃসরাঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

অথ প্রাকৃতৈঃ (আম্নাতসর্ব্বাঙ্গাঃ প্রাকৃতাঃ জ্যোতিষ্টোম-দর্শ-পৌর্ণমাসাদয়ঃ তৈঃ) বৈকৃতৈঃ (সৌর্য্যাদয়ঃ তৈঃ) সর্ব্বৈঃ এব অগ্নিহোত্রাদিনামকৈঃ অগ্নিহোত্রাদিলক্ষণৈঃ দ্রব্য-জ্ঞান-ক্রিয়েশ্বরং (ভূতপঞ্চক জ্ঞানেন্দ্রিয়পঞ্চক কর্ম্মেন্দ্রিয়পঞ্চক নির্ব্বাহকং) ভগবন্তং বিধিনা অনুযজ্ঞং প্রতিযজ্ঞং, ঈজে ইষ্টবান্ ॥

অথ অনন্তরং বসুদেবঃ কালে তত্তদবসরে স্বলঙ্কৃতেভ্যঃ ঋত্বিগ্‌ভ্যঃ স্বয়ং অলঙ্কৃত্য যথা—আম্নাতং যথোক্তং, দক্ষিণাঃ তথা মহান্তি ধনানি যাসু তাঃ স্বলঙ্কৃতাঃ গোভূকন্যাঃ চ দদৌ ॥ ৩৭ ॥

পত্নীসংযাজাবভৃথ্যৈঃ পত্নীসংযাজৈঃ আবভৃথ্যৈঃ চ যাগবিশেষৈঃ, চরিত্বা তান্ অনুষ্ঠায় তে মহর্ষয়ঃ ঋত্বিজঃ যজমানপুরঃসরাঃ (যজমানঃ পুরঃসরঃ যেষাং তে) বিপ্রাঃ রামহ্রদে পরশু-রামনির্ম্মিতে হ্রদে সস্নুঃ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

অনুযজ্ঞং প্রতিযজ্ঞং। আম্নাতসর্ব্বাঙ্গাঃ প্রাকৃতাঃ জ্যোতিষ্টোমদর্শপৌর্ণমাসাদয়ঃ। তেভ্য-শ্চোদনা-লিঙ্গাদিভিরতিদেশ-প্রাপ্তাঙ্গা বৈকৃতাঃ সৌর্য্যসত্রাদয়ঃ তৈশ্চ সর্ব্বৈঃ। দ্রব্যং পুরোড়াশাদি। জ্ঞানং মন্ত্রঃ। ক্রিয়া কর্ম্ম। তেষামীশ্বরং ॥ ৩৭ ॥

সস্নুঃ স্নানং চক্রুঃ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুযজ্ঞং প্রতিযজ্ঞং। আম্নাতসর্ব্বাঙ্গাঃ প্রকৃতাঃ জ্যোতিষ্টোমদর্শপৌর্ণমাসাদয়ঃ। তেভ্যশ্চোদনালিঙ্গাদিভি রতিদেশপ্রাপ্তাঃ বৈকৃতাঃ সৌর্য্যসত্রাদয়ঃ। তৈঃ সর্ব্বৈরেব। দ্রব্যং পুরোডাশাদি। জ্ঞানং মন্ত্রঃ। ক্রিয়া কর্ম্ম। তেষামীশ্বরং ॥

স বসুদেবঃ। দক্ষিণাঃ কীদৃশীঃ। মহান্তি স্বর্ণরত্নাদীনি ধনানি যাসু তাঃ ॥ ৩৭ ॥

পত্নীসংযাজো যাগবিশেষঃ। অবভৃথসম্বন্ধিকৃত্যানি চ তৈশ্চরিত্বা তান্যনুষ্ঠায়েত্যর্থঃ ॥৩৮॥

এদিকে বসুদেব অগ্নিহোত্রাদি নামক সর্ব্বপ্রকার প্রাকৃত ও বৈকৃত যজ্ঞের যথাবিধি অনুষ্ঠানে দ্রব্য, জ্ঞান ও ক্রিয়ার অধীশ্বর যজ্ঞপতি জনার্দ্দনেরই আরাধনা করিলেন ॥ ৩৭ ॥

অনন্তর মহর্ষিগণ পত্নীসংযাজ এবং আবভৃথ্যাদি যজ্ঞ-কর্ম্মের সমাপনান্তে

নানালঙ্কারবাসাংসি বন্দিভ্যোঽদাত্তথা স্ত্রিয়ঃ।
ততঃ স্বলঙ্কৃতো বর্ণানাশ্বভ্যোঽন্নেন পূজয়ৎ ॥ ৩৯ ॥
বন্ধূন্ সদারান্ সসুতান্ পারিবর্হেণ ভূয়সা।
বিদর্ভ-কোশল-কুরূন্ কাশি-কেকয়-সৃঞ্জয়ান্ ॥
সদস্যর্ত্বিক্ সুরগণান্ নৃ-ভূত-পিতৃ-চারণান্।
শ্রীনিকেতমনুজ্ঞাপ্য শংসন্তঃ প্রযযুঃ ক্রতুং ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

স্নাতঃ ততঃ সু অলঙ্কৃতঃ বসুদেবঃ বন্দিভ্যঃ নানালঙ্কারবাসাংসি দদুঃ; তথা তস্য স্ত্রিয়ঃ অপি স্নাতাঃ বস্ত্রাদিকং তেভ্যঃ দদুঃ। ততঃ স্বলঙ্কৃতঃ বসুদেবঃ শুনঃ অভিব্যাপ্য সর্ব্বান্ এব বর্ণান্ অন্নেন অপূজয়ৎ ॥ ৩৯ ॥

সদারান্ সসুতান্ বন্ধূন্ তথা বিদর্ভ-কোশল-কুরূন্ কাশি-কেকয়-সৃঞ্জয়ান্ তত্তদ্দেশ-বাসিনঃ ভূয়সা পারিবর্হেণ দেয়বস্তুনা, অপূজয়ৎ ॥

তথা সদস্যর্ত্বিক্ সুরগণান্ নৃ-ভূত-পিতৃ-চারণান্ অপূজয়ৎ। ততঃ চ তে সর্ব্বে শ্রীনিকেতং লক্ষ্মীপতিং, শ্রীকৃষ্ণং অনুজ্ঞাপ্য তদনুজ্ঞাং পৃষ্ট্বা ক্রতুং তৎ কর্ম্ম, ভগবন্তং চ প্রশংসন্তঃ স্বাশ্রমান্ যযুঃ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

আশ্বভ্যঃ শুনোঽভিব্যাপ্য। অন্নেন পূজয়ৎ অপূজয়ৎ ॥ ৩৯ ॥
বন্ধূদাংশ্চারণান্তান্ পারিবর্হেণ প্রীতিদানেন চাপূজয়ৎ। তে চ সর্ব্বে প্রযযুঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্নাতো বসুদেবঃ। তস্য স্ত্রিয়শ্চ দদুঃ আশ্বভ্যঃ শুনোঽভিব্যাপ্য। অন্নেন পূজয়ৎ অপূজয়ৎ ॥ ৩৯ ॥ পারিবর্হেণ প্রীতিদানেন চ ॥ তে চ সর্ব্বে প্রযযুঃ ॥ ৪০ ॥

যজমান বসুদেবকে সঙ্গে লইয়া, পরশুরাম-নির্ম্মিত হ্রদে যাইয়া অবগাহন স্নান করিলেন ॥ ৩৮ ॥

স্নানান্তে বসুদেব বস্ত্রাদি পরিধান পূর্ব্বক বন্দিগণকে নানাপ্রকার বস্ত্রালঙ্কারাদি প্রদান করিলেন; বসুদেবের পত্নীগণও তথাবিধ বস্ত্রাদি প্রদানে বন্দিগণকে পরিতুষ্ট করিলেন। বসুদেব যজ্ঞসমাপনান্তে অন্নাদি দানের দ্বারা আপামর সকল বর্ণ, এমন কি? অতি নীচ কুক্কুর পর্য্যন্ত জীবেরও তৃপ্তি সাধন করিয়াছিলেন; অকাতরে সকলকেই অন্নাদি প্রদানে পরিতৃপ্ত করিয়াছিলেন ॥ ৩৯ ॥

পুত্র কলত্রাদি সহ বন্ধুবর্গকে প্রচুর পরিমাণে দ্রব্যসামগ্রী প্রদান করিলেন। বিদর্ভ, কোশল, কুরু, কাশি, কেকয় এবং সৃঞ্জয়গণকে, ভূরি পরিমাণে উপহার প্রদানে তিনি সকলের অর্চ্চনা করিলেন ॥

ধৃতরাষ্ট্রোঽনুজঃ পার্থা ভীষ্মো দ্রোণঃ পৃথা যমৌ।
নারদো ভগবান্ ব্যাসঃ সুহৃৎসম্বন্ধিবান্ধবাঃ ॥ ৪১ ॥
বন্ধূন্ পরিষ্বজ্য যদূন্ সৌহৃদাক্লিন্নচেতসঃ।
যযুর্বিরহকৃচ্ছ্রেণ স্বদেশানপরে জনাঃ ॥
নন্দস্তু সহ গোপালৈর্মহত্যা পূজয়ার্চ্চিতঃ।
কৃষ্ণরামোগ্রসেনাদ্যৈর্ন্যবাৎসীদ্বন্ধুবৎসলঃ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

ততঃ ধৃতরাষ্ট্রঃ অনুজঃ বিদুরঃ, পার্থাঃ যুধিষ্ঠিরভীমার্জ্জুনাঃ, যমৌ নকুলসহদেবৌ, পৃথা কুন্তী, ভীষ্মঃ দ্রোণঃ সুহৃদঃ মিত্রাণি, সম্বন্ধিনঃ মাতুল-শ্বশুরাদয়ঃ বান্ধবাঃ গোত্রিণঃ, নারদঃ ভগবান্ ব্যাসঃ ॥

সৌহৃদাক্লিন্নচেতসঃ (সৌহৃদেন স্নেহেন আক্লিন্নং চেতঃ যেষাং তে) বন্ধূন্ যদূন্ পরিষ্বজ্য বিরহকৃচ্ছ্রেণ স্বদেশং যযুঃ। তথা অপরে অপি যযুঃ ॥ ৪১ ॥

(কৃষ্ণাদিভিঃ) মহত্যা পূজয়া অর্চ্চিতঃ সৎকৃতঃ, গোপালৈঃ সহ বন্ধুবৎসলঃ নন্দঃ তত্র কৃষ্ণরামোগ্রসেনাদ্যৈঃ সহ তেষাং প্রীত্যর্থং ন্যবাৎসীৎ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

প্রয়াণে কেষাঞ্চিদ্বিশেষমাহ ধৃতরাষ্ট্র ইতি দ্বাভ্যাং। অনুজো বিদুরঃ পার্থা যুধিষ্ঠির-ভীমার্জ্জুনাঃ। যমৌ নকুলসহদেবৌ ॥ ৪১ ॥ সৌহৃদেনাক্লিন্নানি চেতাংসি যেষাং তে ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুজো বিদুরঃ ॥ ৪১ ॥

তুশব্দেন সর্ব্বতোঽপি বিশেষতঃ পার্থাদিপূজাতোঽপি বৃহত্যা পূজয়া। তান্ সর্ব্বান্ প্রস্থাপ্যাপি তস্য চিরমপ্রস্থাপনাৎ ॥ ৪২ ॥

সদস্য, ঋত্বিক্, দেবতাগণ, নরলোক, ভূতলোক, পিতৃগণ এবং চারণ সমূহকে যথাযোগ্য পূজা করিলেন। অনন্তর তাঁহারা সকলে শ্রীপতি বাসুদেবের অনুমতি গ্রহণে তদীয় কর্ম্মের প্রশংসা করিতে করিতে সত্বর স্ব স্ব আশ্রমে প্রস্থান করিলেন ॥ ৪০ ॥

তৎপরে ধৃতরাষ্ট্র, তদীয় অনুজ বিদুর, যুধিষ্ঠির, ভীম এবং অর্জ্জুনাদি কুন্তীপুত্রগণ, ভীষ্ম, দ্রোণ, নারদ, ব্যাসদেব এবং অন্যান্য সুহৃদ্ সম্বন্ধী বান্ধবগণ— ॥

সকলেই বন্ধুবর্গ যদুগণকে আলিঙ্গন করত, সৌহার্দ্দ্য প্রেমে আর্দ্রহৃদয় হইয়া, অতি কষ্টে তাঁহাদিগকে পরিত্যাগ পূর্ব্বক স্ব স্ব দেশে প্রতিগমন করিলেন ॥ ৪১ ॥

বসুদেবোঽঞ্জসোত্তীর্য্য মনোরথমহার্ণবং।
সুহৃদ্বৃতঃ প্রীতমনা নন্দমাহ করে স্পৃশন্ ॥ ৪৩ ॥
বসুদেব উবাচ ॥
ভ্রাতরীশকৃতঃ পাশো নৃণাং যঃ স্নেহসংজ্ঞিতঃ।
তং দুস্ত্যজমহং মন্যে শূরাণামপি যোগিনাং ॥ ৪৪ ॥
অস্মাস্বপ্রতিকল্পেয়ং যৎ কৃতাজ্ঞেষু সত্তমৈঃ।

অন্বয়ঃ।

বসুদেবঃ তু মনোরথ-মহার্ণবং (যজ্ঞবিষয়কমনোরথঃ এব মহার্ণবঃ তং) অঞ্জসা অনায়াসেন, উত্তীর্য্য প্রীতমনাঃ সুহৃদ্বৃতঃ সন্ নন্দং করে স্পৃশন্ আহ ॥ ৪৩ ॥

বসুদেবঃ উবাচ। হে ভ্রাতঃ! নৃণাং স্নেহসঙ্গিতঃ যঃ ঈশকৃতঃ পাশঃ তং শূরাণাং (বলেন) যোগিনাং (জ্ঞানাদিনা চ) দুস্ত্যজং অহং মন্যে ॥ ৪৪ ॥

যৎ যস্মাৎ কৃতাজ্ঞেষু (কৃতং উপকারং অজানৎসু অপি) অস্মাসু সত্তমৈঃ ভবদ্ভিঃ অকল্পা

শ্রীধরস্বামী।

মনোরথো যজ্ঞবিষয়ঃ তমেব মহার্ণবং ॥ ৪৩ ॥

শূরাণাং বলেন যোগিনাং জ্ঞানেনাপীত্যর্থঃ ॥ ৪৪ ॥

তং কুতস্তত্রাহ অস্মাস্বিতি কৃতাজ্ঞেষু কৃতমুপকারমজানৎসু সত্তমৈর্ভবদ্ভিঃ অপ্রতিকল্পা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনোরথো যজ্ঞবিষয়কস্তং মহার্ণবং উত্তীর্য্য তৎ সর্ব্বসংপূর্ণতালাভেনেতি ভাবঃ ॥ ৪৩ ॥

বলেন শূরাণামপি দুর্ভিদং জ্ঞানেন যোগিনামপি দুস্ত্যজমিত্যর্থান্তরন্যাসেন মৎপুত্রয়োঃ স্নেহপাশেন যুবাং রাত্রিন্দিবং দৃঢ়ং বদ্ধাবেব ভবথ ইতি ভাবঃ ॥ ৪৪ ॥

এদিকে শ্রীকৃষ্ণ প্রভৃতি যদুগণ যথেষ্ট উপহার প্রদানে বন্ধু-বৎসল নন্দরাজের বিশেষ সম্মান করিলেন; তিনি রামকৃষ্ণ এবং উগ্রসেনাদির প্রীতিবর্দ্ধনার্থ কিছুকাল সেই স্থানেই গোপগণ সহ অবস্থান করিলেন ॥ ৪২ ॥

বসুদেব তখন মহাসমুদ্র-সদৃশ বিপুল যজ্ঞমহোৎসব সম্পাদনের মনোরথ উত্তীর্ণ হইয়া, বিশেষ পরিতৃপ্ত হইলেন; এবং সুহৃদ্গণে পরিবৃত হইয়া, নন্দের হস্ত ধারণে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ৪৩ ॥

বসুদেব বলিলেন, হে ভ্রাতঃ! মানবগণের মধ্যে যে স্নেহবন্ধন অবলোকন করিতেছি, তাহা নিশ্চয়ই জগদীশ্বরের কৃত, সন্দেহ নাই। কারণ অপরের কথা দূরে থাকুক্! জগতে এমন কোন বলবান্ বা জ্ঞানবান্ ব্যক্তি দেখা যায় না, যিনি পরাক্রমের পরিচয়ে বা জ্ঞান যোগের প্রভাবে সেই স্নেহপাশকে অতিক্রম করিতে পারেন ॥ ৪৪ ॥

মৈত্র্যর্পিতাফলাচাপি ন নিবর্ত্তেত কর্হিচিৎ ॥ ৪৫ ॥
প্রাগকল্পাচ্চ কুশলং ভ্রাতর্বো নাচরাম হি।
অধুনা শ্রীমদান্ধাক্ষা ন পশ্যামঃ পুরঃ সতঃ ॥ ৪৬ ॥
মা রাজ্যশ্রীরভূৎ পুংসঃ শ্রেয়স্কামস্য মানদ।

অন্বয়ঃ।

অনুপমা ইয়ং পুত্রলালনাদিস্নেহরূপা মৈত্রী অর্পিতা কৃতা, সা অফলা প্রত্যুপকাররহিতা, অপি ন কর্হিচিৎ নিবর্ত্তেত ॥ ৪৫ ॥

হে ভ্রাতঃ! প্রাক্ কংসকৃতনিবন্ধদশায়াং অকল্পাৎ সামর্থ্যাভাবাৎ এব বঃ যুষ্মাকং, কুশলং প্রিয়ং, ন আচরাম ন হি কৃতবন্তঃ; অধুনা তু শ্রীমদান্ধাক্ষাঃ (শ্রীমদেন অন্ধে অক্ষিণী যেষাং তে) বয়ং পুরঃ সতঃ অগ্রে বিদ্যমানান্ অপি যুষ্মান্ ন পশ্যামঃ ॥ ৪৬ ॥

হে মানদ! শ্রেয়স্কামস্য পরমপুরুষার্থং ইচ্ছতঃ, পুংসঃ রাজ্যশ্রীঃ মা ন অভূৎ। যয়া শ্রিয়া অন্ধদৃক্ লুপ্তবিবেকঃ, পুমান্ (কৃতোপকারান্) স্বজনান্ উত বন্ধূন্ চ ন পশ্যতি ॥

শ্রীধরস্বামী।

অনুপমা মৈত্রীয়মর্পিতা অফলাপি প্রত্যুপকারশূন্যাপি কর্হিচিৎ যদ্যস্মাৎ ন নিবর্ত্তেত তস্মাদীশ্বরকৃতঃ পাশোঽয়ং ভবতামিতি গম্যত ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

অফলত্বমেবাহ প্রাগিতি। হে ভ্রাতঃ অকল্পাৎ অসমর্থত্বাৎ বঃ কুশলং প্রিয়ং নহি আচরাম ন কৃতবন্তো বয়ং শ্রীমদেন অন্ধানি অক্ষীণি যেষাং তে ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রামকৃষ্ণবিষয়ক-দৃঢ়স্নেহরূপ-মহাধনবিতরণেন সত্তমে র্ভবদ্ভিরস্মাসু যৎ যা মৈত্রী অর্পিতা ইয়ং অপ্রতিকল্পা নিরুপমা অফলা প্রত্যুপকারলিপ্সাশূন্যা কদাপি ন নিবর্ত্তিষ্যতে চ এবার্থে অপি নিশ্চিতমেব। অস্মাসু কীদৃশেষু কৃতাজ্ঞেষু কৃতমুপকারমজানৎসু। তেন বয়মসত্তমাঃ সত্তমান্ যুষ্মান্ প্রতীদং বক্তুমপি ন ত্রপামহে ইতি ভাবঃ ॥ ৪৫ ॥

স্বেষামকৃতজ্ঞত্বমেবাহ। প্রাক্ অকল্পাৎ কংসপারতন্ত্র্যেণাসামর্থ্যাৎ যুষ্মাকং প্রত্যুপকারং নাচরাম ন করবাম। কংসবধানন্তরমধুনা স্বাতন্ত্র্যেঽপি শ্রীমদেত্যাদি ॥ ৪৬ ॥

আপনি আমাদের যে উপকার করিয়াছেন, আমরা তাহার গুরুত্ব না জানিলেও, জগতে তাহার তুলনা নাই। অহো! আমরা তাহার কিছুমাত্র প্রত্যুপকারে যত্নবান্ না হইলেও, আপনারা কিন্তু এখনও উপকার করিতে নিবৃত্ত নহেন ॥ ৪৫ ॥

হে ভ্রাতঃ! পূর্ব্বে কংস-কারাগারে বদ্ধ থাকায়, আপনার উপকারে অসমর্থ ছিলাম; এক্ষণে শ্রীমদে এত অন্ধ হইয়াছি যে, আপনারা সম্মুখে উপস্থিত থাকিতেও, তাচ্ছিল্য বশত আমি দেখিতেও পাইতেছি না ॥ ৪৬ ॥

স্বজনানুত বন্ধূন্ বা ন পশ্যতি যয়ান্ধদৃক্ ॥
এবং সৌহৃদশৈথিল্যচিত্ত আনকদুন্দুভিঃ।
রুরোদ তৎকৃতাং মৈত্রীং স্মরন্নশ্রুবিলোচনঃ ॥ ৪৭ ॥
নন্দস্তু সখ্যুঃ প্রিয়কৃৎ প্রেম্না গোবিন্দরাময়োঃ।
অদ্য শ্ব ইতি মাসাংস্ত্রীন্ যদুভির্মানিতোঽবসৎ ॥

অন্বয়ঃ।

এবং সৌহৃদেন প্রেম্না শৈথিল্যং চিত্তং যস্য সঃ অতএব অশ্রুবিলোচনঃ (অশ্রূণি বিলোচনয়োঃ যস্য সঃ) আনকদুন্দুভিঃ তৎকৃতাং পুত্রপালনাদি-মৈত্রীং স্মরন্ রুরোদ ॥ ৪৭ ॥

সখ্যুঃ প্রিয়কৃৎ নন্দস্তু গোবিন্দরাময়োঃ প্রেম্না (বদ্ধঃ তথা) যদুভিঃ মানিতঃ চ অদ্য শ্বঃ ইতি কৃত্বা তত্র ত্রীন্ মাসান্ অবসৎ ॥

শ্রীধরস্বামী।

রাজ্যশ্রীর্মাভূৎ ছান্দসত্বাদড়াগমঃ ॥ ৪৭ ॥

অদ্য শ্ব ইতি প্রাতর্নির্গমেঽদ্যৈব অপরাহ্ণে গম্যতাং অপরাহ্ণে নির্গমে শ্বো গম্যতামিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মা অভূৎ মা ভূয়াৎ। অড়াগম আর্ষঃ। এবং মহাদৈন্যবিনয়সিন্ধৌ তং মজ্জয়ন্ স্বয়মেব নিমমজ্জ বসুদেব ইতি ভাবঃ ॥ ৪৭ ॥

নন্দস্তুতি র্দুর্ভিন্নোপক্রমে বসুদেবস্য য উপক্রমোঽভূৎ স নন্দস্য নাভূদিত্যর্থঃ। মৎপুত্রে শ্রীকৃষ্ণে তব স্বপুত্রত্বাভিমানং বিধ্বংসয়ন্নহমিদানীং খলু স্বপুত্রং গৃহীত্বৈব ব্রজং যাস্যামীত্যতিগাম্ভীর্য্যাদেব যন্ন প্রত্যবোচৎ কিন্তু তূষ্ণীমেবাতিষ্ঠৎ তেনৈব সখ্যু র্বসুদেবস্য

হে মানদ! যাঁহারা পুরুষার্থস্বরূপ পরম শ্রেয়োলাভের প্রার্থনা করেন, তাঁহারা যেন রাজ্যৈশ্বর্য্যাদি শ্রীঃ দ্বারা কখন পরিবেষ্টিত না হন। কারণ শ্রীমদে মানব এরূপ অন্ধ হয় যে, প্রকৃত উপকারী স্বীয় স্বজন বন্ধু বান্ধবের প্রতিও তাহাদের দৃষ্টি কখন নিপতিত হয় না ॥

এই প্রকার সৌহার্দ্দ্য ও প্রেমে আর্দ্রচিত্ত বসুদেব নন্দ-যশোদা কৃত পুত্র-পালনাদি মৈত্রীর কথা স্মরণে অশ্রু বিমোচন পূর্ব্বক রোদন করিলেন ॥ ৪৭ ॥

বন্ধুবর্গের হিতকারী ব্রজপতি নন্দ রামকৃষ্ণের প্রেমে একান্তই বদ্ধ; তাহাতে আবার যদুগণ সর্ব্বদাই তাঁহার বিশেষ যত্ন করিতেন; সুতরাং আজ কাল করিয়া, তিনি সেখানে তিন মাস কাল অবস্থান করিলেন ॥

পরে বহুমূল্য আভরণ ও বস্ত্র পরিচ্ছদাদি সর্ব্বপ্রকার অভিলষিত বস্তু সামগ্রী লাভে পূর্ণ-মনোরথ হইলেন ॥

ততঃ কামৈঃ পূর্য্যমাণঃ সব্রজঃ সহবান্ধবঃ।
পরার্দ্ধ্যাভরণক্ষৌম-নানানর্ঘ্যপরিচ্ছদৈঃ ॥ ৪৮ ॥
বসুদেবোগ্রসেনাভ্যাং কৃষ্ণোদ্ধববলাদিভিঃ।
দত্তমাদায় পারিবর্হং যাপিতো যদুভির্যযৌ ॥

অন্বয়ঃ।

ততঃ পরার্দ্ধ্যৈঃ শ্রেষ্ঠৈঃ আভরণাদিভিঃ উৎকৃষ্টপরিচ্ছদৈঃ চ কামৈঃ পূর্য্যমাণঃ সব্রজঃ ব্রজজনসহিতঃ নন্দঃ ॥

বসুদেবোগ্রসেনাভ্যাং কৃষ্ণোদ্ধব-বলাদিভিঃ দত্তং পারিবর্হং পারিতোষিকং, আদায় যদুভিঃ (দূরং আগত্য প্রস্থাপিতঃ) যযৌ (ইতি দ্বয়োরন্বয়ঃ) ॥ ৪৮ ॥

নন্দঃ গোপাঃ গোপ্যঃ চ গোবিন্দ-চরনাম্বুজে কৃষ্ণপাদপদ্মে, ক্ষিপ্তং নিক্ষিপ্তং, মনঃ পুনঃ হর্ত্তুং অনীশাঃ অসমর্থাঃ, এব মথুরান্ যযুঃ ॥

শ্রীধরস্বামী।

পুনঃ পুনরেবং মানিতঃ ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রিয়কৃৎ অন্যথা ত্বপ্রিয়কৃদেব সোঽভবিষ্যদিতি ভাবঃ। অদ্য শ্ব ইতি অদ্য শ্বশ্চাবসমেব। শ্বঃ স্বপুত্রং গৃহীত্বা ব্রজং যাস্যামীতি প্রতিরাত্রি বিচারয়ন্নপি গোবিন্দরাময়োঃ প্রেম্না তদাশ্রয়-বিষয়কপ্রেমানন্দেন ত্রীনপি মাসানবসৎ ॥ ৪৮ ॥

ততো মাসত্রয়ানন্তরং ভোঃ প্রাণপরার্দ্ধনির্ম্মন্থিত শ্রীমুখধর্ম্মবিন্দো কৃষ্ণ সাম্প্রতং চল ব্রজং অতঃপরং সময়ং গময়িতুং ন শক্নোমি। ভোঃ সখে বসুদেব! কৃষ্ণং ব্রজে প্রস্থাপয়। ভো রাজন্নুগ্রসেন ত্বমপ্যেবমেব মৎপ্রিয়সখমিমমাজ্ঞাপয়। নোচেদত্র পুণ্যক্ষেত্রে রামহ্রদে বয়-

---

এবং বসুদেব, উগ্রসেন, রামকৃষ্ণ ও উদ্ধব কর্ত্তৃক প্রদত্ত পারিতোষিক বস্তু গ্রহণে এবং বহুদূর পর্য্যন্ত যদুগণ তাঁহার সমভিব্যাহারে গমন করিলে, নন্দ-রাজ ব্রজবাসী জনগণ ও বান্ধবগণের সহিত ব্রজে প্রস্থান করিলেন ॥ ৪৮ ॥

ব্রজপতি নন্দ, গোপগণ এবং গোপীগণ একান্ত ক্লেশের সহিতই তথা হইতে মথুরায় গমন করিলেন; কারণ গোবিন্দের চরণারবিন্দে সমর্পিত মন আর তাঁহারা প্রত্যাহরণ করিতে পারেন নাই ॥

আভাস।

ব্রজপতি নন্দ বসুদেবাদি বন্ধুবর্গের প্রেমে আবদ্ধচিত্ত হইয়া, অনেক দিবস সেই তীর্থ-ক্ষেত্রেই অবস্থান করিলেন। অদ্য, কল্য, করিয়া ক্রমশ তাঁহাদের দিনই অতিবাহিত হইতে লাগিল। প্রত্যহই রাত্রিতে বিচার করিতেন যে, অদ্য যখন যাওয়া হইল না, তখন কল্য প্রভাতে পুত্রকে লইয়া একত্রই যাইব। এই প্রকার অপেক্ষা করায়, তাঁহাদের ক্রমাবয়ে তিন মাস-কাল অতীত হইল। তখন অধীর হইয়া, শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে প্রাণপ্রিয়!

নন্দো গোপাশ্চ পোপাশ্চ গোবিন্দচরণাম্বুজে।
মনঃ ক্ষিপ্তং পুনর্হর্ত্তুমনীশা মাথুরান্ যযুঃ॥
বন্ধুষু প্রতিযাতেষু বৃষ্ণয় কৃষ্ণদেবতাঃ।
বীক্ষ্য প্রাবৃষমাসন্নাং পুনর্দ্বারবতীং যযুঃ॥ ৪৯॥

অন্বয়ঃ।

এবং বন্ধুষু সর্ব্বেষু প্রতিযাতেষু প্রস্থিতবৎসু কৃষ্ণদেবতাঃ (কৃষ্ণঃ এব দেবতা যেষাং তে) বৃষ্ণয়ঃ প্রাবৃষং বর্ষর্তুং, আসন্নাং সন্নিহিতাং, বীক্ষ্য জ্ঞাত্বা, পুনঃ দ্বারবতীং যযুঃ॥ ৪৯॥

শ্রীধরস্বামী।

যাপিত মহাসৈন্যেন প্রস্থাপিতঃ॥ ৪৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মধুনৈব ম্রিয়ামহে। যূয়ং স্বচক্ষুর্ভিঃ পশ্যত। বয়ং হি সূর্য্যোপরাগে পুণ্যজিঘৃক্ষয়া নায়াতাঃ। কিন্তু কৃষ্ণমপ্রাপ্য মর্ত্তুং কৃষ্ণং প্রাপ্য জীবিতুমিতি ব্রজস্থানামস্মাকং সর্ব্বেষামেব দৃঢ়ো নিশ্চয় ইত্যুক্তবতি শ্রীব্রজরাজে বসুদেবাদিভিঃ কামৈস্তস্য বাঞ্ছিতৈরর্থৈঃ পরার্দ্ধ্যাভরণাদিভিশ্চ স পূর্য্যমানো যযাবিত্যন্বয়ঃ। তত্র বসুদেবেন দেশকালপাত্রাভিজ্ঞেন স্বাপ্তবন্ধুভি র্বিচার্য্য শ্রীনন্দস্য কামপূরণং যথা ভোঃ সখে ব্রজরাজ সত্যং ব্রূষে ভবাদৃশানাং বন্ধূনাং জিষ্বাংসৈব কিং মে সম্মতা। তস্মাৎ সর্ব্বথৈব কৃষ্ণং ব্রজং প্রস্থাপয়িষ্যামি কিন্তু সাম্প্রতময়মস্মান্ বন্ধু-জ্ঞাতি-সুহৃদশ্চ বহূংশ্চ স্ত্রীজনান্ দ্বারকাং প্রবেশয়তু ততঃ পরদিন এব শুভক্ষণে নির্ব্বিরোধ-মেব ব্রজং প্রতি যাত্রাং করোত্বিত্যত্র পংস্সহস্রান্ শপথান্ করোমি। বয়ং খলু কৃষ্ণেন সহৈবাগতাঃ। বিনা কৃষ্ণং কথং গৃহং গন্তুং প্রভবামঃ। লোকাঃ কিং বদিষ্যন্তি? ত্বং সকলার্থ-পণ্ডিতোঽসি! ক্ষমস্ব মমৈতদ্বিজ্ঞাপনাপরাধমেব মামাজ্ঞাপয়েতি। উগ্রসেনেন যথা। ভো

বন্ধুগণ ক্রমশ স্ব স্ব গৃহে প্রস্থান করিলে, কৃষ্ণপ্রাণ বৃষ্ণিগণ বর্ষাকাল উপস্থিত অবলোকন করিয়া, সকলেই দ্বারাবতীতেই পুনরায় প্রস্থান করিলেন॥ ৪৯॥

আভাস।

আর অধিক দিবস আমরা গৃহ-সংসার পরিত্যাগ করিয়া, এখানে অবস্থান করিতে পারিতেছি না। এক্ষণে ব্রজে চল! সখে বসুদেব! তুমিই বা কোন্ প্রাণে কৃষ্ণকে এখানে রাখিতেছ! তাঁহাকে ব্রজে পাঠাইয়া দাও! হে রাজন্ উগ্রসেন! আমার প্রিয়সখা বসুদেবকে বলিয়া, কৃষ্ণকে ব্রজে পাঠাইয়া দিন! নতুবা এই পবিত্র ক্ষেত্রে আমরা কৃষ্ণবিরহে প্রাণ বিসর্জ্জন দিই; আপনারা প্রত্যক্ষে তাহা অবলোকন করুন! আমরা সূর্য্যগ্রহণের উপলক্ষে পুণ্য সঞ্চয়ের নিমিত্ত এই পবিত্র ক্ষেত্রে আগমন করি নাই। এখানে আসিয়া কৃষ্ণকে পাইয়া, আমরা ব্রজবাসী সকলে পুনর্জ্জীবিত হইব, কিম্বা শ্রীকৃষ্ণের বিরহে আমরা অকালে কালকবলে জীবন উৎসর্গ করিব। ব্রজরাজ এই প্রকার বলিলে, বসুদেবাদি যাদবগণ মহামূল্য বস্ত্রা-

জনেভ্যঃ কথয়াঞ্চক্রুর্যদুদেবমহোৎসবং।
যদাসীত্তীর্থযাত্রায়াং সুহৃৎসন্দর্শনাদিকং ॥ ৫০ ॥

অন্বয়ঃ।

তীর্থযাত্রায়াং যদুদেবস্য, বসুদেবস্য মহোৎসবং যজ্ঞমহোৎসবং তথা সুহৃৎসন্দর্শনাদিকং জনেভ্যঃ দ্বারকাবাসিভ্যঃ, কথয়াচক্রুঃ ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

যদুদেবস্য বসুদেবস্য মহোৎসবং যজ্ঞাদিলক্ষণং সুহৃৎসন্দর্শনাদিকঞ্চেতি ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রজেশ্বর অত্রার্থে অহমেব প্রতিভূরভূবং ; সশপথং ব্রবীমি বলাদেব কৃষ্ণমহং ব্রজে প্রস্থাপয়িষ্যামীতি। রামোদ্ধবসহিতেন রহঃপ্রদেশে কৃষ্ণেন যথা। ভোস্তাত যদ্যহমদ্য সংত্যজ্যৈব খল্বেতান্ ব্রজং যামি তর্হে তেঽপি মদ্বিরহেণ মর্ত্তুমুদ্যতা ভবিষ্যন্তি কেশারিষ্টাদিভ্যোঽপি মহাবলিনঃ পরস্সহস্রাঃ শত্রব এবৈতান্ পার্থিবান্নিহন্যুঃ। অবশ্যম্ভাবি স্ববৃত্তমপি সর্ব্বজ্ঞত্বাদহং জানামি তদপি শৃণু ব্রবীমি। ইতো দ্বারকাং গত্বৈব লব্ধনিমন্ত্রণো যুধিষ্ঠিররাজসূয়ার্থং যাস্যামি। তত্র চৈদ্যং হত্বা পুনরাগত্য শাল্বং নিহত্য দন্তবক্রবধার্থং মথুরাদক্ষিণদ্বারপ্রদেশমাসাদ্য তত্রৈব তং ব্যাপাদ্য ব্রজং প্রবিশ্য বন্ধূন্ সংদৃশ্য হৃষ্যন্মনাঃ যুষ্মদুৎসঙ্গ এব রঙ্গেণ খেলনেব জন্মেদং গমায়িষ্যামোঽতন্মম লগ্নাটপত্রে বিধাত্রা লিখিতমেতাবদ্দিনপর্য্যন্তং যুষ্মল্লালাটেষ্বপি মদ্বিরহদুঃখং

তাঁহারা সকলে গৃহে যাইয়া, তীর্থযাত্রার বিবরণ এবং তীর্থস্থলে যদুশ্রেষ্ঠ বসুদেবের যজ্ঞমহোৎসবের ব্যাপার এবং তথায় সুহৃদ্-সন্দর্শনাদির বার্ত্তা দ্বারাবতীস্থ জনসমূহকে পরিজ্ঞাত করাইলেন ॥ ৫০ ॥

আভাস।

লঙ্কারাদি প্রদানে প্রথমত তাঁহাকে সন্তুষ্ট করিলেন ; পরে দেশ, কাল ও পাত্র-বিচারে বিলক্ষণ সুপণ্ডিত বসুদেব স্বকীয় আপ্ত-বন্ধুগণে পরিবৃত হইয়া, নন্দরাজের সমীপে উপস্থিত হইয়া তাঁহাকে বলিলেন ; সখে ব্রজরাজ ! আমি সত্যই বলিতেছি যে, আপনার ন্যায় বন্ধুগণের প্রাণবধ করা, আমার অভিপ্রেত নহে। শ্রীকৃষ্ণকে আমি সর্ব্বতোভাবে ব্রজে পাঠাইব বটে ; কিন্তু সম্প্রতি আমরা এখানে অনেক জ্ঞাতি, বন্ধু বান্ধব এবং মহিলাগণকে সঙ্গে লইয়া আগমন করিয়াছি ; ইহাঁরা সকলে সুমঙ্গলে দ্বারকায় প্রবেশ করুন ! পরদিন শুভক্ষণে বিনা আপত্তিতে শ্রীকৃষ্ণ ব্রজাভিমুখে যাত্রা করুন ! ইহার জন্য আমি সহস্রবার শপথ করিতেছি ; কখনই ইহার অন্যথা হইবে না। দেখুন ! আমরা কৃষ্ণ সহ একত্র এখানে আসিয়াছি ; এক্ষণে যদি কৃষ্ণকে ছাড়িয়া যাই, লোকে আমাকে কি বলিবে ? আপনি ত বিচক্ষণ পণ্ডিত ব্যক্তি ; আপনি সকলই অবগত আছেন ; আমি আপনাকে এরূপ বলিতেছি, তজ্জন্য আমাকে ক্ষমা করিবেন। এক্ষণে শ্রীকৃষ্ণকে আমাদের সঙ্গে যাইতে অনুমতি করুন ! তখন রাজা উগ্রসেন ব্রজপতিকে বলিলেন, হে ব্রজেশ্বর ! বসুদেবের এই প্রতিজ্ঞায় আমি প্রতিভূ রহিলাম ! আমি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লিখিতমেতদ্দ্বয়ং নৈবান্যথা ভবিতুমর্হত্যত এব হঠং ত্যক্ত্বা সাম্প্রতং ব্রজং প্রতি প্রতিষ্ঠস্ব। এতন্মধ্যে চ ভবন্তৌ পিতরৌ মম প্রিয়সুহৃদশ্চ মদ্বিরহদার্ত্তা যদা যদা মাং দ্রষ্টুং কিমপি ভোজয়িতুং কিমপি ক্রীড়য়িতুমীহিষ্যন্তে তদা ভবদ্ভিশ্চক্ষূংষি মুদ্রয়িতব্যানি যথাহমাবির্ভূয় সর্ব্বানেব দৃষ্ট্বা খপুষ্পীকৃত্য সর্ব্বানেব মনোরথান সংপাদয়িষ্যামীতি প্রতিজ্ঞানে কিলাহ-মত্রার্থে মৎপ্রিয়সখা ইষীকাটবী-দাব-সন্তপ্ত-চরণাত্রাঃ প্রমাণীকর্ত্তব্যা ইতি। ততশ্চ ব্রজরাজঃ স্বপুত্রসুখতাৎপর্য্যপর্য্যালোচকচেতাঃ ভদ্রং ভদ্রমিতি সর্ব্বান্ বসুদেবাদীনুক্ত্বা প্রবোধিতা বিরতরুদদ্ভিস্তাকৈস্তৈ দত্তং পারিবর্হমাদায় যদুভি স্তৎসঙ্গপ্রস্থাপিতয়া মহাসেনয়া যাপিতো যযৌ। অত্র কামৈরিতি পূর্য্যমাণ ইতি পদদ্বয়ান্যথানুপপত্তেরেব খল্বেতাবদ্ব্যাখ্যানং প্রপঞ্চিতং। কৃষ্ণো বসুদেবদেবক্যোরেব পুত্র ইতি ব্রহ্মণাপি সপুত্রপৌত্রেণাপি সশপথমুক্তেঽপি প্রতীতিলেশমপ্যকুর্ব্বতো ব্রজেশ্বরয়োঃ স্বাঙ্গুলিস্পৃষ্টচরকৃষ্ণচিবুকলব্ধমহাসুখসম্পত্তিস্মৃতিমাত্র-ন্যক্কৃতপ্রাকৃতাপ্রাকৃতসর্ব্বসম্পদো স্তুয়োঃ কিং বসুদেবাদিদত্তৈঃ পরার্দ্ধ্যাভরণক্ষৌমনানানর্ঘ্য-পরিচ্ছদৈঃ কামপূরণং সম্ভবেৎ। যদি বা কামপূরণং সম্ভবেৎ ভবেদেবেতি প্রৌঢ়িস্তত্র সব্রজঃ সহবান্ধব ইতি বিশেষণদ্বয়োপন্যাসান্ন কেবলং সস্ত্রীকস্য নন্দস্যৈব অপি তু গোপীনাং সর্ব্বেষাং কৃষ্ণপ্রিয়সখানাঞ্চ। ততশ্চ কৃষ্ণস্য পিতা নন্দঃ প্রেয়স্যো গোপ্যশ্চ সখায়ো গোপাশ্চ প্রাপ্তৈ র্বহুমূল্যাভরণবস্ত্ররত্নাদিভিঃ পূর্ণমনোরথীভূয় ব্রজং যযুরিত্যেব ব্যাখ্যেয়ং তদা ব্রজস্থানাং সর্ব্বেষাং প্রেমবত্ত্বমপগতমেব। ভক্তিরসামৃতসিন্ধুধৃত-প্রেমলক্ষণে অনন্যমমতে-ত্যুক্তেরিত্যবধেয়ং ॥ ৪৯ ॥ ৫০ ॥

আভাস।

শপথ পূর্ব্বক স্বীকার করিতেছি যে, বসুদেবের কথা দূরে থাকুক্, আমি নিজে বল পূর্ব্বক শ্রীকৃষ্ণকে ব্রজে প্রেরণ করিব; সন্দেহ নাই। ইতিমধ্যে শ্রীকৃষ্ণও বলরাম এবং উদ্ধবকে সঙ্গে লইয়া একান্তে নন্দরাজকে আহ্বান করত বলিলেন, হে তাত! অদ্য যদি আমি ইহাঁদিগকে পরিত্যাগ পূর্ব্বক আপনার সহিত ব্রজে গমন করি, তাহা হইলে সত্য সত্যই ইহাঁরা জীবন পরিত্যাগ করিবেন। কারণ কেশী এবং অরিষ্টাদি মহাবল দৈত্যগণের হস্তে ইহাঁদের কিছুতেই নিস্তার নাই। ঐ শত্রুগণ এই রাজন্যবর্গের নিশ্চয়ই প্রাণ বিনষ্ট করিবে, সন্দেহ নাই। আমার নিকট কিছুই অবিদিত নাই; আমি সমস্তই অবগত আছি। অন্তরের কথা আপনাকে বলিতেছি, শ্রবণ করুন্! এখান হইতে আমরা দ্বারকায় গমন করিলেই, মহারাজ যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞের নিমন্ত্রণ হইবে তদুপলক্ষে দ্বারকা হইতে হস্তিনাপুরে গমন করিব। তথায় যজ্ঞস্থলে চেদিপতি শিশুপালকে নিহত করত, প্রত্যাগমন পূর্ব্বক শাল্বকে বধ করিব। পরে দন্তবক্রকে নিহত করিবার অভিপ্রায়ে মথুরার দক্ষিণ দ্বার প্রদেশে অবস্থান পূর্ব্বক, তাহাকে নিহত করিব; পরে তথা হইতে ব্রজে গমন করত, আত্মীয় স্বজনগণের সন্দর্শনে অপার আনন্দ এবং আপনাদের অঙ্কে আরোহণ পূর্ব্বক প্রেমানন্দের উপভোগে ক্রীড়া করত জীবন সার্থক করিব; এইরূপ বিধাতা আমার অদৃষ্টে লিখিয়াছেন; এবং আপনাদের ভাগ্যেও

যঃ ইদং কীর্ত্তয়েন্নিত্যং শৃণুয়াদ্বাথ ভক্তিতঃ।
ঋণত্রয়বিনির্ম্মুক্তো গোবিন্দস্য প্রিয়ো ভবেৎ ॥ ৫১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে তীর্থযাত্রানুবর্ণনং চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮৪ ॥ * ॥

অন্বয়ঃ।

যঃ পুমান্ ইদং নিত্যং ভক্তিতঃ কীর্ত্তয়েৎ অথ বা শৃণুয়াৎ সঃ ঋণত্রয়বিনির্ম্মুক্তঃ সন্ গোবিন্দস্য প্রিয়ঃ ভবেৎ ॥ ৫১ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি দশমে চতুরশীতিতমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্যুক্তাশীতিতমো দশমেঽনি সঙ্গতঃ ॥ * ॥

যে ব্যক্তি এই বিষয়টী নিত্য ভক্তিপূর্ব্বক কীর্ত্তন বা শ্রবণ করেন, তিনি উক্ত ঋণত্রয় হইতে মুক্তিলাভে ভগবানের প্রিয়পাত্র হন, সন্দেহ নাই ॥ ৫১ ॥

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুরশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

এযাবৎ কাল আমার বিরহ সহ্য করিতে লিখিয়াছেন। সুতরাং ইহার অন্যথা কিছুতেই ঘটিবে না। অতএব হটকারিতা পরিত্যাগ পূর্ব্বক, সম্প্রতি ব্রজে গমন করুন্। যদি ইতিমধ্যে আমার জন্য আপনাদের মনে উৎকণ্ঠা জন্মে এবং আমাকে দেখিতে বা কোন দ্রব্যাদি ভোজন করাইতে ইচ্ছা হয়, তবে সেই সময় মনে মনে আমাকে স্মরণ করত নয়ন নিমীলিত করিবেন। আমি তৎক্ষণাৎ আপনাদের অজ্ঞাতসারে আপনাদের দুঃখ বিমোচনে সকল মনোরথ পূর্ণ করিব, সন্দেহ নাই। ভক্তবৎসল শ্রীকৃষ্ণের তাদৃশ কথা শ্রবণ করিয়া, গোপরাজের মনে ইষীকাটবীর অগ্নিদাহকালে নয়ন-নিমীলনের কথার স্মরণ হইল। তিনি আর কোন প্রতিবাদ না করিয়া, বসুদেবাদির প্রদত্ত দ্রব্যসম্ভার গ্রহণে এবং তাঁহাদিগকে অভিবাদন পূর্ব্বক, ব্রজে গমনার্থ উদ্‌যোগ করিলেন। প্রস্থান কালে যদুগণ অনেক দূর পর্য্যন্ত তাঁহার অনুগমন করিলেন; পরে ইহাঁদের প্রদত্ত সৈন্য সামন্তে পরিবেষ্টিত হইয়া, নন্দরাজ ব্রজে গমন করিলেন। অহো! যিনি ভূতভাবন জনার্দ্দনকে পুত্ররূপে লালন পালন করিয়াছেন, তাঁহার পক্ষে সামান্য বস্ত্রালঙ্কারাদির প্রাপ্তিতে কি মনোরথ পূর্ণ হইতে পারে! তবে তাঁহার সহিত যাঁহারা আগমন করিয়াছিলেন, তাঁহাদের মনোরথ পারিতোষিক লাভে পূর্ণ হওয়াতেই, নন্দের মনোরথ পূর্ণ হইল বলিয়া এস্থলে স্বীকার করিতে হইবে। ৪৯। ৫০।

ইতি দশমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুরশীতিতম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

অথৈকদাত্মজৌ প্রাপ্তৌ কৃতপাদাভিবন্দনৌ।
বসুদেবোঽভিনন্দ্যাহ প্রীত্যা সঙ্কর্ষণাচ্যুতৌ ॥ ১ ॥
মুনীনাং স বচঃ শ্রুত্বা পুত্রয়োর্ধামসূচকং।
তদ্বীর্য্যৈ র্জাতবিশ্রম্ভঃ পরিভাষ্যাভ্যভাষত ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। অথ একদা প্রাপ্তৌ স্বসমীপং আগতৌ, কৃতপাদাভিবন্দনৌ (কৃতং পাদাভিবন্দনং যাভ্যাং তৌ) আত্মজৌ সঙ্কর্ষণাচ্যুতৌ রামকৃষ্ণৌ, প্রীত্যা অভিনন্দ্য বসুদেবঃ আহ ॥ ১ ॥

পুত্রয়োঃ ধামসূচকং পরমেশ্বরত্বজ্ঞাপকং মুনীনাং বচঃ শ্রুত্বা তথা তয়োঃ বীর্য্যৈঃ (গোবর্দ্ধনোদ্ধরণাদিভিঃ) জাতবিশ্রম্ভঃ সঃ বসুদেবঃ পরিভাষ্য তৌ সম্বোধ্য অভ্যভাষত ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চাশীতিতমে রামকৃষ্ণৌ সংপ্রার্থিতৌ সুতৌ।
পিত্রে জ্ঞানমথো মাত্রে মৃতান্ পুত্রানযচ্ছতাং ॥

নন্দয়িত্বা কুরুক্ষেত্রযাত্রায়াং সুহৃদো বহূন্। তত্ত্বজ্ঞানং ততঃ পিত্রোরাদিশৎ মৃতসুতৈঃ ॥ ১ ॥

ধাম প্রভাবস্তৎসূচকং জাতবিশ্রম্ভঃ জাতবিশ্বাসঃ পরিভাষ্য সংবোধ্য ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চাশীতিতমে পিত্রো র্হরেশ্চ জ্ঞানগীস্তুতিঃ।
মাতুঃ পুত্রানানয়ন্ স বলিনা সবলঃ স্তুতঃ ॥ * ॥

অস্য বিশ্বস্য কারণীভূতৌ যৎ যৌ প্রধানপুরুষৌ পরৌ তয়োরপি শ্রেষ্ঠৌ পরমেশ্বরৌ বাং

ব্যাসাত্মজ শুকদেব বলিলেন, হে নরনাথ! অনন্তর এক দিবস শ্রীকৃষ্ণ এবং বলরাম পিতা বসুদেবের সমীপে উপস্থিত হইয়া, তাঁহার পাদাভিবাদন করিলে, বসুদেব প্রীত-প্রসন্ন-চিত্তে তাঁহাদিগকে আশীর্ব্বাদ করত বলিলেন ॥ ১ ॥

কারণ কুরুক্ষেত্র যাত্রাকালে তথায় উপনীত মুনিগণের প্রমুখাৎ পুত্রদ্বয়ের পরমেশ্বরত্ব-ব্যঞ্জক যে সকল কথা শ্রবণ করিয়াছিলেন এবং পুত্রদ্বয়ের গোবর্দ্ধনোদ্ধরণাদি কার্য্য-কলাপের দ্বারা তদনুরূপ বীর্য্যেরও যেরূপ প্রকাশ হইয়াছিল,

আভাস।

পঞ্চাশীতিতম অধ্যায়ে জনক জননীর প্রার্থনায় রামকৃষ্ণ পিতাকে জ্ঞান এবং জননীকে মৃত পুত্র সমস্ত প্রদানে তত্ত্বজ্ঞান উপদেশ করেন ॥

কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্ সঙ্কর্ষণ সনাতন।
জানে বামস্য যৎ সাক্ষাৎ প্রধানপুরুষৌ পরৌ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

হে কৃষ্ণ! হে মহাযোগিন্ কৃষ্ণ! হে সনাতন সঙ্কর্ষণ! অস্য বিশ্বস্য যৎ যৌ পরৌ কারণরূপৌ সাক্ষাৎ প্রধানপুরুষৌ পরমেশ্বরৌ তৌ বাং যুবাং অহং জানে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

অস্য বিশ্বস্য যৎ সাক্ষাৎ স্বরূপভূতং কারণং প্রধানপুরুষৌ নাম পরৌ তয়োরপি কারণত্বেন ঈশ্বরৌ চ সাক্ষাদ্বাং যুবাং অহং জানে ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহং জানে। যদ্বা। প্রধানীভূতৌ পুরুষৌ বাসুদেবসঙ্কর্ষণৌ ॥ ১—৩ ॥

মহামতি বসুদেবের তাহাতে পুত্রদ্বয়ের প্রতি পরমেশ্বর ভাবেরই বিশেষ প্রতীতি জন্মিয়াছিল; সুতরাং তিনি তদুভয়ের স্মরণে বালকদ্বয়কে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২ ॥

হে কৃষ্ণ! হে মহাযোগিন্ শ্রীকৃষ্ণ! হে সনাতন বলরাম! এই বিশ্ব সংসারের শ্রেষ্ঠ কারণ-স্থানীয় পরম পুরুষ পরমেশ্বর যে তোমরাই দুইজন, তাহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি ॥ ৩ ॥

যে অধিকরণে, যৎকর্ত্তৃক, যে উপাদান হইতে, যাঁহার অধিকারে, যাঁহাকে প্রদানার্থ, যে নিয়ন্তা দ্বারা, এই বিশ্ব ব্রহ্মাণ্ড বিদ্যমান রহিয়াছে এবং যে

আভাস।

কুরুক্ষেত্র-যাত্রার পর একদিবস রামকৃষ্ণ যেমন নিত্য পিতামাতাকে প্রণাম করিতেন সেইরূপ প্রণাম করিতে যখন গিয়াছেন, সেই সময়ে বসুদেবের হৃদয়ে রামকৃষ্ণের সম্বন্ধে একটী বিশুদ্ধ ভাবের উদয় হইল। তিনি মুনিগণের মুখে রামকৃষ্ণের যেরূপ পরমেশ্বর ভাব শ্রবণ করিয়াছিলেন, পূর্ব্বে গোবর্দ্ধনোদ্ধরণাদি বিচিত্র লীলাকথা শুনিয়াও সেইরূপ তাঁহার হৃদয়ে রামকৃষ্ণের পরমেশ্বরভাবের প্রতি বিশেষ বিশ্বাসও জন্মিয়াছিল। সুতরাং তিনি তখন পুত্রদ্বয়কে সমক্ষে অবলোকন করিয়া, আত্মহারার ন্যায়, তাঁহাদিগকে সম্বোধন করত বলিলেন ॥

হে রামকৃষ্ণ! এই বিশ্ব সংসারের সৃষ্টি কার্য্যে তোমরাই পরম পুরুষ পরমেশ্বর! অবশ্য "পঙ্গ্বন্ধবদুভয়োরপি সংযোগ স্তৎকৃতঃ সর্গঃ" অর্থাৎ পঙ্গু দেখিতে পায়, কিন্তু চলিতে পারে না; এবং অন্ধ চলিতে পারে, কিন্তু দেখিতে পায় না; অতএব অন্ধের স্কন্ধদেশে পঙ্গু আরোহণ করিলে, উভয়ের মিলনে যেমন একটী পূর্ণ মনুষ্যের কার্য্য হইতে পারে, সেইরূপ শক্তিস্বরূপ প্রধান বা প্রকৃতি এবং চৈতন্যস্বরূপ পুরুষের মিলনে এই সৃষ্ট্যাদি কার্য্য সাধিত হইয়া থাকে। কিন্তু এই পুরুষ প্রকৃতির মিলন বা বিশ্লেষ যে শক্তির দ্বারা সাধিত হয়, সেই পরম শক্তিস্বরূপ জ্ঞানবান্ পরমেশ্বরই শ্রীকৃষ্ণ! ॥ ৩ ॥

যত্র যেন যতো যস্য যস্মৈ যদ্‌যদ্‌যথা যদা।
স্যাদিদং ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ॥ ৪॥

অন্বয়ঃ।

যত্র যস্মিন্ অধিকরণে, যেন কর্ত্রা করণেন, যতঃ অপাদানসঙ্গকাৎ উপাদানাৎ, যস্য সম্বন্ধি যৎস্বামিকং, যস্মৈ সংপ্রদানায়, তথা যৎ বিহারার্থং ইদং বিশ্বং স্যাৎ তত্র যৎ যঃ প্রয়োজ্যকর্ত্তা, যৎ কর্ম্ম যথা স্যাৎ ইতি তৎ প্রকারাত্মকং, যদা স্যাৎ ইতি তৎকালাত্মকং ইদং বিশ্বং স্যাৎ এবং সর্ব্বাত্মকঃ ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ (প্রধানং ভোগ্যং পুরুষঃ ভোক্তা তয়োঃ ঈশ্বরঃ) ত্বং এব॥ ৪॥

শ্রীধরস্বামী।

নন্বিদং বিশ্বমনেকৈঃ কারকৈর্জায়মানং কুতঃ প্রধানপুরুষাত্মকং কুতস্ত্বদ্বামাবয়ো স্তৎকারণত্বেন ঈশ্বরত্বং তত্রাহ যত্রেতি। যত্রাধিকরণে যেন কর্ত্রা করণেন বা যতোঽপাদানাৎ যস্য সম্বন্ধেন ষষ্ঠ্যর্থস্যাকারকত্বেঽপি নিমিত্ততোক্তা। যস্মৈ সম্প্রদানায় যদ্‌যদিতি প্রযোজ্য-কর্ত্তৃ-কর্ম্মকারকে দর্শিতে। নন্বু তয়োর্নাস্তি ভেদঃ। যথোক্তং। করোতি ক্রিয়মাণেন ন কশ্চিৎ কর্ম্মণা বিনা। ভবত্যর্থস্য কর্ত্তা চ করোতেঃ কর্ম্ম জায়তে। তথা করোত্যর্থস্য যঃ কর্ত্তা ভবিতুঃ স প্রযোজকঃ। ভবিতা তমপেক্ষ্যাথ প্রযোজ্যত্বং প্রপদ্যত ইতি চ সত্যং তথাপি অবস্থাভেদো বিবক্ষিতঃ। দৃশ্যতে চাবস্থাভেদঃ তণ্ডুলানোদনং পচতি মৃদং ঘটং করোতীতি তদেবং সপ্তবিভক্ত্যর্থা দর্শিতাঃ। যথেতি যদেতি চ ক্রিয়াবিশেষণভূতানামন্যেষাং চাব্যয়ানামর্থাঃ স্যাদিতি ক্রিয়াপদার্থোপলক্ষণং এবং সর্ব্বপ্রপঞ্চমনূদ্য তৎকারণত্বেন ভগবদ্রূপতাং বিধত্তে ইদং সাক্ষাদিতি। প্রধানং ভোগ্যং পুরুষো ভোক্তা তয়োরীশ্বরো ভগবাংস্ত্বমেব সাক্ষাদিতি। তয়োরৈক্যমভিপ্রেত্য একবচনং॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কার্য্যভূতমিদং বিশ্বমপি ত্বমেব ভবসীতি দ্বয়োরৈক্যাদেকবচনপ্রয়োগেনাহ। যৎ ঘট-পটাদিকং বস্তু যত্র দেশে স্যাৎ যেন কারণেন যতোঽপাদানাৎ যস্য সম্বন্ধে যস্মৈ দেয়ং যৎ দেয়ং যথা যেন প্রকারেণ যদা যস্মিন্ কালে স্যাৎ তদিদং সর্ব্বং ভগবানেব ভগবৎকার্য্য-মিত্যর্থঃ। কীদৃশঃ সাক্ষাৎ প্রধানপুরুষয়োরপীশ্বরঃ॥ ৪॥

কর্ম্ম যে প্রকারে প্রকটিত হইতেছে এবং যে কাল অনুসারে সেই পরিবর্ত্তনও ঘটিতেছে, সেই সর্ব্বস্বরূপে এক সর্ব্বাত্মক ভগবদ্বেশে আপনারাই বিরাজ

আভাস।

বসুদেব এখানে রামকৃষ্ণ উভয়কেই এক বিবেচনায় একবচন ত্বং পদের প্রয়োগ করিয়াছিলেন। তিনি প্রকাশ করিয়াছিলেন যে, বিশ্বসংসারের সৃষ্টিকার্য্যে যত প্রকার বিবিধ কারণের উল্লেখ থাকুক্, প্রধান-পুরুষরূপে যখন আপনারাই বিরাজ করিতেছেন, তখন সেই সকল কারণও এক আপনারা মাত্র। যে আধারে, যে কর্ত্তা কর্ত্তৃক, যে উপাদান দ্বারা, যাহার সম্বন্ধে,

এতন্নানাবিধং বিশ্বমাত্মসৃষ্টমধোক্ষজ।
আত্মনানুপ্রবিশ্যাত্মন্ প্রাণো জীবো বিভর্ষ্যজঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

আত্মন্ আত্মনি, আধারভূতে, আত্মনা স্বেনৈব সৃষ্টং এতৎ নানাবিধং দেবতির্য্যক্ মনুষ্যাদিরূপং বিশ্বং, আত্মনা অন্তর্যামিরূপেণ, অনুপ্রবিশ্য হে অধোক্ষজ! স্বয়ং অজঃ অপি জন্মাদিরহিতঃ, অপি প্রাণঃ ক্রিয়াশক্তিঃ, জীবঃ জ্ঞানশক্তিঃ, চ সন্ ত্বং এব বিভর্ষি ধারয়সি পোষয়সি চ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ ধারণপোষণকর্ত্তাপি ত্বমেবেত্যাহ এতদিতি। হে আত্মন্ প্রাণঃ ক্রিয়াশক্তিঃ জীবো জ্ঞানশক্তিশ্চ সন্ ত্বমেব বিভর্ষি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চাস্য পোষণকর্ত্তাপি ত্বমেবেত্যাহ এতদিতি। আত্মনা অন্তর্যামিস্বরূপেণানুপ্রবিশ্য হে আত্মন্! প্রাণঃ ক্রিয়াশক্তিময়-সূত্রতত্ত্বরূপঃ। জীবো জ্ঞানশক্তিময়-বুদ্ধিতত্ত্বরূপশ্চ সন্ ত্বমেব বিভর্ষি প্রাণবুদ্ধি-কর্ম্ম-জ্ঞানেন্দ্রিয়রূপেণ পুষ্ণাসি ॥ ৫ ॥

করিতেছেন। অধিক কি! ভোগ্য প্রকৃতি এবং ভোক্তা বলিয়া যে দুইটী ভাবের পরিচয় জগতে আছে, এতদুভয়ের নিয়ন্তারূপে এক তোমরাই বিরাজ করিতেছ ॥ ৪ ॥

হে ব্রহ্মাণ্ডভাণ্ডোদর! তোমরা স্বীয় আত্মস্বরূপে এবং স্বীয় আত্মার দ্বারা সৃষ্ট দেব, তির্য্যক্ ও মনুষ্যাদি নানারূপে রচিত এই বিশ্ব ব্রহ্মাণ্ডের অন্তরে অন্তর্যামিরূপে আপনিই প্রবিষ্ট হইয়া আছ! হে অধোক্ষজ! তোমার জন্মাদি ষড়্ভাব বিকার না থাকিলেও, ক্রিয়াশক্তি দ্বারা প্রাণরূপে এবং জ্ঞানশক্তি দ্বারা পুরুষ অর্থাৎ জীবরূপে এই সমগ্র ব্রহ্মাণ্ডের ধারণ এবং পোষণ ব্যাপার নির্ব্বাহ করিতেছ ॥ ৫ ॥

আভাস।

যাঁহাকে প্রদানার্থ, যত প্রকার কর্ম্ম বা তাহার অবান্তর ভেদ প্রতীত হইতেছে, সে সমস্তই এক আপনি মাত্র। অর্থাৎ ব্যাপার ব্যতীত কর্ম্ম হয় না, যিনি করেন, তিনিই কর্ত্তা। কর্ত্তা হইলে, তাহার কিছু প্রয়োজক হেতু অবশ্য স্বীকার করিতে হয়। ব্যাপার দ্বারা একটী কর্ম্ম উৎপন্ন হয় এবং অবস্থাভেদে সেই কর্ম্মেরও বিচিত্রতা অবশ্য স্বীকার্য্য। এই প্রকারে সর্ব্ব সমেত সপ্ত বিভক্তির ব্যাপার এই শ্লোকে নিরূপণ করত, বসুদেব রামকৃষ্ণকেই এই সপ্তাবয়বে সর্ব্বময় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। সামান্যত প্রকাশ করিতে হইলে, প্রধানই ভোগ্য এবং পুরুষ ভোক্তা; এতদুভয়ের নিয়ন্তাই পরমেশ্বর ॥ ৪ ॥

হে ভগবন্! এই সংসারের ধারণ এবং পোষণ-কর্ত্তাও তোমরা মাত্র। আত্মস্বরূপে

প্রাণাদীনাং বিশ্বসৃজাং শক্তয়ো যাঃ পরস্য তাঃ।

অন্বয়ঃ।

প্রাণাদীনাং (প্রাণঃ সমষ্টিপ্রাণাত্মকং সূত্রং আদিপদেন কাল-প্রকৃতি-মহত্তত্ত্বাহঙ্কার-মহাভূতপঞ্চকৈকাদশেন্দ্রিয়াদি-সংগ্রহঃ তেষাং) বিশ্বসৃজাং বিশ্বকারণানাং, যাঃ শক্তয়ঃ তাঃ

শ্রীধরস্বামী।

নন্থ প্রাণাদীনাং বিচিত্রশক্তীনাং কারণত্বাবগমাৎ কথং পরমেশ্বরস্যৈব কারণত্বেন সর্ব্বাত্মকত্বমুচ্যতে ইত্যাশঙ্ক্য প্রাণাদি শক্তয়োঽপি তসৈবেত্যাহ প্রাণাদীনামিতি। প্রাণঃ সূত্রং তদাদীনাং বিশ্বসৃজাং বিশ্বকারণানাং যাঃ শক্তয় স্তাঃ পরস্য পরমকারণস্য ঈশ্বরস্যৈব কুতঃ পারতন্ত্র্যাদ্ যথা বেধশক্তি র্ন বাণস্য অপিতু পুরুষস্য তদ্বদিত্যর্থঃ। নন্থ ভগবতঃ প্রাণাদিবর্গস্য চ স্বাতন্ত্র্যমেব কিন্ন স্যাদত আহ বৈসাদৃশাদ্ধয়োরিতি। চেতনাচেতনত্বেন বিসদৃশত্বাৎ দ্বয়োরিত্যচেতন-প্রাণাদিবর্গস্য চেতনপারতন্ত্র্যমেব যুক্তমিত্যর্থঃ। যদ্বা। প্রাণাদিষু দ্বয়োর্দ্বয়োরেব তাবদ্বিসদৃশত্বং বিরুদ্ধক্রিয়াকারিত্বাৎ কিং পুনর্বহূনাং তস্মাদেকেন সর্ব্বজ্ঞেন সর্ব্বশক্তিনা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ প্রাণজীবাবেব তত্তদ্রূপৌ বিশ্বপোষ্টারৌ প্রসিদ্ধৌ নত্বহং তৎপোষ্টা তত্রাহ প্রাণাদীনামিতি। স্বপ্রভেদৈ র্বহুত্বাদাদিপদপ্রয়োগঃ। বিশ্বসৃজামিতি ন কেবলং তয়ো র্বিশ্বপোষ্টৃত্বমেবাপিতু বিশ্বস্রষ্টৃত্বমপি প্রসিদ্ধমিত্যর্থঃ। তেষাং যাঃ শক্তয় স্তাঃ পরস্য পরমেশ্বরস্যৈব কুতঃ পারতন্ত্র্যাৎ। যথা বেধশক্তি র্ন বাণস্য অপি তু পুরুষস্য তদ্বদিত্যর্থঃ। নন্থ তয়োঃ স্বাধিষ্ঠাতৃদৈবত-পারতন্ত্র্যমস্তু পরমেশ্বর-পারতন্ত্র্যং কুতোঽবসিতং তত্রাহ বৈ নিশ্চিতং। সাদৃশ্যাৎ তদধিষ্ঠাতৃদেবতানামপি তত্তুল্যত্বাৎ। যথৈব প্রাণজীবশব্দবাচ্যানি কর্ম্মজ্ঞানে-

---

সমষ্টি প্রাণনামক সূত্রাত্মা, প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, পঞ্চতন্মাত্র এবং একাদশ ইন্দ্রিয়ের সমবায়ে এই সংসার রচিত হইয়াছে, এই সকলের যে শক্তি, তাহা আপনারই অধীন; বিশেষত সম্পূর্ণ বিসদৃশ চেতন ও অচেতন

আভাস।

জগৎ রচনা নিজেই করিয়াছ এবং তাহার অন্তরে প্রবিষ্ট হইয়া অন্তর্যামিরূপে তাহাকে ধারণ করিতেছ এবং পোষণও করিতেছ। ক্রিয়াশক্তি প্রাণ এবং জ্ঞানশক্তি জীব হইয়া, সমস্তই প্রতিপালন করিতেছ। অথচ ইন্দ্রিয়জ্ঞানের গোচরীভূত তুমি নহ। কারণ সাধারণের ন্যায় জন্মগ্রহণ করিতেছ না; স্বয়ংই প্রকাশমান হইয়া বিদ্যমান রহিয়াছ ॥ ৫ ॥

সূত্রসঙ্গক প্রাণাদির দ্বারাই কেবল জগদ্রচনা কখনই স্বীকার্য্য নহে। প্রাণাদি শক্তি হইলেও, একজন তাহার নিয়োজক কর্ত্তার প্রয়োজন। যেমন বাণ বিদ্ধ করে বটে, কিন্তু একজন পুরুষের প্রয়োজন, যিনি সেই বাণকে নিক্ষেপ করিবেন। সেইরূপ কেবল শক্তি কার্য্য করে না; একজন চেতন পুরুষের প্রয়োজন; তিনিই জগজ্জীবন পরমেশ্বর। প্রাণ এবং জীবের বৈসাদৃশ্য সর্ব্বত্রই প্রতীত হইয়া থাকে। কোন স্থানে শক্তিতে (প্রাণে) জীব অভিভূত,

পারতন্ত্র্যাদ্বৈসাদৃশ্যাৎ দ্বয়োশ্চেষ্টৈব চেষ্টতাং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

পারতন্ত্র্যাৎ তথা দ্বয়োঃ চেতনাচেতনয়োঃ, বৈসাদৃশ্যাৎ পরস্য পরমকারণস্য ঈশ্বরস্য এব। দ্বয়োঃ প্রাণজীবয়োঃ তয়োঃ চেষ্টা এব চেষ্টতাং স্যাৎ ইতি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

অধিষ্ঠিতানামেব বিশিষ্টকার্য্যারম্ভকত্বং যুক্তং ন স্বতন্ত্রাণামিতি। তথাচোক্তং যদৈতে সংহতা ভাবা ভূতেন্দ্রিয়মনোগুণাঃ। যদায়তননির্ম্মাণে ন শেকু ব্রহ্মবিত্তম। তদা সংহত্য চান্যোন্যং ভগবচ্ছক্তিচোদিতাঃ। সদসত্ত্বমুপাদায় চোভয়ং সসৃজু র্হ্যদ ইতি। তথা নানাত্বাৎ স্বক্রিয়ানীশাঃ প্রোচুঃ প্রাঞ্জলয়ো বিভুমিত্যাদি। নন্বু প্রাণাদীনাং ক্রিয়াকারিত্বং শক্ত্যভাবে কুতঃ স্যাদিত্যত আহ চেষ্টৈব চেষ্টতামিতি। চেষ্টমানানামেষাং চেষ্টৈব ন শক্তিঃ যথা বায়োঃ শক্ত্যা তৃণাদীনাং চলনং যথা চ পুরুষস্য শক্ত্যা শরাণাং বেগ ইতি ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রিয়াণি জড়ানি তথৈব তদধিষ্ঠাতৃদৈবতান্যপি জড়ানীত্যর্থঃ। ততশ্চেশ্বরস্য চিদাত্মকত্বাত্তয়োস্তদধিষ্ঠাতৃদৈবতানাঞ্চ জড়াত্মকত্বাজ্জড়ানাঞ্চ চেতনপারতন্ত্র্যদর্শনাত্তাঃ শক্তয়ঃ পরস্যেশ্বরস্যেত্যুক্তম্বয়ঃ। নন্বু প্রাণাদীনাং শক্ত্যভাবে কুতঃ ক্রিয়াকারিত্বং স্যাদত আহ দ্বয়োঃ প্রাণজীবয়ো স্তয়োশ্চেষ্টৈব চেষ্টতাং স্যাদিতি যাবৎ। চেষ্টমানানাং প্রাণবুদ্ধিকর্ম্মজ্ঞানেন্দ্রিয়াণাং চেষ্টৈব কেবলং নতু শক্তি র্যথা পুরুষস্য শক্ত্যা শরাদীনাং বেগ ইত্যর্থঃ ॥ ৬ ॥

রূপ শক্তিদ্বয়ও পরম কারণ পরমেশ্বর আপনারই অধীন; প্রাণ ও জীবের চেষ্টা আপনার দ্বারাই সাধিত হইতেছে ॥ ৬ ॥

অহো! চন্দ্রের কান্তি, হুতাশনের তেজ, দিবাকরের প্রভা, বিদ্যুৎ ও নক্ষত্রগণের সত্তা, ভূধরের স্থৈর্য্য, সর্ব্বাধাররূপে ধরণীর বিদ্যমানতা ও আভাস।

কোন স্থানে বা জীব শক্তিকে অভিভব করিতেছে। পরস্পরের বিরুদ্ধ ভাব প্রত্যক্ষসিদ্ধ। অতএব যে স্থানে সমগ্র শক্তি পরতন্ত্রের ন্যায় কার্য্য করে, এমন একজন সর্ব্বজ্ঞের প্রয়োজন। অতএব সর্ব্বশক্তিমান্ সর্ব্বজ্ঞ যিনি, তিনিই পরম পুরুষ পরমেশ্বর। কারণ উক্ত আছে যে, ভূত, ইন্দ্রিয় এবং মন প্রভৃতি গুণময় ভাবসমূহ স্বয়ং কোন কার্য্য করিতে পারে না; তবে ভগবানের শক্তির দ্বারা পরস্পরে মিলিত হইয়া, সৃষ্টির নিমিত্ত প্রস্তুত হয় এবং স্থূল সূক্ষ্ম উভয় ভাবের মিলনে এই বিশ্ব সংসার রচনা করে। এই সমস্ত সৃষ্টিশক্তি সৃষ্টিকার্য্যে আপনাদের অসামর্থ্যতা অবলোকন করিয়াই ভগবানের স্তব করিয়াছিলেন। অতএব কেবল শক্তির দ্বারা কার্য্য হয় না; তোমার চেষ্টাই প্রকৃত চেষ্টা ॥ ৬ ॥

সূর্য্য, চন্দ্র, গ্রহ এবং নক্ষত্রাদি কোন জ্যোতিষ্কই স্বয়ং প্রকাশিত হয় না। সর্ব্বপ্রকাশমান সেই পূর্ণব্রহ্মের ঔজ্জ্বল্য লাভেই জগৎ সংসার আভাসিত হইতেছে। শ্রুতি এই কথা

কান্তিস্তেজঃ প্রভা সত্তা চন্দ্রাগ্ন্যর্কর্ক্ষবিদ্যুতাং।
যৎ স্থৈর্য্যং ভূভৃতাং ভূমে র্বৃত্তি র্গন্ধোঽর্থতো ভবান্॥ ৭॥

অন্বয়ঃ।

চন্দ্রস্য কান্তিঃ, অগ্নেঃ তেজঃ, অর্কস্য সূর্য্যস্য প্রভা, ঋক্ষাণাং নক্ষত্রাণাং, বিদ্যুতাং চ সত্তা, ভূভৃতাং পর্ব্বতানাং, যৎ স্থৈর্য্যং, ভূমেঃ বৃত্তিঃ সর্ব্বাধারতয়া বর্ত্তনং, গন্ধঃ চ ইত্যেতৎ সর্ব্বং অর্থতঃ পরামার্থতঃ, ভবান্ এব॥ ৭॥

শ্রীধরস্বামী।

পারতন্ত্র্যমেব প্রপঞ্চয়তি কান্তিরিতি পঞ্চভিঃ। চন্দ্রস্য কান্তিঃ অগ্নেস্তেজঃ অর্কস্য প্রভা ঋক্ষবিদ্যুতাং সত্তা স্ফুরণমাত্রেণ সত্ত্বং অর্থতো বস্তুতো ভবান্। তথাচ শ্রুতিঃ। ন তত্র সূর্য্যো ভাতি নচ চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি। স্মৃতিশ্চ। যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেঽখিলং। যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকমিতি। ভূমেরবৃত্তিঃ প্রাণিনামাধারত্বেন বর্ত্তনং গন্ধশ্চ ভবান্ তবৈব শক্তিরিত্যর্থঃ॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাদ্ভূতমাত্রাণাং যা যাঃ শক্তয় স্তা স্তবৈবেতি প্রদর্শয়তি কান্তিরিতি তত্র কান্তিঃ কমনীয়তা চন্দ্রর্ক্ষবিদ্যুতাং প্রসিদ্ধৈব। অগ্ন্যর্কয়োশ্চ শীতকালে অর্কস্যোদয়াস্তসময়েঽপি। তেজঃ স্পর্শশক্যত্বলক্ষণং সর্ব্বেষামেব। প্রভা অতিদূরস্থঃ প্রকাশঃ সত্তা চন্দ্রাদীনাং অর্থতো বস্তুতো ভবান্। তথাচ শ্রুতিঃ। ন তত্র সূর্য্যো ভাতি নচ চন্দ্রতারকং নেমা বিদ্যুতো-ভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি। স্মৃতিশ্চ। যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেঽখিলং। যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকমিতি। যদিতি লিঙ্গবিপরিণামেন সর্ব্বত্র যোজ্যং। ভূমে র্বৃত্তিঃ প্রাণিনামাধারত্বেন বর্ত্তনং গন্ধশ্চ ভবান্ তবৈব শক্তিরিত্যর্থঃ॥ ৭॥

স্বকীয় ভাব গন্ধ প্রভৃতি যে কোন ভাব জগতে পরিলক্ষিত হইতেছে, সে সমস্ত প্রকৃত প্রস্তাবে এক আপনি মাত্র॥ ৭॥

আভাস।

স্পষ্টাক্ষরে স্বীকার করিয়াছেন। গীতাতেও উক্ত আছে যে, আদিত্য যে তেজের প্রভাবে জগৎকে উদ্ভাসিত করিতেছেন, চন্দ্রমা এবং অগ্নিতেও যে তেজ বিরাজ করিতেছে, সে সমস্ত আমারই তেজ বলিয়া হে অর্জ্জুন! তুমি নিশ্চয় অবধারণ করিবে॥ ৭॥

জলে তিনটী গুণ পরিদৃষ্ট হইয়া থাকে; সুতরাং সেই তিনটীর উল্লেখে ভগবানের ত্রিরূপত্বের পরিচয় দিয়াছেন। অর্থাৎ প্রথমত রসই জলের স্বরূপ; তদ্দ্বারা জীবত্বের পুষ্টি এবং তুষ্টি উভয় ব্যাপারই সাধিত হইয়া থাকে। অতএব এক ঈশ্বরই তুষ্টিরূপে তৃপ্তি-সাধন করত জীবের প্রাণভাগের পুষ্টি করিয়া থাকেন। বায়ু সর্ব্বময় এক হইলেও, উপাধিভেদে

তর্পণং প্রাণনমপাং দেবত্বং তাশ্চ তদ্রসঃ।
ওজঃ সহো বলং চেষ্টা গতির্যা বায়োস্তথেশ্বর ॥ ৮ ॥
দিশাং ত্বমবকাশোঽসি দিশঃ খং স্ফোট আশ্রয়ঃ।

অন্বয়ঃ।

অপাং তর্পণং তৃপ্তিজনকত্বং, প্রাণনং জীবনহেতুত্বং, দেবত্বং শোধকত্বং, তাঃ স্বরূপতঃ আপঃ চ তাসাং রসঃ চ তথা হে ঈশ্বর! বায়োঃ চ ওজঃ ইন্দ্রিয়সামর্থ্যং, সহঃ অন্তঃকরণসামর্থ্যং বলং শরীরসামর্থ্যং, চেষ্টা শরীরব্যাপারঃ, গতিঃ চ চেতনাচেতনসাধারণং গমনং চ তবৈব শক্তিঃ ॥ ৮ ॥

দিশাং উপাধিকৃতাকাশপ্রদেশানাং অবকাশঃ তথা দিশঃ চ ত্বং, খং সামান্যাকাশঃ, তদাশ্রয়ঃ

শ্রীধরস্বামী।

কিঞ্চ হে দেব অপাং তর্পণং তৃপ্তিজনকত্বং প্রাণনং জীবনহেতুত্বং তা আপশ্চ তাসাং রসশ্চ ত্বমেব। কিঞ্চ বায়োরোজঃ সহ আদি তবৈব শক্তিঃ ॥ ৮ ॥

দিশাং উপাধি-কৃতাকাশ-প্রদেশানামবকাশঃ দিশশ্চ ত্বং খঞ্চ সামান্যাকাশঃ তদাশ্রয়ঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং কহুনা বস্তুধর্ম্মা বস্তু নিচ' ত্বমেবেত্যাহ তর্পণমিতি চতুর্ভিঃ। হে দেব অপাং তর্পণং তৃপ্তিজনকত্বং প্রাণনং জীবনহেতুত্বং তা আপশ্চ তদ্রসশ্চ ত্বমেব। বায়োরোজঃ সহ আদিকং তবৈব শক্তিঃ ॥ ৮ ॥

দিশামুপাধিকৃতাকাশপ্রদেশানামবকাশঃ দিশশ্চ ত্বং। খঞ্চ সামান্যাকাশঃ তদাশ্রয়ঃ। স্ফোটশ্চ শব্দতন্মাত্রং বাক্ পরাবস্থেত্যর্থঃ। নাদঃ পশ্যন্তী মধ্যমা চ ত্বং। বর্ণ ওঁকারশ্চ ত্বং।

সলিলের তৃপ্তিজনকত্ব, জীবন-হেতুত্ব এবং পরিশোধকত্ব যে কোন ভাব আছে, তৎসমুদায় এবং সেই জলের যে রস আছে তৎসমস্ত এক আপনি মাত্র। হে জগদীশ্বর! ইন্দ্রিয়সামর্থ্য ওজঃ, অন্তঃকরণ-সামর্থ্য সহঃ, শরীর-সামর্থ্য বল, শরীর-ব্যাপার চেষ্টা এবং চেতন ও অচেতন সাধারণে গতি বা গমন-শক্তিরূপে বায়ুর যে ক্রিয়া প্রতীত হয়, হে পরমেশ্বর! সে সমস্ত আপনারই শক্তি, সন্দেহ নাই ॥ ৮ ॥

দিক্‌সমূহ নামক আকাশের নির্দ্দিষ্ট ভাগ সকল, অবকাস, সাধারণ আকাশ,

আভাস।

বিভিন্ন ক্রিয়া সম্পন্ন করে; সুতরাং উপাধিভেদে ক্রিয়াভেদের উল্লেখ করা হয়। অন্তঃকরণের আশ্রয়ে ওজ নামে বায়ু সর্ব্বনির্জ্জয়শক্তিরূপ পরাক্রমের পরিচয় দেয়; ইন্দ্রিয়ের আশ্রয়ে সহের পরিচয় এবং দেহের আশ্রয়ে বলের পরিচয়, নয়নের উন্মীলনাদিতে চেষ্টা এবং গতি প্রভৃতির পরিচয়ে এক ঈশ্বরই বায়ুরূপে বিবিধভাবে আত্মপরিচয় দিয়া থাকেন ॥ ৮ ॥

নাদোবর্ণস্ত্বমোঙ্কার আকৃতীনাং পৃথক্ কৃতিঃ ॥ ৯ ॥
ইন্দ্রিয়ন্ত্বিন্দ্রিয়াণাং ত্বং দেবাশ্চ তদনুগ্রহঃ।

অন্বয়ঃ।

স্ফোটঃ শব্দতন্মাত্রং, পরাবস্থা বাক্ নাদঃ পশ্যন্তী, ওঙ্কারঃ বর্ণঃ চ, মধ্যমা আকৃতীনাং পদার্থানাং পৃথক্কৃতিঃ পৃথক্করণং অভিধানং যস্মাৎ তৎপদং বর্ণপদাদ্যাত্মিকা বৈখরী চ ত্বং এব ॥ ৯ ॥

ইন্দ্রিয়াণাং অপি ইন্দ্রিয়ং বিষয়প্রকাশন-শক্তিঃ, তু দেবাঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ, তদনুগ্রহঃ

শ্রীধরস্বামী।

স্ফোটঃ শব্দতন্মাত্রং পরাবস্থাবাগিত্যর্থঃ। নাদঃ পশ্যন্তী ওঙ্কারঃ মধ্যমা বর্ণশ্চ আকৃতীনাং পদার্থানাং পৃথক্ কৃতিঃ পৃথক্ করণং অভিধানং যস্মাৎ তৎ পদং বর্ণপদাদ্যাত্মিকাঃ বৈখরীচ ত্বমিত্যর্থঃ ॥ ৯ ॥

ইন্দ্রিয়াণামিন্দ্রিয়ং বিষয়প্রকাশনশক্তিঃ দেবাশ্চ ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ। তদনুগ্রহঃ তেষাম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আকৃতীনাং পদার্থানাং পৃথক্ কৃতিঃ পৃথক্করণং অভিধানং যস্মাৎ স ইতি বৈখরী চ ত্বমিত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। চত্বারি বাক্‌পরিমিতা পদানি তানি বিদু ব্রাহ্মণা যে মনীষিণঃ। গুহায়াং ত্রীণি নিহিতানি নেঙ্গয়ন্তি তুরীয়ং বাচো মনুষ্যা বদন্তীতি ॥ ৯ ॥

ইন্দ্রিয়াণামিন্দ্রিয়ং বিষয়প্রকাশনশক্তিঃ। দেবাশ্চ তদধিষ্ঠাতারঃ। তদনুগ্রহঃ তেষাং

তাহার আশ্রয়স্বরূপ স্ফোটরূপ শব্দ, শব্দতন্মাত্র, তাহার পরাবস্থা নাদ, ওঙ্কার বর্ণ এবং তাহা হইতে সমুৎপন্ন পদার্থ সমূহের পৃথক্ পৃথক্ কৃতি অর্থাৎ নাম এবং বর্ণ হইতে সমুৎপন্ন পদপ্রধান বৈখরী ধ্বনি, এই সমস্তই এক তুমি মাত্র ॥ ৯ ॥

যে শক্তিবলে ইন্দ্রিয়গণ বিষয়সমূহকে প্রকাশিত করিতেছে, যে দেবতাগণ ইন্দ্রিয়ে অধিষ্ঠান পূর্ব্বক ইন্দ্রিয়কে সাহায্য করিতেছেন, সে সমস্তই তুমি!

আভাস।

উপাধির উল্লেখে আকাশের প্রদেশ বিশেষের নাম দিক্ এবং মহাকাশ খ নামে অভিহিত। শব্দতন্মাত্রই আকাশের আশ্রয়, যাহা স্ফোটরূপে ব্যক্ত হইয়া বাক্যে পরিণত হয়। নাদই ধ্বনি সপ্ত সা রে গা মাদি বিভাগে বিভক্ত এবং তন্মধ্যে ওঁকার প্রণবই বর্ণরূপে অভিব্যক্ত। ধ্বনি বিভাগে ও বর্ণতারতম্যে পদার্থের আকারও নামের উপস্থিতি ঘটে। শ্রুতি বলিয়াছেন বাক্যও স্থানভেদে চারি প্রকার; তন্মধ্যে উদর, বক্ষ এবং মূর্দ্ধায় তিনটী নিহিতই থাকে; এক কণ্ঠ অবলম্বনে মানবাদি জীব বাক্ বিন্যাস করিয়া থাকে ॥ ৯ ॥

বিষয় প্রকাশনের শক্তিই ইন্দ্রিয়; কিন্তু দেবতাগণ শক্তি প্রদানে সেই ইন্দ্রিয়কে সামর্থ্য প্রদান করিয়া থাকেন। ইন্দ্রিয়গণ বাহ্য বস্তু গ্রহণে অর্থাৎ বাহ্যাকারে আকারিত হইয়া

অববোধো ভবান্ বুদ্ধে র্জীবস্যানুস্মৃতিঃ সতী ॥ ১০ ॥
ভূতানামসি ভূতাদিরিন্দ্রিয়াণাঞ্চ তৈজসং।
বৈকারিকো বিকল্পানাং প্রধানমনুশায়িনাং ॥ ১১ ॥

অন্বয়ঃ।

তেষাং অধিষ্ঠানশক্তিঃ চ ত্বং এব ; ত্বং বুদ্ধেঃ অববোধঃ, ব্যবসায়াত্মিকা শক্তিঃ, জীবস্য সতী যথার্থা অনুস্মৃতিঃ আত্মানুসন্ধানং চ ভবান্ এব ॥ ১০ ॥

ভূতানাং আকাশাদীনাং কারণং ভূতাদিঃ তামসঃ অহঙ্কারঃ ত্বং অসি। ইন্দ্রিয়াণাং কারণং তৈজসঃ রাজসঃ অহঙ্কারঃ ত্বং অসি। বিকল্পানাং (বিবিধং কল্পনং এভিঃ তে বিকল্পাঃ দেবাঃ মনুষ্যাশ্চ তেষাং কারণং বৈকারিকঃ সাত্ত্বিকঃ অহঙ্কারঃ ত্বং অসি। অনুশায়িনাং অনুশয়-পদ-বাচ্য-কর্ম্ম-বাসনাবতাং জীবানাং সংসারকারণং প্রধানং প্রকৃতিশ্চ ত্বমেব ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

ধিষ্ঠানশক্তিশ্চ ত্বং অববোধো ব্যবসায়-শক্তিঃ। অনুস্মৃতিরনুসন্ধানশক্তিঃ ॥ ১০ ॥

ভূতানাং কারণং ভূতাদি স্তামসোঽহঙ্কারস্ত্বমসি। ইন্দ্রিয়াণাং কারণং তৈজসো রাজসাহঙ্কারস্ত্বং বিবিধং আধিদৈবাধ্যাত্মাদি-ভেদেন কল্প্যন্ত ইতি বিকল্পা দেবা স্তেষাং কারণং বৈকারিকঃ সাত্ত্বিকোঽহঙ্কারশ্চ ত্বং। অনুশায়িনাং জীবানাং সংসারকারণং প্রধানং ত্বং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিষয়গ্রহণানুকূল্যঞ্চ। অববোধো ব্যবসায়শক্তি র্জীবস্যানুস্মৃতিঃ জীবসম্বন্ধিনী অনুস্মৃতিঃ প্রতিসন্ধানশক্তিশ্চ ॥ ১০ ॥

ভূতানাং কারণং ভূতাদি স্তামসোঽহঙ্কারস্ত্বমসি। ইন্দ্রিয়াণাং কারণং তৈজসং রাজসাঙ্কারশ্চ বিবিধং কল্প্যন্ত ইতি বিকল্পা দেবা স্তেষাং কারণং বৈকারিকঃ সাত্ত্বিকাহঙ্কারশ্চ ত্বং। অনুশায়িনাং জীবানাং সংসারকারণং প্রধানঞ্চ ত্বং ॥ ১১ ॥

অধিক কি ? ব্যবসায়াত্মিকা বুদ্ধির অববোধ-শক্তি এবং জীবের অনুসন্ধানাত্মিকা অনুস্মৃতি অর্থাৎ অনুসন্ধান ব্যাপারও একা আপনি মাত্র ॥ ১০ ॥

আকাশাদি পঞ্চ মহাভূতের কারণস্থানীয় তামস অহঙ্কার আপনি এবং ইন্দ্রিয়বর্গের কারণস্বরূপ তৈজস অর্থাৎ রাজস অহঙ্কারও আপনি ॥

এবং বিবিধভাবে কল্পিত দেবতা ও মনের কারণ-স্থানীয় বৈকারিক

আভাস।

প্রতিগমন পূর্ব্বক যখন বুদ্ধিরূপ দর্পণে অবস্থান করে, তখন সেই বুদ্ধিস্থ অন্যান্য সংস্কারের তুলনায় আনিত সংস্কারের মীমাংসা বা অববোধ এবং তাহার স্মরণ তত্রত্য যে চৈতন্য-বলে হয়, তিনিই জগজ্জীবন পরমাত্মা ॥ ১০ ॥

তামস অহঙ্কার হইতে শব্দাদি ভূতপঞ্চ, রাজস অহঙ্কার হইতে ইন্দ্রিয়বর্গ এবং সাত্ত্বিক

নশ্বরেষ্বিহ ভাবেষু তদসি ত্বমনশ্বরং।
যথা দ্রব্যবিকারেষু দ্রব্যমাত্রং নিরূপিতং ॥ ১২ ॥
সত্ত্বং রজস্তম ইতি গুণাস্তদ্বৃত্তয়শ্চ যাঃ।
ত্বয্যদ্ধা ব্রহ্মণি পরে কল্পিতা যোগমায়য়া ॥

অন্বয়ঃ।

ইহ প্রপঞ্চে নশ্বরেষু পদার্থেষু যৎ তস্য পরমার্থভূতং অনশ্বরং তৎ ত্বং অসি; যথা দ্রব্যস্য মৃৎসুবর্ণাদেঃ বিকারেষু ঘটকুণ্ডলাদিষু নশ্বরেষু অপি দ্রব্যমাত্রং মৃৎসুবর্ণাদিকং, স্বরূপতঃ অনশ্বরং, নিরূপিতং ভবতি ॥ ১২ ॥

সত্ত্বং রজঃ তমঃ ইতি প্রকৃতেঃ গুণাঃ গুণকার্য্যভূতাঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদয়ঃ যাঃ তেষাং বৃত্তয়ঃ সুখদুঃখরাগলোভাদয়ঃ চ তে যোগমায়য়া আত্মাজ্ঞানেন, অদ্ধা সাক্ষাৎ, পরে ব্রহ্মণি ত্বয়ি কল্পিতাঃ ॥

শ্রীধরস্বামী।

অপিচ নশ্বরেষু নাশশীলেষু ইহ এষু ভাবেষু যদনশ্বরং অবশিষ্যমাণং রূপং তৎ ত্বমসি দ্রব্যবিকারেষু মৃৎসুবর্ণাদিকার্য্যেষু ঘটকুণ্ডলাদিষু নশ্বরেষু চ দ্রব্যমাত্রং মৃৎসুবর্ণাদিমাত্রমনশ্বরং যথা তদ্বৎ ॥ ১২ ॥

নন্বু ত্রিগুণাত্মককার্য্যরূপোঽপি ত্বমিত্যুক্তত্বাৎ কথমনশ্বরত্বং তত্রাহ সত্ত্বমিতি। তদ্বৃত্তয়ঃ তৎপরিণামাশ্চ মহদাদয়ঃ অদ্ধা সাক্ষাৎ ত্বয়ি পরে ব্রহ্মণি কল্পিতা স্তস্মান্ন সন্তি। নন্বসতাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নশ্বরেষু ভাবেষু তৎ অনশ্বরং প্রধানং ত্বমসি। যথা দ্রব্যবিকারেষু মৃৎসুবর্ণাদিকার্য্যেষু ঘটকুণ্ডলাদিষু নশ্বরেষু দ্রব্যমাত্রং মৃৎসুবর্ণাদিমাত্রং অনশ্বরং তদ্বৎ ॥ ১২ ॥

নন্বু যদি প্রধানমহমেবাস্মি তর্হি জগৎকারণস্য তস্য বিকারিত্বং প্রসজ্যমত আহ। সত্ত্বমিতি দ্বাভ্যাং। গুণাস্ত্রয়ো যে প্রধানসংজ্ঞা যাশ্চ তদ্বৃত্তয়স্তৎপরিণামা মহদাদয়শ্চ। তে

অর্থাৎ সাত্ত্বিক অহঙ্কারও আপনি, এবং অনুশয়-পদবাচ্য-কর্ম্ম-বাসনা বিশিষ্ট জীবগণের সংসার-কারণ মূলা প্রকৃতিও আপনি মাত্র ॥ ১১ ॥

এই প্রপঞ্চ নশ্বর পদার্থসমূহের অন্তরে যিনি সৎস্বরূপ অনশ্বরভাবে নিরন্তর বিদ্যমান রহিয়াছেন, তিনিই আপনি; মৃৎসুবর্ণাদির বিকারে সমুৎপন্ন ঘটকুণ্ডলাদি পদার্থে মৃত্তিকা এবং সুবর্ণ যেমন নিয়ত বিদ্যমান থাকে, তুমিও সেইরূপ অনন্ত সংসারের অন্তরে নিরন্তর বিদ্যমান রহিয়াছ ॥ ১২ ॥

প্রকৃতির গুণ সত্ত্ব, রজঃ এবং তমঃ এবং এই গুণত্রয়ের সম্মিলনে সমুৎ-

আভাস।

অহঙ্কার হইতে ইন্দ্রিয়াধিষ্ঠিত দেবতাগণ রচিত হইয়াছেন। এই ত্রিবিধ অহঙ্কার এবং সংসার-কারণ মূলা প্রকৃতি এই সকলরূপে হে শ্রীকৃষ্ণ! তুমিই বিরাজ করিতেছ ॥ ১১ ॥

তস্মান্ন সন্ত্যমী ভাবা যর্হি ত্বয়ি বিকল্পিতাঃ।
ত্বঞ্চামীষু বিকারেষু হ্যন্যদাব্যাবহারিকঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

যর্হি যস্মাৎ ত্বয়ি কল্পিতাঃ এব তস্মাৎ অমী ভাবাঃ সুখদুঃখাদিবিকারাঃ ত্বয়ি ন সন্তি। যদা ত্বং অমীষু বিকারেষু (স্থিতঃ) তদৈব ত্বয়ি প্রতীয়ন্তে অন্যদা কল্পনারাহিত্যাবস্থায়াং অব্যবহারিকঃ শুদ্ধঃ এব প্রতীয়সে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

কথং প্রতীতিরত আহ যর্হীতি। যদা বিকল্পিতাস্তদৈব প্রতীতিমাত্রেণ ত্বয়ি সন্তি ত্বঞ্চামীষু তদৈব কারণতয়া অনুগতঃ অন্যদাতু অব্যাবহারিকোঽবিকল্পস্ত্বমেবাবশিষ্যস ইত্যর্থঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বে যোগমায়য়া ত্বৎস্বরূপভূতাচিন্ত্যশক্ত্যা ত্বয়ি তেভ্যঃ পরে গুণাতীতেঽপি কল্পিতাঃ সমর্থিতাঃ অবর্ত্তমানা অপি তে বর্ত্তিতাস্ত্বদ্দৃষ্টিপথে যোজিতা ইত্যর্থঃ ॥

তস্মাদ্‌যর্হি মহাপ্রলয়ে অমী ভাবা বিকল্পিতাঃ ত্বদিচ্ছাময্যা যোগমায়য়া ত্বদ্‌দৃষ্টিতো বিযোজিতাস্তু তা ত্বয়ি ন সন্তি ন ভবন্তি। ত্বং চ অমীষু বিকারেষু কার্য্যরূপেষু তদা ন বর্ত্তসে। অন্যদা সৃষ্টিস্থিত্যোস্তু ত্বং তেষু ব্যবহারিকঃ ব্যাবহারনির্ব্বাহকঃ সন্ বর্ত্তসে তেষ্ববর্ত্তমানোঽপি ব্যবহারসিদ্ধ্যর্থং অন্তর্যামিত্বাদ্যংশমাবিষ্কৃত্য বর্ত্তস ইত্যর্থঃ। যদুক্তং গীতাসু। ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা। মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ। নচ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরমিতি। তস্মাত্ত্বং স্বরূপেণ গুণময়প্রধানরূপো ন ভবসীতি নাস্তি তে বিকার ইতি ভাবঃ ॥ ১৩ ॥

পন্ন দেহ, ইন্দ্রিয় এবং অন্তঃকরণাদি, তাহাদিগের বৃত্তি সুখ, দুঃখ, রাগ এবং দ্বেষাদি, এই সমস্ত পদার্থই কেবল আত্মাজ্ঞানরূপা যোগমায়ার দ্বারা পরব্রহ্মস্বরূপ এক আপনাতেই কল্পিত হইয়াছে ॥

হে শ্রীকৃষ্ণ! এই সমস্ত সুখ দুঃখাদি ভাব সমূহ যখন আপনাতে কল্পিত হইয়াছে, তখন প্রকৃত প্রস্তাবে তাহারা আপনার স্বরূপে নাই; আপনি যখন সেই সমস্তে অবস্থান করেন, তখনই তাহারা প্রতীত হয়; নতুবা কল্পনার পূর্ব্বাবস্থার ন্যায়, শুদ্ধভাবেই আপনি নিরন্তর প্রতীত হন ॥ ১৩ ॥

আভাস।

ধর্ম্মের পরিবর্ত্তন হইলেও, ধর্ম্মী যেমন নিরন্তর একাকারে বিদ্যমান থাকে, ঘট সরাবাদিতে মৃত্তিকা যেমন নিরন্তর বিদ্যমান থাকে, সেইরূপ এই প্রকাশমান ধর্ম্মরূপ ব্রহ্মাণ্ডে সৎ স্বরূপে ভগবান্ নিত্য বিদ্যমান রহিয়াছেন ॥ ১২ ॥

ঈশ্বরশক্তি মায়া ত্রিগুণা ও ত্রিধারা। ঈশ্বরের ঈক্ষণে মায়ার যতই বিভাগ হইয়া থাকে, তাহার ঈক্ষণকর্ত্তারূপেই পরমাত্মা সর্ব্বত্র সর্ব্বভাবে বিদ্যমান থাকেন মাত্র; মায়ার পরিণামে

গুণপ্রবাহ এতস্মিন্নবুধা স্বখিলাত্মনঃ।
গতিং সূক্ষ্মামবোধেন সংসরন্তীহ কর্ম্মভিঃ॥ ১৪॥
যদৃচ্ছয়া নৃতাং প্রাপ্য সুকল্পামিহ দুর্ল্লভাং।
স্বার্থে প্রমত্তস্য বয়ো গতং ত্বন্মায়য়েশ্বর॥ ১৫॥

অন্বয়ঃ।

গুণপ্রবাহে সত্ত্বাদিগুণকার্য্যভূতে এতস্মিন্ দেহাদৌ, অখিলাত্মনঃ তব সূক্ষ্মাং দুর্জ্ঞেয়াং গতিং সচ্চিদানন্দাত্মকং স্বরূপং, অবুধাঃ অজানন্তঃ, অতএব অবোধেন স্বরূপাজ্ঞাননিবন্ধন-দেহাদাভিমানেন, কৃতৈঃ কর্ম্মভিঃ ইহ সংসারে সংসরন্তি।দেবমনুষ্যাতির্য্যগাদিযোনিং প্রাপ্নুবান্ত॥ ১৪॥

হে ঈশ্বর! ইহলোকে দুর্ল্লভাং সুকল্পাং পুরুষার্থসাধনসমর্থাং, নৃতাং নরদেহং, প্রাপ্য আপ ত্বন্মায়য়া স্বার্থে স্বপুরুষার্থসাধনে ত্বত্তত্ত্বানুসন্ধানে ভক্ত্যাদৌ, প্রমত্তস্য অনবহিতস্য, মম বয়ঃ আয়ুঃ বৃথৈব গতং॥ ১৫॥

শ্রীধরস্বামী।

এবংরূপস্যাজ্ঞাননিবন্ধনশ্চ সংসার ইত্যাহ গুণপ্রবাহ ইতি। সূক্ষ্মাং নিষ্প্রপঞ্চাং গতিং অবুধা অবিদ্বাংসঃ অবুদ্ধেতি বা পাঠঃ। অতোঽবোধেন দেহাভিমানেন কৃতৈঃ কর্ম্মভিঃ সংসরন্তীতি॥ ১৪॥

এবং তয়োস্তত্ত্বং নিরূপ্য তদপ্রাপ্ত্যা শোচতি যদৃচ্ছয়েতি। নৃতাং মনুষ্যতাং। সুকল্পপটুতরেন্দ্রিয়াং॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতএব এতস্মিন্ গুণপ্রবাহে সংসারে। অখিলাত্মনস্তব সূক্ষ্মাং গতিমুক্তলক্ষণাং অবুধা অজানন্তঃ অবোধেন তেনৈব কর্ম্মভিঃ সংসরন্তি॥ ১৪॥

এবম্ভূতং জ্ঞানং ত্বত্তজ্যা নৃজন্মনি সম্ভবেৎ তৎ যস্য নাভূৎ তং শোচতি। যদৃচ্ছয়েতি। সুকল্পাং পটুতরেন্দ্রিয়াং॥ ১৫॥

সত্ত্বাদি গুণত্রয়ের কার্য্যভূত এই কলেবরে দুর্জ্ঞেয় সচ্চিদানন্দস্বরূপে তুমি যে নিত্য বিরাজ করিতেছ, অজ্ঞানী ব্যক্তিগণ তাহা অবধারণ করিতে পারে না; সুতরাং আত্মজ্ঞানের অননুভূতি-নিবন্ধন দেহাদিতেই অভিমান বশত কৃত পাপ-পুণ্যাত্মক কর্ম্মের দ্বারা দেব, মনুষ্য এবং তির্য্যগাদি বিচিত্র যোনি লাভে তাহারা এই সংসারে নিরন্তর পরিভ্রমণ করিতেছে॥ ১৪॥

হে জগদীশ্বর! এই সংসারে দুর্ল্লভ অথচ পুরুষার্থ-সাধনের সম্পূর্ণ উপ-

আভাস।

তাঁহার কোন পরিণামাদি ঘটে না। সমস্ত ভেদ বিকল্পাদি চৈতন্যে প্রতীত হয় বটে; কিন্তু প্রতীতি-স্বরূপের কোন বৈচিত্র্য ঘটে না॥ ১৩॥

অসাবহং মমৈবৈতে দেহে চাস্যান্বয়াদিষু।
স্নেহপাশৈর্নিবধ্নাতি ভবান্ সর্ব্বমিদং জগৎ ॥ ১৬ ॥
যুবাং ন নঃ সুতৌ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরৌ।
ভূভার-ক্ষত্রক্ষপণে ত্ববতীর্ণৌ তথাত্থ হ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

দেহে অসৌ অহং অস্য অন্বয়াদিষু পুত্রকলত্রাদিষু, চ মম এব এতে ইতি স্নেহরূপৈঃ পাশৈঃ ভবান্ সর্ব্বং ইদং জগৎ নিবধ্নাতি ॥ ১৬ ॥

যুবাং নঃ অস্মাকং, সুতৌ ন ভবতঃ কিন্তু সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরৌ ভূভার-ক্ষত্রক্ষপণে ভূভারভূতক্ষত্রিয়-বিনাশায় অবতীর্ণৌ ইতি স্বয়ং এব হ স্ফুটং আত্থ কথিতবান্ অসি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

অহো কিমিতি প্রমত্তোঽসি ত্বয়া বহুভিঃ পাশৈ র্নিবদ্ধত্বাদিত্যাহ অসাবহমিতি দেহে অস্য দেহস্য অন্বয়াদিষু পুত্রাদিষু চ মমৈবৈতে ইতি ॥ ১৬ ॥

অহো ত্বৎপুত্রয়োরাবয়োঃ কিমিদমারোপ্যতে অত আহ যুবামিতি। ভূভারক্ষত্রক্ষপণার্থ-মবতীর্ণৌ তথাত্থ নিশ্চিতং আত্থ কথয়সি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং কর্ত্তব্যং যতস্ত্বজ্জ্ঞানং ভবেত্তস্যাং ত্বদ্ভাবকাশমেব জনো ন প্রাপ্নোতীত্যাহ। অসাবিতি ॥ ১৬ ॥

তত্রাবামেব প্রমাণং যদাবয়ো র্দেহপুত্রাদিষ্বহন্তা মম তে বর্ত্তেতে এবেত্যাহ যুবামিতি। নঃ আবয়ো র্ন সুতৌ তদপি সুতবুদ্ধ্যা যুবয়ো র্মমতা বর্ত্তত এবেতি ভাবঃ। ক্ষত্রক্ষপণে ভূভাররূপক্ষত্রিয়-ক্ষয়ায় তথৈব আত্থ ত্বজ্জন্মসময়ে কথিতবানসি ॥ ১৭ ॥

যোগী অপূর্ব্ব নরদেহ প্রাপ্ত হইয়াও, তোমার মায়ায় এতই বিমোহিত হইয়াছি যে, ভক্তি প্রভৃতির অনুষ্ঠানে ভবদীয় তত্ত্বানুসন্ধানের দ্বারা স্বকীয় পুরুষার্থ-সাধনে সম্যক্ উদাসীনের ন্যায় জীবনের প্রচুর পরমায়ুঃ আমি বৃথায় অতি-বাহিত করিয়াছি ॥ ১৫ ॥

এই দেহই আমি এবং দেহ সম্বন্ধীয় পুত্রকলত্রাদি স্বজনবর্গকে আমার বলিয়া যে জ্ঞান হয়, এই স্নেহ-পাশে আপনি বিশ্ব সংসারকে আবদ্ধ করিয়া-ছেন ॥ ১৬ ॥

আভাস।

অধিক কি! যে স্নেহপাশে জীব আবদ্ধ হইয়া সংসারে মগ্ন হয়, সে স্নেহপাশও এক তিনি; সুতরাং ভক্তির অবকাশও জীবের অদৃষ্টে ঘটা দুর্ল্লভ। যিনি রচনা করিয়াছেন; তাঁহার অনুকম্পা ব্যতীত, মুক্তি বা শান্তি দূরপরাহত ॥ ১৬ ॥

তস্মাত্তে গতোঽস্ম্যরণমদ্য পদারবিন্দমাপন্নসংসৃতিভয়াপহমার্ত্তবন্ধো।
এতাবতালমলমিন্দ্রিয়লালসেন মর্ত্যাত্মদৃক্ ত্বয়ি পরে যদপত্যবুদ্ধিঃ॥ ১৮॥

অন্বয়ঃ।

তস্মাৎ বৃথায়ুঃক্ষপণাৎ, হে আর্ত্তবন্ধো! অদ্য আপন্ন-সংসৃতি-ভয়াপহং (আপন্নানাং শরণং আগতানাং সংসৃতিভয়ং অপহন্তীতি তথাভূতং) তব পদারবিন্দং অরণং শরণং, গতঃ অস্মি! যৎ যেন, ইন্দ্রিয়ার্থলালসেন হেতুনা মর্ত্ত্যে শরীরে আত্মদৃক্ আত্মবুদ্ধিঃ, অহং ত্বয়ি পরে পরমেশ্বরে, অপত্যবুদ্ধিঃ জাতঃ অস্মি; এতাবতা এব অলং অলং পর্য্যাপ্তং ইতি॥ ১৮॥

শ্রীধরস্বামী।

তত্তস্মাদরণং শরণং আপন্নানাং সংসৃতিভয়মপহন্তীতি তথা তৎ। নন্থ ত্বমতিসুখী বৃথা কিং নির্ব্বিদ্যসে অত আহ এতাবতেতি। ইন্দ্রিয়লালসেন ইন্দ্রিয়ার্থতৃষ্ণয়া যৎ যেন মর্ত্যশরীরে আত্মদৃক্ আত্মবুদ্ধিরহং ত্বয়ি চ পরে পরমেশ্বরেঽপত্যবুদ্ধিরস্মি তেন অলং অলং পর্য্যাপ্তমিতি॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অরণং শরণং। নন্থ ভোগাং স্তাবদুভুঙ্ক্ষ্ব কুতস্তে সংসার ইত্যত আহ এতাবতৈব ইন্দ্রিয়লালসেনালং যৎ যেন মর্ত্যে দেহে আত্মদৃক্ আত্মবুদ্ধিরহং ত্বয়ি চ পরে পরমেশ্বরেঽপত্যবুদ্ধিরস্মীত্যতোঽজ্ঞানমূলঃ সংসারো মমাস্ত্যেবেতি ভাবঃ॥ ১৮॥

তোমরা প্রকৃত প্রস্তাবে আমাদের পুত্র নহ; জগতের কারণস্বরূপ প্রকৃতিপুরুষের নিয়ন্তা পরম পুরুষই তোমরা! ধরণীর ভারভূত দুষ্ট ক্ষত্রিয়গণের বিনাশার্থই সংসারে যে অবতীর্ণ হইয়াছ, তাহা হে শ্রীকৃষ্ণ! তুমি নিজমুখেই পূর্ব্বে আমাদিগের নিকট ব্যক্ত করিয়াছ॥ ১৭॥

জীবনের উৎকৃষ্ট সময়ই যখন আমার বৃথায় অতিবাহিত হইয়াছে, তখন হে কাতর-জন-দুঃখহারিন্! অদ্য আমি আপনার ঐ শরণাগত জনগণের সংসার-ভয়হারি চরণারবিন্দে শরণ লইলাম! অহো! ইন্দ্রিয়ের ভোগ্য বিষয় সমূহের লালসায় আমি মরণধর্ম্মশীল এই মানব দেহে আত্মজ্ঞান করত, পরম পুরুষ পরমেশ্বর তোমাকে পুত্র বলিয়াই ধারণা করিয়াছি! অহো! যথেষ্ট হইয়াছে; এতদপেক্ষা আমার আর কি অপরাধ হইতে পারে?॥ ১৮॥

আভাস।

পাছে শ্রীকৃষ্ণ বলেন যে, তিনি পরমেশ্বর তাহা বসুদেব কি প্রকারে অবধারণ করিলেন এবং পরমেশ্বর হইয়া যাঁহার গৃহে জন্ম পরিগ্রহ করিয়াছেন, সেই জনক জননীরই বা সংসারের সম্ভাবনা কোথায়? এতদুত্তরে বসুদেব বলিলেন যে, হে জগৎপতে! এই দুইটী বিষয়ের মীমাংসা তুমি নিজেই পূর্ব্বে করিয়াছ। সূতিকাগৃহে এই উভয় বিষয়ের

সুতীগৃহে নন্বু জগাদ ভবানজো নৌ সংজজ্ঞ ইত্যনুযুগং নিজধর্ম্মগুপ্ত্যৈ।
নানাতনূর্গগনবদ্বিদধজ্জহাসি কো বেদ ভূম্ন উরুগায় বিভূতিমায়াং॥

অন্বয়ঃ।

নন্বু হে ভগবন্! অজঃ কর্ম্মাধীনজন্মরহিতঃ, অপি অহং নিজধর্ম্মাণাং স্বপ্রবর্ত্তিতধর্ম্ম-মর্য্যাদানাং গুপ্ত্যৈ রক্ষণায়, অনুযুগং প্রতিযুগং জজ্ঞে অবতরামি, ইতি ভবান্ সুতিকাগৃহে নৌ আবাং প্রতি জগাদ; অতঃ গগনবৎ (গগনং যথা ঘটাদ্যুপাধিকৃত-নানাতনূঃ বিদধৎ উপাধিনাশাচ্চ তাঃ পরিত্যজৎ নির্লেপব্যাপকত্বাদি নিজস্বভাবং ন পরিত্যজতি তথা) নানাতনূঃ বিদধৎ বিভ্রাণঃ ত্বং তাঃ তনূঃ জহাসি অতঃ হে উরুগায় (বহুধা গীয়সে ইতি)! ভূম্নঃ ব্যাপকস্য, তব বিভূতিরূপাং মায়াং কঃ বেদ॥

শ্রীধরস্বামী।

নন্বু কুত এতদহং পরমেশ্বর ইতি তত্রাহ সুতীগৃহ ইতি। নৌ আবয়োঃ অনুযুগং প্রতি-যুগং যদা সুতপাঃ পৃশ্নিরিতি যুগ্মং যদাচ কশ্যপোঽদিতিরিতি যুগ্মং অধুনা চ বসুদেবো দেবকীতি চ যুগ্মং এবং হি প্রতিযুগং অজ এবাহং সংজজ্ঞেঽবতীর্ণ ইতি ভবান্নন্বু জগাদ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বহং পরমেশ্বরএব যস্য পুত্রোঽভুবং তস্য তব কথং সংসার ইতি তত্রাহ। সুতিগৃহে সুতিকাগারে নন্বু ভো ভবানেব। নৌ আবয়োরনুযুগং প্রতিযুগং। যদা সুতপাঃ পৃশ্নিরিতি যুগ্মং। যদাচ কশ্যপোঽদিতিশ্চেতি যুগ্মং। অধুনা বসুদেবো দেবকী তস্মাৎ সর্ব্বস্মাদেব আবয়ো র্যুগ্মাৎ সংজজ্ঞে অবতীর্ণ ইতি জগাদ। অতএবাবয়ো র্নানাতনূঃ সুতপঃ পৃশ্ন্যাদিনাম্নী বিদধৎ সৃজন্ গগনবদলিপ্ত এবাবয়োঃ প্রতিজন্ম্যপি পুত্রো ভবন্নপ্যনাসক্ত এব জহাসি আবাং ত্যজসি। সংসারঞ্চ ন নিবর্ত্তয়সি অতস্তব ভূম্নঃ পরমেশ্বরস্য বিভূতিরূপাং মায়াং কো বেদ॥

হে ভগবন্! আপনি জীবের ন্যায় কর্ম্মের বশবর্ত্তী হইয়া জন্ম পরিগ্রহ না করিলেও, কেবল নিজ-প্রবর্ত্তিত ধর্ম্ম-মর্য্যাদার রক্ষার নিমিত্ত প্রতিযুগে দেহ পরিগ্রহে অবতীর্ণ হইয়া থাকেন, তাহা সুতিকাগৃহে আপনি নিজেই আমাদিগকে বলিয়াছিলেন; অতএব মহাকাশ যেমন ঘটাদি বিবিধ উপাধির

আভাস।

আপনিই উত্তর দিয়াছেন। তখনই আপনি বলিয়াছেন যে, প্রতি যুগে আপনি আমাদের পুত্র হইয়া জন্ম গ্রহণ করিয়াছেন। এই প্রকারে আমাদের যেমন তিন জন্ম অতিবাহিত হইতেছে, আপনিও এই বার লইয়া আমাদের পুত্ররূপে তিনবার অবতীর্ণ হইলেন। সুতপা ও পৃশ্নিরূপে প্রথম বারে, দ্বিতীয়বার কশ্যপ ও অদিতিরূপে এবং এইবারে বসুদেব এবং দেবকীরূপে আমরা জন্ম গ্রহণ করিয়াছি এবং এই তিন জন্মেই আপনাকে পুত্ররূপে প্রাপ্ত হইয়াছি; অথচ প্রতিবারে আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন, মুক্তিলাভ ত আমাদের অদৃষ্টে ঘটে নাই। অতএব আপনার মায়ার বিষয় কে পরিজ্ঞাত হইতে পারে?॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

আকর্ণ্যেত্থং পিতুর্ব্বাক্যং ভগবান্ সাত্বতর্ষভঃ।
প্রত্যাহ প্রশ্রয়ানম্রঃ প্রহসন্ শ্লক্ষ্ণয়া গিরা ॥ ১৯ ॥

শ্রীভগবানুবাচ ॥

বচো বঃ সমবেতার্থং তাতৈতদুপমন্মহে।

অন্বয়ঃ।

শ্রীবাদরায়ণি উবাচ। সাত্বতর্ষভঃ ভক্তপালক ভগবান্ কৃষ্ণঃ ইত্থং পিতুঃ বাক্যং নিশম্য আকর্ণ্য, প্রশ্রয়েণ বিনয়েন, আনম্রঃ, প্রহসন্ শ্লক্ষ্ণয়া মধুরয়া, গিরা তং প্রত্যাহ ॥ ১৯ ॥

শ্রীভগবান্ উবাচ। হে তাত! যৎ যেন বচনেন নঃ অস্মান্ পুত্রান্ উদ্দিশ্য বিষয়ীকৃত্য,

শ্রীধরস্বামী।

নন্বু অন্যোঽসৌ চতুর্ভুজো দেব ইতি তত্রাহ নানাতনূরিতি গগনবদসঙ্গ এব ত্বং ভূয়ঃ সর্ব্বগতস্য তে বিভূতিরূপাং মায়াং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রশ্রয়েণ আনম্রঃ। প্রহসন্নিতি বন্দমানাবাবাং পুত্রাবপি প্রত্যেবং ত্বদ্বাক্যস্য রসাভাসাভাবার্থং প্রতিভয়াহমস্য তাৎপর্য্যমন্যথা প্রতিপাদয়ামীতিদ্যোতকঃ প্রহাসঃ ॥ ১৯ ॥

সমবেতার্থং যুক্তার্থং উপমন্মহে আধিক্যেন মন্যামহে। সমুদ্দিশ্য শিক্ষণার্থং তত্ত্বমসি

অন্তরে কখন পরিচ্ছিন্নের ন্যায় অবস্থান করিলেও, উপাধির নাশে নির্লেপ এবং ব্যাপকত্বাদি স্বীয় স্বরূপ হইতে কখন পরিচ্যুত হয় না, সেইরূপ হে সর্ব্বেশ্বর! আপনি জগতের হিতার্থ প্রয়োজন মত বিচিত্র দেহ কখন ধারণ করেন এবং পুনরায় তাহা পরিত্যাগ করেন বটে, কিন্তু সচ্চিদানন্দ নিত্যমুক্ত ভাবের ব্যাঘাত কখন আপনাতে ঘটে না; সর্ব্বভাবে এবং সর্ব্বরূপে আপনিই সর্ব্বত্র পরিকীর্ত্তিত হইতেছেন। কিন্তু সর্ব্বব্যাপক আপনার বিভূতি স্বরূপ মায়ার ভাব কে অবধারণ করিতে পারে? ॥

ব্যাসনন্দন শুকদেব বলিলেন, হে রাজন্! ভক্ত-বৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ পিতা বসুদেবের তাদৃশ বিচার-সঙ্গত বাক্য শ্রবণ করিয়া, বিশেষ বিনয় ও নম্রতা সহকারে এবং মধুর বচনে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক সহাস্য বদনে বলিতে লাগিলেন— ॥ ১৯ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে পিতঃ! যে সকল বচন প্রয়োগে আমাদের

আভাস।

এতৎ শ্রবণে ভক্তবৎসল ভগবান্ কৃতার্থ জনকজননীর দৈন্যভাবের নিবারণে উচ্চ কণ্ঠে হাস্য করত তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক আত্মতত্ত্বের উপদেশ প্রদান করিলেন ॥ ১৯ ॥

যন্নঃ পুত্রান্ সমুদ্দিশ্য তত্ত্বগ্রাম উদাহৃতঃ ॥ ২০ ॥
অহং যুবমসাবার্য্য ইমে চ দ্বারকৌকসঃ।
সর্ব্বেঽপ্যেবং যদুশ্রেষ্ঠ বিমৃগ্যা সচরাচরং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

তত্ত্বগ্রামঃ তত্ত্বসমূহঃ, উদাহৃতঃ সম্যক্ নিরূপিতঃ, তৎ এতৎ বঃ যুষ্মাকং, বচঃ সমবেতার্থং যথার্থং, ইতি উপমন্মহে উপমন্যামহে ॥ ২০ ॥

হে যদুশ্রেষ্ঠ! (ন কেবলং আবয়োরেব ইয়ং দৃষ্টিঃ কর্ত্তব্যা কিন্তু) অহং যুয়ং অসৌ আর্য্যঃ বলভদ্রঃ, ইমে চ সর্ব্বে দ্বারকৌকসঃ জনাঃ, সচরাচরং সর্ব্বে অপি এবং পরমাত্মাত্মকতয়া এব বিমৃগ্যাঃ বিচার্য্য নিশ্চেতব্যাঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

উপমন্মহে উপমন্যামহে। সমুদ্দিশ্য বিষয়ীকৃত্য। তত্ত্বগ্রামস্তত্ত্বসমূহ উদাহৃতঃ সম্যঙ্-নিরূপিতঃ ॥ ২০ ॥

ইমামেব দৃষ্টিং সর্ব্বত্র বিধৎস্বেত্যাহ অহমিতি। এবং বিমৃগ্যা ব্রহ্মত্বেনৈবান্বেষণীয়াঃ কিঞ্চ সচরাচরং জগদাপ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্বেতকেতো ইত্যাদি যদুপদেশাস্পদীকৃত্য ॥ ২০ ॥

ন কেবলং পুত্রা এবাস্মদাদয় এবং পরমাত্মত্বেন দ্রষ্টব্যাঃ অপি তু সর্ব্বে এবেত্যাহ। অহমিতি। এবং বিমৃগ্যাঃ পরমাত্মত্বেনৈবান্বেষণীয়াঃ। বিমৃশ্যা ইতি পাঠে দ্রষ্টব্যাঃ। এবঞ্চ প্রাপ্তযুষ্মচ্ছিক্ষিতৈরস্মদাদ্যৈরপি প্রত্যুম্নাদিষ্বপি সর্ব্বত্রাত্মদৃষ্টিরেব কর্ত্তব্যেতি ভাবঃ ॥ ২১ ॥

ন্যায় পুত্রকে লক্ষ্য করিয়া, আপনি তত্ত্বসমূহ প্রকাশ করিলেন, সেই সকল আপনার কথা অতি যুক্তযুক্ত বলিয়াই আমি মনে করি ॥ ২০ ॥

হে যদুশ্রেষ্ঠ! কেবল আমাদের প্রতি এইরূপ দৃষ্টি করিতে হইবে এমত নহে; আমি, আপনারা, এই অগ্রজ বলরাম, এই দ্বারকাবাসী জনগণ, অধিক কি! স্থাবর জঙ্গমাত্মক সমস্ত পদার্থই পরমাত্মা হইতে সমুৎপন্ন; এবং ইহাদের অন্তরে পরমাত্মা বিরাজ করিতেছেন, তাহা বিচার পূর্ব্বক নির্ণয় করা আপনার কর্ত্তব্য ॥ ২১ ॥

আভাস।

কেবল রামকৃষ্ণ পুত্রদ্বয়কে পরমাত্মারূপে অবধারণ করিলেই, বিচারের সমাপ্তি হয় না; কিন্তু জীবমাত্রেরই হৃদয়ে অন্তর্যামিরূপে এক পরমাত্মা বিরাজ করিতেছেন, ইহাই বিবেচনীয়। যেমন এক দিবাকর উদিত হইয়া, জলপূর্ণ শত শত সরাবে সমানভাবে প্রতিবিম্বিত হন, সেইরূপ জীবমাত্রেরই বিশুদ্ধ সত্ত্বাত্মক চিত্ত-সরোবরে এক পরমাত্মাই প্রতিবিম্বিত রহিয়াছেন। উপাধিস্থানীয় দোষাদিকে উপেক্ষা করত, উপহিত চৈতন্য স্বরূপের অবধারণ

আত্মাহ্যেকঃ স্বয়ংজ্যোতি র্নিত্যোঽন্যো নির্গুণো গুণৈঃ।
আত্মসৃষ্টৈ স্তৎকৃতেষু ভূতেষু বহুধেয়তে ॥
খং বায়ু র্জ্যোতিরাপো ভূ স্তৎকৃতেষু যথাশয়ং।
আবিস্তিরোঽল্পভূর্য্যেকনানাত্বং যাত্যসাবপি ॥

অন্বয়ঃ।

যথা খাদীনি মহাভূতানি তৎকৃতেষু স্বকার্য্যেষু ঘটাদিষু যথাশয়ং যথাকার্য্যং আবির্ভাব-তিরোভাবাদি যান্তি, এবং অসৌ আত্মা অপি আত্মসৃষ্টৈঃ গুণৈঃ গুণপরিণামভূতৈঃ, মহদাদিভিঃ হেতুভিঃ তৎকৃতেষু মহদাদিসৃষ্টেষু ভূতেষু দেবমনুষ্যাদিষু স্বয়ংজ্যোতিঃ নিত্যঃ (শরীরাদিভ্যঃ) অন্যঃ অপি নির্গুণঃ অপি একঃ অদ্বিতীয়ঃ অপি বহুধা ঈয়তে প্রতীয়তে ॥ তত্র মনুষ্যাদৌ আবির্ভাবঃ বৃক্ষাদৌ তিরোভাবঃ, মশকাদৌ অল্পত্বং হস্ত্যাদৌ ভূরিত্বং মহত্বং স্বতঃ এব একঃ উপাধিভেদাৎ চ নানাত্বেন প্রতীয়তে ইতি দ্বয়োরন্বয়ঃ ॥

শ্রীধরস্বামী।

নন্বু নানাবিকারবতাং কুতো ব্রহ্মত্বং ব্রহ্মণ এবোপাধিধর্ম্মৈ র্বহুধা প্রতীতেরিতি সদৃষ্টান্ত-মাহ দ্বাভ্যাং আত্মাহীতি। যথা খাদিভূতানি তৎকৃতেষু ঘটাদিষু আবির্ভিরোভাবাদি যান্তি এবমসাবাত্মাপি ব্রহ্ম আত্মসৃষ্টৈ র্গুণৈঃ কৃত্বা তৎকৃতেষু দেহেষু বহুধা ঈয়তে পুনশ্চ যথাশয়ং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু নানাবিকারবন্তো বহব এতে কুতঃ পরমাত্মরূপা মন্তং শক্যাঃ সত্যং পরমাত্মসৃষ্টানা-মুপাধীনাং ধর্ম্মৈরেব পরমাত্মা তথা তথা প্রতীতো ভবতীতি সদৃষ্টান্তমাহ আত্মাহীতি দ্বাভ্যাং। আত্মা পরমাত্মা আত্মসৃষ্টৈঃ স্বসৃষ্টৈঃ গুণৈ র্বহুধা ঈয়তে প্রতীয়তে। কুত্র তৎকৃতেষু ভূতেষু দেহেষু স্বয়ংজ্যোতিরপি দৃশ্যত্বেন নিত্যোঽপ্যনিত্যত্বেন অন্যোপ্যনন্যত্বেন নির্গুণোঽপি

যেমন ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ এবং ব্যোম এই ভূত পঞ্চক তদোৎপন্ন ঘটাদি যাবতীয় পদার্থের অন্তরে কখন আবির্ভূত এবং কখন তিরোহিত বলিয়া প্রতীত হয়, সেইপ্রকার এক পরমাত্মাও আত্মসৃষ্ট গুণগ্রামের পরি-ণামে সৃষ্ট মহত্তত্ত্বাদি উপাদানে নির্ম্মিত দেব, মনুষ্য এবং তির্য্যগাদি দেহের অন্তরে স্বয়ংজ্যোতিঃস্বরূপ নিত্য নিরপেক্ষ এবং অদ্বিতীয় হইয়াও বহু প্রকারে প্রতীত হইতেছেন। মনুষ্যদেহে আবির্ভূতের ন্যায়, বৃক্ষদেহে তিরোহিতের ন্যায়, মশকাদিতে অল্পভাবে এবং হস্তীর দেহে মহৎ স্বরূপে এক তিনিই বিরাজ করিতেছেন ॥

আভাস।

করাই প্রকৃত ব্রহ্মজ্ঞান; ইহারই প্রসাদে জীব সংসার-বন্ধন হইতে নিষ্কৃতি লাভ করে ॥ ২০ ॥

এই দেহাদি পদার্থও অন্য নহে; পরম জ্ঞানস্বরূপ পরমাত্মার শক্তির পরিণাম মাত্র। এই শক্তি পূর্ণব্রহ্মেই অবস্থিত; কার্য্যকালে যেন পৃথক্‌রূপে প্রতীত হয় মাত্র; কিন্তু প্রকৃত

শ্রীশুক উবাচ ॥

এবং ভগবতা রাজন্ বসুদেব উদাহৃতং।
শ্রুত্বা বিনষ্টনানাধীস্তূষ্ণীং প্রীতমনা অভূৎ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

হে রাজন্! এবং ভগবতা উদাহৃতং নিরূপিতং, আত্মৈকত্বং শ্রুত্বা বিনষ্টা নানাধীঃ যস্য সঃ বসুদেবঃ প্রীতমনাঃ তূষ্ণীং অভূৎ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

যথোপাধি আবির্ভাব-তিরোভাবাদিরূপেণ প্রতীয়তে ন বস্তুতঃ কুতঃ একো বহুধা স্বয়ংজ্যোতির্দৃশ্যত্বেন নিত্যোঽনিত্যত্বেন অন্যোঽনন্যত্বেন নির্গুণঃ সগুণত্বেন ইত্যাদি বহুধাত্বং প্রপঞ্চনীয়ং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সগুণত্বেন যথা খাদিভূতানি তৎকৃতেষু ঘটাদিষু আবিস্তিরোভাবাদিকং যথাশয়ং আশয়মনতিক্রম্য যাতি তথৈবাসাবেকঃ পরমাত্মাপি যাতি সর্ব্বদৈকরসোঽপি আবির্ভাবং তিরোভাবঞ্চ। ব্যাপকোঽপি অল্পত্বং ভূরিত্বঞ্চ একোঽপি নানাত্বং ॥

হে রাজন্! ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক উক্ত আত্মার অদ্বিতীয়ত্ব ভাবের বিষয় শ্রবণ করিয়া, বসুদেবের নানাত্ববুদ্ধি দূর হইল। তিনি অতি প্রসন্নচিত্তে তূষ্ণীম্ভাব ধারণ করিলেন ॥ ২২ ॥

আভাস।

প্রস্তাবে পৃথক্ নহে। কারণ জ্ঞানের আশ্রয় ব্যতীত ক্রিয়া বা কার্য্যের গতি কুত্রাপি পরিলক্ষিত হয় না। কিন্তু লক্ষ্য করিবার সময়, মায়ার প্রপঞ্চভাব কার্য্যই কেবল লক্ষিত হয়; যিনি প্রেরক চৈতন্য, তিনি কখন লক্ষিত হন না। কারণ তিনি লক্ষ্যের বিষয় নহেন; অনুভবের বিষয়। যাঁহার বলে পদার্থ লক্ষিত হয়, পদার্থকে পরিত্যাগ না করিলে, সেই লক্ষ্যকারীর অনুভব হয় না। তিনি প্রতি পদার্থে বা ভাবে পরিব্যাপ্ত হইয়া থাকেন। যেমন প্রশান্ত সরোবরে পূর্ণ শশধর পূর্ণমূর্ত্তিতে প্রতিবিম্বিত হন; কিন্তু জল আলোড়িত করিলে, চন্দ্রের প্রতিবিম্ব বিনষ্ট হয় না; প্রতি তরঙ্গে তরঙ্গানুরূপ বক্র, ত্রিকোণ ও অর্দ্ধ ভঙ্গ প্রভৃতি ভাবে পরিলক্ষিত হয়, সেইরূপ পূর্ণব্রহ্ম পরমাত্মা স্বীয় শক্তির সৃষ্ট দেব, তির্য্যক্ ও মনুষ্যাদি বিচিত্র দেহ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত এবং গ্রহ, নক্ষত্র, চন্দ্র, সূর্য্য ও পঞ্চ মহাভূতে অল্প ভূরি প্রভৃতি বিচিত্র ভাবে ও তদনুরূপ রূপে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত রহিয়াছেন। মানবাদির দেহে চৈতন্যস্বরূপ জ্ঞান এবং ইন্দ্রিয়াদি দেহের সহিত অভেদ অবস্থান যেমন অনুভূত হয়, সেইরূপ শিবশক্তির অভেদ অবস্থিতিও অনুমানসিদ্ধ। মূলে প্রকৃতির বা মায়ার প্রতি পুরুষের আত্মবোধের উদয় যদবধি না হয়, তদবধি সৃষ্টির আরম্ভ হয় না। অতএব সৃষ্টির প্রকরণে শক্তির প্রতি আত্মবোধই প্রধান উপকরণ। সুতরাং সৃষ্টির প্রত্যেক স্তরেই ঐ নিয়মটী

অথ তত্র কুরুশ্রেষ্ঠ দেবকী সর্ব্বদেবতা।
শ্রুত্বানীতং গুরোঃ পুত্রমাত্মজাভ্যাং সুবিস্মিতা ॥ ২৩ ॥
কৃষ্ণরামৌ সমাশ্রাব্য পুত্রান্ কংসবিহিংসিতান্।
স্মরন্তী কৃপয়া প্রাহ বৈক্লব্যাদশ্রুলোচনা ॥
দেবক্যুবাচ ॥
রাম রামাপ্রমেয়াত্মন্ কৃষ্ণ যোগেশ্বরেশ্বর।
বেদাহং বাং বিশ্বসৃজামীশ্বরাবাদিপুরুষৌ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

অথ অনন্তরং হে কুরুশ্রেষ্ঠ! (সর্ব্বদেবতাত্মকভগবদাধরত্বাৎ) সর্ব্বদেবতা দেবকী আত্মজাভ্যাং রামকৃষ্ণাভ্যাং, গুরোঃ পুত্রং আনীতং শ্রুত্বা সুবিস্মিতা সতী ॥ ২৩ ॥

কংসবিহিংসিতান্ পুত্রান্ স্মরন্তী অতঃ বৈক্লব্যাৎ শোকাৎ অশ্রুলোচনা সা কৃষ্ণরামৌ সমাশ্রাব্য সম্বোধ্য, কৃপণং দৈন্যং, যথাস্যাৎ তথা প্রাহ ॥

দেবকী উবাচ। হে রাম! হে রাম! হে অপ্রেমাত্মন্ অচিন্ত্যরূপ, যোগেশ্বরাণাং ঈশ্বর কৃষ্ণ! বাং যুবাং বিশ্বসৃজাং ব্রহ্মাদীনাং ঈশ্বরৌ আদিপুরুষৌ জগৎ-কারণ-হেতু-ভূতৌ ইতি অহং বেদ বেদ্মি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

সুবিস্মিতা সতী ॥ ২৩ ॥　　সমাশ্রাব্য সংবোধ্য ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিনষ্টনানাধীঃ। সত্যমেব সর্ব্বং জগদেবৈকং ব্রহ্মৈব কিং পুনরেতৌ মৎপুত্রাবিত্যেতৎ-প্রকারক-জ্ঞানবান্ বভূবেত্যর্থঃ ॥ ২২—২৪ ॥

হে কুরুশ্রেষ্ঠ! সর্ব্বদেবময় বিষ্ণুকে উদরে ধারণ করিয়াছিলেন; সুতরাং সর্ব্বদেবময়ী সেই দেবকী আর নিস্তব্ধ থাকিতে পারিলেন না। রামকৃষ্ণ সান্দীপনি গুরুর নিকট পাঠ সমাপনান্তে গুরুদক্ষিণা দিতে প্রস্তুত হইলে, গুরুপত্নী তাঁহার মৃত পুত্রকে দক্ষিণারূপে প্রাপ্ত হইবার জন্য প্রার্থনা করেন; রামকৃষ্ণও সেই মৃত পুত্রই গুরুপত্নীকে প্রদান করিয়াছিলেন, শুনিয়া দেবকী বিস্মিতা হইলেন ॥ ২৩ ॥

এক্ষণে নির্দ্দয় কংস তাঁহার যে ছয়টী পুত্রকে বিনষ্ট করিয়াছিল; তাহাদের বিষয় স্মরণ করিয়া, দেবকী নিতান্ত কাতরা হইলেন এবং অশ্রুপূর্ণ-লোচনে

আভাস।

চলিয়া আসিতেছে। অজ্ঞানী অন্ধ বলিয়া মানবের উপর দোষারোপ নিরর্থক; কারণ ঐ নিয়মেই সে গঠিত। শক্তির সৃষ্ট দেহাদিতে আত্মবোধ করাই সংসার-চক্রের মূল নিয়ম; তাহাকে পরিত্যাগ করিয়া, কেবল আত্মবোধ করাই মুক্তির হেতু ॥ ২১ ॥ ২২ ॥

কালবিধ্বস্তসত্ত্বানাং রাজ্ঞামুচ্ছাস্ত্রবর্ত্তিনাং।
ভূমের্ভারায়মাণানামবতীর্ণৌ কিলাদ্য (ক্ষয়ায়) মে ॥ ২৫ ॥
যস্যাংশাংশাংশভাগেন বিশ্বোৎপত্তিলয়োদয়াঃ।
ভবন্তি কিল বিশ্বাত্মংস্তং ত্বাদ্যাহং গতিং গতা ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

উচ্ছাস্ত্রবর্ত্তিনাং শাস্ত্রমর্য্যাদাতিলঙ্ঘিনাং, অতএব ভূমেঃ ভারায়মাণানাং অতঃ (কাল-বিধ্বস্ত-সত্ত্বং ধৈর্য্যবিবেকাদিকং যেষাং তেষাং) কালবিধ্বস্তসত্ত্বানাং রাজ্ঞাং ক্ষয়ায় মে ময়ি, কিল অদ্য অবতীর্ণৌ ॥ ২৫ ॥

যস্য অংশঃ পুরুষঃ, তস্য অংশঃ প্রকৃতিঃ, তস্যাঃ অংশাঃ গুণাঃ, তেষাং বিভাগেন বিশ্বোৎপত্তিলয়োদয়াঃ ভবন্তিঃ হে বিশ্বাত্মন্ ত্বা ত্বাং অহং অদ্য গতিং শরণং, গতা আস্ম ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

ভূমের্ভারায়মাণানাং রাজ্ঞামর্থে তেষাং নিধনার্থং মে ময়ি কিলাবতীর্ণৌ। হে আদ্য ॥২৫॥

যস্যাংশঃ পুরুষঃ তস্যাংশো মায়া তস্যা অংশা গুণাস্তেষাং ভাগেন পরমাণুমাত্রলেশেন বিশ্বোৎপত্ত্যাদয়ো ভবন্তি তং ত্বা ত্বাং গতিং শরণং গতাস্মি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিধ্বস্তং সত্ত্বং সত্ত্বগুণঃ সাধুত্বং বা যেষাং তেষাং সংহারায়। মে ময্যবতীর্ণৌ ॥ ২৫ ॥

যস্যাংশো মহাবৈকুণ্ঠনাথ স্তস্যাংশো মহাপুরুষ স্তস্যাংশঃ প্রকৃতিস্তস্যা ভাগেন রজ আদিনা ॥ ২৬ ॥

রামকৃষ্ণকে সম্বোধন করত স্বকীয় হৃদয়ব্যথা জানাইয়া বলিলেন— ॥

দেবকী দেবী বলিলেন, হে রাম! হে অপ্রমেয়াত্মন্ রাম! হে যোগেশ্বর শ্রীকৃষ্ণ! তোমরা যে বিশ্বস্রষ্টৃগণেরও ঈশ্বর অনাদি পরম পুরুষ, তাহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি ॥ ২৪ ॥

অহো! কুটিল কালগতিতে বিনষ্টসত্ত্ব যে সমস্ত রাজন্যবর্গ বেদাদি শাস্ত্রবিহিত সনাতন ধর্ম্মমার্গকে অতিক্রম করত যথেচ্ছাচরণে ধরণীর পক্ষে ভার স্বরূপ হইয়াছে, কেবল তাহাদের ক্ষয়ের জন্যই তোমরা আমার গর্ভে জন্ম পরিগ্রহ করত অবতীর্ণ হইয়াছ ॥ ২৫ ॥

যাঁহার অংশস্বরূপ পুরুষের অংশ-স্থানীয়া প্রকৃতির অংশরূপ গুণত্রয়ের বিষম বিভাগের দ্বারা এই বিশ্ব সংসারের উৎপত্তি, স্থিতি এবং প্রলয়াদি সকল কার্য্যই সাধিত হইতেছে, হে বিশ্বাত্মন্! আমি তাদৃশ তোমার শরণ লইলাম ॥ ২৬ ॥

বহুকাল পূর্ব্বে মৃত পুত্রকে আনয়নার্থ ভবদীয় গুরু সান্দীপনি অনুরোধ করিলে, তোমরা পিতৃস্থান যম-সদনে গমন করত মৃত গুরুপুত্রকে আনয়ন

চিরান্মৃতসুতাদানে গুরুণা কিল চোদিতৌ।
আনিন্যথুঃ পিতৃস্থানাদ্‌গুরবে গুরুদক্ষিণাং॥
তথা মে কুরুতং কামং যুবাং যোগেশ্বরেশ্বরৌ।
ভোজরাজহতান্ পুত্রান্ কাময়ে দ্রষ্টুমাহৃতান্॥
ঋষিরুবাচ॥
এবং সঞ্চোদিতৌ মাত্রা রামঃ কৃষ্ণশ্চ ভারত।
সুতলং সংবিবিশতু র্যোগমায়ামুপাশ্রিতৌ॥ ২৭॥

অন্বয়ঃ।

চিরাৎ বহুকালং যাবৎ মৃতস্য সুতস্য আদানে আনীয় দানে নিমিত্তে, গুরুণা সান্দীপনিনা চোদিতৌ যুবাং পিতৃস্থানাৎ যমসদনাৎ, আনিন্যথুঃ আনীয়, চ তৎ, গুরবে দক্ষিণাং কিল দত্তবন্তৌ॥

যথা, গুরোঃ কামং কৃতবন্তৌ তথা মে মমাপি কামং যোগেশ্বরেশ্বরৌ যুবাং কুরুত। ভোজরাজঃ কংসঃ, তেন হতান্ পুত্রান্ যুবাভ্যাং আহৃতান্ আনীতান্, দ্রষ্টুং অহং কাময়ে॥

ঋষিঃ শুকঃ উবাচ। হে ভারত! মাত্রা এবং সঞ্চোদিতৌ রামকৃষ্ণৌ যোগমায়াং উপাশ্রিতৌ সন্তৌ সুতলং সংবিবিশতুঃ॥ ২৭॥

শ্রীধরস্বামী।

আনিন্যথুঃ আনীতবন্তৌ। পিতৃস্থানাৎ যমসদনাৎ॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিতৃস্থানাৎ যমসদনাৎ। গুরুদক্ষিণারূপং গুরুপুত্রং আনিন্যথুঃ॥ ২৭॥

করিয়া দক্ষিণা-স্বরূপ গুরুকে প্রদান করিয়াছিলে॥

হে যোগেশ্বরেশ্বর! পূর্ব্বে যেমন গুরুদেবের মনস্কামনা পূরণ করিয়াছিলে, অদ্য আমার মনোভীষ্টও সেইরূপ এক্ষণে পূরণ কর? ভোজরাজ কংস আমার ছয়টী পুত্রের প্রাণ বিনষ্ট করিয়াছে! তাহাদিগকে দেখিবার নিমিত্ত আমার প্রাণ অত্যন্ত ব্যাকুল হইতেছে! হে জগজ্জীবন! মৃত পুত্রগণকে জীবিত করিয়া আমাকে দাও! এই আমার সকাতরে প্রার্থনা॥

শুকদেব বলিলেন, হে ভরতবংশাবতংস পরীক্ষিৎ! জননীর প্রার্থনায় রামকৃষ্ণ স্বকীয় অচিন্ত্যশক্তি যোগমায়াকে তৎক্ষণাৎ স্মরণ করত, তৎপ্রভাবে সুতলে প্রবেশ করিলেন॥ ২৭॥

তথায় দৈত্যেশ্বর বলিরাজ বিশ্ব সংসারের পরমদৈবত স্বকীয় অভীষ্টদেব রামকৃষ্ণকে অকস্মাৎ উপনীত অবলোকন করিয়া, অপার আনন্দ-সাগরে নিমগ্ন হইলেন। তিনি পুত্র কলত্রাদি সহ তৎক্ষণাৎ আসন হইতে গাত্রো-

তস্মিন্ প্রবিষ্টাবুপলভ্য দৈত্যরাড্ বিশ্বাত্মদৈবং সুতরাং তথাত্মনঃ।
তদ্দর্শনাহ্লাদপরিপ্লুতাশয়ঃ সদ্যঃ সমুত্থায় ননাম সান্বয়ঃ॥ ২৮॥
তয়োঃ সমানীয় বরাসনং মুদা নিবিষ্টয়োস্তত্র মহাত্মনো স্তয়োঃ।
দধার পাদাববনিজ্য তজ্জলং সবৃন্দ আব্রহ্ম পুনদ্যদঙ্কুহ॥
সমর্হয়ামাস মহাবিভূতিভি র্মহার্হবস্ত্রাভরণানুলেপনৈঃ।
স্রগ্ধূপদীপামৃতভক্ষণাদিভিঃ স্বগোত্রবিত্তাত্মসমর্পণেন চ॥ ২৯॥

অন্বয়ঃ।

তস্মিন্ সুতলে প্রবিষ্টৌ বিশ্বেষাং আত্মনাং দৈবতং দৈবতভূতৌ তথা আত্মনঃ স্বস্য চ দৈবতভূতৌ রামকৃষ্ণৌ উপলভ্য দৃষ্ট্বা, তয়োঃ দর্শনেন যঃ আহ্লাদঃ তেন পরিপ্লুতঃ আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ দৈত্যরাট্ বলিঃ, সান্বয়ঃ সপরিবারঃ, সদ্যঃ তদৈব সমুত্থায় নমাম॥ ২৮॥

তয়োঃ মহাত্মনোঃ রামকৃষ্ণয়োঃ, বরাসনং শ্রেষ্ঠং আসনং, আনীয় সমর্প্য তত্র আসনে নিবিষ্টয়োঃ তয়োঃ পাদৌ অবনিজ্য প্রক্ষাল্য, তৎ জলং সবৃন্দঃ সপরিবারঃ, মুদা যুক্তঃ বলিঃ শিরসা দধার; যৎ অম্বু আব্রহ্ম ব্রহ্মাণং অভিব্যাপ্য সর্বং জগৎ পুনৎ পবিত্রয়ৎ বর্ত্ততে হ যস্মাৎ॥

মহার্হৈঃ শ্রেষ্ঠৈঃ বস্ত্রাভরণানুলেপনৈঃ বিভূতিভিঃ তাম্বূলাদিভিঃ, স্রগ্ধূপদীপামৃতভক্ষণাদিভিঃ স্বগোত্রবিত্তাত্মসমর্পণেন সঃ বলিঃ তৌ সমর্হয়ামাস। অনুলেপনং চন্দনং। স্বগোত্রং পুত্রপৌত্রকলত্রাদি, বিত্তং ধনং। আত্মা দেহঃ॥ ২৯॥

শ্রীধরস্বামী।

দৈত্যরাট্ বলিঃ। কথংভূতৌ বিশ্বস্যাত্মভূতং দৈবং। সান্বয়ঃ সপরিবারঃ॥ ২৮॥

সবৃন্দঃ সপরিজনঃ। কথং ভূতৌ পাদৌ অবনিজ্য যদম্বু যয়োরবনেজনোদকং আব্রহ্ম ব্রাহ্মণমভিব্যাপ্য জগৎ পুনৎ পবিত্রয়ৎ বর্ত্ততে তৌ॥ ২৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈত্যরাট্ বলিঃ বিশ্বস্যাত্মা চ দৈবমারাধ্যশ্চ। একত্বমীশ্বরত্বেন দ্বয়োরৈক্যাৎ॥ ২৮॥

সবৃন্দঃ সপরিবারঃ। যদম্বু আব্রহ্ম ব্রহ্মাণমন্যাভিব্যাপ্য পুনৎ পবিত্রয়ন্ভবতি॥ ২৯॥

স্থান করত, ভক্তিভরে তাঁহাদিগকে প্রণাম করিলেন॥ ২৮॥

উপবেশনার্থ উৎকৃষ্ট আসন তাঁহাদিগকে প্রদান করিলেন; পরে সেই মহাত্মাদ্বয় আসনে উপবেশন করিলে, বলিরাজ প্রীতপ্রসন্ন-চিত্তে তাঁহাদের চরণ ধৌত করত সপরিবারে সেই জল মস্তকে ধারণ করিলেন। অহো! যে চরণ-বারির স্পর্শে ব্রহ্মলোকাদি চতুর্দ্দশ ভুবন পবিত্র হয়, বলিরাজের পক্ষে সে জল মস্তকে ধারণ করায় আর বিশেষ বিচিত্র কি!॥

তদনন্তর তিনি অত্যুৎকৃষ্ট বসন ভূষণ, চন্দনাদি অনুলেপন, পুষ্পমাল্য ধূপ দীপ অমৃততুল্য সুমধুর ভোজন সামগ্রী এবং তাম্বূলাদি মহাবিভূতি প্রদানে

স ইন্দ্রসেনো ভগবৎপদাম্বুজং বিভ্রন্মুহুঃ প্রেমবিভিন্নয়া ধিয়া।
উবাচ হানন্দজলাকুলেক্ষণঃ প্রহৃষ্টরোমা নৃপ গদ্গদাক্ষরঃ ॥ ৩০ ॥

বলিরুবাচ ॥

নমোঽনন্তায় বৃহতে নমঃ কৃষ্ণায় বেধসে।
সাংখ্যযোগবিতানায় ব্রহ্মণে পরমাত্মনে ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

ততশ্চ সঃ ইন্দ্রসেনঃ বলিঃ, প্রেমবিভিন্নয়া ধিয়া ভগবৎপদাম্বুজং মুহুঃ বিভ্রৎ ধারয়ন্, আনন্দজলাকুলেক্ষণঃ (আনন্দজৈঃ জলৈঃ অশ্রুভিঃ আকুলে ব্যাপ্তে ঈক্ষণে অক্ষিণী যস্য সঃ) প্রহৃষ্টানি উদঞ্চিতানি রোমাণি যস্য তথাবিধঃ সঃ হে নৃপ! গদ্গদাক্ষরঃ সন্ উবাচ ॥ ৩০ ॥

বলিঃ উবাচ। অনন্তায় শেষায়, বৃহতে ফণৈকদেশেন বিশ্বধারকায়, বেধসে জগদ্বিধাত্রে, সাংখ্যযোগবিতানায় (সাংখ্যং জ্ঞানশাস্ত্রং যোগঃ কর্ম্মযোগঃ ভক্তিযোগঃ অষ্টাঙ্গযোগঃ তয়োঃ বিতানায় প্রবর্ত্তকায়) ব্রহ্মণে বেদান্ত-প্রতিপাদ্যায়, পরমাত্মনে স্মৃতিপ্রতিপাদ্যায়, কৃষ্ণায় নমো নমঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

স ইন্দ্রসেনো বলিঃ প্রেমার্দ্রয়া ধিয়া বিভ্রৎ ধারয়ন্ ॥ ৩০ ॥

অনন্তায় শেষায়। বৃহতে ফণৈকদেশে বিশ্বধারণাৎ বৃহত্তস্মৈ। কৃষ্ণায় চ বেধসে জগদ্বিধাত্রে। সাংখ্যযোগবিতানায় ইত্যাদি পদত্রয়মৈক্যবিবক্ষয়া ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রসেনো বলিঃ ॥ ৩০ ॥

বৃহতেঽনন্তায় অনন্তস্যাপ্যংশিনে শ্রীবলদেবায় নমঃ। বেধসে বিধাত্রে সর্ব্বকারণস্বরূপায় কৃষ্ণায় নমঃ। সাংখ্যবিতানায় জ্ঞানশাস্ত্রবিস্তারকায় ব্রহ্মণে নমঃ। যোগবিতানায় যোগশাস্ত্রবিস্তারকায় পরমাত্মনে নমঃ ॥ ৩১ ॥

ভগবানের অর্চ্চনা করিলেন; পরে তিনি স্বীয় পুত্রপৌত্রাদি বংশধর ও ক্ষলত্র, সমস্ত ধন এবং স্বীয় দেহ পর্য্যন্ত ভগবানে সমর্পণ পূর্ব্বক আপনাকে কৃতার্থ জ্ঞান করিলেন ॥ ২৯ ॥

হে নরনাথ! ইন্দ্রসেন বলি প্রেমে পুলকিত হইয়া, ভগবৎ-পদারবিন্দ বারংবার মস্তকে ধারণ করত আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন; পুলকে তাঁহার দেহ রোমাঞ্চিত হইয়া উঠিল; তিনি গদ্গদাক্ষরে তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিলেন ॥ ৩০ ॥

বলিরাজ বলিলেন, হে অনন্তদেব শ্রীকৃষ্ণ! আপনাকে প্রণাম করি! আপনি পরম মহান্! অনন্তদেব ভবদীয় ফণৈকদেশে এই বিশ্ব ব্রহ্মাণ্ড অবস্থিত রহিয়াছে; আপনিই এই সংসারের সকল ব্যবস্থা করিতেছেন। সাংখ্য নামক জ্ঞান-

দর্শনং বাং হি ভূতানাং দুষ্প্রাপঞ্চাপ্যদুর্ল্লভং।
রজস্তমঃস্বভাবানাং যন্নঃ প্রাপ্তৌ যদৃচ্ছয়া ॥ ৩২ ॥
দৈত্যদানবগন্ধর্ব্বাঃ সিদ্ধবিদ্যাধ্রচারণাঃ।
যক্ষরক্ষঃপিশাচাশ্চ ভূতপ্রমথনায়কাঃ ॥
বিশুদ্ধসত্ত্বধাম্ন্যদ্ধা ত্বয়ি শাস্ত্রশরীরিণি।
নিত্যং নিবদ্ধবৈরাস্তে বয়ঞ্চান্যে চ তাদৃশাঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

যৎ বাং যুবাং নঃ অস্মাকং রজস্তমঃস্বভাবানাং অপি যদৃচ্ছয়া প্রযত্নং বিনৈব দর্শনং প্রাপ্তৌ গতৌ, তয়োঃ বাং যুবয়োঃ, দর্শনং হি ভূতানাং (স্বপ্রযত্নেন) দুষ্প্রাপং অপি দুর্ল্লভং চ ॥ ৩২ ॥

দৈত্যদানবগন্ধর্ব্বাদয়ঃ যে বয়ং তে বিশুদ্ধসত্ত্বধাম্নি শাস্ত্রশরীরিণি, ত্বয়ি নিত্যং নিবদ্ধং বৈরং যৈঃ তে তথা অন্যে চ তাদৃশাঃ রাজসাঃ কামতঃ ত্বয়ি নিবদ্ধমনসঃ তত্র কেচন উদ্বদ্ধ-

শ্রীধরস্বামী।

যোগেশ্বরাণামপি দুর্দ্দর্শৌ যুবাং অস্মাভি র্দৃষ্টাবিত্যেতন্নাতিচিত্রমিত্যাহ দর্শনমিতি। দুষ্প্রাপমপি যুষ্মৎকৃপয়া কেষাঞ্চিদুর্ল্লভং সুলভমাপ ভবতি তদাহ রজস্তমঃ ভাবানামিতি নো দর্শনং প্রাপ্তৌ ॥ ৩২ ॥

অহো বিদিষো বয়ং সাত্ত্বিকভক্তেভ্যোঽপি সভাগ্যা ইত্যাহ দৈত্যেত্যাদি ত্রিভিঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতানাং দুষ্প্রাপমপি অদুর্ল্লভং সুপ্রাপং কেষাং রজস্তমঃস্বভাবানামপ্যসুরাণামিত্যর্থঃ। যৎ যতঃ যদৃচ্ছয়ৈব প্রাপ্তৌ ॥ ৩২ ॥

অহো কিমাশ্চর্য্যং রজস্তমঃস্বভাবা অপি বয়ং সাত্ত্বিকেভ্যো দেবেভ্যোঽপি সভাগ্যা অভূমেত্যাহ দৈত্যেতি ত্রিভিঃ। শাস্ত্রশরীরিণি সাত্বতশাস্ত্রবিগ্রহমিতি সপ্তমোক্তে ভক্তি-শাস্ত্রোক্ত-সচ্চিদানন্দময়শরীরে ত্বয়ি যথা বয়ং সন্নিকৃষ্টাঃ সন্নিকর্ষং প্রাপ্তা ন তথা সত্ত্বসংরব্ধাঃ সত্ত্বগুণাবিষ্টাঃ সুরাদয় ইত্যন্বয়ঃ। নন্বু যূয়ং মৎপরমভক্তা এব তত্র নহীত্যাহ। তে প্রসিদ্ধা হিরণ্যকশিপুবংশা বয়ং বাণাদিপুত্রসহিতা ত্বদ্বিদ্বেষি-দৈত্যপক্ষপাতিনো নিত্যং নিবদ্ধবৈরা এবেতি স্বস্মিন্ দোষারোপঃ পরমভক্ত্যনুভাব এবায়ং জ্ঞেয়ঃ। অন্যে চ দানব-রাক্ষসাদ্যাঃ ॥ ৩৩ ॥

যোগ এবং ভক্তি ও ধ্যানযোগের ব্যবস্থা করত বেদান্তের প্রতিপাদ্য পরম ব্রহ্ম-ভাবে এবং স্মৃতি-প্রতিপাদ্য পরমাত্মা মূর্ত্তিতে আপনিই বিরাজ করিতেছেন ॥ ৩১

আপনাদের সাক্ষাৎকারলাভ জীবের পক্ষে একান্ত অসম্ভব। কিন্তু কি আশ্চর্য্য! সম্পূর্ণ রজঃ ও তমঃ স্বভাববিশিষ্ট হইয়াও, আমি বিনা চেষ্টায়, না জানি, কি সৌভাগ্যবলে! অদ্য আপনাদের সন্দর্শন লাভ করিলাম ॥ ৩২ ॥

দৈত্য, দানব, গন্ধর্ব্ব, সিদ্ধ, বিদ্যাধর ও চারণগণ এবং যক্ষ, রক্ষ, পিশাচ-

কেচনোদ্বদ্ধবৈরেণ ভক্ত্যা কেচন কামতঃ।
ন তথা সত্ত্বসংরব্ধাঃ সন্নিকৃষ্টাঃ সুরাদয়ঃ॥ ৩৪॥
ইদমিত্থমিতি প্রায়স্তব যোগেশ্বরেশ্বর।
ন বিদন্ত্যপি যোগেশা যোগমায়াং কুতো বয়ং॥ ৩৫॥

অন্বয়ঃ।

বৈরেণ, কেবলভক্ত্যা, কেচন কামতঃ যথা ত্বাং সন্নিকৃষ্টাঃ সন্নিকর্ষং প্রাপ্তাঃ তথা সত্ত্বসংরব্ধাঃ সত্ত্বগুণবন্তঃ, সুরাদয়ঃ, ত্বাং ন সন্নিকৃষ্টাঃ ন তদাত্মতাং প্রাপ্তাঃ। ইতি ত্রয়াণাং অন্বয়ঃ॥৩৩॥৩৪॥

হে যোগেশ্বরেশ্বর! যোগেশাঃ অপি ইদং ইতি স্বরূপতঃ, ইত্থং ইতি প্রকারতঃ, চ তব যোগমায়াং ন বিদন্তি তদা বয়ং দৈত্যাঃ কুতঃ বিদ্মঃ॥ ৩৫॥

শ্রীধরস্বামী।

উদ্বদ্ধবৈরেণ যা ভক্তিস্তয়া কেচন দৈত্যাদয়ঃ কামতো ভক্ত্যা কেচন গোপ্যাদয়ঃ যথা সন্নিকৃষ্টা স্তদাত্মতাং প্রাপ্তাঃ তথা সত্ত্বসংরব্ধাঃ সত্ত্বাবিষ্টা অপি সুরাদয়ো ন সন্নিকৃষ্টা ইতি॥ ৩৪॥

ননু সাত্ত্বিকেভ্যোঽপি রাজসাদয়ঃ সন্নিকৃষ্টা ইতি চিত্রং তত্রাহ ইদমিত্থমিতি। ইদমিতি স্বরূপতঃ ইত্থমিতি বিশেষতঃ॥ ৩৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেচনোদ্বদ্ধবৈরেণ সহিতাঃ। কেচন গন্ধর্ব্বাদয়ঃ কামতে যা ভক্তিস্তয়া সহিতাঃ সকাম-ভক্তা ইত্যর্থঃ। সন্নিকৃষ্টা ইতি কৃপয়া দ্বারি স্থিত্বৈবাস্মভ্যং দর্শনং দদাসি অন্যেভ্যো হত্বা মুক্তিং দদাসি। অন্যেভ্যো গন্ধর্ব্বাদিভ্যঃ স্বযশোগানাদিগুণং স্বং স্বভক্তাংশ্চ শ্রাবয়িতুং দদাসি সুরাদিভ্যস্তু স্ববিস্মারকং বিষয়ভোগমেব দদাসীত ন তে সন্নিকৃষ্টা ইতি ভাবঃ॥ ৩৪॥

ননু তর্হ্যেবমহং কথং করোমীতি তত্র কস্তে তত্ত্বং জানাতীত্যাহ। ইদমিতি স্বরূপতঃ ইত্থমিতি প্রকারতশ্চ॥ ৩৫॥

গণ, ভূত প্রমথ নায়কগণ এবং আমাদের ন্যায় তাদৃশ দুষ্ট স্বভাব-সম্পন্ন অন্যান্য লোকসমূহও বিশুদ্ধ সত্ত্বগুণের আশ্রয়ভূত শাস্ত্রপ্রতিপাদ্য পরমাত্ম-স্বরূপ পরম পুরুষ আপনার প্রতি নিরন্তর বৈরতাচরণের ভক্তিতে বা প্রার্থনার ভক্তিতে যেরূপ আপনার পরম পদ প্রাপ্ত হইয়াছে, সেরূপ বিশুদ্ধ ভক্তির প্রকাশে সত্ত্বগুণময় দেবতাগণও তাদৃশ পদ প্রাপ্ত হন না॥ ৩৩॥ ৩৪॥

হে যোগেশ্বরেশ্বর! যোগেশ্বরগণও তোমার যোগমায়া যে, কি প্রকার? ও কি ভাবে কি হয়? তাহার নিরূপণ করিতে যখন পারেন না, তখন আমার ন্যায় দৈত্যবংশধর কি প্রকারে তাহা অবধারণ করিবে?॥ ৩৫॥

হে প্রভো! আপনি আমার প্রতি প্রসন্ন হউন্! অহো! নিষ্কিঞ্চন সাধু ব্যক্তিগণের একমাত্র আশ্রয়-স্থল ভবদীয় চরণারবিন্দে চিত্ত সমর্পণ পূর্ব্বক

তন্নঃ প্রসীদ নিরপেক্ষবিমৃগ্যযুষ্মৎপাদারবিন্দধিষণান্যগৃহান্ধকূপাৎ।
নিষ্ক্রম্য বিশ্বশরণাজ্ঘ্র্যুপলব্ধবৃত্তিঃ শান্তো যথৈক উত সর্ব্বসখৈশ্চরামি॥ ৩৬॥
শাধ্যস্মান্নীশিতব্যেশ নিষ্পাপান্ কুরু নঃ প্রভো।

অন্বয়ঃ।

নিরপেক্ষৈঃ আপ্তকামৈঃ, অপি বিমৃগ্যং যৎ যুষ্মৎ পাদারবিন্দং তদেব ধিষণং আশ্রয়ঃ তস্মাৎ অন্যৎ যৎ গৃহং তদেব অন্ধকূপঃ তস্মাৎ নিষ্ক্রম্য নির্গত্য, বিশ্বস্য শরণং রক্ষিতারঃ বৃক্ষাঃ তেষাং অঙ্ঘ্রিষু (স্বতঃ এব গলিতৈঃ ফলাদিভিঃ) উপলব্ধা প্রাপ্তা বৃত্তিঃ জীবিকা যেন সঃ অহং শান্তঃ সন্ একঃ এব যথা চরামি উত অথবা সর্ব্বেষাং সখায়ঃ যে (ভক্তাঃ) তৈঃ সহ যথা চরামি তৎ তথা নঃ অস্মান্, প্রসীদ অনুগৃহাণ॥ ৩৬॥

হে প্রভো! ঈশিতব্যানাং নিয়ম্যানাং, অস্মাকং ঈশ! নিয়ন্তঃ! অস্মান্ শাধি কৈঙ্কর্য্যং

শ্রীধরস্বামী।

তদেবং যদ্যপি বৈরভাবেনাপি ত্বৎপ্রাপ্তি র্ভবেৎ তথাপি মাং সাত্ত্বিকং কুরু ইতি প্রার্থয়তে তন্ন ইতি। তত্তথা নঃ প্রসীদ যথা নিরপেক্ষৈরাপ্তকামৈরপি বিমৃগ্যং যুষ্মৎপাদারবিন্দং ধিষণমাশ্রয়ন্তস্মাদন্যৎ যদ্গৃহং তদেবান্ধকূপন্তস্মান্নিষ্ক্রম্য নির্গত্য বিশ্বস্য শরণং রক্ষিতারো বৃক্ষা স্তেষামঙ্ঘ্রিষু মূলেষু স্বতএব গলিতৈঃ ফলাদিভিরুপলব্ধা প্রাপ্তা বৃত্তি র্জীবিকা যেন সোঽহং শান্তঃ সন্ এক এব চরামি উত অথবা সর্ব্বেষাং সখায়ো যে মহান্তস্তৈঃ সহ যথা চরামীতি॥ ৩৬॥

কথমল্পপুণ্যানামেবং ভাবঃ সম্ভবতীতি চেত্তর্হি যথৈতত্তত্ত্ববেত্তথাস্মান্ অনুশিক্ষয়েত্যাহ শাধীতি। হে প্রভো ঈশিতব্যাঃ সর্ব্বে জীবাস্তেষামীশ যত্তবানুশাসনমাতিষ্ঠন্ আশ্রয়ন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু ভো বরং বৃণ্বিত্যত আহ নিরপেক্ষৈরাত্মারামৈরপি বিমৃগ্যং যুষ্মৎপাদারবিন্দং তদেব ধিষণমাশ্রয়ন্তস্মাদন্যো যো গৃহান্ধকূপন্তস্মান্নিষ্ক্রম্য বিশ্বস্য শরণমুপকারকা বৃক্ষাস্তেষামঙ্ঘ্রিমূলেষু স্বতএব গলিতৈঃ ফলাদিভিরুপলব্ধা বৃত্তি র্জীবিকা যেন সোঽহং শান্তঃ সন্নেক এব চরামি। উত অত্যধিকং কৃপয়সি চেৎ সর্ব্বেষাং সখায় স্তদ্ভক্তা স্তৈঃ সহ চরামি॥ ৩৬॥

কিঞ্চ সাম্প্রতং যদর্থমেতাদৃশং দর্শনং তদাজ্ঞাপয়েত্যাহ। শাধি আদিশ। ঈশিতব্যানামস্মদাদীনামীশ হে প্রভো! নন্বু মদাজ্ঞাং নিষ্পাদয়িতুং তব কোঽধিকারস্তত্রাহ।

আমি যেন এই ঘোর অন্ধকূপ-সদৃশ ভীষণ গৃহাশ্রম হইতে অবসর লইয়া, বিশ্ব সংসারের জীবিকাপ্রদ বৃক্ষমূলে বসতি করত, তদ্গলিত ফলেই জীবিকা নির্ব্বাহ করিতে পারি এবং জন-সংসর্গ পরিত্যাগ পূর্ব্বক একাকী শান্তভাবে জীব-মাত্রেরই হিতকারী সর্ব্বসখা ভগবদ্ভক্তগণের সহিত নির্জ্জনে বিচরণ করিতে পারি, তাদৃশ অনুগ্রহ আমার প্রতি প্রকাশ করুন্॥ ৩৬॥

হে সর্ব্বেশ্বর! আমাদিগকে সদুপদেশ প্রদানে নিষ্পাপ করুন্! হে প্রভো!

পুমান্ যচ্ছ্রদ্দয়াতিষ্ঠংশ্চোদনায়া বিমুচ্যতে ॥ ৩৭ ॥
শ্রীভগবানুবাচ ॥
আসন্ মরীচেঃ ষট্ পুত্রা ঊর্ণায়াং প্রথমেঽন্তরে।
দেবাঃ কং জহসুর্বীক্ষ্য সুতাং জভিতুমুদ্যতং ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

আদিশ! নঃ অস্মান্ নিষ্পাপান্ কুরু! যৎ ত্বদাদিষ্টং শ্রদ্ধয়া অনুতিষ্ঠন্ পুমান্ চোদনায়াঃ বিধিনিষেধলক্ষণায়াঃ, বিমুচ্যতে বিমুক্তপুণ্যপাপাদিবন্ধনঃ, সন্ জীবন্মুক্তঃ ভবতি ॥ ৩৭ ॥

শ্রীভগবান্ উবাচ। প্রথমে অন্তরে স্বায়ম্ভুবে মন্বন্তরে, মরীচেঃ প্রজাপতেঃ, ঊর্ণায়াং ভার্য্যায়াং, ষট্ পুত্রাঃ দেবাঃ আসন্। তে চ সুতাং সরস্বতীং, জভিতুং মৈথুনেন রমিতুং, উদ্যতং কং ব্রহ্মাণং, বীক্ষ্য জহসুঃ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

চোদনায়া বিধিনিষেধলক্ষণায়াঃ সকাশাদ্বিমুচ্যতে। ন খলু ত্বদ্ভক্তো বিধিকিঙ্করঃ স্যাদিতি ভাবঃ। ৩৭ ॥

তদুক্তং সর্ব্বমনুমোদ্য স্বাগমনকারণং সপ্রপঞ্চং কথয়তি আসন্নিতি পঞ্চভিঃ। ঊর্ণায়াং ভার্য্যায়াং প্রথমেঽন্তরে স্বায়ম্ভুবে মন্বন্তরে তে দেবাঃ, সুতাং বাচং জভিতুং জক্ষুং মৈথুনেন রময়িতুং উদ্যতং উদ্যুক্তং কং প্রজাপতিং জহসুঃ উপহসিতবন্তঃ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিষ্পাপান্ কুরু তদসামর্থ্যেঽপি তচ্ছ্রবণেনাপি নিষ্কল্মষা ভবেমেতি ভাবঃ। যত্ত্বদাদিষ্টং অনুতিষ্ঠন্ কুর্ব্বংস্তু চোদনায়া বিধিনিষেধলক্ষণায়াঃ সকাশাৎ বিমুচ্যতে বিধিকিঙ্করো ন স্যাদিত্যর্থঃ ॥ ৩৭ ॥

স্বাগমনকারণমাহ আসন্নিতি পঞ্চভিঃ। ঊর্ণায়াং ভার্য্যায়াং। অন্তরে মন্বন্তরে স্বায়ম্ভুবে। তে দেবাঃ ষট্। সুতাং সরস্বতীং জভিতুং সম্ভোক্তুং উদ্যতং কং প্রজাপতিং ॥ ৩৮ ॥

যাঁহারা প্রকৃত শ্রদ্ধা-সহকারে ভবদীয় অনুশাসনের প্রতিপালন করেন, তাঁহাদিগকে বিধি-নিষেধ-সূচক কর্ম্মের অধীনে আর কখন থাকিতে হয় না। তাঁহাদিগকে জীবন্মুক্ত বলিয়াই স্বীকার করিতে হইবে ॥ ৩৭ ॥

ভগবান শ্রীকৃষ্ণ বলিলেন, ঊর্ণা নাম্নী পত্নীর গর্ভে প্রজাপতি মরীচির ছয়টী দেবতা পুত্র জন্মে। কোন সময়ে প্রজাপতি ব্রহ্মা স্বকীয় কন্যা সরস্বতীকে রমণ করিতে উদ্যত হইয়াছিলেন দেখিয়া, এই মরীচির পুত্রগণ তাঁহাকে উপহাস করেন ॥ ৩৮ ॥

তাদৃশ উপহাসরূপ দুর্ব্বিনীত কর্ম্মের দোষে, পুত্রগণ আসুরী যোনি লাভে হিরণ্যকশিপুর ঔরসে জন্ম পরিগ্রহ করিলেন। কিন্তু দৈব-চক্রে তাঁহারা মহা-

তেনাসুরীমগন্ যোনিমধুনাবদ্যকর্ম্মণা।
হিরণ্যকশিপো র্জাতা নীতা স্তে যোগমায়য়া॥
দেবক্যা উদরে জাতা রাজন্ কংসবিহিংসিতাঃ।
সা তাঞ্ছোচত্যাত্মজান্ স্বাংস্তইমেঽধ্যাসতেঽন্তিকে॥ ৩৯॥
ইত এতান্ প্রণেষ্যামো মাতৃশোকাপনুত্তয়ে।
ততঃ শাপবিনির্ম্মুক্তা লোকং যাস্যন্তি বিজ্বরাঃ॥ ৪০॥

অন্বয়ঃ।

তেন পরিহাসাত্মকেন অবদ্যকর্ম্মণা দুষ্টকর্ম্মণা, তে আসুরীং যোনিং অগমন্ প্রাপুঃ। অতঃ অধুনা তৎক্ষণমেব হিরণ্যকশিপোঃ জাতাঃ তে যোগমায়য়া নীতাঃ দেবক্যাঃ উদরে জাতাঃ। তথা কংসেন বিহিংসিতাঃ। সা চ দেবকী তান্ আত্মজান্ মত্বা শোচতি। তে চ অধুনা তব অন্তিকে অধ্যাসতে ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ৩৯॥

মাতুঃ শোকস্য অপনুত্তয়ে নিরাসার্থং, ইতঃ স্থানাৎ, এতান্ অহং প্রণেষ্যামঃ। ততঃ শাপবিনির্ম্মুক্তাঃ বিজ্বরাঃ নির্দুঃখাঃ সন্তঃ তে লোকং দেবলোকং, যাস্যন্তি॥ ৪০॥

শ্রীধরস্বামী।

তেন অবদ্যকর্ম্মণা পাপেন আসুরীং যোনিমগন্ অগমন্ অধুনা তৎক্ষণমেব হিরণকশিপো-র্জাতা ইত্যর্থঃ। তেচ যোগমায়য়া নীতাঃ সন্তো দেবক্যা উদরে জাতাঃ। হে রাজন্ বলে! তেচ কংসেন বিহিংসিতাঃ। সাচ তান্ আত্মজান্ মত্বা শোচতি। তেচ ইমে তবান্তিকেঽ-ধ্যাসতে॥ ৩৯॥ লোকং দেবলোকং॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেনাবদ্যকর্ম্মণা পাপেনাধুনা তৎক্ষণএব আসুরীং যোনিমগমন্ হিরণ্যকশিপোঃ সকাশাৎ কালনেমিক্ষেত্রে জাতঃ। তেচ যোগমায়য়া দেবক্যা উদরে কংসহস্তেন ঘাতনার্থং নীতাঃ॥

সা দেবকী ইমে তে ইতি তর্জ্জন্যা তান্ দর্শয়তীতি তে পরমভাগবতেন বলিনা ভগব-দ্দর্শনার্থমানীয় স্বদৃষ্টিপথ এব স্থাপিতা ইতি ভাবঃ॥ ৩৯॥

শাপাৎ পিতা পুত্রান্ বধিষ্যতীতি হিরণ্যকশিপোঃ শাপাদ্বিমুক্তা এবৈতে ততো মন্নয়না-নন্তরং লোকং দেবলোকং॥ ৪০॥

মায়ার প্রভাবে তথা হইতে আকৃষ্ট হইয়া, দেবকীর গর্ভে পরিচালিত হন; এবং পরে কংস কর্তৃক নিহত হন। সম্প্রতি দেবী দেবকী সেই পুত্রগণকে নিজের গর্ভজাত সন্তান বিবেচনায় শোক করিতেছেন। হে বলিরাজ। উক্ত পুত্রগণ সম্প্রতি আপনার এই সুতলেই অবস্থান করিতেছেন॥ ৩৯॥

এক্ষণে জননী দেবকীর শোকাপনোদনার্থ আমি তাঁহাদিগকে এখান হইতে লইয়া যাইব। তদনন্তর তাঁহারা শাপ-নির্ম্মুক্ত হইয়া, দুঃখের হস্ত হইতে অব্যাহতি লাভে দেবলোকে গমন করিবেন॥ ৪০॥

স্মরোদ্গীথঃ পরিষ্বঙ্গঃ পতঙ্গঃ ক্ষুদ্রভুগ্ঘৃণিঃ।
ষড়িমে মৎপ্রসাদেন পুনর্যাস্যন্তি সদ্গতিং ॥ ৪১ ॥
ইত্যুক্ত্বা তান্ সমাদায় ইন্দ্রসেনেন পূজিতৌ।
পুনর্দ্বারবতীমেত্য মাতুঃ পুত্রানযচ্ছতাং ॥
তান্ দৃষ্ট্বা বালকান্ দেবী পুত্রস্নেহস্নুতস্তনী।
পরিষ্বজ্যাঙ্কমারোপ্য মূর্দ্ধ্ন্যজিঘ্রদভীক্ষ্ণশঃ ॥
অপায়য়ৎ স্তনং প্রীতা সুতস্পর্শপরিপ্লুতং।

অন্বয়ঃ।

স্মরঃ উদ্গীথঃ, পরিষ্বঙ্গঃ, পতঙ্গঃ, ক্ষুদ্রভুক্, ঘৃণিঃ, ইতি ইমে ষট্ পুত্রাঃ মৎপ্রসাদেন পুনঃ সদ্গতিং যাস্যন্তি ॥ ৪১ ॥

ইতি উক্ত্বা তান্ সমাদায় ইন্দ্রসেনেন বলিনা, পূজিতৌ রামকৃষ্ণৌ পুনঃ দ্বারবতীং এত্য মাতুঃ মাত্রে, পুত্রান্ অযচ্ছতাং অর্পয়ামাসতুঃ ॥

তান্ বালকান্ দৃষ্ট্বা তেষাং পুত্রাণাং স্নেহেন স্নুতৌ প্রস্রুতবন্তৌ স্তনৌ যস্যাঃ সা দেবী দেবকী তান্ পরিষজ্য অঙ্কং আরোপ্য অভীক্ষ্ণশঃ মূর্দ্ধ্নীং অজীঘ্রৎ ॥

যয়া সৃষ্টিঃ প্রবর্ত্ততে তয়া বিষ্ণোঃ মায়য়া মোহিতা দেবকী প্রীতা সতী সুতস্পর্শ-পরিপ্লুতং

শ্রীধরস্বামী।

স্মরোদ্গীথঃ স্মরসহিত উদ্গীথঃ। সদ্গতিং মোক্ষং। স্মরস্যৈব পূর্ব্বং কীর্ত্তিমানিতি নাম অতঃ কীর্ত্তিমন্তং প্রথমজমিত্যাদি উক্তং ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্মরসহিত উদ্গীথ ইত্যাদীনি নামানি মরীচিপুত্রত্বদশায়াং ॥ ৪১ ॥

মায়য়া যোগমায়য়া যয়া বিষ্ণোঃ সৃষ্টিরপ্রাকৃতী তল্লীলাপরিকরপ্রাদুর্ভাবময়ী প্রবর্ত্ততে

স্মর, উদ্গীথ, পরিষ্বঙ্গ, পতঙ্গ, ক্ষুদ্রভুক্ এবং ঘৃণি নামক উক্ত ছয়টী মরীচি-নন্দন কেবল আমার অনুগ্রহেই সদ্গতি লাভ করিবেন ॥ ৪১ ॥

ভগবান্ এইরূপ বলিলে, বলিরাজ রামকৃষ্ণকে তথাস্তু বলিয়া, বিশেষ আদর প্রকাশে তদ্বাক্য স্বীকার করিলেন; এবং রামকৃষ্ণও উক্ত পুত্র ছয়টীকে লইয়া, পুনরায় দ্বারাবতীতে উপস্থিত হইয়া, জননীকে মৃত পুত্র সমর্পণ করিলেন ॥

বালকগণকে দেখিবা মাত্র দেবকীর আনন্দের আর সীমা রহিল না; পুত্রস্নেহে তাঁহার পয়োধর হইতে দুগ্ধ স্বতই নির্গত হইতে লাগিল; তিনি পুত্রগণকে অঙ্কে লইয়া, বারংবার তাঁহাদের মস্তক আঘ্রাণ ও মুখ চুম্বন করিতে লাগিলেন ॥

অহো! বালকগণের সংস্পর্শে স্বতই ক্ষরিতস্তনী দেবকী তাঁহাদিগকে

মোহিতা মায়য়া বিষ্ণো র্যয়া সৃষ্টিঃ প্রবর্ত্ততে ॥ ৪২ ॥
পীত্বামৃতং পয়স্তস্যাঃ পীতশেষং গদাভৃতঃ।
নারায়ণাঙ্গসংস্পর্শ-প্রতিলব্ধাত্মদর্শনাঃ ॥ ৪৩ ॥
তে নমস্কৃত্য গোবিন্দং দেবকীং পিতরং বলং।
মিষতাং সর্ব্বভূতানাং যযুর্দ্ধাম বিহায়সা ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

(সুতানাং স্পর্শেন পরিপ্লুতং ক্ষরদ্দুগ্ধং) স্তনং অপায়য়ৎ ॥ ৪২ ॥

গদাভৃতঃ ভগবতঃ পীতশেষং তস্যাঃ দেবক্যাঃ অমৃতং অমৃতময়ং, পয়ঃ পীত্বা তথা নারায়ণাঙ্গ-সংস্পর্শ-প্রতিলব্ধাত্মদর্শনাঃ (নারায়ণস্য) শ্রীকৃষ্ণস্য অঙ্গসংস্পর্শাৎ প্রতিলব্ধং আত্মদর্শনং স্বজ্ঞানং যৈঃ তে ॥ ৪৩ ॥

গোবিন্দং দেবকীং পিতরং বসুদেবং, বলং সঙ্কর্ষণং চ নমস্কৃত্য মিষতাং পশ্যতাং, সর্ব্বভূতানাং সতাং বিহায়সা দিবৌকসাং ধাম যযুঃ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

প্রযচ্ছতাং অর্পয়ামাসতুঃ ॥ ৪২ ॥

অমৃতত্বে হেতুঃ গদাভৃতঃ পীতশেষমিতি। নারায়ণাঙ্গসংস্পর্শেন প্রতিলব্ধং দেবা বয়মিত্যাত্মদর্শনং যৈঃ তে ॥ ৪৩ ॥

মিষতাং পশ্যতাং। ধাম দেবলোকং ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নতু ব্রহ্মণঃ সৃষ্টিঃ প্রাকৃতীত্যর্থঃ ॥ ৪২ ॥

গদাভৃতঃ কৃষ্ণস্য পীতশেষমিতি। পিত্রোঃ সংপশ্যতোঃ সদ্যো বভূব প্রাকৃতঃ শিশুরিত্যুক্তে দেবক্যাং প্রাদুর্ভূয় নন্দগৃহগমনসময়ে যদা শিশুরভূত্তদা দূরগমননিবন্ধনোঽস্য কণ্ঠশোষো মাভূদিতি স্নেহেন শ্রীদেবকী তং স্তনং পায়য়ামাসেবেতি তত্রানুক্তমপ্যত্রোক্তেরব-

---

প্রচুর পরিমাণে স্তন্য পান করাইলেন। ভগবান্ বিষ্ণুর জগৎ-প্রসবিনী মায়ায় দেবী দেবকী সম্পূর্ণ বিমোহিত হইয়াছিলেন ॥ ৪২ ॥

এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণের পীতাবশিষ্ট অমৃতোপম দেবকীর স্তন্য পান করিয়া এবং সাক্ষাৎ নারায়ণের অঙ্গ স্পর্শ করিয়া, উক্ত পুত্র ছয়টীর পাপ তাপ সমস্ত দূরে গেল; তাঁহারা আত্মজ্ঞান লাভ করিলেন ॥ ৪৩ ॥

তৎপরে সেই মরীচি-নন্দনগণ ভগবান্ গোবিন্দ, দেবকী দেবী, পিতা বসুদেব এবং বলদেবকে প্রণাম করত, অন্যান্য সকলের সমক্ষে আকাশ-পথে আরোহণ করত আপনাদের নির্দ্দিষ্ট দেবলোকে প্রস্থান করিলেন ॥ ৪৪ ॥

তখন দেবকী মৃত পুত্রগণের তাদৃশ পুনরাগমন এবং প্রস্থানের ব্যাপার

তং দৃষ্ট্বা দেবকী দেবী মৃতাগমননির্গমং।
মেনে সুবিস্মিতাং মায়াং কৃষ্ণস্যারচিতাং নৃপ ॥
এবং বিধান্যদ্ভুতানি কৃষ্ণস্য পরমাত্মনঃ।
বীর্য্যাণ্যনন্তবীর্য্যস্য সন্ত্যনন্তানি ভারত ॥ ৪৫ ॥
সূত উবাচ ॥
য ইদমনুশৃণোতি শ্রাবয়েদ্বা মুরারেশ্চরিতমমৃতকীর্ত্তে র্বর্ণিতং ব্যাসপুত্রৈঃ।

অন্বয়ঃ।

তং মৃতানাং পুত্রাণাং আগমন-পূর্ব্বকং নির্গমং, দৃষ্ট্বা সুবিস্মিতা দেবী দেবকী হে নৃপ! কৃষ্ণস্য রচিতাং (সুবিস্মিতাং) মায়াং এব সর্ব্বং মেনে॥

হে ভারত! অনন্তবীর্য্যস্য পরমাত্মনঃ কৃষ্ণস্য এবম্বিধানি অনন্তানি বীর্য্যাণি পরাক্রমাঃ, সন্তি॥ ৪৫ ॥

অমৃতকীর্ত্তেঃ (অমৃতং জন্ম-মরণাদি-ভয়-নিবর্ত্তকা শ্রবণানন্দজনকা চ কীর্ত্তিঃ যশঃ যস্য তস্য) মুরারেঃ ইদং ব্যাসপুত্রৈঃ বর্ণিতং জগদন্বভিং (জগতঃ শ্রবণকীর্ত্তনপরস্য জনস্য অন্বং পাপং ভিনত্তি যৎ তৎ) তথা অলং নিঃশেষং যথা ভবতি তথা তদ্ভক্তসংকর্ণপুরং (তদ্ভক্তানাং

শ্রীধরস্বামী।

মৃতানামাগমনং নির্গমঞ্চ শ্রীকৃষ্ণস্য মায়াং মেনে তেনৈবাপত্যাদিরূপেণ রচিতাং ॥ ৪৫ ॥

অমৃতং কীর্ত্তি র্যস্য তস্য। ব্যাসপুত্রৈরিতি বহুবচনং পূজার্থং। জগতোঽন্বং ভিনত্তীতি তথা তৎ অলং নিঃশেষং যথা ভবতি তথা ন কৃচ্ছ্রাদিবদিতি তদেবং মোক্ষত্বে হেতুত্বং পাপ-ক্ষয়হেতুত্বঞ্চোক্তং ভদ্ভক্তানান্তু সৎকর্ণপুরং পরমসুখাবহং কর্ণাভরণমিতি। স্বয়ং সুখস্বরূপতা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গম্যতে। নারায়ণস্য অঙ্গসংস্পর্শেন প্রতিলব্ধং দেবা বয়মিত্যাত্মদর্শনং যৈ স্তে ধাম দেব-লোকং ॥ ৪০—৪৫ ॥

অমৃতমেব কীর্ত্তি র্যশো যস্য তস্য অমৃতত্বমাহ জগতামেব অন্বং সংসাররোগং ভিনত্তীতি

অবলোকন করিয়া, একান্ত বিস্মিতা হইলেন এবং হে রাজেন্দ্র! এই সমস্ত এক শ্রীকৃষ্ণেরই অপূর্ব্ব মায়ার রচনা বলিয়া, তিনি অবধারণ করিলেন ॥

হে ভরতবংশাবতংস! অনন্তবীর্য্য পরমপুরুষ পরমাত্মা শ্রীকৃষ্ণের এই প্রকার অদ্ভুত অনন্ত-বীর্য্য-প্রকাশক কার্য্যের যথেষ্ট পরিচয় আছে ॥ ৪৫ ॥

অহো! যাঁহার পীযূষোপম শ্রবণানন্দজনক কথা শ্রবণ করিলে, জীবের জন্ম-মরণাদি-জনিত ভব-ভয়ের নিবারণ হয়, সেই ভগবান্ মুরারির এই পবিত্র সর্ব্বপাপ-প্রণাশন ভক্তজন-শ্রবণানন্দদায়ক সাক্ষাৎ ব্যাস-নন্দনাদির মুখারবিন্দ-বিনির্গত এই লীলা-কথা শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান, তিনি ভগবানে

জগদঘভিদলং তদ্ভক্তসৎকর্ণপুরং ভগবতি কৃতচিত্তো যাতি তৎ ক্ষেমধাম ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে মৃতপুত্রানয়নং পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮৫ ॥ * ॥

রাজোবাচ ॥

ব্রহ্মন্ বেদিতুমিচ্ছামঃ স্বসারং রামকৃষ্ণয়োঃ।
যথোপযেমে বিজয়ো যা মমাসীৎ পিতামহী ॥

অন্বয়ঃ।

সতাং তু কর্ণপূরং কর্ণয়োঃ পরমানন্দজনকং) চরিতং যঃ অনুশৃণোতি শ্রাবয়েৎ বা সঃ ভগবতি কৃতচিত্তঃ (কৃতং স্থিরীকৃতং চিত্তং যেন তথাভূতঃ সন্) তস্য ক্ষেমং ধাম কালাদি-ভয়-রহিতং, লোকং যাতি ॥ ৪৬ ॥

ইতি দশমে শ্রীধরৈকৃতান্বয়ে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! যা মম পিতামহী আসীৎ তাং রামকৃষ্ণয়োঃ স্বসারং ভগিনীং সুভদ্রাং, বিজয়ঃ অর্জ্জুনঃ, যথা যেন প্রকারেণ, উপযেমে তং বিবাহপ্রকারং বেদিতুং বয়ং ইচ্ছামঃ ॥

শ্রীধরস্বামী।

মাহ কিঞ্চ ভগবতি কৃতমাবেশিতং চিত্তং যেন স তথা ভূত্বা তস্য ক্ষেমধাম কালাদিভয়রহিতং লোকং যাতীতি ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি দশমে পঞ্চাশীতিতমঃ ॥ * ॥

ষড়শীতিতমে দত্ত্বাং সুভদ্রামর্জ্জুনোঽহরৎ।
গত্বা চ মিথিলাং কৃষ্ণো নৃপবিপ্রাবনন্দয়ৎ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎ। তদ্ভক্তানাং সংসারোত্তীর্ণানাং তু কর্ণপূরং কর্ণাভরণং ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি সারার্থ-দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চাশীতিতমোঽধ্যায়ো দশমেঽজনি সঙ্গতঃ ॥ * ॥
যতিবেশোঽর্জ্জুনোঽহার্ষীৎ সুভদ্রাং মিথিলামগাৎ।
ধিষ্ণন্ বিপ্রনৃপৌ ভক্তৌ ষড়্শীতিতমে হরিঃ ॥ * ॥

স্থিরচিত্ত হইয়া, কালভয়শূন্য তদীয় মঙ্গলময় ধামে গমন করেন, সন্দেহ নাই ॥ ৪৬ ॥

ইতি দশমে শ্রীধরৈকৃত পঞ্চাশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

ষড়শীতিতম অধ্যায়ে অর্জ্জুন দত্তসহকারে সুভদ্রাকে হরণ করেন এবং শ্রীকৃষ্ণ মিথিলায় গমন করত, স্বীয় ভক্ত রাজা বহুলাশ্ব ও শ্রুতদেব ব্রাহ্মণকে সদ্গতি প্রদান করেন ॥

শ্রীশুক উবাচ ॥
অর্জ্জুনস্তীর্থযাত্রায়াং পর্য্যটন্নবনীং প্রভুঃ।
গতঃ প্রভাসমশৃণোন্মাতুলেয়ীং স আত্মনঃ ॥ ১ ॥
দুর্য্যোধনায় রাম স্তাং দাস্যতীতি ন চাপরে।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। প্রভুঃ অর্জ্জুনঃ, তীর্থযাত্রায়াং অবনীং পৃথ্বীং, পর্য্যটন্ প্রভাসং নাম তীর্থং গতঃ। তত্র সঃ আত্মনঃ মাতুলেয়ীং মাতুলকন্যাং সুভদ্রাং (তৎসম্বন্ধিনীং কথাং) অশৃণোৎ ॥ ১ ॥

যথা রামঃ তাং দুর্য্যোধনায় দাস্যতি অপরে বসুদেবাদয়ঃ তথা দাতুং ন ইচ্ছন্তি ইতি শ্রুত্বা

শ্রীধরস্বামী।

পিত্রোঃ স্বজ্ঞানমাদিশ্য সুভদ্রাং ফাল্গুনায় চ।
জগাম মিথিলাং কৃষ্ণঃ স্বভক্তপ্রিয়কৃত্ততঃ ॥ * ॥

দেবক্যা মৃতপুত্রলাভবদর্জ্জুনস্য সুভদ্রালাভোঽপি রামপ্রাতিকূল্যাদ্দুর্ঘট ইতি মন্যমানঃ প্রসঙ্গাৎ পৃচ্ছতি ব্রহ্মন্নিতি ॥ ১ ॥

কথমশৃণোত্তত্রাহ দুর্য্যোধনায়েতি। অপরেচ বসুদেবাদয়ো ন দাস্যন্তীতি। তল্লিপ্সুঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ কথোপসংহারমুদ্রামালক্ষ্য নন্থ ভোঃ প্রভো বলদেবাদীনামনিরুদ্ধপর্য্যন্তানাং বিবাহাঃ শ্রুতা এব কিন্তু সুভদ্রা-বিবাহো ন শ্রুত ইত্যাহ ব্রহ্মন্নিতি বিজয়োঽর্জ্জুনঃ। তদ্বিবাহো মম ত্ববশ্যশ্রোতব্য ইত্যাহ যেতি ॥

তাং প্রসিদ্ধাং মাতুলেয়ীং রামো দুর্য্যোধনায় দাস্যতীত্যশৃণোদিত্যন্বয়ঃ। ন চাপরে বসুদেব-কৃষ্ণাদয়স্তু ন দিৎসন্তীত্যর্থঃ ॥ ১ ॥

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ব্রহ্মন্! যিনি আমার পিতামহী ছিলেন, সেই রামকৃষ্ণের ভগিনী সুভদ্রাকে বীরকেশরী অর্জ্জুন যে প্রকারে বিবাহ করিয়াছিলেন, সেই বৃত্তান্ত শ্রবণে আমার একান্ত কৌতূহল জন্মিতেছে; আপনি অনুগ্রহ পূর্ব্বক তাহা বর্ণন করুন্! ॥

এতৎশ্রবণে শুকদেব বলিলেন, হে নরনাথ! অসীম-পরাক্রম বীরকেশরী অর্জ্জুন তীর্থযাত্রার প্রসঙ্গে সমগ্রা ধরণী পর্য্যটন করত, সর্ব্বশেষে প্রভাস তীর্থে উপনীত হইলেন এবং তথায় স্বকীয় মাতুল-কন্যা সুভদ্রার সম্বন্ধে জল্পনা তাঁহার কর্ণগোচর হইল ॥ ১ ॥

তিনি শুনিলেন যে, ভগবান্ বলরাম স্বীয়া ভগ্নী সুভদ্রাকে দুর্য্যোধনের করে সমর্পণ করিতে বাসনা যদিও করিতেছেন, কিন্তু তাহাতে তাঁহার জনক

তল্লিপ্সুঃ স যতি ভূর্ত্বা ত্রিদণ্ডী দ্বারকামগাৎ ॥ ২ ॥
তত্র বৈ বার্ষিকান্ মাসানবাৎসীৎ স্বার্থসাধকঃ।
পৌরৈঃ সভাজিতোঽভীক্ষ্ণং রামেণাজানতা চ সঃ ॥ ৩ ॥
একদা গৃহমানীয় আতিথ্যেন নিমন্ত্র্য তং।
শ্রদ্ধয়োপহৃতং ভৈক্ষ্যং বলেন বুভুজে কিল ॥ ৪ ॥

অন্বয়ঃ।

তল্লিপ্সুঃ তাং সুভদ্রাং জিহীর্ষুঃ, অর্জ্জুনঃ ত্রিদণ্ডী যতিঃ ভূত্বা দ্বারকাং অগাৎ ॥ ২ ॥

তত্র দ্বারকায়াং পৌরৈঃ তথা অজানতা রামেণ চ অভীক্ষ্ণং সৎকৃতঃ সম্মানিতঃ, সার্থসাধকঃ (স্বার্থং কন্যাং যথা সাধয়তি তথাভূতঃ) সঃ অর্জ্জুনঃ বার্ষিকান্ আষাঢ়াদ্যাশ্বিন-পর্য্যন্তান্ চতুরঃ মাসান্ অবাৎসীৎ ॥ ৩ ॥

একদা তং আতিথ্যেন নিমন্ত্র্য গৃহং আনীয়, বলেন বলরামেণ শ্রদ্ধয়া উপহৃতং পরিবিষ্টং, অন্নং ভৈক্ষ্যং কিল অর্জ্জুনঃ বুভুজে ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

তস্যাং মাতুলেয়্যাং লিপ্সুঃ রামং বঞ্চয়িতুং পূজ্যতমং ত্রিদণ্ডিধরবেশং বিধায় গত ইত্যাহ স যতিরিতি ॥ ২ ॥ স্বার্থসাধকঃ কন্যাপ্রেপ্সুঃ ॥ ৩ ॥

তমাতিথ্যেন নিমন্ত্র্য গৃহমানীয় বলেন যচ্ছ্রদ্ধয়োপহৃতং পরিবিষ্টং তৎ ভৈক্ষ্যং কিলার্জ্জুনো বুভুজ ইত্যন্বয়ঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাং লিপ্সুঃ স স্বপ্রিয়সখ-কৃষ্ণসাহায্যসাহসেন রামং বঞ্চয়িতুং পূজ্যতমং ত্রিদণ্ডিবেশং অকরোদিত্যাহ যতিরিতি ॥ ২ ॥ ৩ ॥

একদা চাতুর্ম্মাস্যান্তে তং নিমন্ত্র্যানীয় বলদেবেনোপহৃতং ভৈক্ষ্যং স বুভুজে ইত্যন্বয়ঃ ॥ ৪ ॥

জননী দেবকী বসুদেব বা শ্রীকৃষ্ণের সম্মতি নাই। তখন অর্জ্জুন স্বয়ং সেই কন্যাকে সংগ্রহ করিবার অভিপ্রায়ে, ত্রিদণ্ডীর বেশ ধারণে ও যতিরূপ গ্রহণে দ্বারকায় প্রবেশ করিলেন ॥ ২ ॥

তথায় নিজের স্বার্থ-সাধনের অভিসন্ধিতে আষাঢ়াদি আশ্বিন পর্য্যন্ত মাস-চতুষ্টয় অবস্থান করিলেন। তাঁহার বেশ দর্শনে বলরাম বা পুরবাসী জনগণ কেহ তাঁহাকে অর্জ্জুন বলিয়া চিনিতে না পারায়, যতি বোধে সকলেই বিশেষ যত্ন ও সম্মান করিতে লাগিলেন ॥ ৩ ॥

এমন কি! এক দিবস বলরাম তাঁহাকে গৃহে নিমন্ত্রণ করত, বিবিধ প্রকারে তাঁহার আতিথ্যসৎকার করিলেন। বলরাম স্বয়ং বিশেষ শ্রদ্ধাদি সহকারে, ভোজন সামগ্রী পরিবেশন পূর্ব্বক অর্জ্জুনকে ভোজন করাইলেন ॥ ৪ ॥

সোঽপশ্যত্তত্র মহতীং কন্যাং ধীরমনোহরাং।
প্রীত্যুৎফুল্লেক্ষণ স্তস্যাং ভাবক্ষুব্ধং মনো দধে ॥ ৫ ॥
সাপি তং চকমে বীক্ষ্য নারীণাং হৃদয়ঙ্গমং।
হসন্তী ব্রীড়িতাপাঙ্গী তস্যন্যস্তহৃদয়েক্ষণা ॥ ৬ ॥
তাং পরং সমনুধ্যায়ন্নন্তরং প্রেপ্সুরর্জ্জুনঃ।
ন লেভে শং ভ্রমচ্চিত্তঃ কামেনাতিবলীয়সা ॥

অন্বয়ঃ।

সঃ অর্জ্জুনঃ তত্র গৃহে মহতীং কন্যা বয়োধিকাং ধীরাণাং কামাদিজয়-সমর্থানাং বীরাণাং বা মনোহরাং কন্যাং অপশ্যৎ। তথা প্রীত্যুৎফুল্লেক্ষণঃ (প্রীত্যা উৎফুল্লে বিকসিতে ঈক্ষণে যস্য সঃ) তস্যাং কন্যায়াং ভাবক্ষুব্ধং (ভাবেন রত্যভিপ্রায়েণ ক্ষুব্ধং ক্ষুভিতং) মনঃ দধে ॥ ৫ ॥

ব্রীড়িতৌ ব্রীড়াপ্রযুক্তৌ আপাঙ্গৌ নেত্রান্তৌ যস্যাঃ সা তস্মিন্ এব ন্যস্তহৃদয়েক্ষণা (ন্যস্তং হৃদয়ং ঈক্ষণে চ যস্যাঃ সা) সা হসন্তী সুভদ্রা নারীণাং হৃদয়ঙ্গমং মনোহরং বীক্ষ্য তং অর্জ্জুনং চকমে পতিত্বেন কামিতবতী ॥ ৬ ॥

পরং কেবলং তাং কন্যাং এব ধ্যায়ন্ অন্তরং হর্ত্তুং অবসরং, প্রেপ্সুঃ প্রাপ্তুং ইচ্ছুঃ, অতি বলীয়সা কামেন ভ্রমচ্চিত্তং যস্য সঃ অর্জ্জুনঃ শং (বলরামাদিকৃত-সম্মাননাদি-জনিতং সুখং) ন লেভে ॥

শ্রীধরস্বামী।

ভাবেন রত্যভিপ্রায়েণ ক্ষুভিতং মনো দধে ॥ ৫ ॥

ব্রীড়িতাপাঙ্গী সব্রীড়কটাক্ষা তস্মিন্নেব ন্যস্তং হৃদয়ং ঈক্ষণঞ্চ যয়া সা ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বীরেতি ধীরেতি চ পাঠে তাদৃশস্যাপ্যর্জ্জুনস্য মনো হরন্তীং ॥ ৫ ॥

তং নারীণাং হৃদয়ঙ্গমং বীক্ষ্যৈতাদৃশলক্ষণৈ র্নিশ্চিত্য নায়ং যতিঃ কিন্তু মম প্রেয়ানেবেতি স্বমন এব প্রমাণীকৃত্য চকমে ॥ ৬ ॥　　অন্তরং হর্ত্তুমবসরং। শং সুখং ॥

সেই সময়ে তিনি সেই উদাসীন ধীর এবং বীরগণেরও মনোহারিণী প্রাপ্তবয়স্কা যুবতী সুভদ্রাকে অবলোকন করিয়া, নিতান্তই প্রীত হইলেন এবং কন্যার রূপে তাঁহার চিত্ত একান্তই আসক্ত হইল ॥ ৫ ॥

এদিকে ললনাগণের হৃদয়গ্রাহী অপূর্ব্বমূর্ত্তি অর্জ্জুনকে অবলোকন করিয়া, সুভদ্রাও মনে মনে তাঁহাকে পতিরূপে প্রার্থনা করত, চিত্ত সমর্পণ পূর্ব্বক লজ্জাবনত মুখে ঈষৎ হাস্য করিলেন ॥ ৬ ॥

সুভদ্রাকে সংগ্রহ করিবার নিমিত্ত অবসরের অন্বেষণে অর্জ্জুনের আকাঙ্ক্ষা অতীব বলবতী হইয়া উঠিল; ক্রমশ তাঁহার চিত্ত এতই চঞ্চল হইল যে, দ্বারকাবাসীর তাদৃশ যত্নে বা সম্মানেও তাঁহার হৃদয়ে কিছু মাত্র শান্তি বা সুখের

মহত্যাং দেবযাত্রায়াং রথস্থাং দুর্গনির্গতাং।
জহারানুমতঃ পিত্রোঃ কৃষ্ণস্য চ মহারথঃ॥ ৭॥
রথস্থো ধনুরাদায় শূরাংশ্চারুন্ধতো ভটান্।
বিদ্রাব্য ক্রোশতাং স্বানাং স্বভাগং মৃগরাড়িব॥
তচ্ছ্রুত্বা ক্ষুভিতো রামঃ পর্ব্বণীব মহার্ণবঃ।
গৃহীতপাদঃ কৃষ্ণেন সুহৃদ্ভিশ্চান্বশাম্যত॥ ৮॥

অন্বয়ঃ।

পিত্রোঃ দেবকীবসুদেবাভ্যাং, কৃষ্ণস্য কৃষ্ণেন চ অনুমতঃ মহারথঃ অর্জ্জুনঃ মহত্যাং দেবযাত্রায়াং দুর্গনির্গতাং (দুর্গাৎ প্রাকারাৎ বহিঃ নির্গতাং) রথস্থাং কন্যাং সুভদ্রাং জহার॥ ৭॥

মৃগরাট্ সিংহঃ, যথা স্বভাগং হরতি তথা রথস্থঃ অর্জ্জুনঃ ধনুঃ আদায়, আ সর্ব্বতঃ রুন্ধতঃ শূরান্ ভটান্ বিদ্রাব্য পলায়িতান্ কৃত্বা, ক্রোশতাং স্বানাং যদূনাং সমক্ষে কন্যাং জহার ইতি পূর্ব্বেণান্বয়ঃ॥

তৎ হরণং শ্রুত্বা রামঃ পর্ব্বণি অমাবস্যাদৌ মহার্ণবঃ ইব ক্ষুভিতঃ ক্রুদ্ধঃ বভূব। ততঃ কৃষ্ণেন সুহৃদ্ভিঃ চ গৃহীতপাদঃ (গৃহীতৌ পাদৌ যস্য সঃ) অনু অশাম্যত শান্তঃ জাতঃ॥ ৮॥

শ্রীধরস্বামী।

অন্তরং হর্ত্তুং অবসরং প্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ। কামেন ভ্রমচ্চিত্তং যস্য সঃ শং রামাদিসম্মাননিমিত্তং সুখং॥ ৭॥ আ সমন্তাৎ রুন্ধতঃ আবরণং কুর্ব্বতঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবযাত্রায়াং দেবোত্থানোৎসববিহিত-রথযাত্রায়াং। জহারেত্যত্র হেতুঃ। পিত্রোঃ কৃষ্ণস্য চ অনুমতঃ প্রাপ্তানুমতিঃ॥ ৭॥ ক্রোশতামিত্যনাদরে ষষ্ঠী॥ ৮॥

উদ্রেক ছিল না; সুভদ্রালাভের আশায় তিনি দিন-যামিনী অজ্ঞাতসারেই অতিবাহিত করিতে লাগিলেন॥

এদিকে বসুদেব, দেবকী এবং শ্রীকৃষ্ণ তাদৃশ যতিবেশধারী অর্জ্জুনকে পরিজ্ঞাত হইয়া, বলরামের অজ্ঞাতসারে তাঁহারই করে সুভদ্রাকে সমর্পণ করিতে স্বীকার করিলেন। ইতিমধ্যে এক দিবস দেবদর্শনের মহোৎসব রথযাত্রা উপলক্ষে সুভদ্রা রথারোহণ পূর্ব্বক যখন দুর্গপ্রাকারের বাহিরে দেবদর্শনার্থ যাত্রা করিয়াছিলেন, মহারথ অর্জ্জুন তাঁহাকে সেই সময়ে হরণ করিলেন॥৭॥

প্রবল-পরাক্রম সৈন্যগণ চতুর্দ্দিক বেষ্টন পূর্ব্বক সুভদ্রাকে রক্ষা করিলেও, মহারথ অর্জ্জুন গাণ্ডিব হস্তে রথারোহণ পূর্ব্বক তাহাদিগের সকলকে নিরস্ত করিলেন এবং কেশরী যেমন মৃগকুলের মধ্য হইতে স্বীয় ভাগ গ্রহণে অবলীলাক্রমে প্রস্থান করে, বীরকেশরী মহারথ অর্জ্জুনও সেই প্রকারে ক্রুদ্ধ

প্রাহিণোৎপারিবর্হাণি বরবধ্বো মুদা বলঃ।
মহাধনোপস্করেভ-রথাশ্ব-নর-যোষিতঃ॥

শ্রীশুক উবাচ॥

কৃষ্ণস্যাসীদ্দ্বিজশ্রেষ্ঠঃ শ্রুতদেব ইতি শ্রুতঃ।
কৃষ্ণৈকভক্ত্যা পূর্ণার্থঃ শান্তঃ কবিরলম্পটঃ॥ ৯॥

অন্বয়ঃ।

ততঃ মুদা যুক্তঃ বলঃ পারিবর্হাণি প্রীত্যা দেয়ানি, তথা মহাধনাঃ অনর্ঘ্যাঃ উপস্করাঃ যেষাং তান্ ইভান্ গজান্, রথান্ অশ্বান্ নরান্ যোষিতঃ দাসীঃ চ বরবধ্বোঃ প্রাহিণোৎ॥

শ্রীশুকঃ উবাচ। শ্রুতদেবঃ ইতি শ্রুতঃ নাম্না প্রসিদ্ধঃ, কশ্চিৎ, কৃষ্ণে যা একা অনন্যা ভক্তিঃ তয়া পূর্ণার্থঃ পূর্ণ-মনোরথঃ, অতঃ শান্তঃ রাগলোভাদিরহিতঃ, অলম্পটঃ বিষয়া-সক্তি-শূন্যঃ, কবিঃ বিবেকী, দ্বিজশ্রেষ্ঠঃ কৃষ্ণস্য ভক্তঃ আসীৎ॥ ৯॥

শ্রীধরস্বামী।

পারিবর্হাণি বরবধ্বোঃ প্রীতিদেয়ানি॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পারিবর্হাণি প্রীতিদেয়ানি॥

অথ স্বয়মেব স্মৃতিপথমাগতং তচ্চরিতবিশেষং স্বসাক্ষাদ্দৃষ্টমপৃষ্টমপ্যাহ। কৃষ্ণস্যেতি কৃষ্ণস্বামিক ইত্যর্থঃ॥ ৯॥

আত্মীয়বর্গের মধ্য হইতে সুভদ্রাকে হরণ করত প্রস্থানে প্রস্তুত হইলেন॥

অর্জ্জুনের তাদৃশ আচরণ শ্রবণ করিয়া, বিপুল-বিক্রম বলরাম অমাবস্যাদি পর্ব্বোপলক্ষে উদ্বেলিত মহাসমুদ্রের ন্যায়, ক্রোধে বিহ্বল হইয়া উঠিলেন; কিন্তু ভগবান্ শ্রীকৃষ্ণ অন্যান্য সুহৃদ্‌গণে মিলিত হইয়া, বলরামের সমীপে গমন করত, তাঁহার চরণ ধারণে তাঁহাকে শান্ত করিলেন॥ ৮

শ্রীকৃষ্ণের মধুর প্রবোধ-বাক্যে বলরামের ক্রোধ দূরে গেল; তিনি তখন প্রসন্ন হইয়া উপঢৌকন-স্বরূপ বর-বধূর অভ্যুদয়ার্থ অলঙ্কারে বিভূষিত হস্তী, অশ্ব, রথ, এবং দাস দাসী প্রভৃতি এবং মহামূল্য ধন ও রত্নসমূহ প্রদান করিতেন॥

শুকদেব বলিলেন, হে রাজন্! শ্রুতদেব নামে একজন সুবিখ্যাত ব্রাহ্মণ শ্রীকৃষ্ণের পরম ভক্ত ছিলেন। কেবল শ্রীকৃষ্ণে নৈষ্ঠিকী ভক্তি করিবার গুণে তাঁহার হৃদয়ে কোন অভাবই উপলব্ধ হইত না; তিনি পরম বিবেকী; সুতরাং বিষয়াসক্তিকে সম্পূর্ণ বিসর্জ্জন করত, অতি শান্তভাবেই কালাতিপাত করিতেন॥ ৯॥

তিনি মিথিলাপুরীর মধ্যে বিদেহ-বংশীয়গণের পল্লীতে গৃহাশ্রমীরূপে

স উবাস বিদেহেষু মিথিলায়াং গৃহাশ্রমী।
অনীহয়া গতাহার্য্যনির্ব্বর্ত্তিত নিজক্রিয়ঃ ॥ ১০ ॥
যাত্রামাত্রং ত্বহরহর্দৈবাদুপনমত্যুত।
নাধিকং তাবতা তুষ্টঃ ক্রিয়াশ্চক্রে যথোচিতাঃ ॥ ১১ ॥
তথা তদ্রাষ্ট্রপালোঽঙ্গ বহুলাশ্ব ইতি শ্রুতঃ।

অন্বয়ঃ।

সঃ চ গৃহাশ্রমী অতঃ অনীহয়া অনুদ্যমেন এব আগতং যৎ আহার্য্যং ভোজ্যং তেনৈব নির্ব্বর্ত্তিতাঃ নিজাঃ ক্রিয়াঃ যেন তথাবিধঃ সঃ দ্বিজঃ বিদেহেষু বিদেহবংশাবাস দেশেষু মিথিলায়াং উবাস ॥ ১০ ॥

যাত্রামাত্রং শরীরাদি-নির্ব্বাহ-মাত্রং তু ভোজ্যং দৈবাৎ প্রারব্ধাৎ, অহরহঃ প্রত্যহং উপনমতি তং প্রতি আগচ্ছতি, উত অধিকং তু প্রযত্নেনাপি ন আগচ্ছতি। সঃ চ তাবতা অপ্রযত্ন-প্রাপ্তেন এব তুষ্টঃ সন্ যথোচিতাঃ ক্রিয়াঃ চক্রে ॥ ১১ ॥

হে অঙ্গ! তথা তদ্রাষ্ট্রপালঃ তদ্দেশাধিপতিঃ, বহুলাশ্বঃ শ্রুতঃ নাম্না প্রসিদ্ধঃ, মৈথিলস্য

শ্রীধরস্বামী।

অনীহয়া অনুদ্যমেনৈব আগতং যদাহার্য্যং ভোজ্যং তেন নির্ব্বর্ত্তিতা নিজা ক্রিয়া যেন সঃ ॥ ১০ ॥

যাত্রামাত্রং শরীরাদিনির্ব্বাহমাত্রং ভোজ্যমুপনয়তি তং প্রত্যাগচ্ছতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিদেহেষু দেশেষু মিথিলায়াং পুর্য্যামনীহয়া অনুদ্যমেনৈবাগতং যদাহার্য্যং ভোজ্যং তেনৈব নির্ব্বর্ত্তিতা নিজা ক্রিয়া ভগবৎপরিচর্য্যাপি যেন সঃ ॥ ১০ ॥

তদুপ্যাহার্য্যং দৈবাদ্ভগবদিচ্ছাবশাদ্যাত্রামাত্রং সপরিকরস্বশরীরনির্বাহো যাবতা ভবতি তাবন্মাত্রমেবাহরহরুপনমতি মিলতি নত্বধিকং ॥ ১১ ॥

বসাত করিতেন; এবং বিনা চেষ্টায় সমাহৃত জীবিকা-লাভেই পরম সন্তোষ অনুভব করিতেন ও তদ্দ্বারাই ভগবানের আরাধনা ও পরিচর্য্যাদি কার্য্যে নিয়ত নিযুক্ত থাকিতেন ॥ ১০ ॥

এদিকে দৈববলে প্রত্যহই নিজের ও পরিবারবর্গের দেহযাত্রা সুশৃঙ্খলা পূর্ব্বক নির্ব্বাহ হইতে পারে, এইরূপ জীবিকা তাঁহার সংগৃহীত হইত; অধিক আর কিছুতেই হইত না। কিন্তু তিনি তাহাতেই পরিতুষ্ট থাকিয়া, তদ্দ্বারাই যথোচিত ভগবদারাধনাদি কার্য্য সম্পাদনে অতি শান্তির সহিত কালাতিপাত করিতেন ॥ ১১ ॥

তৎকালে জনকবংশ-সম্ভূত নিরভিমানী জগদ্বিখ্যাত রাজা বহুলাশ্ব মিথিলা দেশের আধিপত্য ছিলেন। উক্ত শ্রুতদেবের ন্যায়, তিনিও এক জন শ্রীকৃষ্ণের

মৈথিলো নিরহম্মান উভাবপ্যচ্যুতপ্রিয়ৌ ॥ ১২ ॥
তয়োঃ প্রসন্নো ভগবান্ দারুকেণাহৃতং রথং।
আরুহ্য সাকং মুনিভি র্বিদেহান্ প্রযযৌ প্রভুঃ ॥
নারদো বামদেবোঽত্রিঃ কৃষ্ণো রামোঽসিতোঽরুণিঃ।
অহং বৃহস্পতিঃ কণ্বো মৈত্রেয়শ্চ্যবনাদয়ঃ ॥
তত্র তত্র তমায়ান্তং পৌর-জানপদা নৃপ।

অন্বয়ঃ।

জনকস্য বংশ্যঃ, নিরহংমানঃ আসীৎ। উভৌ তৌ শ্রুতদেব-বহুলাশ্বৌ অপি অচ্যুতস্য প্রিয়ৌ ॥ ১২ ॥

তয়োঃ প্রসন্নঃ সন্ প্রভুঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ দারুকেণ সারথিনা, আহৃতং আনীতং, রথং আরুহ্য মুনিভিঃ সাকং বিদেহান্ প্রযযৌ ॥

তান্ মুনীন্ আহ নারদাদয় ইতি। কৃষ্ণঃ দ্বৈপায়নঃ, রামঃ ভার্গবঃ; অহং শুকঃ, ইতি ॥

পৌরাঃ পুরবাসিনঃ, জানপদাঃ দেশবাসিনঃ, সার্ঘ্যহস্তাঃ সার্ঘ্যাঃ হস্তাঃ যেষাং তথাবিধাঃ সন্তঃ তত্র তত্র মার্গে গ্রহৈঃ গুরু-শুক্রাদিভিঃ, সহ উদিতং সূর্য্যং ইব আয়ান্তং তং ভগবন্তং

শ্রীধরস্বামী।

মিথিলস্য জনকস্য বংশ্যো মৈথিলঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিথিলস্য জনকস্য বংশ্যো মৈথিলঃ মিথিলায়াং ঈশ্বর ইতি বা। নিরহংমানঃ রাজত্বাভিমানশূন্যঃ ॥ ১২ ॥

তয়োঃ প্রসন্ন ইতি তৌ স্বেষ্টদেবশ্রীবিগ্রহপরিচর্য্যানুরোধবশাদেবাগন্তুমসমর্থৌ বালক্ষ্যাতিদিদৃক্ষুভ্যাং তাভ্যাং স্বয়মেব দর্শনং দাতুং প্রযযৌ মুনিভিঃ সহৈবারুহেত্যন্যথা তেষাং

পরম ভক্ত বলিয়া পরিচিত ছিলেন ॥ ১২ ॥

শ্রীকৃষ্ণ এতদুভয়ের প্রতি একান্ত প্রসন্ন ছিলেন। তিনি উভয় বহুলাশ্ব এবং ভক্ত ব্রাহ্মণ শ্রুতদেবের তুষ্টির নিমিত্ত দারুক-নামা সারথি কর্ত্তৃক আনীত রথে আরোহণ পূর্ব্বক মুনিগণ সমভিব্যাহারে বিদেহ নগরে গমন করিলেন ॥

তদীয় রথে দেবর্ষি নারদ, বামদেব, অত্রি, কৃষ্ণদ্বৈপায়ন, ভৃগুনন্দন রাম, অসিত, অরুণি, আমি শুকদেব, বৃহস্পতি, কণ্ব, মৈত্রেয় এবং চ্যবনাদি ঋষিগণ একত্র গমন করিয়াছিলেন ॥

গুরু-শুক্রাদি গ্রহগণে পরিবেষ্টিত দিবাকরের ন্যায় শোভাসম্পন্ন ভগবান্ শ্রীকৃষ্ণ, এই প্রকারে মুনিগণে পরিবেষ্টিত হইয়া, মিথিলা নগরীর অভিমুখে শুভ যাত্রা করিলেন, পথিমধ্যে স্থানে স্থানে সমবেত তত্রত্য পুরবাসী ও জান-

উপতস্থুঃ সার্ঘ্যহস্তা গ্রহৈঃ সূর্য্যমিবোদিতং ॥ ১৩ ॥
আনর্ত্ত-ধন্ব-কুরু-জাঙ্গল-কঙ্ক-মৎস্যাঃ পঞ্চাল-কুন্তি-মধু-কেকয়-কোশলার্ণাঃ ॥
অন্যেচ তন্মুখসরোজ-মুদারহাস-স্নিগ্ধেক্ষণং নৃপ পপু র্দৃশিভি র্নার্য্যঃ ॥ ১৪ ॥
তেভ্যঃ স্ববীক্ষণ-বিনষ্ট-তমিস্র-দৃগ্‌ভ্যঃ ক্ষেমং ত্রিলোকগুরু রর্থদৃশঞ্চ যচ্ছন্।

অন্বয়ঃ।

উপতস্থুঃ পূজিতবন্তঃ ॥ ১৩ ॥

হে নৃপ! অনর্ত্তাদিদেশবর্ত্তিনঃ জনাঃ [illegible] অন্যে চ নার্য্যঃ নার্য্যঃ চ উদারহাসস্নিগ্ধেক্ষণং উদারহাসঃ স্নিগ্ধে ঈক্ষণে চ যস্মিন্ তৎ তস্য ভগ[illegible] মুখসরোজং দৃশিভিঃ নয়নৈঃ, পপুঃ ॥ ১৪ ॥

ত্রিলোকগুরুঃ (ত্রিলোকস্য ব্রহ্মাদীনাং অপি পূজ্যঃ) শ্রীকৃষ্ণঃ স্ববীক্ষণ-বিনষ্ট-তমিস্রদৃগ্‌ভ্যঃ (স্বদর্শনেন বিনষ্টং তমিস্রং অজ্ঞানং যাসাং তাদৃশাঃ বুদ্ধয়ঃ যেষাং তেভ্যঃ জনেভ্যঃ) অর্থদৃশং তত্ত্বজ্ঞানং, তৎফলং ক্ষেমং ভাবিনং মোক্ষং, চ যচ্ছন্ তথা দিগন্ত-ধবলং দশ-দিক্ষু ব্যাপ্তং

শ্রীধরস্বামী।

প্রভুরেব স্বয়ং বিদেহান্ দেশান্ প্রযযৌ। কৃষ্ণো ব্যাসঃ। রামো ভার্গবঃ। অহং শুকঃ। এবমাদিভিঃ সহ ॥ ১৩ ॥

আনর্ত্তাদ্যর্ণান্তাঃ তত্তদ্দেশবর্ত্তিন্যো নৃনার্য্যঃ। উদারহাসং স্নিগ্ধমীক্ষণং যস্মিন্ তং দৃশিভি র্নেত্রৈঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রমমালক্ষ্য বলাদেব মুনয়ঃ স্বরথমারোহিতা ইতি ভাবঃ। কৃষ্ণো ব্যাসঃ। রামো ভার্গবঃ। অহং শুকঃ ॥ ১৩ ॥

আনর্ত্তাদিদেশীয়াঃ মার্গসন্নিকৃষ্টা এবান্যে মার্গবিপ্রকৃষ্টা অপি জনা স্তত্র তত্রাগত্য দৃশিভি র্নেত্রৈঃ মুখসরোজং পপু স্তন্মাধুর্য্যমাস্বাদয়ামাসুঃ ॥ ১৪ ॥

নন্থ পরব্রহ্মবিগ্রহস্য তস্য মাধুর্য্যাস্বাদনং কথং তেষাং প্রতি স্বনেত্রৈ স্তত্রাহ তেভ্যঃ। পুমান্ স্ত্রিয়েত্যেকশেষাৎ নৃভ্যো নারীভ্যশ্চেত্যর্থঃ। স্ববীক্ষণং স্বকৃপাবলোকস্তেন বিনষ্টং

পদবাসী লোকসমূহ অর্ঘ্যহস্তে উপস্থিত হইয়া, তাঁহাদের সকলেরই অভিবাদন করিতে লাগিল ॥ ১৩ ॥

হে নরনাথ! তৎকালে আনর্ত্ত, ধন্ব, কুরু, জাঙ্গল, কঙ্ক, মৎস্য, পঞ্চাল, কুন্তি, মধু, কেকয়, কোশল ও অর্ণদেশীয় এবং অন্যান্য দেশীয় নরনারীগণ ভগবান্ শ্রীকৃষ্ণের মধুর হাস্য এবং স্নেহপূর্ণ ঈক্ষণবিশিষ্ট মুখকমলের পীযূষ-পূর্ণ মকরন্দ যেন নয়ন-পাত্রের দ্বারাই প্রচুর পরিমাণে পান করিতে লাগিল ॥ ১৪ ॥

ভূতভাবন ভগবানের কৃপাদৃষ্টি লাভে উপস্থিত জনমণ্ডলীর অজ্ঞান অন্ধকার দূরে গেল; তাঁহাদের জ্ঞানগর্ভ দৃষ্টির উদয় হইল; ত্রিলোকগুরু

শৃণ্বন্ দিগন্তধবলং স্বযশোঽশুভঘ্নং গীতং সুরৈর্নৃভিরগাচ্ছনকৈর্বিদেহান্ ॥ ১৫ ॥
তেঽচ্যুতং প্রাপ্তমাকর্ণ্য পৌরা জানপদা নৃপ।
অভীয়ুর্মুদিতা স্তস্মৈ গৃহীতার্হণপাণয়ঃ ॥ ১৬ ॥
দৃষ্ট্বা তমুত্তমশ্লোকং প্রীত্যুৎফুল্লাননাশয়াঃ।
কৈর্ধৃতাঞ্জলিভি র্নেমুঃ শ্রুতপূর্ব্বাংস্তথা মুনীন্ ॥

অন্বয়ঃ।

বিশুদ্ধং সুরৈঃ দেবৈঃ, নৃভিঃ চ গীতং, অশুভঘ্নং সর্ব্বপাপনিবর্ত্তকং, স্বযশঃ শৃণ্বন্ শনকৈঃ বিদেহান্ দেশান্ অগাৎ ॥ ১৫ ॥

হে নৃপ! তে বৈদেহাঃ পৌরাঃ জানপদাঃ চ অচ্যুতং প্রাপ্তং আকর্ণ্য শ্রুত্বা মুদিতাঃ গৃহীতার্হণপাণয়ঃ (গৃহীতং অর্হণং যৈঃ তে পাণয়ঃ যেষাং তে) তস্মৈ ভগবতে অভীয়ুঃ উজ্জগ্মুঃ ॥ ১৬ ॥

উত্তমশ্লোকং পুণ্যযশসং, তং শ্রীকৃষ্ণং, তথা শ্রুতপূর্ব্বান্ মুনীন্ চ দৃষ্ট্বা প্রীত্যা উৎফুল্লানি আননানি আশয়াঃ অন্তঃকরণানি চ যেষাং তে বিদেহবাসিনঃ জনাঃ, ধৃতাঞ্জলিভিঃ (ধৃতঃ বদ্ধঃ অঞ্জলিঃ যেষু তৈঃ) কৈঃ শিরোভিঃ, তান্ নেমুঃ ॥

শ্রীধরস্বামী।

স্ববীক্ষণেনৈব বিনষ্টা তমিস্রা দৃক্ যেষাং তেভ্যঃ ক্ষেমং অভয়ং অর্থদৃশং তত্ত্বজ্ঞানঞ্চ ॥ ১৫ ॥
অভীয়ুঃ প্রত্যুজ্জগ্মুঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমিস্রমজ্ঞানং যাসু তথাভূতা দৃশো নেত্রাণি যেষাং তেভ্যঃ। অর্থদৃশং পরমার্থবস্তুনুভবং ক্ষেমং স্বভক্তিযোগং চ স্বমাধুর্য্যবিশেষগ্রাহকং যচ্ছন্ ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যমিতি তদুক্তেঃ ॥ ১৫ ॥
অভীয়ুঃ প্রত্যুজ্জগ্মুঃ ॥ ১৬ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ তাহাদিগকে তত্ত্বজ্ঞান প্রদান করত এবং দেবতা ও মানবগণের মুখে স্বকীয় দিগন্তব্যাপী সর্ব্বাশুভ-বিনাশন জগন্মঙ্গল গীত শ্রবণ করিতে করিতে ধীরে ধীরে মিথিলার পুরমধ্যে প্রবেশ করিলেন ॥ ১৫ ॥

হে রাজেন্দ্র! ভগবান্ অচ্যুত রাজনগরীর মধ্যে প্রবেশ করিয়াছেন শ্রবণ করিয়া, মিথিলাস্থ পুরবাসী ও জানপদবাসিগণ সকলে পূজার দ্রব্যাদি হস্তে লইয়া, বিশেষ আনন্দ-সহকারে তৎসমীপে উপনীত হইল ॥ ১৬ ॥

এবং উত্তমশ্লোক ভগবানকে নয়নগোচর করিয়া, তাহাদের আর আনন্দের সীমা রহিল না; প্রীত-প্রসন্ন-চিত্তে এবং প্রফুল্লবদনে তৎসমীপে অগ্রসর হইয়া, মস্তক-সংলগ্ন-হস্তে কৃতাঞ্জলিপুট হইয়া সেই ঋষিগণ সহ ভগবান্ শ্রীকৃষ্ণকে তাহারা সকলে প্রণাম করিল ॥

স্বানুগ্রহায় সংপ্রাপ্তং মন্বানৌ তং জগদ্গুরুং।
মৈথিলঃ শ্রুতদেবশ্চ পাদয়োঃ পেততুঃ প্রভোঃ ॥
ন্যমন্ত্রয়েতাং দাশার্হমাতিথ্যেন সহ দ্বিজৈঃ।
মৈথিলঃ শ্রুতদেবশ্চ যুগপৎ সংহতাঞ্জলী ॥ ১৭ ॥
ভগবাংস্তদভিপ্রেত্য দ্বয়োঃ প্রিয়চিকীর্ষয়া।
উভয়োরাবিশদ্গেহমুভাভ্যাং তদলক্ষিতঃ ॥
শ্রোতুমপ্যসতাং দূরাজ্জনকঃ স্বগৃহাগতান্।

অন্বয়ঃ।

স্বানুগ্রহায় তং জগদ্গুরুং শ্রীকৃষ্ণং সমাগতং মন্বানৌ মৈথিলঃ শ্রুতদেবঃ চ প্রভোঃ কৃষ্ণস্য, পাদয়োঃ পেততুঃ ॥

সংহতাঞ্জলী (সংহতৌ সংযোজিতৌ অঞ্জলী যয়োঃ তৌ) মৈথিলশ্রুতদেবৌ দ্বিজৈঃ সহিতং দাশার্হং কৃষ্ণং আতিথ্যেন পূজার্থং যুগপৎ ন্যমন্ত্রয়েতাং ॥ ১৭ ॥

তৎ তয়োঃ নিমন্ত্রণং অভিপ্রেত্য অঙ্গীকৃত্য, দ্বয়োঃ প্রিয়ংকর্তুং ইচ্ছয়া, তাভ্যাং অলক্ষিতঃ এব ভগবান্ উভাভ্যাং রূপাভ্যাং, উভয়োঃ অপি গেহং আবিশৎ ॥

অসতাং দুরাচারাণাং, শ্রোতুং অপি দূরান্ শ্রবণেন্দ্রিয়স্য অপি অবিষয়ান্ (যেষাং শ্রবণমপি

শ্রীধরস্বামী।

প্রীত্যা উৎফুল্লানি আননানি আশয়ঃ অন্তঃকরণানিচ যেষাং তে। কৈঃ শিরোভিঃ ॥ ১৭ ॥

তৎ অভিপ্রেত্য অঙ্গীকৃত্য তৎ তদা উভাভ্যামপি তাভ্যাং মদ্গৃহাদন্যস্য গেহং যাতীতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৈঃ শিরোভিঃ। ধৃতা অঞ্জলয়ো যেষু তৈঃ ॥ ১৭ ॥ ন্যমন্ত্রয়েতামিত্যর্থং ॥

তদভিপ্রেত্য মদ্গৃহমেবায়াত্বিতি দ্বয়োরেব বাঞ্ছিতং জ্ঞাত্বা উভয়োরাবিশদিতি স্বস্য মুনীনাঞ্চ প্রকাশদ্বয়ীকরণাৎ। তত্তদা উভাভ্যাং অলক্ষিত ইতি মমৈব নিমন্ত্রণমঙ্গীকৃত্য

এদিকে মিথিলাপতি বহুলাশ্ব এবং ব্রাহ্মণ শ্রুতদেব উভয়েই ভগবান্ শ্রীকৃষ্ণের শুভাগমনকে নিজেদেরই শুভাদৃষ্টের ফল বিবেচনায়, দ্রুতবেগে ভগবৎসমীপে উপস্থিত হইয়া, তাঁহার চরণতলে নিপতিত হইলেন ॥

এবং বদ্ধাঞ্জলি হইয়া উভয়েই একত্র এবং এক সময়ে স্ব স্ব গৃহে আতিথ্য গ্রহণার্থ সমবেত দ্বিজগণ সহ শ্রীকৃষ্ণকে নিমন্ত্রণ করিলেন ॥ ১৭ ॥

উভয়ের নিমন্ত্রণ এক সময়ে গ্রহণ করিয়া, শ্রীকৃষ্ণ উভয়েরই তৃপ্তি সাধনের জন্য, পরস্পরের অজ্ঞাতসারে উভয়ের গৃহেই তুল্যরূপে প্রবেশ করিলেন ॥

অহো! যাঁহাদের গুণগ্রামের বিষয় শ্রবণেও মানবের অধিকার ঘটে না, সেই দুরারাধ্য ভগবান্ স্বয়ং গৃহে উপনীত হইয়াছেন অবলোকন করিয়া,

আনীতেষ্বাসনাগ্র্যেষু সুখাসীনান্মহামনাঃ ॥ ১৮ ॥
প্রবৃদ্ধভক্ত্যা ঊর্দ্ধর্হৃদয়াস্রাবিলেক্ষণঃ ॥ ১৯ ॥
নত্বা তদঙ্ঘ্রীন্ প্রক্ষাল্য তদপোলোকপাবনীঃ।
সকুটুম্বো বহন্মূর্দ্ধ্না পূজয়াঞ্চক্র ঈশ্বরান্ ॥
গন্ধমাল্যাম্বরাকল্পধূপদীপার্ঘ্যগোবৃষৈঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

তুল্লভং) তান্ স্বগৃহগতান্ তথা আনীতেষু নিবেদিতেষু, আসনাগ্র্যেষু আসনশ্রেষ্ঠেষু, সুখং যথা স্যাৎ তথা আসীনান্ তান্ প্রবৃদ্ধভক্ত্যা প্রবৃদ্ধয়া ভক্ত্যা, ঊর্দ্ধং ঊদ্গতহর্ষং হৃদয়ং যস্য তথা অস্রৈঃ আনন্দাশ্রুভিঃ, আবিলে ব্যাপ্তে ঈক্ষণে যস্য সঃ চাসৌ সঃ চ মহামনাঃ ঊদারচিত্তঃ জনকঃ ॥ ১৮ ॥ ১৯ ॥

তান্ নত্বা তেষাং অঙ্ঘ্রীন্ প্রক্ষাল্য তাঃ লোকপাবনীঃ অপঃ জলানি, সকুটুম্বঃ মূর্দ্ধ্না বহন্ ধারয়ন্ ঈশ্বরান্ কৃষ্ণং তত্রস্থান্ মুনীন্ চ, গন্ধমাল্যাম্বরাকল্প-ধূপদীপার্ঘ্য-গোবৃষৈঃ পূজয়াঞ্চক্রে। আকল্পঃ অলঙ্কারঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

অলক্ষিতঃ অবিদিতঃ। যদ্বা। ঊভাভ্যাং রূপাভ্যাং তদলক্ষিতস্তাভ্যামলক্ষিত ইতি ॥ ১৮ ॥
ঊর্দ্ধং ঊদ্গতহর্ষং হৃদয়ং যস্য অস্রৈরাবিলে ক্লিন্নে ঈক্ষণে যস্য সচ সচ ॥ ১৯ ॥
ঈশ্বরান্ ঈশ্বরং তন্মূল্যাংশ্চেত্যর্থঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদ্গৃহমেব কৃপালুঃ প্রভুরায়াতি শ্রুতদেবস্তু প্রভুরহিত এবায়মেকাকী স্বগৃহং যাতীতি রাজা যথা বিচারয়তি স্ম তথা শ্রুতদেবোঽপ্যতদ্বয়োরপি দ্বৌ দ্বৌ প্রকাশাবভূতাং। একঃ কৃষ্ণসংযুক্তো হৃষ্টঃ, অন্যঃ কৃষ্ণবিযুক্তো বিষণ্ণ ইতি। কৃষ্ণসংযুক্ত রাজপ্রতিবেশিজনৈঃ শ্রুতদেবঃ কৃষ্ণবিযুক্তো বিষণ্ণো দৃশ্যতে স্ম। তথৈব কৃষ্ণসংযুক্ত শ্রুতদেব প্রতিবেশীজনৈঃ রাজাপি কৃষ্ণবিযুক্তো বিষণ্ণ ইতি ॥ ১৮ ॥ অস্রাবিলেক্ষণঃ অস্রক্লিন্ননয়নঃ ॥ ১৯ ॥
ঈশ্বরঃ কৃষ্ণশ্চ ঈশ্বরতুল্যা মুনয়শ্চ তান্ ঈশ্বরান্ ॥ ২০ ॥

জনকবংশাবতংস রাজা বহুলাশ্ব আপনাকে কৃতার্থ-জ্ঞান করিলেন এবং উৎকৃষ্ট আসন সমূহে তাঁহাদিগকে উপবেশন করাইয়া, তাঁহাদিগের শ্রান্তি দূর করাইলেন। আনন্দে তাঁহার হৃদয় পুলকিত হইল; প্রেমাশ্রুতে লোচনদ্বয় পরিপূর্ণ হইল; তিনি তখন প্রগাঢ় ভক্তি সহকারে ॥ ১৮ ॥ ১৯ ॥

তাঁহাদিগকে প্রণাম করত, শীতল জল সিঞ্চনে তাঁহাদের চরণ প্রক্ষালণ করিলেন এবং সপরিবারে সেই চরণ-বারি মস্তকে ধারণ করত, ঈশ্বর-তুল্য মুনিশ্রেষ্ঠ সেই অতিথীগণকে গন্ধ, মাল্য, বস্ত্র, আভরণ, ধূপ, দীপ, অর্ঘ্য,

বাচা মধুরয়া প্রীণন্নিদমাহাম্নতর্পিতান্।
পাদাবঙ্কগতৌ বিষ্ণোঃ সংস্পৃশন্ শনকৈ র্মুদা ॥ ২১ ॥
রাজোবাচ ॥
ভবান্ হি সর্ব্বজীবানামাত্মা সাক্ষী স্বদৃগ্বিভো।
অথ নস্ত্বৎপদাম্ভোজং স্মরতাং দর্শনং গতঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

ততঃ অন্নেন তর্পিতান্ তান্ মুনীন্ মধুরয়া বাচা প্রীণন্ প্রীণয়ন্, বিষ্ণোঃ অঙ্কগতৌ পাদৌ মুদা হর্ষেণ, শনকৈঃ সংস্পৃশন্ সংমর্দয়ন্, ইদং আহ ॥ ২১ ॥

রাজা বহুলাশ্বঃ উবাচ। হে প্রভো! ভবান্ হি স্বদৃক্ স্বপ্রকাশঃ, সর্ব্বজীবানাং আত্মা চেতয়িতা, সাক্ষী প্রকাশকঃ, অদৃশ্যঃ অপি ত্বৎপদাম্ভোজং স্মরতাং নঃ অস্মাকং, দর্শনং গতঃ ॥২২॥

শ্রীধরস্বামী।

প্রীণন্ প্রীণয়ন্ সংস্পৃশন্ সংমর্দ্দয়ন্ ॥ ২১ ॥

আত্মা চেতয়িতা। সাক্ষী প্রকাশকঃ। স্বদৃক্ স্বপ্রকাশঃ। অথ অতঃ কারণাৎ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মা চেতয়িতা। অতো জড়ং মাং চেতনীকৃত্য কৃপয়া স্বভক্তৌ প্রবর্ত্তয়সীতি ভাবঃ। সাক্ষী ভদ্রাভদ্রকর্ম্মদ্রষ্টা। অতো মদনুষ্ঠিতাং স্বভক্তিং স্বয়মেব নিত্যং পশ্যসীতি ভাবঃ। স্বদৃগিতি। ত্বয়ি ন কাপি বিজ্ঞাপনাপেক্ষেতি ভাবঃ। অথ অতএব স্মরতামিতি যদি প্রভুরেব স্বয়মাগত্য দর্শনং দদাতি তদৈব দর্শনপ্রাপ্তিরস্মাকমন্যথা তু স্বগৃহে তদীয়শ্রীবিগ্রহ-প্রাত্যহিক-পরিচর্য্যাং ক্ষণমাত্রমপি ত্যক্ত্বা কাপি গন্তুমশক্নুবতামস্মাকং ন তদ্ভাগ্যসম্ভব ইতি সততং চিন্তয়তামিত্যর্থঃ ॥ ২১ ॥ ২২ ॥

গাভী এবং বৃষাদি উপহার প্রদানে আদরাতিশয়ে পূজা করিলেন ॥ ২০ ॥

রাজার সদাচরণে সকলে পরিতৃপ্ত হইলে, মহারাজ বহুলাশ্ব ভগবান্ শ্রীকৃষ্ণের পাদদ্বয় স্বীয় অঙ্কোপরি উত্তোলন পূর্ব্বক অতি আনন্দ-সহকারে এবং মৃদু মন্দ হস্ত-সঞ্চালনে সম্মর্দ্দন করত মধুর বচনে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২১ ॥

রাজা বহুলাশ্ব বলিলেন, হে বিভো! আপনি স্বপ্রকাশ জ্ঞানস্বরূপ; জীব মাত্রেরই অন্তরে অন্তরাত্মা সাক্ষিরূপে এক আপনিই বিরাজ করিতেছেন। অহো! যাঁহার পাদপদ্ম এযাবৎ কেবল স্মরণ করিয়াই আসিতেছি, অদ্য সৌভাগ্যবলে সেই পরম গুরুকে সাক্ষাৎ সম্বন্ধে নয়নগোচর করিলাম ॥ ২২ ॥

হে ভগবন্! আপনি বলিয়াছেন যে, "আমার একান্ত ভক্ত ব্যক্তির অপেক্ষা সাক্ষাৎ বন্ধুস্বরূপ অনন্তদেব ভার্য্যা লক্ষ্মী এবং পুত্র ব্রহ্মাও প্রিয়

স্ববচস্তদৃতং কর্ত্তুমস্মদ্দৃগ্‌গোচরো ভবান্।
যদাত্থৈকান্তভক্তায়ে নানন্তঃ শ্রীরজঃ প্রিয়ঃ॥
কো নু ত্বচ্চরণাম্ভোজমেবাস্বিৎসৃজেৎ পুমান্।
নিকিঞ্চনানাং শান্তানাং মুনীনাং যত্ত্বমাত্মদঃ॥ ২৩॥

অন্বয়ঃ।

একান্তভক্তায়ে অনন্যপ্রয়োজনভক্তিযুক্তায় নরায়, অনন্তঃ সঙ্কর্ষণঃ বন্ধুঃ অপি শ্রীঃ লক্ষ্মী ভার্য্যা অপি অজঃ ব্রহ্মা পুত্রঃ অপি মম ন প্রিয়ঃ ইতি যৎ আত্থ কথিতবান্, তৎ স্ববচঃ ঋতং সত্যং, কর্ত্তুং ভবান্ অস্মাকং দৃগ্‌গোচরঃ নেত্রবিষয়ঃ, জাতঃ॥

অতঃ নিকিঞ্চনানাং সর্ব্বতো বিরক্তানাং, শান্তানাং রাগাদিরহিতানাং মুনীনাং মননশীলানাং, যঃ ত্বং আত্মদঃ এবম্বিৎ কঃ পুমান্ তব চরণাম্ভোজং বিসৃজেৎ পরিত্যজেৎ॥ ২৩॥

শ্রীধরস্বামী।

অনন্তো বন্ধুরপি শ্রীর্ভার্য্যাপি অজঃ পুত্রোঽপি॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনন্তো ভ্রাতাপি শ্রীর্ভার্য্যাপি অজঃ পুত্রোঽপি। দ্বারকাতোঽতিদূরেঽত্রান্যপ্রয়োজনাসম্ভাবেঽপি যদাগত্য স্বদর্শনমদাঃ অতো মম স্বস্য ত্বদেকান্তভক্তত্বে যঃ সংশয় আসীৎ স সংচ্ছিন্ন ইতি ভাবঃ। যদ্বা। যস্মাদেব তস্মাদস্মানপি দৃগ্‌গোচরীভূয় একান্তভক্তান্ কর্ত্তুমিচ্ছসীতি ভাবঃ। এবম্বিৎ এতৎপ্রকারকজ্ঞানবান্॥ ২৩॥

নহে, এই উক্তিটীকে সত্য করিবার জন্য মাত্রই আপনি আমার নয়নগোচর হইতেছেন॥

যাঁহারা সংসারে সকল প্রকার বিষয় সম্ভোগ পরিত্যাগ পূর্ব্বক বিষয়াসক্তি বিসর্জ্জনে নিরন্তর আত্মচিন্তায় নিমগ্ন থাকেন, তাদৃশ রাগ-দ্বেষাদিশূন্য মননশীল মুনিগণের পক্ষে আপনিই যে আত্মপ্রদ, তাহা যাঁহারা অবগত আছেন, তাদৃশ কোন্ ব্যক্তি ভবদীয় চরণপদ্ম পরিহারে বাসনা করে!॥ ২৩॥

আভাস।

অযোগ্য ব্যক্তির গৃহে সাক্ষাৎ ভগবানের শুভাগমন কেবল নিরুপাধিক কৃপার পরিচয় মাত্র বিবেচনা করিয়া, রাজা বহুলাশ্ব একান্ত অবনত হইলেন এবং ভগবানকে স্তব করত বলিলেন, হে ভগবন্! আপনার বিশেষ কৃপাবলেই আমার এতাদৃশসৌভাগ্যের প্রকাশ হইয়াছে দিবাকর যেমন স্বীয় অংশুমালার বিস্তারে স্থাবর-জঙ্গমাত্মক যাবতীয় পদার্থকে ঔজ্জ্বল্য প্রদানে প্রকাশ করিতেছেন, হে ভগবন্! আপনিও সেইরূপ কৃপা বিতরণে আমার ন্যায় জড় পদার্থকেও চৈতন্যবিশিষ্ট করিয়া, ভবদীয় ভক্তিমার্গে প্রবর্ত্তিত করিতেছেন। আপনি আমার হৃদয়স্থ শুভাশুভ সকল কর্ম্মেরই সাক্ষী; সুতরাং আমার ভক্তির বলও আপনি বিশেষরূপে পরিজ্ঞাত আছেন। হে ভাবগ্রাহি জনার্দ্দন! আপনাকে কিছু জানাইতে হইবে না। কারণ এযাবৎ

যোঽবতীর্য্য যদোর্বংশে নৃণাং সংসরতামিহ।
যশো বিতেনে তচ্ছান্ত্যৈ ত্রৈলোক্যবৃজিনাপহং॥
নমস্তুভ্যং ভগবতে কৃষ্ণায়াকুণ্ঠমেধসে।
নারায়ণায় ঋষয়ে শান্তায় তপ ঈয়ুষে॥ ২৪॥

অন্বয়ঃ।

ইহ সংসারে, সংসরতাং দেবতির্য্যঙ্-মনুষ্যাদিযোনিষু তাপত্রয়ং অনুভবতাং, নৃণাং প্রাণিনাং, তচ্ছান্ত্যৈ তস্য সাংসারিকস্য তাপত্রয়স্য উপশমনায়, যঃ ত্বং যদোঃ বংশে অবতীর্য্য ত্রৈলোক্য বৃজিনাপহং যশঃ বিতেনে তস্য তব চরণাম্ভোজং কঃ পুমান্ বিস্মর্জেৎ॥

অকুণ্ঠমেধসে অপরিচ্ছিন্নজ্ঞানায়, নারায়ণায় তপঃঈয়ুষে (সর্ব্বলোকহিতার্থং বদরিকাশ্রমে নিজরূপেণৈকেন তপোলীলাং অপি কর্ত্রে) বা নারায়ণায় সর্ব্বজীবাদ্যাশ্রয়ায়, ঋষয়ে বেদদ্রষ্ট্রে, শান্তায় নির্ব্বিকারায়, তপঃ ক্ষাত্রগৃহিধর্ম্মং ঈয়ুষে আচরতে, তুভ্যং ভগবতে কৃষ্ণায় নমঃ॥ ২৪॥

শ্রীধরস্বামী।

তচ্ছান্ত্যৈ সংসারোপশমায়॥ ২৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তচ্ছান্ত্যৈ সংসারোপশমায়॥ ২৪॥

এই অনন্ত সংসারে দেব, তির্য্যক্ ও মনুষ্যাদি বিচিত্র যোনিতে পরিভ্রমণ কালে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিকাদি যে সকল তীব্র যাতনা জীবকে নিরন্তর ভোগ করিতে হয়, হে ভগবন্! সেই সাংসারিক জীবের সংসার-দুঃখ নিবারণার্থই এই পবিত্র যদুবংশে অবতীর্ণ হইয়া, ত্রিলোকের দুঃখ নিবারণকারি যশঃ জগতে বিস্তার করিতেছ; হে প্রভো! আপনার চরণ-কমল কে বিস্মৃত হইতে পারে?॥

আপনার জ্ঞানৈশ্বর্য্যের সীমা নাই! জীবগণের মঙ্গল-কামনায় বদরীকাশ্রমে নরনারায়ণ মূর্ত্তিতে প্রচুর তপস্যা করত, জীবের উদ্ধারের পথ নির্দ্দেশ করিয়াছেন; আপনি জীব মাত্রেরই আশ্রয় স্থল, বেদের দ্রষ্টা এবং নির্ব্বিকার-স্বরূপ! আপনাকে প্রণাম করি!॥ ২৪॥

আভাস।

ভবদীয় চরণকমল কেবল চিন্তা করিয়াই আসিতেছি, বটে; কিন্তু তাহাতেই যখন স্বয়ং উপনীত হইয়া, দুর্ল্লভ শ্রীবিগ্রহ আমাকে প্রদর্শন করাইয়াছেন, তখন আমার সকল সাধই পূর্ণ করিয়াছেন, সন্দেহ নাই। হে প্রভো! ভক্ত যে আপনার বিশেষ আদরের বস্তু এবং সৃষ্টি-পর্য্যায়ে তদপেক্ষা অন্য কেহ প্রিয় নহে, তাহা কেবল আমাকে দর্শন দিয়াই বিশেষরূপে বুঝাইয়াছেন। এবং এত দূর দেশস্থ থাকিয়াও, যখন আপনাকে নয়নগোচর করিলাম, তখন ভবদীয় ভক্ত মধ্যেও আমি পরিগণিত; সন্দেহ নাই॥ ২১—২৩॥

দিনানি কতিচিদ্ভূমন্ গৃহান্নো নিবস দ্বিজৈঃ।
সমেতঃ পাদরজসা পুনীহীদং নিমেঃ কুলং ॥
ইত্যুপামন্ত্রিতো রাজ্ঞা ভগবান্ লোকভাবনঃ।
উবাস কুর্ব্বন্ কল্যাণং মিথিলানরযোষিতাং ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

হে ভূমন্! দ্বিজৈঃ মুনিভিঃ সমেতঃ ত্বং নঃ অস্মাকং গৃহান্ গৃহেষু কতিচিৎ দিনানি নিবসন্ পাদরজসা ইদং নিমেঃ কুলং পুনীহি পবিত্রীকুরু ॥

রাজ্ঞা জনকেন, ইতি এবং উপামন্ত্রিতঃ সংপ্রার্থিতঃ, লোকভাবনঃ লোকপালকঃ, ভগবান্ শ্রীকৃষ্ণঃ মিথিলা-নর-যোষিতাং কল্যাণং কুর্ব্বন্ তত্র উবাস ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

গৃহান্ গৃহেষিত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বগৃহে কতিচিদ্দিনানি বাসয়িতুং স্তৌতি। অকুণ্ঠা মেধা যস্য ইতি তথাত্র নিবাসেনাস্মাকমপি বুদ্ধিরকুণ্ঠা বিষয়শরৈর্ভেত্তুমশক্যা ভবত্বিতি ভাবঃ। ঋষয়ে নারায়ণায়েতি। যথা বদরিকাশ্রমে ভারতভূমিভাগ্যেন বর্ত্তসে তথৈবাত্র মিথিলাভূভাগ্যং প্রকটয়ন্ কিয়ন্তি দিনানি বর্ত্তস্বেতি ভাবঃ। সুশান্ততপ ঈয়ুষে ইতি দ্বারকাসমুচিতভোগ্যবস্তুবর্জ্জিতেঽত্র মদ্গৃহে বসত তব তপশ্চরণমেব ভবিষ্যতীতি ভাবঃ। সমেতঃ সহিতঃ ॥ ২৫ ॥

হে সর্ব্বস্বামিন্! এই সকল দ্বিজগণকে সঙ্গে লইয়া, যখন এখানে উপনীত হইয়াছেন, তখন অনুগ্রহ প্রকাশে কয়েক দিবস এই মদীয় গৃহেই অবস্থান করুন্! আপনার পাদরজঃ স্পর্শে এই নিমিরাজের কুল পবিত্র হউক্!॥

মিথিলাপতি রাজা বহুলাশ্ব কর্ত্তৃক এই প্রকারে সংপ্রার্থিত হইয়া, লোকপালক ভগবান্ শ্রীকৃষ্ণ মিথিলাবাসী নরনারীগণের কল্যাণ-কামনায় কয়েক দিবস তথায় অবস্থান করিলেন ॥ ২৫ ॥

এদিকে জনকরাজের ন্যায় শ্রুতদেব ব্রাহ্মণও স্বীয় গৃহে শ্রীকৃষ্ণকে প্রাপ্ত

আভাস।

হে দেব! চরণধূলি দানে যখন গৃহ ও দেহ পবিত্র করিয়াছেন, কিছুদিন একত্র অবস্থান করিয়া বিষয়শরে জর্জ্জরিত মদীয় পাষণ্ড চিত্তকেও পবিত্র করুন্! ইহা বিষয় চিন্তা পরিহার পূর্ব্বক আপনার প্রেমময় মূর্ত্তিতে নিমগ্ন হইয়া যাউক্। হে পতিতপাবন! পতিত জনের উদ্ধারার্থ যখন বদরিকাশ্রমে নরনারায়ণ মূর্ত্তিতে কঠোর তপস্যা করিয়া জগৎকে শিক্ষা দানে উপকৃত করিয়াছেন, তখন আমিই বা এক্ষণে সে কৃপায় কেন বঞ্চিত হই! একবার আমার অনুরোধে এই পাষণ্ডের গৃহে কয়এক দিবস অবস্থান করত, কঠোর তপস্যার ক্লেশ অনুভব করিতে হইবে। ২৫ ॥

শ্রুতদেবোঽচ্যুতং প্রাপ্তং স্বগৃহান্ জনকো যথা।
নত্বা মুনীংশ্চ সংহৃষ্টো ধুন্বন্ বাসো ননর্ত্ত হ ॥ ২৬ ॥
তৃণ-পীঠ-বৃষিষ্বেতানানীতেষূপবেশ্য সঃ।
স্বাগতেনাভিবন্দ্যাঙ্ঘ্রীন্ স্বভার্য্যোঽবনিজে মুদা ॥
তদম্ভসা মহাভাগ আত্মানং সগৃহান্বয়ং।
স্নাপয়াঞ্চক্র উদ্ধর্ষো লব্ধসর্ব্বমনোরথঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

জনকঃ যথা শ্রুতদেবঃ অপি তথা স্বগৃহান্ প্রতি প্রাপ্তং অচ্যুতং মুনীন্ চ নত্বা সংহৃষ্টঃ সন্ বাসঃ স্বমস্তকোপরি ধুন্বন্ পরিভ্রাময়ন্ ননর্ত্ত ॥ ২৬ ॥

আনীতেষু তৃণময়েষু পীঠেষু বৃষীষু ঋষীণাং আসনেষু এতান্ মুনীন্ উপবেশ্য স্বাগতপ্রশ্নেন অভিনন্দ্য সভার্য্যঃ সঃ শ্রুতদেবঃ মুদা হর্ষেণ তেষাং অঙ্ঘ্রীন্ অবনিজে অবনিনিজে প্রক্ষালিতবান্ ॥

সগৃহান্বয়ং (গৃহেণ অন্বয়েন কুটুম্বেন সহিতং) আত্মানং তদম্ভসা পাদপ্রক্ষালনজলেন লব্ধ-সর্ব্ব-মনোরথঃ উদ্ধর্ষঃ সঃ মহাভাগঃ স্নাপয়াঞ্চক্রে ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

ধুন্বন্ পরিভ্রাময়ন্ ॥ ২৬ ॥ অবনিজে অবনিনিজে প্রক্ষালিতবান্ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধুন্বন্নানন্দেন বাসঃ করাভ্যাং ধৃত্বা স্বমূর্দ্ধোপরি ভ্রাময়ন্ ॥ ২৬ ॥

বৃষিদর্ভাসনং কেষুচিৎ স্বগৃহাভ্যন্তরাৎ কেষুচিৎ প্রতিবেশিগৃহাদানীতেষু। অবনিজে অবনিনিজে প্রক্ষালয়ামাস ॥ ২৭ ॥

হইয়া, হৃষ্টান্তঃকরণে মুনিগণকে প্রণাম করিলেন এবং আনন্দবেগে স্বীয় মস্তকোপরি বস্ত্র পরিভ্রামণ করত নৃত্য করিতে লাগিলেন ॥ ২৬ ॥

তিনি তৃণাদি নির্ম্মিত বিচিত্র আসন সমূহ সকলকে প্রদান করিলে, শ্রীকৃষ্ণ-প্রমুখ ঋষিগণ সকলে যথাস্থানে উপবেশন করিলেন; শ্রুতদেব তখন স্বাগত সম্ভাষণ দ্বারা তাঁহাদের অভিবাদন করিলেন এবং স্বীয় বনিতা সহ বিশেষ আনন্দ-সহকারে তাঁহাদের প্রত্যেকের পাদ প্রক্ষালন করাইলেন ॥

এবং সর্ব্ববিধ মনোরথ সিদ্ধ হইলে যেরূপ তৃপ্তি লাভ হয়, সেই মহাভাগ শ্রুতদেব তাদৃশ পরিতৃপ্ত হইয়া, তাঁহাদিগের চরণবারির দ্বারা আপনাকে ও সমস্ত পরিবারবর্গকে স্নান করাইলেন ॥ ২৭ ॥

আভাস।

রাজার গৃহে শ্রীকৃষ্ণ যেমন মুনিগণ সহ আতিথ্য স্বীকার করিয়াছিলেন, শ্রুতদেবের গৃহেও তিনি অনুরূপ প্রবিষ্ট হইয়াছিলেন। কিন্তু আশ্চর্য্যের বিষয়! উভয়েই স্বীয় গৃহের বৃত্তান্ত ব্যতীত

ফলাহ'ণৌশীরশিবামৃতাম্ভসা মুদা সুরভ্যা তুলসীকুশাম্বুজৈঃ।
আরাধয়ামাস যথোপপন্নয়া সপর্য্যয়া সত্ত্ববিবর্দ্ধনান্ধসা ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

ফলানি অর্হণানি গন্ধ-পুষ্প-ধূপ-দীপাদীনি চ উশীরাণি সুগন্ধিতৃণবিশেষমূলানি, তৈঃ সুবাসিতানি শিবানি শীতলানি, নির্ম্মলানি অমৃতবৎ স্বাদূনি, অম্বূনি চ তৈঃ সুরভ্যা মৃদা কস্তূরীপ্রমুখয়া চ তুলস্যা কুশৈঃ অম্বুজৈঃ চ সত্ত্ববিবর্দ্ধনান্ধসা সত্ত্বগুণবর্দ্ধকেন অন্নেন, চ যথোপপন্নয়া অনায়াস-সম্পন্নয়া সপর্য্যয়া শ্রুতদেবঃ পূজয়ামাস আরাধয়ামাস ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

ফলৈরামলকাদিভিঃ অর্হণেন উশীরৈস্তৃণবিশেষমূলৈঃ সুবাসিতৈঃ শিবৈরমৃতবৎ স্বাদুভিরম্বুভিঃ সুরভ্যা মৃদা কস্তূরীপ্রমুখয়া সপর্য্যয়া পূজয়া যথোপপন্নয়া অনায়াসসম্পন্নয়া ভূতানূপভ্রবলব্ধত্বাৎ সত্ত্ববিবর্দ্ধনং যৎ অন্ধঃ অন্নং তেন চ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলান্যামলকাদীনি। অর্হণান্যর্ঘাদীনি উশীরেণ বীরণমূলেন শিবং সুগন্ধশীতলঞ্চ যদমৃততুল্যমম্বুস্তেন যথোপপন্নয়া অনায়াসলব্ধয়া সত্ত্ববিবর্দ্ধনং যদন্ধঃ পবিত্রমন্নং তেন ॥ ২৮ ॥

পূজোপযোগী ফল, মূল, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ এবং উশীরাদি সুগন্ধি তৃণ বিশেষের মূল দ্বারা সুবাসিত শীতল নির্ম্মল এবং অমৃততুল্য স্বাদু পানীয় জল, কস্তূরী, তুলসী, কুশ, কমল এবং সত্ত্বগুণ-বর্দ্ধক অন্ন ও যথাসংগৃহীত পূজা দ্রব্যাদি দ্বারা তিনি উপনীত ঋষিগণ এবং শ্রীকৃষ্ণের যথাশক্তি আরাধনা করিলেন ॥ ২৮ ॥

এবং মনে মনে তর্ক করিতে লাগিলেন যে, যাঁহাদের হৃদয়-মন্দিরে পরমাত্মা হৃষীকেশ নিরন্তর অবস্থান করিতেছেন, সেই ভূদেব ব্রাহ্মণগণ এবং যাঁহার পাদ পদ্ম হইতে সর্ব্বতীর্থময়ী গঙ্গা উৎপন্না হইয়াছেন, সেই সাক্ষাৎ

আভাস।

অন্তের গৃহবার্ত্তা অবগত হইতে পারেন নাই। সুতরাং রাজা বহুলাশ্ব যেমন শ্রীকৃষ্ণ এবং মুনিগণের সহিত কথোপকথন এবং তাঁহাদের অভ্যর্থনাদি করিয়াছিলেন, শ্রুতদেবও সেইরূপই করিয়াছিলেন। তবে এক স্থানে রাজোচিত ভোগ এবং অপর গৃহে গরীব ভিখারীর উপযুক্ত ভোগ। কিন্তু ভগবান্ বা ঋষিগণ কাহারও ভোগের প্রতি লক্ষ্য করেন নাই; ভোগের আশ্রয়ে উভয়ের হৃদয়স্থ ভক্তিরই পরিচয় তাঁহারা গ্রহণ করিয়াছিলেন। রাজা সুস্বাদু অন্ন ব্যঞ্জন এবং মহার্হ আসনাদি প্রদানে যেমন হৃদয় বিতরণ করিয়াছিলেন, ভিক্ষুক শ্রুতদেব কটুকষায় আমলকি হরীতকী প্রভৃতি ভিক্ষালব্ধ তুচ্ছ সামগ্রী প্রদানেও ভগবচ্চরণে তদপেক্ষা কিছু অল্প ভক্তির পরিচয় দেন নাই। ভগবানের নিকট ধনী ও ভিক্ষুক উভয়ই এক; যদি অন্তরের স্রোত একরূপ থাকে ॥ ২৬—২৮ ॥

স তর্কয়ামাস কুতো মমাস্বভূদ্গৃহান্ধকূপে পতিতস্য সঙ্গমঃ।
যঃ সর্ব্বতীর্থাস্পদপাদরেণুভিঃ কৃষ্ণেন চাস্যাত্মনিকেতভূসুরৈঃ ॥ ২৯ ॥

সুপবিষ্টান্ কৃতাতিথ্যান্ শ্রুতদেব উপস্থিতঃ।
সভার্য্যস্বজনাপত্য উবাচাঙ্ঘ্র্যভিমর্শনঃ ॥ ৩০ ॥

শ্রুতদেব উবাচ ॥

নাদ্য নো দর্শনং প্রাপ্তঃ পরং পরমপূরুষ।

অন্বয়ঃ।

গৃহান্ধকূপে (গৃহমেব অন্ধকূপঃ তস্মিন্) পতিতস্য মম কৃষ্ণেন সর্ব্বতীর্থাস্পদ-পাদরেণুভিঃ তথা অস্য কৃষ্ণস্য আত্মনিকেতভূসুরৈঃ (আত্মনঃ মূর্ত্তেঃ নিকেতৈঃ নিবাসস্থানভূতৈঃভূসুরৈঃ ব্রাহ্মণৈঃ সহ যঃ সঙ্গমঃ সঃ কথং কুতঃ অস্বভূৎ ইতি তর্কয়ামাস ॥ ২৯ ॥

সভার্য্যস্বজনাপত্যঃ (ভার্য্যাঃ ভর্ত্তব্যাঃ স্বজনাঃ অপত্যানি চ তৈঃ সহিতঃ) শ্রুতদেবঃ, কৃতাতিথ্যান্ (কৃতং আতিথ্যং পূজাদি যেষাং তান্) সুপবিষ্টান্ মুন্যাদীন্ প্রতি উপস্থিতঃ সমীপে উপবিষ্টঃ শ্রুতদেবঃ কৃষ্ণস্য অঙ্ঘ্রীং অভিমৃশতি সংমর্দ্দয়তীতি অঙ্ঘ্র্যভিমর্শনঃ সন্ উবাচ ॥ ৩০ ॥

শ্রুতদেবঃ উবাচ। পরমপুরুষঃ পুরুষোত্তমঃ ভবান্ নঃ অস্মান্ অদ্য এব প্রাপ্তঃ ইতি ন

শ্রীধরস্বামী।

অস্য শ্রীকৃষ্ণস্য আত্মা মূর্ত্তিস্তস্য নিকেতৈ ভূসুরৈশ্চ সর্ব্বতীর্থাস্পদপাদরেণুভিঃ শ্রীকৃষ্ণাদিভি র্যঃ সঙ্গমঃ স মম কুতোঽস্বভূদিতি। অস্বিতি বিস্ময়ে। যদ্বা। আ ইতি বিতর্কে সু ইতি বিস্ময়ে ॥ ২৯ ॥

উপস্থিতঃ সমীপ উপবিষ্টঃ। ভার্য্যা ভর্ত্তব্যাঃ। স্বজনা অপত্যানি চ তৈঃ সহিতঃ। শ্রীকৃষ্ণস্যাঙ্ঘ্রমভিমৃশতি সম্মর্দ্দয়তীতি অঙ্ঘ্র্যভিমর্শনঃ ॥ ৩০ ॥

যদেতদ্ প্রবিষ্টস্তদেব দর্শনং প্রাপ্ত ইতি স এব সম্মাত্রো ঘনীভূতস্ত্বমিত্যর্থঃ। যদ্বা।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স শ্রুতদেবঃ কৃষ্ণেন সহ সঙ্গমো মম কুতো হেতোরভূদিতি তর্কয়ামাস। আ ইতি স্মরণে সু ইতি বিস্ময়ে। যশ্চ সঙ্গমঃ অস্য শ্রীকৃষ্ণস্য আত্মা মূর্ত্তিস্তস্যা নিকেতৈ ভূসুরৈঃ সহিতঃ ॥ ২৯ ॥

সভার্য্যঃ ভার্য্যয়া সহিতঃ স্বজনাঃ স্বসুতা এব অমাত্যা যস্য সচ সচ সঃ। অঙ্ঘ্রিং অভিমৃশতি সংমর্দ্দয়তীতি সঃ ॥ ৩০ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ সহ আমার ন্যায় ঘোর অন্ধকূপ-সদৃশ সংসার-গৃহে নিমগ্ন ব্যক্তির সমাগম কিপ্রকারে সংঘটিত হইল ?॥ ২৯ ॥

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ আতিথ্য গ্রহণে আসনে সুখাসীন হইলে, দ্বিজশ্রেষ্ঠ শ্রুতদেব স্ত্রী পুত্র ও পরিবারবর্গ সহ তৎসমীপে উপনীত হইলেন এবং তদীয় পাদ-সম্বাহন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন— ॥ ৩০ ॥

যর্হীদং শক্তিভিঃ সৃষ্ট্বা প্রবিষ্টো নাত্মসত্তয়া ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

কিন্তু যর্হি স্বশক্তিভিঃ ইদং বিশ্বং সৃষ্ট্বা আত্মসত্তয়া অনুপ্রবিষ্টঃ তদৈব প্রাপ্তঃ দর্শনং তু পরং কেবলং, অদ্যৈব প্রাপ্তঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

নোহস্মান্ অদ্যৈব প্রাপ্ত ইতি ন কিন্তু তদৈব প্রাপ্তঃ যর্হীদং বিশ্বং স্বশক্তিভিঃ সৃষ্ট্বা স্বসত্তয়াঽনুপ্রবিষ্টস্ত্বং দর্শনন্তু পরং কেবলং অদ্যৈব প্রাপ্ত ইতি ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভো ভো ভূসুরবর্য্য শ্রুতদেব যুষ্মদ্দর্শনমহং কেনাতিভাগ্যেনৈবাদ্য প্রাপ্ত ইতি বদন্তং ভগবন্তং সবৈদগ্ধীভঙ্গিকমাহ নাদ্যেতি। ভোঃ পরমপুরুষ নোহস্মাকং দর্শনং পরং কেবলং ন অদ্য প্রাপ্তঃ। পরন্তু ইদং জগৎ সৃষ্ট্বা স্বসত্তয়া যর্হি অনুপ্রবিষ্টস্তদারভ্যাপি। বয়ং কিল জীবাস্তদীয়তটস্থশক্তিবৃত্তয়ঃ স্বকর্ম্মফলভোজিনস্তদারভ্য অদ্যপর্য্যন্তং তদ্দৃষ্টা এব বর্ত্তামহে এব কিন্তু বয়মেবাদ্যৈব তদ্দর্শনং প্রাপ্তা ইতি ভাবঃ ॥ ৩১ ॥

শ্রুতদেব বলিলেন, হে পরাৎপর পরম পুরুষ! আপনি সর্ব্বময়! আপনার অভাব কোথায়ও নাই; সত্ত্বাদি স্বকীয় শক্তিবলে এই বিশ্ব ব্রহ্মাণ্ড সৃজন করিয়া, আপনি স্বস্বরূপে সকলের অন্তরে নিজেই প্রবিষ্ট রহিয়াছেন; কিন্তু কেহ আপনাকে এযাবৎ নয়নগোচর করিতে পারেন নাই; অদ্যই কেবল আপনি আমাদের অক্ষিগোচর হইলেন। এতদপেক্ষা আমাদের সৌভাগ্যের বিষয় আর কি হইতে পারে! ॥ ৩১ ॥

আভাস।

অকস্মাৎ ভগবানের সন্দর্শন লাভে শ্রুতদেব একান্ত বিস্মিত হইলেন এবং এরূপ সাক্ষাৎকার লাভ যে দর্শকের গুণে নহে, দর্শনীয় ভগবানের কৃপাবলে, তাহাই সুস্পষ্ট করিবার নিমিত্ত ভগবানের স্তব করিয়া বলিয়াছিলেন যে, হে ভগবন্! আমার নয়ন বহুকালই রহিয়াছে এবং আপনিও চির বিদ্যমান; কিন্তু দুঃখের বিষয় এই যে, এযাবৎ আপনার সৃষ্টি দেখিয়াই পরিশ্রান্ত হইলাম; সৃষ্টিকর্ত্তা আপনি যে ইহার মর্ম্মে মর্ম্মে স্তরে স্তরে অধিক কি! অণুর অন্তরে পরমাণুরূপে জড়ের অন্তরে চেতনরূপে নিত্য বিরাজ করিতেছেন, তাহা আমি এযাবৎ দেখিয়াও দেখি নাই এবং বুঝিয়াও বুঝি নাই। অতএব যখন স্বীয় শক্তির দ্বারা সৃজন করিয়া, স্বয়ংই চেতয়িতা সাক্ষী এবং অনুভবকর্ত্তারূপে সকলের অন্তরে প্রবেশ করিয়াছেন, তখনই আপনাকে আমাদের পাওয়া হইয়াছে; অদ্য কেবল নিজে দেখা দিলেন বলিয়াই, দেখা পাইলাম; নতুবা এযাবৎ অন্তরালে থাকিয়াই সকল কার্য্য সমাধা করিয়াছেন। ৩১ ॥

হে ভগবন্! নিজ-সংকল্প-মাত্রেই এই ত্রিভুবন সৃজন করিয়া, নিজেই যে তাহার অন্তরে

যথা শয়ানঃ পুরুষো মনসৈবাত্মমায়য়া।
সৃষ্ট্বা লোকং পরং স্বাপ্নমনুবিশ্যাবভাসতে ॥ ৩২ ॥
শৃণ্বতাং গদতাং শশ্বদর্চ্চতাং ত্বাভিবন্দতাং।

অন্বয়ঃ।

আত্মনঃ তব মায়য়া মোহিতেন মনসা যথা একঃ এব শয়ানঃ পুরুষঃ পরং অস্মাৎ জাগ্রদ্দেহাৎ বিলক্ষণং, স্বাপ্নং লোকং দেবতির্যঙ্ মনুষ্যাদি-দেহসমূহ, সৃষ্ট্বা তং অনুবিশ্য নানা অবভাসতে তথা ত্বং অবভাসসে ॥ ৩২ ॥

কিঞ্চ শশ্বৎ নিরন্তরং, শৃণ্বতাং গদতাং (ত্বদ্ভক্তৈঃ সহ সংলাপং কুর্ব্বতাং) অর্চ্চতাং অভি-

শ্রীধরস্বামী

মায়াসৃষ্টিপ্রবেশয়োরবিদ্যাসৃষ্টিপ্রবেশৌ দৃষ্টান্ততয়াহ যথেতি। আত্মমায়য়া স্বাবিদ্যা-য়েত্যর্থঃ। যদ্বা। আত্মনস্তব মায়য়েতি ॥ ৩২ ॥

কিঞ্চ শৃণ্বতামিতি নিত্যং শ্রবণকীর্ত্তনাদিপরাণামমলাত্মনামপি হৃদ্যেব ত্বং ভাসি মম তু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভো ভগবংস্ত্বং স্বমনঃসঙ্কল্পমাত্রেণৈবেদং সৃষ্ট্বা যত্তদনুপ্রবিষ্টস্তত্রাহং জীব এব দৃষ্টান্ত ইত্যতঃ স্বদৃষ্টান্তস্য জীবস্য মম দর্শনং তবোচিতমেবোক্ত পূর্ব্ববৎ সবৈদগ্ধীভঙ্গিকমেবাহ যথেতি। আত্মমায়য়া স্বাবিদ্যয়া পরং লোকং গ্রামনগরাদিকং অবভাসতে। তত্তদ্দর্শনাদিকমনুভবতি তথৈব ত্বমপীত্যর্থঃ। তদেব সৃষ্টিমারভ্যাদ্যপর্য্যন্তমস্মদ্দর্শনং ত্বং প্রাপ্নোষোব। বয়ন্তু তামার-ভ্যাদ্যপর্য্যন্তং ত্বদনুভবস্যাপি গন্ধমাপ নৈব প্রাপ্তাঃ কিন্ত্বদ্যৈব ত্বৎকৃপয়া ত্বদ্দর্শনমপি প্রাপ্তা ইতি ভাবঃ ॥ ৩২ ॥

নন্থ মদীয়শ্রবণকীর্ত্তনাদিমন্তো ভবদ্বিধা মদ্দর্শনং প্রাপ্নুবন্ত্যেব তত্রাহ শৃণ্বতামিতি।

মানব যখন স্বপ্ন দেখে, তখন ভবদীয় মায়ায় মোহিত হইয়া, মনে মনে জাগ্রৎদেহাতিরিক্ত স্বপ্নসম্ভূত দেব তির্য্যক্ ও মনুষ্যাদি দেহ-সমূহের সৃজনে তন্মধ্যে আত্মহারার ন্যায় নানাভাবে অবস্থান পূর্ব্বক যেমন নিজের পৃথক্ অস্তিত্ব অনুভব করে না; সেইরূপ সর্ব্বস্রষ্টা আপনিও সৃষ্টির অন্তরে পৃথক্‌ভাবে পারদৃষ্ট হন না ॥ ৩২ ॥

কিন্তু হে ভগবন্! যাঁহারা নিরন্তর ভবদীয় গুণগ্রাম শ্রবণ করেন, ভবদীয়

আভাস।

প্রবেশ করিয়াছেন, জীবই তাহার জাজ্বল্যমান দৃষ্টান্ত। কারণ স্বপ্নকালে মানব স্বীয় অবিদ্যাবলে গ্রাম নগরাদি সৃজন করিয়া, নিজেই তাহার অনুভব করে; কিন্তু যে সৃজন করিল সেই আত্মস্বরূপের উপলব্ধি করিতে পারে না। সুতরাং সৃষ্টি হইতে আরম্ভ করিয়া, চিরকাল আমাদিগকেই আপনি দেখিয়া আসিতেছেন; কিন্তু আমরা আপনার কোন অনুসন্ধান পাই নাই। অদ্য দয়া করিয়াছেন, সেই নিমিত্তই স্বয়ং পৃথক্‌ভাবে দেখা দিয়াছেন ॥ ৩২ ॥

নৃণাং সংগচ্ছতামন্তর্হৃদি ভাস্যমলাত্মনাং ॥ ৩৩ ॥
হৃদিস্থোঽপ্যতিদূরস্থঃ কর্ম্মবিক্ষিপ্তচেতসাং।

অন্বয়ঃ।

বন্ধতাং তথা ত্বয়া সহ সংগচ্ছতাং অমলাত্মনাং নৃণাং অন্তর্হৃদি মনসি, ত্বং ভাসি। (মমতু লোচন-গোচরোঽসি) ॥ ৩৩ ॥

কর্ম্মবিক্ষিপ্তচেতসাং (কর্ম্মভিঃ লৌকিক-বৈদিক-ব্যাপারৈঃ বিক্ষিপ্তং চেতঃ যেষাং তেষাং) হৃদিস্থঃ অপি দূরস্থঃ; যতঃ আত্মশক্তিভিঃ অহঙ্কারাদিভিঃ, অগ্রাহ্যঃ ব্যবহিতঃ, অতঃ দূরস্থঃ

শ্রীধরস্বামী।

লোচনগোচরত্বং অহো ভাগ্যমিতি ভাবঃ ॥ ৩৩ ॥

নন্থ সর্ব্বেষাং হৃদি স্থিতঃ কথং কেষাঞ্চিদেব হৃদি ভাসি মেঘৈঃ সূর্য্য ইব জীবোপাধিতিরস্তরিতত্বাৎ ইতি যদ্যুচ্যেত তর্হি ন কস্যাপি ভাসীত্যত আহ হৃদিস্থোঽপীতি। কর্ম্মভি র্বিক্ষিপ্তং চেতো যেষাং তেষামাত্মশক্তিভিরহঙ্কারাদিভিরগ্রাহ্যঃ ব্যবহিতোঽপি উপেতগুণঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংবদতাং ত্বদ্ভক্তৈঃ সহ সংলাপং কুর্ব্বতাং। ভাসি স্ফুরসি। কিম্ভূতানাং মলঃ মৎসরাদিমালিন্যরহিতঃ আত্মা মনো যেষাং তেষামেব বয়ন্তু মলিনাত্মান এব তদপি যদিদং দর্শনমদাঃ। তদিদং তে বিচিত্রকৃপাচরিত্রমিতি ভাবঃ ॥ ৩৩ ॥

কিঞ্চান্যদপি তে বিচিত্রং চরিত্রং দৃষ্টং। অভক্তানামপি ভক্তানামপি ত্বং হৃদি তিষ্ঠস্যেব প্রথমে র্নানুভূয়সে দ্বিতীয়ৈরনুভূয়সে ইত্যাহ হৃদিস্থ ইতি। নন্থ মম হৃদিস্থত্বে দূরস্থত্বং কুতস্তত্রাহ। আত্মশক্তিভিরবিদ্যাবৃত্তিভি র্মৎসরাহঙ্কারাদ্যৈ র্ব্যবধায়কৈ র্হেতুভিরগ্রাহ্যঃ।

ভক্তবৃন্দের সহিত তদ্বিষয়ের আলাপ করেন, আপনার অর্চ্চনা এবং অভিবাদনাদি করেন এবং আপনার প্রতি কায়মনোবাক্যে নিরন্তর সম্মিলিত থাকেন, তাদৃশ বিশুদ্ধ-চিত্ত মানবগণের অন্তর্হৃদয়ে আপনি সর্ব্বদা বিরাজ করেন বটে; কিন্তু আমার নয়নগোচর হইয়া, অদ্য বিরাজ করিতেছেন ॥ ৩৩ ॥

লৌকিক এবং বৈদিক কর্ম্মকলাপে সতত বিক্ষিপ্তচিত্ত জনগণের হৃদয়ে বাস করিলেও, আপনি নিতান্ত দূরবর্ত্তীর ন্যায় প্রতীত হন; কিন্তু যাহারা

আভাস।

যাঁহারা জ্ঞান-বৈরাগ্য-সম্পন্ন বিশেষ ভক্তিমান, তাঁহারা হৃদয়-মন্দিরেই আপনার স্বরূপসদ্ভাব প্রতীতি করেন মাত্র; কিন্তু আমাদের ন্যায় মলিনচেতা ব্যক্তিগণের নয়নগোচর হওয়া, কেবল আপনার জীবোদ্ধার করিবার কৃপাফলে মাত্র; সন্দেহ নাই ॥ ৩৩ ॥

আশ্চর্য্যের বিষয় এই যে, অভক্ত বা ভক্ত কাহারও হৃদয় হইতে ক্ষণকালের জন্যও আপনি অন্তর্হিত হন না; অথচ ভক্ত আপনাকে একান্ত নিকটে দেখে; অভক্ত ভুবন অন্বেষণ করিয়াও আপনার সংবাদ পর্য্যন্ত প্রাপ্ত হয় না। কারণ অভক্ত ভুবন অন্বেষণ করে,

আত্মশক্তিভিরগ্রাহ্যোঽপাস্যুপেতগুণাত্মনাং ॥ ৩৪ ॥
নমোঽস্তু তেঽধ্যাত্মবিদাং পরাত্মনে অনাত্মনে স্বাত্মবিভক্তমৃত্যবে।

অন্বয়ঃ।

কিন্তু উপেতগুণাত্মনাং (উপেতগুণঃ প্রাপ্ত-শ্রবণ-কীর্ত্তনাদি-সংস্কারঃ আত্মা অন্তঃকরণং যেষাং তেষাং তু) অস্তি সমীপে, অব্যবহিতঃ এব ত্বং ভবসি ॥ ৩৪ ॥

অধ্যাত্মবিদাং ব্রহ্মাত্মৈকত্বং পশ্যতাং নিবৃত্তদেহাদ্যহঙ্কারাণাং পরমাত্মনে পরমাত্মত্বেন প্রকাশমানায় মোক্ষপ্রদায়, অনাত্মনে দেহাদ্যভিমানিনে জীবায় তু স্বাত্মবিভক্তমৃত্যবে (স্বাৎ পরমাত্মত্বেন প্রকাশমানত্বাৎ স্বাত্মনঃ সকাশাৎ বিভক্তঃ সম্পর্কিতঃ মৃত্যুঃ মৃত্যুপলক্ষিতঃ সংসারঃ

শ্রীধরস্বামী।

প্রাপ্তশ্রবণকীর্ত্তনাদিসংস্কার আত্মা অন্তঃকরণং যেষাং তেষামস্তি সমীপে হ্যব্যবহিতস্ত্বমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

এতদেব প্রপঞ্চয়ন্নমস্যতি নমোঽস্ত্বিতি। তে তুভ্যং নমোঽস্তু। অধ্যাত্মবিদাং নিবৃত্তদেহাদ্যহঙ্কারাণাং পরাত্মনে প্রকাশমানায় মোক্ষপ্রদায়েত্যর্থঃ। অনাত্মনে দেহাদ্যভিমানিনে জীবায় পরত্বেনাপ্রকাশমানত্বাৎ। স্বাত্মনঃ সকাশাৎ বিভক্তঃ সম্পর্কিতো মৃত্যুঃ সংসারো যেন তস্মৈ। কুত এতত্তত্রাহ সকারণং মহদাদিকার্য্যং অকারণং প্রকৃতিস্তদুভয়ং লিঙ্গমুপাধিং নিয়ম্যতয়া ঈয়ুষে প্রাপ্তবতে অত উভয়নিয়ন্তৃ স্বস্মাৎ সকাশাৎ তদুভয়বশ্যায় জীবায় বিভক্ত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপেতগুণস্তৈর্ব্যবহিতোঽপি প্রাপ্তশ্রবণকীর্ত্তনচিন্তন আত্মা অন্তঃকরণং যেষাং তেষাং ভক্তানাং তু অস্তি সমীপ এব বর্ত্তসে তৈ রনুভূয়সে ইত্যর্থঃ ॥ ৩৪ ॥

উক্তমর্থং প্রপঞ্চয়ন্নমস্যতি নম ইতি। অধ্যাত্মবিদাং শান্তভক্তানাং মতে পরং মায়াতীত

শ্রবণ এবং কীর্ত্তনাদি বিচিত্র মহদ্‌গুণে গুণান্বিত, তাঁহাদের সমীপে আপনি স্বীয় ঐশ্বর্য্যাদি শক্তিতে সমাচ্ছাদিত হইলেও, একান্ত নিকটবর্ত্তীর ন্যায় প্রতীত হন ॥ ৩৪ ॥

দেহাদিতে আত্মাভিমানের নিবারণে যাঁহাদের হৃদয়ে জীব-ব্রহ্মের ঐক্যাবধারণের উদ্বোধন হইয়াছে, হে ব্রহ্মন্! পরমাত্মভাবের প্রকাশে আপনি তাঁহাদিগকে ব্রহ্মপদ প্রদানে মুক্ত করিয়া থাকেন। কিন্তু যাহারা দেহাদিতে

আভাস।

কোথায় তাহাদের মনের সাধ পূর্ণ হইবে; কিন্তু ভক্ত ভুবনের মধ্যে আপনাকেই অনুসন্ধান করিতে থাকে। সুতরাং আপনাকেই তাঁহারা নিকটে অনুভব করেন ॥ ৩৪ ॥

হে ভগবন্! দেহ গেহাদির প্রতি অভিমান পরিহারে যাঁহাদের চিত্ত অধ্যাত্মবিদ্যায় পারদর্শী হইয়াছে, তাঁহাদের সমীপে ভবদীয় চৈতন্যময়ী মূর্ত্তির প্রকটন হইয়া থাকে। তাঁহারাই সংসারে কৃতার্থ। কিন্তু যাহারা ভবদীয় মায়ায় বিমোহিত হইয়া, স্বকীয় কার্য্যের

সকারণাকারণলিঙ্গমীয়ুষে স্বমায়য়া সংবৃতরুদ্ধদৃষ্টয়ে ॥ ৩৫ ॥
স ত্বং শাধি স্বভৃত্যান্নঃ কিং দেব করবাম তে।
এতদন্তো নৃণাং ক্লেশো যদ্ভবানক্ষিগোচরঃ ॥

অন্বয়ঃ।

যেন তস্মৈ) সকারণাকারণলিঙ্গং (সকারণং মহদাদিকার্য্যং, অকারণং প্রকৃতিঃ, তদুভয়ং লিঙ্গং উপাধিং) ঈয়ুষে নিয়ম্যতয়া প্রাপ্তবতে, অতএব স্বমায়য়া সংবৃতানাং রুদ্ধা স্ববিষয়িকা দৃষ্টিঃ জ্ঞানং যেন তস্মৈ তে তুভ্যং নমঃ ॥ ৩৫ ॥

সঃ তাদৃশঃ ত্বং পরমেশ্বরঃ নঃ অস্মান্ স্বভৃত্যান্ শাধি আজ্ঞাপয়, হে দেব! তব ইষ্টং বয়ং কিং করবাম? যৎ যদা, ভবান্ অক্ষিগোচরঃ ভবেৎ এতদন্তঃ তৎপর্য্যন্তঃ এব নৃণাং ক্লেশঃ। অতঃ ন কিঞ্চিৎ প্রার্থনীয়মস্তি ॥

শ্রীধরস্বামী।

শ্রুতিসমূহ বলিলেন, হে অজিত! সর্ব্বত্র আপনারই জয়! আপনি স্বীয় উৎকর্ষের প্রকাশ করুন্! হে নিখিলশক্তিধর! যাবতীয় জীবের হৃদয়ে অন্তর্যামিরূপে অবস্থান করত, তাহাদের ইন্দ্রিয়াদি অন্তঃকরণ পর্য্যন্ত সমগ্র শক্তি বা সামর্থ্য-বিশেষের আপনিই একমাত্র উদ্বোধক! অথচ আপনার কেহ উদ্‌বোধক নাই; কারণ ঐশ্বর্য্যাদি সকল গুণে আপনি নিরন্তরই বিভূষিত।

আভাস।

তিনি যেমন একাংশে নিদ্রিত, অপরাংশে জাগ্রত। অর্থাৎ তিনি কার্য্যকরী শক্তির অংশে নিদ্রিত; সুতরাং তখন সৃষ্টি ছিল না। কিন্তু জ্ঞানাংশে জাগ্রত; অর্থাৎ তাহার জ্ঞানভাগই শ্রুতিমূর্ত্তিতে জাগ্রত। অর্থাৎ বিরাট জগন্মূর্ত্তিতে যেমন তিনি বিরাজ করেন, প্রলয়ের অন্তে জ্ঞানের কল্পনা-রূপ শ্রুতিমূর্ত্তিতে তিনিই বিরাজ করিয়াছিলেন। অতএব শ্রুতি তাঁহাকে প্রতিপাদন করিয়া-ছেন বলায়, প্রকৃত প্রস্তাবে তিনি আপনাকে আপনিই প্রতিপাদন করিয়াছেন, স্বীকার করিতে হইবে॥ ৮॥ ৯॥

অগজগদোকসামখিলশক্ত্যববোধক তে ক্বচিদজয়াত্মনাচ চরতোঽনুচরেন্নিগমঃ॥ ১০

অন্বয়ঃ

জগদোকসাং (অগানি স্থাবরাণি জগন্তি জঙ্গমানি ওকাংসি শরীরাণি যেষাং জীবানাং তেষাং) দোষগৃভীতগুণাং (দোষায় আনন্দাদ্যাবরণায় গৃভীতাঃ গৃহীতাঃ গুণাঃ সত্ত্বাদয়ঃ যয়া তাং) অজাং অবিদ্যাং, জহি নাশয়ঃ॥ ১০॥

শ্রীধরস্বামী।

মাবহেদিতি মমাপি তত্র কা শক্তিঃ স্যাদত আহত্বমিতি। যদ্‌যস্মাৎ ত্বং আত্মনা স্বরূপেণৈব সমবরুদ্ধসমস্তভগঃ সংপ্রাপ্তসমস্তৈশ্বর্য্যোঽসি বশীকৃতমায়ত্বাৎ ইতিভাবঃ। স্বয়মেব তে জীবা জ্ঞানবৈরাগ্যাদিনা কিং ন হন্যুরিত্যত আহুঃ অখিলশক্ত্যববোধকেতি। তেষাং ত্বমেবান্তর্যামী সর্ব্বশক্ত্যুদ্বোধকঃ অতো ন তে জ্ঞানাদৌ স্বতন্ত্রা ইতি ভাবঃ। অহমকুণ্ঠজ্ঞানৈশ্বর্য্যাদিগুণো জীবানাং কর্ম্ম-জ্ঞানাদি-শক্ত্যববোধনেনাবিদ্যা হন্তব্যেত্যত্র কিং প্রমাণমিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহাদিষু দুরভিমান-প্রাপণায় চ গৃভীতা গুণা যয়া তাং। যদ্বা। দোষৈস্তদস্ফূর্ত্তিরূপৈ র্গৃভীতা গ্রস্তা গুণাঃ সত্ত্বরজস্তমাংসি যস্যাস্তাং। হৃগ্রহো র্ভশ্ছন্দসীতি ভকারঃ। তস্যা গুণা এবানর্থকারিণ ত্বৎপ্রাপ্তিপ্রতিকূলা ইতি ভাবঃ। অজিতেতি ত্বমেবৈকস্তয়া জেতুমশক্যঃ। অন্যে তু ব্রহ্মাদ্যা অপি তয়া স্বগুণৈ র্জিতা এবেতি ভাবঃ। নন্বু তয়াহমজিত ইত্যত্র কিং চিহ্নমিত্যত আহুঃ ত্বমিতি। যৎ যস্মাৎ ত্বং আত্মনা স্বরূপেণৈব সমবরুদ্ধসমস্তভগঃ সম্প্রাপ্তসমস্তৈশ্বর্য্যোঽসি বশীকৃতমায়ত্বাদিতি ভাবঃ। নন্ববিদ্যোপরমে সত্যপি ভক্ত্যা বিনা ন মে প্রাপ্তি র্ভবেৎ। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি মদুক্তেস্তত্রাহুঃ। হে অখিলশক্ত্যববোধক বুদ্ধীন্দ্রিয়াদীন্ সৃষ্ট্বা জীবানাং অখিলাঃ শক্তীঃ কর্ম্মফলভোগশক্তীশ্চ যথোদ্বোধয়সি তথৈব

সুতরাং কোন সময়ে, যখন আপনি সৃষ্টির প্রাক্‌কালে স্বকীয় মায়াশক্তি সহ ক্রীড়া করত স্বরূপেই অবস্থান করেন, তখনই বেদসমূহ আপনাকে প্রতিপাদন করেন। অতএব যে মহামায়া সত্ত্বাদি গুণত্রয়ের পরিগ্রহে স্থাবর-জঙ্গমাত্মক জীবগণের সমীপে পরমানন্দের নিবারণে কেবল দোষভাগেরই উদ্দীপন করিতেছেন, সেই মূলা অবিদ্যাকে আপনি প্রতিনিবৃত্তা করুন্! ॥ ১০

আভাস।

লোকে কোন কার্য্যে প্রবৃত্ত হইবার পূর্ব্বে নিজের কার্য্যকারিতা শক্তির বিষয় বিশেষরূপে আলোচনা করেন এবং পূর্ব্ব-সম্পাদিত কর্ম্মের এবং বীর্য্যের যখন তাহার স্মরণ হয়, তখনই সুপ্ত-প্রবুদ্ধের ন্যায়, তিনি কার্য্য করিতে প্রবৃত্ত হন। ঈশ্বরের মননরূপা শ্রুতিও পূর্ব্বসৃষ্টির স্মরণ মাত্র এবং তৎপ্রভাবের আলোচনা করাই এখানে স্তব নামে অভিহিত। শ্রুতিসমূহ পরম পুরুষকে বলিলেন, হে ভগবন্! এবার কিন্তু জীবের দুঃখের প্রতি বিশেষ দৃষ্টি করুন্! আপনাকে পাইবার প্রত্যাশায় জীব স্থাবর জঙ্গমাত্মক কত দেহই স্বীকার করিতেছে; কিন্তু দুঃখের বিষয় এই যে,

শ্রীধরস্বামী।

চেত্তত্রাহমেব প্রমাণমিত্যাহ বেদঃ। নন্থ এবম্ভূতে ময়ি কথং শ্রুতীনাং প্রবৃত্তিস্তত্রাহ ক্বচিদিতি। কদাচিৎ সৃষ্ট্যাদিসময়ে অজয়া মায়য়া চরতঃ ক্রীড়তঃ নিত্যঞ্চালুপ্তভগতয়া সত্যজ্ঞানানন্তানন্দমাত্রৈকরসেনাত্মনা চ চরতো বর্ত্তমানস্য তব নিগমোঽনুচরেৎ প্রতিপাদয়েৎ কর্ম্মণি ষষ্ঠ্যৌ। যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ। তং হ দেবমাত্মবুদ্ধিপ্রকাশং মুমুক্ষুর্বৈ শরণমহং প্রপদ্যে। য আত্মনি তিষ্ঠন্ সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদিত্যাদি নিগমকদম্বস্বামেবম্ভূতং প্রতিপাদয়তীত্যর্থঃ। (ইন্দনকুটকং ছন্দঃ) জয় জয়াজিত জহ্যগজঙ্গমাবৃতিমজামুপনীতমৃষাগুণাং। নহি ভবন্তমৃতে প্রভবন্ত্যমী নিগমগীতগুণার্ণবতা তব ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মপরমাত্মভগবৎস্বরূপিণং স্বং প্রাপয়িতুং জ্ঞানযোগভক্তিকরণশক্তীঃ কৃপয়া ত্বমেব উদ্বোধয়সি তত্তৎপরিপাকে সতি ব্রহ্মপরমাত্ম-ভগবদনুভবশক্তীশ্চোদ্বোধয়সীত্যর্থঃ। অত্র কিং প্রমাণমিতি চেদ্বয়মেবেতি সবিনয়মাহুঃ। ক্বচিদজয়া কদাচিৎ সৃষ্ট্যাদিসময়ে মায়য়া বহিরঙ্গশক্ত্যা সহ আত্মনা চ সর্ব্বকালমেব স্বরূপশক্ত্যা চ সহ চরত ইতি কর্ম্মণি ষষ্ঠ্যৌ। চরন্তং ক্রীড়ন্তং ত্বাং নিগমোঽস্মল্লক্ষণঃ শ্রুতিকদম্বঃ অনুচরেৎ পরিচরেৎ। তত্তৎপ্রতিপাদকরূপপ্রমাণীভবনমেবাস্মকং ত্বৎপরিচরণমিত্যর্থঃ। তেন সৃষ্ট্যাদিসময়ত্ববং কর্ম্মাদিকং সার্ব্বকালিক-ত্বদনুভবঞ্চ বয়মেব প্রতিপাদয়াম ইত্যতঃ সাধুক্তং বুদ্ধীন্দ্রিয়মনঃপ্রাণানিতি ব্রহ্মোপনিষদ্বাক্যং। অত্র প্রমাণানি নিত্যং বিজ্ঞানমানন্দং ব্রহ্মেতি। একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষীচেতাঃ কেবলো নির্গুণ-

---

আভাস।

প্রতিবন্ধকই ক্রমশ গুরুতর হইয়া তাহাদের সম্মুখে দণ্ডায়মান হইতেছে। (চশ্‌মা) উপচক্ষুর যতই পরিবর্ত্তন করা যাউক্ না, চক্ষুর ছানি ঘনীভূত হইলে, দৃষ্টির কোনরূপ প্রতিকারই হয় না; সেইরূপঅবিদ্যা নাম্নী মহামায়ার আবরণে থাকিয়া, জীব যতই কার্য্যকুশল দেহের আশ্রয়ে আপনাকে পাইতে চেষ্টা করুক্ না, দুঃখভোগের কালই তাহাদের অধিক হইয়া যায়। শান্তি লাভ আর জীবের অদৃষ্টে ঘটে না। এক্ষণে উত্তম চিকিৎসকের শরণাগত হইয়া, ছানি কাটানই রোগীর যেমন এক মাত্র উপায়, সেইরূপ আপনার শরণাগত হইয়া, ভবরোগগ্রস্ত জীবের পক্ষে এই মায়াছানির নিকৃন্তন করাই একমাত্র উপায়। কিন্তু তাদৃশ শরণাগত হইবার ভক্তি জীবের কোথায়? জীব স্বয়ং সে ভক্তির সংগ্রহ করিতে সমর্থ নহে; আপনার সাহায্য ব্যতীত জীব যখন চক্ষু পর্য্যন্ত উন্মীলন করিতে পারে না; আপনি অন্তর্নিহিত অপরিজ্ঞাত এবং উপেক্ষিত ভাবে অবস্থান করিয়াও, সর্ব্বশক্তিস্বরূপে জীবের জীবনযাত্রা পর্য্যন্ত নির্ব্বাহার্থ সকল কার্য্যই করিতেছেন। জীব অভিমান পূর্ব্বক মনে করিতে পারে, বুঝি তাহার ভোজনশক্তি আছে, কিন্তু ভুক্ত বস্তুর পরিপাচন, রস, অস্থি, চর্ম্ম এবং কেশাদিতে তাহার পরিবর্ত্তন ও স্নায়ুশক্তি প্রভৃতির পরিচালনাদি ব্যাপারে জীবের অজ্ঞাতসারে আপনিই সমস্ত সাধিত করিতেছেন। জীব নিদ্রা যায়; কিন্তু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

শেষেতি। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্ যস্য জ্ঞানময়ং তপঃ। সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যামন্তরঃ। সোঽকাময়ত বহুস্যাং। স ঈক্ষত তত্তেজোঽসৃজৎ। সত্যং বিজ্ঞানমানন্দং ব্রহ্মেতি। সর্ব্বজ্ঞ ইতি সম্পূর্ণং জ্ঞানং। সর্ব্ববিদিতি অখিলশক্ত্যুদ্বোধকত্বলক্ষণস্বচিচ্ছক্তিঃ স্বতএব লাভঃ। জ্ঞানময়ং তপ ইতি জ্ঞানং পরামর্শস্তন্ময়ং তপঃ প্রতাপাত্মকমৈশ্বর্য্যং। বশীতি সর্ব্বনিয়ন্তৃত্বং। ঈশান ইতি সর্ব্বকর্ম্মফলদাতৃত্বসর্ব্বোপাস্যত্বে। পৃথিব্যাং তিষ্ঠন্নিতি সর্ব্বব্যাপকত্বং। অন্তরঃ অন্তর্ভূতঃ। তেন পৃথিবী তন্ন জানাতীতি সর্ব্বভূজ্ঞেয়ত্বং। সে হকাময়তেতি প্রকৃতিক্ষোভাৎ পূর্ব্বস্য ক মস্যাপ্রাকৃতত্বাৎ কল্যাণগুণময়ত্বং। ঈক্ষতেত্যড়াগমাভাবশ্ছান্দসঃ। তত্তেজ ইতি তদংশরূপস্য তেজসঃ পুরুষস্যৈব জগৎস্রষ্টৃত্বং। তথৈব তত্তেজ এব ব্যাপকং সত্যেত্যাদিলক্ষণং ব্রহ্ম। যস্য প্রভা প্রভবত ইতি ব্রহ্মসংহিতোক্তেঃ। মদীয়ং মহিমানং চ পরব্রহ্মেত্যষ্টমোক্তেঃ। ব্রহ্মজ্যোতিঃ সনাতনমিতি দশমোক্তেঃ। ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি গীতোক্তেশ্চ ইত্যেবমেতা ব্রহ্মত্ব-পরমাত্মত্ব-ভগবত্ত্বপ্রতিপাদিকাঃ। যতো বা ইমানি ভূতানি জায়ন্ত ইত্যাদ্যাঃ স্রষ্টাদিপ্রতিপাদিকাঃ। অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতীতি কর্ম্মপ্রতিপাদিকাঃ। ব্রহ্মবিদাপ্নোতি পরমিতি। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতীত্যাদ্যাঃ জ্ঞানপ্রতিপাদিকাঃ। শতঞ্চৈকা চ হৃদয়স্য নাড্য স্তাসাং মূর্দ্ধানমভিনিঃসৃতৈকা। তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতীত্যাদ্যাযোগপ্রতিপাদিকাঃ। ভক্তিরেবৈনং নয়তি সচ্চিদানন্দৈকরসে ভক্তিযোগে তিষ্ঠতীত্যাদ্যা ভক্তপ্রতিপাদিকাঃ শ্রুতয়ঃ ॥ ১০ ॥

আভাস।

আপনি জাগিয়া থাকেন এবং জীবের জীবিত থাকিবার সকল ব্যাপার আপনি চালাইতেছেন। আপনি ক্ষুধা এবং ভোজনতৃপ্তিরূপ যাবতীয় বৃত্তিরূপে ও শক্তিময়ভাবে প্রত্যক্ষত প্রতীত হইতেছেন; তখন ভক্তিরূপে আপনিই জীবহৃদয়ে উদিত হউন! এবং আপনার শরণাগত করাইয়া ভবদীয় স্বরূপসাক্ষাৎকারের প্রতিবন্ধককারিণী স্বৈরিণী মায়াকে সমূলে উন্মূলিত করুন! কারণ এই মায়া কেবল আপনারই অধীনা; ব্রহ্মরুদ্রাদি লোকপালগণের মধ্যেও এমন কেহ নাই যে, এই মায়ার হস্ত হইতে অব্যাহতি পাইতে পারেন। মায়া গুণবতী বটে; কিন্তু নিত্য নবীন বেশ ধারণে জীবকে বিমোহিত করিতেছে। মোহিত করে, করুক! দুঃখ নাই! কিন্তু হে জগজ্জীবন! আপনাকে প্রাপ্ত হইবার পথে যে সম্পূর্ণ কণ্টক প্রদানে রুদ্ধ করিতেছে; এতদপেক্ষা দুঃখের বিষয় আর কি হইতে পারে! বিমাতা যেমন কপট আচরণের প্রয়োগে এবং সামান্য ক্রীড়নক প্রদানে সপত্নীনন্দনগণকে ভুলাইয়া পিতার প্রেমাঙ্ক হইতে বঞ্চিত করত নিজে নির্ব্বিবাদে স্বামী-সহবাস ভোগ করে, কুহকিনী মহামায়াও সেইরূপ ক্ষণধ্বংসী সুখসেব্য ভোগের প্রদানে জীবগণকে ভবদীয় মধুর আনন্দ-মকরন্দ হইতে বঞ্চিত করিতেছে। হে দেব! আপনি কিন্তু মায়ার মোহিনী শক্তির বিষয় বিলক্ষণ অবগত আছেন; আপনার সমীপে যোগমায়ারূপে নিত্য বিদ্যমানা মায়ার রতিরসে যদিও আপনি এক্ষণে নিমগ্ন আছেন, তথাপি সকল ভাব এবং সৃষ্টির সকল বিষয় আপনার পরিজ্ঞাত আছে। শ্রুতিই আপনার স্মৃতি-

বৃহদুপলব্ধমেতদবযন্ত্যবশেষতয়া যত উদয়াস্তময়ৌ বিকৃতের্মৃদিবাবিকৃতাৎ।

অন্বয়ঃ।

যথা মৃদঃ সকাশাৎ বিকৃতেঃ ঘটাদিকার্য্যস্য উৎপত্তিঃ তস্যাং এব লয়ঃ চ ভবতি অতঃ মৃদেবাবশিষ্যতে, তথা যতঃ অবিকৃতাৎ উপাদানভূতাৎ ব্রহ্মণঃ বিকৃতেঃ বিকারমাত্রস্য, সর্ব্বস্য কার্য্যস্য উদয়াস্তময়ৌ উৎপত্তিপ্রলয়ৌ, ভবতঃ (অতঃ সর্ব্ববিনাশেঽপি) অবশেষতয়া অবশিষ্যমানত্বেন, এতৎ উপলব্ধং দৃষ্টং স্থাবরজঙ্গমাত্মকং সর্ব্বং বৃহৎ ব্রহ্ম ত্বং এব ইতি শ্রুতয়ঃ অবযন্তি

শ্রীধরস্বামী।

নন্বু কথং মামেব প্রতিপাদয়ন্তি যস্মাদিন্দ্রো যাতোঽবসিতস্য রাজেত্যাদিভিরিন্দ্রঃ যাতো জঙ্গমস্যাবাসতস্য স্থাবরস্য চ রাজেতি প্রতিপাদ্যতে। তথা অগ্নির্মূর্দ্ধা দিব ইত্যাদিভিশ্চৈবং ভূতত্বেনাগ্ন্যাদয়ঃ প্রতিপাদ্যন্তে তত্রাহুঃ বৃহদুপলব্ধমেতদিতি। অয়মর্থঃ এতদুপলব্ধং দৃষ্টমিত্যাদি সর্ব্বং বৃহদ্ব্রহ্ম ত্বমিত্যেবাবযন্তি জানন্তি কথং বৃহত এবাবশেষতয়াঽবশিষ্যমাণত্বেন কুতঃ সর্ব্বস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু চ যূয়ং ন কেবলং মামেব পরমেশ্বরং ব্রূধ্বে অপি তু ইন্দ্রো যাতোঽবসিতস্য রাজেতি। যাতো জঙ্গমস্য, অবসিতস্য স্থাবরস্য, চ ইন্দ্র এব। রাজেন্দ্রমপি অগ্নির্মূর্দ্ধা দিব ইত্যগ্নিমপীতি চেৎ সত্যং জগৎকারণস্যৈব পরমেশ্বরত্বনিয়মনাদিন্দ্রাদীনাঞ্চ জগৎকারণত্বাদর্শনাৎ ত্বমেব সর্ব্বজগৎকারণং পরমেশ্বর ইন্দ্রাদয়স্তু ত্বদ্দত্তযৎকিঞ্চিদৈশ্বর্য্যা এবেত্যাহুঃ। বৃহদিতি। এতদুপলব্ধং

যেমন মৃত্তিকাস্থানীয় এই ধরণী হইতে ঘটাদি অনন্ত কার্য্যবর্গের উৎপত্তি এবং ধরণীতেই তাহার বিলয় হইয়া যায়; সুতরাং ঘটাদির অবস্থিতি কালে এক মৃত্তিকাই যেমন ঘটভাবে বিরাজ করিতে থাকে এবং ঘটাদির বিলয়েও মৃত্তিকাই অবশিষ্ট থাকে, সেইরূপ বিকারশূন্য উপাদানভূত ব্রহ্মস্বরূপ হইতে বিকারমাত্র যাবতীয় পদার্থের উদয় হইতেছে এবং তাহাতেই আবার বিলীন হইতেছে; অতএব যাবতীয় পদার্থের অবস্থিতিও এক ব্রহ্মস্বরূপেই প্রতীত হইয়া থাকে এবং সকল পদার্থের বিনাশেও সর্ব্বশেষে এক বৃহৎ ব্রহ্মই অবশিষ্ট থাকেন। পরিদৃশ্যমান স্থাবর জঙ্গমাত্মক বস্তুসমূহ যে এক ব্রহ্ম মাত্র, ইহাই শ্রুতিসমূহ একবাক্যে অবধারণ করিয়া থাকেন। অতএব উপাদানভাবে পদার্থমাত্রেরই সার ও সর্ব্বস্বরূপে ব্রহ্ম বিদ্যমান থাকায়, ঋষিগণ আপনাতেই মন প্রাণ

আভাস।

রূপে পূর্ব্বভাবের অভিব্যক্তি করিতেছে। সর্ব্বত্র সর্ব্বতোভাবে আপনার জয় আপনিই প্রকাশ করুন্। এবং মায়ার উৎকর্ষে জীব যে নিরন্তর দুঃখভোগ করিতেছে, আপনিই তাহার প্রতীকার করুন্। ॥ ১০ ॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, শ্রুতিসমূহ কেবল পরমব্রহ্মকেই যে একমাত্র অদ্বিতীয় পরম কারণ বলিয়া প্রতিপাদন করিয়াছেন, তাহা নহে; তদ্ব্যতীত ইন্দ্রাগ্নি প্রভৃতি জগৎ-

অত ঋষয়ো দধুস্ত্বয়ি মনো বচনাচরিতং কথমযথা ভবন্তি ভুবি দত্তপদানি নৃণাং ॥১১

অন্বয়ঃ।

জানন্তি। অতঃ উপাদানত্বেন সর্ব্বাত্মকত্বাৎ এব ঋষয়ঃ ত্বয়ি মনোবচনাচরিতং দধুঃ (মনসা আচরিতং তাৎপর্য্যং, বচনাচরিতং অভিধানং, ধৃতবন্তঃ নিশ্চিতবন্তঃ এব ন পৃথক্ বিকারেষু। নৃণাং ভূচরাণাং যত্র কুত্রাপি দত্তানি নিক্ষিপ্তানি, পদানি ভুবি কথং অযথা অদত্তানি ভবন্তি তথা যৎ কিমপি বিকারজাতং বদন্তঃ বেদাঃ ত্বাং এব সর্ব্বকারণতয়া পরমার্থভূতং প্রতিপাদয়ন্তি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

উদয়াস্তময়ৌ উৎপত্তিপ্রলয়ৌ সর্ব্বোপাদানত্বাৎ। তর্হি কিং বিকারিত্বং বৃহতঃ ন অবিকৃতাৎ বিবর্ত্তাধিষ্ঠানত্বেনাবিকারাদিত্যর্থঃ। বা শব্দ উপমার্থঃ যথা ঘটাদে র্বিকৃতের্মৃদি উদয়াস্তময়ৌ তদ্বৎ। বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যং। সর্ব্বং খল্বিদং ব্রহ্মেত্যাদিভি স্তথা প্রতিপাদনাদিত্যর্থঃ। অতঃ কারণাৎ ঋষয়ো মন্ত্রা স্তৎদ্রষ্টারো বা ত্বয্যেব মনোবচনাচরিতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রোত্রনেত্রাদিভিরবগতমিন্দ্রাদিকং সর্ব্বং বৃহদ্ব্রহ্মৈব অবয়ন্তি জানন্তি। কুতঃ। অবশেষতয় ব্রহ্মণস্তবৈবাবশিষ্যমাণত্বেনেত্যর্থঃ। অত্র দৃষ্টান্তঃ। বাশব্দ উপমার্থঃ। বিকৃতে র্ঘটাদে র্যথা মৃদি উদয়াস্তময়ৌ তথৈব যতস্ত্বত এবোপাদানকারণাদস্য বিশ্বস্য উদয়াস্তময়ৌ ভবতঃ। তর্হি মম বিকারিত্বমায়াতং, ন; অবিকৃতাৎ বিকারশূন্যাৎ। এতদদ্ভুতমেব যত্তবোপাদানত্বেঽপি বিকারভাবঃ। যদুক্তং গজেন্দ্রেণ; নমো নমস্তেঽখিলকারণায় নিষ্কারণায়াদ্ভুতকারণায়েতি।

সমর্পণ করিয়াছেন; তাঁহারা পদার্থের প্রয়োজনীয়তা সম্বন্ধে মানসিক ভাব এবং পদার্থনিষ্ঠ নাম এক আপনারই প্রতি নিক্ষেপ করত নিশ্চিন্তভাবে অবস্থান করিতেছেন। বস্তুসমূহ পৃথক্ পৃথক্ নামরূপে পরিচিত থাকিলেও, তাঁহারা আপনারই প্রকাশ ভাবের পরিচয় বলিয়াই সে সমস্ত গ্রহণ করেন। হে পরমাত্মন্! শ্রুতি যে ভাবেই বিকার সমূহের নাম রূপাদির উল্লেখ করুন্ না, ভূচর মানবাদি জীবগণ শিলাদি যে কোন পদার্থের উপরই পাদনিক্ষেপ করুক্, সে সমস্তই যেমন ধরণীমাত্র, সেইরূপ অবান্তরভাবে সর্ব্বকারণস্বরূপ পরমার্থ-ভূত আপনাকেই তাঁহারা তদ্দ্বারা প্রতিপাদন করিতেছেন, সন্দেহ নাই ॥ ১১ ॥

আভাস।

প্রতিপালক অন্যান্য দেবতারও প্রতিপাদন করিয়াছেন; তখন এক ব্রহ্ম মাত্রকে প্রতিপাদন করিতেছেন, একথা কিরূপে যুক্তিযুক্ত হইবে? তদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে, এতদর্থে শ্রুতিতে উক্ত আছে বটে; যথা "ইন্দ্রো যাতোঽবসিতস্য রাজা ইত্যাদি"। এখানে যাতঃ অর্থাৎ প্রাপণার্থ যা ধাতুর উত্তর শতৃ প্রত্যয়ান্ত পদের ষষ্ঠী বিভক্তিতে উৎপন্ন যাতঃ শব্দে জঙ্গমস্য অর্থাৎ প্রাণিসমূহের এবং "অবসিতস্য" অর্থাৎ অব পূর্ব্বক বন্ধনার্থক ষিঞ ধাতুর উত্তর ক্ত প্রত্যয়-

শ্রীধরস্বামী।

দধুঃ মনস আচরিতং তাৎপর্য্যং বচনস্যাচরিতমভিধানঞ্চ ধৃতবন্তঃ ন পৃথক্ বিকারেষিত্যর্থঃ তত্র নিদর্শনং কথমযথেতি নৃণাং ভূচরাণাং যত্র কুত্রাপি দত্তানি নিক্ষিপ্তানি পদানি ভুবি কথমযথা ভবন্তি অদত্তানি ভবন্তি। অতো যথা মৃৎপাষাণেষ্টকাদিষু দত্তানি পদানি ভুবং ন ব্যভিচরন্তি তথা যৎ কিমপি বিকারজাতং বদন্তো বেদাঃ ত্বামেব সর্ব্বকারণং পরমাত্মভূতং প্রতিপাদয়ন্তীত্যর্থঃ। ক্রহিণবহ্নিরবীন্দুমুখামরা জগদিদং ন ভবেৎ পৃথগুত্থিতং। বহুমুখৈরপি মন্ত্রগণৈ রজস্ত্বমুরুমূর্ত্তি রতো বিনিগদ্যসে ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যাখ্যাতত্বেচ শ্রীধরস্বামিভিঃ। উপাদানত্বেনাপি মৃদাদিবদ্বিকারাভাব ইতি। অতএবেদমবিক্রিয়মাণ এব সৃজসি হরসি পাসীতি দেবৈরপ্যুক্তং। বয়মপি ব্রূমঃ। যদ্বা। প্রকৃতেস্ত্বচ্ছক্তিত্বাভাবাত্তস্যা জগদুপাদানত্বাদেব তব জগদুপাদানত্বং। যদুক্তং ত্বয়ৈব। প্রকৃতি র্যস্যোপাদানমাধারঃ পুরুষঃ পরঃ সতোঽভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তত্ত্রিতয়ত্বহমিতি। কিন্তু তস্যাবিকারত্বেঽপি ন তে বিকারিত্বং তস্যাস্ত্বংস্বরূপশক্তিত্বাভাবাৎ। ত্বৎস্বরূপস্য মায়াতীতত্বেন সর্ব্বশাস্ত্রপ্রসিদ্ধঃ। অতঃ কারণাদৃষয়স্তত্ত্বয়েব মনোবচনাচরিতং ধ্যানকীর্ত্তনপরিচর্য্যাং দধুঃ। নতু পৃথগ্বিকারেষিন্দ্রাদিষিত্যর্থঃ। অত্র খল্বর্থান্তরন্যাসঃ। কথমযথেতি। নৃণাং ভূতলবর্ত্তিনাং পদানি যত্র কুত্রাপি দত্তানি নিক্ষিপ্তানি ভুবি কথমযথা ভবন্তি। অতো যথা মৃৎপাষাণেষ্টকাদিষু দত্তানি পদানি ভুবং ন ব্যভিচরন্তি তথৈব যৎ কিমপি বিকারজাতং বদন্তো বেদা ত্বামেব সর্ব্বকারণং

আভাস।

নিষ্পন্ন পদের দ্বারা স্থাবরস্য জড়সমূহের রাজা বলিয়া ইন্দ্র অভিহিত। অন্যত্র "অগ্নির্মূর্দ্ধা দিবঃ ককুৎপতিঃ পৃথিব্যা অয়মিতি।" এই মন্ত্র বাক্যে এই অগ্নি আদিত্যরূপে দ্যুলোকের মস্তকে এবং ককুৎ অর্থাৎ শ্রেষ্ঠ পতিরূপে অর্থাৎ জাঠরাগ্নি প্রভৃতিরূপে পৃথিব্যাদি জগৎ সংসারকে প্রতিপালন করিতেছেন। এই সমস্ত উক্তির দ্বারা অগ্নিকে স্বর্গলোকের শিরোধার্য্য সংসারের পালক বলিয়া প্রতিপন্ন করিলেও, তত্ত্বত তাহার বিপরীত অর্থই গ্রহণ করিতে হইবে। কারণ ইন্দ্র, অগ্নি এবং বরুণাদি যে কোন দেবতার নাম শ্রুতি উল্লেখ করিয়াছেন, তাহার রূঢ়ি অর্থ ত্যাগে যৌগিক অর্থ দেখিলে বুঝা যায় যে, "ইন্দতি পরমৈশ্বর্য্যং প্রাপ্নোতি ইতি ইন্দ্রঃ" অর্থাৎ পরমাত্মার প্রসাদে যিনি পরমৈশ্বর্য্য প্রাপ্ত হইয়াছেন, তিনিই ইন্দ্র নামে অভিহিত। "অগ্রে নয়তি ইতি অগ্নিঃ" এবং আবৃণোতি ইতি বরুণঃ" অর্থাৎ যে পরমপুরুষ পরমেশের প্রসাদে ইন্দ্র সত্ত্বগুণাবলম্বী হইয়া, পরমৈশ্বর্য্যের বিকাশ করিতেছেন; অগ্নি রজোগুণাবলম্বী হইয়া, সৃষ্টির প্রবাহ পরিরক্ষিত করিতেছেন এবং বরুণ তমোগুণাবলম্বী থাকিয়া, নিয়ামক ভাবে সৃষ্টির মর্য্যাদা পালন করিতেছেন, সেই পরমদেবই প্রকৃত পূজ্য ও আরাধনীয় এবং অন্বেষিতব্য। অগ্নি প্রভৃতির উপর স্বতন্ত্র কর্ত্তৃত্বের আরোপ কেবল বিবর্ত্তবাদ মাত্র। যেমন রজ্জুতে সর্পের আরোপ করায়, কেবল ভ্রম বা প্রমাদের পরিচয় দেওয়া হয় মাত্র; কিন্তু আশ্রয় রজ্জু চির সত্য; সেইরূপ শ্রোত্রনেত্রাদি-বিশিষ্ট বা অবিশিষ্ট ইন্দ্রাদি যে কোন দেবতা বা যে

ইতি তব সুরয়স্ত্রাধিপতেঽখিললোক-মল-

অন্বয়ঃ।

হে ত্র্যধিপতে ত্রিগুণমায়ামৃগীনর্ত্তক! (ত্বমেব সর্ব্বকারণত্বেন পরমার্থত্বাৎ ভজনীয়ঃ) ইতি কৃত্বা, সুরয়ঃ বিবেকিনঃ, তব অখিল-লোক-মল-ক্ষপণ-কথা-মৃতাব্ধিং (অখিলানাং শ্রবণকর্ত্তনাদি-পরাণাং জনানাং মলং পাপং ক্ষপয়তি নাশয়তি ইতি তথাভূতকথা এব অমৃতং তস্য অব্ধিং

শ্রীধরস্বামী।

ত্বমেব সর্ব্বনিগমগোচর ইতি সৎ-সম্প্রদায়-প্রবৃত্ত্যা ব্রুবন্তীতি তবেতি। ত্বমেব সর্ব্ব-কারণত্বেন পরমার্থ ইতি কৃত্বা ভো স্ত্র্যধিপতে ত্রিগুণমায়ামৃগীনর্ত্তক! সুরয়ো বিবেকিনঃ তবাখিল-লোকমলক্ষপণকথামৃতাব্ধিং সকলজনবৃজিননিরসনহেতুকীর্ত্তিসুধাসিন্ধুমবগাহ্য নিষেব্য তপাংসি ক্ষপন্তীতি পাপানি দুঃখানি বা জহুস্ত্যক্তবন্তঃ। ত্বদীয়কথামাত্রেণ যদা পাপত্যাগস্তদা কিমুত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরমেশ্বরং প্রতিপাদয়ন্নীতার্থঃ। অত্র বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যং। সর্ব্বং খল্বিদং ব্রহ্মেত্যাদ্যাঃ শ্রুতয়ঃ। অত্র সত্যশব্দেন কারণমেব ব্যাখ্যাতং। যদুক্তং ভগবতা যদুপাদায় পূর্ব্বস্তু ভাবো বিকুরুতে পরং। আদিরন্তো যদা যস্য তৎ সত্যমভিধীয়তে ইতি। ততশ্চাস্যাঃ শ্রুতেরয়মর্থঃ। আরম্ভণং বিকারঃ কার্য্যং ভবতি। বাচা যস্য নামধেয়ং ঘটাদিকং ভবতি মৃত্তিকেত্যেব সত্যং কারণং ভবতীতি ॥ ১১ ॥

সর্ব্বেশ্বরত্বাত্তবৈবোপাস্যত্বমিতি সতাং প্রবৃত্ত্যা নিশ্চিন্বন্তি ইতীতি। হে ত্র্যধিপতে ঊর্দ্ধা-ধোমধ্যবর্ত্তিনাং সর্ব্বেষামধীশ্বর ইত্যতো হেতোঃ সুরয়ো বিবেকিনোঽখিললোকমলস্য বাসনা-

---

হে ত্রিগুণাত্মিকা-মায়ামৃগীনর্ত্তক! আপনি সর্ব্বকারণ-কারণ বলিয়া পর-মার্থত ভজনীয়-জ্ঞানে বিবেকী পণ্ডিতগণ অখিল জনগণের সর্ব্বপাপ-প্রণাশন ভবদীয় কথারূপ অমৃত-সিন্ধুতে অবগাহন পূর্ব্বক আধ্যাত্মিক, আধিদৈবিক এবং অধিভৌতিক নামক ত্রিবিধ তাপের হস্ত হইতে অব্যাহতি লাভ করিয়াছেন।

আভাস।

কোন পদার্থের উল্লেখ শ্রুতি করিয়াছেন, সকলের আশ্রয়স্থল নিত্য সত্যস্বরূপে যিনি চির বিদ্যমান, তিনিই পরম পুরুষ পরমাত্মা। তাঁহাকে এস্থলে এক বৃহৎ নামেই সঙ্গিত করা হইয়াছে। এতদর্থে শ্লোকেও একটী উপমা প্রদর্শিত হইয়াছে যথা, মৃত্তিকা হইতে ঘট শরাবাদি প্রস্তুত হয়, তখন ঘটে মৃত্তিকার স্বরূপসত্তা বিলক্ষণ বিদ্যমান থাকে; এবং ঘট নষ্ট হইলে, তাহা মৃত্তিকাতেই পরিণত হয়। অতএব ঘটের পূর্ব্বাবস্থা, ঘটাবস্থা এবং ঘটের ধ্বংসাবস্থা এই অবস্থাত্রয়ে মৃত্তিকা স্বরূপত বিদ্যমান থাকিলেও, মধ্যাবস্থাতে মৃত্তিকার উল্লেখ না করিয়া, ঘট শরাবাদি নামেরই উল্লেখ করা হয় মাত্র। কিন্তু সে নামও কেবল বিকৃত ভাবের পরিচয় মাত্র। অতএব ভ্রমবশে অকস্মাৎ দৃষ্ট সর্পের অনুসন্ধান করিতে গেলে, যেমন তাহার আধার রজ্জুকেই লক্ষ্য হয়, সেইরূপ বিকৃত সৃষ্ট ব্রহ্মাণ্ডস্থ যে কোন পদার্থের নাম রূপাদির

ক্ষপণকথামৃতাব্ধিমবগাহ্য তপাংসি জহুঃ ॥

অন্বয়ঃ।

সমুদ্রং, অবগাহ্য নিষেব্য, তপন্তি ইতি তপাংসি আধ্যাত্মিকাদিদুঃখানি, জহুঃ ত্যক্তবন্তঃ। তদা হে পরম পুরুষোত্তম! যে পুনঃ স্বধাম-বিধুতাশয়-কালগুণাঃ (স্বধাম্না স্বরূপসাক্ষাৎকারেণ

শ্রীধরস্বামী।

বক্তব্যং যে পুনঃ স্বধামবিধুতাশয়কালগুণাঃ স্বধাম্না স্বরূপবিস্ফূরণেন বিধুতাস্ত্যক্তা আশয়গুণা অন্তঃকরণধর্ম্মা রাগাদয়ঃ কালগুণা জরাদয়শ্চ যৈস্তে। তথা হে পরম তব অজস্রসুখানুভবং অখণ্ডানন্দানুভবং পদং স্বরূপং ভজন্তি সেবন্তে তথাভূতা দুঃখানি ত্যজন্তীতি। তদ্‌যথা যথা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পর্য্যন্তকর্ম্মদোষস্য নিরসনী কথৈবামৃতাব্ধিমবগাহ্য তপাংসি জ্ঞানাঙ্গতপঃকৃচ্ছ্রাণি সাংসারিক-সর্ব্বদুঃখানি বা জহুরিতি সাধকা উক্তাঃ কিমুত কিং পুনর্বক্তব্যং যে স্বধাম্না স্বপ্রভাবেণৈব বিধুতা বিধ্বস্তা আশয়গুণা অন্তঃকরণধর্ম্মা রাগাদয়ঃ কালগুণা জরাদয়শ্চ যৈস্তে সিদ্ধভক্তাঃ

হে পুরুষোত্তম! ভবদীয় গুণগাথা শ্রবণ ও কীর্ত্তনাদিতে যদি এতাদৃশ ফল জন্মে, তবে যাঁহারা ভবদীয় স্বরূপ-সাক্ষাৎকারের বলে অন্তঃকরণ-ধর্ম্ম রাগ দ্বেষাদি, কালগুণ জরা বার্দ্ধক্যাদি, দেহধর্ম্ম কৃশত্বাদি, প্রাণধর্ম্ম ক্ষুৎ-

আভাস

অবলম্বনে বিকৃতের অনুসন্ধান করিলে, অবিকৃত নামরূপ-বিবর্জ্জিত পরম পুরুষ পরমাত্মাকেই লক্ষ্য হয়; সন্দেহ নাই। শ্রুতি এতদর্থেই বলিয়াছেন যে, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম ইতি" দৃশ্যমান সমগ্র ব্রহ্মাণ্ডই পূর্ণব্রহ্ম পরমাত্মা মাত্র। কারণ তাঁহার অন্তরঙ্গা শক্তিই মায়া; বহিরঙ্গা ভাবে ব্যাকৃত হইয়া, নামরূপে অভিব্যক্ত হয়েন; প্রকৃত প্রস্তাবে ইনি তাঁহার স্বরূপশক্তি নহেন। সুতরাং ব্রহ্মের বিকার ঘটে না। ভগবান্ নিজ মুখে বলিয়াছেন, প্রকৃতি উপাদান, পুরুষ আধার এবং সৎস্বরূপের অভিব্যঞ্জক কাল এই তিনের আশ্রয়ে জগৎ রচিত হইয়াছে। পদবিক্ষেপকালে মৃৎ পাষাণ বা কাষ্ঠ প্রভৃতি যে কোন পদার্থের উপর চরণ ধারণ করা যাউক্ না, সমস্তই ধরণী! সেইরূপ, যে কোন পদার্থকে অবলম্বন করিয়া নামের উল্লেখ বা শব্দের বিন্যাস শ্রুতি করুন্ না, পরমার্থত সেই নিত্য সত্য ব্রহ্ম স্বরূপেরই উল্লেখ করিতেছেন; সন্দেহ নাই। এই নিমিত্ত বিবেকী পণ্ডিতগণ সংসারে যে কোন শত্রু মিত্র উদাসীন বা দ্বেষ্যভাবে পরিচিত কোন পদার্থের ভাবে বা নামে লক্ষ্য না করিয়া, তাঁহারা তদন্তরস্থ এক নারায়ণই নানাবেশে ও নানানামে আত্মপরিচয় দিতেছেন, বলিয়া লক্ষ্য করিয়া থাকেন। তাঁহারা জল স্থল অনিল ও অন্তরীক্ষ এবং বালক বৃদ্ধ যুবা বা যুবতীকে এক ভগবান্ বলিয়া নির্দ্দেশ করেন এবং সেই জ্ঞানেই নিরন্তর প্রেম ও ভক্তিভরে প্রণাম করেন ॥ ১১ ॥

এই শ্লোকে শ্রুতির উক্তি অনুসারে ব্রহ্মজ্ঞানের অপার মাহাত্ম্যের বিষয়ই বর্ণিত হইয়াছে। শ্রুতি প্রকাশ করিয়াছেন যে, হে সর্ব্বেশ্বর! ঊর্দ্ধ, অধঃ এবং মধ্যবর্ত্তী যে যে

কিমুত পুনঃ স্বধাম-বিধুতাশয়-কালগুণাঃ
পরম ভজন্তি যে পদমজস্রসুখানুভবং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ত্যক্তাঃ অন্তঃকরণাদি-নিষ্ঠতয়া নিশ্চিতাঃ আশয়গুণাঃ অন্তঃকরণধর্ম্মাঃ রাগাদয়ঃ, কালগুণাঃ জরাদয়ঃ (দেহধর্ম্মাঃ কার্শ্যাদয়ঃ, প্রাণধর্ম্মাঃ ক্ষুদাদয়ঃ, ইন্দ্রিয়ধর্ম্মাঃ করণত্বাদয়ঃ চ) যৈঃ তথাভূতাঃ এব অজস্রসুখানুভবং নিত্যানন্দচিদাত্মকং পদং স্বরূপং ভজন্তি সেবন্তে তে তপাংসি ত্যজন্তি ইতি কিমু বক্তব্যমিতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

পুষ্করপলাশে আপো ন শ্লিষ্যন্তে এবমেবংবিদি পাপং কর্ম্ম ন শ্লিষ্যতি। ন কর্ম্মণা লিপ্যতে পাপকেন। তৎসুকৃতদুষ্কৃতে বিধুনুতে এবং হ বাব ন তপতি কিমহং সাধু নাকরবং কিমহং পাপমকরবমিত্যাদি শ্রুতেরিত্যর্থঃ। সকলবেদগণেরিতসদ্গুণস্ত্বমিতি সর্ব্বমনীষিজনা রতাঃ। ত্বয়ি সুভদ্রগুণশ্রবণাদিভিস্তব পদস্মরণেন গতক্লমাঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে পরম তে পদং অজস্রসুখানুভবং যথা স্যাত্তথা ভজন্তি। তে তপাংসি জহতীতি। অত্র বিষ্ণো র্নু কং বীর্য্যাণি প্রাবোচং। যঃ পার্থিবানি বিমমে রজাংসীত্যাদ্যা লীলাপ্রতিপাদিকাঃ। কমিতি ক ইত্যর্থঃ। প্রাবোচং প্রাবোচদিত্যর্থঃ। একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্য একোঽপি সন্ বহুধা যোঽবভাতি। তং পীঠগং যেঽনু যজন্তি ধীরা স্তেষাং সুখং শাশ্বতং নেতরেষামিত্যাদ্যা ভজন-প্রতিপাদিকাঃ শ্রুতয়ঃ ॥ ১২॥

পিপাসাদি এবং ইন্দ্রিয়ধর্ম্ম করণপটুত্বাদির উপর লক্ষ্য পরিত্যাগ পূর্ব্বক ভবদীয় নিত্যানন্দপ্রদ সচ্চিদানন্দময় পরম স্বরূপেরই ভজনা করিয়া থাকেন, তাঁহারা যে তাপত্রয়কে অতিক্রম করিবেন, তাহাতে আর বক্তব্য কি ! ॥ ১২ ॥

আভাস।

লোক আছে এবং তথায় যে কেহ বাস করিতেছেন, সকলের অধীশ্বর এক আপনি মাত্র ; সুতরাং সৎসম্প্রদায়ের আচরণ অনুসারে আপনিই একমাত্র উপাস্য এবং সমগ্র বেদের আপনিই একমাত্র প্রতিপাদ্য ধন। উত্তর-মীমাংসায় উক্ত আছে, "শাস্ত্রযোনিত্বাৎ"। সমগ্র বেদাদি শাস্ত্র আপনার নিশ্বাস-পবন-রূপে বাহিরে প্রবাহিত হইয়াছে। আপনিই শাস্ত্রের যোনি অর্থাৎ উৎপত্তির হেতু। এবং শাস্ত্রও একবাক্যে কেবল আপনাকে প্রতিপাদন করিবার নিমিত্তই শাস্ত্রনামে অভিহিত। সুতরাং যে স্থানেই আমরা নয়ন নিক্ষেপ করি না, সর্ব্বত্র আপনারই জয় অবলোকন করিতেছি। হে সর্ব্বস্বামিন্ ! বানরের গলদেশে রজ্জু প্রদানে যেমন মানব নৃত্য করায়, আপনি সেইরূপ ত্রিগুণস্বরূপা মায়ামৃগীকে নৃত্য করাইয়া এই ত্রিভুবনের যে বিষম মোহ উৎপাদন করাইতেছেন, তাহা আপনি ব্যতীত অন্য কেহ অবধারণ করিতে পারে না। বিচার-বলে অনন্তকাল জগতে বিচরণ করিলেও, তাহার কণামাত্র

দৃতয় ইব শ্বসন্ত্যসুভৃতো যদি তেঽনুবিধা

অন্বয়ঃ।

মহদহমাদয়ঃ (মহান্ অহঙ্কারশ্চ আদিঃ যেষাং তে) যদনুগ্রহতঃ (যস্য অনুপ্রবেশেন) লব্ধ-সামর্থ্যাঃ সন্তঃ, অণ্ডং সমষ্টিব্যষ্টিদেহং ব্রহ্মাণ্ডং অসৃজন্ সৃষ্টবন্তঃ, যদি অসুভৃতঃ প্রাণিনঃ, তাদৃশস্য তে তব, অনুবিধাঃ অনুবর্ত্তিনঃ, ভক্তাঃ তর্হি শ্বসন্তি জীবন্তি সফলজীবনাঃ ভবন্তি এব ;

শ্রীধরস্বামী।

অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ। তথা ন চেদাবেদীর্মহতীর্বিনষ্টিরিত্যাদ্যাঃ শ্রুতয়ঃ পূর্ব্বশ্লোকোক্তোভয়বিধভজনহীনান্ নিন্দন্তি দৃতয় ইবেতি। অসুভৃতো নরা যদি তেঽনুবিধা অনুবিদধতীত্যনুবিধা অনুবর্ত্তিনো ভক্তা ইতি যাবৎ তর্হি শ্বসন্তি জীবন্তি সফলজীবনা ভবন্তি ইতরথা দৃতয় ইব ভস্ত্রা ইব বৃথা-শ্বাসা ইত্যর্থঃ। নন্বভক্তানামপি কামাদি ফলমস্ত্যেব ন কার্য্যকারণানুগ্রাহকত্বেন জীবন-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূর্ব্বশ্লোকোক্তভজনব্যতিরেকে জনাঃ কীদৃশাঃ স্যুরিত্যপেক্ষায়ামাহুঃ দৃতয় ইবেতি। তে জনা দৃতয় ইব শ্বসন্তি ত্বদ্ভক্তিহীনত্বেন মৃতকসাধর্ম্ম্যান্নিষ্প্রাণত্বেঽপি ভস্ত্রা ইব বৃথাশ্বাসা ইত্যর্থঃ। যদি তু তে তব অনুবিধা অনুবিদধত্যানুকূল্যং কুর্ব্বন্তীত্যনুচরা ভক্তা ইতি যাবৎ। তদৈবাসুভৃতঃ প্রাণধারিণো জীবন্তো নরা উচ্যন্ত ইত্যর্থঃ। নন্বভজতামপি সূক্ষ্মঃ স্থূলশ্চ দেহো জীবন্নেব দৃশ্যতে নতু ম্রিয়মাণস্তত্রাহুঃ। মহদহমাদয়শ্চিত্তাহঙ্কারবুদ্ধিমনঃশ্রোত্রচক্ষুরাদয়ো

হে পরমেশ! মহত্তত্ত্ব এবং অহঙ্কারতত্ত্বাদি যাঁহার অনুগ্রহ লাভে অর্থাৎ যাঁহার অনুগত ভাব লাভে সামর্থ্যবিশিষ্ট হইয়া, সমষ্টিব্যষ্টি দেহরূপ এই ব্রহ্মাণ্ডের সৃষ্টি করিয়াছে, প্রাণিগণ যদি সেই আপনার ন্যায় পরম দেবের অনুগত ভক্ত হয়, তবেই তাহাদের জীবন সার্থক ; নতুবা অগ্নি-জ্বালন-কার্য্যের

আভাস।

সীমা অবধারণে কাহারও যোগ্যতা এপর্য্যন্ত ঘটে নাই। যাদুকরের হস্তকৌশল এবং কার্য্যনৈপুণ্যের প্রতি লক্ষ্য না করিয়া, যাহারা কেবল যাদুক্রিয়ার প্রতি দৃষ্টি করে, তাহারা ঔত্তরোত্তর বিস্ময়-সাগরেই কেবল নিমগ্ন হয় ; বরং বিচার-শক্তি তাহাদের ক্রমশ হ্রাস হইয়া পড়ে ; কিন্তু যাহারা যাদুকার্য্যের প্রতি দৃষ্টি করত যাদুকরের কার্য্যনৈপুণ্য ও হস্ত-কৌশলের প্রশংসা করিয়া যাদুকরের অনুগত হয়, সে সভায় তাহারাই আনন্দ লাভ করে এবং বিহ্বলতার হস্ত হইতে রক্ষা পায়। এ সংসারে যাহারা আপনার প্রতি লক্ষ্য স্থির না করিয়া, কেবল আপনার কৃত পদার্থকে ভোগ্য জ্ঞানে বিচরণ করে, তাহারা অনন্তকাল পর্য্যটন করিয়াও আপনার সৃষ্টির অন্ত পাইবে না। কিন্তু যাহারা সমস্ত আপনারই সৃষ্টি জ্ঞানে আপনার প্রতি স্থিরলক্ষ্য হয়, তাহাদের আর ভবভয় থাকে না। সমগ্র সংসার আপনার কীর্ত্তিরই পরিচয় মাত্র ; আপনার লীলার প্রতি চিত্ত সংযত করিলে, জীবমাত্রেরই অন্তঃকরণের রাগাদি মল

মহদহমাদয়োঽণ্ডমসৃজন্ যদনুগ্রহতঃ।
পুরুষবিধোঽন্বয়োঽত্র চরমোঽন্নময়াদিষু যঃ

অন্বয়ঃ।

ইতরথাঃ মৃতয়ঃ ইব অগ্নিজ্বালন-সাধনভূত-চর্ম্মবৎ পরপ্রতাপনায় এব জীবন্তি। যতঃ পুরুষবিধঃ (পুরুষস্য বিধা ইব বিধা আকারঃ যস্য সঃ) যতঃ অত্র অন্নময়াদিষু (অন্নময়-প্রাণময়-মনোময়-বিজ্ঞানময়ানন্দময়েষু) অন্বয়ঃ (অনু এতি অনুপ্রবিশতি ইতি অন্বয়ঃ অতঃ তত্তদাকারঃ ইতি যঃ

শ্রীধরস্বামী।

হেতোস্তবাভজনে কৃতঘ্নানাং তদপি ন সিদ্ধ্যেদিত্যাশয়েনাহ মহদহমাদয় ইতি। মহানহঙ্কার-শ্চাদির্যেষাং তে যদনুগ্রহতঃ যস্যানুপ্রবেশেন লব্ধসামর্থ্যাঃ সন্তঃ অণ্ডং দেহং সমষ্টিব্যষ্টিরূপং সৃষ্টবন্তঃ তত্র পঞ্চাপি কোষান্ অন্নময়াদীনাবিশ্য তত্তদাকারঃ সন্ যশ্চেষ্টয়তে স ত্বং তদাহ পুরুষবিধ ইতি। পুরুষস্য অন্নময়াদের্বিধেব বিধা আকারো যস্য স তথা। নন্থ চিদেকরসস্য কথং তত্তদাকারতা অত আহ অন্বয়োঽত্রেতি। অত্র এষু অন্নময়াদিষু অন্বেতীত্যন্বয়ঃ। অতস্ত-ত্তদাকারতেতি। এবং তর্হি সত্যত্বমসঙ্গত্বঞ্চ কথং তত্রাহ চরমোঽন্নময়াদিষু য ইতি। অন্ন-ময়াদিষু উপদিশ্যমানেষু যশ্চরমো ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠেতি পুচ্ছত্বেনোক্তঃ স ত্বমিতি সম্বন্ধঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহন্বয়ারম্ভকাঃ যদনুগ্রহতঃ যদ্ভজন-প্রাপ্তানুগ্রহাদেব অণ্ডং সমষ্টিব্যষ্টিশরীরং অসৃজন্। নমাম তে দেব পদারবিন্দং প্রপন্নতাপোপশমাতপত্রমিত্যাদি তৃতীয়োক্তে স্তে চিত্তাহঙ্কারাদয়ো ভজনে প্রবৃত্তা এব দৃষ্টা। অতো যেষাং চিত্তশ্রোত্রাদয়ো নৈব ভজনে প্রবর্ত্তন্তে তে দেহা নৈব চিত্তশ্রোত্রাদিমন্তঃ। অতএব দেহাভাসা এব মৃতা এবেতি ভাবঃ। নন্বহং কীদৃশাকারঃ যং মাং তে ভজেরন্নিত্যত আহঃ পুরুষবিধঃ। পুরুষস্য বিধেব বিধা আকারো যস্য সঃ তস্মাদেব-ভূতো ভগবানেব ত্বং সর্ব্বভূতেষু পরমাত্মা সর্ব্বমহত্তমানন্দরূপং ব্রহ্ম চ ভবসীত্যাহুঃ। অন্ন-ময়াদিষু। অন্নময়-প্রাণময়-মনোময়-বিজ্ঞানময়ানন্দময়াঃ স্থূলদেহপ্রাণান্তঃকরণজীবপরমা-ত্মানঃ ক্রমেণ বস্তিপুচ্ছ-পৃথিবীপুচ্ছাথর্ব্বাঙ্গিরপুচ্ছ-মহঃপুচ্ছ-ব্রহ্মপুচ্ছা যে পঞ্চপুরুষাঃ শ্রুতা-

---

সাধনভূত চর্ম্ম-নির্ম্মিত ভস্ত্রাবৎ কেবল পরের উত্তেজনার নিমিত্তই তাহারা জীবন ধারণ করে মাত্র। আপনি পুরুষেরই আকার ধারণে বিরাজ করিতেছেন; কারণ অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় এবং আনন্দময় প্রভৃতি উত্তরোত্তর

আভাস।

বিদূরিত হইয়া যায়। অধিক কি। কালগুণ জরা ও বার্দ্ধক্যাদির দোষও তাদৃশ ভক্তকে আক্রমণ করিতে পারে না। অহো! পদ্মপত্রে বারি যেমন সঙ্গত হয় না, ভবদীয় ভক্ত-হৃদয়ে পাপকর্ম্মও সেইরূপ কখন স্থান পায় না। জানি না! যে সমস্ত বিবেকী সাধকগণ নির্জ্জনে অবস্থান পূর্ব্বক ভবদীয় অখণ্ড আনন্দ-রসৈকমূর্ত্তি চিন্ময়ভাবের চিন্তনে আত্ম-সাক্ষাৎকার লাভ করিতে পারেন, তাপত্রয় কোন উপায়েই তাঁহাদিগকে পুনরায় অভিভূত করিতে পারে না। ॥ ১২ ॥

সদসতঃ পরং ত্বমথ যদেষ্ববশেষমৃতং ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

চরমঃ বস্তুতস্তু যঃ অন্ত্যঃ আনন্দময়ঃ তত্রাপি সদসতঃ স্থূলসূক্ষ্মাৎ অন্নময়াদেঃ পরং ব্যতিরিক্তং, অসঙ্গং তৎসাক্ষিভূতং এষু অবশেষং অবশিষ্যতে ইত্যবশেষং অবাধ্যং তৎ পরমার্থভূতং অথ অতএব ঋতং সত্যং, যৎ বস্তু তৎ ত্বং এব ইত্যন্বয়ঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

ননু তথাপ্যন্নময়াদিষ্বন্বিতত্বেঽসঙ্গত্বব্যাহতিরেব তত্রাহ সদসতঃ পরং ত্বমথ যদেষ্ববশেষমৃতমিতি। সদসতঃ স্থূলসূক্ষ্মাৎ অন্নময়াদেঃ পরং ব্যতিরিক্তং তৎ সাক্ষিভূতং অবশেষং অবশিষ্যত ইত্যবশেষং অবাধ্যং অথ অতএব ঋতং সত্যং তর্হি কিমর্থং তেষ্বন্বয় উক্ত ইতি শাখাচন্দ্রবৎ শুদ্ধস্বরূপ-লক্ষণার্থং তথাহি স বা এষ পুরুষোঽন্নরসময় স্তস্যেদমেব শির ইত্যাদিনা স্থূলসূক্ষ্মক্রমেণ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুঞ্জা কেষু মধ্যে যশ্চরমঃ আনন্দময়ঃ স ত্বমিতি সম্বন্ধঃ। ননু তর্হ্যন্নময়াদ্যাঃ কিমহং ন ভবামি তত্র বিশিংসন্তি অন্বয়োঽত্র। অত্র এষন্নময়াদিষু অনুপ্রবিশতীত্যন্বয়ঃ স ত্বং। তব কারণত্বাদন্নময়াদীনাস্তু তৎকার্য্যত্বাদেতেঽপি ত্বমেব ভবসি কিন্তু ন স্বরূপেণ। স্বরূপেণ তু ত্বমানন্দময় এব সর্ব্বকারণং পরমাত্মেত্যর্থঃ। কিঞ্চ। যৎ এষু সর্ব্বেষ্বপি মধ্যে অবশেষং পরমচরমং "রসোবৈ স" ইতি শ্রুত্যা রসত্বেন প্রতিপাদিতং। স্ত্রীণাং স্মরো মূর্ত্তিমানিতি শ্রীভাগবতবিবৃতং সদসতঃ পরং অন্নময়াদিস্থূলসূক্ষ্ম-সর্ব্ববিলক্ষণং। যদ্বা। সতঃ সর্ব্বশ্রেষ্ঠাদানন্দময়াদসত স্ততোঽপি নিকৃষ্টাদ্বিজ্ঞানময়াদেশ্চ পরমন্যৎ। যোঽসৌ জাগ্রৎস্বপ্নসুষুপ্তিমতীত্য তুর্য্যাতীতো গোপাল ইতি শ্রীগোপালতাপনীশ্রুত্যুক্তং। ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমিতি গীতাস্পষ্টীকৃতং সর্ব্বোৎকৃষ্টং শ্রীকৃষ্ণস্বরূপং বস্তু তদপি ঋতং অস্মাভিঃ শ্রুতিভি স্তপঃপ্রাপ্তস্বরূপাভিঃ প্রাপ্তমনুভূতং বা। অর্ত্তের্গত্যর্থত্বাদ্গত্যর্থানাঞ্চ প্রাপ্ত্যর্থত্বাজ্জ্ঞানার্থত্বাচ্চ অত্র অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনা

আশ্রয়-আশ্রয়ী ভাবে বিদ্যমান কোষসমূহে প্রবিষ্ট হইয়া, পুরুষাকারে প্রতীত হন; অথচ সকলের অন্ত্য চরম সীমায় অবস্থিত আনন্দময় কোষে সকল কোষ হইতে পৃথক্‌ভাবে সকলের সাক্ষীরূপ চিদানন্দভাবে অবস্থান করিতেছেন। সকলের অপলোপ হইলেও, আপনার অভাব হয় না; আপনি পরমার্থস্বরূপ সত্য বস্তুরূপে নিত্য বিরাজ করিতেছেন ॥ ১৩ ॥

আভাস।

পূর্ব্বশ্লোকোক্ত ভজনা ব্যতিরেকে জীবের যে কিরূপ দুর্গতি হয়, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। অসূর্য্যা নাম, ইতি শ্রুতিবাক্যের দ্বারা স্পষ্টত প্রতিপাদন করা হইয়াছে যে, ভগবদ্বহির্মুখ ব্যক্তি মাত্রেরই আসুরিক যোনিতে গতি হইয়া থাকে। এস্থলে অসূর্য্যা শব্দে সাংসারিক জ্ঞানহীন গতির কথাই বলা হইয়াছে। বিষ্ণুধর্ম্মোত্তরে উক্ত আছে,

শ্রীধরস্বামী।

পঞ্চকোষানুপদিশ্য তস্য পুরুষবিধতামন্বয়ং পুরুষবিধ ইতি পুনঃ পুনস্তদন্বিততেনালক্ষ্য ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠেতি সর্ব্বসাক্ষিশুদ্ধস্বরূপনিরূপণমিত্যনবদ্যং। নরবপুঃ প্রতিপদ্য যদি ত্বয়ি শ্রবণবর্ণনসংস্মরণাদিভিঃ। নরহরে ন ভজন্তি নৃণামিদং দৃতিবদুচ্ছ্বসিতং বিফলং ততঃ॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যাদ্যাঃ ভক্ত্যভাবে দোষপ্রতিপাদিকাঃ অসূর্য্যাঃ। দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ। বিষ্ণুভক্তিপরো দৈব আসুরস্তদ্বিপর্য্যয় ইত্যাগ্নেয়বিষ্ণুধর্ম্মোক্তে রজুরাণাং বিষ্ণুভক্তিহীনানাং প্রাপ্য ইত্যর্থঃ। নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্। তং পীঠগং যেতু যজন্তি ধীরা তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষামিত্যাদ্যা নেতরেষামিত্যাদ্যাভক্তিসত্ত্বে গুণপ্রতিপাদিকাঃ শ্রুতয়ঃ। স বা এষ পুরুষোঽন্নরসময়স্তস্যেদমেব শিরঃ। অয়ং দক্ষিণঃ পক্ষঃ অয়মাত্মা ইদং পুচ্ছং প্রতিষ্ঠা ইত্যেবমন্নময়-প্রাণময়-মনোময়-বিজ্ঞানময়পুরুষানন্নরূপণানন্তরং পঞ্চম আনন্দময়ো নিরূপিতো যথা তস্মাদ্বা এতস্মাদ্বিজ্ঞানময়াদন্যোঽন্তর আত্মা আনন্দময়স্তস্য প্রিয়মেব শিরো মোদো দক্ষিণঃ পক্ষঃ প্রমোদ উত্তরঃ পক্ষ আনন্দ আত্মা ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠেতি তৌ তুরীয়কশ্রুতিজীবাত্ম-পরমাত্ম-ব্রহ্মপ্রতিপাদিকাঃ। অত্র যো বিজ্ঞানে তিষ্ঠন্ বিজ্ঞানান্তরো যস্য বিজ্ঞানং শরীরমিতি জীবান্তর্যামিপ্রতিপাদক

আভাস।

"দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ। বিষ্ণুভক্তিপরো দৈব আসুর স্তদ্বিপর্য্যয়ঃ॥ ইতি"। দৈব আসুরি ভেদে সৃষ্টি দুই প্রকার। যাহারা ভগবানে ভক্তি করেন, তাঁহারা দেবভাব প্রাপ্তে উত্তরোত্তর উন্নতির পথে আরোহণ পূর্ব্বক মুক্ত হয়েন; এবং যাহারা সৃষ্টিকর্ত্তার প্রতি লক্ষ্য না করিয়া, কেবল ভোগ্য বিষয়ের অভিমুখেই ধাবিত থাকে, তাহারা আসুরিক যোনি লাভে অবনতির পথেই অবনত হইয়া ঘোর অজ্ঞানান্ধ তির্য্যক্ বা স্থাবর যোনি প্রাপ্তে চির বদ্ধ হইয়া পড়ে। ঈশ্বরকে যে পরিমাণে অবধারণ করা যায়, সেই পরিমাণে মুক্ত এবং যে পরিমাণে না জানা যায়, অর্থাৎ বিষয়ে যত আসক্ত হওয়া যায়, সেই পরিমাণে তজ্জাতিত্ব-প্রাপ্তি ঘটে। মানব-জীবন ব্যতীত অন্য সকল যোনি কেবল ভোগার্থ পরিগ্রহ করিতে হয়; কেবল মনুষ্য জীবনই আত্মানাত্ম-বিচারে বিলক্ষণ পারদর্শী থাকায়, এই মনুষ্য জীবনই জীবের পক্ষে একান্ত দুর্ল্লভ। নর-কলেবর প্রাপ্ত হইয়া, যাহারা হে ভগবন্! আপনার স্বরূপ-সাক্ষাৎকারে সমর্থ হয়, তাহাদের জন্মই প্রকৃত সার্থক; নতুবা সমগ্র সংসারকে পরীক্ষা করত, আত্মানুভূতির আশ্রয়ে পরম পদ মোক্ষ-লাভের উত্তম উপকরণ সত্ত্বেও যদি পুনরায় অন্যত্র সুলভ ভোগ লাভেই জীবনকে যাহারা অতিবাহিত করিতে চাহে, তাহারা ভস্ত্রার ন্যায় বৃথা নিজের নিষ্প্রয়োজনে শ্বাসক্রিয়া করিয়াই চলিয়া গেল। ভস্ত্রা নিস্বার্থে কেবল অগ্নির উদ্দীপনার্থই বায়ু প্রদান করিল মাত্র; অভক্ত জীবও সেইরূপ কেবল অন্যের চিত্তাকর্ষণার্থ জীবন ধারণ করিল মাত্র; নিজের কোন উপকার সাধন তাহার সেই জন্মে হইল না। তাহার সঞ্চিত সকল সামগ্রীকে সংগ্রহার্থ তাহার প্রতি ভয় বা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রুতেরাত্মনি তিষ্ঠন্নিতি শ্রুত্যন্তরবাচ্য-বিজ্ঞানময়ো জীবাত্মৈব পরমোপাস্য ইতি বৈষ্ণবমতে ব্যাখ্যা। ততোঽত্র পুত্রদর্শনজানন্দাদিকং প্রিয়াদিশব্দৈর্ন ব্যাখ্যেয়ং কিন্ত্বেকস্যৈব পরমানন্দরূপস্য পরমাত্মন আনন্দোদয়োৎকর্ষতারতম্যাদেব প্রিয়াদীনাং চতুর্ণাং তত্তন্নামভেদঃ। ব্রহ্মণস্তু সর্ব্বতোঽপি বৃহত্তমানন্দত্বাদানন্দ-প্রতিষ্ঠাত্বং। প্রতিষ্ঠীয়তেঽস্যামিতি প্রতিষ্ঠা আশ্রয়ঃ। ব্রহ্মণোঽহি প্রতিষ্ঠাহমিত্যুক্তেঃ। রসোবৈ স ইতি সর্ব্বান্তিমশ্রুত্যুক্তেশ্চ তস্যাপি প্রতিষ্ঠাত্বাৎ কৃষ্ণঃ সর্ব্ববৃহত্তমানন্দস্তদবধিরূপো গোপালতাপনীশ্রুত্যা তুরীয়াদপি বিলক্ষণত্বেন প্রতিপাদিতঃ প্রেমরসময়বপুরুপাস্যেষু পরমাবধিরুক্তঃ। বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগদিত্যুক্তেরন্তর্যাম্যানন্দময়ঃ খলু যস্যৈক এবাংশঃ। অতএব প্রেক্ষাবচ্ছিরোমণীনাং শ্রুতীনাং কৃষ্ণস্যৈবোপাসনা বৃহদ্বামনে দৃষ্টা। প্রাপ্তিশ্চ গোপীত্বেন স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ডেতি পদ্যেন বক্ষ্যতে। অতো ভগবৎস্বরূপেষ্বপি মধ্যে কৃষ্ণমেব সর্ব্বোৎকৃষ্টতয়া শ্রুতিভিঃ প্রতিপাদিতমবধার্য্য নারদঃ শ্রীনারায়ণস্যাপি পুরস্থিতো নমস্তস্মৈ ভগবতে কৃষ্ণায়ামলকীর্ত্তয় ইত্যুচ্চারয়ন্ কৃষ্ণমেব নমস্করিষ্যতে॥ ১৩॥

আভাস।

ভক্তির প্রদর্শনেই সমাজ সর্ব্বদা কটাক্ষ করিতে থাকে। কিন্তু দুঃখের বিষয় এই যে, অভক্তের ন্যায় কৃতঘ্ন সংসারে আর কেহই নাই। সংসারে সকল অপরাধের মোচন আছে; কারণ আত্মার অনুরোধে অনেক দুষ্কর্ম্মই অনুষ্ঠিত হইবার সম্ভাবনা; কিন্তু যে ব্যক্তি সেই আত্মার বিনাশ করে, তাহার যেমন আর নিষ্কৃতি নাই, সেইরূপ অভক্তেরও নিষ্কৃতি নাই। কারণ যিনি আত্মার আত্মা; অমর পরমাত্মার কার্য্যে অর্থাৎ তৎসাক্ষাৎকারার্থ যদি মানব জীবনে প্রতিকার করা না হইল, তাহা হইলে সেই মানবের যে নিষ্কৃতি নাই সে বিষয়ে আর সন্দেহ নাই। যে অনেক দূরে থাকে, কদাচিৎ যাহার সহিত সাক্ষাৎকার ঘটে এবং যাহার দ্বারা সর্ব্বদা উপকারের বিশেষ প্রত্যাশা না থাকে, তাহার সহিত পরিচয় না রাখায়, তত বিশেষ দোষ ঘটে না। কিন্তু যাঁহার সহিত সর্ব্বদা দেখা সাক্ষাৎ হয়, যিনি অতি নিকটে বাস করেন এবং সর্ব্বদাই উপকারাকরেন, তাঁহার সহিত সম্বন্ধ না রাখার ন্যায় অপরাধ আর কি থাকিতে পারে? এবং প্রকৃত প্রস্তাবে তাদৃশ মানবকেই কৃতঘ্ন নামে অভিহিত করা যায়। হে পরমেশ! আপনি জীবের যে কত আপন, তাহা ধারণায় গ্রহণ করা যায় না; অধিক কি! আপন ভাবের অন্বেষণ করিতেও আত্মহারা হইতে হয়। কারণ আপনিও জীবকে প্রেম দেখাইতে আত্মহারা হইয়াছেন। সাধারণত মানব যদি স্বীয় দেহের অনুসন্ধানে প্রবৃত্ত হয়, সর্ব্বান্তে আপনাকে মাত্র লক্ষ্য করিয়া আত্মহারা হইয়া পড়ে; কারণ সর্ব্বান্তে আপনি তাহার অন্তর্যামী হইয়া, অন্তরাকাশে দণ্ডায়মান থাকেন। সে না দেখিলেও, আপনার বিষয় আলোচনা না করিলেও, আপনি তাহাকে না দেখিয়া বা তাহার কার্য্য সমাধা না করিয়া, বিরত থাকেন না। রস যেমন বীজকে আশ্রয় করত অঙ্কুর, স্কন্ধ, ত্বক্, মূল, শাখা, পল্লব, পত্র,

উদরমুপাসতে য ঋষিবর্ত্মসু কূর্পদৃশঃ পরিসরপদ্ধতিং হৃদয়মারুণয়ো দহরং।

অন্বয়ঃ।

ঋষিবর্ত্মসু (ঋষীণাং সম্প্রদায়মার্গেষু) যে কূর্পদৃশঃ (কূর্পং শর্করা রজঃ বিদ্যতে দৃক্ষু অক্ষিষু যেষাং তে তথা রজঃপিহিত-দৃষ্টয়ঃ স্থূলদৃষ্টয়ঃ ইতি তে) উদরং ব্রহ্ম ইতি উপাসতে

শ্রীধরস্বামী।

এবং তাবৎ সর্ব্বাত্মকে পরমেশ্বরে সর্ব্বশ্রুতি-সমন্বয়েন সদ্ভজনীয়ত্বমুক্ত্বা অভক্তনিন্দয়া চ তদেব দৃঢ়ীকৃত্য ইদানীমনবগাহ্য-মহিমনি প্রথমং তাবৎ উপাধ্যালম্বনমুপাসনং উদরং ব্রহ্মেতি শার্করাক্ষা উপাসতে। হৃদয়ং ব্রহ্মেতি আরুণয়ো ব্রহ্ম হৈব তা ইত ঊর্দ্ধত্বে বোদসর্পত্তচ্ছিরো-শ্রয়তেত্যাদ্যাঃ শ্রুতয়ো বিদধতীত্যাহ। উদরমুপাসত ইতি। ঋষিবর্ত্মসু ঋষিণাং সম্প্রদায়মার্গেষু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবমিতি তব স্বরূপ ইতি শ্লোকদ্বয়েন ভক্তানাং ভগবদ্বিষয়িকাং ভক্তিমুক্ত্বা যোগিনাং পরমাত্মবিষয়কং যোগমাহরুদরমিতি। অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ। প্রাণাপানসমাযুক্তঃ পচাম্যন্নং চতুর্বিধমিতি শ্রীগীতোক্তেরুদরং উদরস্থ-বৈশ্বানরান্তর্যামিণং ক্রিয়াশক্তিদায়কং যে উপাসতে তে ঋষিবর্ত্মসু ঋষীণাং সম্প্রদায়মার্গেষু কূর্পদৃশঃ কূর্পং শর্করা

হে ভগবন্! আপনার উপাসনার পদ্ধতি অতীব দুরবগাহ্য! ঋষিগণের সম্প্রদায়ভেদে উপাসনারও ভেদ যথেষ্ট পরিলক্ষিত হইয়া থাকে; কারণ ইহাঁদের মধ্যে যাঁহারা কিছু মলিন-দৃষ্টি তাঁহারা স্বীয় কলেবরের মধ্যে উদরকে অবলম্বন পূর্ব্বক মণিপুরকস্থ ক্রিয়াশক্তিভাবকেই ব্রহ্মজ্ঞানে উপাসনা করিয়া থাকেন; এই উপাসনাকে শার্করাক্ষা বলা যায়। অন্য সম্প্রদায় আবার

আভাস।

পুষ্প, ও ফলাদিতে পরিণত সেই সেই সকল অবস্থার সৃষ্টি করিতেছে, অথচ স্বয়ং রসরূপে সর্ব্বভাবে বিদ্যমান থাকে, হে দেব! আপনিও সেইরূপ এক আনন্দময় কোষকে আশ্রয় করত উত্তরোত্তর বিজ্ঞানময়, মনোময়, প্রাণময় এবং সর্ব্বান্তে অন্নময় কোষের উৎপাদনে পুরুষ-বিগ্রহ হইয়া, প্রতীত হইতেছেন; অথচ সকল কে যেই চিদানন্দ-মূর্ত্তিতে অবস্থান পূর্ব্বক সকলগুলিকেই চেতন করিতেছেন। সুতরাং আপনার প্রসাদেই জীব আপন অস্তিত্ব উপলব্ধি করিতেছে এবং আপন সামগ্রি বলিয়া অবধারণ করিতেছে। অহো! কি দুঃখের বিষয়! যাঁহার আনুকূল্যে সমস্ত দেখিতেছে, জীব কেবল তাঁহাকে যদি না দেখে, তদপেক্ষা আর কি বিড়ম্বনা আছে? জীব বিশেষ অনুসন্ধানের সহিত বিচার করিলে বুঝিতে পারে যে, তাহার দেহাদি ইন্দ্রিয়বর্গ কিছুই তাহার অধীন নহে; কে এক জন তাহার অজ্ঞাতসারে ভিতরে সর্ব্বক্ষণ বসিয়া আছেন এবং শক্তি প্রদানে তাহাকে শক্তিমান্ করিয়া বিষয়-সম্ভোগের যোগ্যতা প্রদান করিতেছেন। দেহাদির সর্ব্বাংশে জীবের এক আনা কর্ত্তৃত্ব আছে কি না সন্দেহ। অবশিষ্ট পোনর আনা কর্ত্তৃত্ব আপনার হস্তে। আপনি তাহাদের অন্তরে অন্তরে মর্ম্মে মর্ম্মে অবস্থিত থাকিয়া, সকল

ততঃ উদগাদনন্ত তব ধাম শিরঃ পরমং

অন্বয়ঃ।

(তে উদরালম্বনং মণিপুরকস্থং ব্রহ্ম উপাসতে ধ্যায়ন্তি)। আরুণয়ঃ (অরুণস্য পুত্রাঃ) তু পরিসরপদ্ধতিং (পরিতঃ সরন্তি প্রসর্পন্তি ইতি পরিসরাঃ নাড্যঃ তাসাং পদ্ধতিং মার্গং প্রসরণ-স্থানং হৃদয়ং হৃদয়স্থং দহরং সূক্ষ্মং এব উপাসতে ধ্যায়ন্তি। হে অনন্ত! ততঃ হৃদয়াৎ

শ্রীধরস্বামী।

যে কূর্পদৃশঃ তে উদরালম্বনং মণিপুরস্থং ব্রহ্ম উপাসতে ধ্যায়ন্তি শার্করাক্ষা ইতি শ্রুতিপদস্য প্রতিপদং কূর্পদৃশ ইতি। কূর্পং শর্করা রজো বিদ্যতে দৃক্ষু অক্ষিষু যেষাং তে তথা রজঃপিহিত-দৃষ্টয়ঃ স্থূলদৃষ্টয় ইতি যাবৎ। উদরস্য হৃদয়াপেক্ষয়া স্থূলত্বাৎ। যদ্বা। কূর্পং সূক্ষ্মং সূক্ষ্মদৃশ ইত্যর্থঃ। তদা হৃদয়স্থং সূক্ষ্মমেবালক্ষ্য তৎপ্রবেশায় প্রথমমুদরস্থমুপাসত ইত্যর্থঃ। আরুণয়স্তু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রজো দৃক্ষু অক্ষিষু যেষাং তে রজঃপিহিত-দৃষ্টয়ঃ স্থূলদৃষ্টয়ঃ ইতি যাবৎ। উদরস্য হৃদয়াপেক্ষয়া স্থূলত্বাৎ। যদ্বা কূর্পং সূক্ষ্মং সূক্ষ্মদৃশ ইত্যর্থঃ। তদা হৃদয়স্থং সূক্ষ্মমেবালক্ষ্য তৎপ্রবেশায় প্রথম-মুদরস্থমুপাসত ইতি ভাবঃ। আরুণয়স্তু হৃদয়ং হৃদয়-স্থিত-জীবাস্তর্যামিণং বুদ্ধ্যাদি-প্রবর্ত্তনয়া জ্ঞানশক্তিদায়কং। দহরং দুর্জ্ঞেয়ত্বাৎ সূক্ষ্মং পরিতঃ সরন্তি প্রসর্পন্তীতি পরিসরা নাড্য স্তাসাং

পরিসর-পদ্ধতি অর্থাৎ নাড়ীসমূহের ঊর্দ্ধগতিকে অবলম্বন পূর্ব্বক হৃদয়স্থ সূক্ষ্ম ভাবের মননাদি করিবার বৃত্তির আশ্রয়ে ব্রহ্মস্বরূপের উপাসনা করিয়া থাকেন। হে অনন্ত! সেই হৃদয় হইতে ভবদীয় উপলব্ধি-স্থান সুষুম্নানামক শ্রেষ্ঠ জ্যোতির্ম্ময় মূর্দ্ধার প্রতি ক্রমান্বয়ে চিত্তকে অগ্রসর করাইয়া থাকেন। অর্থাৎ মূলাধার হইতে আরম্ভ করিয়া, হৃদয়ের মধ্য দিয়া ব্রহ্মরন্ধ্রের প্রতি অগ্রসর

আভাস।

কার্য্য সমাধা করাইতেছেন; অথচ আনন্দময় নামক চরম কোষে সম্পূর্ণ অসঙ্গ চিদানন্দ মূর্ত্তির প্রতিবিম্বরূপে নিরন্তর প্রতীত হইতেছেন। শ্রুতিতে উক্ত আছে যে, এই বিজ্ঞানময় কোষ হইতে সম্পূর্ণ পৃথক্ অথচ বিজ্ঞানময়ের অন্তরে যে আনন্দময় আত্মা আছেন, তাঁহার প্রিয়-ভাবই মস্তক স্বরূপ, দক্ষিণ পক্ষ মোদ, উত্তর পক্ষ প্রমোদ, আনন্দই আত্মা এবং ব্রহ্মই পুচ্ছ অর্থাৎ প্রতিষ্ঠা। এই সকল শ্রুতি দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, অন্নময়াদি কোষপঞ্চকের বিচার করিলে, মানব সর্ব্বান্তে আত্মস্বরূপের উপলব্ধি পূর্ব্বক ব্রহ্ম সাক্ষাৎকারে অধিকারী হয়; এবং তখনই তাহার জন্ম-মরণ-রূপ সংসার-স্রোত হইতে নিষ্কৃতি লাভ ঘটে; সন্দেহ নাই ॥১৩॥

পূর্ব্বোক্ত শ্লোক-চতুষ্টয়ের দ্বারা পরমেশ্বরের সর্ব্বাত্মকত্ব এবং সন্তজনীয়ত্ব সম্বন্ধে শ্রুতি-বাক্যের সমন্বয়ের দ্বারা প্রমাণীকৃত করিয়া, অভক্তের নিন্দাবাদের উল্লেখ করা হইয়াছে। সম্প্রতি পরমাত্মতত্ত্বের দুরবগাহ মহিমায় প্রবেশের উপায়-স্বরূপে প্রথমত উপাধির অবলম্বনে উপাসনার ক্রম বর্ণিত হইয়াছে। অহংবৈশ্বানরো ভূত্বা ইত্যাদি গীতা বাক্যের দ্বারা-উক্ত

পুনরিহ যৎ সমেত্য ন পতন্তি কৃতান্তমুখে ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

তব ধাম উপলব্ধিস্থানং সুষুম্নাখ্যং পরমং শ্রেষ্ঠং জ্যোতির্ময়ং শিরঃ মূর্দ্ধাণং প্রতি উদগাৎ উদসর্পৎ মূলাধারাৎ আরভ্য হৃদয়মধ্যাৎ ব্রহ্মরন্ধ্রং প্রতি উদ্গতং ইতি। যৎ সমেত্য প্রাপ্য, পুনঃ ইহ কৃতান্তমুখে সংসারে, ন পতন্তি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

সাক্ষাৎ হৃদয়স্থং দহরং সূক্ষ্মমেবোপাসতে। হৃদয়বিশেষণং পরিসরপদ্ধতিমিতি। পরিতঃ সরন্তি প্রসর্পন্তি পরিসরাঃ নাড্যস্তাসাং পদ্ধতিং মার্গং প্রসরণস্থানমিত্যর্থঃ। সবিশেষণস্য ফলমাহ তত ইতি। ততো হৃদয়াৎ ভো অনন্ত তব ধাম উপলব্ধিস্থানং সুষুম্নাখ্যং পরমং শ্রেষ্ঠং জ্যোতির্ময়ং শিরো মূর্দ্ধানং প্রতি উদগাৎ উদসর্পৎ মূলাধারাদারভ্য হৃদয়মধ্যা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পদ্ধতিং মার্গং প্রসরণস্থানমিতি হৃদয়বিশেষণং। বিশেষণস্য ফলমাহুস্তত ইতি। ততো হৃদয়াৎ ভো অনন্ত তব পরমাত্মনো ধাম উপলব্ধিস্থানং জ্যোতির্ময়ং শিরঃ প্রতি উদগাৎ উদসর্পৎ। মূলাধারদারভ্য হৃদয়মধ্যাদ্ ব্রহ্মরন্ধ্রং প্রত্যুদ্গতমিত্যর্থঃ। ধামৈব স্থূলত্রয়গতং বভূবেতি বস্তুর্থঃ। যৎ সমেত্য শিরস্থং পরমং ধাম প্রাপ্য পুনরিহ কৃতান্তমুখে সংসারে

হইয়া চিদ্ঘন ভবদীয় ভাবের উপলব্ধিতে তাঁহারা নিবৃত্তি লাভ করেন। অহো! এই পদ্ধতি অনুসারে ক্রমান্বয় স্থূল হইতে অতীব সূক্ষ্মভাব পর্য্যন্ত তত্ত্বসমূহে সমাহিত হইয়া, যাঁহাদের চিত্ত অবশেষে চৈতন্যস্বরূপে সমাহিত হয় তাঁহাদিগকে আর ঘোর সংসারে পতিত হইয়া কালের তাড়না সহ্য করিতে হয় না ॥ ১৪ ॥

আভাস।

হইয়াছে যে, পরমাত্মা বৈশ্বানর হুতাশন-মূর্ত্তিতে প্রাণিগণের দেহকে আশ্রয় করত প্রাণাপানাদি বায়ুর যোগে চতুর্ব্বিধ অন্নকে পরিপাচিত করিতেছেন। অতএব উদর মধ্যে ক্রিয়াশক্তিদায়ক বৈশ্বানর নামে অন্তর্যামীর উপাসনা করিতে পারিলে, ক্রমশ চিৎশক্তির উপলব্ধি এই দেহের মধ্যেই হইতে পারে। চৈতন্যময় পরমাত্ম-স্বরূপের উপলব্ধির জন্য ঋষিগণ দেহস্থ ক্রিয়াশক্তিকে অবলম্বন পূর্ব্বক অগ্রসর হইয়া, সর্ব্বান্তে পরমশক্তিকে প্রাপ্ত হইয়া থাকেন। এই উপাসনার ক্রম যথান্যায়ে এই শ্লোকে বর্ণিত হইয়াছে। অর্থাৎ জ্ঞান ব্যতীত ক্রিয়া হয় না। "অচেতনে ক্রিয়া নাস্তি"। এবং ক্রিয়ার অন্তরে জ্ঞান আছে; নতুবা ক্রিয়ার উদ্রেক, অবস্থিতি বা নিবৃত্তি কিছুই হইতে পারে না। এ সকল বিষয় পূর্ব্ব পূর্ব্ব স্কন্ধাদিতে যথেষ্ট উপবর্ণিত হইয়াছে। এ স্থলে বক্তব্য এই যে, আমাদের দেহস্থ ক্রিয়া-শক্তির অবলম্বনে আমাদিগকে ক্রিয়ার নিয়ন্তা চৈতন্য-স্বরূপকে প্রমাণীকৃত ও উপলব্ধি করিতে হইবে। সাধারণত স্থূল-দৃষ্টিতে ক্রিয়াশক্তির পূর্ণ পরিচয় আমরা নিজেদের পাকস্থলীতেই উপলব্ধ

শ্রীধরস্বামী।

ব্রহ্মরন্ধ্রং প্রত্যুদ্গতমিত্যর্থঃ। কথম্ভূতং ধাম। যং সমেত্য প্রাপ্য পুনরিহ কৃতান্তমুখে মৃত্যু-মুখে সংসারে ন পতন্তি। তথাচ শ্রুতিঃ। শতঞ্চৈকা চ হৃদয়স্য নাড্য স্তাসাং মূর্দ্ধানমভি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন পতন্তি। অত্র উদরং ব্রহ্মেতি শার্করাক্ষা উপাসত ইতি। হৃদয়ং ব্রহ্মেত্যারুণয় ইতি মহান্ প্রভুর্বৈ পুরুষঃ সত্ত্বস্যৈব প্রবর্ত্তকঃ। অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽন্তরাত্মা সদা জনানাং

আভাস।

করিতে পারি। কারণ সেখানে নানাপ্রকার ভুক্ত অন্ন রসাদি আমাদের অজ্ঞাতসারে পরিপাচিত হইয়া, যে শক্তিবলে রস, রক্ত ও মজ্জাদিরূপে যথাস্থানে নিয়োজিত হইতেছে, সেই স্থূল শক্তিকে প্রথম ব্রহ্মজ্ঞানে উপাসনা অর্থাৎ উপলব্ধি করা বিধেয়। অর্থাৎ ভুক্ত অন্ন এবং পাকস্থলি ব্যতীত তথায় কেবল ক্রিয়া শক্তির অবধারণে অর্থাৎ স্পষ্টত তাহার উপলব্ধিতে চিত্ত যখন স্থির হইতে পারিবে, তখনই সে উপাসনার সমাপ্তি হইল। পরে তথায় পরিপাচিত রস নাভিকুণ্ডলস্থ নাড়ীসমূহের সাহায্যে প্রসৃত হইয়া, দেহের সর্ব্বত্র ব্যাপ্ত ও নানাভাবে পরিণত হইয়া, দেহের বলাদির হ্রাস বৃদ্ধি করিতেছে। এই নাড়ীসমূহ ক্রমশ প্রথম হৃদয়ে অর্থাৎ বক্ষস্থলে এবং তথা হইতে ঊর্দ্ধ ও অধঃ সর্ব্বত্র ব্যাপ্ত হইয়াছে। যে শক্তি নাড়ীসমূহে অবস্থান করত পরিণত রক্ত, মাংস ও শুক্রাদিকে যথাস্থানে প্রযুক্ত করিতেছে, তাহাতে শক্তি ব্যতীত অন্য একটী জ্ঞান ভাগের বিশেষ পরিচয় আছে। এই শক্তি হৃদয়ে; এবং এই শক্তির আশ্রয়-স্থলকে তন্ত্রে অনাহত-পদ্ম বলে; অর্থাৎ সর্ব্বত্র প্রসৃত অব্যাহত শক্তির আধারপদ্মই অনাহত নামে অভিব্যক্ত। এই শক্তি ক্রমশ সূক্ষ্মতম ভাব ধারণে চৈতন্য-শক্তিতে পরিণত হইয়া, উত্তরোত্তর মন, অহঙ্কার, বুদ্ধি ও চিত্তরূপে পরিণত হইয়া, দেহের সূক্ষ্মাবয়বেরই পরিচয় দিয়া থাকে। ছান্দোগ্য উপনিষদে উক্ত আছে, যথা; "অন্নময় হি সৌম্য মনঃ আপোময়ঃ প্রাণঃ তেজোময়ী বাক্ ইতি" অর্থাৎ অন্নের সূক্ষ্মাংশের দ্বারা মন গঠিত হয়; জলের দ্বারা প্রাণ এবং তেজের দ্বারা বাগাদি ইন্দ্রিয়বর্গ গঠিত হয়। অতএব অন্নাদি ভুক্ত পদার্থ দেহস্থ ত্রিবিধ স্থানে তিনবার পরিপাচিত হয়; প্রথ উদরে পরিপাচিত হইয়া সূক্ষ্ম রস ও সুবিষ্ঠ পুরীষভাবে পরিণত হইয়া থাকে; দ্বিতীয় বার সেই সূক্ষ্ম রস পরিপাচিত হইয়া, তদপেক্ষা উত্তরোত্তর সূক্ষ্ম রক্ত মাংস মজ্জা অস্থি মেদ স্নায়ু ও শুক্ররূপ ক্রমান্বয়ে পরিবর্ত্তিত হয় এবং তাহার সুবিষ্ঠ ধাতু ঘর্ম্ম, মূত্র ও ক্লেদাদিতে পরিণত হইয়া, দেহ হইতে নিসৃত হইয়া যায়। পরে তৃতীয় পরিপাচনের স্থলে শুক্রও পরিপাচিত হইয়া, স্থূল সূক্ষ্ম ক্রমে দুইভাবে বিভক্ত হয়। স্থূল অংশ প্রাণ, ওজঃ, সহঃ ও বলরূপে দেহের ইন্দ্রিয়াদি বিভাগেই অবস্থান করে এবং সূক্ষ্ম অংশ মন অহঙ্কার বুদ্ধি ও চিত্তরূপে পরিণত হইয়া, সেই সেই তত্ত্বের পুষ্টিসাধন করে। এই ত্রিবিধ পরিপাচনের স্থলকেই ঋষিরা উদর, হৃদয় ও শিরঃ বলিয়া উল্লেখ করিয়াছেন এবং তত্রস্থ ক্রিয়াশক্তিকে আশ্রয় করত, তদন্তরালে বিদ্যমান জ্ঞানশক্তির অবলম্বনে ক্রমমুক্তির পথ উদ্ঘাটন করিয়াছেন। তন্ত্রান্তরে ষট্‌চক্রের বর্ণনার দ্বারা এই পদ্ধতিরই পরিচয় দেওয়া

শ্রীধরস্বামী।

নিঃসৃতৈকা তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি বিষ্বঙ্ অন্যা উৎক্রমণে ভবন্তীতি। উদরাদিষু যঃ পুংসাং চিন্তিতো মুনিবর্ত্মভিঃ। হন্তি মৃত্যুভয়ং দেবো হৃদ্গতং তমুপাস্মহে॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হৃদয়ে সন্নিবিষ্ট ইতি। শতঞ্চৈকা চ হৃদয়স্য নাড্যস্তাসাং মূর্দ্ধানমভিনিঃসৃতৈকা তয়োর্দ্ধ-মায়ন্নমৃতত্বমেতি। বিষ্বঙ্ অন্যা উৎক্রমণে ভবন্তীতি শ্রুতয়ঃ ॥ ১৪ ॥

আভাস।

হইয়াছে। অর্থাৎ সাধনমার্গে কেবল জ্ঞান-সম্বলিষ্ঠ শক্তিকে অবলম্বন পূর্ব্বক অগ্রসর হইয়া, ক্রমশ শক্তিকে লঘু করত জ্ঞানের উৎকর্ষ সাধন বা জ্ঞানমাত্রার উপলব্ধি করাই জীবের জীব-মুক্তভাব। অতএব অঙ্গপ্রত্যঙ্গাদি দেহের যাবতীয় অবয়ব সঞ্চালিত করিতে হইলে, আমরা মূলাধারস্থ শক্তিবলেই সমস্ত করিয়া থাকি; ঋষিগণ প্রথম মূলাধারকেই ব্রহ্মের আধার, এই নিমিত্ত পদ্ম বিবেচনায় চিন্তা করিতে বলিয়াছেন। যেমন বৃক্ষের স্কন্ধ ও মূলদেশের মধ্যবর্ত্তী সংযোগস্থলে যে শক্তি আছে, সেই শক্তিই উর্দ্ধে স্কন্ধ শাখা প্রশাখা পত্র পুষ্প ও ফলকে, পরিণত করে এবং মূলভাগের প্রসারণে পৃথিবী হইতে রস আকর্ষণ ও তৎসঙ্গে মূল শিকড়াদির বৃদ্ধিও সাধিত করে, সেইরূপ মানবদেহের মেরুদণ্ডের শেষ নিম্নমুখে, লিঙ্গমূলের নিম্নে এবং গুহ্যের উপরে যে সংযোগ-স্থান আছে, তাহাতে একটী অপূর্ব্ব শক্তি নিরন্তর বিদ্যমান, যাহার বলে মানব দুই পদের বা কোমরের উপর সমগ্র দেহ যথেচ্ছ সঞ্চালিত করিতে পারে; এবং নিম্নে জঙ্ঘাদির সঞ্চালনও করে। আমরা বিশেষ প্রণিধান পূর্ব্বক বিবেচনা করিলে বুঝিতে পারিব যে, দেহ সঞ্চালনের প্রবৃত্তি বা সামর্থ্য ঐ স্থান হইতেই উদ্রিক্ত হয়; সুতরাং ইহার নাম মূলাধার। কিন্তু সে শক্তিও জীবের ইচ্ছার অধীন; এই নিমিত্ত উক্ত মিলিত ইচ্ছাশক্তিকে হর-পার্ব্বতী বা পুরুষ-প্রকৃতি নামেও অভিহিত করা যায়। এই প্রকারে মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, আজ্ঞাচক্র ও বিশুদ্ধাখ্য ছয়টী চক্রকে অতিক্রম করিয়া, সাধক সর্ব্ব-প্রকাশময় ব্রহ্মরন্ধ্র সহস্রারে চিত্তকে আরোহণ করাইতে পারিলেই, তিনি দেহ-বন্ধন হইতে মুক্তি লাভ করিতে পারেন। "শতঞ্চৈকাচ হৃদয়স্য নাড়ঃ" বলিয়া শ্রুতি প্রমাণানুসারে প্রতীত হয় যে, শত শত নাড়ীর মধ্যে সুষুম্না নামে একটী নাড়ী মূলাধার হইতে সহস্রার পর্য্যন্ত প্রসৃত হইয়া, এই ছয়টী চক্র বা পদ্মকে যথাস্থানে গ্রথিত রাখিয়াছে। এই সৎস্বরূপা সুষুম্না নাড়ী প্রবৃত্তিশক্তি ও নিবৃত্তি-শক্তিস্বরূপা ঈড়া এবং পিঙ্গলা নাম্নী নাড়ীদ্বয়ে জড়িত আছে; এবং ইহারই শাখা প্রশাখা নাড়ী সমূহের সঞ্চারণে দেহ জ্ঞানময় ও শক্তিবিশিষ্ট হইয়া থাকে। পিঙ্গলানাম্নী প্রবৃত্তিদায়িকা শক্তিবলে যদবধি দেহবর্গের প্রবৃত্তিমুখে প্রবৃত্তি থাকে, তদবধিই সংসার এবং যে সময় হইতে ঈড়ার সাহায্যে প্রবৃত্তি-মুখ পরিহারে সুষুম্নার সহস্রারের প্রতি প্রবণতা জন্মিয়া কেবল পরমাত্ম জ্ঞানের অর্থাৎ আত্মস্বরূপের প্রতি লক্ষ্য আইসে, অমনি মুক্তি; তখন তদুপাধিস্থ জীবকে আর সংসার-পথে ভ্রমণ করিতে হয় না॥ ১৪ ॥

স্বকৃত-বিচিত্র-যোনিষু বিশন্নিব হেতুতয়া
তরতমতশ্চকাস্যনলবৎ স্বকৃতানুকৃতিঃ

অন্বয়ঃ।

স্বেনৈব কৃতাসু বিচিত্রাসু উচ্চনীচ-মধ্যমাসু যোনিষু দেবতির্য্যক্-মনুষ্যাদি-দেহেষু, হেতুতয়া (প্রাগেব বিদ্যমানত্বেন মুখ্যপ্রবেশাসম্ভবাৎ) বিশন্ ইব বর্ত্তমানঃ অনলবৎ (অগ্নিঃ স্বতস্তারতম্যহীনঃ অপি কাষ্ঠানুসারেণ দীর্ঘহ্রস্ব-স্থূল-সূক্ষ্মরূপঃ যথা ভাসতে তথা) স্বকৃতানুকৃতিঃ (স্বকৃতাঃ যোনীঃ অনুকরোতীতি) ত্বং তরতমতঃ উৎকৃষ্টাপকৃষ্ট-ভাবেন, চকাস্সি

শ্রীধরস্বামী।

নন্থ ঈশ্বরস্যাপি তর্হি জীববদুদরহৃদয়াদিসম্বন্ধে তদনুপ্রবিষ্টস্য চ তারতম্যে সতি কেন বিশেষেণোপাস্যত্বমিতীমাং শঙ্কাং পরিহরন্ত্যঃ, একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতাঃ কেবলো নির্গুণশ্চেত্যাদ্যাঃ শ্রুতয়ঃ স্তবন্তীত্যাহ স্বকৃতবিচিত্রযোনিষ্বিতি। স্বয়ং কৃতাসূচ্চনীচমধ্যমাসু যোনিষু অভিব্যক্তিস্থানেষু কার্য্যেষু দেহাদিষু হেতুতয়া উপাদানতয়া প্রাগেব বিদ্যমানত্বেন মুখ্যপ্রবেশাসম্ভবাদ্বিশন্নিব বর্ত্তমানঃ তরতমতো ন্যূনাধিকভাবেন চকাস্সি অবভাসসে। স্বকৃতা যোনীরনুকরোতীতি স্বকৃতা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ পরমাত্মনঃ প্রতিদেহগতত্বেন বহুত্বাদ্দেহতারতম্যেন তারতম্যাচ্চ জীবসাম্যে সতি কথমুপাস্যত্বমিত্যত আহুঃ। স্বকৃতাসু স্বসৃষ্টাসু বিচিত্রাসু বিবিধাসু যোনিষু স্বাভিব্যক্তিস্থানেষু দেবাদিদেহেষু হেতুতয়া প্রযোজকতয়া অন্তর্যামিতয়ৈবেত্যর্থঃ। তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদিতি শ্রুতেঃ। বিশন্নিবেতি মুখ্যপ্রবেশাসম্ভবাদিবশব্দঃ। তরতমতশ্চকাস্সি তারতম্যেন তত্র তত্র স্বশক্তিং প্রকাশয়সি। তদেবাহুঃ। স্বকৃতাসু ব্রহ্মাদিস্থাবরান্তযোনিষু

হে সর্ব্বেশ্বর! আপনি স্বকীয় যোগমায়া-বলে দেব, তির্য্যক্ এবং মনুষ্যাদি উৎকৃষ্ট, মধ্যম এবং অপকৃষ্ট বিচিত্র যোনির যখন সৃষ্টি করিয়াছেন, তখন মৃদ্ঘটাদিবৎ সকলের অন্তরে তাদাত্ম্যভাবে আপনিই বিরাজ করিতেছেন; অথচ প্রতিবিম্বাকারে সকলের অন্তরে যেন প্রবিষ্টের ন্যায় পরিলক্ষিত হন; এবং স্বরূপত তারতম্য-হীন অনল যেমন আশ্রিত কাষ্ঠের পরিমাণ অনুসারে

আভাস।

পূর্ব্ব শ্লোকের দ্বারা প্রকাশ করা হইল যে, মূর্দ্ধস্থিত সহস্রারই পরম ব্রহ্মের আশ্রয় এবং উপাধিরূপ চিত্তাদিতে তদীয় প্রতিবিম্বিত ভাবই জীবনামে সঙ্গিত। অতএব জীবের যখন হৃদয় ও উদরাদি সম্বন্ধ ঘটে, তখন তদনুপ্রবিষ্ট পরম ব্রহ্মেরও জীববৎ উপাধিস্থ হওয়ায় জীব সন্নিধানে তাহার উপাস্যত্বের মীমাংসা কিরূপে সংরক্ষিত হয়? এতদুত্তরে প্রকাশ করিলেন যে, জীব যেমন নিত্য অভিনব বেশে প্রত্যেক তত্ত্বে পরিবেষ্টিত হইয়া, নিত্য নবীন ভাবে পরিচিত হয়, পরম পুরুষ ভগবানের সেরূপ নবীন ভাবের পরিচয় কুত্রাপি ঘটে না।

অথ বিতথাস্বমুষ্ববিতথং তব ধাম সমং
বিরজধিয়োঽনুযন্ত্যভিবিপণ্যব একরসং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

অবভাসসে। অথ অতএব, বিতথাসু উৎপত্তাদি-নানাবিকারবতীষু অমুষু যোনিষু অবিতথং সর্ব্ব-বিকার-রহিতং, অতঃ সমং তুল্যং, সর্ব্বদা একরসং একরূপং, তব ধাম স্বরূপং, বিরজধিয়ঃ নির্ম্মলমতয়ঃ, যতঃ অভিপণ্যবঃ (অভিতঃ বিগতব্যবহারাঃ ঐহিকামুষ্মিক-ফল-কর্ম্ম-রহিতাঃ ভক্তাঃ) অনুযন্তি জানন্তি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

নুকৃতিঃ। অনলবৎ অগ্নির্যথা স্বতস্তারতম্যহীনোঽপি কাষ্ঠানুসারেণ তথা তথা প্রকাশতে তদ্বৎ। অথ অতো বিতথাসু মিথ্যাভূতাসু অমুষু যোনিষু অবিতথং সত্যং যতঃ সমমবিশেষমতঃ সত্যং তব ধাম স্বরূপং বিরজধিয়ো নির্ম্মলমতয়ঃ অনুযন্তি জানন্তি। নু ইতি পৃথক্‌পদং বা। অত্র হেতুঃ অভিবিপণ্যব ইতি অভিতো বিগতব্যবহারাঃ। পণ ব্যবহার ইত্যস্য রূপং পণ্যুরিতি। ঐহিকামুষ্মিককর্ম্মফলরহিতা ইত্যর্থঃ। অবিশেষত্বাদেবৈকরসং সন্মাত্রং অতস্তবোপাধিকৃততারতম্যাভাবাদপ্রচ্যুতৈশ্বর্য্যস্য উপাস্যত্বমিতি ভাবঃ। স্বনির্ম্মিতেষু ভূতেষু তারতম্যবিবর্জিতং। সর্ব্বানুস্যূতসন্মাত্রং ভগবন্তং ভজামহে ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুকৃতিস্তদনুরূপশক্তিপ্রকাশো যস্য সঃ। অনলবৎ। অগ্নি র্যথা উল্মুকাদিষু তদনুরূপামেব স্বশক্তিমুপাদত্তে তদ্বৎ। অথ বিতথাসু বিনষ্টাসু অমুষু যোনিষু অবিতথমনশ্বরং পরমসত্যং তব ধাম স্বরূপং সমমবিশেষং বিরজধিয়ো নির্ম্মলমতয়ঃ অনুযন্তি জানন্তি। তে এব কে। অভি সর্ব্বতোভাবেন বিপণ্যবো বিগতব্যবহারাঃ। পণ ব্যবহার ইত্যস্য রূপং পণ্যুরিতি।

দীর্ঘ, হ্রস্ব, স্থূল এবং সূক্ষ্মরূপে প্রকাশিত হয়, আপনিও সেইরূপ আশ্রয়স্থানীয় যোনির অনুকরণে বিচিত্রভাবে অবভাসিত হইতেছেন। অতএব উৎপত্ত্যাদি নানা বিকার-বিশিষ্ট এই সমস্ত দেহের অন্তরে সম্পূর্ণ নির্ব্বিকারী নিরঞ্জন একরস ভবদীয় স্বরূপকে ইহামুত্র-ফল-ভোগ-বিরক্ত নির্ম্মলমতি সাধু মানবগণ নিরন্তর অবলোকন করিয়া থাকেন ॥ ১৫ ॥

আভাস।

না। তিনি ঘটের মৃত্তিকা বা কুণ্ডলের সুবর্ণবৎ সৎস্বরূপে সর্ব্বত্র একভাবেই চির বিদ্যমান থ'কেন। কারণ আকঙ্ক্ষাভাবই জীবত্ব এবং সর্ব্বজ্ঞত্ব ও পূর্ণকামত্বই শিবত্ব। সর্ব্বলোকৈকচক্ষু দিবাকর যেমন পদার্থনিচয়কে কেবল প্রকাশিত করিয়াই ক্ষান্ত হন না; বস্তুর গুণ এবং অধিকার অনুসারে কোথায়ও কেবল প্রকাশ ভাবে, কোথায়ও বা কিরণরূপে এবং কোন স্থানে বা প্রতিবিম্বাকারে অনুপ্রবেশ করেন, সেইরূপ ভূতভাবন পরমাত্মা স্বীয় সত্তাবলে জগৎ সংসারকে রচনা করিয়া, নির্ম্মল সত্ত্বপরিণাম চিত্তে চিদাভাস জীবরূপে অনুপ্রবেশ

স্বকৃতপুরেষ্বমীষ্বহিরন্তরসংবরণং তব পুরুষং বদন্ত্যখিলশক্তিধৃতোঽংশকৃতং।

অন্বয়ঃ।

স্বকৃতেষু স্বকর্ম্মোপার্জ্জিতেষু অমীষু পুরেষু দেবাদি-দেহেষু (ভোক্তৃত্বেন বর্ত্তমানং পুরুষং জীবং অখিল-শক্তিধৃতঃ সর্ব্বশক্ত্যাশ্রয়স্য পূর্ণগুণস্য তব অবহিরন্তরসম্বরণং (বহিঃ কার্য্যং অন্তরং কারণং তাভ্যাং অনাবৃতং) অংশকৃতং স্বরূপং শ্রুতয়ঃ বদন্তি। ইতি এবং নৃগতিং

শ্রীধরস্বামী।

অপিচ কুতো দ্বিয়মাশঙ্কা স্যাৎ ভগবতো দেহাদ্যুপাধিকৃতদোষ-প্রসঙ্গ ইতি। যতোঽবিদ্যা-কামকর্ম্মাভিঃ সংসরতো জীবস্যাপি ভগবদ্ভাবং লক্ষণয়া বোধয়ন্ত্যস্তং দোষং নিষেধয়ন্তি স যশ্চায়ং পুরুষো যশ্চাসাবাদিত্যে স একস্ত্বমসীত্যাদ্যাঃ শ্রুতয়ঃ। নন্থ কৃতার্থস্যাত্মনঃ স্তুতি-রিয়ং ঈশ্বরত্বেন ক্রিয়তে নতু তস্যেশ্বরত্বং বোধ্যতে নৈতদ্যুজ্যতে যতস্তত্র। যস্য দেবে পরা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঐহিকামুষ্মিককর্ম্মফলশূন্যা ইত্যর্থঃ। একরসং কেবলানন্দাস্বাদস্বরূপং। অতস্তব সর্ব্বকারণ-ত্বাৎ স্বাতন্ত্র্যাদুপাধিকৃততারতম্যাভাবাদপ্রচ্যুতৈশ্বর্য্যাচ্চোপাস্যত্বমিতি ভাবঃ। অত্র তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদিতি। একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতাঃ কেবলো নির্গুণশ্চেত্যাদ্যাঃ শ্রুতয়ঃ ॥ ১৫ ॥

পরমাত্মানমুপাস্যং নিরূপ্য জীবাত্মানং তদুপাসকঞ্চ তদংশতুল্যত্বেন নিরূপয়ন্তি স্বকৃতেতি। স্বকর্ম্মোপার্জিতেষু পুরেষু অমীষু নরদেহাদিষু পুরুষং ভোক্তৃত্বেন বর্ত্তমানং জীবং জাত্যা এক-বচনং অখিলশক্তিধৃতস্তব অংশকৃতং অংশমিব কৃতং বদন্তি। বস্তুতস্তটস্থশক্তিত্বেন প্রসিদ্ধ-

হে অখিলেশ্বর! স্বকর্ম্মোপার্জ্জিত দেবাদি দেহ সমূহের মধ্যে ভোক্তৃ-রূপে বিদ্যমান জীব আপনারই অংশ বলিয়া শ্রুতি কীর্ত্তন করিয়া থাকেন। কারণ সর্ব্বশক্তির আশ্রয় পূর্ণ গুণবান্ হইয়াও কার্য্য স্বরূপ স্থূল এবং কারণ

আভাস।

করেন। দর্পণ বা স্বচ্ছ জলে সূর্য্যের প্রতিবিম্ব সূর্য্যবৎ প্রতীত হইলেও, প্রকৃত সূর্য্য নহে; সূর্য্যের অংশ মাত্র; এবং দর্পণ বা জলের মালিন্য বা চাঞ্চল্যাদি দোষে প্রতিবিম্বের দোষ ঘটিলেও, মূল সূর্য্যে তাহার কোনরূপ স্পর্শ করে না, সেইরূপ পরম পুরুষ পরমাত্মার শ্রীশক্তির প্রভাবে সমুৎপন্ন বিশ্বসংসারে সূর্য্যদেবের কিরণ-দানের ন্যায়, চিৎশক্তির প্রদানে কোন স্থানে কেবল অনুভূতি-স্বরূপে এবং কোন স্থানে (চিত্তে) বিম্বাকারে প্রতিভাসিত চিদাভাস জীব চিত্তদোষে দূষিত (অর্থাৎ আমি সুখী দুঃখী ইত্যাকারে অভিভূত) হইলেও মূল চৈতন্যঘন পরম পুরুষে তাদৃশ কোন দোষ স্পর্শ করে না। সুতরাং জীব পরমাত্মার আশ্রয়ে অবভাসিত এবং উপাসনাদি সাধনের বলে তাঁহাতে আত্ম-সমর্পণ করিলে, উপাধির বিস্মরণে ভবরোগ হইতে নিষ্কৃতি লাভ করে। "একো দেব" ইত্যাদি বাক্যের দ্বারা শ্রুতি জীব-ব্রহ্মের এইরূপ পার্থক্যেরই পরিচয় দিয়াছেন ॥ ১৫ ॥

ইতি নৃগতিং বিবিচ্য কবয়ো নিগমাবপনং

অন্বয়ঃ।

জীবস্য তত্ত্বং, বিবিচ্য নিশ্চিত্য, ভুবি বর্ত্তমানাঃ কবয়ঃ বিবেকিনঃ বিশ্বসিতাঃ বিশ্বাসযুক্তাঃ সন্তঃ নিগমাবপনং (নিগমোক্তকর্ম্মণাং আবপনং আ সমন্তাৎ উপ্যন্তে অস্মিন্ ইতি আবপনং

শ্রীধরস্বামী।

ভক্তি র্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মন ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ কৃতাবতারস্য ভগবতশ্চরণভজনমুপায়ং বদন্তীত্যাহ স্বকৃতপুরেষ্বিতি। স্বকর্ম্মোপার্জ্জিতেষু পুরেষু দেহেষ্বমীষু নরাদিষু ভোক্তৃত্বেন বর্ত্তমানং পুরুষং অখিলশক্তিধৃতঃ সর্ব্বশক্ত্যাশ্রয়স্য পূর্ণস্য তবাংশকৃতং বদন্তি অংশ ইব অংশঃ কৃত ইব কৃতস্তদ্রূপং বদন্তীত্যর্থঃ। নন্থ কার্য্যকারণ-সংবৃতস্য জীবস্য কুত এবম্ভূতত্বং তত্রাহুঃ অবহিরন্তরসম্বরণমিতি। বহিঃ কার্য্যং অন্তরং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মপি তৎ অংশতুল্যং বদন্তীত্যর্থঃ। যদুক্তং বিষ্ণুপুরাণে। বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্র-জ্ঞাখ্যা তথা পরেতি। গীতাসু চ প্রকৃতিং বিদ্ধি মে পরাং জীবভূতামিতি। শ্রীনারদপঞ্চ-রাত্রে চ। যত্তটস্থন্তু চিদ্রূপং স্বসংবেদ্যাদ্বিনির্গতং। রঞ্জিতং গুণরাগেণ স জীব ইতি কথ্যতে। ইত্যেবং তস্য তটস্থশক্তিত্বেঽপি মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতন ইতি ভগবদ্বচনাৎ স্বাংশশ্চাথ বিভিন্নাংশইতি দ্বেধাংশ ইষ্যতে। অংশিনো যস্তু সামর্থ্যং যৎ স্বরূপং যথাস্থিতিঃ। তদেব নাণুমাত্রোঽপি ভেদঃ স্বাংশাংশিনোঃ কচিৎ। বিভিন্নাংশো-ঽল্পশক্তিঃ স্যাৎ কিঞ্চিৎ সামর্থ্যমাত্রযুগিতি মহাবারাহবচনাচ্চাংশতুল্যত্বং। কীদৃশং ন বিদ্যতে বহির্বহিরঙ্গমায়াশক্ত্যা অন্তরেণান্তরঙ্গচিচ্ছক্ত্যা চ সম্যগ্বরণং সর্ব্বথা স্বীয়ত্বেন স্বীকারো যস্য তৎ। যদ্বা। ন বিদ্যতে বহিরন্তশ্চ অসম্বরণমনাবরণং যস্য তৎ। স্থূলসূক্ষ্মোপাধিভ্যাং

স্বরূপ সূক্ষ্ম সৃষ্ট পদার্থে যেমন আপনি কখন সংমিলিত হন না, জীবও সেইরূপ সম্পূর্ণ অসঙ্গ এবং নির্লিপ্তভাবেই দেহ-মন্দিরে অবস্থান করিতেছে। অহো! জীবের এতাদৃশ ভাবের পরিচিন্তনে নিশ্চলমতি বিবেকী ব্যক্তিগণ

আভাস।

তত্ত্বমস্যাদি বাক্যের দ্বারা জীব-ব্রহ্মের একত্ব প্রতিপাদন করিলেও, জীবের পক্ষে স্বরূপত ঈশ্বরত্বের সম্ভাবনা নাই। ইহা কেবল কৃতার্থ আত্মার স্তুতিবাদ মাত্র করা হইয়াছে; প্রকৃত প্রস্তাবে জীব কখন ঈশ্বর হইবে না; এবং জীবে সে ঈশ্বরত্বের যোগ্যতাও নাই। কারণ শ্রুতিই বলিয়াছেন যে, যাহার দেবতা এবং গুরুর প্রতি বিশেষ ভক্তি আছে, তাহার নিকটই এই সমস্ত আত্মতত্ত্বের উপদেশ বিধেয়; এই শ্রুতিবাক্যের দ্বারা ভগবানের চরণ-ভজনই জীবের পক্ষে মুক্তি-লাভের উত্তম উপায় বলিয়া স্বীকার করা হইয়াছে; তদনুসারে শ্লোকেও উক্ত হইয়াছে যে, জীব ঈশ্বরেরই অংশ মাত্র। সুতরাং অংশী ও অংশের মধ্যে অনেক পার্থক্য আছে। এবং জীবও দেহ নহে; যে কোন উপাধিতে জীব বদ্ধের ন্যায় জড়িত থাকুক্ না,

ভবত উপাসতেঽঙ্ঘ্রিমভবং ভুবি বিশ্বসিতাঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

ক্ষেত্রং সর্ব্বকর্ম্মার্পণ-বিষয়ং) অতএব অভবং জন্ম-মরণাদি-সংসার-দুঃখ-নিবর্ত্তকং ভবতঃ অঙ্ঘ্রিং উপাসতে অর্চ্চন-বন্দনাদিভিঃ সেবন্তে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

কারণং বস্তুতস্তদাবরণশূন্যং তয়োরসত্ত্বাদিত্যর্থঃ। ইত্যেবং নৃগতিং সুর্জীবস্য গতিং তত্ত্বং বিবিচ্য বিশোধ্য কবয়ঃ অন্যথেদং ন প্রাপ্যত ইতি জানন্তঃ। নিগমাবপনং নিগমোক্তকর্ম্মণামাবপনং আ সমন্তাদুপ্যন্তেঽস্মিন্নিত্যাবপনং ক্ষেত্রং সর্ব্বকর্ম্মার্পণবিষয়মিত্যর্থঃ। যত্রার্পিতানি কর্ম্মাণি মুক্তিফলং ফলন্তি তং ভবতোঽঙ্ঘ্রিং অভবং ভবনিবর্ত্তকং বিশ্বসিতাঃ কৃতবিশ্বাসা উপাসতে অর্চ্চনবন্দনাদিভিঃ সেবন্তে। ভুবীতি মর্ত্ত্যলোকে ইদমেবোচিতমিতি দর্শয়ন্তি। ত্বদংশস্য মমেশান ত্বন্মায়াকৃতবন্ধনং। তদঙ্ঘ্রিসেবামাদিশ্য পরানন্দ নিবর্ত্তয় ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মায়য়া বহিরন্তরাবৃতমিত্যর্থঃ। ইতি এবং নৃগতিং সুর্জীবস্য গতিং তাটস্থ্যং মায়াবন্ধনাবস্থত্বং বা বিবিচ্য বিচার্য্য নিগমাবপনং নিগমো বেদস্তদ্রূপে ক্ষেত্রে আ সম্যক্কৃতয়া বপনং যস্য তথাভূতং অঙ্ঘ্রিং ভবচ্চরণকল্পতরুং অভবং ভববন্ধনিবর্ত্তকং ভুবি স্থিত্বা উপাসতে। বিশ্বসিতাঃ। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে। ইতি ভগবদ্বাচি কৃতবিশ্বাসাঃ। অত্র ব্রহ্মণোঽংশভূতস্তথেতরো ভোক্তা ভবতীতি। দ্বৌ সুপর্ণৌ ভবতো ব্রহ্মণোঽংশভূতস্তথেতরো ভোক্তা ভবতি। অন্যোহি সাক্ষী ভবতীতি। ভোক্তা ভোক্তারৌ বৃক্ষধর্ম্মে তিষ্ঠত ইতি। মথুরামণ্ডলে যস্ত জম্বুদ্বীপে স্থিতোঽথবা। যোঽর্চ্চয়েৎ প্রতিমাং প্রতি স মে প্রিয়তরো ভুবীতি গোপালতাপন্যাদ্যাঃ শ্রুতয়ঃ। প্রতিমাং প্রতি প্রতিমায়ামিত্যর্থঃ ॥ ১৬ ॥

ঐকান্তিকী ভক্তি এবং বিশ্বাস সহকারে নিগমোক্ত যাবতীয় কর্ম্মকলাপের ক্ষেত্রবৎ সমর্পণ-স্থল অতএব জন্ম-মরণরূপ সংসার-দুঃখের নিবৃত্তি-কারক ভবদীয় চরণ-সরোজেরই উপাসনা সতত করিয়া থাকেন ॥ ১৬ ॥

আভাস।

উপাধি কিন্তু কখন জীব নহে; এবং স্থূল ও সূক্ষ্মভেদে উভয় উপাধিতে জীব কেবল ভোক্তৃভাবে বিদ্যমান থাকিলেও, প্রকৃত প্রস্তাবে জীবরূপী পুরুষ সম্পূর্ণ নির্লিপ্ত। বিশেষত পুরুষ নিত্য সত্য বুদ্ধ এবং মুক্ত স্বরূপ; অথচ প্রকৃতি বা জীবোপাধি চিত্ত এবং দেহ ক্ষণধ্বংসী মিথ্যা এবং অজ্ঞান-মূলক ভ্রম মাত্র। দিবাকরের প্রতিবিম্ববৎ পরমাত্মার অংশভূত জীবের স্বরূপতত্ত্ব যাঁহারা অবধারণ করিয়াছেন, তাঁহারা তৃপ্তি-লাভের সাংসারিক সকল উপায় পরিত্যাগ পূর্ব্বক এক ভগবানের চরণেই শরণাগত হইয়া থাকেন। তাঁহারা বেদকেই ভগবদ্বাক্য বলিয়া বিশ্বাস করেন; এবং বেদের সর্ব্বত্র শ্রীহরির চরণ-কমলই যেন প্রচ্ছন্নভাবে নিবদ্ধ

দুরবগমাত্মতত্ত্বনিগমায় তবাত্ততনোশ্চরিতমহামৃতাব্ধিপরিবর্ত্তপরিশ্রমণাঃ।

অন্বয়ঃ।

হে ঈশ্বর! দুরবগং দুর্জ্ঞেয়ং, যৎ আত্মনঃ তব তত্ত্বং তস্য নিগমায় জ্ঞাপনায় আত্ততনোঃ স্বীকৃতমূর্ত্তেঃ তব চরিতং এব মহামৃতাব্ধিঃ তস্মিন্ পরিবর্ত্তঃ অবগাহঃ তেন পরিশ্রমণাঃ (পরিঃ অত্র বর্জ্জনে, শ্রমণং শ্রমঃ গতশ্রমাঃ ইত্যর্থঃ যদ্বা পরিবর্ত্তঃ আলোড়নং তত্র পরিশ্রমণাঃ কৃত-

শ্রীধরস্বামী।

ভক্তিরল্পসাধনমিতি বচনমনুচিতমিতি মন্যানো ভক্তিং গুরুকরোতি দুরবগমিতি। ভো ঈশ্বর দুর্ব্বোধং যদাত্মতত্ত্বং তস্য নিগমায় জ্ঞাপনায় তবাত্ততনো রাবিষ্কৃতমূর্ত্তে শ্চরিতমহামৃতাব্ধি-পরিবর্ত্তপরিশ্রমণা শ্চরিতমেব মহামৃতাব্ধি স্তস্মিন্ পরিবর্ত্তোঽবগাহস্তেন পরিশ্রমণাঃ। পরি-বর্জনার্থঃ। শ্রমণং শ্রমঃ গতশ্রমা ইত্যর্থঃ। অপবর্গমপি কেচিন্ন পরিলষন্তি নেচ্ছন্তি কুতোঽন্যৎ। কেচিদিতি এবম্ভূতা ভক্তিরসিকা বিরলা ইতি দর্শয়তি। ন কেবলমন্যন্নেচ্ছন্তি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবদ্বিষয়কস্য ভক্তিযোগস্য সর্ব্বোৎকর্ষং স্বাভিধেয়ত্বঞ্চ দ্যোতয়িতুং তমেব পুনরপ্য-ভ্যস্যন্তি দুরবগমিতি চতুর্ভিঃ। হে ঈশ্বর দুরবগং জীবৈ র্জ্ঞাতুমশক্যং যদাত্মতত্ত্বং স্বীয়রূপগুণলীলাকৃপৈশ্বর্য্যমাধুর্য্যং তস্য নিগমায় জ্ঞাপনায় আত্ততনোরাবিষ্কৃত-শ্রীমূর্ত্তেস্তব চরিতান্যেব মহামৃতাব্ধয়স্তেষু যে পরিবর্ত্তা স্তরঙ্গভ্রমিপুঞ্জা স্তেষু নিমজ্জনোন্মজ্জনোত্থং পরি-

---

হে জগদীশ্বর! আপনার পরম তত্ত্বের নিরূপণ করা জীবের পক্ষে একান্ত অসম্ভব হওয়ায়, আপনি স্বেচ্ছাক্রমে বিগ্রহ পরিগ্রহে অবতীর্ণ হইয়া, যে সকল অগণ্য ও অনির্ব্বচনীয় লীলার পরিচয় দিয়াছেন, ভক্তগণ তাদৃশ লীলারসের গভীর অন্তস্তলে অবগাহন পূর্ব্বক নিরন্তর আলোড়িত হইবার পরিশ্রমকেই জীবনের প্রধান কর্ম্ম বলিয়া নিশ্চয় করিয়াছেন। এবং অন্যত্র

আভাস।

রহিয়াছে মনে করেন। জীবকে কৃতার্থ করিবার জন্যই ভগবান্ কল্পতরু-সদৃশ স্বকীয় চরণ প্রসারণ পূর্ব্বক অপেক্ষ করিতেছেন। তদীয় চরণ-ক্ষেত্রের মহিমা অনির্ব্বচনীয়! ধর্ম্মাধর্ম্ম পুণ্যাপুণ্য যে কোন কর্ম্ম ভগবানের চরণে ভক্তি পূর্ব্বক সমর্পিত হইলে, তাহাতে আর পৃথক্ পৃথক্ ফলের সম্ভাবনা থাকে না। সমর্পিত সকল কর্ম্ম একত্র একটী অভব নামক বৃক্ষের উৎপাদনে, তাহা হইতে মুক্তি ফল প্রসব করায় মাত্র। অহো! মর্ত্ত্যলোকে মানবরূপে জন্ম পরিগ্রহ পূর্ব্বক ভগবদর্চ্চনাই এক মাত্র বিধেয়। শ্রীধরস্বামী প্রণাম-চ্ছলে প্রকাশ করিয়াছেন যে, হে ভগবন্! আমি আপনারই একটী সামান্য অংশ মাত্র এবং আপনার মায়াতেই আবদ্ধ থাকিয়া, এই সংসার-পথে বিচরণ করিতেছি; এক্ষণে ভবদীয় চরণকমলের সেবায় আমাকে অধিকার প্রদানে কৃতার্থ করুন্! এবং পরা শান্তি ও আনন্দ আমাকে ভোগ করিবার অনুমতি করুন্! ॥ ১৬ ॥

ন পরিলষন্তি কেচিদপবর্গমপীশ্বর তে চরণসরোজহংসকুলসঙ্গবিসৃষ্টগৃহাঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

পরিশ্রমাঃ তথা তে তব চরণ-সরোজে হংসাঃ ইব রমমাণাঃ যে ভক্তাঃ তেষাং কুলং সমূহঃ তেন সঙ্গঃ কথা-শ্রবণ-কীর্ত্তনাদিনা সম্বন্ধঃ তেন বিসৃষ্টাঃ ত্যক্তাঃ গৃহাঃ যৈঃ তথাভূতাঃ) কেচিৎ অপবর্গং মোক্ষং অপি ন পরিলষন্তি ন ইচ্ছন্তি ইতি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

কিন্তু তেনৈব সুখেন পূর্ণাঃ সন্তঃ পূর্ব্বসিদ্ধং গৃহাদিসুখমপ্যুপেক্ষন্তে ইত্যাহ তে চরণসরোজ-হংসকুলসঙ্গবিসৃষ্টগৃহা ইতি। তব চরণসরোজে হংসা ইব রমমাণা যে ভক্তাস্তেষাং কুলং তেন সঙ্গস্তেন বিসৃষ্টা গৃহা যৈ স্তে। তথা অনেনৈব শ্রবণকীর্ত্তনে দর্শিতে। শ্রুতিশ্চ মুক্তেরপ্যাধিক্যং ভক্তের্দর্শয়তি। যথাহ। যং সর্ব্বদেবা মনন্তি মুমুক্ষবো ব্রহ্মবাদিনশ্চেতি। ব্যাখ্যাতঞ্চ সর্ব্বজ্ঞৈ র্ভাষ্যকৃদ্ভিঃ। মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভজন্ত ইতি। ত্বৎকথা-মৃতপাথোধৌ বিহরন্তো মহামুদঃ। কুর্ব্বন্তি কৃতিনঃ কেচিচ্চতুর্ব্বর্গং তৃণোপমং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রমণমতিশ্রমো যেষাং তে কেচিদ্বিরলপ্রচারা ভক্তা অপবর্গং মোক্ষসুখমপি নেচ্ছন্তি কিমুত ত্রৈবর্গিকসুখং। কিন্তু তদেব ত্বচ্চরিত-মহামৃতাব্ধিতরঙ্গেষু নিমজ্জনোন্মজ্জন-পরিশ্রমসুখমেবেতি ভাবঃ। যথা বিষয়লম্পটাঃ পরমসুকুমারাঃ শ্রমলেশাসহনা অপি সাংপ্রযোগিকং পরিশ্রমমেব সর্ব্বসুখাধিকং সুখং মন্যন্তে তথৈব ত্বদ্ভক্তাস্ত্বল্লীলাকথামাধুর্য্য-

---

দর্শনও শ্রবণাদির পরিশ্রম পরিহার পূর্ব্বক, ভবদীয় চরণ-কমলের সন্নিধানে রমণশীল রাজহংসবৎ একান্ত ভক্তকুলের সংসর্গে আপনার কথা-শ্রবণ ও লীলাকীর্ত্তনরূপ অনুপম ব্যাপারের নিরন্তর আলোচনায় গৃহ-ক্ষেত্রাদির বিসর্জ্জনে এতই অনুপম আনন্দ-রসের অনুভব করেন যে, লীলা-রসের আস্বাদন পরিত্যাগে অপবর্গস্বরূপ মুক্তি-লাভেও তাঁহারা কখন বাসনা করেন না ॥ ১৭ ॥

আভাস।

জ্ঞানযোগ, কর্ম্মযোগ এবং ভক্তিযোগের মধ্যে ভক্তিযোগের সাধন কোন অংশে ন্যূন নহে; বরং উৎকৃষ্ট। এই বিষয়ের পরিচয়ার্থে শ্রুতি প্রকাশ করিয়াছেন যে, ভক্তি-সাধন মুক্তি-লাভের উৎকৃষ্ট উপায় বলিয়াই ভগবান্ স্বীয় দুরবগাহ্য তত্ত্বের অববোধনার্থ জীবের সন্নিধানে বিগ্রহ ধারণে অবতীর্ণ হইয়াছেন। নতুবা পূর্ণকাম সর্ব্বেশ্বরের আর মনুষ্যবৎ আচরণের কিছু মাত্র প্রয়োজন নাই। কর্ম্মকাণ্ডের নিরন্তর অনুষ্ঠানে অন্ধবৎ পরের দ্বারা পরিচালিত হইয়া, যাদৃশ ফল যতকালে লাভ করা যায় এবং অন্য আত্মানাত্ম-বিচারে বিষয়-বৈরাগ্যের খরতর শাণে যেরূপ ক্লেশ স্বীকারে যতকালে যাদৃশ ফল লাভ করা যায়, মধুর ভক্তিরসের শান্ত প্রবাহে ভাসমান হইলে, অতি অল্পকালে তদপেক্ষা অধিক ফল যে প্রাপ্ত হওয়া যায়,

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পানোত্থং নর্ত্তন-কীর্ত্তন-ক্রোশন-মিথঃপাদতল-প্রপতন-মূর্চ্ছন-প্রবোধন-হাহাকরণরোদন-দ্রবণাদি পরিশ্রমমেব পরমং সুখং মানয়ন্তো ব্রহ্মাস্বাদসুখং পশূনাং তৃণচর্ব্বণসুখমিব মন্যন্তে। তদুক্তং শ্রীস্বামিচরণৈরপি। ত্বৎকথামৃতপাথোধৌ বিহরন্তো মহামুদঃ। কুর্ব্বন্তি কৃতিনঃ কেচিচ্চতুর্বর্গং তৃণোপমমিতি। ত্বৎসুখপ্রাপ্তিকারণং বদন্তো বিশিনষ্টি। তে তব চরণসরোজমাধুর্য্যাস্বাদিনো হংসা যে পরমভাগবতা স্তেষাং কুলস্য সঙ্গেন বিসৃষ্টং গৃহং স্ত্রীপুত্রাদিসঙ্গসুখং যৈস্তে। শ্রুতিশ্চ মুক্তেরপ্যাধিক্যং ভক্তের্দর্শয়তি। যথাহ। যং সর্ব্বে দেবা নমন্তি মুমুক্ষবো ব্রহ্মবাদিনশ্চ। ব্যাখ্যাতঞ্চ সর্ব্বজ্ঞৈ র্ভাষ্যকৃদ্ভিঃ। মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তে ইতি। অত্র মাধ্বাচার্য্যধৃতা অন্যাঃ শ্রুতয়শ্চ। মুক্তা হ্যেতমুপাসতে। মুক্তানামপি ভক্তির্হি পরমানন্দরূপিণীত্যাদ্যাঃ। অমৃতস্য ধারা বহুধা দোহমানঞ্চরণং। লোকে সুধিতাং দধাতু ওঁ তৎসদিত্যাদ্যাশ্চ ॥ ১৭ ॥

আভাস।

সে বিষয়ে আর সন্দেহ নাই। একটী প্রবল স্রোতবিশিষ্ট নদীতে পুত্রগণ সহ পার হইবার সময় পিতা সন্তরণ কুশল জ্ঞানবান্ ও সমর্থ জ্যেষ্ঠ পুত্রকে সাহায্য করিবার প্রয়োজন নাই মনে করিয়া, পুত্রকে তাহার নিজের বলে পারে যাইতে অনুমতি করেন। তদপেক্ষা অল্পবয়স্ক সুতরাং অপেক্ষাকৃত ন্যূনসমর্থ দ্বিতীয় পুত্রকে তাঁহার কটিদেশ আশ্রয় পূর্ব্বক সন্তরণে পরপারে যাইতে অনুমতি করেন; কিন্তু দুগ্ধপোষ্য সম্পূর্ণ অসমর্থ শিশুকে পারার্থ কিছু না বলিয়া, স্বয়ং ক্রোড়ে লইয়া নিজেই সন্তরণের দ্বারা তাহাকে পর পারে লইয়া যান; সেইরূপ জ্যেষ্ঠ জ্ঞানী স্বয়ং ভবসমুদ্র পার হইতে পারিবেন, তজ্জন্য ভগবানকে কোন আয়োজন করিতে হয় না; কর্ম্মী কর্ম্মফলে পার হইবেন বটে, কিন্তু কিঞ্চিৎ ফলের আশার প্রয়োজন; সুতরাং তাঁহার জন্য ভগবান্ স্বর্গাদি ফলের এবং তৎপ্রাপ্তির উপায় করিয়াই নিশ্চিন্ত হইলেন। কিন্তু ভক্ত যে দুগ্ধপোষ্য শিশুর ন্যায়, কেবল ভগবানের উপরই সম্পূর্ণ নির্ভর করে; সুতরাং তাহাকে ভুলাইবার সামগ্রী না পাইয়া, স্বয়ংই আবির্ভূত হইয়াছেন; এবং শরণাগতের যে আর কোন চেষ্টা করিতে হয় না, ভগবান্ই তাহার সকল ভাবের পূরণ করেন; তাহারই পরিচয়ার্থ মূর্ত্তি ধারণে স্বয়ং অবতীর্ণ হন। অতএব বেদাদি শাস্ত্রই জ্ঞান এবং কর্ম্মের উপদেষ্টা; কিন্তু ভক্তির উপদেশক স্বয়ং তিনি। তিনি লীলার অনুষ্ঠান না করিলে, ভক্তির পরিমাণ করা দুরূহ হইত। ভক্ত ভগবৎ প্রেমে এতই উন্মত্ত যে, আত্মহারা হইয়া পড়ে। লীলারসে মগ্ন হইয়া, ঐহিকের এবং পারমার্থিকের ভোগের প্রতি কিছুমাত্র লক্ষ্য করেন না; এমন কি অপবর্গস্বরূপ মুক্তিকে পর্য্যন্ত উপেক্ষা করত, কেবল প্রেমরসে নিমগ্ন থাকিতে বাসনা করেন ॥ ১৭ ॥

ভক্তের উন্নতির পরিচয় দিয়া, এই শ্লোকে অভক্তের দুর্গতির বিষয় বর্ণন করা হইয়াছে। ভীষণ অবিদ্যার কুহকে জীব এতই ভ্রান্ত হয় যে, ভগবানের রচিত যাবতীয় ভূতগ্রামকে অবলোকন করিয়া এবং তদীয় বিহার-ভুবন জগৎসংসারকে সুস্পষ্ট প্রতীত করিয়াও জগ-

ত্বদনুপথং কুলায়মিদমাত্মসুহৃৎপ্রিয়বচ্চরতি
তথোন্মুখে ত্বয়ি হিতে প্রিয় আত্মনি চ।

অন্বয়ঃ।

ত্বদনুপথং ত্বদনুবর্ত্তি ত্বৎসেবোপয়িকং, ইদং কুলায়ং (কৌ পৃথিব্যাং লীয়তে ইতি বদ্বা নীড়রূপং শরীরং) আত্মা সুহৃদ্ প্রিয়বৎ চরতি ; তথাপি বত অহো কষ্টং উন্মুখে সংসার-সাগরাৎ উদ্ধারে উন্মুখে, হিতে প্রিয়ে আত্মনি ত্বয়ি যে ন রমন্তি ত্বাং ন ভজন্তি, তে অসদ্-

শ্রীধরস্বামী।

আরামমস্য পশ্যন্তি ন তং পশ্যতি কশ্চন। ন তং বিদাথ য ইমা জজানান্যদ্যুষ্মাকমন্তরং বভূব। নীহারেণ প্রাবৃতা জল্প্যাশ্চাসুতৃপ উক্থশাসশ্চরন্ত্যাত্যাদ্যাঃ শ্রুতয়োঽনুক্রোশন্ত্যো জগদাত্মনীশ্বরে রতিমুপদিশন্তীত্যাহ ত্বদনুপথমিতি। ত্বদনুবর্ত্তি ত্বৎসেবৌপয়িকং ইদং কুলায়ং কৌ লীয়ত ইতি শরীরং আত্মসুহৃৎ প্রিয়বৎ আত্মা চ সুহৃচ্চ প্রিয়শ্চ তদ্বচ্চরতি স্বাধিনতয়া বর্ত্তত ইত্যর্থঃ। তথাপি ত্বয় উন্মুখে হিতে প্রিয়ে আত্মনি চ। অপ্যর্থে চকারঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

বিসৃষ্টগৃহা ইত্যুক্তমতো গৃহাসক্তান ভক্তিযোগমকুর্ব্বতো জীবান্ শোচন্তি। ত্বদনুপথং তব পন্থানং ভক্তিযোগমনুগতং শ্রোত্ররসনাদিমত্ত্বাৎ তচ্ছ্রবণকীর্ত্তনাদ্যুপযোগি কুলায়ং জীবাত্ম-পক্ষিণো নীড়ং। যদা। কুং পৃথিবীং লয়তে শ্লিষ্যতীতি কর্ম্মণ্যণ্। কুলায়ং শরীরমিদং। আত্মা চ সুহৃচ্চ প্রিয়শ্চ তদ্বৎ চরতি ভাতি। মৃতশরীরে আত্মাদিভানাদর্শনাৎ যৎসম্বন্ধেনৈব

হে পরম দয়ালু! পৃথিবী হইতেই উৎপন্ন এই দেহ মৃত্তিকাতেই বিলীন হইয়া যাইবে ; সুতরাং পক্ষীশাবক পরিবর্দ্ধিত হইলে, যেমন নীড়ের প্রতি আর লক্ষ্য করে না, সেইরূপ ভবদীয় উপাসনার উপযুক্ত আশ্রয়-স্থল এই দেহ লাভ করত, আত্মার উন্নতির প্রতি লক্ষ্য না করিয়া, জীব এই দেহকেই আত্মা সুহৃদ্ এবং প্রিয়জ্ঞানে নিরন্তর ইহারই সেবা করিয়া থাকে। কিন্তু কি দুঃখের বিষয় যে, প্রকৃত হিতকারী পরম প্রিয় পরমাত্মস্বরূপ আপনি তাহাদের সংসার দুঃখের নিবারণার্থ উন্মুখী থাকিতেও, তাহারা আপনার

আভাস।

জ্জীবনের সাক্ষাৎকার অভক্ত কখন পায় না। তিনি অতি নিকট হইলেও, তাহারা তাঁহাকে অনেক দূরবর্ত্তী বলিয়া মনে করে ; এবং তাঁহার সৃষ্ট সমস্তই দেখিতে পায়, কেবল তদীয় দর্শনেই বঞ্চিত থাকে মাত্র। শ্রুতি এই স্তবে ভগবানের প্রতি ভক্তি করিতে উপদেশ প্রদান করিয়াছেন, যথা ; হে ভগবন্! অনন্ত কোটি যোনির মধ্যে কেবল মানব যোনিই সর্ব্ব শ্রেষ্ঠ ; কারণ আপনার উপাসনা করিবার উপযুক্ত যোনি এতদপেক্ষা আর কোনটী নাই ; অথচ এ যোনিও চিরস্থায়ী নহে। পৃথিবী হইতে ইহার উৎপত্তি ; এবং পৃথিবীতেই ইহার বিলয় হইয়া যায়। তথাপি বহির্ম্মুখ মানব এই দেহকেই পরম পদার্থ

ন বত রমন্ত্যহো অসদুপাসনয়াত্মহনো
যদনুশয়া ভ্রমন্তুরুভয়ে কুশরীরভৃতঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

পাসনয়া (অসতাং দুষ্টানাং প্রাণিনাং দেহেন্দ্রিয়াণাং বিষয়াণাং চ উপাসনয়া আসক্ত্যা) আত্মহনঃ এব। (যস্যাং উপাসনায়াং অনুশয়ঃ বাসনা যেষাং তে) যদনুশয়াঃ কুশরীরভৃতঃ শ্বশূকরাদি-শরীরবন্তঃ সন্তঃ উরুভয়ে সংসারে, ভ্রমন্তি পরিবর্ত্তন্তে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

এবম্ভূতে সুসেব্যেঽপি বত অহো কষ্টং ন রমন্তি ন সখ্যাদিনা ভজন্তি অসদুপাসনয়া দেহাদ্যুপালালনেন আত্মহনঃ প্রমাদিনঃ কুতো যদনুশয়া যস্যামসদুপাসনায়াং অনুশয়ো বাসনা যেষাং তে কুশরীরভৃতঃ সন্তঃ উরুভয়ে সংসারে ভ্রমন্তি পরিবর্ত্তন্তে অত আত্মহন ইতি ভাবঃ। ত্বয্যাত্মনি জগন্নাথে মন্মনো রমতামিহ। কদা মমেদৃশং জন্ম মানুষং সম্ভবিষ্যতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মাদিবদিদং ভাতি তস্মিংস্ত্বয়ি কৃপালুত্বাদুন্মুখে সৌহার্দ্দবত্ত্বাদেব হিতে হিতকারিণি। দেহজীবাভ্যাং সকাশাদপ্যতিপ্রীতিবিষয়ত্বাৎ প্রিয়ে আত্মনি পরমাত্মনি পরমসুসেব্যেঽপি বত অহো কষ্টং ন রমন্তি দাস্যাদিনা ন ভজন্তি। অসদুপাসনয়া অসচ্ছাস্ত্রাধ্যয়নাধ্যাপনাদিলক্ষণাভ্যাসেন। যদ্বা। পুত্রকলত্রগেহাদ্যুপলালনেন আত্মহনঃ আত্মঘাতিনঃ। কুতঃ যদনুশয়া

শরণাগত হয় না এবং আপনার ন্যায় জগৎ স্বামীর আরাধনা করে না; অতি তুচ্ছ অচিরস্থায়ী স্বজনবর্গ ও দেহেন্দ্রিয়াদি বিষয়-সমূহের সেবায় একান্ত আসক্ত থাকিয়া, কেবল নিজেরই অনিষ্টসাধন করিয়া থাকে। কারণ যে সকল অকিঞ্চিৎকর ভোগের লালসায় মানব বিব্রত হয়, পরিণামে সেই সমস্ত বাসনার বশবর্ত্তী হইয়া, তত্তদ্ভোগোপযোগী শৃগাল কুক্কুরাদি অতি নিকৃষ্ট যোনি লাভে সেই আত্মঘাতীগণ বিষম ভয়-সঙ্কুল এই সংসার-পথেই নিরন্তর ভ্রমণ করিতে থাকে ॥১৮॥

আভাস।

জ্ঞানে ইহারই সেবায় দিনযামিনী অতিবাহিত করে। অহো! দূরদেশস্থ দুর্ল্লভ নিধি সংগ্রহের অভিপ্রায়ে তথায় গমনার্থ একখানি যান সংগ্রহ করিয়া, যদি তাহার সৌন্দর্য্য সম্পাদনার্থই নির্দ্দিষ্ট সময়টী অতিবাহিত করিলে, যেমন পরিতাপের আর অবধি থাকে না, সেইরূপ অশীতি-লক্ষ যোনির মধ্যে ভগবৎপ্রাপ্তির উত্তম উপযোগী দুর্ল্লভ অথচ ক্ষণধ্বংসী মানব জীবন লাভে, জীব যদি তাহারই সেবায় বৃথায় কালাতিপাত করে, তাহা হইলে তদপেক্ষা আর পরিতাপের বিষয় কি হইতে পারে! কারণ, কি অভিপ্রায়ে তাহার তাদৃশ দেহলাভ এবং কাহার অনুগ্রহেই বা তাহার তাদৃশ জাতি আয়ুঃ এবং ভোগের প্রাপ্তি ঘটিল এবং কোন্ জন নিরন্তর নিয়ন্তারূপে অবস্থান করত, তাহার অজ্ঞাতসারে তাহার সেই দেহের পরিচালনাদি করিতেছেন, ভোগী মানব তাহার কিছুরই অনুসন্ধান করিল না!

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্যামসদুপাসনায়াং অনুশয়ো বাসনা যেষাং তে কুশরীরভূতঃ শৃগালাদিযোনিগতাঃ সন্তঃ উরুভয়ে সংসারে ভ্রমন্তি পরিবর্ত্তন্তে অত আত্মহন ইতি ভাবঃ। অত্র আরামমস্য পশ্যন্তি ন তং পশ্যতি কশ্চন। ন তং বিদাথ য ইমা জজানান্যৎ যুষ্মাকমন্তরং বভূব। নীহারেণ প্রাবৃতা জল্পাশ্চাসুতৃপ উকৃথশাসশ্চরন্তীতি। অর্থশ্চ। অস্য পরমেশ্বরস্য আরামমধিষ্ঠানং ঘটপটাদিময়ং জগদেব পশ্যন্তি। অরে জল্পা জল্পপরা স্তার্কিকা ন তং বিদাথ যূয়ং তং ন জানীধ্বে। য ইমা ইমানি ভূতানি জজান সসর্জ্জ। অন্যৎ সৃজ্যেভ্যো ভূতেভ্যোঽন্যঃ যুষ্মাকমন্তরং বভূব যুষ্মত্তঃ পরমাণুকারণবাদিভ্যঃ সকাশাদন্তর্ভূতো বভূব। যতো যূয়ং নীহারেণাবিদ্যয়া প্রকর্ষেণৈবাবৃতা অতএবাসুতৃপঃ স্বপ্রাণাংস্তর্পয়ন্ত ইতস্ততঃ উকৃথশাসঃ কর্ম্মপ্রবর্ত্তকা ভ্রমন্তীতি। অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনা ইত্যাদ্যাঃ ॥ ১৮ ॥

আভাস।

পক্ষিকুল স্বকীয় শাবকের প্রতিপালনার্থই নীড় প্রস্তুত করে এবং তথায় ডিম্ব-প্রসবের কাল হইতে শাবকগণের উড্ডয়ন-সামর্থ্য প্রাপ্তির কালাবধি নীড়ে বাস করে; পক্ষিশাবক উত্তমরূপ উড়িতে শিখিলে, আর সে কুলায়ের সহিত কোন সম্পর্কই রাখে না। হে ভূতভাবন! এই জীবরূপ পক্ষিশাবকের আত্মসাধনের প্রণালী অনুসারে ভবদীয় সাযুজ্য লাভের অধিকারী করিবার মানসেই এই নরদেহরূপ অপূর্ব্ব কুলায়ে তাহাকে রক্ষা করত, জনকজননীর অপেক্ষাও কত যত্নের সহিত তাহাদের আধার যোগাইতেছেন এবং পক্ষদ্বয়ের আবরণে সুরক্ষিত পক্ষিশাবকের ন্যায়, তীব্র কটাক্ষের প্রয়োগে আপনি তাহাদিগকে সর্ব্বতোভাবে রক্ষা করিতেছেন। কিন্তু শাবক যদি কেবল আধারের জন্যই পিতামাতাকে বিব্রত করিতে থাকে এবং ইতিমধ্যে পিতা মাতার ন্যায় উড়িবার চেষ্টা না করে, তবে শিশুকে উড়িবার উপযুক্ত দেখিয়া, পক্ষী যেমন শিশুকে নীড় হইতে তাড়াইয়া দেয় এবং আপনারাও আর সে নীড়ে প্রত্যাগমন করে না, হে ভগবন্! মানব যদি সেইরূপ মানবজীবনে আত্মোৎকর্ষের চেষ্টা না করিয়া, কেবল দেহোৎকর্ষের জন্যই যত্ন করে, তখন আপনি তাহাকে অকৃতার্থ জ্ঞানে তাদৃশ দেহ হইতে বঞ্চিত করত, পূর্ব্ববৎ উপকার প্রদানেও বিরত হন। জননী যেমন পীযূষ-পূর্ণ সুস্বাদু এবং উপাদেয় ক্ষীর হস্তে লইয়া স্বীয় সন্তানকে তাহার কুসঙ্গীর কুহকপূর্ণ কুটীল সংসর্গ পরিত্যাগে প্রত্যাবর্ত্তনের ইঙ্গিত করেন, আপনিও সেইরূপ প্রেমানন্দের অপার জলধি প্রদর্শনে মানবকে মায়াবিনীর মরীচিকা হইতে প্রত্যাগমনার্থ নিরন্তর ইঙ্গিত করিতেছেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয়! নির্ব্বোধ মানব তাহা কিছুতেই বুঝিতে পারিতেছে না; আপনার কৃপা-সিন্ধু পরিত্যাগ পূর্ব্বক গরল-খাদেই প্রাণ সমর্পণ করিতেছে। ইহাদের ন্যায় উৎকট পাপিষ্ঠ আর কেহ নাই। কারণ নিজের লাভের জন্য অন্যের অনিষ্ট অনেকেই করিতে পারে; কিন্তু ইহারা পরের দুরভিসন্ধির পূরণার্থ আত্মহত্যা করিতেছে। কারণ ঘনীভূত নীহারের আবরণে যেমন অতি নিকটবর্ত্তী পদার্থও উপলব্ধ হয় না, সেইরূপ

নিভৃতমরুন্মনোঽক্ষদৃঢ়যোগযুজো হৃদি
যন্মুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণাৎ।

অন্বয়ঃ।

মরুৎ প্রাণঃ, মনঃ অক্ষাণি ইন্দ্রিয়াণি, চ নিভৃতানি সংযমিতানি, যৈঃ তে চ তে দৃঢ়ং যোগং যুঞ্জন্তি যে ইতি দৃঢ়যোগযুজঃ চ তে মুনয়ঃ যৎ তত্ত্বং হৃদি উপাসতে ধ্যায়ন্তি, তদেব তত্ত্বং অরয়ঃ অপি তব স্মরণাৎ যযুঃ প্রাপুঃ। তথা উরগেন্দ্রস্য শেষস্য, ভোগঃ দেহঃ, তৎসদৃশয়োঃ ভুজ-

শ্রীধরস্বামী।

ইদানীমাত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য ইত্যাদ্যাঃ শ্রুতয়ো ধ্যানমঙ্গত্বেন উপদিশন্তীত্যাহ নিভৃতমরুন্মনোঽক্ষদৃঢ়যোগযুজ ইতি। মরুৎ প্রাণশ্চ মনশ্চ অক্ষাণীন্দ্রিয়াণি চ নিভৃতানি সংযমিতানি যৈ স্তেচ তে দৃঢ়ং যোগং যুঞ্জন্তীতি দৃঢ়যোগযুঞ্জশ্চ তে তথাভূতা মুনয়ো হৃদি যত্তত্ত্বমুপাসতে তদেবারয়োঽপি তব স্মরণাদ্যযুঃ প্রাপুঃ স্ত্রিয়োঽপি কামতঃ উরগেন্দ্রভোগ-ভুজদণ্ডবিষদ্ধিয়ঃ অহীন্দ্রদেহসদৃশয়ো ভুজদণ্ডয়ো বিষতা ধী র্যাসাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবৎস্বরূপেষপি মধ্যে শ্রীকৃষ্ণস্য তদ্বিষয়কসর্ব্ববিলক্ষণভক্তিযোগস্য চ সর্ব্বোৎকর্ষং বক্তুং প্রথমং ব্রহ্মবিষয়কং জ্ঞানযোগমপকর্ষকক্ষায়াং নিক্ষিপন্ত্য আহুঃ। নিভৃতৈঃ সংযমিতৈ-র্মরুন্মনোঽক্ষৈর্যো দৃঢ়ো নিশ্চলো যোগস্তং যুঞ্জন্তীতি তে তথাভূতা মুনয়ো হৃদি পরমশুদ্ধে ব্রহ্মাকারীভূতে যদ্ব্রহ্মস্বরূপমুপাসতে তদরয়ঃ কৃষ্ণাবতারসময়গতাঃ অসুরা অপি অরিভাবময়াদপি

অহো! আপনার মহিমা অতুলনীয়! কারণ প্রাণ, মন ও ইন্দ্রিয়বর্গের সংযমনে দৃঢ়তর যোগের অনুষ্ঠান পূর্ব্বক মুনিগণ যে তত্ত্বের অনুশীলন করিয়া থাকেন, কংসাদি অরিকুল কেবল আপনার রূপ চিন্তনেই সেই যোগি-লভ্য সুদুর্ল্লভ তত্ত্ব অনায়াসে হৃদয়-মন্দিরে ধারণা করিয়াছে, সন্দেহ নাই। অধিক কি! পরিচ্ছিন্ন-দৃষ্টি গোপ-কামিনীগণ কামের বশবর্ত্তিনী হইয়া, অনন্ত

আভাস।

ঘোর অবিদ্যার প্রাবরণে ভবদীয় প্রেমসিন্ধুও সুস্পষ্ট উপলব্ধ হয় না; অথচ মায়াবিনীর মরীচিকা অতীব শীতল এবং স্বচ্ছ বারিরূপে দূরে অবস্থান করত ভব-পিপাসায় কাতর মানবকে তৃপ্ত হইবার জন্য প্রলোভিত করে। হে দয়াময়। আপনি ব্যতীত মানবের এই মায়া নিবারণের আর কেহ সখা নাই! ভ্রান্ত নর অকিঞ্চিৎকর ভোগের আকাঙ্ক্ষায় প্রমত্ত হইয়া, মরণান্তে তাদৃশ ভোগায়তন দেহ গ্রহণ করে; এবং পুনরায় এই ভীষণ দুঃখপ্রদ সংসার-দাবানলেই নির্দ্দগ্ধ হইতে থাকে॥ ১৮॥

এই শ্লোকে ভগবানের সমদর্শিত্বের পরিচয় দেওয়া হইয়াছে। তাঁহাকে যে যে ভাবেই ডাকে, তিনি তাহার নিকট সেইভাবেই উপস্থিত হইয়া, মনোরথ পূর্ণ করেন। আত্মা বা রে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ; ইত্যাদি শ্রুতিবাক্যের দ্বারা পরমাত্মার ধ্যানাদি

স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ডবিষক্তধিয়ো
বয়মপি তে সমাঃ সমদৃশোঽঙ্ঘ্রি সরোজসুধাঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

দণ্ডয়োঃ বিষক্তা ধীঃ যাসাং তাঃ পরিচ্ছিন্ন-দৃষ্টয়ঃ স্ত্রিয়ঃ গোপ্যঃ অপি কামতঃ ধ্যানাৎ তদেব তত্ত্বং যযুঃ ; তথা অঙ্ঘ্রি-সরোজ-সুধাঃ তব অঙ্ঘ্রি সরোজং সুষ্ঠু ধারয়ন্ত্যঃ ধ্যায়ন্ত্যঃ বর্ণয়ন্ত্যঃ সমদৃশঃ (সমং অপরিচ্ছিন্নং ত্বাং পশ্যন্ত্যঃ বয়ং শ্রুত্যভিমানিন্যঃ দেবতাঃ) অপি তে তব (কৃপা-বিষয়তয়া) সমাঃ এব ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

তাঃ পরিচ্ছিন্নং ত্বাং পশ্যন্ত্যো বয়ং শ্রুত্যভিমানিন্যো দেবতা অপি তে সমা এব কৃপাবিষয়তয়া অঙ্ঘ্রি সরোজসুধাঃ অঙ্ঘ্রি সরোজং সুষ্ঠু ধারয়ন্ত্যঃ। অয়ং ভাবঃ। ঈশ্বরভূত তব স্মরণানুভাবঃ। যে যোগিন ত্বাং হৃদ্যালম্বনমুপাসতে যাশ্চ বয়ং ত্বাং সমমপরিচ্ছিন্নং পশ্যামঃ যাশ্চ স্ত্রিয়ঃ কামতঃ পরিচ্ছিন্নং ধ্যায়ন্তি যে চ দ্বেষেণ সর্ব্বানপি তাংস্ত্বামেব প্রাপয়তি। চরণস্মরণং প্রেম্না তব দেব সুদুর্লভং। যথা কথঞ্চিন্ন হরে মন ভূয়াদহর্নিশং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্মরণাদ্যযুঃ। অহো কৃষ্ণাকারস্য মাহাত্ম্যং তাদৃশা অপি মুনয়োঽপরিচ্ছিন্নদৃষ্টয়োঽপি যাবদ্ব্রহ্ম কেবলমুপাসীনা এব তিষ্ঠন্তি তন্মধ্য এব কংসাদয়োঽসুরাঃ পরিচ্ছিন্নদর্শিনঃ পাপাত্মত্বাদশুদ্ধচিত্তা অপি অরিভাববত্ত্বাৎ কৃষ্ণাঙ্গসঙ্গমাধুর্য্যস্যাপরোক্ষানুভবরহিতা অপি কেবলতদাকার-মাত্রস্মরণাৎ তদেব ব্রহ্ম প্রাপ্যৈব স্থিতাঃ। মুনয়স্তু ন জানীমহে কিয়তা কালেন তৎ প্রাপ্স্যন্তীতি ভাবঃ। এবঞ্চ তচ্ছ্রুতিগণ-প্রাপ্তং ব্রহ্মরসাস্বাদং মুনয়ো যত্নেন প্রাপ্নুবন্তীতি পূর্ব্বার্দ্ধে-

---

নাগের কলেবর-সদৃশ ভবদীয় ভুজ-যুগলের রূপে মোহিতচিত্তা হইয়া, সেই পরম তত্ত্বই প্রাপ্ত হইয়াছেন। আপনার পাদপদ্ম চিন্তা করিয়া এবং বিশেষ প্রণিধান পূর্ব্বক বর্ণন করিয়াই, আমাদের ন্যায় শ্রুত্যভিমানিনী দেবতা-নিচয়ও আপনার যোগিগণ-তুল্য কৃপার পাত্র হইয়াছি, সন্দেহ নাই ॥ ১৯ ॥

আভাস।

উপাসনার উপদেশই প্রদান করা হইয়াছে; যাঁহারা প্রাণ, মন এবং ইন্দ্রিয়বর্গকে সংযত করত দৃঢ়তর যোগের অনুষ্ঠান করেন, তাদৃশ মুনিগণ হৃদয়পটে যে তত্ত্বের অনুভব করেন, হে পরমেশ! তীব্রবেগে শত্রুজ্ঞানে আপনার কেবল স্মরণ মাত্র করিয়াই দুষ্টচিত্ত অরিস্থানীয় কংসাদি দৈত্যগণও সেই পরম তত্ত্ব লাভে কৃতার্থ হইয়াছেন। আপনি মানবকে যে কোন বৃত্তি দিয়াছেন, সমস্তই তাহার যে মঙ্গলের নিমিত্ত, তাহা এই গোপললনাগণের ফলপ্রাপ্তিতেই বিশেষরূপে প্রতিপন্ন হইয়াছে। কারণ কামবৃত্তিকে নিকৃষ্ট বলিয়া নিন্দা করা যায় বটে, কিন্তু গোপিকারা সেই কুৎসিত কামবৃত্তির ফলে অদ্য পূর্ণব্রহ্ম শ্রীকৃষ্ণকে তাঁহারা অন্তরাত্মারূপে অন্তর্বাহিরে প্রাপ্ত হইয়াছেন। কৈ! তাঁহাদের লব্ধ তত্ত্ব যোগীর অপেক্ষা কোন অংশেও

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নোক্তা তন্মিত্রগণ-প্রাপ্তং প্রেমরসাস্বাদং বয়ং শ্রুতয়ো যত্নেন প্রাপ্নুম ইত্যাহুঃ। স্ত্রিয়ো ব্রজদেব্য ঊরগেন্দ্রস্য ভোগো দেহস্তৎসদৃশয়ো স্বদীয়ভুজদণ্ডয়োরতিরাগেণৈব বিষক্তা ধীর্যাসাং তা হৃদি স্ববক্ষঃস্থলে যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষিত্যুক্তিরীত্যা অস্ত্রি সরোজয়ো র্যাঃ সুধা উপাসতে সেবন্তে অনুভবন্তীতি যাবৎ। তা এব বয়ং শ্রুতয়োঽপি যমিম সমাঃ তপসা গোপীত্ব-প্রাপ্ত্যা তত্তুল্যরূপাঃ সত্যঃ কথং যমিথ তত্রাহুঃ। সমদৃশঃ সমদৃষ্টয়ঃ। তাসাং যস্মিন্ বর্ত্মনি তদনুগত্যা দৃষ্টিং দদানা ইত্যর্থঃ। অত্র চত্বারো গণা বর্ণিতা স্তত্র পূর্ব্বার্দ্ধগতৌ মুনি-গণদৈত্যগণৌ যথাসমপ্রাপ্যৌ তথৈবোত্তরার্দ্ধগতৌ গোপীগণশ্রুতিগণৌ সমপ্রাপ্যৌ পৃথক্ পৃথগপিশব্দাভ্যামবগম্যেতে। ইতিহাসশ্চাত্র বৃহদ্বামনে উত্তরস্থানে যিলে। ব্রহ্মানন্দময়ো লোকো ব্যাপী বৈকুণ্ঠসংজ্ঞিতঃ। তল্লোকবাসী তত্রস্থৈঃ স্তুতো বেদৈঃ পরাৎপরঃ। চিরং স্তুত্যা তত স্তুষ্টঃ পরোক্ষং প্রাহ তান্ গিরা। তুষ্টোঽস্মি ব্রূত ভো প্রাজ্ঞা বরং যন্মনসীপ্সিতং। শ্রুতয় ঊচুঃ। যথা ত্বল্লোকবাসিন্যঃ কামতত্ত্বেন গোপিকাঃ। ভজন্তি রমণং মত্বা চিকীর্ষা-জনিনস্তথা। শ্রীভগবানুবাচ। দুর্লভো দুর্ঘটশ্চৈব যুষ্মাকং সুমনোরথঃ। ময়ানুমোদিতঃ সম্যক্ সত্যো ভবিতুমর্হতি। আগামিনি বিরিঞ্চৌ তু জাতে সৃষ্ট্যর্থমুদ্যতে। কল্পং সারস্বতং প্রাপ্য ব্রজে গোপ্যো ভবিষ্যথ। পৃথিব্যাং ভারতে ক্ষেত্রে মাথুরে মম মণ্ডলে। বৃন্দা-বনে ভবিষ্যামি প্রেয়ান্ বো রাসমণ্ডলে। জারধর্ম্মেণ সুস্নেহং সুদৃঢ়ং সর্ব্বতোঽধিকং। ময়ি সংপ্রাপ্য সর্ব্বেঽপি কৃতকৃত্যা ভবিষ্যথ। ব্রহ্মোবাচ। শ্রুত্বৈতচ্চিন্তয়ন্ত্যস্তা রূপং

আভাস।

ন্যূন নহে। হে হৃষীকেশ! আমরা আপনাকে অপরিচ্ছিন্ন সর্ব্বান্তর্যামী সর্ব্বেশ্বর সর্ব্বফল-দাতা সর্ব্বাধ্যক্ষ এবং সাক্ষী চেতা কেবল ও নির্গুণরূপে মীমাংসা করিলেও, গোপী প্রভৃতি সাধকগণের অপেক্ষা ত কিছু বিশেষ প্রকাশ করিতে পারিলাম না। অতএব আপনি সকল-কারই পক্ষে এক; যে যে ভাবে আপনাকে গ্রহণ করিতে চাহে, আপনি সেই ভাবেই তাহার আপনার হন। যেমন স্পর্শমণির সম্পর্কে সর্ব্ব প্রকার লৌহই সুবর্ণ হইয়া যায়, সেস্থলে মণি লৌহের উৎকর্ষ বা অপকর্ষ-ভেদে কোনরূপ ফলের তারতম্য করে না, সেইরূপ যে, যে ভাবেই আপনার সম্পর্ক করুক্ না, এক জাতীয় ফলই সকলের অদৃষ্টে ঘটে। যদবধি আপনার সাক্ষাৎকার না ঘটে, তদবধিই সাক্ষাৎকারিগণের মধ্যে ভেদ থাকে; সাক্ষাৎ ক'রলে, আর তাদৃশ ভেদ থাকে না। এই শ্লোকে চারি জাতিয় লোকের উল্লেখে ভগবন্মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। পূর্ব্বার্দ্ধে মুনিগণ এবং গোপীগণ ও শ্রুতিসমূহকে এক পক্ষ ধরিয়া, উভয়ের সামর্থ্য প্রতিপাদিত হইয়াছে। বৃহদ্বামন পুরাণের উত্তরভাগে ইতিহাস-স্থলে বর্ণিত আছে যে, "ব্রহ্মানন্দময়-ব্যাপ্ত ভুবনই বৈকুণ্ঠনামে অভিহিত। তল্লোকস্থ বেদ-মন্ত্রের দ্বারা ভগবান্ পরিস্তুত হইয়া, বিশেষ সন্তুষ্ট হইলেন; পরে পরোক্ষে বিদ্যমান থাকিয়া, সেই পরাৎপর পরমেশ তত্রত্য শ্রুতিসমূহকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে প্রাজ্ঞাগণ! আমি তোমাদের স্তবে বিশেষ প্রীত হইলাম; তোমরা এক্ষণে যথাভিলষিত বর প্রার্থনা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবতশ্চিরং। উক্তকালং সমাসাদ্য গোপ্যো ভূত্বা হরিং গতা ইতি। অত্র আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য ইতি। অর্থশ্চ দ্রষ্টব্যঃ সাক্ষাৎ কর্ত্তব্যঃ। অস্য সাধনান্যাহ। শ্রোতব্যঃ শ্রীগুরোর্মুখাদুপক্রমাদিভিস্তাৎপর্য্যেণাবধারয়িতব্যঃ। মন্তব্যঃ অসম্ভাবনাবিপরীতভাবনানিবারণায় স্বয়ং পুনর্বিচারণীয়ঃ। নিদিধ্যাসিতব্যো নিশ্চয়েন ধ্যাতব্য ইতি। অত্র জ্ঞানিনাং মতে সবিশেষ-নির্ব্বিশেষভেদেঽপি নির্ব্বিশেষ এব তাৎপর্য্যং। বৈষ্ণবানাং মতে তু অপ্রাকৃতবিচিত্রবিবিধবিশেষবতি শ্রীভগবদাকার এব। যমেবৈষ বৃণুতে তেন লভ্য স্তস্যৈষ আত্মা বৃণুতে তনুং স্বামিতি শ্রুতেঃ। কল্যাণগুণময়তনুমানাত্মা শ্রীভগবান্ দ্রষ্টব্যঃ তস্য সাধনান্যাহ। শ্রোতব্য ইতি শ্রীগুরোর্মুখাৎ তন্মন্ত্রশ্রবণং মন্ত্রময়বপুষ ইতি ক্রমদীপিকাদ্যুক্তেস্তন্মন্ত্রস্য তৎস্বরূপত্বোক্তেঃ। মন্তব্য ইতি মন্ত্রশব্দার্থয়োঃ সমাঅনন-লক্ষণং স্মরণং। নিদিধ্যাসিতব্য ইতি। নিধ্বর্ণনন্তু নির্ধ্যানং দর্শনালোকনেক্ষণমিত্যমরোক্তে নির্ধ্যানং দর্শনং। তস্যেচ্ছা নিদিধ্যাসনং। মন্ত্রার্থসম্যঙ্মননপূর্ব্বকজপাভ্যাসাৎ স্বেষ্টদেবঃ স দিদৃক্ষিতব্য ইত্যর্থঃ। দিদৃক্ষাভ্যাসাৎ দ্রষ্টব্য ইতি। বেদানাং কামভাবেচ্ছায়াং তু যং মাং স্মৃত্বা নিষ্কামঃ সকামো ভবতীতি কৃষ্ণোক্তিরূপা গোপালতাপনীশ্রুতিঃ। ব্রজস্ত্রীজন-লংভূতশ্রুতিভ্যো ব্রহ্মসঙ্গত ইতি চ। অর্থশ্চ। ব্রজস্ত্রীজনেষু সংভূতা বৃহদ্বামনপুরাণদৃষ্ট-তপোভিরুৎপন্না যাঃ শ্রুতয় স্তাভ্যো হেতুভ্যঃ তাঃ প্রাপ্যেতি বা কৃষ্ণো ব্রহ্মসঙ্গতঃ প্রাপ্তবেদাঙ্গ-সঙ্গোঽভূৎ ॥ ১৯ ॥

আভাস।

কর! শ্রুতিগণ এতদুত্তরে বলিলেন, হে ভক্তবল্লভ! ভবদীয় লোকবাসিনী গোপিকাগণ আপনার চিত্তানুকারিণী হইয়া, প্রাণরমণ জ্ঞানে কামতত্ত্বের অনুশীলনে যেরূপে আপনার ভজনা করিয়া থাকেন, আমরা আপনার নিকট সেইরূপ ভজনাধিকারেরই প্রার্থনা করি। এতৎশ্রবণে ভগবান্ বলিলেন, হে শ্রুতিগণ! তোমাদের এই পবিত্র অভিলাষ সম্পূর্ণ দুর্ল্লভ এবং দুর্ঘট হইলেও, ইহার পূরণার্থ আমি অনুমোদন করিলাম। ব্রহ্মা যখন পুনরায় সৃষ্টি করিতে উদ্যত হইবেন, তখন সারস্বত মন্বন্তরে তোমারা সকলে ব্রজধামে গোপীমূর্ত্তিতে জন্ম গ্রহণ করিবে। এবং পৃথিবীর ভার হরণার্থ ভারতবর্ষের মদীয় মথুরা-মণ্ডলে আমি অবতীর্ণ হইয়া, বৃন্দাবনে তোমাদের রাসমণ্ডলে প্রিয়স্বরূপে ব্যবহার করিব। আর বুদ্ধিতে আমার প্রতি সুদৃঢ় প্রেমের পরিচয়ে আমাকে প্রাপ্ত হইয়া, তখন তোমরা কৃতকৃত্য হইবে, সন্দেহ নাই। অনন্তর সেই শ্রুতি সমুদয় পরে যথাকালে গোপী হইয়া, শ্রীহরিকে প্রাপ্ত হইয়াছিলেন। শ্রুতিও বলি-য়াছেন যে, আত্মা বারে দ্রষ্টব্যঃ শ্রোতোব্যো মন্তব্যো নিদিধ্যাসিতবাশ্চ ন স পুনরাবর্ত্ততে ন স পুনরাবর্ত্ততে ॥ এই মন্ত্রে দ্রষ্টব্যঃ অর্থাৎ সাক্ষাৎ কর্ত্তব্য। সাক্ষাৎ করিতে হইলে, গুরুর মুখে উপক্রমাদি শ্রবণের দ্বারা আত্মতত্ত্বের তাৎপর্য্য অবধারণ করা বিধেয়; পরে অসম্ভব বা বিপরীত ভাবের নিবারণে স্বয়ং মননের দ্বারা তত্ত্বের নিশ্চয় করাকে নিদি-ধ্যাসন কহা যায়। এতদর্থে জ্ঞানীর মতে সগুণ ভাব পরিহারে গুণাতীত নির্ব্বিশেষ

ক ইহ বেদ বতাবরজন্মলয়োঽগ্রসরং যত উদগাদৃষির্যমনু দেবগণা উভয়ে।

অন্বয়ঃ।

ইহ জগতি, অগ্রসরং পূর্ব্বসিদ্ধং, ত্বাং অবরজন্মলয়ঃ (অর্ব্বাচীনোৎপত্তি-বিনাশবান্ পুমান্) কঃ নু বেদ জানাতি। যতঃ ত্বতঃ ঋষিঃ ব্রহ্মা, উদগাৎ উৎপন্নঃ; যং অনু যদনন্তরং উভয়ে নিবৃত্তিনিষ্ঠাঃ সনকাদয়ঃ প্রবৃত্তিনিষ্ঠাঃ মরীচ্যাদয়ঃ দেবগণাঃ উৎপন্নাঃ। যদ্যতু ভবান্ সর্ব্বং

শ্রীধরস্বামী।

যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ। কোঽদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা কুত ইয়ং সৃষ্টিঃ। অর্ব্বাক্ দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আবভূব। অনেজদেকং মনসো জবীয়ো নৈনং দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্ষত্তদ্ধাবতোঽন্যানত্যেতি তিষ্ঠন্নস্মিন্নপো মাতরিশ্বা দধাতীত্যাদ্যাঃ ভগবত্তত্ত্বং দুর্জ্ঞেয়ং বদন্ত্যো ভক্তিমেব উররীকুর্ব্বন্তীত্যাহ ক ইহ নু বেদেতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাদ্ভক্তিরেব সর্ব্বশ্রেষ্ঠা সুঘটা চ ভক্তিবিষয়স্য তব জ্ঞানং তু সদৈব দুর্ঘটমিত্যাহুঃ ক ইহেতি। বত অহো ভগবন্ ইহ জগতি অগ্রসরং পূর্ব্বসিদ্ধং ত্বাং অবরজন্মলয়ঃ অর্ব্বাচীনোৎপত্তিনাশবান্ কো নু পুমান্ বেদ সম্যক্তয়া জানাতি। যতস্ত্বতঃ ঋষির্বেদঃ বেদগুহ্যানি হৃৎপত্তেরিতি শ্রুতিমুগ্যমেবেত্যাদ্যুক্তেস্তব যৎ কিঞ্চিন্মাত্রতত্ত্বজ্ঞাপকং প্রথমমুদগাৎ প্রাদুর্ভূব।

হে ভগবন্! এই সংসারে উৎপত্তি-বিনাশশীল সৃষ্টির অন্তরস্থিত কোন্ ব্যক্তি আনাদি-নিধন পূর্ব্বসিদ্ধ আপনাকে অবধারণ করিতে সমর্থ হইবে? কারণ আপনা হইতেই আদি ঋষি কমলযোনি ব্রহ্মা সমুৎপন্ন হইয়াছেন; এবং ব্রহ্মার পর নিবৃত্তিনিষ্ঠ সনকাদি এবং প্রবৃত্তি-মার্গাবলম্বী মরীচ্যাদি দেবতাগণ উৎপন্ন হইয়াছেন। আপনি যখন সমগ্র সৃষ্টিকে আপনাতে উপসংহার পূর্ব্বক নিদ্রিত হন, তখন আকাশাদি স্থূল পদার্থ বা মহদাদি

আভাস।

ভাবের নিরূপণই তাৎপর্য্যার্থ; কিন্তু বৈষ্ণবগণের মতে অপ্রাকৃতিক এবং অলৌকিক বিবিধ বিশেষ-বিশিষ্ট ভগবদাকারই অভিপ্রেত তাৎপর্য্য। এতদর্থে শ্রুতিও বলিয়াছেন, যথা; "যথেষ্টং বুনুতে হ্যেত" অর্থাৎ আগ্রহ সহকারে প্রার্থনা করিলে, ভগবান্ স্বীয় সবিশেষ ভাবের পরিচয়ে শ্রীবিগ্রহ প্রকাশ করিয়া থাকেন। এস্থলে শ্রবণ অর্থে গুরুমুখে মন্ত্র শ্রবণ; মনন অর্থে মন্ত্র প্রতিপাদ্য দেবতার স্বরূপ চিন্তনই রূপ এবং নিদিধ্যাসন অর্থে স্বরূপ মাত্রের অবধারণে নিশ্চলভাবে তাহাতে অবস্থান করা; এবং তৎকালে মন্ত্রবর্ণ বা জপ কিছুই থাকে না। তৎকালে মন্ত্রার্থের সম্যক্ মনন পূর্ব্বক জপের অভ্যাসের দ্বারা ইষ্টদেবতার সাক্ষাৎকার লাভের ইচ্ছা জন্মে এবং এই ইচ্ছার নিরন্তর আবৃত্তির ফলে সাক্ষাৎকার ঘটে। ভগবান্ শ্রীকৃষ্ণ নিজমুখে বলিয়াছেন যে, নিষ্কাম ভাবে আমাকে স্মরণ করিতে হয় বটে, কিন্তু আমার দর্শন হইলে, সে হৃদয়ে সকাম ভাবেরই উদয় হয়॥ ১৯॥

তর্হি ন সন্ন চাসদুভয়ং ন চ কালজবঃ
কিমাপ ন তত্র শাস্ত্রমবকৃষ্য শয়ীত যদা ॥ ২০ ॥

অন্বয়ঃ।

অবকৃষ্য উপসংহৃত্য, শয়ীত, তর্হি তদা তত্র ন সৎ স্থূলং আকাশাদি, ন চ অসৎ সূক্ষ্মং মহদাদি ন চ উভয়ং সদসত্ত্যাং আরব্ধং শরীরং চিদ্চিদাত্মকং মনঃ বা, ন চ কালস্য জবঃ বেগঃ, ন চ শাস্ত্রং জ্ঞাপকং পুরাণাদি, ন অন্যৎ কিমাপ আসীৎ (অতঃ জ্ঞানস্য দুর্ল্লভত্বাৎ ভগবদ্ভক্তিরেব সুকরা ইতি) ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

যত অহো ভগবন্ ইহ জগতি অগ্রসরং পূর্ব্বসিদ্ধং ত্বাং অবরজন্মলয়ঃ অর্ব্বাচীনোৎপত্তিনাশবান্ কো নু পুমান্ বেদ জানাতি? ঈশ্বরস্য পূর্ব্বসিদ্ধাবন্যস্যাব্বাচীনত্বে প্রমাণং বদন্ জ্ঞানকারণাভাবমাহ যত উদগাদিতি। যতস্ত্বত ঋষির্ব্রহ্মা উৎপন্নঃ। যং ব্রহ্মাণং অনু উভয়ে আধ্যাত্মিকা আধিদৈবিকা দেবগণা উৎপন্নাঃ। সর্ব্বে যদাতু ভবান্ সর্ব্বমনুকৃষ্য উপসংহৃত্য শয়ীত তর্হি তদা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যং বেদং অনু উভয়ে দেবাঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারো দিগ্বাতার্কাদয়ঃ। ব্রহ্মলোকাদ্যধিষ্ঠাতারো ব্রহ্মাদয়শ্চ উদগুঃ। তস্মাত্তেভ্যোঽপ্যবরজন্মলয়স্ত সুতরামেব ন বেদেত্যর্থঃ। যদা তু ভবান্ সর্ব্বমবকৃষ্য উপসংহৃত্য শয়াত তদা ন সৎ স্থূলমাকাশাদি, নচাসৎ সূক্ষ্মং মহদাদি, ন চোভয়ং সদসত্ত্যাং প্রারব্ধং শরীরং, নচ কালজবঃ তন্নিমিত্তভূতং কালবৈষম্যং ন কিমপি

সূক্ষ্ম পদার্থ, অথবা এই স্থূল-সূক্ষ্ম-মিলিত কলেবর বা চিদ্চিদাত্মক মন প্রভৃতি কোন তত্ত্বই আর থাকে না; অধিক কি! কালের স্রোত বা জ্ঞানের পরিচায়ক পুরাণাদি শাস্ত্র পর্য্যন্ত থাকে না; সুতরাং তৎকালে জ্ঞানেরও অভাব অবশ্যই স্বীকার করিতে হইবে। অতএব তাদৃশ ভাবের অবধারণ করিতে হইলে, আপনার অনুগ্রহই এক মাত্র অবলম্বন; সুতরাং ভক্তিরই প্রয়োজন এবং তাহাই সুগম বলিয়া বিবেচিত হয় ॥ ২০ ॥

আভাস।

হে ভক্তবৎসল! ভক্তিই সর্ব্বশ্রেষ্ঠ এবং সহজ-সাধ্য! আপনি ভক্তের ভগবান্ এবং জ্ঞানীর পরমাত্মা। কিন্তু আপনি ভক্তের যেমন অনায়াস-লভ্য অপূর্ব্ব নিধি, জ্ঞানীর নিকট তাদৃশ সুলভ নহেন; বরং সম্পূর্ণ দুর্ল্লভ বলিয়াই স্বীকার করিতে হইবে। কারণ ভক্ত শরণাগত হইয়া, নিজের অসামর্থ্যেরই পরিচয় দেয়; কিন্তু জ্ঞানী বিবিধ বিদ্যাদি ঐশ্বর্য্যের আশ্রয়ে পরমাত্মাকে ধরিতে পারিবে বলিয়া, নিজের সামর্থ্যেরই পরিচয় দেয়। কিন্তু জ্ঞানী জানেন না যে, যিনি ধরিবার উপকরণ এবং উপায়ের সৃষ্টি করেন, তিনি কি কখন সেই জ্ঞানাদি উপকরণ ও বৈরাগ্যাদি উপায়ের বাধ্য কখন হইবেন? তবে যে ব্যক্তি উক্ত উপকরণ সংগ্রহ করত উপায়ের অবলম্বনে তাহার সত্যত্বের প্রতীক্ষায় সর্ব্বেশ্বরের উপর নির্ভর করিয়া

শ্রীধরস্বামী।

অনুশায়িনাং জীবানাং জ্ঞানসাধনং নাস্তি যতস্তদা ন সৎ স্থূলং আকাশাদি ন চাসৎ সূক্ষ্মং মহদাদি নচোভয়ং সদসত্ত্যামারব্ধং শরীরং ন চ কালজবঃ তন্নিমিত্তভূতং কালবৈষম্যং এবং সতি তত্র তদা ন কিমপি ইন্দ্রিয়প্রাণাদ্যপি ন চ জ্ঞাপকং শাস্ত্রমপি। অয়মভিপ্রায়ঃ। অর্ব্বাক্ সৃষ্টিগতানাং দেহাদ্যুপাধিকৃতান্তরাণাং কালবশেন চ মলিনসত্ত্বানাং ন তাবৎ ভগবজ্জ্ঞান-সামর্থ্যং। তথা চ শ্রুতিঃ। ন তং বিদাথ য ইমা জজানান্যদ্যুষ্মাকমন্তরং বভূবেত্যাদ্যাঃ। যদাতু প্রলয়সময়ে ন বস্ত্বন্তরমস্তি তদাপি সাধনাভাবান্ন ভগবজ্জ্ঞানং অতস্তদেকশরণতয়া শ্রবণকীর্ত্তনাদিভক্তিরেব সুকরেতি। কাহং বুদ্ধ্যাদিসংরুদ্ধঃ ক্ব চ ভূমমহস্তব। দীনবন্ধো দয়াসিন্ধো ভক্তিং মে নৃহরে দিশ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রিয়প্রাণাদ্যপি নচ জ্ঞাপকং শাস্ত্রমপি। অয়মভিপ্রায়ঃ। সৃষ্টিসময়ে দেহাদ্যুপাধিকৃতবহু-ব্যবধানে সত্যপি জ্ঞাপকশাস্ত্রসত্ত্বাৎ সাধনসম্ভবাচ্চ বরং যৎ কিঞ্চিত্ত্বজ্জ্ঞানং সম্ভবেদপি প্রলয়সময়েতু বহুতরব্যবধানাভাবেঽপি শাস্ত্রাভাবাৎ সাধনাভাবাচ্চ ন কিঞ্চিন্মাত্রমপি তজ্জ্ঞান-মতস্ত্বজ্জ্ঞানাগ্রহং পরিত্যজ্য ত্বত্তাক্তরেব কর্ত্তুং যুজ্যত ইতি অত্র কোঽদ্ধা বেদ। ক ইহ প্রাবোচৎ কুত আজাতাঃ কুত ইয়ং বিসৃষ্টিঃ। অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আ বভূবেত্যাদ্যাঃ। অর্থশ্চ। অদ্ধা সাক্ষাৎ কো জানাতি নাপি কশ্চিৎ জ্ঞাপয়িতেত্যাহুঃ। কঃ প্রাবোচৎ অস্য বিসর্জ্জনেন এতৎ কর্ত্তৃকাবিধিসৃষ্টা এব দেবা অর্ব্বাক্ অভবন্নিতি। অথেঽর্থে অথা আদন্তঃ। তস্মাৎ যত ইদং বিশ্বমাবভূব তৎ কো বেদেতি ॥ ২০ ॥

আভাস।

থাকে, ভগবান্ তাহার নিকট আত্মভাব আর লুকাইতে পারেন না। কে ল সামর্থ্যের দ্বারা তাঁহাকে সংগ্রহ করিবার আশা দুরাশা মাত্র। অন্তরাল হইতে সূর্য্য-দর্শনের প্রবৃত্তি যেমন সফলা হয় না; কারণ যাহার অন্তরাল, সেই পদার্থই সূর্য্যদর্শনে প্রতিবন্ধক করে; সেইরূপ ইন্দ্রিয় বা মনাদি যে কোন উপকরণ বা উপায়কে আশ্রয় করত পরমাত্ম-সাক্ষাৎকারে অগ্রসর হওয়া যাইবে, সেই পদার্থই তৎসাক্ষাৎকারে ব্যাঘাত দিবে। শ্রুতিও এতদর্থে "অবাঙ্মনসগোচর" ইত্যাদি ভাবের পরিচয়ে ভগবত্তত্ত্বের দুর্জ্ঞেয়ত্বেরই মীমাংসা করিয়াছেন। অতএব ভক্তিকে অগ্রে লইয়া, যে কোন সাধনকে অবলম্বন করা যায়, ভগবান্ সেই সাধনের সত্যত্ব-প্রতিপাদনার্থ নিজে ধরা দিয়া থাকেন। বিশেষত ঈশ্বরকে ধরিবার কোন উপকরণই থাকেনা। ইন্দ্রিয় বর্গের কথা দূরে থাকুক্! তত্তদধিষ্ঠাত্রী দেবতানিচয় এবং অধিক কি? আদিকর্ত্তা স্বয়ং কমলাসনও যাঁহা হইতে উৎপন্ন, সেই অনাদি-নিধন পরম পুরুষকে কেহ অবধারণ করিতে পারেন না। বিশেষত মহাপ্রলয়ে দৃষ্ট যাবতীয় তত্ত্বকে উপসংহার পূর্ব্বক, যখন তিনি নির্ব্যাপারীর ন্যায় অবস্থান করেন, তখন জ্ঞান-সাধক সকল পদার্থের অভাব হওয়ায়, জীব তাঁহাকে কি উপায়ে অবধারণ করিবে? কারণ তৎকালে আকাশাদি স্থূল এবং মহত্তত্ত্বাদি সূক্ষ্ম এবং এতদুভয়ের সমবায়ে নির্ম্মিত দেহ এবং তদুপলক্ষে কাল প্রভৃতি কোন পদার্থই থাকে না। সুতরাং

অনিমসতঃ যতো মৃতিমুতাত্মনি যেচ ভিদাং
বিপণমৃতং স্মরন্ত্যপাদিশন্তি ত আরুপিতৈঃ।

অন্বয়ঃ।

অসতঃ পদার্থস্য, জনিং উৎপত্তিং, তথা সতঃ মৃতিং বিনাশং, চ যে স্মরন্তি বদন্তি, তে সর্ব্বে আরুপিতৈঃ ভ্রমৈঃ এব উপদিশন্তি (ন তত্ত্বদৃষ্ট্যা) উত ইতি অপ্যর্থে যে আপি আত্মনি ভিদাং ভেদং, স্মরন্তি তেঽপি আরুপিতৈঃ এব উপাদিশন্তি। ত্রিগুণময়ঃ পুমান্ ইতি কৃত্বা ভিদা

শ্রীধরস্বামী।

ইতোঽপি জ্ঞানং ন সুকরং উপদিশতামপি ভ্রমবাহুল্যাদিত্যাহ জনিমসত ইতি। অসতো জগতো জনিমুৎপত্তিং যে বৈশেষিকাদয়ো বদান্ত, অসত এব ব্রহ্মত্বস্যোৎপত্তিং যেচ পাতঞ্জলাদয়ঃ, সত এব একবিংশতিপ্রকারস্য দুঃখস্য মৃতিং নাশং মোক্ষং বদান্ত যে নৈয়ায়িকাঃ,

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কেবলং ভগবত স্তবৈব তত্ত্বং দুর্জ্ঞেয়মপি তু বিদুষ মেকমত্যাভাবাৎ পরমপুরুষার্থতয়া জীবাত্মনোঽপি তত্ত্বতো জ্ঞানং প্রায়ো দুঃশকমিত্যাহ জনিমসত ইতি। অসতএব ব্রহ্মত্বস্যোৎপত্তিং মোক্ষং যে পাতঞ্জলাদয়ো বদন্তি। ষড়িন্দ্রিয়াণি ষড়ূর্ম্ময়ঃ ষড়্বুদ্ধয়ঃ

কেহ বলেন যে, অসৎ স্বরূপ হইতে এই সৎ প্রপঞ্চের উৎপত্তি হইয়া থাকে; কেহ বলেন যে, সৎভাবেরও বিনাশ হইয়া থাকে; কোন বাদী আত্মার ভেদ বশত পুরুষের বহুত্ব স্বীকার করেন; কেহ বা চৈতন্যস্বরূপ পুরুষকে ত্রিগুণময় বিবেচনা করত ব্যবহার-নিষ্ঠ আত্মার ভেদ অবধারণ

আভাস।

তৎকালে ইন্দ্রিয়াদি উপকরণ এবং জ্ঞাপক শাস্ত্রের অভাব বশত, পরমাত্ম-সাক্ষাৎকার জীবের অদৃষ্টে ঘটে না; অথচ সৃষ্টির পর কালচক্রে নিরন্তর পরিণামশীল সুতরাং মলিন সত্ত্বাবাশ্রিত উপরোক্ত মন, বুদ্ধি, চিত্ত এবং অহঙ্কারাদির দ্বারাও ভগবৎসাক্ষাৎকার সম্পূর্ণ হওয়া অসম্ভব এবং অসঙ্গত। শ্রুতিও বলিয়াছেন যে, যে তাঁহাকে অবধারণ করিয়াছে বলিতেছে, প্রকৃত প্রস্তাবে সে কখন তাঁহাকে পায় নাই; তিনি বোধ এবং অবোধ এই দুইকে অতিক্রম করত, বোধাবোধের স্বরূপে বিদ্যমান আছেন। অতএব তাঁহার একান্ত শরণাগত হইয়া, শ্রবণ কীর্ত্তনাদিরূপ ভক্তি মাত্র করাই মানব-যোনির প্রধান কর্ত্তব্য। এতদর্থে টীকাকার শ্রীধরস্বামী বলিয়াছেন যে, হে ভগবন্! বুদ্ধ্যাদি অতি নিকৃষ্ট উপাধিতে জড়িত আমি কোথায়! এবং সর্ব্বস্বামিন্ আপনি কোথায়! হে দীনবন্ধো! কৃপা বিতরণে আমার হৃদয়ে কথঞ্চিৎ ভক্তির বিকাশ করুন! আমি আপনার স্বরূপ দর্শনে কৃতার্থ হই। ॥ ২০ ॥

যাদুকর-কৃত ইন্দ্রজাল ব্যাপার-সদৃশ নিরন্তর পরিবর্ত্তনশীল সংসারে ভ্রমবাহুল্য-নিবন্ধন প্রকৃত তত্ত্বের নিরূপণ করাও একান্ত অসম্ভব; নানাবাদী নানামতের সংস্থাপন করিয়াছেন; তন্মধ্যে কোন্‌টী যে প্রকৃত, তাহা নির্ণয় করত অগ্রসর হওয়া একান্ত দুরূহ। যেমন রক্ত পীতাদি বর্ণবিশিষ্ট

ত্রিগুণময়ঃ পুমানিতি ভিদা যদবোধকৃতা
ত্বয়ি ন ততঃ পরত্র স ভবেদববোধরসে ॥ ২১ ॥

অন্বয়ঃ।

আত্মভেদব্যবহারঃ অবোধকৃতা অজ্ঞানকল্পিতা ইতি। তথা যে চ বিপণং কর্ম্মফলব্যবহারং ঋতং সত্যং স্মরন্তি তদপি আরুপিটৈরেব বদন্তি। এবং যঃ প্রাণিষু ভ্রমঃ সঃ ততঃ পরত্র আবরণ-রহিতে অববোধরসে জ্ঞানৈকস্বরূপে ত্বয়ি ন ভবেৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

উত অপি যেচ সাংখ্যাদয় আত্মনি ভিদাং ভেদং, যেচ মীমাংসকা বিপণং কর্ম্মফলব্যবহারং ঋতং সত্যং স্মরন্তি বদন্তি, তে সর্ব্বে আরুপিটৈ ভ্রমৈরেবোপদিশন্তি ন তত্ত্বদৃষ্ট্যা। সদেব সৌম্যেদমগ্র আসীৎ। ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি। অনীশয়া শোচতি মুহ্যমানঃ। অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ। একমেবাদ্বিতীয়ং ব্রহ্মেতি। একধা বহুধা চৈব দৃশ্যতে ইত্যাদি শ্রুতিবিরোধাৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষড়্বিষয়াঃ সুখং দুঃখং শরীরঞ্চেত্যেকবিংশতি-প্রকারস্য দুঃখস্য সতএব মৃতিং নাশং মোক্ষং বদন্তি যে নৈয়ায়িকাঃ; উত অপি আত্মনি ভিদাং তস্য অগুণময়াত্মতামেব মোক্ষং বদন্তি যে সাঙ্খ্যাদয়ঃ। বিপণং ব্যবহারং কর্ম্মফলং স্বর্গাদ্যেব ঋতং সত্যং পরমপুরুষার্থং স্মরন্তি বদন্তি যে চ মীমাংসকা স্তে সর্ব্বে আরুপিটৈঃ আরোপিটৈরেবোপদিশন্তি ন তত্ত্বদৃষ্ট্যা। যতঃ পুরুষস্য জীবাত্মন ত্রিগুণময়ত্বে সর্ব্বমিদং সঙ্গচ্ছেত। নতু তদস্তি সতু বস্তুতো নির্গুণ এবেতি

করিয়া থাকেন। কেহ বলেন কর্ম্মই প্রধান; কর্ম্মফলের ভোগোপলক্ষেই ভোগ, ভোগ্য এবং ভোক্তার জন্ম হইয়া থাকে; পরমার্থত ঈশ্বরত্বের বিশেষ প্রয়োজন নাই। হে ভগবন্! এই যাবতীয় মতভেদ কেবল অজ্ঞান-নিবন্ধন জীবেই হইয়া থাকে। জ্ঞানৈকবিগ্রহ আবরণশূন্য ভবদীয় স্বরূপে এই সমস্ত ভ্রমের কোনরূপ সম্ভাবনা নাই ॥ ২১ ॥

আভাস।

উপচক্ষুর (চশ্‌মার) মধ্য দিয়া দৃষ্ট-পদার্থের বর্ণ নির্ণয় করা দুরূহ, সেইরূপ মায়া-যবনিকার দ্বারা প্রচ্ছন্নদৃষ্টি পণ্ডিতগণের মতে নিরূপিত পরমতত্ত্বের প্রকৃত স্বরূপ সুনির্দ্দিষ্ট বলিয়া কখনই অবধারিত করা যায় না। যাহার যে রঙ্গের চশ্‌মা চক্ষুতে থাকে, সে ব্যক্তি পুরোবর্ত্তী শুভ্র বস্তুকেও যেমন সেই রঙ্গে রঞ্জিত করিয়া অবধারণ করে, সেইরূপ পণ্ডিতগণের মধ্যে যিনি মায়ার যে স্তরে যখন অবস্থান করেন, তাহার মধ্য দিয়া দৃষ্ট পরমতত্ত্বকেও তিনি সেই ভাবেই নিরূপণ করিয়া থাকেন। সুতরাং সে মতটী সুনির্দ্দিষ্ট সাধারণ মত বলিয়া কখনই অনুসরণীয় নহে। অতএব উপদেশক থাকিলেও জ্ঞান-সাধন সুগম নহে। কোন বাদী বলেন যে, জগৎ অসৎ; ইহা প্রপঞ্চভাবে উৎপন্ন হয় এবং অভাবস্বরূপেই বিলীন হয় কেহ বলেন, ছয়টী ইন্দ্রিয়, রাগদ্বেষাদি ছয়টী ঊর্ম্মিস্বরূপ চিত্তবেগ, ছয়টী ভোগের বিষয় এবং

শ্রীধরস্বামী।

কিঞ্চ বস্তুতঃ পুরুষস্য ত্রিগুণময়ত্বে সর্ব্বমিদং সঙ্গচ্ছতে। নতু তদস্তীত্যাহ ত্রিগুণময়ঃ পুমানিতি। ভিদা যদবোধকৃতা। ত্বয়ীতি ত্রিগুণময়ঃ পুমানিত্যনেন হেতুনা যা ভিদা উপলক্ষণমেতৎ ভিদাদি সা যস্মাৎ ত্বয়ি বিষয়েঽবোধকৃতা তদ্বিষয়াজ্ঞানবিজৃম্ভিতা। তর্হি কিমজ্ঞানমস্তি বস্তুতঃ পুংসি নৈবেত্যাহ ততোঽবোধাৎ। পরত্র পরেঽসঙ্গেঽববোধরসে জ্ঞানঘনে পুংসি সঃ অযোধো ন ভবেৎ ন সম্ভবতীত্যর্থঃ। মিথ্যাতর্কস্তুতর্কসেবিতমহাবাদান্ধকারান্তরে ভ্রাম্যন্মন্দমতের-মন্দমহিমংস্তুজ্জ্ঞানবর্ত্মাস্ফুটং। শ্রীমন্মাধব বামন ত্রিনয়ন শ্রীশঙ্কর শ্রীপতে গোবিন্দেতি মুদা বদন্মধুপতে মুক্তঃ কদা স্যামহং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্যোতয়ন্ত্যা আহুঃ। ত্রিগুণময়ঃ পুমান্ জীব ইতি যা ভিদা জীবস্য ত্রিগুণময়ত্বরূপো যো ভেদ ইত্যর্থঃ সা যৎ যস্মাৎ অবোধকৃতা যা ত্বদীয়া অবিদ্যাশক্তিস্তৎকল্পিতৈব নতু বস্তুত ইত্যর্থঃ। সাচ জীবাত্মন্যেব প্রভবতি নতু ত্বয়ি পরমাত্মনীত্যাহুঃ। স অবোধ ত্বয়ি ন, জীবস্যৈবাবিদ্যয়া আবরণং প্রতীতং নতু তবেত্যর্থঃ। কুতঃ ততঃ পরত্র তব মায়াতীতত্বাৎ অবিদ্যায়াশ্চ মায়া-বৃত্তিত্বাৎ ত্বন্নিষম্যত্বাচ্চেতি ভাবঃ। কীদৃশে অববোধরসে সম্পূর্ণচিদেকরসে। যথান্ধকার-স্তেজঃপুঞ্জং সূর্য্যমাবরীতুমসমর্থং স্তেজঃকণং স্বর্ণরজতাদিকং স্বব্যাপ্তং করোত্যেবেতি ভাবঃ। অত্র অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ। জঙ্ঘন্যমানাঃ পরিষন্তি মূঢ়াঃ অন্ধেনৈব নীয়মানা যথান্ধা ইত্যাদ্যুক্তঃ। অর্থশ্চ পণ্ডিতম্মন্যমানাঃ পণ্ডিতম্মন্যাঃ। জঙ্ঘন্য-মানা বাদবিবাদৈরিত্যর্থঃ পীড্যমানাঃ পরিষন্তি ভ্রমন্তি ॥ ২১

আভাস।

ভোগোত্থ সুখ এবং দুঃখ ও শরীর এই একবিংশতি পদার্থের অত্যন্তাভাবই জীবের মোক্ষ। আদিবুদ্ধ সাংখ্যকার বলেন যে, আত্মা বহু; যতগুলি দেহ দেখা যায়, আত্মাও ততগুলি স্বীকার করিতে হইবে। কোন মীমাংসক বলেন যে, কর্ম্মফল অবশ্যম্ভাবী; ইহার ভোগই জীবস্বরূপকে প্রবাহরূপে বিদ্যমান রাখে। বর্ত্তি এবং তৈল নিয়ত বিদ্যমান থাকিয়াই যেমন অগ্নিকে স্থায়ী করে, সেইরূপ কর্ম্মফল জীবকে জীবিত রাখে। কিন্তু এই সকল মতই ভ্রমাত্মক; কারণ ভ্রমই ইহার সকলের ভিত্তি। শ্রুতি এক ব্রহ্মস্বরূপের প্রতিপাদন করিয়াছেন। পুরুষস্বরূপের ত্রিগুণময়ত্বের সংস্থাপন করিতে পারিলে, পূর্ব্বোক্ত সকল মতেরই সংস্থাপন যুক্তিযুক্ত হয় বটে; কিন্তু প্রকৃতপ্রস্তাবে পুরুষ গুণের অতীত; কেবল অজ্ঞান নিবন্ধন বা ভ্রান্তির আবরণে পুরুষের বহুত্বাদি ভেদ, সুখাদিবিশিষ্ট ভাব এবং সেই সকল ভাবের উদয় বা ধ্বংস প্রতীত হইতেছে। কিন্তু যে স্থানে সেই সকল অজ্ঞান নাই, সেস্থানে এ সকল কোনরূপ তর্ক বিতর্ক করিবার কিছুই ভিত্তি নাই। আত্মার আবরণেই তর্কবিতর্ক ও বিচার হইয়া থাকে। ভ্রমের পথে বিচার; জ্ঞানের পথে কোন বিচার নাই। যে গৃহে কোন দ্বার নাই; চতুর্দ্দিক অনাবৃত, সে গৃহে যাতায়াতের কোন পথ নাই। অতএব শ্রুতি বলিয়াছেন, হে ভগবন্! ভবদীয় স্বরূপজ্ঞানের অসদ্ভাবই সংসার; স্বরূপ

সদিব মনস্ত্রিবৃত্ত্বয়ি বিভাত্যসদামনুজাৎ সদভিমৃশন্ত্যশেষমিদমাত্মতয়াত্মবিদঃ।

অন্বয়ঃ।

আমনুজাৎ (মনুর্মন্ত্রঃ স্বায়ম্ভুবঃ জায়তে যস্মাৎ সঃ মনুজঃ ব্রহ্মা তাৎপর্য্যান্তং) অসৎ মনস্ত্রিবিৎ (মনোমাত্র-বিলাসতং ইদং ত্রিবৃৎ ত্রিগুণাত্মকং, প্রপঞ্চজাতং ত্বয়ি সদধিষ্ঠানে সৎ ইব বিভাতি; অশেষং ভোক্তৃভোগ্যাত্মকং, ইদং বিদুঃ, আত্মতয়া এব সৎ ইতি আত্মবিদঃ অভি-

শ্রীধরস্বামী।

নন্থ চ যদ্যসন্নোৎপদ্যতে যদি চ ত্রিগুণময়ঃ পুরুষো ন ভবতি তর্হীদং প্রপঞ্চজাতং পুরুষশ্চ পৃথঙ্নাস্তীত্যুক্তঃ স্যাৎ কথং তর্হি তয়োঃ সত্ত্বেন প্রতীতিরত আহ সদিব মন ইতি। মনঃ মনোমাত্রবিলাসত মিদং ত্রিবৃৎ ত্রিগুণাত্মকং প্রপঞ্চজাতমসদেব সদিব বিভাতি কথমিতি চেত্তত্রাহ ত্বয়ীতি। ত্বয্যধিষ্ঠানে অধিষ্ঠানসত্তয়া সদ্বৎ প্রতীয়ত ইত্যর্থঃ। ন কেবলং ইদঙ্কারা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র ত্রিগুণময়ঃ পুমানিতি। ভিদেত্যত্র জ্ঞানিনাং মতে জীবাত্মন ত্রিগুণময়ত্বেন ভিদা পরমাত্মনঃ সকাশাত্তেদোহজ্ঞানকল্পিত এব। জ্ঞানেন তু তস্মিন্নজ্ঞানে নষ্টে সতি ভেদে চ তিরোহিতে স পরমাত্মৈব ভবতি অতো জীবাত্মা নাম পরমাত্মতো ন পৃথগ্স্বরূপ ইতি তত্ত্বং। বন্ধমোক্ষৌ তুজ্ঞানবিজৃম্ভিতাবেব। কিঞ্চৈবমিদঙ্কারাস্পদং বিশ্বমপি ততঃ পৃথক্ প্রতীত-

---

ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া, অতি স্থূল কেবল মনোমাত্র বিজৃম্ভিত এই ত্রিগুণাত্মক পরিদৃশ্যমান প্রপঞ্চ জগৎ স্বরূপত মিথ্যা হইলেও কেবল সৎ স্বরূপ ভবদীয় অধিষ্ঠানের আশ্রয়ে সৎস্বরূপেই অবভাসিত হইতেছে। এবং আত্মজ্ঞানী বিবেকী পণ্ডিতগণ ভোগ্য এবং ভোক্তৃ স্বরূপ এই বিশ্ব সংসারকে আত্মাশ্রয়-নিবন্ধনই সৎ বলিয়া অবধারণ করিয়া থাকেন। সুবর্ণ কুণ্ডলাদির

আভাস।

স্বরূপজ্ঞানে আর সংসার থাকে না; সুতরাং কোন পথই নাই। যেখানে পথ আছে, ততদূর সংসার বলিয়াই অবধারণ করিতে হইবে। অতএব ভ্রমাত্মক পথে পর্য্যটন করত, ভ্রমের অতীত পরম পদে গমন করা কিরূপে সংঘত হইতে পারে! ॥ ২১ ॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, অসতের উৎপত্তি এবং জীবচৈতন্যের ত্রিগুণময় ভাব যদি স্বীকার করা না হয়, তাহা হইলে, এই প্রপঞ্চ জগৎ এবং তাহার দর্শক বা উপভোক্তা পুরুষের পৃথক্ অস্তিত্ব স্বীকার করা হয় না; কিন্তু তাহাদের উভয়ের অস্তিত্ব কি প্রকারে প্রতীত হইতেছে! তাহার উত্তরে শ্লোকে উক্ত হইয়াছে যে, হে ভগবন্! এ সমস্ত আপনারই কল্পনা মাত্র। প্রকৃত প্রস্তাবে এক আপনি আছেন মাত্র। জীব আপনার কল্পিত বস্তুকে লইয়া, নানা কল্পনার বিস্তারে দ্বিতীয় সৃষ্টি করত অনন্ত ভাবের উৎপাদন করিয়া থাকে মাত্র। আপনি একটী নারীর কল্পনা করিয়াছেন, কিন্তু সেই মাংসময়ী যোষিৎকে জীব স্ব স্ব কল্পনা অনুসারে কেহ তাহাকে বনিতা, কেহ তাহাকে জননী, কেহ

নহি বিকৃতিং ত্যজন্তি কনকস্য তদাত্মতয়া
স্বকৃতমনুপ্রবিষ্টমিদমাত্মতয়াঽবসিতং ॥ ২২ ॥

অন্বয়ঃ।

মৃশন্তি জানন্তি। যতঃ কনকস্য বিকৃতিং কুণ্ডলাদিকং, তদাত্মতয়া কনকাত্মতয়া কনকার্থিনঃ যথা ন ত্যজন্তি অতঃ স্বকৃতং ইদং বিশ্বং অনুপ্রবিষ্টং পুরুষং চ আত্মতয়া এবং অবসিতং নিশ্চিতং এব ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

স্পদং কিন্তু আ মনুজাৎ মনুজঃ পুরুষঃ আ ভবিধাবাকারঃ পুরুষমভিব্যাপ্যেত্যর্থঃ পুরুষস্যাপি পৃথক্ত্বপ্রতীতি মনোমাত্রবিলসিতেত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ অসতোঽধি মনোঽসৃজৎ মনঃ প্রজাপতিমসৃজৎ প্রজাপতিঃ প্রজা অসৃজৎ তথা ইদং মনস্যেব পরমং প্রতিষ্ঠিতং যদিদং। কিঞ্চেতি। নন্বাত্মবিদামপি বিশ্বং সদেব স্ফুরতি অতঃ মসৎ স্যাদত আহ সদভিমৃশন্তীতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মজ্ঞানাদেব ইত্যাহুঃ। সদিবেতি ইদমশেষং ত্রিবৃৎ ত্রিগুণাত্মকং প্রপঞ্চজাতং আ মনুজাৎ মনুজঃ পুরুষো জীবস্তমপ্যভিব্যাপ্য সদিব নতু সৎ। যতো মনঃ মনোমাত্রবিলসিতমিত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। অসতোঽধি মনোঽসৃজত মনঃ প্রজাপতিনসৃজৎ। প্রজাপতিঃ প্রজা অসৃজৎ। তদ্বা ইদং মনস্যেব পরমং প্রতিষ্ঠিতং যদিদং কিঞ্চেতি। অর্থশ্চ। অসদ্বা ইদমগ্র আসীদিতি শ্রুতেরসতো ব্রহ্মণো নিমিত্তাৎ অধি ন বিদ্যতে ধীর্যস্মাদিত্যজ্ঞানমেব

আকারে বিকৃত হইলেও, তাহার সারস্বরূপে তাহার অন্তরে সুবর্ণই নিত্যসিদ্ধ। সুতরাং সুবর্ণার্থী ব্যক্তি কখন বিকার বোধে কুণ্ডলাদি যেমন পরিত্যাগ করে না, সেইরূপ, হে পরমাত্মন্! আপনা হইতে এই চরাচর ব্রহ্মাণ্ড রচিত; আপনিই ইহার মূল অধিষ্ঠান এবং আপনি ইহার অন্তরে প্রবিষ্ট পুরুষই আত্মস্বরূপে বিরাজ করিতেছেন বলিয়া, সংসার অবলম্বনে বিবেকী আপনাকেই লক্ষ্য করেন ॥২২॥

আভাস।

ভগিনী, কেহ স্বপত্নী, কেহ পুত্রবধূ, কেহবা কন্যা নামে অভিহিত করিতেছেন। এই প্রকার সম্বন্ধবিশিষ্টা রমণীর গমনার্থ একখানি শকট পথিমধ্যে আনয়ন করিলে, শকটাধিপ মনে মনে ভাবিল যে, এই একখানি শকটে সে এত লোকের এতগুলি আত্মীয়কে কিপ্রকারে লইয়া যাইবে। ক্ষণকাল পরে সে দেখিল যে, একটী মাত্র রমণী তাহার শকটে আরোহণ করিল; এবং তাহাতেই উপস্থিত সকল লোকের সকল আত্মীয়কেই তাহার লইয়া যাওয়া হইল। একখানি স্বর্ণলঙ্কার আনয়ন করিলে, কামিনীগণ তাহার গঠনের প্রতি লক্ষ্য করিতে থাকে; কিন্তু স্বর্ণকার তাহার সুবর্ণত্বের কষের প্রতি লক্ষ্য করিয়া, সুবর্ণই পরীক্ষা করে মাত্র; গঠন দেখে না। সেইরূপ হে ভগবন্! ভোগী সংসারের ভোগপ্রদ বিচিত্র ভাবের প্রতি লক্ষ্য করিয়া মোহিত হইলেও, আত্মবিদ্ জ্ঞানী ব্যক্তি এই বিশ্ব সংসারকে

শ্রীধরস্বামী।

আত্মবিদস্তুশেষমিদং ভোক্তৃভোগ্যাত্মকং বিশ্বমাত্মতয়ৈব সদভিমৃশন্তি। সদিতি। জানন্তি আত্মকার্য্যত্বান্ন পৃথগিত্যর্থঃ। তথাহি। যদুপাদানকং যৎ কার্য্যং ভবতি তত্তেনৈব রূপেণ প্রতীয়তে উপাদীয়তে চেতি লোকাচারেণ দর্শয়তি নহি বিকৃতিমিতি। কনকস্য বিকৃতিং কুণ্ডলাদিকং কনকার্থিনো ন ত্যজন্তি তত্র হেতুঃ। তদাত্মতয়া কনকরূপত্বেনেত্যর্থঃ। অতঃ স্বকৃতমিদং বিশ্বং অনুপ্রবিষ্টঞ্চ পুরুষরূপমাত্মতয়ৈবাবসিতং নিশ্চিতং। যৎসত্ত্বতঃ সদা ভাতি জগদেতদসৎ স্বতঃ। সদাভাসমসত্যস্মিন্ ভগবন্তং ভজাম তং॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনোরূপেণ ব্যবর্ত্ততেত্যর্থঃ। তচ্চ সমষ্ট্যাত্মকং মনঃ প্রজাপতিং তদভিমানিনং অসৃজৎ ব্যক্তমকরোদিত্যর্থঃ। সর্ব্বাত্মবিদামপি বিশ্বং সদেব স্ফুরতি অতঃ কথমসৎ স্যাদত আহুঃ সৎ অভিমৃশন্তি সদিতি জানন্তি। আত্মকার্য্যত্বান্ন ততঃ পৃথগিত্যর্থঃ। তথাহি যদুপাদানকং যৎ কার্য্যং ভবতি তত্তেনৈব রূপেণ প্রতীয়তে চেতি লোকাচারেণ দর্শয়ন্তি নহি বিকৃতিমিতি। কনকস্য বিকৃতিং কুণ্ডলাদিকং কনকার্থিনো ন ত্যজন্তি। তত্র হেতুঃ। তদাত্মতয়া কনকরূপত্বেনেত্যর্থঃ। অতঃ স্বকৃতমিদং বিশ্বং তদনুপ্রবিষ্টং পুরুষস্বরূপঞ্চ আত্মতয়ৈব অবসিতং নিশ্চিতং জ্ঞানিভিঃ। এতদেবাপরোক্ষজ্ঞানং সংসারবন্ধমোচকমিতি ভাবঃ॥ ২২॥

আভাস।

আত্মাধারে সৎ বলিয়াই নিরূপণ করিতেছেন। জীবের সৃষ্ট পত্নী প্রভৃতি সম্বন্ধ ক্ষণস্থায়ী; কারণ আচরণের দোষে পতির সহিত পত্নীত্ব সম্বন্ধ নিবৃত্ত হইতে পারে। কিন্তু আপনার কল্পনা বহুক্ষণ স্থায়ী; সুতরাং কামিনীর নারীত্ব ভাব মরণাবধি নিবৃত্ত হয় না। স্বর্ণকার স্বর্ণ ক্রয় করিবার অনুরোধে কুণ্ডল লইলেও, যেমন তাহার উপর দোষারোপ করা হয় না, সেইরূপ জ্ঞানী সৎদৃষ্টিতে প্রয়োজন বশত ভোগ করিলেও, তাহার ব্রহ্মজ্ঞানের বাধা হয় না। তাঁহারা স্বর্ণকারের ন্যায় সর্ব্বসার স্বরূপে সর্ব্বত্র এক ব্রহ্মস্বরূপেরই উপলব্ধি করিয়া থাকেন॥২২॥

পূর্ব্বোক্ত শ্লোকদ্বয়ে পরমপুরুষার্থের নিরূপণ প্রসঙ্গে অসদুৎপত্তিবাদী, সদ্বিনাশবাদী, সগুণত্ব-নিবন্ধন পুরুষবহুত্ববাদী, কর্ম্মফলবাদী এবং বিবর্ত্তবাদী ভেদে পঞ্চবাদীর উল্লেখ করা হইয়াছে। কিন্তু "সত্যং জ্ঞানং অনন্তং ব্রহ্ম।" এক সত্যস্বরূপ অনন্ত জ্ঞানই ব্রহ্ম,। "নেহ নানাস্তি কিঞ্চন" এক ব্রহ্মই উপাধিভেদে নানা মূর্ত্তিতে প্রতীত হন; বস্তুত ইহ সংসারে চৈতন্যস্বরূপ বহু পুরুষের অস্তিত্ব নাই; তিনিই সর্ব্বময়। বরং যাহারা দ্বৈতবোধে কর্ম্ম করে, তাহারা ভ্রান্ত এবং তাহার ফলে তাহাদিগকে জন্ম জন্মান্তর ভোগ করিতে হয়; ইত্যাদি শ্রুতিবাক্যের দ্বারা প্রমাণীকৃত ভগবৎস্বরূপের জ্ঞান এক ভক্তি বলেই জীব লাভ করিয়া থাকে বলায়, ষষ্ঠ পরিচর্য্যা বাদীর নাম এই শ্লোকে উল্লেখ করা হইয়াছে। পরিচর্য্যাবাদী ভক্তের মতে জীব চৈতন্যকণা অল্পজ্ঞ এবং স্বল্পব্যাপী অস্বতন্ত্র এবং নির্গুণ বলিয়াই নির্ণীত। তাদৃশ জীবের পক্ষে সংসার-দুঃখ নিবৃত্তি পূর্ব্বক ভগবৎ-প্রাপ্তির উপায়রূপে এক ভক্তিই অবলম্বনীয়। জ্ঞানাদি অন্য কোন উপায়েই ভগবৎ

তব পরি যে চরন্ত্যখিলসত্ত্বনিকেততয়া
ত উত পদাক্রমন্ত্যবিগণয্য শিরো নির্ঋতেঃ।

অন্বয়ঃ।

অখিল-নিকেততয়া (অখিলানি সত্ত্বানি নিকেতঃ নিবাসস্থানং যস্য তথা তস্য ভাবঃ তত্তা-তদ্রূপেণ সর্ব্বত্র ত্বদ্দৃষ্ট্যা) যে তব ত্বাং, পরিচরন্তি সেবন্তে তে এব অবিগণয্য তিরস্কৃত্য নির্ঋতেঃ মৃত্যোঃ শিরঃ মূর্দ্ধানং, পদা পাদেন, আক্রমন্তি (মৃত্যুং তরন্তি ইতি)। ত্বয়ি কৃতসৌহৃদাঃ

শ্রীধরস্বামী।

নন্থ সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম নেহ নানাস্তি কিঞ্চন। মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতীত্যাদি শ্রুতিভিরেবম্ভূতস্য ভগবতঃ প্রতিপাদনাৎ তজ্জ্ঞানং সুকরমেবেতি কৃতং ভক্ত্যা। অত আহ তব পরি যে চরন্তীতি। তবেতি কর্ম্মণি ষষ্ঠী। ত্বাং যে পরিচরন্তীতি ছন্দসি ব্যবহিতাশ্চেতি যচ্ছব্দেন ব্যবধানমদোষঃ। কেন রূপেণ অখিলসত্ত্বনিকেততয়া অখিলানি সত্ত্বানি নিকেতো যস্য স তথা তস্য ভাবস্তত্তয়া সর্ব্বভূতাবাসতয়েত্যর্থঃ। উত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূর্ব্বস্মিন্ শ্লোকদ্বয়ে পরমপুরুষার্থ নিরূপণমধিকৃত্য অসদুৎপত্তিবাদিনঃ সদ্বিনাশবাদিনঃ সগুণত্বভেদবাদিনঃ বিগুণবাদিনঃ বিবর্ত্তবাদিন ইত্যেবং পঞ্চবাদিন উক্তাঃ। অত্র শ্লোকে তু পরিচর্য্যাবাদিন উচ্যন্তে। এষাং বৈষ্ণবানাং মতে জীবঃ খলু চিৎকণঃ অল্পজ্ঞঃ অল্পব্যাপী অস্বতন্ত্রো নির্গুণ এব তস্য সংসারদুঃখনিবৃত্তয়ে ভগবৎপ্রাপ্তয়ে চ ভক্তিরেব ঘটতে নান্যো জ্ঞানাদিকঃ কোঽপ্যুপায়ো দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি চ ভগবদুক্তেস্তত্তক্তিরেবোপায়ো দুরবগমাত্মতত্ত্যাদ্যসদুক্তেশ্চ সৈবোপায়ঃ পরমপুরুষার্থ ইতি বৈষ্ণবমতস্যৈব সর্ব্বমতেষু মধ্যে শ্রেষ্ঠত্বং প্রতিপাদয়ন্ত্যো বৈষ্ণবানেবোৎকর্ষয়ন্ত্যোঽন্যান্ সর্ব্বানেব বাদিন আক্ষিপন্তি। তবেতি

নিখিল জীবহৃদয়ে অন্তর্যামিরূপে ভগবান্ বিরাজ করিতেছেন, এইরূপ ভগবানের সর্ব্বহৃদয়চারী ভাব যাঁহারা অবলোকন করেন, প্রকৃত প্রস্তাবে তাঁহারাই আপনার আরাধনা করিতেছেন; তাঁহারা সংসারে কাহাকেও গ্রাহ্য করেন না। অধিক কি! সাক্ষাৎ যমের মস্তকেও পদার্পণ পূর্ব্বক তাঁহারা বিচরণ করিয়া থাকেন। মৃত্যু তাঁহাদিগকে আক্রমণ করিতে পারে না। যাঁহারা

আভাস।

সাক্ষাৎকার ঘটে না। কারণ ভগবদুক্তিতেই প্রতিপন্ন হইয়াছে যে, "দৈবীশক্তি মদীয়া গুণময়ী মায়া দুরতিক্রমণীয়া; যাহারা আমাকে প্রাপ্ত হয়, তাহারাই এই মায়ার হস্ত হইতে অব্যাহতি লাভে কৃতার্থ হয়। বিশেষত এক ভক্তিবলেই জীব আমাকে প্রাপ্ত হইতে পারে।" ইত্যাদি উক্তি দ্বারা স্বপ্রাপ্তির সম্বন্ধে ভগবান্ এক ভক্তিকেই প্রধান উপায়-রূপে নিরূপণ করিয়া দিয়াছেন। সুতরাং ভগবদ্ভক্তগণের মতে ভক্তি-সাধনের মতই যে

পরিবয়সে পশূনিব গিরা বিবুধানপি তাং
ত্বয়ি কৃতসৌহৃদাঃ খলু পুনন্তি ন যে বিমুখাঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

(কৃতং সৌহৃদং প্রেম যৈঃ তে) খলু নিশ্চিতং অন্যান্ অপি পুনন্তি বিমুক্তিযোগ্যান্ কুর্ব্বন্তি। যে তু ত্বয়ি বিমুখাঃ তান্ তত্তজ্জনবিমুখান্ বিবুধান্ বেদার্থজ্ঞান্ অপি পশূন্ ইবত্বং গিরা বেদরূপয়া বাচা, পরিবয়সে তত্তৎ কর্ম্মাধিকারিত্বেন বধ্নাসি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

এবাবিগণয্য তিরস্কৃত্য ত এব নির্ঋতে মৃত্যোঃ শিরো মূর্দ্ধানং পদা পাদেনাক্রামন্তি মৃত্যো র্মূর্দ্ধ্নি পদং দধতি তং তরন্তি মুচ্যন্ত ইত্যর্থঃ। যে পুনর্বিমুখা অভক্তা স্তান্ গিরা বাচা পশুনিব বিবুধান্ বিদুষোঽপি পরিবয়সে বধ্নাসি কুতঃ ত্বয়ি কৃতসৌহৃদাঃ ত্বয়ি কৃতং সৌহৃদং প্রেম যৈস্তে খলু নিশ্চিতং পুনন্তি পবিত্রয়ন্তি আত্মানমন্যানপীতি শেষঃ নেতরে। তথাচ শ্রুতিঃ। যস্য বাঙ্মনস্তত্রির্নামানি তস্যেদং বাচা তস্যৈ নামভির্দামভিঃ সর্ব্বং সিতমিতি। অন্যমতিপ্রায়ঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিতীয়ার্থে ষষ্ঠী। ত্বাং যে পরিচরন্তি ছন্দসি ব্যবহিতাশ্চেতি যচ্ছব্দেন ব্যবধানমদোষঃ। অখিলানাং লোকানাং সত্ত্বং সত্যত্বমেব নিকেত আশ্রয়ো যেষাং তেঽখিলসত্ত্বনিকেতাস্তেষাং ভাবস্তত্তা তয়োপলক্ষিতাঃ সত্যং হেবেদং বিশ্বমৃজতেতি মাধ্বভাষ্য-প্রমাণিত-শ্রুতেঃ। প্রধান-পুংভ্যাং নরদেবসত্যকৃদিতি সপ্তমোক্তেশ্চ দ্বৈতপ্রপঞ্চস্য সত্যত্বমিতি মতমাশ্রিত্য বর্ত্তমানা ইত্যর্থঃ। শ্লেষেণ খিলং নিকৃষ্টমশুদ্ধং অখিলং শ্রেষ্ঠং শুদ্ধং যৎ সত্ত্বং তদেব নিকেতো বৈকুণ্ঠাদিধাম যস্য তত্তয়া উপলক্ষিতং ত্বামিত্যর্থঃ। তে উত তে এব অবিগণয্য তিরস্কৃত্য নির্ঋতে মৃত্যোঃ শিরঃ পদা স্বপাদেন আক্রমন্তি অবহেলামাত্রেণৈব সংসারং তরন্তীর্থঃ। নন্থ পূর্ব্বে বাদিনোঽশ্রুত্যুক্তজ্ঞানাদ্যুপায়েন তত্ত্বস্যেব তত্র নেত্যাহঃ পরিবয়সে ইতি। গিরা

আপনার ভক্ত, তাহারা অপর সাধারণকেও যখন পবিত্র করেন, তখন নিজেরা যে পবিত্র, সে বিষয়ে আর সন্দেহ কি। কিন্তু হে ভগবন্। যাহারা ভবদীয় ভজনে পরাঙ্মুখ, তাহারা বেদার্থ-জ্ঞান-সম্পন্ন দেবতাতুল্য পরাক্রম-বিশিষ্ট হইলেও, পশুর মধ্যে গণনীয়; তাহাদিগকেই আপনি বেদরূপা স্বকীয় বাণীর দ্বারা বিচিত্র কর্ম্মাধিকারে বন্ধন করিয়া থাকেন ॥ ২৩ ॥

আভাস।

সর্ব্বশ্রেষ্ঠ, এবং অন্যান্য মত তদপেক্ষা ন্যূন, তাহাই এই শ্লোকে প্রতিপাদিত হইয়াছে। এই শ্লোকের প্রথম তব শব্দটী কর্ম্মে ষষ্ঠী। ভক্তির বিষয় ভগবান্; সুতরাং যাঁহার আরাধনা করিতে হইবে, তাঁহার স্বরূপটী প্রথমতই নিরূপণ করা প্রয়োজন; এই নিমিত্ত শ্লোকে "অখিল সত্ত্বনিকেতয়া" শব্দটীর প্রয়োগ করিয়াছেন। অর্থাৎ হে দেব। আপনি নিখিল জীবহৃদয়ে সর্ব্বসাক্ষী অন্তর্যামিরূপে যে নিরন্তর অবস্থান করিতেছেন, তাহাই

শ্রীধরস্বামী।

সত্যমেবম্ভূতমাত্মানং শ্রুতয়ঃ প্রতিপাদয়ন্তি তত্র যদ্যপি বস্তুনোঽপরোক্ষত্বাৎ অপরোক্ষমেব জ্ঞানমুৎপদ্যতে তথাপ্যসম্ভাবনাবিপরীতভাবনাতিরস্কৃতত্বাৎ মলিনচিত্তেষু পরোক্ষমিব ভবতীতি নাপরোক্ষসংসারভ্রমনিবৃত্তিসমর্থং ভগবৎপরিচর্য্যয়া তু সম্যগমলচিত্তানাং তৎপ্রসাদেন লব্ধা পরোক্ষজ্ঞানানামযত্নত এব করকলিতো মোক্ষ ইতি তথাচ শ্রুতয়ঃ দেহান্তে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তন্মতপ্রাতিপদিকয়া বেদবাচৈব অসতো মনোঽধিসৃজত মনঃ প্রজাপতিমসৃজদিত্যাদিকয়া রজ্ঞা তান্ বিশিষ্টবুধান্ দার্শনিকানপি পশূনিব বধ্নাসি। নচ সোপপত্তিকং বক্তুমপারয়ন্তো বৈষ্ণবা এব ন জ্ঞানবন্ত ইতি বাচ্যং। যস্য দেবে পরা ভক্তি র্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মান ইতি শ্রুতে স্ত এব সম্যগ্‌জ্ঞানবন্তো জ্ঞেয়াঃ। তস্মাত্ত্বয়ি কৃতং সৌহৃদং প্রেম যৈস্তে খলু নিশ্চিতং পুনন্তি স্বয়ং পুতাঃ অন্যানপি স্বোপদেশ্যান্ পবিত্রয়ন্তীত্যর্থঃ। যে বিমুখা অভক্তা স্তেতু নাত্র নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্। তং পীঠগং যে নু যজন্তি বিপ্রা স্তেষাং সিদ্ধিঃ শাশ্বতী নেতরেষামিতি।

আভাস।

যাহারা প্রত্যক্ষ করেন, তাঁহারাই আপনার পরিচর্য্যা করিলেন। অখিল লোকের সত্ত্ব অর্থাৎ সত্যত্বই নিকেত অর্থাৎ আশ্রয় যাঁহাদিগের, তাঁহারাই অখিল-সত্ত্বনিকেত; তাহাদিগের ভাবই অখিল-সত্ত্বনিকেততা; অর্থাৎ কুণ্ডলাদি অলঙ্কারের যেমন সুবর্ণ এবং বৃক্ষাদির রস মাত্র যেমন অপরিণত অবস্থা, সেইরূপ বিবিধভাবে পরিণত বিচিত্র স্থাবরজঙ্গমাত্মক জগতের একটী অপরিণত অবস্থা আছে, যাহার নাম সত্ত্ব বা সত্যভাব। এই সত্যত্বের পরিণামে যে কোন পদার্থের যত প্রকার ভাবেরই উদ্গম হউক্ না, অলঙ্কার গলাইলে যেমন পুনরায় সুবর্ণেই তাহা প্রত্যাবর্ত্তন করে, ঘটাদির ভগ্নে যেমন মৃত্তিকাতেই তাহার চরম পরিণাম ঘটে, সেইরূপ সৎ হইতে সমুৎপন্ন এই জগতেরও চরমে সৎস্বরূপেই প্রতিনিবৃত্তি ঘটে। যাহারা সংসারের নাম ও রূপ উপেক্ষা করত সর্ব্বাধাররূপে সত্ত্বাকে উপলব্ধি করিতে পারিয়াছেন, হে জগজ্জীবন! তাঁহারাই আপনার স্বরূপ অবলম্বনে পরিচর্য্যা করিয়াছেন। তাঁহারা সেই সৎস্বরূপ আধারে ক্রিয়ার জ্ঞানরূপ চিৎ এবং কার্য্যসৌকার্য্যরূপ আনন্দের উপলব্ধিতে ভবদীয় সচ্চিদানন্দ বিগ্রহের নিরূপণে কৃতার্থ হন, সন্দেহ নাই। সংসারে এমন কেহ নাই যে, তাদৃশ ভক্তের গতিরোধ করে; অধিক কি! কৃতান্তকে পদদলিত করিয়া, তাঁহারা ভবদীয় শ্রেষ্ঠ আসনের নিকটবর্ত্তী হন; সন্দেহ নাই। তাঁহারা নিজেরা পবিত্র এবং অন্যকেও পবিত্র করেন। তাঁহাদের পবিত্রতার জন্য শ্রুত্যুক্ত কর্ম্মকাণ্ডের কোন প্রয়োজন নাই এবং বিধি-নিষেধেরও কোনরূপ বাধ্য কখন তাঁহাদিগকে হইতে হয় না। যাহারা পরম পুরুষে ভক্তিশূন্য হইয়া বিমুখ থাকে, তাহাদিগকেই সুপথে আনাইবার জন্য শ্রুত্যুক্ত বিধি ও নিষেধের প্রয়োজন। সুতরাং অবাধ্য বলিবর্দ্দকে দামবদ্ধ করিয়া, প্রভু যেমন কার্য্যে

শ্রীধরস্বামী।

দেবঃ পরং ব্রহ্ম তারকং ব্যাচষ্টে। যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ। যস্য দেবে পরা ভক্তিরিত্যাদয়ঃ। তপস্তু তাপৈঃ প্রপতন্তু পর্ব্বতাদীন্তু তীর্থানি পঠন্তু চাগমান্। যজন্তু যাগৈ র্বিবিদন্তু যোগৈ র্হরিং বিনা নৈব মৃতিং তরন্তি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জুষ্টং যদা পশ্যত্যন্যমীশমস্য মহিমানমিতি বীতশোকঃ। ঋচোঽক্ষরে পরমে ব্যোমন্ যস্মিন্ দেবা অধিবিশ্বে নিষেদুরিত্যাদ্যাঃ। অর্থশ্চ যদা স্বেন জুষ্টং প্রীত্যা সেব্যমানং পশ্যতি তদাস্য মহিমানঞ্চ পশ্যত্যনুভবতি ইতি। অনেন প্রকারেণ বীতশোকো জিতমৃত্যু র্ভবতি। কুত্র পরমে ব্যোমন্ পরমব্যোমাভিধে মহাবৈকুণ্ঠে অক্ষরে নিত্যরূপে। ঋচ ইতি ঋচঃসম্বন্ধিনি তৎপ্রতিপাদ্য ইত্যর্থঃ। যস্মিন্ দেবাঃ পার্ষদা বিশ্বে সর্ব্বে অধিনিষেদু রধিরূঢ়াঃ ॥ ২৩ ॥

আভাস।

নিযুক্ত করেন, সেই প্রকার এই বেদবাণীরূপ রজ্জু দ্বারা কর্ম্মকাণ্ডে নিয়োজিত করত, পরমার্থ-দর্শনের পথে ভগবান্ নিয়োজিত করিতেছেন। শ্রুতিগণ পূর্ব্বোক্ত ভগবৎস্বরূপেরই প্রতিপাদন করিতেছেন বটে; কিন্তু অসম্ভাবনা ও বিপরীত ভাবনার নিবারণের দ্বারা মলিনচিত্তে পরোক্ষবৎ প্রতীত হইলেও, সুতরাং অপরোক্ষ সংসার-ভ্রমের নিবৃত্তি এতদ্বারা না হইলেও, ভগবৎপরিচর্য্যায় সকল ফলের পূরণ হয়, তাহাই প্রমাণীকৃত করিয়াছেন। ভগবৎ-প্রসাদে অমল-চিত্ত জীব পরোক্ষের আশ্রয়ে অপরোক্ষ জ্ঞান লাভে মুক্ত হয়; ভগবান্ নিজেই তাহাকে তারক ব্রহ্ম নাম প্রদানে মুক্ত করেন। ভক্তির শ্রেষ্ঠত্ব বর্ণনচ্ছলে পূজ্যপাদ শ্রীধরস্বামী শ্লোকে বিবৃত করিয়াছেন যথা; পঞ্চাগ্নি তপস্যা করুক্, উচ্চ পর্ব্বত হইতেই পতিত হওয়া যাউক্, তীর্থ পর্য্যটন করা হউক্ বা বেদাদির অধ্যয়ন করাই যাউক্! যাগ করা হউক্, বা যোগ করাই হউক্! শ্রীহরির চরণকমলে শরণাগত হওয়া ব্যতীত, জনন-মরণরূপ সংসার হইতে নিষ্কৃতি লাভের কোন সম্ভাবনাই নাই ॥ ২৩ ॥

নিখিল জীবের আশ্রয় বলিয়া যদি ভগবান্ জীবগণের সেব্য হন, তাহা হইলে জীবের ইন্দ্রিয়বর্গের সম্বন্ধে ভগবানেরও কর্তৃত্ব এবং ভোক্তৃত্ব থাকা নিবন্ধন দোষস্পর্শ হওয়া সম্ভব; কিন্তু তাহা হয় না; অতএব ভগবানের যদি তাদৃশ দোষস্পর্শের সম্ভাবনা না থাকে, জীবও স্বরূপত ঈশ্বরের অংশ বিধায়, ঈশ্বরতুল্য অসঙ্গ বলিয়া অবশ্য স্বীকার্য্য। সুতরাং কীদৃশ পার্থক্য নিবন্ধন জীবও ঈশ্বরের মধ্যে সেব্যসেবকভাব সম্বন্ধ আছে, ইহারই তাৎপর্য্য অবধারণার্থ শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, ভগবান্ ইন্দ্রিয়বর্গের অধীন নহেন; সুতরাং সেব্য। জীব ইন্দ্রিয়ের অধীন, বলিয়াই সেবক। এতদর্থে "অপাণিপাদো জবনো গৃহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্য-কর্ণঃ। স বেত্তি বেদ্যং নচ তস্যাস্তি বেত্তা তমাহুরগ্র্যং পুরুষং মহান্তং" ॥ অর্থাৎ যাহার সামর্থ্য অল্প, সে পরের সাহার্য্যে স্বার্থ সাধন করিয়া থাকে। যাহার চক্ষুর জ্যোতিঃ হ্রাস হয়, সে উপচক্ষু বা দূরবীক্ষণের সাহায্যে দূরবর্ত্তী সামগ্রী দর্শন করে। সুতরাং সাহায্যপ্রদ উপকরণের প্রতি তাদৃশ সবলে বিশেষ যত্ন করে। কিন্তু যাহার চক্ষুর দীপ্তি প্রচুর থাকে,

ত্বমকরণঃ স্বরাড়খিল-কারকশক্তিধর তব বলিমুদ্বহন্তি সমদন্ত্যজয়ানিমিষাঃ।

অন্বয়ঃ।

অখিলানাং প্রাণিনাং যানি কারকাণি ইন্দ্রিয়াণি তেষাং শক্তীঃ ধারয়ন্তি প্রবর্ত্তয়ন্তি ইতি অখিলকারকশক্তিধরঃ ত্বং অকরণঃ প্রাকৃত-দেহেন্দ্রিয়াদি-রহিতঃ, স্বরাট্ (স্বরূপভূতাভিঃ শক্তিভিঃ রাজসে ইতি এব); যথা বর্ষভুজঃ খণ্ডমণ্ডলপতয়ঃ, স্বপ্রজাদত্তং করাদিকং উদ্বহন্তি তদ্বৎ

শ্রীধরস্বামী।

নন্থ যদ্যপ্যখিলসত্ত্বনিকেতত্বেন ভগবতঃ সেব্যত্বমুচ্যতে তর্হি তত্তৎকরণসম্বন্ধাৎ কর্ত্তৃত্ব-ভোক্তৃত্বে প্রসজ্যেয়াতাং ন বস্তুত স্তথাত্বমিতি চেত্তর্হি জীবানামপি তত্তুল্যমিতি কেন বিশেষেণ পুনঃ সেব্যসেবকত্বমিতি ইমামাশঙ্কাং পরিহরন্ত্যঃ। অপাণিপাদো জবনো গৃহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ। স বেত্তি বিশ্বং ন চ তস্যাস্তি বেত্তা তমাহুরগ্র্যং পুরুষং মহান্তমিত্যাদ্যাঃ শ্রুতয়ঃ স্তবন্তীত্যাহ ত্বমকরণ ইতি। করণসম্বন্ধরহিত এবাখিলকারকশক্তিধরঃ অখিলানাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাদস্বতন্ত্রৈরীশিতব্যৈ র্জীবৈস্ত্বমেব স্বতন্ত্র ঈশ্বরঃ সেব্য ইতি চেন্মৈবং নেত্রশ্রোত্রভুজাদি-মত্ত্বাদহমপি জীব ইব করণপরতন্ত্র ইত্যতঃ কুতো মে স্বাতন্ত্র্যমৈশ্বর্য্যং বেত্যত আহুঃ। ত্বং অকরণঃ আহঙ্কারিকমনোনেত্রশ্রোত্রাদিরহিতঃ। তর্হীমানি মন্নেত্রশ্রোত্রাদীনি কুতস্ত্যানি তত্রাহুঃ। স্বরাট্। স্বৈঃ স্বস্বরূপভূতৈরেব নেত্রশ্রোত্রাদীন্দ্রিয়ৈ রাজসে ইতি স্বরাট্। অতএব অখিলকারকশক্তিধরঃ। খিলানি তুচ্ছানি প্রাকৃতানীত্যর্থঃ। অখিলানি খিলাভিন্নানি

হে দেব! আপনি প্রাকৃতিক ইন্দ্রিয়াদি দেহবর্গের অতীত এবং স্বপ্রকাশ-স্বরূপ। আপনিই নিখিল প্রাণিগণের ইন্দ্রিয়-শক্তির বিধান করিতেছেন। খণ্ড-মণ্ডলের অধিপতিগণ যেমন স্ব স্ব প্রজাদত্ত উপহারাদি সংগ্রহ করত, অখিল-ক্ষিতিপতি মহামণ্ডলেশ্বরের সমীপে প্রদান করেন, সেইরূপ ভবদীয় মহামায়ায় বিমোহিত ব্রহ্মাদি বিশ্বস্রষ্টৃগণ, ইন্দ্রাদি লোকপালগণ এবং সমগ্র দেববৃন্দ

আভাস।

তাহার আর চক্ষু প্রভৃতির প্রয়োজন হয় না; নিজের গুণেই সমস্ত নিকটবর্ত্তী বা দূরবর্ত্তী পদার্থকে অবলোকন করিয়া থাকে। জীবনিচয় অল্পজ্ঞ ও অল্পসমর্থ; সুতরাং শব্দাদি পঞ্চবিধ স্থূল ও সূক্ষ্ম বিষয়ের আদান এবং প্রদানের উপলক্ষে শ্রোত্র নেত্রাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং বাক্ পাণি প্রভৃতি পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও তত্তদ্বিষয়ের আলোচনাদি কার্য্যের নিমিত্ত মন, অহঙ্কার, বুদ্ধি এবং চিত্ত প্রভৃতি করণগ্রামের প্রয়োজন তাহার হইয়াছে এবং সেই সেই করণের প্রতি তাহাদের যত্নও আছে। ভগবানের জ্ঞান এবং শক্তি অসীম। সর্ব্বজ্ঞতা ও সর্ব্বশক্তিত্বের বীজ তাঁহাতে নিহিত রহিয়াছে। জীবের ন্যায় তৎসম্বন্ধে কোনরূপ প্রতিবন্ধক নাই; সুতরাং ইন্দ্রিয়ের সাহায্য ব্যতীত অবাধে সকল ইন্দ্রিয়ের কার্য্য তাঁহাতে হইতে পারে; অধিক কি! জীবের ইন্দ্রিয়ও তাঁহার সাহায্যে ইন্দ্রিয়ত্ব লাভে জীবের কার্য্য সাধনে সমর্থ হইয়াছে। এই নিমিত্ত

বর্ষভুজোঽখিলক্ষিতিপতেরিব বিশ্বসৃজো
বিদধতি যত্র যে ত্বধিকৃতা ভবতশ্চকিতাঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

অজয়া মায়য়া মোহিতাঃ বিশ্বসৃজঃ ব্রহ্মাদয়ঃ, অনিমিষাঃ ইন্দ্রাদয়ঃ লোকপালাঃ, দেবাঃ তথা যে তু যত্র কার্য্যে অধিকৃতাঃ, নিযুক্তাঃ তে ভবতঃ চকিতাঃ ভীতাঃ, সন্তঃ প্রজাদত্তবলিং সমদন্তি ভক্ষয়ন্তি, তথা তত্তৎ কার্য্যং বিদধতি কুর্ব্বন্তি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

প্রাণিনাং যানি কারকাণি ইন্দ্রিয়াণি তেষাং শক্তীর্ধারয়তি প্রবর্ত্তয়তীতি তথা। কুতঃ স্বরাট্ যতঃ স্বেনৈব রাজসে দীপ্যসে। নহি স্বতঃসিদ্ধজ্ঞানশক্তেরিন্দ্রিয়াপেক্ষেত্যর্থঃ। অতস্তব বলিমুদ্বহন্তি পূজাং কুর্ব্বন্তি। অজয়া অবিদ্যয়া সহিতা স্তয়াবৃতা ইত্যর্থঃ। অনিমিষা দেবা ইন্দ্রাদয় স্তৎপূজ্যা বিশ্বসৃজো ব্রহ্মাদয়োঽপি যথা সস্ত্রীকা এব কিঙ্করাঃ স্বামিনং সেবন্তে তথা অবিদ্যাযুক্তা দেবাদয় স্বামিতি লোকোক্তিঃ। সমদন্তি চ মনুষ্যৈর্দত্তং হব্যকব্যাদিলক্ষণং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিদানন্দময়ত্বংস্বরূপভূতানীন্দ্রিয়াণি শক্তীঃ। চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রমিতি শ্রুতেঃ। প্রাকৃতেন্দ্রিয়শক্তীশ্চ ধরতীতি তথা সঃ। ন ত্বং প্রাকৃতেন্দ্রিয়ঃ কিন্তু পরাখ্যস্বরূপশক্তি-ময়েন্দ্রিয়ঃ। প্রত্যুত প্রাকৃতেন্দ্রিয়েষ্বপি শ্রবণাদিশক্ত্যাধায়ক ইত্যর্থঃ। ন তস্য কার্য্যং করণং চ বিদ্যতে ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে। পরাস্য শক্তি র্বহুধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবল ক্রিয়া চেতি শ্রুতেঃ। মহৈশ্বর্য্যমাহুঃ। তব বলিং পূজোপহারং অনিমিষা ব্রহ্মাদ্যা

ভবদীয় কার্য্য-সাধনে নিযুক্ত থাকিয়া, সচকিতচিত্তে যাগ যজ্ঞাদির উপলক্ষে প্রজাদত্ত উপহারাদি আপনাকে প্রদানার্থই তাঁহারা নিজেরা সংগ্রহ করেন মাত্র এবং যদুদ্দেশ্যে প্রজাগণ কর্ত্তৃক উক্ত বলি প্রদত্ত হয়, বলিভুক্ দেবেন্দ্রগণ প্রজা-বর্গের সেই সমস্ত উদ্দেশ্য সাধনে আপনারই কার্য্য সমাধা করিতেছেন ॥ ২৪ ॥

আভাস।

তিনি সেব্য ; জীব সেবক। ইত্যাদি অর্থব্যঞ্জক শ্রুতি-বাক্যের দ্বারা ভগবানের স্তব করত প্রকাশ করিয়াছেন যে, হে ভগবন্! আপনি ইন্দ্রিয়-সম্বন্ধ-শূন্য হইয়াও, যাবতীয় প্রাণিবর্গের ইন্দ্রিয়-সামর্থ্য প্রদান করিতেছেন। কারণ আপনি সর্ব্বেন্দ্রিয়ময় এবং সর্ব্বশক্তিময়! আপনি আত্ম-স্বরূপেই সর্ব্বদা বিরাজ করিতেছেন। আপনার আর পৃথক্ ইন্দ্রিয়ের অপেক্ষা করে না। অবিদ্যায় আবৃত ব্রহ্মাদি বিশ্বস্রষ্টৃগণ সপরিবারে কিঙ্করের ন্যায়, জীবপ্রদত্ত উপহারাদি আপনার নিকট বহন করিতেছেন ; এবং আপনার অনুগ্রহেই তাঁহারা সকলে তাহা ভোগও করিতেছেন। শ্রুতিতে উক্ত আছে, "সেই পরমদেবের শাসনাধীনে সকলে স্ব স্ব কার্য্যে নিযুক্ত আছেন। তাঁহার ভয়ে পবন, অনল, সূর্য্য, চন্দ্র, অধিক কি! সাক্ষাৎ কৃতান্ত পর্য্যন্ত স্ব স্ব কার্য্য করিতেছেন"। সুরপতিগণের কর আদায়ের পদ্ধতিকে লক্ষ্য করিয়াই আমরা জগৎপতির বলি-সংগ্রহের সাধারণ

স্থিরচরজাতয়ঃ স্যুরজয়োত্থনিমিত্তযুজো
বিহর উদীক্ষয়া যদি পরস্য বিমুক্ত ততঃ।

অন্বয়ঃ।

হে বিমুক্ত! অজাতঃ মায়ায়াঃ, পরস্য দূরে বর্ত্তমানস্য অসঙ্গস্য তব যদা অজয়া মায়য়া সহ উদীক্ষয়া উদ্গতেন ঈক্ষণেন, বিহরঃ বিহারঃ ক্রীড়া, ভবতি, তদা স্থিরচরজাতয়ঃ (স্থিরাশ্চ

শ্রীধরস্বামী।

বলিং ভক্ষয়ন্তি। অত্র দৃষ্টান্তঃ। বর্ষভুজোঽখিলক্ষিতিপতেরিতি। যথা বর্ষভুজঃ খণ্ডমণ্ডলপতয়ঃ অখিলক্ষিতিপতে র্মহামণ্ডলেশ্বরস্য স্বপ্রজাদত্তবলিভুজো বলিমুদ্বহন্তি তদ্বদিতি। কথং বলিং বহন্তি তদাহ বিদধতি যত্র যে ত্বধিকৃতা ভবতশ্চকিতা ইতি ত্বত্তো ভীতাঃ সন্তো যস্মিন্ কর্ম্মণি যে নিযুক্তা স্তে তত্তং কুর্ব্বন্তি ত্বদাজ্ঞাপালনমেব বলিবহনমিত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষাস্মাদগ্নিশ্চন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম ইতি। অনিন্দ্রিয়োঽপি যো দেবঃ সর্ব্বকারকশক্তিধৃক্। সর্ব্বজ্ঞঃ সর্ব্বকর্ত্তা চ সর্ব্বসেব্যং নমামি তং॥ ২৪॥

তদেবং করণপ্রবর্ত্তকমীশ্বরং করণপরতন্ত্রা নরা ভজন্তীত্যুক্তং ন কেবলমিয়দেব কারণং তত উৎপন্নত্বেনাপি তৎপরতন্ত্রত্বাদিতি বদন্তি যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তি এবমেবাস্মাদাত্মনঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবা উদ্বহন্তি প্রাপয়ন্তি। তুভ্যং সমর্পয়ন্তীত্যর্থঃ। অজয়া সহেতি যা তেষামধিকারিণী খণ্ডজা মায়া সাপি তে বলিহারিণীত্যর্থঃ। সমদন্তি চ মনুষ্যৈ র্দত্তং হব্যকব্যাদিলক্ষণং ত্বৎপ্রসাদাদ্ভক্ষয়ন্তি চ। অত্র দৃষ্টান্তঃ। বর্ষভুজোঽখিলক্ষিতিপতেরিবেতি। যথা বর্ষভুজঃ খণ্ডমণ্ডলপতয়ঃ। অখিলক্ষিতিপতেঃ সমস্তমণ্ডলেশ্বরস্য বলিমুদ্বহন্তি প্রজাভি র্দত্তং বলিমদন্তি চ তদ্বৎ। কীদৃশা ভূত্বেত্যত আহুঃ। যত্র কর্ম্মণি যেঽধিকৃতা নিযুক্তাস্তে তৎকর্ম্মণি ত্বত্তশ্চকিতা ভীতা এব সন্তো বিদধতি। অত্র ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষাস্মাদগ্নিশ্চন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম ইত্যাদ্যাঃ। ভীষা ভীত্যা পবতে বাতি॥ ২৪॥

পরমেশ্বরস্যোপাস্যত্বে স্বাতন্ত্র্যমৈশ্বর্য্যঞ্চ কারণমুক্ত্বা জীবানামপি তদুপাসকত্বে তদুৎপন্নত্বাৎ

আভাস।

পদ্ধতিকে নিরূপণ করিতে পারি। অর্থাৎ অতি নিম্ন কর্ম্মচারী প্রজাবর্গের কর আদায় করে বটে; কিন্তু নিজে তজ্জন্য কেবল বেতন পায় মাত্র; সংগৃহীত কর সমস্ত উপরিতন কর্ম্মচারীকে, তিনি আবার তাঁহার উপরিতন পদস্থকে প্রদান করেন; এই প্রকারে সকলে সর্ব্বশেষে এক সর্ব্বেশ্বর সন্নিধানে সমস্ত কর বুঝাইয়া দিয়া, অব্যাহতি পান। সেইরূপ এক পূর্ণব্রহ্ম পরাৎপর পরমেশই সকল বিষয়ের অধিকারী; অন্যান্য সকল দেবতা বা লোকপালগণ তাঁহার নিযুক্ত এবং সৃষ্ট কর্ম্মচারী মাত্র। শ্রীধরস্বামী ব্যাখ্যান্তে বর্ণন করিয়াছেন, "ইন্দ্রিয়গোলক-বিহীন হইয়াও, যে দেব সর্ব্বকার্য্যের সামর্থ্য ধারণ করিতেছেন, সেই সর্ব্বজ্ঞ সর্ব্বকর্ত্তা এবং সর্ব্বসেব্য পরমদেবকে সর্ব্বান্তঃকরণে আমি প্রণাম করি"।॥ ২৪॥

নহি পরমস্য কশ্চিদপরো ন পরশ্চ ভবেদ্বিয়ত

অন্বয়ঃ।

চরাশ্চ জাতয়ঃ দেহাঃ যেষাং তে) উত্থনিমিত্তযুজঃ (ঈক্ষয়া এব উত্থিতানি নিমিত্তানি কর্ম্মাণি ততশ্চ তদ্যুক্তানি লিঙ্গশরীরাণি চ তৈঃ যুজ্যন্তে ইতি জীবাঃ স্যুঃ। যতঃ শূন্যতুলাং (শূন্যস্য

শ্রীধরস্বামী।

সর্ব্বে প্রাণাঃ সর্ব্বে লোকাঃ সর্ব্বে দেবাঃ সর্ব্বাণি ভূতানি সর্ব্বএবাত্মনো ব্যুচ্চরন্তীত্যাদি শ্রুতয় ইত্যাহ স্থিরচরজাতয় ইতি। হে বিমুক্ত নিত্যমুক্ত যদি তব অজয়া মায়য়া বিহরঃ বিহারঃ ক্রীড়া ভবতি তদা স্থিরাশ্চ চরাশ্চ জাতয়শ্চ জাত্যা লিঙ্গিতা দেহা যেষাং তে জীবাঃ স্যুর্ভবেয়ুঃ। কথম্ভূতস্য ততোঽজাতঃ পরস্য দূরে বর্ত্তমানস্য অসঙ্গসোত্যর্থঃ। কথং বিহারঃ উদীক্ষয়া ঈক্ষণলেশেন। ননু ময়ি লীনানাং কথং জন্ম স্যাত্তত্রাহ উত্থনিমিত্তযুজ ইতি। ঈক্ষয়ৈব উত্থিতানি আবির্ভূতানি নিমিত্তানি কর্ম্মাণি তদ্যুক্তানি লিঙ্গশরীরাণি বা তৈ র্যুজ্যন্ত ইতি তথা। ননু কিং নিমিত্তোত্থানেন মদিচ্ছয়ৈব ভবন্তু! ন, ত্বয়ি বৈষম্যাভাবাৎ বিষমসৃষ্টেরযোগা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎপারতন্ত্র্যমনৈশ্বর্য্যঞ্চ কারণমাহুঃ স্থিরেতি। হে বিমুক্ত। যদি তব অজয়া মায়য়া সহ উদীক্ষয়া উদ্গতেন ঈক্ষণেনৈব কাদাচিৎকেন বিহরঃ বিহারঃ ক্রীড়া ভবতি তদা স্থিরচর-জাতয়ঃ স্থিরাশ্চ চরাশ্চ জাতয়ঃ জাত্যা লিঙ্গিতা দেহা যেষাং তে জীবাঃ স্যুঃ। কথম্ভূতস্য ততোঽজাতঃ পরস্য দূরে বর্ত্তমানস্য অসঙ্গসোত্যর্থঃ. ননু ময়ি লীনানাং পুনঃ কথং জন্ম স্যাত্তত্রাহুঃ। উত্থনিমিত্তযুজঃ। ঈক্ষয়ৈব উত্থানি উত্থিতানি নিমিত্তানি কর্ম্মাণি ততশ্চ তদ্যুক্তানি লিঙ্গশরীরাণি চ তৈ র্যুজ্যন্ত ইতি তে তথেতি। কার্য্যোপাধীনাং লয়াদেব জীবানাং লীনত্বং তেষাং জন্মনৈব জন্ম ব্যবহ্রিয়ত ইতি ভাবঃ। এবঞ্চ কর্ম্মনিয়ম্যত্বলক্ষণমনৈশ্বর্য্যমুক্তং।

হে নিত্যমুক্ত জগৎপতে! আপনি মায়ার অতীত সম্পূর্ণ নির্লিপ্ত হইলেও, কেবল ঈক্ষণমাত্রেই যখন মায়ার সহিত আপনার বিহার ঘটিয়া থাকে, তখনই স্থিরচর দেহবিশিষ্ট প্রাণিবর্গের নিমিত্তভূত কর্ম্মের উদ্দীপনায় আভাস।

এই শ্লোকে উক্ত হইয়াছে যে, ঈশ্বর ইন্দ্রিয়বর্গের প্রবর্ত্তক বলিয়াই যে, কেবল ইন্দ্রিয়-পরতন্ত্র জীবগণ কর্ত্তৃক উপাস্য, তাহা নহেন; জীবসমূহ ঈশ্বর হইতেই উৎপন্ন হওয়ায়, সর্ব্বতোভাবে তাহারা ঈশ্বরেরই সম্পূর্ণ পরতন্ত্র, সন্দেহ নাই। শ্রুতিসমূহে উক্ত হইয়াছে, যথা; একটী প্রচণ্ড অগ্নিপিণ্ড হইতে যেমন অগণ্য বিস্ফুলিঙ্গ চারিদিকে বিস্ফুরিত হয়, সেইরূপ এক পরমাত্মস্বরূপ হইতে সমস্ত প্রাণনশক্তি, লোকসমূহ, দেবতানিচয়, সমগ্র ভূতবর্গ এবং যে কিছু পদার্থ বলিয়া জগতে পরিগণিত হইতেছে, এই সকলই সমুৎপন্ন হইয়া থাকে। এই শ্রুতির অনুকূলেই শ্লোকে ব্যক্ত করিয়াছেন যে, লোকে যেমন ব্যায়ামাদি ক্রীড়ার প্রকাশে নিজের এবং দর্শকবৃন্দের সন্তোষ উৎপাদন করেন, হে নিত্যমুক্ত চিদানন্দময়! আপনিও

ইবাপদস্য তব শূন্যতুলাং দধতঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

আকাশমপি তুল্যং উপমাং, দধতঃ শূন্যসাম্যং ভজতঃ, বিয়তঃ আকাশস্য, ইব অপদস্য বাঙ্মনসয়োঃ অগোচরস্য, পরমস্য উত্তমস্য, তব কশ্চিৎ অপরঃ স্বীয়ঃ, কশ্চিৎ পরঃ অন্যীয়ঃ, ন ভবেৎ ন সম্ভবতি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

দিত্যাহ পরমস্যেতি। তব পরমস্য উত্তমস্য পরমকারুণিকস্য বিয়ত ইব আকাশসদৃশস্য সমস্যেত্যর্থঃ। কশ্চিদপরঃ স্বীয়ঃ পরোঽস্বীয়শ্চ ন ভবেন্ন সম্ভবতীত্যর্থঃ। অসদ্বা ইদমগ্র আসীৎ ততো বৈ সদজায়ত ইত্যাদি শ্রুত্যা শূন্যপূর্ব্বকত্বমিব প্রতীয়তে তদর্থং বিশিনষ্টি শূন্যতুলাং দধতঃ শূন্যসাম্যং ভজতঃ তদেব দর্শয়িতুং পুনর্বিশিনষ্টি অপদস্যেতি। ন পদ্যত ইত্যপদ স্তস্য অপদস্য বাঙ্মনসয়োরগোচরস্যেত্যর্থঃ। ত্বদীক্ষণবশক্ষোভমায়াবোধিতকর্ম্মভিঃ। জাতান্ সংসরতঃ খিন্নান্ নৃহরে পাহি নঃ পিতঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু কিং নিমিত্তোত্থানেন মদিচ্ছয়ৈব ভবন্ত। ন ত্বয়ি বৈষম্যাভাবাদ্বিষমসৃষ্টেরযোগাদিত্যাহুঃ। পরমস্য নির্দ্দোষপুরুষোত্তমস্য। কশ্চিদপরঃ আত্মীয়ঃ পরোঽনাত্মীয়শ্চ ন ভবেৎ ন সম্ভবেদিত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ। বিয়ত ইবাপদস্য আকাশবন্নির্লেপত্বাদ্বৈষম্যানাস্পদস্যেত্যর্থঃ। ন চাত্র আকাশতুল্যত্বং অপি ত্বাকাশমেব ত্বত্তুল্যমিত্যাহুঃ শূন্যস্যাকাশস্যাপি তুলামুপমাং দধতঃ। অত্র শ্রুতয়ঃ। যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তি এবমেবাস্মাদাত্মনঃ সর্ব্বে লোকাঃ সর্ব্বে দেবাঃ সর্ব্বাণি ভূতানি সর্ব্বে এত আত্মানো ব্যুচ্চরন্তীত্যাদ্যাঃ ॥ ২৫ ॥

লিঙ্গশরীরাদির সংযোগ তাহাদের ঘটে এবং জীবরূপের পরিণতি আইসে। মহাকাশ সদৃশ নির্লিপ্ত। সুতরাং আপনি বাক্য এবং মনের অগোচর! অতএব কেহ আপনার আত্মীয় বা পর হওয়া সম্ভব নহে ॥ ২৫ ॥

আভাস।

সেইরূপ সৃষ্টিশক্তির বিকাশে স্বীয় অন্তরঙ্গ শক্তির সহিত যখন বিহার করেন, তখন এই স্থাবরজঙ্গমাত্মক জীবনিচয় এবং তাহাদের ভোগ্যবস্তু ও ভোগায়তন দেহ সৃজিত হইয়া থাকে। কিন্তু আপনার তাহাতে কোন ক্ষতি বৃদ্ধি বা আসক্তির সম্ভাবনা নাই। মল্ল যেমন কেবল মনন মাত্রেই অঙ্গ সঞ্চালনাদির বিবিধ কৌশল প্রদর্শন করে, হে পরমেশ্বর! আপনিও সেইরূপ কেবল ঈক্ষণমাত্রেই আভ্যন্তরীণ যাবতীয় শক্তির বিকাশে এই প্রপঞ্চ বিরাটের উৎপত্তি করিয়া থাকেন। এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, লীন বস্তুর উৎপত্তি কিপ্রকারে সম্ভবপর হইতে পারে? তদুত্তরে কথিত হইয়াছে যে, আম, যাম, হরীতকী, আমলকী এবং পনস প্রভৃতির বীজ একত্র এক মৃত্তিকায় প্রোথিত করত জলের দ্বারা সিঞ্চিত করিলে, এক রসের সাহায্যে সেই সকল বীজ অঙ্কুরিত হইয়া, স্ব স্ব জাতি ও স্বরূপ অনুসারে স্কন্ধ ও

অপরিমিতা ধ্রুবাস্তনুভৃতো যদি সর্ব্বগতা

অন্বয়ঃ।

হে ধ্রুব সর্ব্বাশ্রয়! অপরিমিতাঃ অনন্তাঃ, ধ্রুবাঃ নিত্যাঃ সর্ব্বগতাঃ বিভবঃ যদি তনুভৃতাঃ জীবাঃ ভবন্তি তর্হি জীবানাং শাস্যতা ইতি যঃ নিয়মঃ শাস্ত্রে নির্ণয়ঃ, সঃ ন স্যাৎ; ইতরথা বিভুত্বাভাবেন, তু তন্নিয়মঃ ন স্যাৎ ইতি ন কিন্তু স্যাদেব। যন্ময়ং যদ্বিকারপ্রায়ং জীবাখ্যং

শ্রীধরস্বামী।

এবং তাবৎ পরমাত্মনঃ সকাশাদবিদ্যাকৃত-কার্য্যোপাধয়ঃ স্বদংশাএব জীবা জাতাঃ সংসরন্তো ভজন্তীত্যুক্তং তত্র যদ্যেকা অবিদ্যা তদা জীবস্যাপ্যেকত্বাদেকমুক্তৌ সর্ব্বমুক্তি-প্রসঙ্গঃ অথবা নানা অবিদ্যা স্তর্হি তস্যৈবাংশান্তরেণ সংসারানপগমাৎ অনির্মোক্ষ ইত্যাদি তর্কবলেন বস্তুত এব নানাত্মানস্তত্র চ তেষামণুত্বে দেহব্যাপি চৈতন্যং ন স্যাৎ দেহপরিমাণত্বে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র বাদিনাং নানাবিধান্যেব মতানি। তত্র যদ্যেকৈবাবিদ্যা এক এব জীব ইতি মতং তদৈকমুক্তৌ সর্ব্বমুক্তিপ্রসঙ্গঃ। যদিচ নানা অবিদ্যা স্তর্হি তস্যৈবাংশান্তরেণ সংসারা-নপগমাদনির্মোক্ষ স্তস্মাদ্বহব এবাত্মনস্তত্র তেষামণুপরিমাণত্বে দেহব্যাপি চৈতন্যং ন স্যাৎ। দেহমাত্রব্যাপিত্বে মধ্যমপরিমাণত্বে নানিত্যত্বং স্যাৎ তস্মাত্তে সর্ব্বগতা নিত্যাশ্চ নতু

হে সর্ব্বাশ্রয়! এই অনন্ত জীবনিচয় যদি প্রকৃত প্রস্তাবে সর্ব্বগত ও নিত্য-স্বরূপ হয়, তাহা হইলে দেহধারী জীবগণ আপনার শাসনাধীন বলিয়া শাস্ত্রে

আভাস।

পত্রাদিতে পরিণত হয় এবং পৃথক্ পৃথক্ রসবিশিষ্ট নাম ও আকারের ফল প্রসব করে, সেইরূপ আপনার ঈক্ষণরূপ রসে সিক্তি হইয়া, আপনারই অন্তর্নিহিত এই অনির্ব্বচনীয় বিশ্ব সংসারের বীজভাব বিস্ফুরিত হইয়া, বিবিধ ভাবে পরিণত হইতেছে। প্রলয় কালে জীবের কার্য্যোপাধি ভোগায়তন স্থূল দেহের ধ্বংস হয় মাত্র, কর্ম্ম-সংস্কার সহ লিঙ্গশরীরের আশ্রয়ে কিন্তু নিবদ্ধ জীবনিচয় অবসন্নের ন্যায় নিদ্রিত ভাবেই প্রলয়পয়োধির অভ্যন্তরে নিমগ্ন থাকে। কার্য্যোপাধি স্থূলদেহের লয়েই জীবের লীন দশা এবং স্থূল শরীরের উৎপত্তিতেই জীবের জন্ম বা উৎপত্তি স্বীকার করা হয়। অতএব কর্ম্মের অধীনতা স্বীকার করাই জীবের অনৈশ্বর্য্যত্বের পরিচয়। ভগবান্ কিন্তু কর্ম্মেরও নেতা; সুতরাং জীবের পূজ্য। নিমিত্ত-ভূত কর্ম্ম ব্যতীত, সৃষ্টির তারতম্য ঘটে না; কারণ সৃষ্টিকর্ত্তা জগদীশ্বরে কোনরূপ বৈষম্য নাই; সেই পরমপুরুষ জনার্দ্দনের সমীপে সকলেই সমান; কেহ তাঁহার আত্মীয় বা পর নহে। তিনি নির্লিপ্ত মহাকাশ সদৃশ তুল্যরূপে সকলের পক্ষেই চিরবিদ্যমান্ ॥ ২৫ ॥

জীবসমূহ পরমাত্মারই অংশ; এবং পরমাত্ম-শক্তি অবিদ্যার দ্বারা নির্ম্মিত লিঙ্গশরী-রাদি কার্য্যোপাধিকে আশ্রয় করিয়াই জীবনিচয় পৃথক্‌ভাবে ও নানামূর্ত্তিতে জন্মগ্রহণ করত সংসারে পর্য্যটন করিতেছে; এবং আপনাদের পরম আশ্রয় পরমাত্মার উপাসনা

স্তর্হি ন শাস্যাতেতি নিয়মো ধ্রুব নেতরথা।

অন্বয়ঃ।

অগ্নি জাতং তৎকারণবস্তু তৎকার্য্যং অবিমুচ্য উপাদানত্বেন পরিত্যজ্য তৎ তস্য স্ববিকারস্য নিয়ন্তৃ নিয়ামকং, ভবেৎ; সমং অনুজানতাং (তৎকারণবস্তু হি) বয়ং জানীম এব ইতি মতদুষ্ট-

শ্রীধরস্বামী।

চ মধ্যমপরিমাণানাং সাবয়বত্বেনানিত্যত্বং স্যাদতঃ সর্ব্বগতা নিত্যাশ্চেতি কেচন মন্যন্তে তত্র ন তাবদুক্তদোষপ্রসঙ্গঃ। অবিদ্যাভেদেন তচ্ছক্তিভেদেন বা বদ্ধমুক্তব্যবস্থাসম্ভবাদীশ্বরস্তু ন কেনাপ্যংশেন সংসারশঙ্কেত্যুক্তমেব। প্রসিদ্ধঞ্চাদ্বৈক্যং সর্ব্বশ্রুতিষু। কিঞ্চ ইমং পঞ্চমস্তর্ধামি ব্রাহ্মণমপি ন সহত ইত্যাহ অপরিমিতা ইতি। বস্তুত এবানন্তা ধ্রুবাস্তেনৈব রূপেণ নিত্যাঃ সর্ব্বগতাশ্চ তদনুভূতো জীবা যদি স্যুস্তর্হি তেষাং সমত্বাৎ শাস্যতা ঘটত ইতি কৃত্বা হে ধ্রুব! নিয়মো নিয়মনং ত্বয়া ন স্যাৎ ইতরথা তু ঘটতে। কথং যন্ময়ং উপাধিতো যদ্বিকারপ্রায়ং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জন্যাস্তত্র ন তাবদুক্তদোষপ্রসঙ্গঃ। অবিদ্যাভেদেন তচ্ছক্তিভেদেন বা বদ্ধমুক্ত-ব্যবস্থা-সম্ভবাদিত্যেতন্মতমপ্যন্যে ন সহন্ত ইতি তন্মতমনুবদন্তি। অপরিমিতা অসঙ্খ্যা এব তদনুভূতো জীবা যদি ধ্রুবা নিত্যা এব নতু ত্বজ্জন্যা সর্ব্বগতা এব চ স্যুস্তর্হি তেষাং ত্বৎসাম্যাদেব শাস্য-

---

যে সিদ্ধান্ত আছে, তাহা কিরূপে সঙ্গত হইতে পারে? কিন্তু জীবকে যদি বিভু বলিয়া স্বীকার করা না হয়, তাহা হইলে উক্ত শাস্ত্র-সিদ্ধান্ত অযথা না হইতে পারে; যেহেতু যাঁহার বিকার-ভাবে জীবের জন্ম হয়, কারণভাবে আপনি সেই

আভাস।

করিতেছে। এক্ষণে নানাবাদী নানামতের উত্থাপনে যে বিবাদ উপস্থিত করেন, তাহার উল্লেখ পূর্ব্বক শ্রুতি এস্থলে তাহার মীমাংসা করিয়াছেন যথা; কোন বাদী বলেন যে, অবিদ্যা যদি এক হয় এবং জীবও পরমার্থত এক হয়, তাহা হইলে, একের মুক্তিতে সকল জীবেরই মুক্তি হওয়া উচিত। যদি অবিদ্যাকে নানা বলিয়া স্বীকার করা হয়, তাহা হইলে, এক অবিদ্যার হস্ত হইতে নিষ্কৃতি পাইলেও, অন্য অনন্ত অবিদ্যার আবরণে জীবকে মোহিত হইবার উপলক্ষে, কখনই তাহার মোক্ষের সম্ভাবনা থাকে না। সুতরাং আত্মার বহুত্ব স্বীকার করিলে, পূর্ব্বোক্ত কোনরূপ দোষের সম্ভাবনা থাকে না। কিন্তু অন্য দোষ উপস্থিত হয়; যথা, আত্মা বহু হইলে, তাহার প্রত্যেকেরই একটি করিয়া পরিমাণ নিশ্চয় করিতে যদি হয়, তাহা হইলে অণু বা পরমাণু সদৃশ আত্মার দ্বারা দেহ-ব্যাপিত্বের সম্ভাবনা থাকে না। এবং মানব দেহে ব্যাপ্ত আত্মা তদপেক্ষা ক্ষুদ্র বা বৃহৎ পক্ষী এবং হস্তীর দেহে তাহার সামঞ্জস্য হওয়া দুরূহ হইয়া উঠে। অতএব আত্মাকে সর্ব্বগত এক নিত্য বলিয়া স্থির করিলে, পূর্ব্বোক্ত কোন দোষেরই প্রসঙ্গ ঘটে না। একা অবিদ্যার তারতম্যে বহুত্বের সিদ্ধি এবং বন্ধন বা মুক্তির পক্ষে যে কোনরূপ আশঙ্কা হয় না, তাহাই এই শ্লোকে প্রপঞ্চিত

অজনিচ যন্ময়ং তদবিমুচ্য নিয়ন্তৃ ভবেৎ

অন্বয়ঃ।

ওঁয়া (মতস্য সামান্যবুদ্ধিবিষয়স্য দুষ্টতয়া দুষ্টত্বশ্রবণাৎ) বদতাং জনানাং অবিজ্ঞাতপ্রায়ং তথা ন

শ্রীধরস্বামী।

যজ্জীবাখ্যং অজনি জাতং তস্য সর্ব্বকারস্য নিয়ন্তৃ নিয়ামকং ভবেৎ। অবিমুচ্য কারণতয়া অপরিত্যজ্য কিন্তং সমং অনুস্যূতং। ননু কিং যদৃচ্ছয়ৈবজ্ঞায়তে চেদুচ্যতাং ইদং তদিত্যত আহ অনুজানতাং যদমতমিতি। জানীম ইতি বদতাং যদমতং অবিজ্ঞাতপ্রায়ং অবিষয়ত্বাৎ। তথাচ শ্রুতিঃ। যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ। অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতমবিজানতাং। অবচনেনৈব প্রোবাচ স হ তূষ্ণীং বভূবেত্যাদি। কিঞ্চ মতস্য জ্ঞাতস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেতি নিয়মো ন স্যাৎ। জীবাস্তচ্ছাসনীয়া এবেত্যবধারণং সর্ব্বশাস্ত্রপ্রতিপাদিতং ন ঘটত ইত্যর্থঃ। হে ধ্রুব হে নিত্যস্বরূপ নেতরথা ইতরথা তেষাং তজ্জন্যত্বে সতি জন্যত্বাদেবাসর্ব্বগতত্বে চ সতি তচ্ছাস্যত্বাভাবো ন স্যাৎ কিন্তু তচ্ছাস্যতেতি ঘটত ইত্যর্থঃ। কথং। যন্ময়ং যৎকার্য্যং জীবাখ্যং বস্তুজনি তৎকিল ব্রহ্ম তেষাং জীবানাং নিয়ন্তৃ শাস্তৃ ভবেদেব কিং কৃত্বা তদবিমুচ্য কারণতয়া তান্ জীবান্ অপরিত্যজ্য তদ্বদ্ধৈব কিং তত্রাহঃ। সমং যৎ সর্ব্বান্ জীবান্ প্রতি অন্তর্যামিত্বাংশেন সমং তুল্যমিত্যর্থঃ। ননু কিং যদৃচ্ছয়ৈবজ্ঞায়তে চেদুচ্যতামিদং তদিতি তত্রাহঃ অনুজানতাং যদমতমিতি। জানীম ইতি বদতাং যদ্বদ্ধ অমতং অজ্ঞাতপ্রায়ং। কিঞ্চ। মতস্য জ্ঞাতস্য দুষ্টতয়া দোষশ্রবণাচ্চ। অত্র শ্রুতয়ঃ। যস্যামতং তস্য

কার্য্যের অন্তরে নিয়ন্তৃ রূপে নিয়ত বিদ্যমান রহিয়াছেন। কিন্তু দুঃখের বিষয় এই যে, যিনি তাঁহাকে সম্যক্ অবধারণ করিয়াছেন বলেন, তিনি তাঁহাকে অবধারণ করিতে পারেন নাই; অথচ যিনি বলেন যে, "আমি তাঁহাকে অবধারণ করিতে

আভাস।

হইয়াছে। হে পরমেশ! জীবাত্মা যদি অনন্ত এবং নিত্য ও সর্ব্বগত হয়, তাহা হইলে আপনার অপেক্ষা তাহারা কোন অংশে ন্যূন নহে; সুতরাং আপনি তাহাদের নিয়ামক এবং তাহারা আপনার নিয়ম্য; এই নীতি কি রূপে রক্ষা করা যাইতে পারে? সেই তর্কই উত্থাপন করত, উত্তর প্রদত্ত হইয়াছে যে, তাহারা সকলে আপনার স্বরূপ হইতেই উৎপন্ন হইয়াছে; সুতরাং তাহারা আপনারই নিয়ম্য। যেমন শত দর্পণে সূর্য্য প্রতিবিম্বিত হইয়া, শত সূর্য্যের ন্যায় পৃথক্ পৃথক্ ভাবে অবভাসিত হইলেও, দর্পণের সংস্থানভেদে প্রতিবিম্বালোকেরও তির্য্যক্ এবং ইতস্তত পৃথক্ পৃথক্ গতি ও প্রকাশাদি কার্য্য পরিলক্ষিত হয়; অথচ আকাশস্থ সূর্য্য মেঘাদির আবরণে আবৃত হইবা মাত্র, মুকুরস্থ শত শত প্রতিবিম্বের তিরোধনে বা অবস্থিতির পরিচয় হইয়া থাকে এবং সেই শত দর্পণের যে কোন খানি ভগ্ন বা বিপর্য্যস্ত করিলে, তত্রস্থ প্রতিবিম্ব সূর্য্যদেবেই প্রতিনিবৃত্ত হয়, সেইরূপ দেহেন্দ্রিয়াদিস্থানীয় অনন্ত অবিদ্যা-

সমমনুজানতাং যদমতং মতদুষ্টতয়া ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

জানীম ইতি বদতাং জ্ঞাতপ্রায়ং এবভূতং কিমপি সমং সর্ব্বানুস্যূতং এব ব্রহ্ম নিয়ন্তৃ ভবেৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

দুষ্টতয়া দোষশ্রবণাৎ। তথাচ শ্রুতিঃ। যদি মন্যসে সুবেদেতি দভ্রমেবাপি নূনং ত্বং বেত্থ ব্রহ্মণো রূপং। যদস্য ত্বং যদস্য দেবেষ্বিত্যাদি তস্মাদ্যত্তচ্ছব্দাদ্যোতামতর্ক্যং কিমপি সর্ব্বানুস্যূতত্বেন সমং নিয়ন্তৃ ভবেদিতার্থঃ। অন্তর্যন্তা সর্ব্বলোকস্য গীতঃ শ্রুত্যা যুক্ত্যা চৈবমেবাবগম্যঃ। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তি নৃসিংহঃ শ্রীমন্তং তং চেতসৈবাবলম্বে ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মতং মতং যস্য ন বেদ সঃ। অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতমবিজানতামিতি। অবচনেনৈব প্রোবাচেতি সহ তূষ্ণীম্বভূবেতি। যদি মন্যসে সুবেদেতি দভ্রমেবাপি নূনং ত্বং বেত্থ ব্রহ্মণো রূপং। যদস্য দেবেষ্বিত্যাদ্যাঃ। অর্থশ্চাস্য ব্রহ্মণো যদ্রূপং তৎ যদি সুবেদ সুবেদ্মীতি মন্যসে তর্হি ত্বং দভ্রমেব অল্পমেব বেত্থ ইত্যন্বয়ঃ। যদস্য দেবেষ্বধিদেবাদিষু রূপং ত্বং মন্যসে তদপ্যল্পমেবেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২৬ ॥

পারিলাম না! তিনিই প্রকৃত অবধারণ করিয়াছেনন। এই প্রকারে সর্ব্বভূতের পক্ষে তুল্য নিয়ন্তৃ রূপে সর্ব্বকারণ-কারণ পূর্ণ ব্রহ্ম একমাত্র আপনিই সর্ব্বত্র সমভাবে নিরন্তর বিরাজ করিতেছেন ॥ ২৬ ॥

আভাস।

কার্য্যে ব্রহ্মস্বরূপের প্রতিবিম্ব ঘটিয়া, অনন্ত জীবের রচনা হয়; অথচ সেগুলি সমস্তই ব্রহ্মস্বরূপ হইতে কোন অংশে ভিন্ন বা পৃথক্ নহে। অথচ দর্পণস্থ প্রতিবিম্বে যেমন সূর্য্যের নিয়ামকত্ব স্বীকার্য্য, সেইরূপ দেহস্থ জীবচৈতন্যেও ব্রহ্মের নিয়ামকত্ব সর্ব্বাংশে স্বীকার্য্য। দর্পণস্থ প্রতিবিম্ব যেমন সাক্ষাৎ দিবাকরকে প্রকাশিত বা অবভাসিত করিতে পারে না, অথচ অন্য সকল পদার্থকে আলোকিত করে, সেইরূপ জীবাত্মা ব্রহ্মস্বরূপকে অবগত হইয়াছি বলিলে, সম্পূর্ণ অসঙ্গত হইল; অথচ যে ব্যক্তি দর্পনস্থ প্রতিবিম্বের প্রতি লক্ষ্য করিতে পারে, সে যেমন দিবাকর রাহুগ্রস্ত হইয়াছেন কি না? অথবা দিবাকরের কিরূপ জ্যোতিঃ? সে সমস্তেরই পরিচয় পায়, সেইরূপ ব্রহ্মস্বরূপের অবগতির জন্য প্রয়াস না করিয়া, যিনি নিশ্চিন্তভাবে আত্মস্বরূপের প্রতীতি করেন, তিনিই প্রকৃত প্রস্তাবে ব্রহ্মস্বরূপের উপলব্ধি করিয়া থাকেন, সন্দেহ নাই। জলে প্রতিবিম্বিত সূর্য্য আকাশ-পথে স্থির থাকিলেও, জলের চাঞ্চল্যে তত্রস্থ প্রতিবিম্ব যেমন চঞ্চল হয়, সেইরূপ ভগবদংশ জীব বদ্ধ বা মুক্ত হইলেও, মূল অংশী পরম পুরুষ বদ্ধ বা মুক্ত সঙ্গায় কখন সঙ্গিত নহেন। জল বা দর্পণের অভাবে সূর্য্যের প্রতি প্রতিবিম্বের নিবৃত্তির ন্যায়, উপাধির বিনাসে জীবাত্মা পরমেশের প্রতি নিবৃত্ত হইয়া, মুক্তিলাভ করেন ॥ ২৬

ন ঘটত উদ্ভবঃ প্রকৃতিপুরুষয়োরজয়োরজয়ো-

অন্বয়ঃ।

অজয়োঃ জন্মাদিবিকাররহিতয়োঃ, প্রকৃতিপুরুষয়োঃ, উদ্ভবঃ উৎপত্তিঃ, ন ঘটতে। জল-

শ্রীধরস্বামী।

নন্থ যদি পরমাত্মনো জীবা জায়ন্ত ইতি নিয়ন্তৃনিয়ম্যভাব উচ্যতে তথা সতি জীবানাম-নিত্যত্বপ্রসঙ্গেন প্রতিদিনং কৃতনাশাকৃতাভ্যাগমপ্রসঙ্গঃ স্যাৎ। কিঞ্চ মোক্ষো নাম তদা জীবস্য স্বরূপহানিরেব স্যাৎ ন চৈতদ্যুক্তং। স্বপ্রকাশানন্দাত্মনোঽবিদ্যাকৃতানর্থনিবৃত্তিমাত্রস্য মোক্ষ-ত্বাভ্যুপগমাদিত্যাশঙ্ক্য উপাধিজন্মনৈব জন্ম জীবানামুচ্যতে ন স্বতোঽঘটনাদিত্যাহ ন ঘটত ইতি তত্র কিং প্রকৃতের্জীবরূপেণোদ্ভবঃ স্যাৎ পুরুষস্য বা উভয়োর্বা। আদ্যে জীবানাং জড়ত্বা-পত্তিঃ। দ্বিতীয়ে পুরুষস্য বিকারিত্বপ্রসঙ্গঃ। অতএব ন তৃতীয়োঽপি ইত্যাশয়েনোক্তং প্রকৃতি-পুরুষয়ো রুদ্ভবো ন ঘটত ইতি শ্রুত্যা অজত্বপ্রতিপাদনাদপীত্যাহ অজয়োরিতি। তথাচ শ্রুতিঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতন্মতমপ্যন্যে দূষয়ন্তো দূষ্টাঃ। তথাহি। নন্থ যদি পরমাত্মনো জীবা জায়ন্ত ইত্যুচ্যতে তথা সতি জীবানামনিত্যত্বপ্রসঙ্গেন প্রতিদিনং কৃতনাশাকৃতাভ্যাগমঃ প্রসঙ্গঃ স্যাৎ। কিঞ্চ। তদা মোক্ষো নাম জীবস্য স্বরূপহানিরেব স্যাৎ। তস্য স্বরূপন্তু ব্রহ্মৈব। তস্মাৎ যথা অনবচ্ছিন্নমাকাশমেব ঘটাবচ্ছিন্নং ভবেৎ ঘটভঙ্গে সতি তন্মহাকাশমেব এবমেবাবিদ্যাকোপাধে-র্ভঙ্গএব মোক্ষস্তজ্জন্মন্যেব সতি জন্ম জীবানামুচ্যতে ন তু স্বত ইতি যে বদন্তি তন্মতমপ্যনুবদন্ত্যঃ শ্রুতয়ো ন ঘটত ইতি। অত্র কিং প্রকৃতে জীবরূপেণোদ্ভবঃ স্যাৎ পুরুষস্য বা উভয়োর্বা

প্রকৃতি ও পুরুষ উভয়েই নিত্যসিদ্ধ বস্তু; সুতরাং অভিনব বেশে এতদু-ভয়ের উৎপত্তিও কখন স্বীকার্য্য নহে; তবে যেমন বায়ু ও জলের একত্র

আভাস।

পরমাত্মা হইতে জীবের জন্ম হয়; সুতরাং জীব নিয়ম্য এবং পরমাত্মা নিয়ামক বলিয়াই যদি সিদ্ধান্ত স্থির করা হয়, তাহা হইলে জীবের সত্তা ও অসত্তা সম্বন্ধে বিবিধ বিবাদের সম্ভাবনা ঘটে; কারণ যাহারই উৎপত্তি স্বীকার করা হয়, উৎপত্তির পূর্ব্বে এবং ধ্বংসের পর সে ভাবের অভাব অবশ্যই স্বীকার করিতে হইবে। সুতরাং উৎপত্তির পূর্ব্বে জীবের অভাব ছিল এবং মোক্ষের পর তাঁহার স্বরূপের অভাব ঘটিবে, সে বিষয়ে আর সন্দেহ নাই। অতএব মুক্তিতে যদি "আমার" থাকা না ঘটে, এরূপ মুক্তি মানব মাত্রেরই অশ্রদ্ধেয় সন্দেহ নাই। সুতরাং তাদৃশ মীমাংসা করিবার জন্য আর্য্যশাস্ত্র উদ্‌গ্রীব নহেন। মুক্তি লাভে জীব কৃতার্থ এবং ধন্য হইবে, তজ্জন্যই এত বিচার এবং যোগ তপস্যাদি সাধনের উপদেশ বেদাদিতে অভিহিত হইয়াছে। জীবের অস্তিত্ব বিলুপ্ত হইলে, ভোক্তার অভাবে উদ্দেশ্য নিরর্থক হইয়া পড়ে। অতএব স্বপ্রকাশ আনন্দস্বরূপ জীবাত্মার অবিদ্যাদি জনিত বন্ধন এবং তাদৃশ অনর্থের নিবৃত্তি মাত্রেই যে কৃতার্থতা এবং মোক্ষ

ক্ষভয়যুজা ভবন্ত্যসুভৃতো জলবুদ্বুদবৎ।

অন্বয়ঃ।

বুদ্বুদবৎ (উভাভ্যাং জলানিলাভ্যাং মিলিতাভ্যাং যথা জলবুদ্বুদাঃ ভবন্তি তথা) উভয়যুজাঃ (উভয়

শ্রীধরস্বামী।

অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং বহ্বীঃ প্রজা জনয়ন্তীং স্বরূপাঃ। অজো হ্যেকো জুষমাণোঽনুশেতে জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্য ইতি উভয়যুজাতু ভবন্তি উভয়ঞ্চ তৎ যুজ্যত ইতি যুক্ সম্বন্ধং পরস্পরাধ্যস্তমিতি যাবৎ। তেন অসুভৃতঃ প্রাণাদ্যুপাধয়ো জীবা জায়ন্ত ইত্যর্থঃ। জলবুদ্বুদবদিতি যথা কেবলেনানিলেন সলিলেন বা জলবুদ্বুদা ন ভবন্তি কিন্তু মিলিতাভ্যাং তদ্বত্তত্র চ যথা অনিলো নিমিত্তং জলমুপাদানং এবমত্রাপি প্রকৃতি র্নিমিত্তং পুরুষ উপাদানং তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ। সোঽকাময়ত বহুস্যাং প্রজায়েয়েতি। যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তি এবমেবাস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃসর্ব্বে লোকাঃ সর্ব্বে দেবাঃ সর্ব্বাণি ভূতানি সর্ব্ব এবাস্মনো ব্যুচ্চরন্তীত্যাদি শ্রুতিষু চেতনাচেতনপ্রপঞ্চস্য পরমাত্মোপাদানত্বশ্রবণাৎ নচ বিকারিত্বং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আদ্যে জীবানাং জড়ত্বাপত্তিঃ। দ্বিতীয়ে পুরুষস্য বিকারিত্বপ্রসঙ্গঃ। অতএব ন তৃতীয়ঃ ইত্যাশয়েনোক্তং প্রকৃতিপুরুষয়োরুভয়ো ন ঘটত ইতি। শ্রুত্যা অজত্বপ্রতিপাদনাদপীতি হ্যুহঃ। অজয়োরিতি। তথাচ শ্রুতিঃ। অজামেকাং লোহিত-শুক্লকৃষ্ণাং বহ্বীঃ প্রজাঃ সৃজ্যমানাং স্বরূপাঃ। অজো হ্যেকো জুষমাণোঽনুশেতে জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্য ইতি। অর্থশ্চ। লোহিতশুক্লকৃষ্ণাং রজঃসত্ত্বতমঃস্বরূপাং। স্বরূপা রজআদ্যাত্মিকাঃ। অনুশেতে নিরন্তরং মুহ্যতি। জহাত্যেনাং অস্যাং নাসজ্জতীত্যর্থঃ। ভুক্তভোগাং ভুক্তো ভোগো যস্যাং জীবরূপেণাজেন তাং। অন্যঃ পরমাত্মেতি তস্মাদুভয়স্য প্রকৃতেঃ পুরুষস্য চ যুজা

সমাবেশে জল-বুদ্‌বুদের উৎপত্তি হয়, সেইরূপ প্রকৃতি এবং পুরুষের পরস্পর মিলনে জীবন-বিশিষ্ট জীবের আবির্ভাব স্বীকার করিতে হয়। কিন্তু নদ

আভাস।

তাহারই মীমাংসার্থ প্রকাশ করা হইয়াছে যে, উপাধির উৎপত্তিতেই জীবের জন্ম এবং উপাধির বিলয়েই মোক্ষ; এইটীই সুবিচারিত মীমাংসা। স্বরূপত জীবের জন্ম বা নাশ ঘটে না। এক্ষণে জিজ্ঞাস্য যে, প্রকৃতিই জীবরূপে জন্ম গ্রহণ করেন, কি জীবাত্মাই জীবত্বে পরিণত হন, অথবা প্রকৃতি এবং পুরুষ এই উভয়েরই জীবত্বে পরিণতি ঘটে? এতদুত্তরে উক্ত হইয়াছে যে, প্রকৃতির জীবত্বে পরিণাম হইলে, জীবের জড়ত্ব স্বীকার করা হয়। পুরুষের পরিণামে জীবত্বের উৎপত্তি স্বীকার করিলে, চৈতন্যস্বরূপের বিকারিত্বের পরিচয় দেওয়া হয়; উভয়ের পরিণামেও উক্ত উভয় দোষেরই আপতন ঘটে। অতএব শ্লোকে উক্ত হইয়াছে যে, প্রকৃতি এবং পুরুষ এই উভয়কেই যখন শ্রুতি অজনামে অভিহিত করিয়াছেন, তখন এই দুইয়ের মধ্যে কোনটীরই উৎপত্তি স্বীকার করা যায় না। প্রকৃতির অজত্ব

ত্বয়ি ত ইমে ততো বিবিধিনামগুণৈঃ পরমে

অন্বয়ঃ।

যোগেন প্রকৃতিপুরুষসম্বন্ধেন, অনুভূতঃ প্রাণাদ্যুপাধয়ঃ জীবাঃ, ভবন্তি জায়ন্তে, তস্মা অর্ণবে

শ্রীধরস্বামী।

পরিণামানঙ্গীকারাৎ। কেচিৎপুনঃ পরিণামমঙ্গীকৃত্য আত্মনো বিকারিত্বপ্রসঙ্গভিয়া বিপরীত-নিমিত্তোপাদানভাবমিচ্ছন্তি সর্ব্বথা তাবৎ প্রকৃতিপুরুষয়োক্যাভ্যুপগন্তীতি সিদ্ধং। তদেবমেক-মেবাদ্বিতীয়ং। অজামেকামবিনাশী বা অরে অয়মাত্মেত্যাদি শ্রুতিবলাদুৎপত্তিশ্রবণাচ্চ জীবা-নামৌপাধিকমেব জন্ম ন বস্তুত ইত্যুক্তং। উপাধিলয়েন পরমাত্মনি পুনর্লয় শ্রবণাদপি ন বাস্তবং জন্মেত্যাহুস্ত্বয়ীতি। ত্বয়ি কারণাত্মনি তে ইমে জীবাঃ তত ইতি যতো ন বাস্তবং জন্ম তস্মাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগেনৈব অনুভূতঃ প্রাণাদিমহদুপাধয়ো জায়ন্তে ইত্যর্থঃ। জলবুদ্বুদবদিতি যথা কেবলেন জলেনানিলেন বা জল-বুদ্বুদা ন ভবন্তি কিন্তু তাভ্যাং মিলিতাভ্যামেব তদ্বৎ। তস্মাজ্জীবানামুপাধিজন্মনৈব জন্ম ন স্বত ইত্যুক্তং। উপাধিলয়েনৈব পুনব্রহ্মণি লয়শ্রবণাদপি ন বাস্তবং জন্মেত্যাহুঃ ত্বয়ীতি। ত ইমে জীবাঃ। তত ইতি যতো ন বাস্তবং জন্ম তস্মাদ্বি-

---

নদী প্রভৃতি যাবতীয় জলস্রোত এক সমুদ্রে এবং বিবিধ পুষ্পমধু এক মধুচক্রে এবং বিচিত্র ষড়রস এক মধুস্বরূপে যেমন বিলীন হয়, সেইপ্রকার এই নাম এবং

আভাস।

সম্বন্ধে শ্রুতি স্পষ্টাক্ষরে উল্লেখ করিয়াছেন, যথা; অজামেকাং ইত্যাদি; যে সত্ত্ব রজস্তমোময়ী জগৎপ্রসবিনী অনাদিসিদ্ধা প্রকৃতি স্বসদৃশ অনন্ত প্রজার সৃষ্টি করত বিচিত্র ভোগ প্রদানে তাহাদিগকে ভোক্তারূপে সজ্জিত করিতেছেন, তাঁহাকে আমরা প্রণাম করি এবং যে পরম পুরুষ বিচিত্র ভোগ লাভে বিবিধ ভাবে ভোগ করত, প্রকৃতির গর্ভে ভোগাবধি শয়ান থাকিয়া, ভোগ প্রদানে বিরতা সেই প্রকৃতিকেই পুনরায় পরিত্যাগ পূর্ব্বক নিবৃত্ত-ভোগে বিশ্রাম করেন, সেই পরম পুরুষকেও প্রণাম করি। এই শ্রুতি দ্বারা জীবস্বরূপের যে মীমাংসা, তাহা যুক্তিযুক্তি এবং হৃদয়গ্রাহী। ইহাতে প্রকাশ করা হইয়াছে যে, পুরুষ এবং প্রকৃতি উভয়ই নিত্য বস্তু; এতদুভয়ের সংযোগেই সৃষ্টি এবং বিয়োগেই মুক্তি। এই সংযোগকে বেদান্তে অধ্যাস নামে অভিহিত করিয়াছেন। অর্থাৎ বিবাহের পর পত্নীর সম্বন্ধ আলোচনা করত, পুরুষ যেমন আপনাকে স্বামীভাবে চিন্তা করত স্বামীর ন্যায় আচরণ করেন, চৈতন্যস্বরূপ পুরুষও সেইরূপ সম্পূর্ণ পর জড়স্বরূপ মায়ার কার্য্য দেহাদিকে দ্রষ্টব্য জ্ঞানে আলিঙ্গন করত, জীব নাম অভিহিত এবং জীব ভাবে ভাবিত হন মাত্র। স্বপত্নীর বিয়োগে পুরুষে যেমন স্বামী ভাবের অপনয়নে, আপনাকে নির্ব্যাপারীর ন্যায় অনুভূত হয়; মায়াকার্য্য স্থূল সূক্ষ্ম ও কারণরূপ ত্রিবিধ দেহের অপগমে, জীবও সেইরূপ স্বীয় চৈতন্যস্বরূপে বিশ্রাম করেন। অতএব প্রকৃতি স্বরূপ সম্পূর্ণ পরের পরিণাম পরিদর্শনে

সরিত ইবার্ণবে মধুনি লিল্যুরশেষরসাঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

সমুদ্রে, সরিতঃ নদ্যঃ, ইব, মধুনি অশেষরসাঃ ইব ততঃ তে জীবাঃ বিবিধনামগুণৈঃ অনেক-প্রকার-কার্য্যোপাধিভিঃ সহ পরমে ত্বয়ি লিল্যুঃ লীনাঃ বভূবুঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

বিবিধনামগুণৈরনেকপ্রকারকার্য্যোপাধিভিঃ সহ লিল্যুর্লীনা বভূবুঃ। তত্র সুষুপ্তিপ্রলয়য়োর্মধ্যশেষরসা ইব লীয়ন্তে। যথা মধুনি সকলকুসুমরসা বিশেষতোঽনুপলক্ষ্যমাণা অপি সামান্যেনোপলক্ষ্যন্তে এবং স্বাপাদৌ বিশেষমাত্রলয়াৎ কারণস্য বিদ্যমানত্বাৎ সামান্যতো বর্ত্তন্তে। মুক্তৌতু কারণস্যাপি লয়াৎ ত্বয়ি পরমে নিরুপাধৌ সরিত ইবার্ণবে লীয়ন্ত ইতি বিবেকঃ। তথাচ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিধনামগুণৈঃ সহিতাঃ ত্বয়ি লিল্যুঃ লীনা বভূবুঃ। তেষাং লয়ো দ্বিবিধঃ। তত্র মুক্তৌ স্থূল-সূক্ষ্মাণাং কার্য্যোপাধীনামবিদ্যায়াঃকারণোপাধেশ্চ লয়াদাত্যন্তিকো লয়স্তত্র দৃষ্টান্তঃ। সরিতো নদ্যঃ অর্ণবে লীনা ইব। সুষুপ্তিপ্রলয়য়োস্তু কার্য্যোপাধীনামেব লয়ঃ। নতু কারণস্যাবিদ্যায়া

রূপাত্মক বিচিত্র জগৎ সমগ্র চরাচর সহ একা আপনার পরমস্বরূপেই বিলীন হইয়া থাকে ॥ ২৭ ॥

আভাস।

আত্মভাবের বিস্মরণে জীবের পক্ষে মুগ্ধ হওয়াই তাহার বন্ধন বা জীবভাব এবং আদৃত পরকে পর ভাবিয়া পরিত্যাগ পূর্ব্বক স্বকীয় বিশুদ্ধ চৈতন্যস্বরূপ জ্ঞানলক্ষণ ভাবের পুনরুপলব্ধিই তাহার মুক্তি। অতএব চৈতন্যস্বরূপ পুরুষ যেমন অখণ্ড ও নিত্যশুদ্ধ পদার্থ, প্রকৃতিও সেইরূপ নিত্যসিদ্ধ বস্তু। কিন্তু উভয়ের প্রতি উভয়ের দ্রষ্টৃদৃশ্য সম্বন্ধই মাত্র জীবভাব। সম্বন্ধের আগমে বা অপগমে সম্বন্ধীর ভাবের পরিবর্ত্তন হইলেও, স্বরূপের কোন পরিবর্ত্তন ঘটে না। যেমন জল ও অনিল একত্র মিলিত হইলে, বুদ্‌বুদ ভাবের সৃষ্টি হয় মাত্র। বুদ্‌বুদকে উভয় জল ও অনিল হইতে পৃথক্ করা যায় না; ভাবে মাত্র পৃথক্ বলিয়া বোধ হয়; সেইরূপ চৈতন্য ও মায়াশক্তির একত্বভাব নিবন্ধনই জীবত্ব; যেন উভয় হইতে পৃথক্ রূপে প্রতীত হইলেও, স্বরূপত পৃথক্ নহে। জলের অপলোপে অন্তরস্থ বায়ু যেমন সর্ব্বব্যাপী বায়ুতেই অবস্থিত থাকে, সেইরূপ পুরুষ পরম চৈতন্যে এবং দেহাদি প্রকৃতিতে মিলিত হইয়া, জীবত্ব-সঙ্গক সংসার-ভাবেরই অপনোদন হয় মাত্র। শাস্ত্রে উভয় পুরুষ এবং প্রকৃতিকে নিত্য বিভু ও সর্ব্বগত বলিয়া নির্ণয় করিয়াছেন। কিন্তু একের নিত্যত্ব ও সর্ব্বগতত্বে অন্যের নিত্যত্ব ও সর্ব্বগতত্বের অবশ্যই ব্যাঘাত ঘটে। কারণ দুইটী পদার্থ যেমন প্রত্যেকে অদ্বিতীয় হইতে পারে না, সেইরূপ একের সত্তায় অন্যের সত্যের অবশ্যই ব্যাঘাত জন্মিবে, সন্দেহ নাই। কিন্তু স্বয়ং শ্রুতিই "অজামেকাং এবং অজো হ্যেকো" বলিয়া উভয় প্রকৃতি ও পুরুষকে অদ্বিতীয় বলিয়া স্বীকার করিয়াছেন। সুতরাং

শ্রীধরস্বামী।

শ্রুতয়ঃ। যথা সৌম্য মধুকৃতো নিস্তিষ্ঠন্তি নানাত্যয়ানাং বৃক্ষাণাং রসান্ সমবহারমেকতাং রসং গময়ন্তি তে যথা তত্র বিবেকং ন লভন্তে অমুষ্যাহং বৃক্ষস্য রসোঽস্ম্যমুষ্যাহং বৃক্ষস্য রসোঽস্মীত্যেবমেব খলু সৌম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সতি সম্পদ্য ন বিদুঃ সতি সম্পদ্যামহ ইতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতস্তত্র বিশেষমাত্রস্যৈব লয়ঃ সামান্যন্তু বর্ত্তত এব তত্র দৃষ্টান্তঃ। মধুনি অশেষরসাঃ সকল-কুসুমরসাঃ বিশেষতোঽনুপলক্ষ্যমাণা অপি সামান্যত উপলক্ষ্যন্ত এব। অত্র শ্রুতয়ঃ। যথা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রেঽস্তং গচ্ছন্তি নামরূপে বিহায়। তথা বিদ্বান্নামরূপাদ্বিমুক্তঃ পরাৎ পরং পুরুষমুপৈতি দিব্যমিতি তথা সৌম্য মধু মধুকৃতো নিস্তিষ্ঠন্তি। নানাত্যয়ানাং বৃক্ষাণাং রসান্ সমবহারমেকতাং রসং গময়ন্তি। তে যথা ন তত্র বিবেকং লভন্তে অমুষ্যাহং বৃক্ষস্য

আভাস।

আকাশ হইতেই যেমন মেঘের উদয় হয়, আকাশের সর্ব্বত্র এবং সর্ব্বাংশে যেমন মেঘ থাকে এবং মেঘে বিদ্যুৎ থাকে, মেঘময় বিদ্যুৎ, সেইরূপ চৈতন্যময় প্রকৃতি বা প্রকৃতিময় চৈতন্য বলিয়া পুরুষও প্রকৃতির আশ্রয়-আশ্রয়ীভাবে উভয়েরই সর্ব্বগতত্ব এবং অদ্বৈতত্ব রক্ষা করিতে হইবে। উভয়কে উভয়ময় করিতে পারিলে, পূর্ব্বোক্ত শ্রুতিবাক্যের সামঞ্জস্য অবশ্য রক্ষা পায়। এক্ষণে জিজ্ঞাস্য, কোন্‌টী কিময়? অর্থাৎ পুরুষের আশ্রয়ে প্রকৃতি থাকিয়া প্রকৃতি পুরুষময়? কিম্বা প্রকৃতির আশ্রয়ে পুরুষ বিদ্যমান থাকিয়া, পুরুষ প্রকৃতিময় হইয়া আছেন? এতদুত্তরে বক্তব্য যে, শক্তিরূপা প্রকৃতির অন্তরে জ্ঞানস্বরূপ পুরুষ নহেন; জ্ঞানের গর্ভেই শক্তি চির বিদ্যমানা। কারণ যদি শক্তির অন্তরে জ্ঞানের উদ্দীপন হওয়া সম্ভবপর হইত তাহা হইলে পুরুষ কর্ত্তৃক প্রযুক্ত বাণ শক্তিযোগে যথেচ্ছ বিচরণ করিতে পারিত এবং মৃতদেহে পুনরায় জ্ঞানের উদয়ে পুনর্জ্জীবিতের সম্ভাবনা ঘটিত। কিন্তু জ্ঞান স্বীয় প্রভাবে সর্ব্বকরণবিশিষ্ট দেহকে কোন সময়ে অন্তরস্থ সকল শক্তির প্রেরণায় কার্য্যদক্ষ জীবিতের ন্যায় প্রদর্শিত করায়। উপাধি স্থানীয় দেহাদি উপহিত জ্ঞানের প্রকটনে উত্তরোত্তর প্রকটিত ও পরিবর্দ্ধিত হয় এবং জ্ঞানক্রিয়ার সঙ্কোচে ক্রমশ শ্রীহীন ক্ষীণ ও নষ্ট হইয়া যায়, সন্দেহ নাই; কিন্তু উপাধি দেহাদির প্রকটনে জ্ঞানক্রিয়ার প্রকটিত ভাবের পরিচয় কখন কোথায়ও পাওয়া যায় না। পাদপাদির অন্তর হইতেই ফল, কুসুম ও শাখা পল্লবাদির প্রকটন হইয়া থাকে। অতএব জ্ঞানই সমস্ত উপাধিভাবের প্রকটন করে। সুতরাং জ্ঞানের আশ্রয়ে শক্তি; শক্তির আশ্রয়ে কখন জ্ঞান নহে। জ্ঞানই শক্তিময়; শক্তি কখন জ্ঞানময় নহে। তবে শক্তির প্রকাশে বা প্রকটনে জ্ঞানের পরিচয় হয় বলিয়াই, শক্তির আশ্রয়ে জ্ঞান আছে, এইরূপ ভ্রম হয় মাত্র। পুরুষের উপাদান অর্থাৎ আশ্রয়ী ভাব এবং প্রকৃতির নিমিত্ত অর্থাৎ আশ্রয়ভাবের পরিচয়ে শ্রুতি বলিয়াছেন যে, আকাশ হইতে যেমন মেঘের উদয় হয়, সেইরূপ সেই পরমাত্মা হইতে শক্তির উদয়ে অনন্ত ব্রহ্মাণ্ডের রচনা হইয়া থাকে। পরম পুরুষ পরমাত্মা স্বয়ং বহু হইবার বাসনায়, প্রচণ্ড বহ্নি হইতে যেমন অগণ্য বিস্ফুলিঙ্গের

শ্রীধরস্বামী।

যথা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রেঽস্তং গচ্ছন্তি নামরূপে বিহায়। তথা বিদ্বান্ নামরূপাদিমুক্তঃ পরাৎ পরং পুরুষমুপৈতি দিব্যমিত্যাদ্যাঃ। যস্মিন্নুদ্যদ্বিলয়মপি যদ্ভাতি বিশ্বং লয়াদৌ জীবোপেতং গুরুকরুণয়া কেবলাত্মাববোধে। অত্যন্তান্তং ব্রজতি সহসা সিন্ধুবৎ সিন্ধুমধ্যে মধ্যে চিন্তং ত্রিভুবনগুরুং ভাবয়ে তং নৃসিংহং ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রসোঽহম্যমুষ্যাহং বৃক্ষস্য রসোঽহম্যেবমেব খলু সৌম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সতি সংপদ্য ন বিদুঃ সতি সংপদ্যামহ ইত্যাদ্যাঃ। অর্থশ্চ নিস্তিষ্ঠন্তি নিষ্পাদয়ন্তি নানাত্যয়ানাং নানাবিধ-পরিণতিমতীন্ রসান্ সমবহারং সমাহৃত্য। একতাং রসং একরসতা মিত্যর্থঃ। যথা নদ্যঃ ইত্যাদ্যা মুক্তিব্যঞ্জিকা যথা সৌম্যেত্যাদ্যা শ্রুতিঃ প্রলয়ব্যঞ্জিকা ॥ ২৭ ॥

আভাস।

উদয় হয়, সেইরূপ পুরুষ স্বকীয় চৈতন্য স্বরূপ হইতে যাবতীয় শক্তিরূপ প্রাণ, সমস্ত লোক, দেবতাবর্গ প্রাণিসমূহ এবং ক্ষিত্যপ্তেজাদি যাবতীয় ভূত সমূহের সৃষ্টি করিলেন। এস্থলে চেতনের পরিণাম হইল বলিয়া, আশঙ্ক করা বিধেয় নহে। কারণ বাদী স্বস্বরূপেই তাহার যথেষ্ট পরিচয় লইতে পারেন। তিনি অনুকূল বা প্রতিকূল ভাবে ব্যবহার করত, অঙ্গ প্রত্যঙ্গ বা ইন্দ্রিয়বর্গের পরিচালনা করিয়াও স্বীয় জ্ঞানের কোনরূপ হ্রাস বৃদ্ধি দেখিতে পান না; সাক্ষীভাবে সকল ব্যাপারেই তাঁহার জ্ঞান চিরকালই একভাবে বিদ্যমান থাকে; তখন শক্তির পরিণাম হয় মাত্র; জ্ঞানের কোন পরিণাম নাই; জ্ঞান অক্ষুণ্ণভাবে চির বিদ্যমান।—

অতএব উপাধি নিবন্ধনই জীবের জন্ম এবং উপাধির লয়েই জীবের মুক্তি স্বীকার করায়, এতদুভয় অবস্থায় পুরুষের স্বরূপত কোন পরিবর্ত্তন বলিয়া কখনই স্বীকার্য্য নহে। ঘটের ভগ্নে ঘটস্থ আকাশ যেমন ধূপ ধূমাদি সহ মহাকাশেই বিলীন হয়, জীবও উপাধির বিলয়ে পরমাত্মায় বিশ্রাম করেন। সুষুপ্তি এবং মূর্চ্ছাদিতে প্রতিলোম গমনে জীবের আত্মস্বরূপে প্রতিষ্ঠা ঘটে বটে, কিন্তু তৎকালে কারণোপাধির বিদ্যমানতা নিবন্ধন নিঃশেষে নিরন্তর প্রতিষ্ঠা হয় না; অন্তরঙ্গা বৃত্তির উদয়ে পুনঃ সংসার ঘটে; কিন্তু ব্যক্তিগত কারণোপাধির বিলয়ে, নদীসমূহ যেমন নামরূপের বিসর্জ্জনে সমুদ্রে আত্মসমর্পণ পূর্ব্বক শান্ত-প্রবাহ হয়, সেইরূপ জীবচৈতন্যও পরম চৈতন্যে বিশ্রাম করত, সাংসারিক সকল ভাব হইতে নিষ্কৃতি লাভ করেন। সেই পরম চৈতন্যে প্রেমানন্দের পরিসীমা নাই; উপবনের মধ্যে বিকসিত বিবিধ কুসুমরাজির মনোমুগ্ধকর সজ্জিত বেশ এবং মধুপূর্ণ ভাব অবলোকন করিলে, তত্রস্থ কুসুমের মধু পানার্থ কাহার না উৎসুক জন্মে? কিন্তু দুঃখের বিষয় এই যে, পুষ্প হইতে মধু সংগ্রহ করত মধুপানের তৃপ্তি এ পর্য্যন্ত কাহারও অদৃষ্টে লাভ করা ঘটে নাই; বরং সামান্য তৃপ্তির অনুরোধে কণ্টকবেধনাদি বিষম ক্লেশভোগই হইয়া থাকে। অতএব চতুরতা পূর্ব্বক পুষ্প পরিহারে মধুচক্রের নিকটবর্ত্তী হইতে পারিলে, যেমন উপবনস্থ সর্ব্ববিধ পুষ্পের মধু-পানের সাধ পূর্ণ হয়, সেইরূপ আনন্দকণায় সমুৎপন্ন পরমানন্দের বিচিত্র সৃষ্টির আনন্দ কুহক

নৃষু তব মায়য়া ভ্রমমমীষ্ববগত্য ভৃশং
ত্বয়ি সুধিয়োঽভবে দধতি ভাবমনুপ্রভবং।

অন্বয়ঃ।

অমীষু নৃষু জীবেষু তব মায়য়া ভৃশং দুস্তরং, ভ্রমং দেহাদ্যাত্মাভিমান-লক্ষণং অবগত্য জ্ঞাত্বা সুধিয়ঃ বিবেকিনঃ, অনুপ্রভবং (অনুক্ষণং বর্দ্ধমানং) ভাবং (শ্রবণ-কীর্ত্তনাদিনা মনোনিবৃত্তিং) অভবে জন্মমরণাদি-লক্ষণ-ভবনিবর্ত্তকে, ত্বয়ি বিদধতি। যৎ যস্মাৎ অভচ্ছরণেষু (ভবান্ ন

শ্রীধরস্বামী।

এবং তাবৎ পরমেশ্বরাৎ জীবা জায়ন্তে ইতি তদ্দর্শনে কর্ম্মাণি চ কুর্ব্বন্তি পুনস্তত্র লীয়ন্তে ইতি সংসারচক্রে ভ্রমণমুক্তং ইদানীং তন্নিবৃত্তয়ে পরীত্য ভূতানি পরীত্য লোকান্ পরীত্য সর্ব্বাঃ প্রদিশো দিশশ্চ। উপস্থায় প্রথমজামৃতস্যাত্মনাত্মানমভিসংবিবেশ ইত্যাদ্যাভগবদনুগ্রাহ্যং বিদধতীত্যাহ নৃষু ভবেতি। নৃষু জীবেষ্বমীষু তব মায়য়া ভ্রমমুক্তলক্ষণমবগত্য জ্ঞাত্বা সুধিয়ঃ ভৃশং ত্বয়ি অভবে ভবনিবর্ত্তকে ভাবং স্বভাবং অনুবৃত্তিং দধতি কুর্ব্বন্তি। অনুপ্রভবং অনু নিরন্তরং প্রভবো যস্মিন্ তং ভ্রমং ততঃ কিমত আহ কথমনুবর্ত্ততামিতি। অনুবর্ত্ততাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং নানামতান্যুদ্য দূষয়ন্ত্যো বৈষ্ণবমতমেব স্থাপয়ন্তি নৃষু বিদ্বন্মানিষু অমীষু পূর্ব্বশ্লোকদ্বয়াবগমিতেষু নানাবাদিষু ভ্রমমবগত্য ভ্রান্ত্যৈব নানামতকল্পনং জ্ঞাত্বা ত্বয়ি অভবে ভবনিবর্ত্তকে ভাবং দাস্যসখ্যাদিকমেব কেবলং অনুপ্রভবং অনু প্রতিক্ষণং প্রভব উল্লাসো যস্য তং; যদ্বা। প্রতিজন্মৈব দধতি কুর্ব্বন্তি। যথোক্তং বৈষ্ণবে। নাথ যোনিসহস্রেষু যেষু

ভবদীয় দুরন্ত মায়ার প্রভাবেই জীব-সন্নিধানে এই দুরতিক্রমণীয় ভ্রমের উদয় হওয়ায়, দেহ গেহাদিতে জীবের অচ্ছেদ্য অভিমান জন্মে; ইহা বিশেষরূপে নিরূপণ করত, বিবেকী পণ্ডিতগণ শ্রবণ কীর্ত্তনাদির সাহায্যে অনুক্ষণ আপনাতেই মন প্রাণ সমর্পণ পূর্ব্বক নিশ্চিন্তভাবে অবস্থান করিতেছেন। আপনি ভবের অতীত; সুতরাং আপনাতে সমর্পিত-চিত্ত তাদৃশ বিবেকিগণের

আভাস।

পরিহারপূর্ব্বক সেই পরম চৈতন্যে বিলীন হইতে পারিলেই, জীবচৈতন্যের সকল সাধ পূর্ণ হয়। উভয় পার্শ্বে কূল থাকাই নদীর বেগের কারণ। নদী কূল যখন হারায়, তখনই তাহার সমুদ্রে পতন ও বেগশূন্য ভাব ঘটে। সুতরাং উপাধির দোষেই জীবচৈতন্যে আগ্রহ জন্মে এবং উপাধির ধ্বংসে আগ্রহ থাকিবার আর অবসর থাকে না। পূজ্যপাদ শ্রীধরস্বামী তাঁহার কৃত শ্লোকে প্রকাশ করিয়াছেন যে, যিনি চিত্তেরও পশ্চাতে চেতয়িতারূপে নিরন্তর বিদ্যমান রহিয়াছেন, সকলের অভাব হইলেও যাঁহার অভাব কখন হয় না, সরিৎপতি সিন্ধুর ন্যায় সর্ব্বাশ্রয়দাতা সেই ভগবানকে আশ্রয় করাই মানব জীবনের এক মাত্র অনুষ্ঠেয় ব্রত সন্দেহ নাই ॥ ২৭ ॥

কথমনুবর্ত্ততাং ভবভয়ং তব যদ্ভ্রুকুটিঃ
সৃজতি মুহুস্ত্রিনেমিরভবচ্ছরণেষু ভয়ং ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

শরণং রক্ষকঃ যেষাং তেষু) এব তব ভ্রুকুটিঃ ভ্রূভঙ্গরূপঃ ত্রিনেমিঃ ত্রিস্রঃ নেময়ঃ ইব অবচ্ছেদকাঃ শীতোষ্ণবর্ষাঃ কালাঃ যস্য সঃ সম্বৎসরাত্মকঃ কালঃ, ভয়ং জন্মমরণাদিলক্ষণং, মুহুঃ সৃজতি করোতি; অতঃ অনুবর্ত্ততাং অনুবর্ত্তমানানাং ত্বাং এব শরণং ভজতাং ভবভয়ং সংসারভয়ং, কথং স্যাৎ ন কদাচিৎ ইত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

অনুবর্ত্তমানানাং ত্বামেব শরণং ভজতাং ভবভয়ং সংসারভয়ং কথং ভবেৎ ন কথঞ্চিদপীত্যর্থঃ কুত যদ্যস্মাত্তব ভ্রুকুটি র্ভ্রূভঙ্গরূপস্ত্রিনেমিঃ তিস্রো নেময় ইবাবচ্ছেদাঃ শীতোষ্ণবর্ষাঃ কালা যস্য সংবৎসরাত্মককালস্য সঃ অভবচ্ছরণেষু ন ভবান্ শরণং রক্ষিতা যেষাং তেষেব ভয়ং জন্মমরণাদিলক্ষণং সৃজতি করোতি অত এবস্তূতং সংসারমাকলয্য তন্নিবর্ত্তয়ে সুধিয়ঃ ত্বয়ি ভাবং দধন্তীতি। সংসারচক্রক্রকচৈর্বিদীর্ণনানাভবতাপতপ্তং। কথঞ্চিদাপন্নমিহ প্রপন্নং ত্বমুদ্ধর শ্রীনৃহরে নৃলোকং ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেষু ভ্রমাম্যহং। তত্র তত্রাচ্যুতা ভক্তিরচ্যুতাস্তু দৃঢ়া ত্বয়ীতি। নন্থ তর্হি ত্বৎপদার্থতৎপদার্থয়ো র্জ্ঞানাভাবাৎ সংসারে দ্বেষাভাবাচ্চ তেষাং সংসারস্য নৈব নিবর্ত্তেত তত্রাহঃ কথমিতি। ভবভয়ং তেষাং কথমনুবর্ত্ততাং অনুবৃত্তং ভবতু। ত্বদ্দাস্যাভাবদশায়ামেব তস্যাপগমাৎ। কিন্তু নিষ্কামত্বাতিশয়াৎ ভজনোত্থদৈন্যাচ্চ ত্বেষু তেষাং সংসারিত্বাভিমানঃ। যৎ যস্মাৎ তব ভ্রুকুটি র্ভ্রূভঙ্গরূপস্ত্রিনেমি স্ত্রিগুণঃ তীক্ষ্ণধারঃ কালঃ অভবচ্ছরণেষু তচ্ছরণাপত্তিরহিতেষেব ভয়ং জন্মমরণাদিলক্ষণং সৃজতি। যদুক্তং ত্বয়ৈব। সকৃদেব প্রপন্নো য তবাস্মীতি

আর ভবভয়ের সম্ভাবনা থাকে না। কিন্তু হে জগদীশ! যাহারা এই ভীষণ সংসার-ক্ষেত্রে আপনার শরণ গ্রহণে পরাঙ্মুখ হয়; শীত, গ্রীষ্ম ও বর্ষা সঙ্গক ত্রিবিধ অবচ্ছেদ-বিশিষ্ট ভবদীয় ভ্রূভঙ্গিরূপ কাল সম্বৎসরের পরিচয়ে তাহাদেরই সমীপে জন্মমরণরূপ তীব্র সংসারভয়ের বারংবার উৎপত্তি করিয়া থাকেন ॥ ২৮ ॥

আভাস।

পূর্ব্বোক্ত শ্লোকদ্বয়ে প্রকাশ করা হইয়াছে যে, জীবসমূহ এক পরমেশ্বর হইতেই উৎপন্ন হইয়াছে এবং তাঁহারই ইচ্ছাধীনে কর্ম্ম করত পুনরায় তৎস্বরূপেই বিলীন হয়। ইহাই সংসার চক্রনামে অভিহিত। সম্প্রতি এই শ্লোকের দ্বারা সেই সংসার-ভ্রমণ হইতে নিবৃত্তির উপায়স্বরূপে পরীত্য ভূতানি প্রভৃতি শ্রুতি মন্ত্রের উপদেশব্যঞ্জক শ্লোকেরই উল্লেখ করিয়াছেন। শ্রুতি যথা ভূতানি চরাচর শরীরাণি পরীত্য অনিত্যত্বেন জ্ঞাত্বা (অর্থাৎ স্থাবর-জঙ্গমাত্মক যাবতীয় ভোগায়তন দেহকে অনিত্য বলিয়া নিশ্চয় করত) লোকান্ স্বর্গাদীন,

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চ যাচতে। অতঃ সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্ব্রতং মমেতি। দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি। অয়ং ভাবঃ। অন্যেষাং বাদিনামিব পরমতখণ্ডনে স্বমতস্থাপনে চ নাত্যাগ্রহঃ। অত্যাগ্রহস্তু ত্বদ্ভজন এব বৈষ্ণবানাং। তত্র চ ন কেষামপি বাদিনাং বিপ্রতিপত্তিরিতি তন্মতমেব সর্ব্বশাস্ত্রার্থসারং। বিচিত্ররূপ-গুণলীলামহোদধৌ ত্বয়ি কৃষ্ণরামাদিস্বরূপে উপাস্যবুদ্ধিঃ স্বেষূপাসকবুদ্ধিরিত্যেব তেষাং তৎপদার্থ-ত্বম্পদার্থয়োর্জ্ঞানং। সূর্য্যোপমস্য ভগবতো রাহুপ্রভোপমা জীবা অতএব ততো ভিন্নত্বেনাভিন্নত্বেনাপি ব্যপদিশ্যন্তে। সূক্ষ্মাণামপ্যহং জীব ইতি ভগবদুক্তেঃ। এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশেতি। বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ। ভাগো জীবঃ স বিজ্ঞেয় ইতি। আরাগ্রমাত্রো হ্যবরোঽপি দৃষ্ট ইত্যাদি শ্রুতিভ্যশ্চ তেষাং পরমাণুপরিমাণত্বমেব। তদপি সম্পূর্ণদেহব্যাপিশক্তিমত্ত্বং জতুজটিতস্য মহামণে র্মহৌষধ-খণ্ডস্য চ শিরস্যুরসি বা ধৃতস্য সম্পূর্ণদেহপুষ্টীকরিষ্ণুশক্তিমত্ত্বমিব নাসমঞ্জসং। স্বর্গনরক-নানাযোনিষু গমনঞ্চ তেষামুপাধিপারবশ্যাদেব। যদুক্তং প্রাণমধিকৃত্য দত্তাত্রেয়েণ। যেন সংসরতে পুমানিতি। তেষাং বহুত্বং নিত্যত্বঞ্চ। নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামানিতি শ্রুত্যা প্রতিপাদিতং সমুদিতানাং তেষাং ভগবতস্তটস্থ-শক্তিত্বেনৈকত্বঞ্চ জ্ঞেয়ং। তেচ মেঘোপময়া অবিদ্যয়া আবৃতা বদ্ধজীবা একে অন্যে ভক্তিমজ্জ্ঞানেন তদাবরণোন্মুক্তা মুক্তজীবাঃ। অন্যে কেবলয়া প্রাধানীভূতয়া বা ভক্ত্যা তদাবরণোন্মোচিত-প্রাপিতচিদানন্দময়ভজনোপযোগিশরীরাঃ সিদ্ধভক্তাঃ অন্যে অবিদ্যাযোগ-রহিতা এব নিত্যপার্ষদা ইতি চতুর্ব্বিধাঃ। তল্লক্ষণঞ্চ নারদপঞ্চরাত্রে। যত্তটস্থন্তু বিজ্ঞেয়ং স্বসংবেদ্যাদ্বিনির্গতং। রঞ্জিতং গুণরাগেণ স জীব ইতি কথ্যতে। অস্যার্থঃ। যত্তটস্থং বিশেষতো জ্ঞেয়ং চিদ্বস্তু স জীবঃ। যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তীতি শ্রুতেঃ। স্বসং-

আভাস।

(কর্ম্মের দ্বারা অর্জ্জিত সুতরাং অচিরস্থায়ী) দিশঃ প্রদিশঃ ঐহিকের ভোগ সমূহ অনিত্য বলিয়া অবধারণ করত, প্রথমজাং প্রথম প্রশ্বাসোদ্ভবাং ত্রয়ীলক্ষণাং শ্রুতিং উপস্থায় বিচার্য্য ঋতস্য বিষ্ণোঃ আত্মানং স্বরূপং আত্মনা মনসা অভিসংবিবেশ আশ্রিতবান্; প্রথম-নিশ্বাসোদ্ভবা বেদরূপা বাণীর তাৎপর্য্য গ্রহণে সত্যমূর্ত্তি ভগবান্ বিষ্ণুর স্বরূপে মনকে প্রণিহিত করিতে পারিলেই, আর ভবভয় থাকে না; এই শ্রুতি বাক্যের অনুসারেই শ্লোকে উক্ত হইয়াছে যে, হে ভগবন্! আপনার শরণাগত হওয়াই মুক্তিলাভের একমাত্র সোপান। শীত, গ্রীষ্ম ও বর্ষারূপ ত্রিবিধ অবয়বের সংস্থান বিশেষে সম্বৎসরাত্মক কাল বলিয়া যাহা নিরূপিত হয়, সে কেবল আপনার উৎপথগামী ব্যক্তিগণের প্রতি ভ্রুকুটীর পরিচয় মাত্র। ভবদীয় ভক্ত সমীপে উক্ত কালচক্রের গতিরোধ হইয়া যায়। যাহারা আপনাতে স্থিরচিত্ত নহে, তাহাদের নিকট সমগ্র সংসারচক্র খরতর বেগে ধাবিত হইতেছে। আপনি নিত্য সত্য ধন; সুতরাং আপনাতে প্রণিহিত-চিত্ত জনগণও নিত্য সত্যস্বরূপ পরমানন্দের ভোগে নিত্য সত্যভাবেই

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেদ্যাচ্চিৎপুঞ্জাত্তগবতঃ সকাশাদ্বিনির্গতং চেত্তদা গুণরাগেণ রঞ্জিতং। বহিরঙ্গয়া মায়াশক্ত্যা স্বীয়ানাং গুণানাং রাগেণ রঞ্জিতং মায়িকাকারং স্যাদিত্যর্থঃ। যদা তু কেবলয়া প্রধানীভূতয়া বা ভক্ত্যা মায়োত্তীর্ণং স্যাত্তদা অন্তরঙ্গয়া চিচ্ছক্ত্যা স্বীয়কল্যাণগুণেন রঞ্জিতং ভগবত্যনুরক্তীকৃতং চিন্ময়াকারযুক্তং স্যাদিত্যর্থঃ। এবঞ্চ মায়াচিচ্ছক্ত্যোস্তটস্থবর্ত্তিত্বাত্তটস্থমিতি তন্নাম কৃতং। যদা তু ভক্তিমজ্জ্ঞানেন যুক্তং স্যাত্তদা ব্রহ্মণ্যপৃথগ্ভূয় স্থিতং নৈব গুণরাগেণ রঞ্জিতমিত্যুপাসকনিরূপণং। অতএব রাজকীয়পুরুষোঽপি রাজপুরুষ ইতি তৎপদার্থসম্বন্ধস্তৎপদার্থ ইতি তত্ত্বমসীতি মহাবাক্যার্থং। কেচিত্তু তস্য ত্বমিতি ষষ্ঠী তৎপুরুষেণাপি বদন্তি। অথোপাস্যনিরূপণং। সূর্য্যোপমস্য ভগবতঃ প্রস্থমর-সান্দ্রজ্যোতিঃ পুঞ্জোপমং ব্রহ্ম। ব্রহ্মসংজ্ঞমভূদেকং জ্যোতির্যৎ সর্ব্বকারণমিতি নারসিংহোক্তেঃ। মমৈব তদ্ঘনং তেজো জ্ঞাতুমর্হসি ভারতেতি হরিবংশোক্তেশ্চ। তস্যান্তর্মণ্ডলোপমঃ পরমাত্মা। রথসারথ্যাদিপরিকরবিশিষ্টবদননয়নপাণিপাদাদি-সুন্দরসূর্য্যোপমঃ সপরিকরঃ শ্রীভগবান্ যথা নগরস্যাতিদূরস্থা জনা বিশেষমনুপলভমানা ইদমগ্রে স্থিতং কান্তিমন্নং বস্তু মাত্রমিতি তদেব নগরং পশ্যন্তি। অনতিদূরস্থা ধ্বজপতাকাদিবিশিষ্টং বৃক্ষষণ্ডমিতি অতিসমীপস্থাস্তু পুরগোপুরনিষ্কুটরথ্যাপ্রাসাদাদিযুক্তং নগরমিতি। তথৈবাতিদূরস্থা ভগবন্তমেব জ্যোতির্ম্ময়ং ব্রহ্মেতি। অনতিদূরস্থা অনতিচিদ্বিশেষময়ঃ পরমাত্মেতি। অতিসমীপস্থা নানানন্তচিদ্বিশেষময়ো ভগবানিতি। তত্রাপ্যন্তঃপ্রবিষ্টা অপারমাধুর্য্যানুভবিনঃ কৃষ্ণ ইতি বদন্তি। যথাহুঃ প্রাক্কোঽপি। চয়স্ত্বিষামিত্যবধারিতং পুরা ততঃ শরীরীতি বিভাবিতাকৃতিং। বিভুর্বিভক্তাবয়বং পুমানিতি ক্রমাদমুং নারদ ইত্যবোধি সঃ। ইত্যেবমেতাবন্মাত্রমপি স্বমতং বৈষ্ণবাঃ কেঽপি জ্ঞাতুমপেক্ষন্তে চ কেঽপি নাপেক্ষন্তে। সদৈবাপেক্ষন্তে ভজনপ্রকারমেবেতি। অত্র শ্রুতয়ঃ এতদ্বিষ্ণোঃ পরমং পদং যে নিত্যোদ্যুক্তাঃ সংযজন্তে ন কামাৎ। তেষামসৌ গোপরূপঃ প্রযত্নাৎ প্রকাশয়েদাত্মপদং তদৈবেত্যাদ্যাঃ ॥ ২৮ ॥

আভাস।

বিশ্রাম করিতে থাকে। আপনি তাহাদের রক্ষক; সুতরাং ভবভয়ের কোন ভাবনাই তাহাদিগকে ভাবিতে হয় না। এই শ্লোকের ব্যাখ্যায় পূজ্যপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় বৈষ্ণবমতের সংস্থাপন করিবার অভিপ্রায়ে দাস্যসখ্যাদিকেই লক্ষ্য করাইয়াছেন। অর্থাৎ ভগবানের প্রতি দাস্য সখ্যাদি ভাবের পরিচয়ে অবস্থান করাই জীবের পক্ষে একান্ত শ্রেয়ঃ। বৈষ্ণবগ্রন্থাদিতে উক্ত আছে যে, হে নাথ! যোনি সহস্রের মধ্যে আমাকে যে কোন যোনিতে যাইতে হউক, ক্ষতি নাই। কিন্তু সেই সেই যোনিতে যেন আপনার প্রতি আমার দৃঢ়া ভক্তি জন্মে; এই আমার একান্ত প্রার্থনা! এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, তত্ত্বং পদার্থের অর্থাৎ পরমাত্মা এবং জীবাত্মার স্বরূপজ্ঞানের অভাবে সংসারে বৈরাগ্য জন্মে না; সুতরাং সংসার-নিবৃত্তি ঘটিবারও কোন সম্ভাবনা হয় না। এতদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে দাস্যাদি ভাবের আরম্ভকালেই সংসার আপনা হইতেই বিনিবৃত্ত হইয়া যায়। কারণ যাহার

বিজিতহৃষীকবায়ুভিরদান্তমনস্তুরগং
য ইহ যতন্তি যন্তুমতিলোলমুপায়িদঃ।

অন্বয়ঃ।

হে অজ! বিজিতহৃষীকবায়ুভিঃ (বিজিতানি হৃষীকাণি ইন্দ্রিয়াণি বায়ুঃ প্রাণঃ চ যৈঃ তৈঃ যোগিভিঃ) অপি অদান্তং অদমিতং বশীকর্ত্তুং অশক্যং, অতিলোলং অতিচঞ্চলং, মনঃ এব তুরগং, গুরোঃ চরণং সমবহায় অনাশ্রিত্য, যে জনাঃ তং মনঃ যন্তুং বশীকর্ত্তুং, যতন্তি প্রযতন্তে,

শ্রীধরস্বামী।

স চ ভগবতি ভাবো মনোনিয়মে সতি ভবতি সোঽপি গুরুপ্রসাদনাদিতি গুরূপসদনং বিদধতি তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং। আচার্য্যবান্ পুরুষো বেদ। নৈষা তর্কেণ মতিরাপনেয়া প্রোক্তান্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠেত্যাদি শ্রুতয় ইত্যাহুঃ বিজিতহৃষীকবায়ুভিরিতি। বিজিতানি হৃষীকাণি ইন্দ্রিয়াণি বায়ুশ্চ প্রাণো যৈস্তৈরপি। প্রথমার্থে তৃতীয়া। অদান্তমনস্তুরগং অদান্তমদমিতং মন এব তুরগঃ দুর্দমত্বসাম্যাৎ তং যে যন্তুং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু চ তৈরপি মজ্জনে মনোনিশ্চলীকরণার্থমষ্টাঙ্গযোগঃ খল্বনুষ্ঠেয় এব। মৈবং। তেষাং শ্রীগুরুচরণদৃঢ়ভক্ত্যৈব মনোনৈশ্চল্যমনায়াসেনৈব ভবেৎ। যদুক্তং। সর্ব্বঞ্চৈতদ্গুরৌ ভক্ত্যা পুরুষো হ্যঞ্জসা জয়েদিতি। গুরুভক্তিং বিনা তু মনোজয়ার্থকা অপি যোগা অকিঞ্চিৎকরা এবেত্যাহুঃ। বিজিতৈরপি হৃষীকৈরিন্দ্রিয়ৈর্বায়ুভিঃ প্রাণৈঃ অদান্তঃ অপ্রাপ্তদমনঃ মন এব তুরঙ্গস্তং যন্তুং নিয়ন্তুং যে যতন্তি প্রযতন্তে তে গুরোশ্চরণং চরণপরিচরণং সমবহায়

হে অজ! জগদ্গুরু আপনার চরণারবিন্দের একান্ত শরণাগত না হইয়া, যাহারা কেবল প্রাণায়াম বলে ইন্দ্রিয়বর্গের সংযমন পূর্ব্বক দুর্দ্দম্য তুরগ সদৃশ অতীব চঞ্চল এবং প্রমত্ত মনকে জয় করিতে অভিলাষ করেন, তাঁহারা সম্পূর্ণ ভ্রান্ত; কারণ প্রকৃত উপায়ের অনুসরণ করা তাঁহাদের

আভাস।

সংসার, তিনি প্রসন্ন থাকিলে, সমস্তই প্রসন্ন হয়। ভগবান্ নিজে বলিয়াছেন, "যে ব্যক্তি একান্ত শরণাগত হইয়া, আগ্রহ সহকারে একবার মাত্র বলে যে, "হে ভগবন্! আমি আপনার! সংসারে আমার কেহই নাই এবং আমিও কাহারও নহি"! আমি তাহাকে সর্ব্বদা অভয় দান করিয়া থাকি! সন্দেহ নাই। অহো! পরমতের খণ্ডন এবং স্বমতের সংস্থাপনার্থ বৈষ্ণবগণের আগ্রহ নাই; কিন্তু ভগবদ্ভজনেই তাঁহাদের বিশেষ আগ্রহ। জীব-ব্রহ্মের স্বরূপপ্রতিপাদনে তাঁহাদের কোন মতান্তর নাই; কেবল তত্ত্বং পদের ষষ্ঠীতৎপুরুষ সমাস করিয়া (তস্য) ভগবানের (ত্বং) তুমি এই অর্থটী প্রদীপায়মান করিয়া থাকেন॥ ২৮॥

কেবল মনোজয় মাত্রেই যে ভগবানে ভাবের উদ্বোধন হয়, এমন নহে; এতদর্থে গুরুর অনুগ্রহের বিশেষ প্রয়োজন। কারণ স্বয়ং শ্রুতিই প্রকাশ করিয়াছেন যে, ব্রহ্মজ্ঞান লাভ

ব্যসনশতান্বিতাঃ সমবহায় গুরোশ্চরণং
বণিজ ইবাজ সন্ত্যকৃতকর্ণধরা জলধৌ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

তে উপায়খিদঃ (উপায়েষু খিদ্যন্তে ক্লিশ্যন্তি ইতি) ব্যসনশতান্বিতাঃ বহুদুঃখাকুলাঃ চ সন্তঃ অকৃতকর্ণধরাঃ অস্বীকৃতনাবিকাঃ বণিজঃ যথা জলধৌ সমুদ্রে, নিমগ্নাঃ ভবন্তি তথা তে ইহ সংসার-সমুদ্রে সন্তি সংসার-দুঃখে নিমগ্নাঃ ভবন্তি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

নিয়ন্তুং যতন্তি প্রযতন্তে অতিলোলমতিচলং গুরোশ্চরণং সমবহায় অনাশ্রিত্য তে উপায়েষু খিদ্যন্তে ক্লিশন্তি ইত্যুপায়খিদঃ সন্তঃ ব্যসনশতান্বিতা বহুব্যসনসমাকুলাঃ ইহ সংসারসমুদ্রে সন্তি তিষ্ঠন্তি দুঃখমেব প্রাপ্নুবন্তীত্যর্থঃ। হে অজ অকৃতকর্ণধরাঃ অস্বীকৃতনাবিকাঃ বণিজো যথা তদ্বৎ গুরূপোপদর্শিতভগবদ্ভজনসুখানুভূতৌতু স্বতএব মনো নিশ্চলং ভবতি নান্যথেতি ভাবঃ। যদা পরানন্দগুরোর্ভবৎপদে পদং মনো মে ভগবল্লভেত। তদা নিরস্তাখিলসাধনশ্রমঃ শ্রয়েম সৌখ্যং ভবতঃ কৃপাতঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিহায় উপায়খিদঃ অন্যেষূপায়েষু খিদ্যমানাঃ সন্তঃ ব্যসনশতান্বিতা বহুবিপদ্ব্যাকুলা ইহ সংসারসিন্ধৌ সন্তি তিষ্ঠন্তি। হে অজ অকৃতকর্ণধরা অস্বীকৃতনাবিকা বণিজ ইব। অত্র শ্রুতয়ঃ। তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ। সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং। আচার্য্যবান্ পুরুষো বেদেতি। যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মন ইত্যাদ্যাঃ ॥ ২৯ ॥

ঘটিল না। কর্ণধার-শূন্য নৌকায় আরোহণ পূর্ব্বক উপার্জ্জনার্থ জলযাত্রায় প্রবৃত্ত বণিকের অদৃষ্টে যেমন সমুদ্রমগ্ন রূপ দুর্দ্দশাই ঘটে, হে দয়াময়! ভবদীয় ভক্তিহীন জ্ঞানী বা যোগীগণও সেইরূপ অনন্ত দুঃখে প্রপীড়িত হইয়া, এই ভীষণ সংসার-জলধিতেই নিপতিত হন; সন্দেহ নাই ॥ ২৯ ॥

আভাস।

করিতে হইলে, সমিধাদি উপহার দ্রব্য হস্তে লইয়া গুরুর সমীপে শরণাগত হওয়াই বিশেষ প্রয়োজন। কারণ আচার্য্যবান্ পুরুষই অন্তরাকাশে ভগবৎসাক্ষাৎকার লাভ করিয়া থাকেন, সন্দেহ নাই। শ্রুতিতে উক্ত হইয়াছে যে, ভগবদ্বিষয়িণী মতি কেবল তর্কবলে কখন প্রাপ্ত হওয়া যায় না; শ্রেষ্ঠ ব্যক্তির মুখে শ্রবণ করিলে যে, সুখসাধ্য হইয়া থাকে, তাহাই এই শ্লোকে প্রতিপাদিত হইয়াছে। অর্থাৎ প্রাণায়ামের বলে প্রাণন শক্তির নিরোধে যাহারা ইন্দ্রিয়বর্গকে সম্পূর্ণ পরাজয় করিয়াছেন, তাঁহারাও এই দুর্দ্দান্ত মনরূপ অশ্বকে কিছুতেই স্বীয় অধিকারে রাখিতে পারেন না। কারণ মন অতীব চঞ্চল; কোন একটী অবলম্বন ব্যতীত নিরাশ্রয়ে মন কখন অবস্থান করিতে পারে না। গুরুর আশ্রয়ে অর্থাৎ সাহায্যে মানুষ

স্বজনসুতাত্মদারধনধামধরাঽসুরথৈ
ত্বয়ি সতি কিং নৃণাং শ্রয়ত আত্মনি সর্ব্বরসে।

অন্বয়ঃ।

সর্ব্বরসে (সর্ব্বে রসাঃ আনন্দাঃ যত্র তস্মিন্) আত্মনি পরমাত্মনি ত্বয়ি শ্রয়তঃ ত্বাং সেবমানস্য পুংসঃ, স্বজনাদিভিঃ কিং (স্বজনাঃ সুতাঃ আত্মা দেহঃ, ধাম গৃহং, দারাঃ কামিনাঃ, ধনানি স্বর্ণরত্নাদিসম্পদঃ, ধরা পৃথ্বী, অসবঃ শরীরবলানি, রথাঃ হস্ত্যশ্বাদয়ঃ, এতৈঃ) কিং কঃ

শ্রীধরস্বামী।

পরীত্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো নির্ব্বেদমায়াৎ নাস্ত্যকৃতঃ কৃতেন। তথা যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি স্থিতাঃ। অথ মর্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে ইত্যাদ্যাঃ। বৈরাগ্যমঙ্গং বিদধতীত্যাহ স্বজনসুতেতি। আত্মা দেহঃ ধাম গৃহং অসুঃ প্রাণঃ স্বজনাদিভিঃ সর্ব্বরসে সর্ব্বে রসাঃ সুখানি বিদ্যন্তে যস্মিন্ তস্মিংস্ত্বয়ি পরমানন্দে এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তীতি শ্রুতেঃ। শ্রয়তঃ সেবমানস্য পুংসঃ আত্মনি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং যোগাদ্যমিশ্রা কেবলৈব ভক্তিরৈষ্ণবানামিত্যুক্তং। ইদানীং সা খলু কামনান্তররহিতৈব ভবিতুমর্হতীত্যুপপাদয়তি স্বজনেতি। নৃণাং মধ্যে শ্রয়তস্ত্বাং সেবমানস্য জনস্য

অহো! সর্ব্ববিধ আনন্দের এক মাত্র আকর-স্থানীয় পরমাত্মস্বরূপ ভবদীয় চরণপদ্মে যিনি আশ্রয় গ্রহণ করিতে পারেন, তাঁহাকে ভোগে পরিতৃপ্ত হইবার প্রত্যাশায় স্বজন, সুত, কলত্র, দেহ, গেহ, ধন, রত্ন, ক্ষেত্র, বিত্ত, শারীরিক বল এবং হস্তী, অশ্ব বা রথাদি কোন প্রকার প্রাকৃতিক ভোগ্য বস্তুর আশ্রয় গ্রহণ করিতে হয় না। এক আপনার আশ্রয়েই তাঁহার সকল

আভাস।

মত্ত মনকে নিরুদ্ধ করা যাইতে পারে। যাহারা গুরুর সাহায্যের প্রার্থনা না করিয়া, বিবেকাদির নিমিত্ত চেষ্টা করেন, তাঁহারা সম্পূর্ণ ভ্রান্ত। সন্দেহ নাই। তাঁহারা বরং নানাপ্রকারে বিব্রত হইয়া, দুঃখের অতল গর্ত্তেই নিপতিত হন। হে ভগবন্! নাবিকের অনুসন্ধান না করিয়া, জলযানে আরোহণ পূর্ব্বক যে সকল বণিক্ সমুদ্র-পারে যাইবার বাসনা করে, তাহারা যেমন সমুদ্র-মগ্ন হয়, সেইরূপ গুরূপদিষ্ট ভগবদ্ভজনের প্রসিদ্ধ পন্থার অনুসরণ না করিয়া, যাহারা স্বসংকল্প বলে অগ্রসর হন, তাহারা কেবল অপরিসীম দুঃখরাশিকেই আলিঙ্গন করেন, সন্দেহ নাই। শ্রীধরস্বামী প্রকাশ করিয়াছেন যে, পরমানন্দস্বরূপ আপনার ন্যায় পরম গুরুর পদারবিন্দে যে দিবস আমার মনরূপ পরম অলি স্থান লাভ করিবে, হে ভগবন্! সেই দিবসই আপনার কৃপাবলে আমার সর্ব্ববিধ সাধনশ্রম সফল হইবে, সন্দেহ নাই ॥ ২৯ ॥

কর্ম্মফলে অর্জ্জিত যাবতীয় ঐহিকের ভোগ্য বিষয়-বৈভবের অবস্থার আলোচনা করত বিবেকী ব্রাহ্মণ বিশেষরূপে অবগত হইবেন যে, এই সমস্ত যেমন অনিত্য এবং ক্ষণধ্বংসী,

ইতি সদজানতাং মিথুনতো রতয়ে চরতাং
সুখয়তি কোন্বিহ স্ববিহতঃ স্বনিরস্তভগঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

উপায়ঃ উপযোগঃ; ইতি এবং সৎ পরমার্থসত্যং সুখরূপং, স্বাত্মনঃ অজানতাং অতএব মিথুনতঃ স্ত্রিয়া মিথুনীভূয়, রতয়ে রতিসুখায়, চরতাং (গৃহেষু বর্ত্তমানানাং) নৃণাং নূন ইতি ইহ সংসারে স্ববিহতঃ স্বতঃ এব নশ্বরঃ, স্বনিরস্তভগঃ (স্বতএব নিরস্তঃ জ্ঞানৈশ্বর্য্যাদিঃ ভগঃ [illegible] সঃ) স্বজনাদ্যর্থঃ, কঃ নু সুখয়তি আনন্দয়তি? ন কোঽপি ইত্যর্থঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সতি নৃণাং তুচ্ছৈরেতৈঃ কিং ক উপযোগ ইতি সৎ সত্যং পরমার্থসুখমজানতাং অতএব মিথুনতঃ স্ত্রিয়া মিথুনীভূয় রতয়ে মায়াসুখায় চরতাং বর্ত্তমানানাং কর্ম্মণি ষষ্ঠ্যৌ অজানতশ্চরতঃ পুরুষান্ কোনু অর্থঃ সুখয়তি আনন্দয়তীতি ন কোঽপীত্যর্থঃ। ইহ সংসারে কথম্ভূতে স্ববিহতে স্বতএব নশ্বরে স্বনিরস্তভগে স্বতএব গতসারে স্ববিহত স্বনিরস্তভগ ইতি পাঠান্তরে তু কোঽিত্যস্যৈত'দ্বিশেষণদ্বয়ং। অতস্তজ্জনমেবোচিতমিত্যর্থঃ। ভজতো হি ভবান্ সাক্ষাৎ পরমানন্দচিদ্ঘনঃ। আত্মৈব কিমতঃ কৃত্যং তুচ্ছদারসুতাদিভিঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয়ি সতি আত্মনি পরমাত্মনি ত্বয্যবশ্যপ্রাপ্তব্যে সতি স্বজনাদিভিঃ কিং স্বজনাঃ স্বীয়-সেবকজনাঃ। সুতা গুণবন্তঃ পুত্রাঃ। আত্মা সুন্দরং শরীরং। দারাঃ সুন্দর্য্যঃ কামিনাঃ। ধনানি স্বর্ণরত্নাদিসম্পদঃ। ধামানি দিব্যদিব্যা গৃহাঃ। ধরা ভূয়সী পৃথী। অসবঃ শারীরবলানি। রথাস্তদুপলক্ষিতা হস্ত্যশ্বাদয়ঃ। এতৈঃ কামিতৈঃ কিং ফলমিত্যর্থঃ। ত্বয়ি

সাধ পূর্ণ হইয়া থাকে। যাহারা পরমার্থত সত্যস্বরূপ ভবদীয় সুখময় ভাবকে পরিজ্ঞাত না হইয়া, কামিনীর আপাতত কমনীয় মধুর রতিরসের অন্বেষণে বিচরণ করে, অথচ নিজেদের জ্ঞানৈশ্বর্য্যাদি বলের তিরস্কারে সংসারে একান্ত তুচ্ছ ও অকিঞ্চিৎকর হইয়া থাকে, তাদৃশ স্বয়ং অসিদ্ধ ব্যক্তিগণের পক্ষে অকিঞ্চিৎকর ভোগের দ্বারা কি ফল লাভ হইতে পারে? সাংসারিক ভোগে কখন সুখোৎপত্তি ঘটে না ॥ ৩০ ॥

আভাস।

যাগ যজ্ঞাদি ধর্ম্মফলে লভ্য আমুষ্মিক স্বর্গাদি ভোগ্য বিষয়সমূহও তাদৃশ অস্থায়ী ও ক্ষণধ্বংসী। এতদ্দ্বারা স্পষ্টত অনুভূত হয় যে, অকিঞ্চিৎকর কর্ম্ম কখন নিত্য ধনের সংগ্রহে সমর্থ নহে; যে যেরূপ, সে তদনুরূপই সংগ্রহ করে। কৃত কর্ম্মের দ্বারা কর্ম্মের অতীত পরম পদ মোক্ষকে কখন অধিকার করা যায় না। বিশেষত শাস্ত্রাদিতে উক্ত আছে যে, উপকরণের কথা দূরে থাকুক, সকাম হৃদয়ে পর্য্যন্ত ভগবত্তত্ত্বের প্রতীতি ঘটে না। উক্ত আছে যে, মানব যখন হৃদয় হইতে যাবতীয় কামনারূপ কণ্টক-বনকে সমূলে নির্ম্মূলীত করিতে পারেন, তখনই

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কীদৃশে সর্ব্বে রসা আনন্দা যত্র তস্মিন্। এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তীতি শ্রুতেঃ। ইতি তৎ সত্যং পরমার্থসুখমজানতাং। অতএব মিথুনতঃ মিথুনীভূয় রত্যর্থং চরতাং জনানাং ইহ সংসারে কো নু অর্থঃ। স্বজনাদিকঃ সুখয়য়তি সুখদায়কো ভবতীত্যর্থঃ। নন্থ কথমর্থস্য সুখদত্বাভাবস্তত্রাহ। স্ববিহতঃ স্বতএব বিহতঃ কালগ্রস্তত্বান্নশ্বর ইত্যর্থঃ। তথা স্বনিরস্তভগঃ উৎপত্তিসময়মারভ্যৈব স্বতএব মাহাত্ম্যরহিতঃ। ভগং শ্রী-কাম-মাহাত্ম্য-বীর্য্যযত্নার্ক-কীর্ত্তিষ্বিত্যমরঃ। পরিণামদর্শিভিঃ সাধুভির্বিগীতত্বাদিতি ভাবঃ। স্ববিহতে স্বনিরস্তভগে ইতি সপ্তম্যন্তপাঠে ইহেত্যস্য বিশেষণদ্বয়ং। অত্র শ্রুতয়ঃ। ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধিনৈরাস্যেনামুষ্মিন্মনঃকল্পনমেতদেব নৈষ্কর্ম্ম্যমিত্যাদ্যাঃ। উপাধিঃ সকামত্বং॥ ৩০॥

আভাস।

তাহার মর্ত্ত্যনাম নিবৃত্ত হইয়া, অমর-সঙ্গার উল্লেখ হয়; কারণ তাদৃশ নির্ম্মল হৃদয়েই ব্রহ্ম-স্বরূপের সুস্পষ্ট উপলব্ধি হইয়া থাকে। হৃদয়কে কামনাশূন্য করিবার অভ্যাসের নামই ধর্ম্মানুষ্ঠান; নিষ্কাম হৃদয়ে ব্রহ্মসাক্ষাৎকার ঘটে; সুতরাং জাগতিক বিষয়ে বৈরাগ্য এবং অন্তর্জগতের উচ্ছ্বাসে সর্ব্বপ্রকার অণিমাদি ঐশ্বর্য্যের স্ফূর্ত্তিই নির্ম্মল চিত্তেই ঘটিয়া থাকে। এই অভিপ্রায়ে শ্লোকে উক্ত হইয়াছে যে, হে পরমাত্মন্! যাহার আপনি আছেন, তাহার সমস্তই আছে! যাহার হৃদয়-সরোবরে আপনার ন্যায় স্বপ্রকাশ পরম দেবের উদ্ভাসন নাই, তাহার সাংসারিক সকল থাকিতেও কিছুই নাই। কারণ সংসারের পরম নিধিই একা আপনি মাত্র। দেহ গেহ প্রাণ মন ইন্দ্রিয়ও স্বজনবর্গ প্রাপ্ত হইয়া, মানব প্রত্যেকের নিকট হইতে যে পৃথক্ পৃথক্ সুখের প্রত্যাশা চির জীবনে করিয়া থাকে, এক আপনার পরমানন্দ-স্বরূপে সেই সেই সকল সুখের সাধই পূর্ণ হইয়া থাকে, সন্দেহ নাই। মধুচক্র সংগ্রহ করিতে পারিলে, যেমন উদ্যানস্থ যাবতীয় পুষ্পের মধু বিনা পরিশ্রমে সংগ্রহ করা হয়, সেইরূপ সর্ব্বানন্দপ্রদ আপনাতে চিত্ত বিনিবেশিত করিতে পারিলে, সাংসারিক যাবতীয় সুখই বিনা পরিশ্রমে সংগ্রহ করা হয়; সন্দেহ নাই। যেমন একটী মাত্র আলোকের আভায় গৃহের অভ্যন্তরস্থ সকল পদার্থই দর্শনীয় ও সুখসেব্য বলিয়া প্রতীত হয়, সেইরূপ এক আপনার আনন্দরসে ভাসিত হইয়া, সমগ্র ব্রহ্মাণ্ড আনন্দরসময় হইয়া যায়। আপনার আনন্দ লইয়াই সকলে আনন্দময়, ইহা শ্রুতি একবাক্যে স্বীকার করিয়াছেন। ক্ষীরোদ সমুদ্রের তীরে অবস্থান করিতে পারিলে, যেমন অন্যত্র পানীয় সংগ্রহের প্রয়োজন করে না; সেইরূপ হে ভগবন্! আপনাকে পাইলে, আর তুচ্ছ বিষয় সংগ্রহের আর প্রয়োজন কি? ধন, জন, আত্মীয়, বন্ধু বিভবের দ্বারা মানব সুখ লাভের প্রত্যাশা করে বটে, কিন্তু ইহা কেবল ভ্রম মাত্র। কারণ পদার্থ মাত্রই কালের করাল গ্রাসের অন্তর্গত; নিরন্তর কালের কুটিল স্রোতে প্রবাহিত হইয়া, ধ্বংসের অভিমুখেই সকলে ধাবিত হইতেছে। সুতরাং তাহারা স্বয়ংই যখন অসিদ্ধ, তখন পরকে আর কি প্রকারে আনন্দিত করিবে? বরং ক্ষণপ্রভার ক্ষণিক আভার ন্যায়, অতীব অল্পক্ষণস্থায়ী বিষয়ানন্দের

ভুবি পুরুপুণ্যতীর্থসদনান্যঘয়ো বিমদাস্ত
উত ভবৎপদাম্বুজহৃদোঽঘভিদঙ্ঘ্রিজলাঃ।

অন্বয়ঃ।

বিমদাঃ বিগতগর্ব্বাঃ, উত ভবৎপদাম্বুজহৃদঃ (মনসি ত্বৎপদাম্বুজং দধানাঃ) অতএব অঘভিদঙ্ঘ্রিজলাঃ (অঘং ভিনত্তি ইতি অঘভিৎ অঙ্ঘ্রিজলং যেষাং তে) উত অপি যে ঋষয়ঃ তে ভুবি পুরুপুণ্যতীর্থসদনানি (পুরূণি বহূনি পুণ্যানি তীর্থানি সদনানি ক্ষেত্রাণি চ তানি)

শ্রীধরস্বামী।

এবং গুরূপদেশেন তত্ত্বমবগম্য সারাসারবিবেকেন চ সর্ব্বতো নির্ব্বিদ্য তদেব মহৎসঙ্গেনোপপত্তিভিঃ সম্যগবধারয়িতুং তীর্থসদনানি মুনয়ঃ পর্য্যটন্তীতি। শ্রোতব্যো মন্তব্য ইত্যাদি শ্রুত্যর্থমাহ ভুবি পুরুপুণ্যতীর্থসদনানীতি। তে উক্তলক্ষণা ঋষয়ঃ বিমদা নিরহঙ্কারাঃ যতো ভবৎপদাম্বুজহৃদঃ ভবতঃ পদাম্বুজং হৃদি যেষাং তে অতঃ স্বয়মেব অঘভিদঙ্ঘ্রিজলাঃ অঘভিৎ অঙ্ঘ্রিজলং যেষাং তে উত অপি তথাবিধা অপি পুরূণি বহূনি পুণ্যানি তীর্থানি সদনানি ক্ষেত্রাণি চ তান্যেবোপাসতে সেবন্তে প্রায়স্তত্রৈব মহৎসঙ্গো ভবতীতি অথবা পুরু অধিকং ভগবদ্ভজনলক্ষণং পুণ্যং যেষাং তানিচ তানি তীর্থানি চ গুরবঃ মহান্ত ইত্যর্থঃ তেষাং সদনানি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতএব স্বজনসুতাত্মদারগৃহাংস্ত্যক্ত্বা সাধবো ভজনানুকূলেষু তীর্থেষু বসন্তীত্যাহঃ। ভুবি পুরুপুণ্যানি তীর্থানি চ সদনানি ভগবদ্ধামানি চ ঋষয়ো ভক্তা অধিবসন্তীতি শেষঃ। বিমদা বিগতগর্ব্বাঃ। উত যতস্তে ভবৎপদাম্বুজহৃদঃ মনসি তৎপদাম্বুজং দধানাঃ। অতএবাঘং ভিন্দন্তি অঙ্ঘ্রিজলানি যেষাং তে। তাদৃশাঃ কদাপি স্বজনসুতাত্মদারগৃহান্নোপাসন্তে ইতি কিং বক্তব্যং যে জনাঃ সকৃদপি ত্বয়ি নিত্যসুখময়স্বরূপে মনো দধতি তেঽপি পুনঃ

যাঁহারা সংসারের যাবতীয় গর্ব্বে জলাঞ্জলি দিয়া হৃদয়-মন্দিরে ভবদীয় চরণপদ্মের নিরন্তর চিন্তা করিয়া থাকেন, তাঁহাদের চরণ-ধৌত বারি স্পর্শ করিলেও সকল পাপ বিনষ্ট হয়। অহো! তাদৃশ ঋষিগণ ভোগসুখ পরিহার

আভাস।

পরিণামে ঘনীভূত দুঃখের স্থায়িত্বেরই প্রতীতি হইতে থাকে। অতএব হে ভবভয়হারিন্ ভূতভাবন পরমেশ! সর্ব্বান্তঃকরণে আপনার শরণাগত হইতে পারিলেই প্রকৃত প্রস্তাবে পরমানন্দের প্রাপ্তি ঘটে; সন্দেহ নাই। কারণ অখণ্ড সচ্চিদানন্দস্বরূপ এক আপনি মাত্র; আপনাকে যাহারা ভজিতে পারে, তাহাদের আর তুচ্ছ পুত্র কলত্রাদিজনিত পৃথক্ আনন্দের আবশ্যক নাই ॥ ৩০ ॥

গুরুর সমীপে উপদেশ লাভে ব্রহ্মতত্ত্ব সামান্যত শ্রবণ করিয়া, সারাসার-বিবেক বলে সাংসারিক যাবতীয় বিষয়ভোগ হইতে প্রতিনিবৃত্ত হইয়া, উপপত্তির দ্বারা পরম তত্ত্বের মনন করিবার মানসে পবিত্র ক্ষেত্র, পুণ্যতীর্থ এবং দেবতায়তনাদিতে সর্ব্বদা গমন

দধতি সকৃন্মনস্ত্বয়ি য আত্মনি নিত্যসুখে
ন পুনরুপাসতে পুরুষসারহরাবসথান্ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

এব উপাসতে সেবন্তে। নিত্যসুখে পরমাত্মনি ত্বয়ি যে জনাঃ সকৃৎ মনঃ দধতি তে পুনঃ পুরুষসারহরাবসথান্ (পুরুষাণাং সারং বিবেকধৈর্য্যাদিকং হরন্তি তাদৃশাঃ যে আবসথাঃ গৃহাঃ তান্) ন উপাসতে সেবন্তে ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

আশ্রমান্। যথাহামরসিংহঃ। নিদানাগ্নময়োস্তীর্থমৃষিজুষ্টজলে গুরাবিতি। ন পুনঃ পুরুষসারহরাবসথানুপাসতে পুরুষাণাং সারং বিবেক-ধৈর্য্য-ক্ষমা-শান্তি-প্রমুখং হরন্তীতি তথা তে চ তে আবসথা গৃহাস্তান্ নচ তেষাং গৃহাদিভবকুৎসিত-সুখাপেক্ষেত্যাহ দধতি সকৃন্মনস্ত্বয়ি য আত্মনি নিত্যসুখইতি। সকৃদপি ত্বয়ি যে মনো দধতি তেঽপি গৃহাদ্যাসক্তা ন ভবন্তি কিং পুনরেবম্ভূতা ইত্যর্থঃ। মুঞ্চন্নঙ্গতদঙ্গসঙ্গমনিশং ত্বামেব সংচিন্তয়ন্ সন্তঃ সন্তি যতো যতো গতমদাস্তানাশ্রমানাবসন্। নিত্যং ত্বন্মুখপঙ্কজাদ্বিগলিত-ত্বৎপুণ্যগাথামৃত-স্রোতঃ-সংপ্লবসংপ্লুতো নরহরে ন স্যামহং দেহভৃৎ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরুষাণাং সারং বিবেকধৈর্য্যক্ষান্ত্যাদিকং হরন্তীতি তথাভূতান্ আবসথান্ গৃহান্ নোপাসতে। অত্র শ্রুতয়ঃ। সকাম্যা মেরোঃ শৃঙ্গে যথা সপ্ত পুর্য্যো ভবন্তি। তথা নিষ্কাম্যাঃ সকাম্যাশ্চ ভূগোলচক্রে সপ্তপুর্য্যো ভবন্তি তাসাং মধ্যে সাক্ষাদ্বৃন্দগোপালপুরী হীতি। মথুরায়াং স্থিতি ব্রহ্মন্ সর্ব্বদা মে ভবিষ্যতি। চিৎস্বরূপং পরং জ্যোতিঃস্বরূপং রূপবর্জ্জিতং। হৃদি মাং সংস্মরন্ ব্রহ্মন্ মৎপদং যাতি নিশ্চিতমিতি শ্রীগোপালতাপন্যঃ ॥ ৩১ ॥

পূর্ব্বক পবিত্র তীর্থ-সমূহ এবং পুণ্যপ্রদ ক্ষেত্রেই বিচরণ করিয়া থাকেন। যাঁহারা একবার নিত্য-সুখময় ভবদীয় পরমাত্মভাবে চিত্ত সমর্পণ করিয়াছেন, তাঁহারা আর পুনরায় বিবেক-ধৈর্য্যাদি পুরুষের সর্ব্বসারহারী অন্ধকূপ সদৃশ সুত-কলত্রাদি-বিশিষ্ট গৃহে আবদ্ধ হন না ॥ ৩১ ॥

আভাস।

করা বিধেয়। শ্রুতি যে, পরমতত্ত্বের শ্রবণ মনন এবং নিদিধ্যাসনাদি সাধনার উল্লেখ করিয়াছেন, তাহা এক তীর্থাদির পর্য্যটন উপলক্ষে সাধিত হইয়া থাকে। কারণ যাঁহারা ভবদীয় পাদপদ্ম হৃদয়মন্দিরে ধারণ করেন, তাঁহারা নিজেরা পবিত্র এবং তাঁহাদের চরণবারি স্পর্শে অন্য অপবিত্র ব্যক্তিও পবিত্রতা লাভ করে, সন্দেহ নাই। তাদৃশ মহামনা ভগবদ্ভক্ত ঋষিবৃন্দ নিরয়প্রদ গৃহক্ষেত্র পরিহার পূর্ব্বক তীর্থাদিতেই নিরন্তর বিচরণ করেন; সুতরাং তীর্থসেবার দ্বারাই প্রকৃত মহাজনগণের সংসর্গ ঘটে; সন্দেহ নাই। কিম্বা প্রচুরভগবদ্ভজনে যাহারা পুণ্য সংগ্রহ করিয়াছেন, তাঁহারাই প্রকৃত তীর্থস্বরূপ এবং অকপট

সত ইদমুত্থিতং সদিতি চেন্নমু তর্কহতং

অন্বয়ঃ।

নমু ইদং আত্মনি প্রতীয়মানং স্বজনাদিবিষয়কং, তথা সুখদুঃখাদিকং চ সতঃ উত্থিতং (উৎপন্নত্বাৎ) সৎ ইতি চেৎ ন; যতঃ ইদং অনুমানং তর্কেণ বিচারেণ হতং বাধিতং, প্রতীয়তে; (যতঃ উক্তঃ সদুৎপন্নত্বহেতুঃ) ব্যভিচরতি; যতঃ সদুৎপন্নোঽপি ক্বচ ক্বচ

শ্রীধরস্বামী।

নমু আম্নায়স্য ক্রিয়ার্থত্বাদানর্থক্যমতদর্থানাং তদ্ভূতানাং ক্রিয়ার্থেন সমাম্নায় ইতি তত্র তত্র জৈমিনিনা বেদস্য ক্রিয়াপরত্বাভিধানাদুপনিষদামপি তদেব যুক্তং। যথোক্তং তন্ত্রবার্ত্তিককৃতা। এতেন ক্রত্বর্থকর্তৃপ্রতিপাদনেন উপনিষদাং নৈরাকাঙ্ক্ষ্যং ব্যাখ্যাতমিতি ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বাবসথানাং পুরুষসারহৃদ্যত্ব-সারপ্রদত্বাভ্যাং কে ইমে নিন্দাস্তুতী। নহি মরীচিকাজলমিদং বিরসং সুরসং বেত্যুচ্যত ইত্যসৎকার্য্যবাদিমতাশ্রয়িণীভিঃ শ্রুতিভিঃ সহ সৎকার্য্যবাদি-

---

আত্মস্বরূপে প্রতীয়মান ধনজনাদি স্বজনবর্গ এবং সুখদুঃখাদির ব্যাপারকে সদুৎপন্ন বলিয়া সৎস্বরূপে স্বীকার করা বিধেয় নহে। কারণ সৎস্বরূপ

আভাস।

গুরু। তাঁহাদের আশ্রমই পুণ্যক্ষেত্র এবং পবিত্র নিকেতন। অহো! সাংসারিক গৃহস্থের গৃহ কখন গৃহনামে অভিহিত করা যায় না; নিরয়-গমনের ইহা একটী সুগম ও প্রশস্ত পন্থা সন্দেহ নাই। কারণ দারুণ কুহকপূর্ণ গৃহে প্রবেশ করিলে, পুরুষের বিবেক ধৈর্য্য ক্ষমা এবং শান্তি প্রভৃতি উৎকৃষ্ট গুণগ্রাম বিলুপ্তপ্রায় হইয়া যায়। পুরুষ অকিঞ্চিৎকর ভোগের প্রত্যাশায় নিতান্ত কুৎসিত বৃত্তিসমূহের বশবর্ত্তী হইয়া পড়ে। সুতরাং তাদৃশ গৃহ এবং গৃহলব্ধ কুৎসিত সুখের প্রত্যাশা ভক্ত কখন করেন না। ভগবান্ নিত্য সুখস্বরূপ! একবার যে ব্যক্তি তাঁহাতে মন সমর্পণ করিয়াছেন, তাঁহারা সংসারের সকল সুখকেই অতি নিকৃষ্টজ্ঞানে চিরকালই পরিহার করিয়া থাকেন। কঠোপনিষদে উক্ত আছে, "ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥" সেই ভূতভাবন পরম পুরুষের এমনই অপূর্ব্ব মহিমা যে, একবার তাঁহাকে হৃদয় মন্দিরে অবলোকন করিলে, জীবের সকল সংশয় বিদূরিত হয়; আভিমানোৎপন্ন যাবতীয় হৃদয়-বন্ধন শিথিল হইয়া যায়; কৃত কর্ম্মের ভোগার্থ তাদৃশ ব্যক্তিকে আর জন্ম জন্মান্তর পর্য্যটন করিতে হয় না। সচ্চিদানন্দস্বরূপ পরম পুরুষ পরমাত্মার স্বরূপ সাক্ষাৎকার লাভ করা জীবের অদৃষ্টে একান্তই দুরূহ; কারণ জীবের এমন কোন সামর্থ্য নাই, যাহার বলে সেই সামর্থ্যদাতাকে ধরিতে পারে। ভগবান্ নিজেই যখন জীবের ধারণার উপযোগী বিগ্রহ পরিগ্রহে সৃষ্ট জগতে কেবল জীবের উদ্ধারার্থই অবতীর্ণ হন, তখনই মঙ্গল! এবং তাদৃশ বিগ্রহে চিত্ত ল, করিলেযত জীব পরমানন্দ লাভে পরম পদে গমন করিয়া থাকে॥ ৩১॥

ব্যভিচরতি ক্বচ ক্বচ মৃষা ন তথোভয়যুক্ ।

অন্বয়ঃ ।

ক্বচিৎ ক্বচিৎ মৃষা মিথ্যা ভবতি ; (যতঃ গুণোপাদানকস্য ফণিনঃ ন গুণত্বং ন চ তৎসত্যতয়া সত্বং ফণিত্বমিথ্যাত্বয়োঃ প্রসিদ্ধত্বাৎ তত্র ফণিনঃ উপাদানত্বে গুণাতিরিক্তং অবিদ্যা

শ্রীধরস্বামী ।

একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম বিজ্ঞানমানন্দং অচক্ষুরশ্রোত্রমিত্যেবং তদ্বিপরীতার্থপ্রতিপাদনাৎ নহ্যদ্বিতীয়পরমানন্দরূপস্য কর্ম্মাঙ্গত্বং যুজ্যতে অননুমতঞ্চৈতদ্বার্ত্তিককৃতঃ কথং সর্ব্বত্রৈব হি বিজ্ঞানং সংস্কারত্বেন গম্যতে। পরাঙ্ঞঞ্চাত্মবিজ্ঞানাদন্যত্রেত্যবধার্য্যতামিতি তেনৈবোক্তত্বাৎ। এতদর্থমেব মননায় মুহুঃ পর্য্যটন্তীত্যুক্তং। তত্র তাবৎ দ্বৈতস্য সত্যত্বে ভবেদপ্যেবং তদেব তু ন সম্ভবতীতি প্রশ্নোত্তরাভ্যাং মননেন তত্ত্বাবধারণপ্রকারমাহ সত ইদমুত্থিতং সদিতি চেদিতি ইদং বিশ্বং ধর্ম্মি সদিতি সাধ্যো ধর্ম্মঃ সত উৎপন্নত্বাৎ যদ্যত উৎপন্নং তত্তদা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মতাশ্রয়িণ্যঃ শ্রুতয়ঃ সংবদন্তে সত ইতি। ইদং বিশ্বং সত উত্থিতমিতি সৎ নতু স্বতঃ সৎ। যথা কারণগতমেব সত্ত্বং সন্ ঘট ইত্যত্র ঘটনিষ্ঠতয়া ভাসতে তদ্বদিত্যর্থঃ। তত্র সতঃ কারণস্য কার্য্যাভেদঃ সাধ্যতে যদি তদা অপাদাননির্দ্দেশেনৈব ভেদপ্রতীতের্বিরুদ্ধো হেতুরিত্যত আহ নন্বু তর্কহতমিতি। চিজ্জড়য়োরভেদস্য সর্ব্বপ্রমাণবাধিতত্বাদিতি ভাবঃ। নন্বু নাভেদং সাধয়ামঃ কিন্তু তদুৎপন্নত্বেন কুণ্ডলাদিবদ্ভেদং প্রতিষেধামঃ। নহি কারণসত্তাতিরিক্তা কাপি কার্য্যস্য সত্তেত্যত আহ ব্যভিচরতি ক্বচ ক্বচেতি পিতৃপুত্রাদিষু ভেদস্যৈব দর্শনাৎ।

হইতে উৎপন্ন হইলেই যে সৎ হইতে হইবে, এ অনুমান তর্কে সুরক্ষিত হয় না। কারণ প্রাকৃতিক জগতে অনেক স্থানে তাহার বৈলক্ষণ্য যথেষ্ট প্রতীত হইয়া থাকে। যথা প্রকৃত রজ্জুস্বরূপে প্রতীত সুতরাং উৎপন্ন বলিয়া স্বীকৃত সর্পভাব পরমার্থত কখন সত্য হয় না। অতএব এস্থলে অর্থাৎ সর্পের

আভাস।

বিধি-নিষেধ-ব্যঞ্জক বেদবাক্যের দ্বারা কর্ম্মেরই প্রচার হইয়াছে। অর্থাৎ প্রবৃত্তি-মার্গের উৎকর্ষ খ্যাপন ব্যতীত নিবৃত্তি-মার্গের পরিচয় বেদে পাওয়া যায় না, এই মত তাদৃশ সঙ্গত নহে; কারণ তাহা হইলে এক এবং অদ্বিতীয় ব্রহ্ম, বিজ্ঞানমানন্দং ব্রহ্ম এবং অচক্ষুরশ্রোত্রং ইত্যাদি কর্ম্ম বিপরীত অদ্বৈত ব্রহ্ম ভাবের প্রতিপাদক উপনিষদের উদ্দেশ্য নিষ্ফল হইয়া যায়। কিন্তু মুনিগণ সেই অদ্বৈত আত্মস্বরূপের মননার্থ যোগ তপস্যাদির অনুষ্ঠান করিয়া থাকেন। অতএব দ্বৈত প্রপঞ্চের সত্যত্ব সংস্থাপন করিতে পারিলে, গৃহক্ষেত্রাদিকে মানবের উপকারী বা অপকারী বলিয়া নিশ্চয় করা যাইতে পারে বটে; কিন্তু প্রপঞ্চের সত্যত্ব সংস্থাপনে সমর্থ না হইলে, মরীচিকা-জলের সুরস বা বিরস ভাবের উল্লেখের ন্যায়, গৃহক্ষেত্রাদির নিন্দা বা স্তুতি করা কেবল কবির কল্পনা মাত্র। অতএব

ব্যবহৃতয়ে বিকল্প ইষিতোঽন্ধপরম্পরয়া

অন্বয়ঃ।

চেৎ কারণং তদা অবিদ্যাযুক্তঃ এব আত্মা অত্র উপাদানং ইত্যাশয়েনাহঃ) অতঃ উভয়যুক্ (উভাভ্যাং উপাদান-নিমিত্ত-কারণাভ্যাং যতঃ যুনক্তি অতঃ) তথা ন সত্যং ভবতি। সংসারস্য অনাদিত্বেন বিচারং বিনৈব) অন্ধপরম্পরয়া অন্ধেন সহ অন্ধভ্রমণবৎ ব্যবহারায়, বিকল্পঃ

শ্রীধরস্বামী।

স্বকমেব দৃষ্টং যথা কনকাদুৎপন্নং কুণ্ডলাদি তদাত্মকং তদ্বদিতি তত্র যদ্যপি সদভেদঃ সাধ্যতে তদা অপাদানত্বনির্দ্দেশেনৈব ভেদপ্রতীতেবির্রুদ্ধো হেতুরিত্যাহ নন্থ তর্কহতমিতি। নন্থ নাভেদং সাধয়ামঃ কিন্তু তদুৎপন্নত্বেন কুণ্ডলাদিবদ্ভেদং প্রতিষেধাম্মঃ তথাপ্যভেদএব স্যাদিতি চেদিত্যাশঙ্ক্যানৈকান্তিকত্বেন দূষয়তি ব্যভিচরতি ক্বচেতি। পিতৃপুত্রাদিষু মুদ্গরঘট-ধ্বংসাদিষু চ তথাদর্শনাদিতি ভাবঃ। নন্থ তদুৎপন্নত্বং নাম তদুপাদানকত্বং নন্থ তন্নিমিত্তকত্বং অতো নানৈকান্তিকত্বমিত্যাশঙ্ক্য দূষয়তি ক্বচ মৃষেতি। গুণোপাদানস্যাপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ যথা শুক্তিসত্তাতিরিক্তসত্তারূপ্যস্য নাস্তি তথা আধিষ্ঠানরূপপরমেশ্বরসত্তাতিরিক্তা সত্তা প্রপঞ্চস্য নাস্তীত্যত আহ নেতি। যথা শুক্তিরূপ্যাদি মৃষা তথেদং বিশ্বং মৃষা ন ভবতি কিন্তু সত্যং। উভয়যুক্। কারণকার্য্যয়োরুভয়স্মিন্ যুজ্যত ইতি উভয়যুক্। তৎ সত্যমিতি শ্রুত্যুক্তং সত্ত্বং উভয়ত্রাস্তীত্যর্থঃ। কিন্তু কারণস্য সত্ত্বং সার্ব্বকালিকং কার্য্যস্য সত্ত্বং কৈঞ্চিৎকালিকং তথাদৃষ্টেরিতি। কার্য্যস্য সত্যত্বং বিনা ব্যবহারোঽপি ন সিদ্ধ্যতীত্যাহ ব্যবহৃতয়ে ব্যবহার-সিদ্ধ্যর্থং বিকল্পঃ কার্য্যং ইষিত ইষ্টঃ। সচ সত্য এব সত্যেনৈব ঘটাদিনা ব্যবহারসিদ্ধেঃ।

উৎপত্তির সম্বন্ধে তাহার উপাদানভূত রজ্জু অপেক্ষা তদতিরিক্ত যদি অবিদ্যা বা ভ্রমকে উৎপত্তির কারণরূপে স্বীকার করা হয়, তাহা হইলে, অবিদ্যা যুক্ত আত্মাকে জগতের উপাদানরূপে স্বীকার করায়, কোন ক্ষতি হয় না। সুতরাং উপাদান এবং নিমিত্ত এই উভয় কারণে জগৎ উৎপন্ন স্বীকার করা হয়, তাহাতেও ইহার সত্যত্বের স্থাপন হয় না। অনাদিকাল হইতে সংসা-

আভাস।

প্রপঞ্চ জগৎ সত্য কি মিথ্যা প্রথমত তাহারই মীমাংসা করা কর্ত্তব্য। সেই জন্যই শ্লোকে উল্লেখ করিয়াছেন যে, প্রত্যক্ষবৎ প্রতীত জগৎ সংসার সত্য বলিয়া স্বীকার করা বিশেষ অসঙ্গত। যেহেতু সৎস্বরূপ ব্রহ্ম হইতে ইহা উৎপন্ন বলিয়া, সৎ বলা যায় না। কারণ যদিও সুবর্ণ হইতে কুণ্ডলের উৎপত্তি হইয়াছে বলিয়া কুণ্ডল সুবর্ণময় সেইরূপ, সৎ হইতে উৎপন্ন দ্বৈত পদার্থ অবশ্যই সৎ বলিয়া স্বীকার করিতে হইবে। কিন্তু কুণ্ডলের উপাদান সুবর্ণ হইলেও, কুণ্ডলভাব কখন সুবর্ণ নহে; কুণ্ডলের আশ্রয় মাত্র সুবর্ণ, সেইরূপ দ্বৈত প্রপঞ্চের আশ্রয় সৎ হইলেও, প্রপঞ্চ স্বয়ং সত্য নহে। মৃত্তিকা ঘট হইলেও, ঘটভাব

ভ্রময়তি ভারতী ত উরুবৃত্তিভিরুক্থজড়ান্ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

দেহেন্দ্রিয়াদৌ অহংমমাভিমানলক্ষণঃ ভ্রমঃ ইষিতঃ দৃষ্টঃ। তে তব ভারতী বেদরূপা বাণী উরুবৃত্তিভিঃ (উরুভিঃ বহ্বীভিঃ গৌণীমুখ্যলক্ষণাদিভিঃ বৃত্তিভিঃ উক্থজড়ান্ কর্ম্মশ্রদ্ধা-ভরাক্রান্তান্ মন্দমতীন্ জনান্ ভ্রময়তি মোহয়তি ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

ফণিনো ন গুণত্বং কিন্তু মিথ্যাত্বং অন্যথা কুণ্ডলাদিবদবাধ-প্রসঙ্গাদতঃ পুনরপ্যনৈকান্তিকত্ব-মেবেতি ভাবঃ। নন্বু তত্র ন কেবলং গুণমাত্রং ফণিন উপাদানং কিন্তু অবিদ্যাযুক্তং তথা ভূতস্য চাবস্তুত্বাদ্যুক্তং ফণিনো মিথ্যাত্বমিত্যাশঙ্ক্য তন্তুনামত্রাপীতি দূষয়তি ন তথোভয়যুগিতি। অয়মর্থঃ। অত্রাপ্যবিদ্যাযুক্তস্যৈব সত উপাদানত্বমেবম্ভূতস্য চ ন বস্তু সত্যত্বং অতঃ সদুপাদা-ত্বমসিদ্ধমিতি ন বস্তুসত্যত্বং প্রপঞ্চস্যেতি নন্বু মা ভূদনেন হেতুনা প্রপঞ্চস্য সত্যত্বং হেত্বন্তরেণ সাধয়ামঃ তথাহি সদিদং অর্থক্রিয়াকারিত্বাৎ ন যদেবং ন তদেবং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অসতা ঘটাদিনা জলাহরণাদ্যসিদ্ধেঃ। নন্বু কূটকার্ষাপণাদিনাপি ব্যবহারসিদ্ধি র্দৃশ্যত ইত্যত আহ অন্ধপরম্পরয়েতি। সা সিদ্ধিরন্ধপরম্পরয়ৈব অজ্ঞপরম্পরয়ৈব নতু বিজ্ঞপরম্পরয়া। নহি ভ্রান্তানামিব বিজ্ঞানাং কূটকার্ষাপণাদ্যৈঃ ক্রয়বিক্রয়াদিব্যবহারঃ সিদ্ধ্যতি। নচ তৈ রসায়ন-প্রয়োগো নাপি পুণ্যার্থিনাং তদ্দানাদিকং সম্ভবেত্তস্মাজ্জগদিদং সত্যমেব বিজ্ঞানাং নারদ-দত্তাত্রেয়াদীনামপ্যর্থক্রিয়াকারিত্বাৎ ন যদেবং ন তদেবং যথা শুক্তিরজতমিত্যনুশাসনেনৈব জগৎ সত্যমেব কিন্তু নশ্বরত্বাদনিত্যং। যত্তু কর্ম্মিণঃ খল্বপাম সোমমমৃতা অভূমেত্যা-

---

রের ধারা প্রবাহিত থাকায়, অন্ধের আশ্রয়ে অপর অন্ধের গমনের ন্যায়, বিনা বিচারে দেহেন্দ্রিয়াদিতে স্বয়ং ও মমতাদির লক্ষণরূপ ভ্রম পরিদৃষ্ট হইতেছে। এবং ভবদীয় বেদরূপা বাণীও গৌণ এবং মুখ্যভাবে কর্ম্ম-পরতন্ত্র মন্দবুদ্ধি মানবগণকেই বিধি-নিষেধরূপ বিষম বন্ধনে আবদ্ধ করত, সংসার-চক্রে ভ্রমণ করাইতেছেন ॥ ৩২ ॥

আভাস।

মৃত্তিকা নহে। ঘটভাব মৃত্তিকাতে আছে, কিন্তু ঘটভাবে মৃত্তিকা নাই। ঘট উৎপন্ন হইবার পূর্ব্বে মৃৎপিণ্ড ছিল এবং ঘটভাবের ধ্বংসে মৃত্তিকার মৃদ্ভাবেরই পরিণতি ঘটে। দ্বৈতে সত্যের উপাদান কারণতাই প্রতীত হয়; নিমিত্ত-ভাবের কোন পরিচয় দেখা যায় না। বীজ বৃক্ষত্বে পরিণত হইলে, বৃক্ষে বীজ-ভাবের যেরূপ পরিচয় থাকে; অর্থাৎ বীজ হইতে বৃক্ষ যেমন উৎপন্ন হয়, আবার বৃক্ষ বীজকে প্রসব করে, সেইরূপ সতের সহিত দ্বৈতের সম্পর্ক নাই। সতের আশ্রয়ে দ্বৈতের বিকাশ এবং দ্বৈতের ভঙ্গে সতেই তাহার অবসান। বৃক্ষ কিন্তু বিনষ্ট না হইয়াও, কারণ-স্থানীয় বীজকে পৃথক্‌ভাবে প্রসব করিয়া থাকে। কুণ্ডল

শ্রীধরস্বামী।

যথাহ শুক্তিরজতমিতি তত্রাহ ব্যবহারতয়ে বিকল্প ইষিত ইতি। ব্যবহারায় অর্থক্রিয়ার্থং বিকল্পো ভ্রম ইষিত ইষ্টএব। কূটকার্ষাপণাদিনাপি কচিদ্ব্যবহারদর্শনাৎ নত্বেকত্র সতোঽন্যত্রা-রোপো ভ্রমঃ প্রসিদ্ধঃ। অত্যন্তাসত্ত্বে কথং প্রপঞ্চো ভ্রমঃ স্যাৎ সত্ত্বে বা নাদ্বৈতসিদ্ধিঃ। উক্তঞ্চ ভট্টৈঃ। অধ্যস্যতে খপুষ্পত্বমসৎ কথমবস্তুনি। প্রাজ্ঞাত গুণসত্তাকমধ্যারোপ্যেত বা ন বা ইতি নেত্যাহ অন্ধপরম্পরয়েতি। অন্ধপরম্পরয়া যো বিকল্প ইত্যন্বয়ঃ। অয়ং ভাবঃ। সংস্কারজন্যো ভ্রমঃ সংস্কারসিদ্ধয়ে পূর্ব্বপ্রতীতিমাত্রমপেক্ষতে ন বস্তুসত্ত্বং প্রতীতৌ সত্যাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিভি র্বেদবাক্যৈঃ কর্ম্মফলস্য নিত্যত্বপ্রতিপাদনাৎ। নিত্যমেব ন কদাচিদনীদৃশং জগদিতি ব্রুবতে সৃষ্টিপ্রলয়ৌ চ ন মন্যন্তে। তন্মতমসদিত্যাহঃ ভ্রময়তীতি। হে ভগবন্ তব ভারতী বেদলক্ষণা উরুবৃত্তিভি বহ্বীভি র্মুখ্যলক্ষণাদিবৃত্তিভিরুরুধা জড়ান্ কর্ম্মশ্রদ্ধাজাড্যাক্রান্তমতীন্ ভ্রময়তি মোহয়তি। অয়ং ভাবঃ। নহি বেদঃ কর্ম্মফলস্য নিত্যত্বমভিপ্রৈতি। কিন্তু লক্ষণয়া প্রাশস্ত্যমাত্রং বিধেরেকবাক্যত্বাৎ। অন্যথা বাক্যভেদপ্রসঙ্গাৎ। তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবামেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে ইতি ন্যায়েনপরুঃহিতশ্রুত্যন্তরবিরোধাচ্চ। অতঃ

আভাস।

কিন্তু স্বয়ং বিদ্যমান থাকিয়া, স্বীয় কারণ স্থানীয় সুবর্ণকে পৃথক্ করিতে পারে না। বিশেষত উপাদান কারণকে অঙ্গীরূপে যেমন কার্য্যে পরিণত হইতে দেখা যায়, আবার স্থূল-বিশেষে পরিণত না হইয়াও, কার্য্যের উৎপাদন করিতে দেখা যায়। যেমন একটী রজ্জুতে সর্পের ভান কালে, রজ্জুর কোন পরিণাম না হইয়াও, সর্পের উদয় হয়; এমন কি এস্থলে কোন সম্পর্কই নাই, সেইরূপ সৎরূপে মিথ্যা প্রপঞ্চের আরোপে বিশেষ প্রতিবন্ধক দেখা যায় না। রজ্জুস্বরূপ উপাদানে সর্পের উদয় যেমন সম্পূর্ণ মিথ্যা, সতের আশ্রয়ে প্রপঞ্চের উৎপত্তিও সেইরূপ সম্পূর্ণ মিথ্যা। প্রপঞ্চ সত্য নহে; তাহার আরও কারণ প্রদর্শিত হইয়াছে যথা, সর্পের ভানহেতু কেবল রজ্জু নহে, আর একটী অজ্ঞান আছে। অর্থাৎ অজ্ঞান বা ভ্রমই ঐ আধার রজ্জুতে সর্প গঠিত করে, অতএব গঠন যেমন অজ্ঞান দ্বারা হয়, সেইরূপ মূল অবিদ্যাকে সংসারের কারণ স্বীকার করিলে, সম্পূর্ণ মিথ্যা বা ভ্রমমূলক বলিয়া স্বীকার করিতে হয়। কিন্তু অর্থ ক্রিয়ার ব্যবহার প্রপঞ্চে যথেষ্ট পরিলক্ষিত হইয়া থাকে। যথা কেবল মৃৎপিণ্ডের দ্বারা জলানয়ন কার্য্য না হইলেও, মৃদুৎপন্ন ঘটের দ্বারা জলানয়ন কার্য্য স্পষ্টত প্রতীত হয়। অতএব জলানয়নাদি ব্যাপারে ঘটভাবের সত্যত্ব প্রতীত হয়। এতদুত্তরে কথিত হইয়াছে যে, জলানয়ন প্রয়োজন কেবল কল্পনা মাত্র। কল্পনায় যাহার সত্যত্বের নির্ণয় হয়, তাহাও কল্পনা মাত্র। কার্য্যমাত্রেই ভ্রম; সুতরাং অন্ধ যেমন অপর অন্ধকে পথ দেখাইতে গিয়া কূপথেই নিপতিত হয়, সেইরূপ ভ্রমমূলক অর্থ-ক্রিয়ার দ্বারা ভ্রমোৎপন্ন কার্য্যবর্গকে সত্য বলাও ভ্রম মাত্র। অতএব এই শ্লোকে সংক্ষেপত ইহাই উক্ত হইয়াছে যে, স্বজনাদি পরিত্যাগ পূর্ব্বক ভগবানের ভজনা করিতে হইলে

শ্রীধরস্বামী।

বস্তুসত্ত্বাভাবেন ভ্রমব্যতিরেকাদর্শনাৎ জগতো ব্রহ্মাদিস্থাং পুর্ব্বপূর্বভ্রমদৃষ্টস্য উত্তরোত্তর আরোপো ভবিষ্যতি অন্ধপরম্পরয়া ন্যায়েন তেন চ ব্যবহারঃ সেৎস্যতীত্যপ্রযোজকো হেতুরিতি নন্বক্ষয্যং হ বৈ চাতুর্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতি। অপাম সোমমমৃতা অভূমেত্যাদিভিঃ কর্ম্মফলস্য নিত্যত্বপ্রতিপাদনাদনাদি সত্ত্বং ন ঘটতে। নহি নিত্যং বস্তু অসদ্ভবতি তস্মাদ্বৈদপ্রতিপাদিতত্বাৎ দ্বৈতং সদেব ইত্যাশঙ্ক্যাহ ভ্রমময়ীতি। হে ভগবন্ তে তব ভারতী বেদলক্ষণা উরুবৃত্তিভি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মজড়ানামিদং ভ্রমমাত্রমিতি। অত্র শ্রুতয়ঃ। যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্ণতে চ যথা পৃথিব্যামৌষধয়ঃ সম্ভবন্তি। যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বমিত্যাদ্যাঃ। অত্রাক্ষরশব্দাদাষ্টান্তিকস্য কারণস্য নিত্যত্বং কার্য্যস্য তু সত্যত্বমেব নতু মিথ্যাত্বং নাপি নিত্যত্বমিতি বৈষ্ণবানাং মতমেবোক্তং শ্রুতিভিঃ ৩২ ॥

আভাস

বৈরাগ্যের বিশেষ প্রয়োজন; সুতরাং স্বজনাদি ধন জনের সম্বন্ধ অচিরস্থায়ী; কারণ মূলে তাহাদের সত্ত্বারই সম্পূর্ণ যে অভাব আছে, তাহাই এই শ্লোকের প্রতিপাদ্য বিষয়। যেহেতু ভোগ্যবিষয় এবং তজ্জনিত সুখদুঃখাদি ভোগ পরমার্থত সত্যস্বরূপ পরমাত্মা হইতে সমুৎপন্ন বলিয়াই সত্য, এই অনুমান বিচারে রক্ষিত হয় না; কারণ স্থানে স্থানে তাহার ব্যভিচারও ঘটিয়া যায়। যেমন রজ্জুতে সর্পের ভ্রম হয়। এস্থলে মৃত্তিকা হইতে ঘটের উৎপত্তির ন্যায় না হইয়া, রজ্জুরূপ উপাদানে সম্পূর্ণ মিথ্যা সর্পেরই প্রতীতি ঘটিল। অতএব উপাদানভূত রজ্জু সত্ত্বায় ভ্রমই যেমন সর্পের সৃষ্টি করে, তদ্রূপ সৎস্বরূপ পরমাত্মা সত্ত্বায় অবিদ্যার দ্বারা জগৎ রচিত স্বীকার করিলেও আমি ও আমার বোধ-নিবন্ধন ব্যবহারকেও কিরূপে মিথ্যা বলিয়া স্বীকার করা যায়? এতদুত্তরে কথিত হইয়াছে যে, ব্যবহারমাত্রই মিথ্যা; প্রয়োজনই ব্যবহারকে সত্যবৎ প্রতীত করায়; প্রয়োজনের পরিসমাপ্তিতে পিতা-পুত্রাদি ব্যবহারও মিথ্যা হইয়া যায়। প্রয়োজনের অনুরোধে ঔরসজাত পুত্রকে দত্তকরূপে অন্যকে প্রদান করিলে, পিতা পুত্রের সহজ সম্পর্কেরও বৈপরীত্য ঘটিয়া যায়। প্রয়োজন ক্ষণস্থায়ী ও কল্পনায় রচিত; সুতরাং তদুৎপন্ন ব্যবহারও কল্পনামূলক। কিন্তু অন্ধপরম্পরান্যায়ে মিথ্যাও সত্যবৎ আচরিত হইয়া আসিতেছে। সুতরাং দেহেন্দ্রিয়াদিতে যখন মূল অজ্ঞান-নিবন্ধন আমি ও আমার বোধ চলিয়া আসিতেছে, তখন তাহারই উচ্ছ্বাসে অনিত্য মায়াময় ভোগ্য বিষয়সমূহেও নিত্যত্বের প্রতীতি নিতান্ত অসঙ্গত নহে! অপৌরুষের বেদবাক্যে কোন ভ্রম নাই। বেদে "চাতুর্মাস্য যাজীর স্বর্গভোগ অক্ষয়;" অপাম সোমমমৃতা অভূমেতি" ইত্যাদি শ্রুতিবাক্যের দ্বারা কর্ম্মফলের নিত্যত্ব প্রতিপাদিত হইয়াছে। নিত্য বস্তু কখন অসৎ হয় না; অতএব বেদ যখন দ্বৈতের প্রতিপাদন করিতেছেন, তখন দ্বৈত প্রপঞ্চ সৎ বলিয়া অবশ্যই স্বীকার্য্য; এই আশঙ্কা করত শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, হে ভগবন্! ভবদীয় বেদ-

শ্রীধরস্বামী

ঋচ্ছবীতি গৌণলক্ষণাদিবৃত্তিভিঃ উক্থজড়ান কর্ম্মশ্রদ্ধাভরাক্রান্তমন্দমতীন্ ভ্রময়তি মোহয়তি। অয়ং ভাবঃ। নহি বেদঃ কর্ম্মফলস্য নিত্যত্বমভিপ্রৈতি কিন্তু লক্ষণয়া প্রাশস্ত্যমাত্রং বিধেয়ক-বাক্যত্বাৎ অন্যথা বাক্যভেদপ্রসঙ্গাৎ। তদ্‌যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে ইতি ন্যায়েন পুরুষহিত-শ্রুত্যন্তরবিরোধাচ্চ অতঃ কর্ম্মজড়ানামিদং ভ্রমমাত্রমিতি এতেনৈব তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইত্যাদীনামপ্যনন্যপরত্বং দর্শিতং। উদ্ভূতং ভবতঃ সতোঽপি ভুবনং সন্নেব সর্পভ্রমঃ কুর্ব্বং কার্য্যমপীহ কূটকনকং বেদোঽপি নৈবং পরঃ। অদ্বৈতং তব সৎ পরঞ্চ পরমানন্দ পদং তন্মু। বন্দে সুন্দরমন্দিরাম্বুত হরে মা মুঞ্চ মামনতং। ৩২।

তদেবং প্রপঞ্চস্য সত্ত্বে সাধকং নাস্তীত্যুক্তং। ইদানীমসত্ত্বে সৃষ্টিপ্রলয়শ্রুতয়ঃ; যতো বা ইমানি ভূতানি জায়ন্তে ইত্যাদ্যাস্তমুলং চানুমানং প্রমাণমিত্যাহ ন যাদদমিতি। যদ্‌যস্মাদিদং বিশ্বং অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং ন আস নাসীৎ। সদেব সৌম্যেদমগ্র আসীৎ। আত্মা বা ইদমেক এবাগ্র আসীদিত্যাদি শ্রুতেঃ। নচ নিধনাৎ প্রলয়াদনু অন্তরং ভবিষ্যৎ ভবিষ্যতি নাসদা-

আভাস।

লক্ষণা বাণী গৌণ এবং মুখ্য লক্ষণার দ্বারা কেবল কর্ম্মফলে শ্রদ্ধাশীল মন্দবুদ্ধি মানবগণকেই বন্ধন করেন মাত্র। প্রকৃত প্রস্তাবে বেদ কখন কর্ম্মফলের নিত্যত্ব প্রতিপাদন করেন নাই; তবে শ্রেষ্ঠত্ব প্রতিপাদনে প্রশংসা করিয়াছেন মাত্র। নতুবা বাক্যান্তরের ভেদে তাৎপর্য্যে বিপর্য্যয় ঘটিয়া যায়। কারণ শ্রুতি অন্যত্র প্রকাশ করিয়াছেন যথা; যথা ইহ কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়তে। এবমেবামুত্র পুণ্যচিতো লোকঃ ক্ষীয়তে॥ অর্থাৎ এই জগতে যেমন কর্ম্মের দ্বারা সঞ্চিত ফলের বিনাশ ঘটে, তদ্রূপ পুণ্যের দ্বারা অর্জ্জিত স্বর্গ সুখাদিরও অবসান ঘটে। এই বিরুদ্ধ শ্রুতি বাক্যের দ্বারা স্পষ্টত বিবেচিত হয় যে, স্বর্গাদির নিত্যত্বের পরিচয় কেবল অপেক্ষাকৃত অধিককাল ব্যাপ্তি মাত্র; কর্ম্মমার্গের অনুসরণে সম্পূর্ণ জড়বুদ্ধি মানবের উৎসাহার্থ ভ্রমেরই প্ররোচনা করিয়াছেন। এতদ্দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, "তস্মাদ্বা এতস্মাদাত্মনঃ আকাশঃ সম্ভূতঃ" এই শ্রুতি-বাক্যে আত্মা হইতে আকাশাদি প্রপঞ্চের উৎপত্তি হইয়াছে না বুঝাইয়া, অধ্যারোপই বুঝাইয়াছেন। অতএব হে ভগবন্! রজ্জুতে যেমন সর্পের উদয় হয়, সেইরূপ আপনা হইতে জগৎ সমুদ্ভূত বলায়, আরোপিত হইয়াছে বলা হইল। ভ্রমারোপিত সর্পের সত্যত্ববৎ, জগতের সত্যত্ব অবভাসিত হইতেছে; প্রকৃত প্রস্তাবে জগৎ সৎ নহে॥ ৩২॥

প্রপঞ্চের সত্যত্ব সম্বন্ধে কোনরূপ প্রমাণ পাওয়া যায় না; বরং মিথ্যাত্ব সম্বন্ধে যথেষ্টই প্রমাণ শ্রুত্যাদিতে পরিলক্ষিত হয়। কারণ সৃষ্টি এবং প্রলয়ের উল্লেখে যে সকল শ্রুতি আছে, তন্মধ্যে উক্ত আছে, "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদি; অর্থাৎ যাঁহা হইতে এই ভূতগ্রাম-সমন্বিত বিশ্ব সংসার উৎপন্ন হইয়া, নিত্য সত্যের ন্যায় প্রতীত হয় এবং পরিণামে এক যাঁহাতে সম্পূর্ণ বিলীন হইয়া প্রলয়ের পরিচয় দেয়, তিনিই সর্ব্বকারণ-

ন যদিদমগ্র আস ন ভবিষ্যদতো নিধনাদনু-
মিতমন্তরা ত্বয়ি বিভাতি মৃষৈকরসে।

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ ইদং মমাভিমানাদি, অগ্রে সৃষ্টেঃ পূর্বং, ন আস ন আসীৎ, ন চ নিধনাৎ লয়াৎ, অনন্তরং ভবিষ্যাৎ ভবিষ্যতি অতঃ কারণাৎ, অন্তরা মধ্যে, ত্বয়ি ত্বদাশ্রয়ে জীবাত্মনি, মৃষা মিথ্যাভূতং এব বিভাতি ইতি অনুমিতং ভবতি। অতঃ দ্রব্যজাতি-বিকল্প-পর্যৈঃ দ্রব্যিণ-

শ্রীধরস্বামী

সীন্নো সদাসীত্তদানীমিত্যাদি শ্রুতেঃ। অতঃ কারণাৎ অন্তরা মধ্যেঽপি একরসে কেবলে ত্বয়ি মৃষা মিথ্যারূপমেব বিভাতীতি। মিতং নিশ্চিতং। যত এবং অতঃ শ্রুত্যা দ্রব্যিণ-জাতি-বিকল্পপর্যৈঃ দ্রব্যিণজাতীনাং দ্রব্যমাত্রাণাং মৃল্লাহকাঞ্চনীয়রূপাণাং বিকল্পা ভেদা ঘটকুণ্ডলাদয়ঃ তেষাং পন্থানো মার্গাঃ প্রকারাস্তৈরুপলক্ষ্যতে সদৃশতয়া নিরূপ্যতে। যথা তত্র কার্য্যাকারণাং নামধেয়মাত্রতা কারণং মৃদাদ্যেব তু সত্যং তথাত্রাপ্যাকাশাদীনাং নামমাত্রতা ব্রহ্মৈব তু সত্যমিতি নিরূপ্যত ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। যথা সোম্যেকেন মৃৎপিণ্ডেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তমেবার্থং সৎকার্য্যবাদিমতাশ্রয়িণ্যঃ শ্রুতয়ঃ স্পষ্টতয়া সোপপত্তিকমাহুর্নেতি। যদিদং প্রসিদ্ধং বিশ্বং তৎ অগ্রে সৃষ্টেঃ প্রাক্ নাসন্ নাসীৎ অতোঽস্মাদ্ভাবিনঃ প্রলয়াদনু পশ্চাৎ ন ভবিষ্যতি। কিন্তু অন্তরা মধ্য এব মিতং প্রমাণবিষয়ীভূতং বিভাতি। কুত্র মৃষ্যতে পরামৃষ্যতেতি মৃষঃ। জগদেবং স্বজ্ঞানীতি পরামর্ষবান্ যঃ পরমেশ্বরস্তস্মিংস্ত্বয়ি কিঞ্চ প্রাগভাবধ্বংসবত্ত্বাদিদং যস্মান্নিত্যত্বেন ন প্রমিতং অতো দ্রব্যিণজাতীনাং মৃৎসুবর্ণাদীনাং বিকল্পা ভেদা

হে ভগবন্! সৃষ্টির পূর্ব্বে এই প্রত্যক্ষতঃ প্রতীয়মান বিচিত্র সংসার যেমন ছিল না, ইহাতে আমি ও আমার বলিয়া তাদৃশ কোনরূপ অভিমানাদিও ছিল না; এবং প্রলয়ের পর ভবিষ্যতে যেমন কোন পদার্থ থাকিবে না, তাদৃশ কোন মমাদি অভিমানের বন্ধনও থাকিবে না; অতএব

আভাস।

কারণ মূলীভূত ব্রহ্ম। এতদ্দ্বারা জগতের মিথ্যাত্বেরই প্রমাণ করা হইয়াছে। সৃষ্টির পূর্ব্বে এই বিশ্ব ছিল না; শ্রুতিও শিষ্যকে সম্বোধন পূর্ব্বক বলিয়াছেন যে, হে সৌম্য! সৃষ্টির পূর্ব্বে এক অদ্বিতীয় সৎমাত্র ছিলেন।" সেই সৎস্বরূপের পরিচয়ার্থ বলিয়াছেন; "আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ।" অর্থাৎ অগ্রে সেই সৎস্বরূপে এক আত্মামাত্রই ছিলেন। তৎকালে অসৎ অর্থাৎ সর্ব্বাভাব কিম্বা প্রতীত সকল ভাবের স্বরূপ-সংভাব ছিল না। অতএব একরস আত্মসত্তারই স্বরূপ-সদ্ভাব তৎকালে স্বীকার করিতে হয়। এবং সেই আত্মস্বরূপে অবভাসিত জগৎ-সংসারকে রজ্জুতে অবভাসিত সর্পের ন্যায়, মিথ্যা মায়াময় বলিয়াই স্বীকার করিতে হইবে। অতএব মৃত্তিকা হইতে নির্ম্মিত ঘট-সরাবাদি এবং সুবর্ণ

অত উপমীয়তে দ্রবিণজাতিবিকল্পপথৈ
র্বিতথমনোবিলাসমৃতমিত্যবয়ন্ত্যবুধাঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

জাতীনাং শুক্তিরজতাদীনাং যে বিকল্পাঃ ভ্রমাঃ তেষাং পথৈঃ মার্গৈঃ বিষয়ৈঃ উপমীয়তে সদৃশতয়া নিরূপ্যতে। তস্মাৎ মনোবিলাসং (মনসা ভ্রান্ত্যা কল্পিতং বিতথং মিথ্যাভূতং আত্মনি সুখদুঃখাদিকং ঋতং সত্যং ইতি যে অবযন্তি জানন্তি, তে অবুধাঃ অজ্ঞাঃ এব ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

বিজ্ঞাতেন সর্ব্বং মৃণ্ময়ং বিজ্ঞাতং স্যাৎ বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি। তথা একেন লোহমণিনা সর্ব্বং লোহময়ং বিজ্ঞাতং স্যাৎ তথা একেন নখনিকৃন্তনেন সর্ব্বং কার্ষ্ণায়সমিত্যাদি তস্মাদস্য সত্ত্বে প্রমাণাভাবাদবত্ত্বে চ প্রমাণস্য বিদ্যমানত্বাৎ বিতথং মনোবিলাসং ঋতং সত্যমিতি যে অবযন্তি জানন্তি তেঽবুধাঃ অজ্ঞা ইত্যর্থঃ। অত্রৈবং প্রয়োগঃ। বিবাদাধ্যাসিতং ন সৎ অদ্যত্বয়োরবিদ্যমানত্বাৎ বিকারিত্বাচ্চ দৃশ্যত্বাচ্চ শুক্তিরজতাদিবৎ আত্মবচ্চেতি। মুকুটকুণ্ডলকঙ্কণকিঙ্কিণীপরিণতং কনকং পরমার্থতঃ। মহদহঙ্কৃতিখপ্রমুখং তথা নরহরে র্ন পরং পরমার্থতঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঘটকুণ্ডলাদয়স্তেষাং পন্থানো মার্গাঃ প্রকারাস্তৈরুপমীয়তে তৎসদৃশতয়া সত্যত্বেনৈব নতু শুক্তিরজত-রজ্জু-সর্পাদি-প্রকারৈ র্মিথ্যাত্বেন নিরূপ্যত ইত্যর্থঃ। অতএব বিজ্ঞাতীতি বিশিষ্টজ্ঞানার্থং বিশব্দঃ প্রযুক্তঃ। কিঞ্চ। তথাপি বিতথমনোবিলাসমদং মিথ্যেতি যে বিগীতজ্ঞানিনঃ। যেচ ঋতং সার্ব্বকালিকসত্যাকমিদমিতি বিগীতকর্ম্মণোঽবযন্তি জানন্তি তে অবুধাঃ অপণ্ডিতাঃ ॥ ৩৩ ॥

মধ্যাবস্থায় ভবদীয় স্বরূপভূত জীবাত্ম-স্বরূপেই এই মিথ্যাভূত জগৎ সত্যবৎ অনুমিত হইতেছে মাত্র। সুতরাং শুক্তিকাতে যেমন রজতের ভ্রম হয়, সেইরূপ ভবদীয় স্বরূপে দ্রবিণাদি বিষয়-সমূহেরও ভ্রম-প্রতীতি হইতেছে মাত্র। অতএব মনঃকল্পিত ভ্রান্তিপূর্ণ সুখদুঃখাদির ব্যাপারকে আত্মস্বরূপে যাহারা সত্য বলিয়া জ্ঞান করেন, তাঁহারা প্রকৃত অনভিজ্ঞ, সন্দেহ নাই ॥ ৩৩ ॥

আভাস

হইতে কুণ্ডলাদি যেমন প্রকৃত পদার্থ বলিয়া গণ্য নহে; মৃৎসুবর্ণের বিকার ভাবেই যেমন ঘট কুণ্ডলের ভান হয়, সেইরূপ এক সচ্চিদানন্দ পরমাত্মভাবেই এই বিশ্ব সংসার প্রতীত হইতেছে। একটী অতি ক্ষুদ্র নখনিকৃন্তন (নরুণ) দেখিলে এবং তাহার কার্য্য বুঝিলে, কারণ-স্থানীয় লৌহকে যেমন পরিজ্ঞাত হইবার অপেক্ষা থাকে না; এবং লৌহের দ্বারা নির্ম্মিত অন্যান্য কুদ্দালাদিকেও পরিজ্ঞাত হওয়া যায়, সেইরূপ জগতের কোন একটী পদার্থের অবলম্বনে তাহার কারণ অনুসন্ধান পূর্ব্বক একবার সদেকরস চিন্ময় পরমাত্মাতে

স যদজয়াত্মজামনুশয়ীত গুণাংশ্চ জুষন্
ভজতি সরূপতাং তদনু মৃত্যুমপেতভগঃ।

অন্বয়ঃ

সঃ জীবঃ যং যস্মাৎ অজয়া তন্মায়য়া, মোহিতঃ অতএব তু অজাং প্রকৃতিপরিণামাত্মিকাং, দেব-মনুষ্যাদি-মূর্ত্তি , অনুশয়ীত আলিঙ্গতি বিভর্ত্তি, ততঃ তৎস্বরূপতাং ভজতি (দেব-মনুষ্যাদ্যাত্মাভিমানং করোতি) তদনু গুণান্ শব্দাদীন্ বিষয়ান্ চ জুষন্ সেবমানঃ, অপেতভগঃ

শ্রীধরস্বামী।

নন্ন যদি প্রপঞ্চো নাম নাস্তেব ন চাসতা তেন চৈতনাস্য সম্বন্ধগন্ধোঽপি তর্হি কিমপরং জীবেন যতোঽয়ং সংসরতি কিং বা বহু পুণ্যমীশ্বরস্য যতো নিত্যমুক্তঃ কিং বিষয়শ্চ তদা কস্য কাশুমিত্যপেক্ষায়াং জীবেশ্বরবিশেষং। দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবমিদঙ্কারাস্পদস্য মায়িকগুণময়স্য জগতঃ সত্যত্বমুক্ত্বা তদ্বর্ত্তিনো জীবস্য চিদ্রূপস্যাপি মায়াগ্রস্তত্বাদেব তথাগুণময়তারূপমনুত্তমত্বমিত্যাহঃ সতু জীবঃ যং যস্মাদজয়া অবিদ্যয়া অজাং মায়াং অনুশয়ীত আলিঙ্গেত উপাধিলিপ্তো ভবেদিত্যর্থঃ। অতএব গুণানাং দেহে-

---

জীব যখন ভবদীয় অজ্ঞানাত্মিকা মায়ায় মোহিত হয়, তখনই প্রকৃতির পরিণামভূত দেব মনুষ্যাদি মূর্ত্তিকে আলিঙ্গন করত তত্তদ্রূপেই আপনাকে চিন্তা করে এবং দেবমনুষ্যাদির ন্যায় আচরণ করে। সুতরাং তত্তৎ দেহোচিত শব্দাদি বিষয়ের সম্ভোগে জ্ঞানৈশ্বর্য্যাদি স্বকীয় বিভূতিতে বঞ্চিত

আভাস।

উপনীত হইতে পারিলে, আর বৈচিত্র্যের কোন চিন্তা থাকে না। কামিনী যত প্রকার অলঙ্কারে বিভিন্ন অবয়বে শোভিতা হউন্ না! স্বর্ণবণিক্ এক সুবর্ণ বলিয়াই সকল গহনাকে অবধারণ করে, সেইরূপ তত্ত্বজ্ঞ ব্রহ্মবণিক্ অনন্ত নামরূপে পরিচিত এই বিশ্ব ব্রহ্মাণ্ডের প্রত্যেক পদার্থকে কার্য্যোপলক্ষে অবভাসিত মিথ্যা মায়াময় ভাবমাত্রে পরিচিত বলিয়াই অবধারণ করেন। যেমন মৃৎপিণ্ডকে অবগত হইতে পারিলে, সমস্ত মৃণ্ময় বস্তুকে জানা যায়, যেমন একটী লৌহ পিণ্ডকে পরিজ্ঞাত হইতে পারিলে, লৌহ জাত সমস্ত লৌহময় পদার্থকে অবগত হওয়া যায়, সেইরূপ এক সৎস্বরূপ পরমাত্মাকে অবগত হইতে পারিলে, যাবতীয় সংসারের বিচিত্র পদার্থকে অবধারণ করিতে পারা যায়। মূল কারণই সত্য; অথচ তাহা হইতে সমুৎপন্ন সকল পদার্থই মিথ্যা; মূলের কার্য্যান্তর বা ভাবান্তর মাত্র। সুতরাং জগতের সত্যতার কোন প্রমাণ নাই; বরং মিথ্যাত্বেরই যথেষ্ট প্রমাণ অবধারিত আছে। জগৎ মনঃকল্পিত মায়াময় মাত্র। অতএব সংসারে আসক্তি পরিহার পূর্ব্বক এক সত্যস্বরূপ পূর্ণব্রহ্মে চিত্ত নিবেশিত করাই মানবের মানব-জীবনের একমাত্র কর্ত্তব্য। ৩৩ ॥

এক্ষণে আশঙ্কা হইতেছে যে, প্রপঞ্চ সংসার যদি প্রকৃত প্রস্তাবে নাই থাকে এবং

ত্বমুত জহাসি তামহরিব ত্বচমাত্তভগো
মহসি মহীয়সেঽষ্টগুণিতেঽপরিমেয়ভগঃ। ৩৪ ॥

অন্বয়ঃ

তিরোহিতজ্ঞানৈশ্বর্য্যানন্দাদিগুণঃ, সন্ মৃত্যুং সংসারং, ভজতি প্রাপ্নোতি। আত্তভগঃ নিত্যং আপ্ত-জ্ঞানাদি গুণঃ, অষ্ট গুণিতে অণিমাদ্যষ্ট-বিভূতি মতি মহসি পরমানন্দস্বরূপে যতঃ ত্বং অহিঃ ত্বচং ইব তাং অজাং মায়াং, তু জহাসি। অতঃ ত্বমেব সর্ব্বেষাং সেব্যঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকসীতি। অজামেকাং লোহিত-শুক্ল-কৃষ্ণাং ইত্যাদা বদন্তীত্যাহ স যদজয়েতি। সতু জীবঃ যদ্‌যস্মাদজয়া মায়য়া অজামবিদ্যাং অনুশয়ীত আলিঙ্গেত ততো গুণাংশ্চ দেহেন্দ্রিয়াদীন্ জুষন্ সেবমানঃ আত্মতয়া অধ্যস্যন্ তদনু তদনন্তরং স্বরূপতাং তদ্ধর্ম্মযোগঞ্চ জুষন্ অপেতভগঃ পিহিতানন্দাদিগুণঃ সন্ মৃত্যুং সংসারং ভজতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ত্রিয়াদীংশ্চ জুষন্ সরূপতাং তৎসাধর্ম্ম্যং ভজতি। তদনু তদনন্তরং অপেতভগঃ পিহিতানন্দাদিগুণঃ সন্ মৃত্যুং সংসারং ভজতি প্রাপ্নোতি। নন্বু চিদ্রূপত্বাবিশেষাদহমপি কথমবিদ্যায়া লিঙ্গিতো ন ভবেয়মিতি চেৎ মৈবং। জীবঃ খলু চিৎকণঃ তন্তু চিন্মহাপুঞ্জঃ। তাম্রপিত্তলস্বর্ণাদি তেজ এব তমসা আবৃতং ভবেন্নতু সূর্য্যতেজ ইত্যাহুঃ। ত্বমুত ত্বং পুনস্তাং জহাসি।

হইয়া জন্মমৃত্যুরূপ সংসার-প্রবাহে নিপতিত হয়। হে ভগবন্! আপনি কিন্তু অণিমাদি অষ্ট বিভূতি-বিশিষ্ট স্বকীয় পরমানন্দস্বরূপে নিত্য সর্ব্বজ্ঞের ন্যায় বিরাজ করিতেছেন; ভবদীয় মহিমার পরিমাণ করা অসম্ভব। বিষধর সর্প যেমন ত্বক্ পরিত্যাগ পূর্ব্বক বিচরণ করে, সর্ব্বজ্ঞ আপনিও সেইরূপ মায়াকে পরিহার পূর্ব্বক পরমানন্দ-স্বরূপে নিত্য বিরাজ করিতেছেন ॥ ৩৪ ॥

আভাস।

